Vol. 99 No—I

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Le gislative Assembly

Ninety Ninth Session

(March to June, 1992)

(The 2nd, 6th, 9th, 10th, 11th, 12th. 13th, 16th, 20th, 21st 23rd & 24th March, 1992)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Price Rs. 160/-

Vol. 99 No—I

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Ninety Seventh Session

(March to June, 1992)

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No. 7738
Dated 30.5.2000
Call No. 328 BL/V.99 No.1(92)
Price Rs 160/-

(The 2nd, 6th, 9th, 10th, 11th, 12th, 13th, 16th, 20th, 21st, 23rd & 24th March, 1992)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor
PROF. SAIYID NURUL HASAN

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Jyoti Basu,** Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch and matters relating to Minority Affairs and Haj), Department of Hill Affairs, Department of Commerce and Industries and Civil Defence Branch of Home Department.
2. **Shri Benoy Krishna Chowdhury,** Minister-in-charge of Department of Land and Land Reforms and Department of Development and Planning (excluding Sundarban Affairs Branch and Jhargram Affairs Branch).
3. **Shri Buddhadeb Bhattacharjee,** Minister-in-charge of Department of Information and Cultural Affairs, Department of Urban Development and Department of Municipal Affairs (Including Fire Services Branch).
4. **Shri Shyamal Chakraborty,** Minister-in-charge of Transport Department.
5. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department and Department of Excise.
6. **Shri Prasanta Kumar Sur,** Minister-in-chage of Department of Health and Family Welfare and Department of Refugee Relief and Rehabilitation.
7. **Shri Santi Ghatak,** Minister-in-charge of Department of Labour.
8. **Shri Prabir Sengupta,** Minister-in-charge of Department of Cottage and Small Scale Industries.
9. **Shri Subhas Chakraborti,** Minister-in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism.
10. **Shri Mahboob Zahedi,** Minister-in-charge of Department of Animal Resources Development, matters relating to Wakf in the Judicial Department, and matters relating to Minority Affairs and Haj in the Home Department.
11. **Dr. Suriya Kanta Mishra,** Minister-in-charge of Department of

Panchayats and Department of Rural Development.

12. **Shri Goutam Deb,** Minister-in-charge of Department of Housing and Department of Public Health Enginerinhg. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

13. **Dr. Sankar Kumar Sen,** Minister-in-charge of Department of Power and Non-Conventional Energy Sources and Department of Science and Technology New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

14. **Shri Achintya Kirshna Ray,** Minister-in-charge of Primary and Secondary Education Branches (excluding Audio-Visual Education) and Integrated Education for Disabled Children in the Department of Education.

15. **Shri Satya Sadhan Chakraborty,** Minister-in-charge of Department of Education [excluding Primary and Secondary Education Branches. Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio-Visual Education and Education of the Handicapped. Social Welfare Homes all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) Library Services and Book Fairs not relating to Higher Education.]

16. **Dr. Ambarish Mukhopadhyay,** Minister-in-charge of Department of Environment and Department of Forests.

17. **Shri Patit Paban Pathak,** Minister-in-charge of Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (Encluding matters connected with West Bengal Agro Industries Corporation Limited). Assembly House, Calcutta-700001.

18. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Department of Scheduled Castes and Tribes Welfare.

19. **Shri Abdul Quiyom Molla,** Minister-in-charge of Law Department and Judicial Department (excluding matters relating to Wakf.)

20. **Shri Abdur Razzak Molla,** Minister-in-charge of Sundarban Affairs Branch of Department of Development and Planning and Department of Food Processing Industries.

21. **Shri Nihar Basu,** Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation. Small Irrigation, and Command Area Development, and Agricultural Marketing Branch).

22. **Shri Kalimuddin Shaams,** Minister-in-charge of Agricultural Marketing Branch of Department of Agriculture.

23. **Shri Saral Deb,** Minister-in-charge of Department of Co-operation.

24. **Smt. Chhaya Ghosh,** Minister-in-charge of Relief Branch of Department of Relief and Welfare.

25. **Shri Narendranath Dey,** Minister of State for Department of Food and Supplies (Excluding Food Processing Industries) Food Supplies Department, 11A, Mirza Galib Street, Calcutta-16.

26. **Shri Debabrata Bandopadhyay,** Minister-in-charge of Department of Irrigation & Waterways.

27. **Shri Matish Ray,** Minister-in-charge of Public Works Department.

28. **Shri Biswanath Choudhury,** Minister-in-charge of Social Welfare Branch of Department of Relief and Welfare and Jails Branch of Home Department.

29. **Dr. Omar Ali,** Minister-in-charge, Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro Industries Corporation Limited in the Department of Public Undertakings.

30. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Department of Fisheries.

31. **Shri Probodh Chandra Sinha,** Minister-in-charge of Department of Parliamentary Affairs. Assembly House, Calcutta-700001.

Ministers of State

32. **Shri Banamali Roy,** Minister-in-charge of State for Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.

33. **Smt. Chhaya Bera,** Minister of State for Family Welfare Branch of Department of Health and Family Welfare.

34. **Shri Maheswar Murmu,** Minister of State in Charge Jhargram Affairs Branch of Department of Development and Planning, Assembly House, Calcutta-700001

35. **Shri Bidyut Ganguly,** Minister-of-State for Department of Commerce and Industries under the Chief Minister and Minister-in-

charge of Department of Commerce and Industries.

36. **Shri Ashoke Bhattacharyya,** Minister-of-State for Department of Urban Development and Department of Municipal Affairs under the Minister-in-Charge of Department of Urban Development and Department of Municipal Affairs.

37. **Shri Subodh Chaudhuri,** Minister-of-State for Department of Animal Resources Development under the Minister-in-charge of Department of Animal Resources Development.

38. **Shri Anisur Rahaman,** Minister-of-State for Primary and Secondary Education Branch of Department of Education including Madrasah Education.

39. **Shri Bansa Gopal Choudhury,** Minister-of-State in Charge of Department of Technical Education and Training.

40. **Shri Khagendranath Sinha,** Minister-of-State for Department of Housing and Department of Public Health Engineering. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

41. **Shri Tapan Ray,** Minister-of-State in charge of Library Services in the Department of Mass Education Extension.

42. **Shri Upen Kisku,** Minister-of-State for Department of Scheduled Castes and Tribes Welfare.

43. **Smt. Anju Kar,** Minister-of-State in charge of Adult Education, Non-formal Education, Audio Visual Education, Social Welfare Homes, Education of the Handicapped (excluding Integrated Education for Disabled Children and Library Services) and Social Education not connected with Higher Education in the Department of Mass Education Extension and all matters relating District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education.

44. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State for Department of Irrigation & Waterways under the Minister-in-Charge of Department of Irrigation and Waterways. Assembly House, Calcutta-700001.

45. **Shri Madan Bauri,** Minister-of-State for Home (Civil Defence) Department.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
PRINCIPAL OFFICERS & OFFICIALS

Speaker : Shri Hashim Abdul Halim

Deputy Speaker : Shri Anil Mukherjee

SECRETARIAT

Secretary : Shri S. R. Chattopadhyay.

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abul Haque, Shri (54-Jangipur—Murshidabad)
2. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - South 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - South 24 Parganas)
5. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
6. Abedin, Dr. Zainal, (34-Itahar—North Dinajpur)
7. Abu Ayes Mondal, Shri (278-Monteswar—Burdwan)
8. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
9. Abul Basar, Shri (115-Maheshtala—South 24-Parganas)
10. Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
11. Acharya, Shri Prabhat (46-English Bazar—Malda)
12. Acherjee, Shri Manik Lal (257-Kulti—Burdwan)
13. Adak, Kashi Nath (111-Bishnupur West—South 24-Parganas)
14. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
15. Adhikary, Shri Nityananda (17-Maynaguri (SC)—Jalpaiguri)
16. Adhikary, Shri Paresh Chandra (1-Mekliganj (SC)—Cooch Behar)
17. Adhikary, Dr. Tarun (129-Naihati—North 24-Parganas)
18. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
19. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
20. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
21. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]
22. Bal, Shri Sakti (206-Nandigram—Midnapore)
23. Bandyopadhyay, Shri Debabrata (67-Barwan—Murshidabad)
24. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
25. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
26. Banerjee, Shri Prabir (86-Gaighata—North 24-Parganas)
27. Baora, Shri Samar (281-Mangalkot—Burdwan)
28. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—South 24-Parganas)
29. Barman, Shri Debendra Nath, (9-Tufanganj (SC)—Cooch Behar)
30. Barman, Shri Jogesh Chandra (13-Falakata (SC)—Jalpaiguri)
31. Basu, Shri Bimal Kanti (4-Cooch Behar North—Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

33. Basu, Shri Jyoti (117 - Satgachia - South 24-Parganas)
34. Basu, Shri Subhas (81-Ranagnat West—Nadia)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bauri, Shri Madan [247-Indpur (SC)—Bankura]
38. Bera, Shri Bishnu (192-Pursurah—Hooghly)
39. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24-Parganas)
42. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
43 Bhowmik, Shri Manik (203-Moyna—Midnapore)
44. Bhunia, Dr. Manas Ranjan (216-Sabong—Midnapore)
45. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)—Nadia]
46. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
47. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
48. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC)—North 24-Parganas]
49. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
50. Bose, Shri Nihar (131-Jagatdal - North 24-Parganas)
51. Bose, Shri Shyama Prasad [271-Burdwan (South)—Burdwan]
52. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
53. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
54. Chakrabortty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
55. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
56. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
57. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)
58. Chakraborty, Shrimati Tania (135-Panihati—North 24-Parganas)
59. Chanda, Dr. Dipak (140-Cossipur—Calcutta)
60. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)
61. Chatterjee, Shri Dhirendranath (273-Raina—Burdwan)
62. Chatterjee, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)
63. Chatterjee, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
64. Chatterjee, Shrimati Santi (185-Tarakeswar—Hooghly)
65. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

66. Chattopadhyay, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
67. Chattopadhyay, Shri Sobhandeb (104-Baruipur—South 24-Parganas)
68. Chowdhury, Shri Subodh (47-Manickchak—Malda)
69. Chatterjee, Shri Narbahadur (24-Karsiang-Darjeeling)
70. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)
71. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - South Dinajpur)
72. Chowdhury Md. Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
73. Chowdhury, Shri Benoy Krishna (270 - Burdwan North - Burdwan)
74. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
75. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
76. Chowdhury, Shri Subhendu [45 - Malda (S.C.) - Malda]
77. Dakua, Shri Dinesh Chandra [3 -Mathabhanga (S.C.) - Cooch Behar]
78. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
79. Dalui, Shri Sibaprasad [272-Khandaghosh (S.C.)—Burdwan]
80. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
81. Das, Shri Atul Chandra (230-Gopiballavpur—Midnapore)
82. Das, Shri Benode (194-Arambagh—Hooghly)
83. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
84. Das, Shri Debesh [154-Taltola (SC)—Calcutta]
85. Das, Jagadish Chandra (128 - Bijpur - North 24 Parganas)
86. Das, Shri Nirmal (12-Alipurduar - Jalpaiguri)
87. Das, Shri Paresh Nath [54-Sagardighi (S.C.)—Murshidabad]
88. Das Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)
89. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
90. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
91. Das, Shri S. R. (258-Barabani—Burdwan)
92. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
93. Das, Shri Trilochan [292-Hansan(SC)—Birbhum]
94. Dasgupta, Shrimati Arati (118-Falta—South 24-Parganas)
95. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)
96. Das Mohapatra, Shri Kamakhyanandan (215-Pataspur—Midnapore)
97. De, Shri Partha (251-Bankura—Bankura)
98. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

99. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
100. Dey, Shri Ajoy (78-Santipur—Nadia)
101. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)
102. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
103. Debsarma, Shri Ramani Kanta [32-Kaliaganj (SC)—North Dinajpur]
104. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
105. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
106. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
107. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
108. Ganguli, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
109. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
110. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
111. Ghatak, Shri Santi (136-Kamarhati—North 24-Parganas)
112. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
113. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
114. Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
115. Ghosh, Shri Malin Kumar (178-Chanditala—Hooghly)
116. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
117. Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
118. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
119. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
120. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
121. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
122. Goswami Shri Arun (180-Serampur-Hooghly)
123. Goswami, Shri Subhas (248-Chhatna-Bankura)
124. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
125. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
126. Haji, Sajjad Hussain, Shri (30-Karandighi—North Dinajpur)
127. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (SC)—Hooghly)
128. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (SC)—South 24-Parganas)
129. Halder, Shri Krishna Chandra [266-Kanksa (SC)—Burdwan)
130. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore)
131. Hart, Shrimati Gillian Rosemary (295-Nominated)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

132. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
133. Hazra, Shri Haran [169-Sankrail (SC)—Howrah)
134. Hazra, Shri Samar [274-Jamialpur (SC)—Burdwan)
135. Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
136. Hembram, Shrimati Arati [246-Ranibandh (ST)—Bankura)
137. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
138. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
139. Idrish Mondal, Shri (269-Galsi—Burdwan)
140. Jamadar, Shri Badal (107-Bhangar—South 24-Parganas)
141. Jana, Shri Hari Pada (217-Pingla—Midnapore)
142. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
143. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
144. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
145. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
146. Kar, Shri Nani (88-Ashokenagar—North 24-Parganas)
147. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)
148. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
149. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia
150. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura)
151. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
152. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
153. Kujur, Shri Sushil (14-Madarihat (ST)—Jalpaiguri)
154. Kumai, Shri Narendra (23-Darjeeling-Darjeeling)
155. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
156. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum)
157. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
158. Mahamuddin, Shri (27-Chopra—North Dinajpur)
159. Mahammad Ramjan Ali, Shri (29-Goalpokhar—North Dinajpur)
160. Mahata, Shri Abinas (243-Hura—Purulia)
161. Mahata, Shri Bindeswar (238-Joypur—Purulia)
162. Mahata, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
163. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
164. Mahboob Zahedi, Shri (268-Bhatar—Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

165. Maitra, Shri Birendra Kumar (42-Harischandrapur—Malda)
166. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—South 24-Parganas)
167. Maity, Shri Mukul Bikash (210-Contai North—Midnapore)
168. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia
169. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura)
170. Majhi, Shri Raicharan [282-Ketugram (SC)—Burdwan)
171. Majhi, Shri Surendranath [242-Kashipur (ST)—Purulia)
172. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
173. Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
174. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly
175. Malik, Shri Sreedhar [267-Ausgram (SC)—Burdwan)
176. Mamtaz Begum, Shrimati (43-Ratua—Malda)
177. Mandal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
178. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
179. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
180. Manna, Shri Janmejay (125-Patharpratima—South 24-Parganas)
181. Mazumdar, Shri Dilip (264-Durgapur I—Burdwan)
182. Md. Nezamuddin, Shri (153-Entally—Calcutta)
183. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
184. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
185. Minj, Shri Prakash [26-Phansidewa (ST)—Darjeeling
186. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
187. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapore)
188. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas)
189. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
190. Mitra, Shrimati Jayasri (250-Barjora—Bankura)
191. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
192. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
193. Muktan, Shri Nima Tshering (22-Kalimpong—Darjeeling)
194. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
195. Mondal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
196. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
197. Mondal, Shri Dhiren (98-Sandeeshkhali (SC) Nadia)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

198. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC)—South 24-Parganas]
199. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
200. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (SC)—Howrah]
201. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
202. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
203. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
204. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
205. Mozammel Hoque, Shri (62-Hariharpara—Murshidabad)
206. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
207. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
208. Mukherjee, Shri Dipak (116-Budge Budge—South 24-Parganas)
209. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
210. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
211. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
212. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
213. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
214. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
215. Mukhopadhyay, Shri Ambarish (243-Hura-Purulia)
216. Mumtaz Hassan, Shri (259-Hirapur—Burdwan)
217. Munda, shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
218. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
219. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
220. Murmu, Shri Sarkar [39-Habibpur (ST)—Malda]
221. Nanda, Shri Brahmamoy [207-Narghat—Midnapore]
222. Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
223. Nasiruddin Khan, Shri (61-Noada—Murshidabad)
224. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
225. Naskar, Shri Sundar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
226. Nath, Shri Madan Mohan (132-Noapara—North 24-Parganas)
227. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
228. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
229. Nazmul Hoque, Shri (41-Kharba—Malda)
230. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

231. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)
232. Omar, Ali, Dr. (200-Panskura West—Midnapore)
233. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
234. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
235. Pakhira, Shri Ratanchandra [197-Ghatal (SC)—Midnapore]
236. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
237. Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
238. Patra, Shri Amiya (244-Taldangra—Bankura)
239. Patra, Shri Ranjit (228-Dantan—Midnapore)
240. Paul, Shri Sankar Das (63-Berhampur-Murshidabad)
241. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
242. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
243. Pradhan, Shri Prasanta (208-Bhagwanpur—Midnapore)
244. Pramanik, Shri Abinash [188-Balagarh (SC)—Hooghly]
245. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
246. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
247. Putatunda (Dev), Shrimati Anuradha (120-Magrahat West—South 24-Parganas)
248. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
249. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
250. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
251. Ray, Shri Jatindranath [21-Rajganj (SC)—Jalpaiguri]
252. Ray, Shri Matish (137-Baranagar-North 24-Parganas)
253. Ray, Shri Sidhartha Sankar (146-Chowringhee-Calcutta)
254. Roy, Shri Sattick Kumar (293-Nalhati—Birbhum)
255. Ray, Shri Subhash (122-Mandirbazar (SC)—South 24-Parganas)
256. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)
257. Roy, Shri Banamali (15-Dhupguri (SC)—Jalpaiguri)
258. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
259. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
260. Roy, Shri Narmada Chandra (33-Kushmandi (SC)—South Dinajpur)
261. Roy, Shri Sougata (148-Alipore—Calcutta)
262. Roychowdhury, Shri Goutam (260-Asansol—Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

263. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)
264. Saha, Shri Kripa Sindhu (191-Dhaniakhali (SC)—Hooghly)
265. Sahis, Shrimati Bilasi (240-Para (SC)—Purulia)
266. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia
267. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
268. Sarkar, Shri Nayan (79-Hanskhali (SC)—Nadia)
269. Sarkar, Shri Sisir (201-Panskura East—Midnapore)
270. Sarkar, Shri Sisir Kumar (57-Nabagram—Murshidabad)
271. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
272. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
273. Sen, Shri Sachin (152-Ballygunge-Calcutta)
274. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
275. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
276. Sen Gupta (Bose), Shrimati Kamal (87-Habra—North 24-Parganas)
277. Sen Gupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
278. Seth, Shri Bhpendranath (85-Bongaon—North 24-Parganas)
279. Seth, Shri Lakshman Chandra (205-Sutahata (SC)—Midnapore)
280. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
281. Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
282. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
283. Sinha, Shri Khagendra Nath (31-Raiganj (SC)—North Dinajpur)
284. Sinha, Dr. Nirmal (121-Magrahat East (SC)—South 24-Parganas)
285. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
286. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
287. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
288. Soren, Shri Khara (36-Tapan (ST)—South Dinajpur)
289. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
290. Syed Nawab Jani Meerza, Shri (56-Bhagabangola—Murshidabad)
291. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
292. Tirkey, Shri Manohar (11-Kalchini (ST)—Jalpaiguri)
293. Toppo, Shri Salib (10-Kumargram (ST)—Jalpaiguri)
294. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
295. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 2nd March 1992 at 11.00 A.M.

P R E S E N T

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) 28 Ministers, 12 Ministers of State and 219 Members.

[11-00—12-30 P.M.]

Mr. Speaker received the Governor in the Entrance Hall where a procession was formed in the following order :-

Marshal

Secretary

Speaker

Governor

Secretary to the Governor

ADC

All members present rose in their seats as the procession entered the Chamber and remained standing until the Governor took his seat.

The Governor ascended the dias by the steps on the west and took his seat, and the Speaker occupied the seat to the right of the Governor. Members resumed their seats. The National Anthem was then played when all present rose in their seats and resumed seats after the Anthem was over.

The Governor addressed the West Bengal Legislative Assembly as follows :

Hon'ble Governor : HON'BLE MR. SPEAKER AND HON'BLE MEMBERS,

It gives me great pleasure to welcome all of you to the first session of this august Assembly this year. I take this opportunity to

wish you and the people of our State a happy and prosperous year ahead.

2. At the outset I would like to place on record my deep sense of sorrow at the passing away of Shri Biswanath Mukherjee, a former Member of this august House and Md. Abdullah Rasul, a former Member of the erstwhile Legislative Council, both of whom were distinguished and veteran leaders. I also mourn the death of Shri Ananta Saren who was a sitting Member of the Assembly. I would also like to express my grief at the passing away of Sarbasree Sudhir Chandra Das, Bhadra Bahadur Hamal, Sanat Kumar Banerjee, Kazi Hafizur Rahaman. Ajit Kumar Ganguly, Sudhangsu Mondal, Niranjan Mukherjee, Sadakanta Roy, Dr. Mohini Mohan Poti and Krishna Prosad Mandal, all of whom were former Members of this House.

3. In this address I propose to survey briefly the overall scenario obtaining in the country and in particular touch upon the problems facing our State in the context of the Central policies and programmes. I would also be briefly touching upon the major objectives of my Government and its achievements during the year 1991-92.

4. Hon'ble Members are aware that since the General Elections to the Lok Sabha last year the country has been faced with a large number of difficult and complex issues both on the political and the economic plan. The problems in Jammu & Kashmir, Punjab and Assam continue to cause anxiety. Divisive and fanatical forces claiming to be fundamentalist are still plaguing the country. On the economic front the country has had to face an acute financial crisis. The Union Government has sought to tide over this with loans from the World Bank and the IMF with some unfortunate conditionalities imposed by them. Quite a few of these, in the opinion of my Government, will have serious and adverse effect on the future development of the State. My Government has submitted some alternative proposals to the Government of India for their consideration. It has also appealed for a national debate on the various economic measures proposed to be adopted so that the people could be taken into full confidence and their sufferings minimised.

My Government has also reservations about the new Industrial Policy which it feels would weaken the role of the public sector. What is important is to increase the efficiency of the public sector and have a socially desirable mix between the public, private and the joint sectors to ensure a healthy and rapid growth of the economy. Even the inefficient private sector industries will have to improve themselves so that economy as a whole prospers.

The growth of economy is dependent upon expanding employment opportunities for the people. My Government feels that any step which would result in large scale retrenchment would go against the best interests of the nation. My Government, therefore, has strong reservations about the policy of the Government of India regarding labour, called the exit policy.

5. The Government of India have also sought to reduce Governmental expenditure by reducing subsidies on fertilisers and the food sectors. The new Fertiliser Policy has had a direct bearing on the agriculturists while the increase in the issue price of the essential commodities has affected the common man in general. As a result of these policies inflationary pressure have mounted leading to increase in the prices of essential commodities and a strain on the people in general.

6. The fiscal policies of the Centre have also affected the financial resources of the State. The Hon'ble Members are aware that our receipts on account of small savings have come down considerably owing to this change in policy. The quantum of Central plan assistance which was committed initially is not being made available to the State for the year 1991-92. Central assistance has been further adjusted against dues from State agencies like the State Electricity Board and others while dues to the State institutions from Central agencies still remain.

In the sphere of Centre-State relations, decision taken by the Central Government in relation to small savings and the Central plan assistance has gone sharply against the interest of the State. It is essential that interaction with the State should take place so that no erosion is made on the State's resources.

7. On issues relating to the new economic policy, my Government has already presented to the Central Government an alternative approach which would uphold the interest of the common people and guard against infringement of the sovereignty of the country. Measures involving among others, non-inflationary means of reducing the budgetary deficit through better collection of direct taxes, unearthing of black money, encouragement of investment by the non-resident Indians, implementation of land reforms for development of purchasing power of the people, encouragement of longtime competitiveness of the economy, strengthening of the public distribution system, etc. have been outlined in the alternative approach document of my Government.

8. While the national scene continues to be afflicted in certain parts of the country by fanaticism and terrorism, I am happy to say that in our State it has been possible in general to maintain peace and communal harmony. The fissiparous forces have not been able to disturb the peace largely due to the secular character of our people and a determined leadership. My Government stands committed to ensure communal harmony and peace with the help and support of people's organisations.

The naxalite violence has also remained under control. Police vigilance has been maintained to check the activities of the terrorists Some extremists have been arrested lately. While prompt action is taken to deal firmly with such extremists we have also issued directions to all concerned to ensure that no discrimination or harassment is faced by any community as a whole. West Bengal, I am happy to say, has had the distinction of maintaining cohesion and amity amongst various communities. Similarly we do not have any organised violence in the State against Scheduled Castes and Scheduled Tribes. I take this opportunity to reiterate the policy of my Government to oppose any attempt from any quarter to create divides on religious or caste considerations.

9. The Government of India have since taken up the implementation of the 1982 Memorandum of Understanding on Tinbigha. We have taken steps to see that Kuchlibari does not get isolated and that the interest of the people of the area are fully protected. We have request-

ed the Government of India to ensure quick solution of the problem of enclaves through implementation of the land boundary agreement of 1974 with Bangladesh while simultaneously expediting the implementation of the 1982 Memorandum of Understanding. This, in our view, will be a positive step towards strengthening of our relations with Bangladesh.

10. The hill areas of Darjeeling remained generally peaceful during the year. It is, however, unfortunate that certain non-issues have been raised regarding the legal status of the areas of the Darjeeling hills. My Government would like to draw your attention to the Treaty of Peace and Friendship signed between the Government of India and the Government of Nepal on 31st July, 1950 which acknowledges and respects the complete territorial integrity and independence of each other. A close scrutiny of the Constitution of India, adopted on 26th January, 1950, reveals that the territory of India includes the areas of Darjeeling. There should, therefore, be no doubt in anyone's mind that Darjeeling is and will be a part of West Bengal and therefore of India. My Government, however, is committed to make the experiment of the Darjeeling Gorkha Hill Council a success and would do all that is possible in that direction.

11. The Jharkhand issue has been surfacing on and off during the year. My Government would like to clarify that it is not possible to constitute an autonomous region for the Jharkhandis on the lines of the Darjeeling Gorkha Hill Council for the reason that there is no contiguity of the tribal areas in question and the concerned tribals in the areas do not constitute a majority of the population. However, my Government would make all efforts for the economic and social upliftment of the region.

12. While the general law and order situation has been good and the crime situation kept under control the Government has been concerned over a few unfortunate incidents of crime against women. Strict instructions have been given to the Police to take effective follow up action in such cases. My Government also proposes to bring a Bill in this House for constitution of a Women's Commission.

13. My Government sincerely believes that meaningful rural development is possible only through sincere implementation of land reforms. It is proposed to continue with the programme of comprehensive land reforms which would involve vesting of ceiling surplus land, its distribution to the landless cultivators and protecting the rights of the bargadars. This programme would be backed by arranging institutional finance to the assignees of vested land and the share croppers. In all these measures close involvement of the Panchayati Raj institutions will be continued as before. So far 9.20 lakh acres of vested land have been distributed to the landless agricultural labour. About 58% of the beneficiaries in this regard belong to the Scheduled Castes and Scheduled Tribes. The share of the Scheduled Castes and Scheduled Tribes is in fact double the actual percentage of representation of the SCs and STs in the total population which is 29%.

14. In spite of delayed and uneven spread of rains and floods in some parts of the State, rice production during the kharif season registered a marginal improvement over the previous year. Special efforts were made to ensure distribution of inputs to the small and marginal farmers. D.P.A.P. is being implemented in 34 blocks with a thrust on restoration of ecological balance. My Government have also taken several measures for improving the marketing system for agricultural produce. These include construction of farm to market link roads, development of regulated markets, training for processing and preservation of food and vegetables and post-harvest technology, construction of rural godowns, etc.

15. My Government lays emphasis on consolidating and increasing irrigation potential and also for providing protection against flood hazards. During 1991-92 an additional area of 40,000 hectares in Purulia, Birbhum and Bankura was proposed to be brought under irrigation through improvement of barrage and irrigation system of the D.V.C., Kangsabati Reservoir Project and other major irrigation schemes. Besides it is planned to create irrigation potential for one lakh hectares through minor irrigation projects. Although the Teesta Canal Project is in the process of implementation we have not so far received any Central financial assis-

tance. It is essential that Government of India takes early action regarding release of funds as their due share for the project.

16. The cooperative system has continued to play an important role in agricultural and other fields. In 1991-92, 3.83 lakh metric tonnes of fertiliser were distributed through the cooperative network. During 1992-93, 10,000 metric tonnes storage capacity is proposed to be created in the cooperative sector.

17. Dairy development has been kept in mind while drawing up the development strategy for rural areas. Our emphasis has been on intensification of artificial insemination and augmentation of fodder development programme. In the coming year five milling plants for feeds are proposed to be set up in different districts and a project for fodder production under the Forestry Development Programme with the help of the World Bank is also being taken up.

18. The Department of Forests have continued their activities for regeneration of degraded forests, greening of rural and urban areas and protection of wild life. More than 15,000 hectares are proposed to be planted during the current year. Special attention has been paid on the ecological restoration of the Sundarbans by implementation of two Central Sector Schemes namely Sundarbans Biosphere Reserve and Conservation & Management of Sundarbans Mangrove. A new project embracing all aspects of forestry will be launched with World Bank assistance from the next financial year. The State Government also intends to declare the Buxa Tiger Reserve as a National Park. Management of forest with people's participation, which is the cornerstone of our policy, has evoked wide response. More than 2,000 Forest Protection Committees have come up all over the State creating a strong human bulwark around the forest.

19. My Government's efforts in the field of fish production have continued to yield satisfactory results. Infrastructural facilities have been provided and welfare measures for fishermen have been introduced. During 1991-92 the sewage-fed fishery at Nabadwip and the brackish

water fish farm at Alambari have been completed. Phase I of the integrated fishery development project for the benefit of marine fishermen is being implemented. The construction of fishing harbour at Fraserganj is in progress and fishing harbours at Kharibari and Diamond Harbour are proposed to be taken up during the Eighth Plan period. The World Bank assisted project for shrimp and fish culture at an estimated cost of Rs.100 crores would be implemented over a period of seven years from 1992-93.

20. In the field of industrial development, my Government has adopted a positive and constructive approach to encourage new investments. The needs of the investors are being attended on a priority basis and with an open mind, curtailing bureaucratic and other delays.

Haldia Petrochemical Project is making steady progress. Rupee assistance from the All-India Financial Institutions has been arranged. Technology selections for the major products have been finalised and land acquisition and infrastructure development are nearly complete. The West Bengal Industrial Development Corporation Ltd. continues to provide assistance to different industrial units. The growth centres at Bishnupur, Cooch Behar, Malda and Kalyani Phase II are nearing completion. A pig iron unit is coming up in the private sector at Kharagpur. Another proposal for an integrated steel mill in the private sector is under discussion.

The Electronic Research & Development Centre has started functioning in Taratala during the year. The development work of the 93 acre Salt Lake Electronic Complex is almost complete and 68 entrepreneurs have been allotted land. Four units have already gone into production. In the Standard Design Factory within this complex 18 units are already in production. The Bidesh Sanchar Nigam completed installation of the digital switch gate. Work relating to diversification-cum-modernisation and rehabilitation of Webel Video Devices Ltd. and Webel Electro Ceramics Ltd. is in progress. Webel Telematiks Ltd. have added rural automatic exchange to their product range during the current year. The West Bengal Mineral Development & Trading Corporation has entered a new area by starting commercial production of rough cut

granite blocks both pink and black in Bankura and Purulia districts.

The thrust areas of development during the Eighth Plan have been identified to be promotion of units in plastic and polymer, biotechnology, food and vegetable processing, pharmaceuticals, basic drug, leather and footwear. Special emphasis would be given to development of agro-based industries, Policy guidelines are also being worked out for expansion of Tea Gardens in North Bengal. In the field of cottage and small-scale industries, as many as 18,005 new units were set up during 1990-91 creating employment opportunities for 43,586 persons. During 1991-92, 6,539 units were set up till December 1991 providing employment to 15,519 persons. Promotion and development of handloom and sericulture has been given priority. In order to help the SSI units to be competitive and efficient it is necessary that the lending rates for such units are reduced with appropriate concessions.

21. My Government has also continued its efforts to revive closed and sick industrial units with a policy package delineating relief and concessions for such units which do not fall within the purview of the BIFR.

22. The power sector has continued to receive the attention of my Government. The Budge Budge Project of the CESC is awaiting final clearance of the Government of India. The Bakreswar Thermal Project has now been proposed for assistance from the OECF. The Sagardighi and Balagarh Projects are awaiting clearance.

23. In the field of labour relations efforts are underway to resolve disputes through bipartite and tripartite discussions. Lockouts continued to dominate the industrial relations in 1991. There was a decline in the incidence of closures. My Government has continued to lay emphasis on welfare measures for the workmen by strengthening the ESI facilities and safety audit.

24. Encouraging results have been achieved in the area of extension of education through the literacy drive in the districts of Burdwan, Midnapore, Hooghly, Birbhum, Bankura, Cooch Behar and North 24-Parganas. More areas are being brought under it gradually. As an

impact of the literacy drive there has been a significant spurt in the enrolment of children at the primary level. Due importance is also being given to physical education and provision of educational facilities to the handicapped. During 1991-92, "Lighthouse" for the Blind was sponsored and assisted. The library movement has been gaining strength. Book Fairs at the State level and other levels are being regularly organised.

In the field of higher education, new disciplines have been taken up for study in some institutions and post-graduate courses introduced in some colleges. The Education Commission appointed by the Government is currently engaged in examining the educational system of the State and its recommendations are expected soon.

My Government attaches great importance to technical education at different levels. A massive programme for development of polytechnics has been taken up with World Bank assistance. Similarly programmes for vocational training and development of ITIs have also been taken in hand.

25. There has been a spurt in the prices of essential commodities causing immense hardship to the common man. The issue prices of foodgrains and sugar through the Public Distribution System have been raised by the Government of India. The situation has further been compounded by irregular and inadequate supplies from the FCI. In order to mitigate the crisis my Government arranged to distribute subsidised rice to the landless agricultural labourers and their families for four weeks benefiting 154.6 lakh persons. My Government has repeatedly emphasised the importance of the Public Distribution System for acting as a countervailing force against inflation and also to provide protection to the poorer sections against the ravages of inflationary spiral. However, much remains to be done by the Government of India in this regard. Moreover, while the Central allotments of essential foodgrains for the State are inadequate, the FCI is not able to move even the quantities allotted to different parts of the State. In spite of these limitations my Government is trying to uphold the Public Distribution System by even stretching its own resources. Steps to monitor the prices and check smuggling through coordinated efforts between the

State Police, BSF and local leadership have been taken.

26. In the field of health there has been a significant reduction in the death rate and infant mortality rate in the State. The programmes for women and child welfare, immunisation, etc. have continued to receive the attention of the Government.

At present ICDS is in operation in 160 projects covering 14.50 lakh beneficiaries and providing employment to 43,000 workers. Twenty ICDS projects are likely to become operational during 1992-93.

27. The Second Hooghly Bridge is in the last stages of completion. It is proposed to provide further facilites for growth of industries in the Salt Lake area, the provision of a World Trade Centre and other related facilities. My Government is also examining proposals for developing a satellite township near Calcutta.

28. The Public Works Department has completed the bridges over the river Jamunajore and Kumari in the Purulia district and the rail overbridge at Serampore. Considerable progress has been made in the construction of major bridges over the rivers Kuye, Tangon, Sutanga Dwarka, Mayurakshi and Atrai. During 1992-93 it is proposed to take up construction of bridges over the rivers Ajay at Natunhat in Burdwan, Dudua, Gillandi in Bankura and Sati in Cooch Behar.

29. My Government attaches great importance to the preservation of environment and maintenance of ecological balance. During 1992-93 it is proposed to undertake ambient air quality monitoring in important centres like Kharagpur, Siliguri and Burdwan ; water quality monitoring in Churni, Jalangi, Damodar, Kangsabati and Rupnarayan and monitoring of effluent quality at the sewage outfalls from municipal towns in the CMD areas.

30. My Government has also taken up several measures to promote tourism in the State. The Sundarbans has been indentified as a major area of tourism apart from Darjeeling and Santiniketan. Tourist centres at Mukutmanipur in Bankura and Kankrajhore in Midnapore have also been taken up. Steps have also been initiated for development

of Sankarpur-Digha area. The International Tea Festival at Darjeeling in October, 1991 was a success.

31. My Government has been attaching great importance to the promotion of cultural activities. During 1991-92, 517 big and medium size exhibitions were organised. The quantum of subsidy to the producers of Bengali and Nepali films doing their work at Rupayan has been raised from Rs.50,000 to Rs.2,00,000. A festival of short films was organised in collaboration with the Short Film Makers' Association of Eastern India. A cultural complex at Rawdon Square has also been planned to be set up.

32. In course of the individual demands for grants of the different departments of the Government the Hon'ble Members will have the opportunity to discuss the details of the programmes of action in different sectors. In conclusion I would like to assure the Hon'ble Members of my Government's commitment to maintain communal harmony and peace, promote and protect the interests of the weaker sections, women and children and to work assiduously for the development of the State through decentralised planning and with the help of the Panchayats and people's institutions.

I wish your deliberations all success.

JAI HIND

The Governor having finished his speech, the National Anthem was again played. All members rose in their seats. The Governor then left the Chamber in procession in the same order in which it came in.

[12-30—12-34 P.M.]

Mr. Speaker : I beg to report that the Governor has been pleased to make a speech today and a copy of the speech has been placed on the Table.

Motion, if any, under rule 16(3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly may

now be moved.

শ্রী ননী কর ঃ মিঃ স্পিকার স্যার, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, সেই সম্পর্কে আমি একটা প্রস্তাব উত্থাপন করছি। "রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্ন লিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হোক ঃ

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ২রা মার্চ, ১৯৯২ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন, সেই জন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।"

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় সদস্য ননী কর মহাশয় যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এখানে উত্থাপন করলেন, সেই প্রস্তাবকে আমি সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি।

Mr. Speaker : Hon'ble Members, amendments to this Motion of Thanks will be received in the Office upto 11 A.M. on Friday, the 6th March, 1992.

Adjournment

The House was then adjourned at 12-34 P.M. till 11.00 A.M. on Friday, the 6th March, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 6th March, 1992 at 11.00 A.M.

P R E S E N T

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) in the Chair, 17 Ministers, 10 Ministers of State and 127 Members.

[11-00—11-10 P.M.]

Obituary Reference

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of the Ex-Ministers of this State, sitting as well as ex-members of this Legislature and other personalities renowned in their spheres who passed away after the last session of the Assembly.

Shri Ananta Saren, a member of the current 11th Legislative Assembly breathed his last on the 25th September, 1991 at the S.S.K.M. Hospital, Calcutta, at the age of 54 years.

Shri Saren was born at Katkinatia, Midnapore in a Peasant family. He got his education at Datan and read upto Class VIII. He started his political life as an worker of the Socialist Party, when he was only a school student. He became a Member of the C.P.I. (M) in the year 1969. He was one of the foremost leaders of the tribals of Midnapore. In 1988, he became a member of the Midnapore District Committee of the C.P.I. (M).

Shri Saren was elected a Member of the West Bengal Legislative Assembly successively in 1982, 1987 and 1991.

In his death the state has lost an efficient political organiser and a reputed social worker.

Shri Md. Abdullah Rasul, a freedom fighter, a former Minister of the Government of West Bengal, one of the founders of the All

India Kisan Sabha and a member of the Secretariat of the Communist Party of India (Marxist) West Bengal State Committee breathed his last on the 21st November, 1991. He was born in 1903 in the district of Burdwan. He got his education at Memari, Burdwan. Having finished the school education, he joined Government Service but in 1921 he resigned from the service for the sake of taking part in the non-cooperation movement launched against the imperialist foreign ruler. He was arrested in December, 1921 as a 'Satyagrahi'. He acted as the Secretary of the Burdwan District Khilafat Committee during the period 1922-23. In the year 1922, he became a member of the District Congress Committee of Bengal.

He spent the period from 1926 to 1929 at Lahore to study Islamic History and comparative Religion. He also worked as an Editor of the 'Light', an English Weekly of Lahore. On his return to Calcutta, he associated himself with the 'Bombay Chronicle' and 'Al-Balagh', a Cairo Daily in Arabic, as their Calcutta Correspondent. He was arrested in 1932 for having taken part in the freedom movement. With the help of some friends he published an English weekly named 'The Comrade' during the period from 1937 to 1939.

In 1938, he got the membership of the Communist Party of India and became a full timer of the Party. He devoted himself to the task of organising the farmers and was connected with the peasant movement till the last day of his life. He was elected General Secretary of the Bengal Provincial Krishak Sabha. In 1940-41, he was the General Secretary of the All India Krishak Sabha.

When the party was banned in 1940, Shri Rasul went underground. After the lifting of ban on the party in July 1942, he was arrested in Mymansingh.

In 1946-47, he took part in the 'Tebhaga Movement' launched by the 'Krishak Sabha', In 1947 he was elected General Secretary of the All India Krishak Sabha.

He was elected a member of the West Bengal Legislative Council in 60. He was the Minister-in-Charge of Transport Department of the

Second United Front Ministry of West Bengal in 1969.

He was elected a member of the Central Committee of the Communist Party of India (Marxist) in 1982.

As a representative of the All India Krishak Sabha, he went to the countries like the U.S.S.R., Czechoslovakia, Iraq. He visited Syria as a representative of the Party.

Shri Rasul was the author of several books written in Bengali viz.'Krishak Sabhar Itihash', 'Communism Kahake Bale', 'Santal Bidroher Kahini', apart from some novels such as 'Abad', and 'Sahar Theke Grame'.

At his death the country has lost a veteran politician, a dynamic leader of the peasant front and a firm but pleasant personality.

Shri Biswanath Mukherjee, a veteran communist leader and great freedom fighter and social worker breathed his last on the 12th October, 1991, at the Rammanohar Lohia Hospital, New Delhi, at the age of 77 years.

Shri Mukherjee was born at Tamluk, Midnapore on the 17th April, 1915 in an educated middle-class family. He participated in the freedom movement in 1930 while still in his teens. In 1931 he was imprisoned for six months for taking part in the freedom movement. After release, he organised students strike and agitation of peasants against the foreign rulers and was arrested again.

After his release from the jail in 1933 he came to Calcutta and passed the Matriculation Examination as a private candidate. There after he got himself admitted into the Vidyasagar College, Calcutta and passed the B.A. Examination.

He became a member of the Communist Party of India in 1934 and dedicated himself to the task of organising the student-front. He was the first general secretary of the Bengal Provincial Student Federation, established in 1936. He lived the life of an absconder for three years since 1940. He was elected a member of the Central Committee

of the C.P.I. at the first Congress of the undivided Communist Party of India held in 1943 and later a member of the National Council of C.P.I.

He took a leading role in organising the Communist Party in Assam and Orissa during the period from 1943 to 1948 and came back to West Bengal in 1950. Thereafter he took active interest in organising the peasant movement.

He was a member of the Legislative Council of West Bengal from 1966 to 1969. He was the Minister-in-Charge of the Irrigation Department in the first United Front Ministry of the State in the year 1967. Later he was elected a member of the West Bengal Legislative Assembly in 1969, 1971, 1972, 1977 and 1982.

In his death, the country has lost a dedicated freedom fighter, a pioneer of Communist movement, an able perliamentarian and an endearing and revered personality.

Shri Niranjan Mukherjee, an ex-member of the West Bengal Legislative Assembly breathed his last on January 17, 1992 at the S.S.K.M. Hospital, Calcutta after a protracted illness. He was about 64.

Shri Mukherjee saw the light of the World on March 20, 1928 at Kharnia of Khulna district of present Bangla Desh. Before his admission to the Mechanical Engineering Branch of the College of Engineering and Technology, Jadavpur, he took his early education in Khulna Zilla School. While a student of the Engineering College, he got himself involved headlong in the students movements and this brought an abrupt end to his studies. He was eventually associated with the activities of the Communist Party of India. During fifties he took a leading role in Organising Trade Union Movements in the southern suburbs of Calcutta, dotted with clusters of medium and small industrial units. He was one of those few leaders of the Communist Party of India whose tireless efforts and adroit organising ability helped the party firmly strike root in this area in early fifties. He spent several years in jail both in pre and post-independence period.

Shri Mukherjee was first elected a Commissioner of the South Suburban Municipality, Behala in 1952 and held this position ever since till he was elected Chairman in 1969. After the split in the party, Shri Mukherjee joined the CPI(M) party and held his way over the majority of the party workers and sympathisers. He was elected to the West Bengal Legislative Assembly in 1967 for the first time and was subsequently re-elected in 1969, 1971, 1977, 1982 and 1987. He was also appointed the Chief Govt. Whip in 1987 but gave up that responsibility owing to ill health. He was also associated with many social, educational and political organisations throughout his life.

Shri Mukherjee's death is a great loss especially to the working class.

Shri Krishna Prosad Mondal, a veteran freedom fighter and an ex-member of the West Bengal Legislative Assembly died at Calcutta on the 15th February, 1992. He was 82.

He was born in 1909 at Samgatbazar, Midnapore. Shri Mondal came in contact with politics when he was still in his youth. He was a Commissioner of Kharagpur Municipality for a long time. He was first elected a member of Bengal Legislative Assembly in 1937 and continued to be a member of the said Legislative Assembly till 1951 even after the partition of Bengal. He had been a member of this House again from 1957 to 1967. He served as Parliamentary Secretary-in-Charge of Forest & Fisheries Department from 1947 to 1951. He founded a school known as 'Atulmoni Polytechnic High School' which bears the testimony of his keen interest in the spread of education in this State.

At his death the State has lost an able politician and a promoter of education.

Shri Bhadra Bahadur Hamal, a veteran communist leader and a former member of the West Bengal Legislative Assembly died at Darjeeling Sadar Hospital on October 6, 1991, at the age of 73. He was suffering from Cancer for a long period.

He was born at Gorokhpur of Uttar Pradesh in July 1918. He was one of the founders of the Communist Party in the hill areas of Darjeeling. In 1943, Shri Bhadra Bahadur Hamal earned the membership of the undivided Communist Party and Organised Trade Union Movements specially among the Tea Plantation Workers of Darjeeling.

Shri Hamal was elected as a member of the West Bengal Legislative Assembly in 1952 and 1957 from the Jorabungalow Constituency of Darjeeling district as a Communist candidate.

At his death the State, specially the people of hill areas of Darjeeling have lost a true friend and a dedicated leader.

[11-10—11-20 A.M.]

Shri Nagendra Nath Dolui, former member of the West Bengal Legislative Assembly, breathed his last on the 8th February, 1992 at the age of 82.

Born in Magh, 1316 B.S. at Chakgopal in Midnapur district Shri Dolui was an active member of the Communist Party. He was first elected to the West Bengal Legislative Assembly in 1952 from Keshpur Constituency and re-elected in 1962 from Ghatal Constituency as a candidate of the Communist Party of India. He played an important role in giving the Communist Party and its movement a firm footing in the Midnapur district.

At his death the state has lost a veteran and sincere political leader.

Dr. Mohini Mohan Poti, an ex-member of the West Bengal Legislative Assembly breathed his last on the 1st February, 1992. He was 83.

Born at Dhamtore, Debra, Midnapore in 1908 he took his education from Hamilton High English School, Tamluk, Bangabasi College, Calcutta & Cambel Medical College, Calcutta.

He joined freedom struggle at an early age and suffered imprisonment for several times. He also participated in 42 movements in

Midnapore district. In the post independence days he joined active politics.

By profession, he was a medical practitioner and served the people of Debra with a missionary zeal. He was being held in high esteem by the local people. Dr. Poti was also associated with various educational and social organisations.

He was awarded "Tamra Falak" by the Government of India for his participation in the Freedom struggle and was a recepient of Political Pension.

He was elected a member of the West Bengal Legislative Assembly in 1957 from the Debra Constituency of Midnapore district as a Congress Candidate.

At the death of Dr. Poti, the State has lost a Social and Political Leader.

Shri Kazi Hafizur Rahaman, a former member of this legislature breathed his last on the 16th November, 1991 at the age of 77.

Shri Rahaman was born at Mahammadpur, Habaspur, Bhagabangola of Murshidabad district in October, 1914. He was a student of Gorabazar I.C : Institution and passed Matriculation examination from there.

Primarily a farmer by occupation, he was associated with many social and political organisations including Indian Red Cross Society and local Union Board.

He was first elected a member of the West Bengal Legislative Assembly in 1957. Subsequently, he was re-elected in 1972, 1977 and 1982 elections.

At his death the state has lost a veteran political and social worker.

Shri Ajit Ganguly, a veteran freedom fighter and ex-member of the West Bengal Legislative Assembly breathed his last on the 29th November, 1991 at the S.S.K.M. Hospital, Calcutta. He was about 80.

Shri Ganguly was one of those leaders who joined the Communist Party during the pre-independence days. He was associated with the Present and Communist movements during that period.

He was first elected as a member of the West Bengal Legislative Assembly in 1967 from the Bongaon Constituency of the 24-Parganas district as a C.P.I. candidate. In 1969 he was re-elected to the West Bengal Legislative Assembly from the same constituency.

At his death the state has lost one of its veteran communist leaders.

Shri Paresh Das, former member of the West Bengal Legislative Assembly, breathed his last on the 16th February, 1992 at the age of 65.

Born at Ramchak in Midnapur district in 1927, Shri Das had his education in Haludbari H.E. School, Contai Model Institution and Contai P.K. College. He also underwent a training course in Cooperation at Regional Co-operative Training Centre at Ranchi in 1957-58. An active worker of Congress Party, Shri Das was a member of West Bengal Pradesh Congress Committee from 1954 to 1957, member of Midnapur District Congress Committee and Assistant Secretary of Contai Sub-divisional Congress Committee. Later he joined the Bangla Congress and was the Secretary of the Contai Unit from 1966 to 1969.

Shri Das was elected to the West Bengal Legislative Assembly in 1969 from Khejury—Midnapur Constituency as a candidate of Bangla Congress Party. He was closely associated with many social organisations in his locality.

At his death the State has lost a sincere social as well as political worker.

Shri Sanat Kumar Banerjee, an Ex-Member of the West Bengal Legislative Assembly, breathed his last on the 20th April, 1991, at the age of 71.

Born at 1920, Shri Banerjee studied upto I.A. By profession he

was a school teacher and served as the Head teacher of Khatpukur Primary School, Burdwan.

Shri Banerjee was elected a member of the West Bengal Legislative Assembly in 1971 from Faridpur Constituency of Burdwan district as a C.P.I.(M) candidate.

At his death the state has lost a veteran politician.

Shri Sudhangsu Mondal, a former member of the West Bengal Legislative Assembly breathed his last on January 3, 1992 at his Hingalganj residence. He was 54.

Born in October, 1937 at Khulna of present Bangladesh he had his Matriculation from D.M.M.R.H.E., School of Khulna, Bangladesh and thereafter carried on higher studies under Calcutta University. He was a school teacher by profession and took leading role in the presant movements in Basirhat area.

Shri Mondal was elected a member of the West Bengal Legislative Assembly in 1977 from Hingalganj, constituency of 24 Parganas district as a C.P.I.(M) candidate. He was re-elected in 1982 and 1987 to this House, from the same constituency.

At his death, peasants of the area has lost one of their able leaders.

Shri Sadakanta Roy, a former member of the West Bengal Legislative Assembly breathed his last on January 13, 1992 at Cooch Behar. He was suffering from Asthma for a long period. He was 57.

Shri Roy was born at Uchul Pukuri of Cooch Behar district on July, 20, 1934. He took his education from Shulmari M.E. School, Mekhligunj H.E. School. He was a cultivator by occupation.

Shri Roy, as a candidate of the All India Forward Block was first elected a member of the West Bengal Legislative Assembly in 1977. He was re-elected a member of the West Bengal Legislative Assembly in 1982 and 1987.

His death is a great loss to the peasantry of the district of Cooch Behar.

Dr. Sukumar Sen : Versatile philologist and father of modern philology Dr. Sukumar Sen breathed his last on the 3rd March, 1992 at the S.S.K.M. Hospital at the age of 92.

Dr. Sen saw the light of the world in 1900 at Calcutta. He passed the Matriculation examination from Burdwan Municipal School, I.A. from the Raj College, Burdwan. As a student of Sanskrit College he did his graduation with Honours in Sanskrit and stood second in the first class. Then he switched to comparative philology and stood first in the first class in his M.A. Examination in 1923 from Calcutta University. He was a premchand Roychand Scholor and won the Griffith prize thrice and Ashutosh Mookherjee Gold Medal twice. He began his research under Dr. Suniti Kumar Chatterjee and got his P.H.D. on the Historical Syntax of Indo-European in 1937. His thesis was examined by three eminent European scholars.

Dr. Sen joined the Calcutta University in 1930 as a lecturer of comparative philology department and retired as Khaira Professor of Indian linguistics and phonetics. Besides comparative philology he also taught Sanskrit, Bengali, Pali, French and Islamic history and culture in postgraduate classes. Bangla Sahityer Itihas authored by him is still being regarded as a master-piece.

He wrote a number of books of which notable are "Bangla Bhasar Itibritta", "Shekoshuvodaya", "Chaitanya Charitamrita".

Dr. Sen, for his literary pursuit, was honoured with many literary awards including Rabindra Purashkar, Vidyasagar Purashkar and Ananda Puraskar. At his advanced age he also turned to try on fictional works. His autography is titled 'Diner Parey Din Je Galo'. He was awarded the Deshikottama in 1984 by the Viswa Bharati University. The same year he was the first Asian to receive the gold medal of the Royal Asiatic Society of Great Britain and Ireland.

The founder president of the Indian Linguistic Society, he had also

been the president of the Asiatic Society and the Bangiya Sahitya Parishad and a fellow of the Sahitya Akademy. Various Universities conferred to him D. Litt honouris cause.

Dr. Sen's death is a great loss to the world of education and literature.

Shri Bimal Mitra : Shri Bimal Mitra, renowned Bangali novelist, breathed his last on December 2, 1991 at a Calcutta Nurshing Home. He was 79.

Born at Calcutta in March 1912, he had his education from Chetla Boys School, Ashutosh College and Vidyasagar College.

He worked for the Indian Railways and was posted in Madhya Pradesh. He wrote "Saraswatiya", which was banned by the Madhya Pradesh Government and the order caused a furore in Calcutta. His first novel 'Chhai' was published long before he came to the limelight. 'Saheb Bibi Golam' published in 1950 made him famous as an author overnight. After the auccess of Saheb Bibi Golam he wrote a good number of novels which include "Kadi Diya Kinlam", "Bagum Mary Biswas", "Ekak Dashak Shatak", "Asami Hajir", etc. Shri Mitra was awarded the Rabindra Puraskar for "Kadi Diya Kinlam". He was later honoured with many other literary awards including Sarat Puraskar, Ashoke Kumar Sankar Smriti Puraskar for his literary works.

Shri Mitra's death has caused a great loss to the Bangali literary world.

Shri Manabendra Mukhopadhyay : Shri Manabendra Mukhopadhyay, a renowned singer, music-director and composer breathed his last on the 19th January, 1992, at the age of 60 years.

He was regular artists of the 'Akashbani' and the 'Doordarshan'. When he was only fourteen years old, he made his debut as a singer of 'Akashbani'. His song was first recorded in 1945 and since then hundreds of his songs had been recorded. With a classic base Shri Mukhopadhyay presented a veritable plethora of songs of varied types such as Ragprodhan, Adhunik, Gazal, Folk-songs, Classical and enthralled

the listeners by his enchanting voice. He had a special fasination for Nazrul Sangeet and contributed a lot in popularisation of the songs of the celebrated poet Kazi Nazrul Islam. As a play-back singer, he earned an enviable popularity. He also scored music for many films as a music-director. He received many awards for his outstanding performance in the field of music. He was actively associated with the 'Paschim Banga Rajya Sangeet Academy'.

His death caused a void to the music world especially the world of Bengali music.

Shri Radha Raman Mitra, veteran freedom fighter, Communist intellectual and one of the pioneers of Teachers' and workers Movement in the State breathed his last in the early hours of 7th February, 1992 at S.S.K.M. Hospital, Calcutta at the age of 95. He was a bachelor.

Born in 1897 in Calcutta, Shri Mitra had to give up his studies in the mid way while he was a Post Graduate Student as he joined the Non-Co-operation movement. At this time he felt attracted to Gandhiji and accepted teachership at Etwah in Uttar Pradesh. He organised the Congress Party there and was elected the Secretary of District Congress Committee. He was one of the accused in the Meerut conspiracy case and under went imprisonment for several years for his participation in the Country's Liberation Struggle.

On his return to Calcutta in 1929 Shri Mitra joined a Corporation School as a teacher. He became the Secretary of Calcutta Corporation Teachers' Association formed in 1927. He also organised the Jute Mill Workers and Railway Workers at Asansol and Andal. He joined the undivided Communist Party and was made a member of the Party in 1938. He retired from active politics in 1952.

A receipient of the Vidyasagar Puraskar awarded by the State Government, Shri Mitra wrote several books, notable among them being 'Life of David Hare', 'Kalkata Darpan' and 'Kalkatar Vidyasagar'. He was also conferred honourary D. Litt degree by the Jadavpur and the Burdwan Universities.

At his death the State has lost a veteran freedom fighter, a good orator and a true friend of the working class.

Shri Mohitosh Majumder, a sitting Judge of Calcutta High Court died in harness on February 26, 1992 at Belview Nurshing Home, Calcutta following a heart attrack. He was 57.

Born at Simla in 1935 he came to Calcutta at the age of five. Having his graduation from the Presidency College, Calcutta he obtained a degree in law from the Calcutta University. He eventually joined the Calcutta High Court as an advocate during the sixties. In 1986 he was elevated as a Judge of Calcutta High Court and held that office till his death.

Justice Majumder was associated with many social and cultural organisations. He was also the Ex-President of the East Bengal Club of Calcutta.

At his death, the State has lost one of its prominent legal personalities.

[11-20 – 11-25 A.M.]

Shri Mohitosh Nandy, veteran Communist leader and a freedom fighter died at SSKM Hospital in Calcutta on 10th February, 1992 at the age of 74. He was a bachelor.

Born in 1918 at Chandernagore in the district of Hooghly, Shri Nandy was attracted to freedom movement in his childhood. He came in touch with some terrorist leaders of Chandernagore in his teens and associated himself with Indian Proletarian Revolutionary Party. Later on he was attracted to Marxism. In 1934, he was made a member of the Communist Party and became a member of Zilla Committee of the Party in 1942. He spent a large part of his youth in prison or in hiding.

Shri Nandy was one of the pioneers in giving shape to the Party's Peasant Front in Hooghly district. After the split of the Party, he joined to Communist Party of India (Amarxist). He was elected a member of district Secretariat of the Party in 1964, member of State Committee in

1978 and held both the offices till his death. He was one of the volunteers from West Bengal participating in the Goa Liberation Movement.

The State has lost a veteran freedom fighter, a sincere political worker and a leader of Peasants' Movement at the death of Shri Nandy.

Shri Rusi B. Gimi, eminent social worker and former Sheriff of Calcutta breathed his last in Woodland Nursing Home, Calcutta on February 21, 1992 after a protracted illness. He was 68.

Born at Gujarat, Shri Gimi spent his student life at Hyderabad and thereafter got settled in Calcutta. At Calcutta he started his career as a business-man and later developed a flair for social service. He was the Chairman of the West Bengal branch of St. John's Ambulance Association and was also associated with the Advisory Board of Bhoruka Research Centre for Haematology and Blood Transfussion as its Chairman. He had also been the President of the Behala Balanand Brahmachari Hospital. President of the Rehabilitation Centres for Crippled Children and Chairman of "Nava Nir", Home for the Aged.

Prominent in the field of advertising, he opened up new vistas for outdoor advertising making it more effective. He was also the President of the Oriental Chamber of Commerce on various occasions.

Shri Gimi sponsored various programmes during his tenure as Sheriff, including programmes for absorbing unemployed youths in various occupations. He launched fight against corruption in trade by associating himself with legal aid and Consumer's Action Forum. He was also one of the pioneers of Lions movement in the city.

At the death of Shri Gimi, Calcutta has lost one of its able social workers.

Shri Bharat Bhushan, a noted Hindi film actor died on the January 27, 1992 at his north-west Bombay residence. He was 71.

Born at Aligarh, Uttar Pradesh in June, 1919, he came to Bombay

and started his career as a film actor there during the late forties. His first movie was "Bhakta Kabir" and thereafter he had worked in hundreds of films, mostly in the leading role. Shri Bharat Bhusan won the hearts of millions of cinemagoers as an able actor and a glamourous here. His most popular films include "Baiju Bawra", "Basant Bahar", "Barsat Ki Ek Raat", and "Mirza Ghalib". He acted with most of the renowned actresses of his time such as Meena Kumari, Nutan, Mala Sinha and Madhubala. He was honoured with Film Fair Award in 1953 as the best actor of the year for his performance in "Chaitanya Mahaprabhu". He himself also produced four Hindi films.

At his death the Hindi Film world has lost one of its outstanding actors.

Now I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

....(At this stage the Hon'ble Members stood in silence for two minutes)...

Thank you, ladies and gentlemen. Secretary will send the message of condolence to the members of bereaved families of the deceased.

Adjournment

The House was then adjourned at 11-25 A.M. till 11.00 A.M. on Monday, the 9th March 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 9th March, 1992 at 11.00 A.M.

P R E S E N T

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) in the Chair, 15 Ministers, 6 Ministers of State and 159 Members.

[11-00 — 11-10 P.M.]

Starred Questions
(to which oral answers were given)

হাতিদের জন্য অভয়ারণ্য

*২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩।) **শ্রী দিলীপ মজুমদার** ঃ বন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

রাজ্য সরকার হাতিদের অভয়ারণ্য গড়ে তোলার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ

(ক) হ্যাঁ।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ কটা এই ধরনের পরিকল্পনা আছে এবং কোথায় আছে? এই বাবদ বরাদ্দ কত?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমাদের দুটি পরিকল্পনা আমরা কেন্দ্রীয় সরকারের কাছে রেখেছি। তারমধ্যে অভয়ারণ্য বললে যদি স্যাংচুয়ারি বোঝায়, তাহলে আপনার অবগতির জন্য জানাচ্ছি যে দক্ষিণ বাংলায় আমাদের একটি মঞ্জুরি রয়েছে। আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এটার মঞ্জুরি পেয়েছি। আমরা অষ্টম যোজনাতে করব। মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া জুড়ে এই অভয়ারণ্য হবে। এটা প্ল্যানিং কমিশন অনুমোদন করেছেন এবং আমরা ১০ লক্ষ টাকা পেয়ে গেছি। আমাদের আর একটি পরিকল্পনা আছে নর্থ বেঙ্গলে। ওখানে একটি করিডোর খোলা হবে। কারণ হাতির যে চলাচলের পথ, সেই চলাচলের পথে কিছু আবাসন তৈরি হয়েছে। এরফলে তাদের ফডার, খাবার জিনিসপত্র কিছু যা ছিল সেগুলো কমে গেছে। তাছাড়া অন্য কারণেও কিছু ডিস্টারবেন্স হচ্ছে। সেজন্য আমরা প্রস্তাব রেখেছিলাম যে ওখানে একটা করিডোর খোলা হোক। এটা করতে পারলে হাতি চলাচল করতে পারবে না। এই করিডোরের মধ্যে ফডার, বাসস্থানের সংস্থান করতে হবে। এরমধ্যে সবচেয়ে ট্রিকি প্রবলেম হচ্ছে, ওখানে যারা আছেন তাদের বাইবে পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। আমাদের হাতির জন্য ওখানে কিছু ব্যবস্থা করতে হবে যাতে তাদের ডিস্টারবেন্স বা অন্য ধরনের কিছু না হয়। আমি আপনাকে বলব, যেহেতু কেন্দ্রীয় সরকার সরাসরি এটা প্রত্যাখ্যান করেন নি,

আবার অন্যদিকে মঞ্জুরিও এখনও দেন নি, সেজন্য আমার বলা ভাল যে, এটা কেন্দ্রীয় সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় হাতির অভয়ারণ্যের কথা বললেন। কিন্তু হাতির অত্যাচারে মেদিনীপুর এবং বাঁকুড়া সংলগ্ন এলাকায় প্রতি বছর লক্ষ লক্ষ টাকার ফসল নষ্ট হচ্ছে এবং জীবনহানি ঘটছে। এই বিষয়ে আপনার বক্তব্য কি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ ক্ষতিপূরণের ব্যাপারটা নিরন্তর বিবেচনাধীন এবং মানুষকে রক্ষা করার প্রশ্নে যতখানি গুরুত্ব দেওয়া উচিত তার থেকে বেশি গুরুত্ব দিয়ে আমরা চেষ্টা করছি। এখন প্রশ্ন হচ্ছে যে, মানুষের জীবনহানি ও ফসলহানি কেন হচ্ছে—এই ব্যাপারে অবশ্য মাননীয় সদস্য আমার চেয়ে কম জানেন না। এরই মধ্যে ম্যান এ্যানিম্যাল কনফ্লিক্ট শুরু হয়ে গেছে এবং সেখানে এই জিনিস দৈনন্দিন বেড়েই চলেছে। এই কারণে বাড়ছে যে, হাতির ঘরে আমরা বাসা করছি, হাতির ঘরে, বাঘের ঘরে আমরা বাসা করছি। ওদের হ্যাবিটেট ধ্বংস করে। ফডার কম্পিটেশন শুরু হয়ে গেছে। এখানে যে হাতিগুলি আছে আগে কিন্তু ওই হাতিগুলি মাঝেমাঝে বেড়াতে আসত, সিজিন্যাল এসে ফিরে যেত। এখন এই হাতিগুলি স্থায়িভাবে বসবাস করতে শুরু করেছে। ৫-৬টি হাতি তো স্টে লংগার হয়ে গেছে। এই লংগার হবার কারণ হচ্ছে যে, বিহারে ওদের হ্যাবিটেট নষ্ট হয়ে গেছে, অথবা ওখানে ডিস্টার্বড হচ্ছে। আমি আগেও বলেছি এবং আরেকবার বলছি যে, এই হাতিগুলি বাচ্ছা দিতে এসে আর ফিরে যাচ্ছে না। ইট ইজ এ ভেরি ইম্পর্টেন্ট ফেনোমেনান এবং আমি হাতি সম্পর্কে পড়াশুনো করি ও জানবার চেষ্টা করি তাতে হাতির অবস্থিতি সম্পর্কে অনেক কিছু জানতে পারি। এই হাতিদের আটকাবার জন্য প্রেসক্রাইবড় যে ধরনের ব্যবস্থা করা যায় তার চেষ্টা করছি। আমরা ইলেক্ট্রিক ফেনসিং করছি কিন্তু তা সত্ত্বেও গাছ ভেঙ্গে তারা উপড়ে ফেলে দিচ্ছে এবং তাড়িয়ে দিলেও আবার ফিরে আসছে। ক্যাজুয়েলটি এইজন্য হচ্ছে এবং আগেও হয়েছে। এখন এই ক্যাটেলগুলো আনইকোনমিকভাবে বেড়েছে। আওয়ার ইন্ডিয়া বলে যে বই আছে, তাতে বেরিয়েছে যে, এই আনইকোনমিক ক্যাটেলস্‌দের জন্য এই ঘটনা কিছুটা ঘটছে। হাতির যে ফডার আছে সেই ফডার ক্যাটালরা খেতে শুরু করে দিয়েছে। যাইহোক সব মিলিয়ে আমরা চেষ্টা করছি এর প্রতিরোধের জন্য। তারপরে ফসলের যে হানি হচ্ছে তার দুটি কারণ—একটা হচ্ছে খাদ্যভাব এবং একবার ফসল হাতি খেতে শুরু করলে ফসল খাবেই। কাজেই এর ক্ষতিপূরণ দেওয়ার চাইতে আমার মনে হয় প্রতিরোধ করাই বিশেষ দরকার এবং সেই দিকেই আমরা যাচ্ছি। মেদিনীপুর, পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় আমরা অভয়ারণ্য করেছি এবং তাতে আমরা হাতিগুলো আটকাবার চেষ্টা করছি। কিন্তু অসুবিধা হয় তখনই চিফ ওয়াইল্ড কনসারভেটার হিসাবে এদেরকে যখন এলিমিনেট করতে হয়। পঙ্গু হলে বা পার্মানেন্টলি হ্যান্ডিক্যাপড হলে তাদের ক্ষতিপূরণের চেষ্টা আমরা করছি, তবে আমরা যে টাকা বাড়িয়েছি পর্যাপ্ত নয়।

মিঃ স্পিকার ঃ আমাদের মন্ত্রী বলতে চাইছেন যে, পশ্চিমবঙ্গের অবস্থা এত ভাল যে হাতিরা এসে আর ফিরে যাচ্ছে না।

শ্রী মনোহর তিরকি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে, দক্ষিণবঙ্গে অভয়ারণ্য করা হবে এবং সর্বাধিক হাতি বেশি এই নর্থ বেঙ্গলে এবং এরজন্য চিন্তাভাবনা করা হচ্ছে। এই বিষয়ে আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, দীর্ঘদিন ধরে আমরা দেখে আসছি যে এই হাতি ফসল হানি করছে এবং মানুষ মেরে যাচ্ছে। এই নিয়ে সংঘাত হচ্ছে। সুতরাং আপনাদের তরফ থেকে এই হাতি আটকে রাখার কোনও পরিকল্পনা করা হয়েছে কিনা?

[11-10 — 11-20 P.M.]

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমি তো আগেই বললাম যে স্যানচুয়ারি করলে আটকে রাখা হবে, তখন খাবার থাকবে ওখানে মানুষ ঢুকতে পারবেন না। ওখানে যারা আছে তাদের বাইরে আমরা পুনর্বাসনের ব্যবস্থা করব। উত্তর বাংলাতেও করিডর হবে সেইখান দিয়ে ঘোরার ব্যবস্থা হবে। যখন হাতি ক্ষেপে যায় যাকে আমরা রোগ বলি স্ট্রে হয়ে যায় সেটা হলে প্রবলেম সেটা হলে আমরা আটকে রাখবার চেষ্টা করব। এবং করিডর দিয়ে আনাগোনা করবে এই হচ্ছে আমাদের পরিকল্পনা।

শ্রী নাসিরুদ্দিন খান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আমাদের স্টেটে পশ্চিমবাংলায় কতগুলি হাতি আছে এবং বাইরে থেকে হাতি এলে আর ফিরছে না এই ব্যাপারে জানাবেন কি?

মিঃ স্পিকার ঃ নোটিশ দেবেন।

শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত বছর বাজেট অধিবেশনের প্রথমে আমি হাতির সম্পর্কে একটি প্রশ্ন উত্থাপন করি। তাঁর উত্তরে মন্ত্রী বলেছিলেন হাতির যে পথ-হিমালয়ের পাদদেশ থেকে বার্মা পর্যন্ত প্রসারিত সেই পথ বিস্তৃত হয়েছে তিস্তা ব্যারেজ পর্যন্ত—এই ব্যাপারে সরকার যে কার্যক্রম গ্রহণ করেছেন সেই ব্যাপারে আমাদের বিভাগীয় কমিশনারকে বন দপ্তর থেকে কোনও কো-অপারেট করা হচ্ছে না, এইভাবে কাজ করলে আরও ক্ষতি হবে।

মিঃ স্পিকার ঃ এটা হবে না, নট অ্যালাউড।

শ্রী সুনির্মল পাইক ঃ এই অভয়ারণ্য অ্যাকোয়ার করার ব্যাপারে কোনও পরিকল্পনা আছে কি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমি তো বললাম আমরা যে প্রস্তাব দিয়েছিলাম সাউথ বেঙ্গল প্ল্যানিং কমিশন এটা গ্রহণ করেছেন, গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া গ্রহণ করেছেন, ১০ লক্ষ টাকাও দিয়েছেন। এর ডিটেলস্ ওয়ার্ক আউট করা হচ্ছে ওঁদের সঙ্গে আলোচনা করে। কারণ দিল্লির সরকার এবং আমরা মিলেমিশেই করব। এটা আলোচনা করা হচ্ছে এবং সেই সঙ্গে পুনর্বাসন ইত্যাদির প্রশ্নগুলিও জড়িত আছে। এই ব্যাপারে কোনও রকম আমাদের তরফ থেকে পিছিয়ে আসবার প্রশ্ন ওঠে না। তবে এর ঝুঁকি আছে, দায়িত্ব আছে, অসুবিধাও আছে।

Training of Rural Youths for Self-employment

***3.** (Admitted question No. *263.) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Rural Development Department be pleased to state—

(a) whether any target had been fixed for training of Youth under the programme for Training of Rural Youths for Self-employment during (i) 1989-90, (ii) 1990-91 and (iii) 1991-92.

(b) if so,

(i) the targets so fixed and actual achievements in this regard during the above periods ; and

(ii) the number of trained youths who had been self-employed after the said training ?

Dr. Surya Kanta Misra : (a) Yes.

(i) Target and actual achievements during the aforesaid years are as follow :

Year	Target	Achievement
1989-90	13,640	12,689
1990-91	13,640	14,916
1991-92	14,780	11,530 (upto Jan. '92)

(ii) The particulars are given below :

1989-90	5,891
1990-91	8,095
1991-92	6,571

(upto Jan. '92)

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, কি কি ধরনের ট্রেনিং দেওয়া হচ্ছে এবং কোন বছর কতজনকে ডিসিপ্লিনারি ট্রেনিং দেওয়া হয়েছে?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ কি কি ধরনের ট্রেনিং দেওয়া হয়েছে সেটা এখানে বলা যাবে না, সেটা বলতে গেলে নোটিশ লাগবে।

শ্রী আব্দুল মান্নান ঃ স্যার, আমি চাইছি ট্রেনিংগুলি কি কি ধরনের দেওয়া হয়েছে এবং কোন ক্যাটাগরিতে কতজনকে দেওয়া হয়েছে, সেটা উনি এখানে বলতে পারবেন কি না?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ স্যার এটার জন্য নোটিশ চাই।

মিঃ স্পিকার ঃ আপনি জেনারেল প্রোগ্রাম-এ কি কি ধরনের ট্রেনিং দেওয়া হয় সেটার উপরে বলুন।

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ কোন খাতে কি ধরনের ট্রেনিং কতজনকে দেওয়া হয়েছে সেটা বলা মুশকিল, তবে সাধারণত রেডিও, টিভি, পাম্পসেট রিপেয়ারিং এই রকমের ট্রেনিং দেওয়া হয়।

শ্রী আব্দুল মান্নান ঃ এই ট্রেনিংগুলি নেওয়ার পর তারা সেলফ্ এমপ্লয়মেন্ট স্কীমে ব্যাঙ্ক লোনের জন্য দরখাস্ত করে, এখানে ডিপার্টমেন্টের কি করণীয় আছে?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ দরখাস্ত করার পর আই. আর. ডি. পি.-তে যে রকম করা হয় সেই রকম স্পনসর্ড ব্যাঙ্কে তাদের নাম পাঠানো হয়, ব্যাঙ্ক অনুমোদন করলে তখন তাদের টাকা দেওয়া হয়।

Shri Subrata Mukherjee : Would the Hon'ble Minister be pleased to state – what are the principles for appointment of this trainees ?

Dr. Surya Kanta Misra : The principles are laid down in the IRDP Manual.

Shri Saugata Roy : Sir, you know that this programme is called Trysem – which is a sponsored scheme. The performance of the Government as it appears from the Minister's reply is that in the year 1991-92 wage target was nearly 14,000 and the achievement was only about 7,000 and in the year 1989-90, 13,000 youths have been trained and roughly about 7000 people have got employment. The figure is same as in 1990-91. Would the Hon'ble Minister be pleased to state the reasons for shortfall in the training in the year 1991-92 and what are the reasons for shortfall in employment in the years 1989-90 and 1990-91 ?

Dr. Surya Kanta Misra : I do not know wherefrom the hon. member has quoted the figures. He has perhaps not heard my reply. Please listen to my reply properly. In 1991-92 the target was 14,780 and the achievement was 11,530, i.e. upto January, 1992. The entire target will be achieved only after March, 1992. So, within March 30, the target will be achieved. The fact is that the Government of India has not given the target for 1989-90. The target for the year 1990-91 was 13,640 and the achievement was 14,916. It is part of the target that we have achieved.

Shri Saugata Roy : How many youths are wage-employed ?

Dr. Surya Kanta Misra : The question was on self-employment. I have told that in 1989-90, 5890 youths were self-employed and there was also a provision for wage-employment. The figures of the self-employer youths have been given. You have not asked for the figures on wage-employment. I have given the figures of the year 1989-90. Besides that 2229 youths were wage-employed in 1989-90 and 2183 youths were wage-employed in 1990-91. This achievement was much better than the All India average.

Dr. Zainal Abedin : Will the Honourable Minister-in-Charge be pleased to state as to what are the norms and criterion under which these unemployed youths of the rural areas are covered for self-employment training ? What are the reasons of the shortfall of not being provided with employment those who are trained ?

Dr. Surya Kanta Misra : The norms are as laid down in the IRDP Manual. As regards the reasons of the shortfall, I have told that there is no question of shortfall so far as the target is concerned. Because the Government of India has not given any target at all. Taking this wage-employed and self-employed together, I have also given the figures. And I have told that this achievement is much better than all India figure.

[11-20 — 11-30 P.M.]

শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে আই. আর. ডি. পি. স্কীমের মধ্যে সেসরু এবং সিউ আছে, প্রশ্ন করা হয়েছে যে, টারগেট এবং অ্যাচিভমেন্ট কেন হয়নি? এর স্যার, অন্যতম কারণ হচ্ছে যে, এই প্ল্যানগুলি কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রিত করেন। রাজ্য সরকারের কোনও ক্ষমতা নেই। সেসরু এবং সিউ পরিচালিত করবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় ব্যাঙ্কগুলির উপর কোনও ক্ষমতা প্রয়োগ করছেন কি না?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ উনি স্যার ব্যাঙ্কগুলির উপর ক্ষমতা নিয়ন্ত্রণের কথা বলছেন, কিন্তু এতে রাজ্য সরকারের ব্যাঙ্কগুলির উপর নিয়ন্ত্রণ ক্ষমতা নেই।

শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ এই স্কীমগুলি কেন্দ্রীয় সরকারের দ্বারা নিয়ন্ত্রিত এবং এগুলি পরিচালিত হয় বেশিরভাগই ব্যাংকের টাকায়। আমি জানতে চাইছি, ব্যাঙ্কগুলি পাসপোর্ট করছে কি না এবং রাজ্য সরকার এর উপর কোনও কন্ট্রোল এবং মনিটারিং করছে কি না?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ সেসরু এবং সিউ এই দুটো আমার ডিপার্টমেন্ট দেখে না। সুতরাং আমি কিছু বলতে পারব না।

শ্রী মনোহর তিরকে ঃ গ্রামীণ এলাকার বেকার যুবকদের চাকরি দেবার জন্য সেলফ্ এমপ্লয়মেন্টের জন্য ট্রেনিং দেওয়ার ব্যবস্থা হয়েছে। এই স্কীম চা-বাগানের আন-এমপ্লয়েড

ইয়ুথদের ক্ষেত্রে নেই। তাদের যাতে এই স্কীমের মধ্যে নিয়ে আসা যায় সেইজন্য স্কীমটাকে সাজাবার ব্যবস্থা করছেন কি? তাদেরও ট্রেনিং দেওয়ার স্কীম করছেন কি?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ চা বাগানে আই. আর. ডি. পি.র সারভে হচ্ছে এইটথ প্ল্যানের জন্য। এটা সারভের পরে সিদ্ধান্ত নেওয়া হবে।

Shri Gyan Singh Sohanpal : Will the Hon'ble Minister be able to state the total number of youths trained and how many of these have been provided with employment under different scheme ? And in the event of their being any shortfall will the Hon'ble Minister kindly state the reason thereof ?

Dr. Surya Kanta Misra : I told it earlier. Anyhow, I am repeating it. The target for training of youths under the Programme for Training of Rural Youth for Self Employment during 1991-92 was 14,780 and the achievement upto January. 1992 is 11,530. Out of them 6,571 has been provided with self-employment and 1,559 has been provided with wage employment and the target, we are sure will be achieved within the two months that are left to us.

(Noise)

Mr Speaker : Mr. Misra, the question is very simple. As per statistics, there is a difference between the number of a person trained and the number of persons employed. They wanted to know the reason for the shortfall and if you have taken any remedial measures to tackle it.

Dr. Surya Kanta Misra : Sir, Self-employment Scheme is financed by banks and they have not yet sent details to us.

পঞ্চায়েতের পদাধিকারিকগণের সাম্মানিক ভাতা

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৪।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েতের ত্রি-স্তরে নিম্নোক্ত পদাধিকারীগণকে কি হারে মাসিক সাম্মানিক-ভাতা দেওয়া হয়—

(১) জেলা পরিষদের সভাধিপতি ও সহ-সভাধিপতি ;

(২) পঞ্চায়েত সমিতির সভাপতি ও সহ-সভাপতি ;

(৩) গ্রাম পঞ্চায়েতের প্রধান ও উপ-প্রধান ; এবং

(খ) উক্ত ভাতা বাড়ানোর কোনও পরিকল্পনা আছে কি না?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ

(ক) পঞ্চায়েতের ত্রিস্তরে নিযুক্ত পদাধিকারিগণকে যে হারে মাসিক সম্মানিক-ভাতা দেওয়া হয় তা হচ্ছে ঃ

(১) জেলা-পরিষদের সভাধিপতির ক্ষেত্রে মাসিক ৭৫০্ টাকা ও সহকারি সভাধিপতির ক্ষেত্রে মাসিক ৬০০্ টাকা।

(২) পঞ্চায়েত সমিতির সভাপতির ক্ষেত্রে মাসিক ৬০০্ টাকা ও সহকারি সভাপতির ক্ষেত্রে মাসিক ৫০০্ টাকা।

(৩) গ্রাম পঞ্চায়েতের প্রধানের ক্ষেত্রে মাসিক ৫০০্ টাকা এবং উপ-প্রধানের ক্ষেত্রে মাসিক ৪০০্ টাকা।

(খ) বর্তমানে উক্ত সম্মানীক ভাতা বাড়ানোর কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নেই।

[11-30 — 11-40 A.M.]

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এ ছাড়াও এই পদাধিকারীরা টি.এ / ডি.এ পান কিনা এবং যদি পান তাহলে কি হারে পেয়ে থাকেন ও ট্রেনে ভ্রমণ করার কোনও সুযোগ পেয়ে থাকেন কিনা, যদি পান তাহলে কোন শ্রেণীতে?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ তারা টি.এ / ডি.এ. পেয়ে থাকেন।

ডাঃ মোতাহার হোসেন ঃ তারা ট্রেনে করে ভ্রমণের কোনও সুবিধা পেয়ে থাকেন কিনা এবং পেলে কোন শ্রেণীতে এবং টি.এ. / ডি.এ. কোন হারে পেয়ে থাকেন?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ টি.এ. / ডি.এ. রুল অনুযায়ী।

ডাঃ মোতাহার হোসেন ঃ না, না, এ তো হল না। তারা ট্রেনে কোন শ্রেণীতে ভ্রমণ করার সুযোগ পান—এ.সি.তে, ফার্স্ট ক্লাশে, সেকেন্ড ক্লাশে—কিসে পান বলুন? আর যদি না পান তাহলে বলে দিন যে তারা পান না।

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ সভাধিপতিরা, কমিশনাররা যা পেয়ে থাকেন সেইমতো পেয়ে থাকেন।

ডাঃ মোতাহার হোসেন ঃ সেটা কি বলুন।

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ সেটা তো আপনারা জানেন।

ডাঃ মোতাহার হোসেন ঃ ওরা কি গভর্নমেন্ট সার্ভেন্ট নাকি? আপনি বলুন না?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ সভাধিপতি হলে ট্রেনে ফার্স্ট ক্লাশে যেতে পারেন, ফেয়ার পান। প্লেনে পারমিশন নিয়ে যেতে পারেন এবং গাড়িতে করে যেতে পারেন।

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে তারা কোনও চাকরি করতে পারবেন কিনা—সরকারি, সরকারি সংস্থা বা বেসরকারি সংস্থায়।

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ সরকারি সংস্থায় কেউ চাকরি করলে সে পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন না।

ডাঃ মোতাহার হোসেন ঃ আমি বেসরকারি সংস্থার কথাও জিজ্ঞাসা করেছি।

(ভয়েস ঃ স্কুলে চাকরি করলে?)

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ প্রশ্নটা সুনির্দিষ্টভাবে এলে ভাল হয়। বেসরকারি, যেমন স্কুলের কথা বললেন—প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকরা এখন পর্যন্ত যে আইন আছে সেই অনুযায়ী প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন এবং পদাধিকারী হতে পারেন।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় যে সাম্মানিক ভাতার কথা বললেন সেটা আমরা দেখছি ইনস্টলমেন্টগুলি ৬/৭ মাস অন্তর অন্তর যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এটা যাতে নিয়মিত যায় তারজন্য কোনও পরিকল্পনা সরকার থেকে করবেন কিনা?

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ এখন এটা সিদ্ধান্ত হয়েছে—অর্থ দপ্তর ৩.২.৯০ তারিখে একটা সার্কুলার দিয়ে জানিয়েছেন যে, বছরে ৪টি কিস্তিতে সরাসরি পঞ্চায়েত দপ্তর অর্থ দপ্তরের কাছে না গিয়ে দিতে পারবে। এখন সেইভাবে দেওয়া হচ্ছে, ইউটিলাইজেশন সার্টিফিকেট পাওয়া গেলে সেটা দেখে দেওয়া হচ্ছে।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, জেলা-পরিষদের সভাধিপতিরা ৭৫০ টাকা করে ভাতা পান। তা ছাড়া উনি গাড়ি করে যেখানে ইচ্ছা যেতে পারেন, এ.সি. ফার্স্ট ক্লাশে, বিমানে যেতে পারেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, জেলা-পরিষদের সভাধিপতিদের পেছনে গড়ে মাসে কত করে খরচ হয়? অর্থাৎ এই ৭৫০ টাকার পরে আরও কত খরচ হয়? টোট্যাল খরচটা আমি জানতে চাই। তারা যদি লাল আলো লাগানো গাড়িতে ঘুরতে পারেন, সেখানে পেট্রোলের খরচ কত ইত্যাদি। মন্ত্রীদের পেছনে তো খরচের হিসাব থাকে, সভাধিপতিদের পেছনে কত খরচ হয় জানাবেন কি?

মিঃ স্পিকার ঃ নোটিশ দেবেন, মন্ত্রী মহাশয় জবাব দেবেন।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, কংগ্রেস আমলে সভাধিপতিরা ভাতা, গাড়ি ইত্যাদি সব সুযোগ-সুবিধা পেতেন কিনা?

মিঃ স্পিকার ঃ এটার উত্তর দিতে হবে না।

সাক্ষরতা প্রসার প্রকল্পে

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৯।) **শ্রী অমিয় পাত্র ঃ** শিক্ষা (প্রথা বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে কয়টি জেলায় সাক্ষরতা প্রসারের কাজ চলছে ; এবং

(খ) এ প্রকল্পে ১৯৯১-৯২ আর্থিক বছরে (৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত) রাজ্য সরকার কত টাকা ব্যয় করেছেন?

শ্রীমতী অঞ্জু কর ঃ

৭টি জেলায় সার্থক সাক্ষরতা প্রসারের কাজ বর্তমানে চলছে।

১০৫.০০ লক্ষ টাকা উক্ত সময়ে রাজ্য সরকার ঐ প্রকল্পে ব্যয় করেছেন।

শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ মাননীয়া মন্ত্রী মহোদয়া, যে টাকা খরচ করা হয়েছে তার জেলাওয়ারি হিসাবটা কি এবং সাফল্যের খতিয়ানটাই বা কি?

শ্রীমতী অঞ্জু কর ঃ চলতি আর্থিক বছরে জেলা ভিত্তিক যে খরচ করা হয়েছে তা আমি মাননীয়া সদস্যার অবগতির জন্য জানাচ্ছি। রাজ্য সরকার বর্ধমান জেলায় খরচ করেছেন ৭৫ লক্ষ টাকা এবং সেখানে এ বছর পোস্ট লিটারেসি সাক্ষরতা অনুমোদিত হয়েছে, তার জন্য আমাদের দপ্তরকে অর্থ দপ্তর আরও ৪০ লক্ষ টাকার অনুমোদন দিয়েছেন। মেদিনীপুর জেলাকে দেওয়া হয়েছে ১ কোটি টাকা। হুগলি জেলাকে দেওয়া হয়েছে ৪০ লক্ষ টাকা। কুচবিহার জেলাকে দেওয়া হয়েছে ৬০ লক্ষ টাকা। বাঁকুড়া জেলাকে দেওয়া হয়েছে ৪০ লক্ষ টাকা। বীরভূম জেলাকে দেওয়া হয়েছে ৬০ লক্ষ টাকা। উত্তর ২৪-পরগনা জেলাকে দেওয়া হয়েছে ৬৫ লক্ষ টাকা।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয়া মন্ত্রী মহোদয়া, আপনি সার্বিক সাক্ষরতা প্রকল্পে রাজ্য সরকারের পক্ষ থেকে যে টাকা খরচ করা হচ্ছে সেটা বললেন। আমি আপনার কাছে জানতে চাইছি, এই বাবদ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত টাকা পেয়েছিল এবং আজ পর্যন্ত এই প্রকল্পে কত মানুষকে সাক্ষর করা হয়েছে?

শ্রীমতী অঞ্জু কর ঃ কেন্দ্রীয় সরকার টোটাল প্রোজেক্ট কস্ট করে টাকা অনুমোদন করেন। সে অনুযায়ী বর্ধমান জেলায় টোটাল প্রোজেক্ট কস্ট ছিল—কেন্দ্রীয় সরকারের অনুমোদিত ৫ কোটি টাকা, তার মধ্যে আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছি ৩ কোটি টাকা। মেদিনীপুরের জন্য অনুমোদিত ছিল ৭ কোটি ৪০ লক্ষ টাকা, ৫ কোটি টাকা পেয়েছি। হুগলি জেলার জন্য ৩ কোটি ৯৩ লক্ষ ২৮ হাজার টাকা অনুমোদন করেছিলেন, আমরা পেয়েছি ২ কোটি ৭৭ লক্ষ টাকা। কুচবিহার জেলার জন্য ছিল ৩ কোটি ৪৬ লক্ষ ৪৯ হাজার টাকা, পেয়েছি ২ কোটি ৩০ লক্ষ। বাঁকুড়ার জন্য অনুমোদিত ছিল ৪ কোটি ৩৯ লক্ষ, পেয়েছি ২ কোটি ৯২ লক্ষ টাকা। বীরভূম জেলার জন্য ছিল ৩ কোটি ৩৫ লক্ষ ৪৬ হাজার টাকা, পেয়েছি ২ কোটি ২৩ লক্ষ টাকা। উত্তর ২৪-পরগনা জেলার জন্য অনুমোদিত ছিল ৫ কোটি ৫৮ লক্ষ ৭০ হাজার টাকা, পেয়েছি ৩ কোটি ৭২ লক্ষ ৪৬ হাজার টাকা। এরপর মাননীয় সদস্য সাফল্যের যে হিসাব চাইলেন তা এই ভাবে দেওয়া যাবে না। কারণ সাক্ষরতা কর্মসূচির একটা নির্দিষ্ট সময় ভিত্তিক পাঠ্যসূচি আছে। নির্দিষ্ট সময় শেষ হবার পর পাঠ্যক্রমের উপর মূল্যায়ন হয় এবং তার ভিত্তিতে কতজন সাফল্যে উপনীত হ'ল সেটা বোঝা যায়। কাজেই টাকার পরিমাণ দিয়ে সাফল্যের হিসাব বলতে পারব না। ওটা এইভাবে বলা যায় না।

শ্রী নিশিকান্ত মেহেতা ঃ মাননীয় মন্ত্রী মহোদয়া, আপনি পশ্চিমবাংলার ৭টি জেলার কথা বললেন। এই ৭টি জেলা বাদ দিয়ে আর অন্য কোনও জেলায় সাক্ষরতা প্রকল্প চালু করার কোনও পরিকল্পনা আপনাদের বিবেচনাধীন আছে কি?

[11-40 — 1-50 P.M.]

শ্রীমতী অঞ্জু কর ঃ ৭টি জেলায় চলছে। এ ছাড়া দক্ষিণ ২৪-পরগনা, হাওড়া এবং মুর্শিদাবাদ জেলায় সার্বিক সাক্ষরতা প্রসারের কর্মসূচি হিসাবে প্রাথমিক পর্যায়ের কাজ শুরু করেছি। দক্ষিণ ২৪-পরগনা এবং হাওড়াতে সার্বিক প্রকল্প ভারতীয় সাক্ষরতা মিশন অনুমোদন করেছেন। আমরা শুধু সরকারি আদেশনামার অপেক্ষায় আছি। মুর্শিদাবাদ জেলার প্রকল্প ভারত সরকারের বিবেচনাধীন রয়েছে।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়া খুব ভালই উত্তর দিয়েছেন, কোনও লুকোচুরি করেননি। এতে আমি খুশি। আমি প্রশ্ন করছি, আপনি এই যে কতগুলি জেলা বেছে নিয়েছেন এবং কতকগুলি জেলা যে বাদ দিয়েছেন সেটা কিসের ভিত্তিতে, কি পলিসিতে, কি প্রিন্সিপ্যালে?

শ্রীমতী অঞ্জু কর ঃ ১৯৯০ সালে আন্তর্জাতিক সাক্ষরতা বর্ষ পালনের যে সিদ্ধান্ত নিয়েছিলেন রাষ্ট্রসঙ্ঘ তারই ভিত্তিতে ভারত সরকার কর্মসূচি নিয়েছিলেন জাতীয় সাক্ষরতা মিশনের মাধ্যমে। তারই ভিত্তিতে ভারতবর্ষের বিভিন্ন জেলায় কর্মসূচি শুরু করা হয়েছে। আমরা আমাদের রাজ্যে প্রথমে শুরু করি মেদিনীপুর দিয়ে এবং তখন যে জেলাগুলি এগিয়ে এসেছিল রাজ্য সরকারের মাধ্যমে ভারত সরকারের আহ্বানে সাড়া দিয়ে সেইসব জেলাগুলি নিয়েই প্রথমে কাজ শুরু করা হয়। আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে মনে করেছি, নিরক্ষর মানুষ দিয়ে রাজ্যের উন্নয়নের কথা ভাবতে পারি না। ৭টি জেলা তখন এগিয়ে এসেছিল। প্রথম জেলা মেদিনীপুর, তারপর বর্ধমান, তারপর বীরভূম, বাঁকুড়া, উত্তর ২৪-পরগনা। আমরা মনে করেছি এইসব জেলার নিরক্ষর মানুষকে সাক্ষর করে তুলতে হবে।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মনে করা কোনও ভিত্তি হতে পারে না। কোন পলিসির ভিত্তিতে এইসব জেলাগুলিকে আগে গ্রহণ করেছেন?

শ্রীমতী অঞ্জু কর ঃ ৭টি জেলায় প্রথম পর্যায়ের কাজ রাজ্যে শুরু করা হয়েছিল। পরবর্তী সময়ে আমরা ঠিক করেছি, আমাদের রাজ্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছেন—বাকি সমস্ত জেলায় সাক্ষরতা অভিযানের কর্মসূচির মধ্যে নিয়ে আসব, সারা রাজ্যের মানুষকে সাক্ষর করব। এইভাবে যে যে জেলাগুলি সাক্ষরতার দিক দিয়ে পিছিয়ে আছে সেইসব জেলাগুলিতে কাজ চলছে। এইভাবে মুর্শিদাবাদ জেলা এসেছে, দক্ষিণ ২৪-পরগনা, হাওড়া এবং নদীয়া জেলা এসেছে। পুরুলিয়া জেলা প্রোজেক্ট জমা দিয়েছেন। এইভাবে সারা রাজ্যে কর্মসূচি গ্রহণ করার জন্য পরিকল্পনা গ্রহণ করেছি।

শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ পুরুলিয়া জেলা সাক্ষরতার দিক দিয়ে সবচেয়ে অনুন্নত। এতদিন ঐ জেলায় সাক্ষরতার অভিযান আরম্ভ হয়নি কেন?

শ্রীমতী অঞ্জু কর ঃ সারক্ষরতা কর্মসূচির যে নিয়ম পদ্ধতি হয়েছে তা আপনারা সকলেই জানেন—আগে যে কর্মসূচি ছিল সেটা হল বয়স্ক শিক্ষা কর্মসূচি, আদর্শ গ্রাম করতে হবে। সেই কর্মসূচিতে কোনও বিজ্ঞানসম্মত পরিকল্পনা, বাস্তব সম্মত পরিকল্পনা ছিল না। ব্যাপক মানুষকে, সমস্ত দলমত নির্বিশেষে সমস্ত মানুষকে যুক্ত করে কাজ করার যে পরিকল্পনা

সেই কর্মসূচিতে ছিল না। সবচেয়ে বড় কথা হল, আজকে এই কাজের সঙ্গে যুক্ত হতে পারেন নির্বাচিত সংস্থাগুলি। পঞ্চায়েত, শহরাঞ্চলের পৌরসভা এবং স্থানীয় স্বায়ত্ব শাসনমূলক যেসব প্রতিষ্ঠান রয়েছে সেই সমস্ত প্রতিষ্ঠানগুলি এই কর্মসূচিতে অংশগ্রহণ করছেন যেটা আগে ছিল না। ফলে সেই ধরনের পরিকল্পনা না থাকার জন্য এই সমস্ত ব্যাকওয়ার্ড এলাকায় কর্মসূচি গ্রহণ করা হয়েছে, ব্যাকওয়ার্ডদের আজকে অগ্রাধিকার দিয়ে তাদের নিয়ে আসার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়া দয়া করে জানাবেন কি—গত শনিবার গাইঘাটা পঞ্চায়েত অনুষ্ঠান করে, তাতে বলা হয় যে ইছাপুর (২) গ্রামপঞ্চায়েত যেটা তফসিলি জাতি ও উপজাতি অধ্যুষিত অঞ্চল, সেখানে অ্যাডিশনাল এস. পি. রচপাল সিং সাক্ষরতার জন্য ১০ হাজার টাকা পুরস্কার ঘোষণা করেছেন, কিন্তু রাত্রি ৭ টার সময় যখন পড়ুয়া এবং ভি. টি.-রা হাজির থাকছেন না, বা ভি. টি.-রা পড়ুয়াদের হাজির করতে পারছেন না, এই সম্পর্কে কোনও তথ্য আপনার জানা আছে কি?

শ্রীমতী অঞ্জু কর ঃ এই সম্বন্ধে কোনও তথ্য জানা নেই, তবে আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, এই রকম ব্লক বা গ্রাম ভিত্তিক হাজিরা ঘোষণা করার জন্য এই পরিকল্পনা নয়, এর নির্দিষ্ট পাঠ্যক্রম আছে, সেই পাঠ্যক্রম শেষ হলে ইভ্যালুয়েশন, মূল্যায়ন এর ভিত্তিতে শতকরা ৮০ জন সাফল্য অর্জন করলে সাক্ষরতার নিয়ম অনুযায়ী সাফল্য লাভ হয়েছে বলে ঘোষণা করা হয়।

ডাঃ দীপক চন্দ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয়াকে জিজ্ঞাসা করতে চাই যে, গত আগস্ট মাসে ওনাকে পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে ইউনেসকো প্যারিসে ডেকে পাঠিয়েছিলেন, অন্য কোনও স্টেটকে ডেকে পাঠান নি, কি ক্রাইটেরিয়ার ভিত্তিতে উনি পশ্চিমবঙ্গের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে গিয়েছিলেন এবং সম্মানিত হয়েছিলেন সেটা কিসের ভিত্তিতে সেটা একটু জানাবেন?

শ্রীমতী অঞ্জু কর ঃ আমি মাননীয় সদস্যর এবং হাউসের অবগতির জন্য জানাই যে, এটা আমাদের গর্বের এবং আনন্দের বিষয়। এই পুরস্কারের জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কোনও সুপারিশ করা হয়নি। ইউনেসকো সারা পৃথিবীতে যত পশ্চাদপদ দেশ আছে তাদের নিরক্ষর অধিবাসীদের সাক্ষরতার জন্য চেষ্টা করেন তাদের সেই উদ্যোগে ভারতবর্ষ সেই কর্মসূচির সঙ্গে যুক্ত হয়েছে। আমরাও আমাদের রাজ্যে সেই পদ্ধতিতে কর্মসূচি গ্রহণ করেছি। এক নম্বর হচ্ছে এই কর্মসূচির সঙ্গে আমরা গণ, স্বেচ্ছাসেবী, দলমত নির্বিশেষে সমস্ত পঞ্চায়েত, এবং শিক্ষক সংগঠনকে যুক্ত করে কাজ করছি। দ্বিতীয় হচ্ছে, সমস্ত মটিভেশন, মানুষের মধ্যে আগ্রহের সৃষ্টির ভিত্তিতে এই কাজ করা হচ্ছে, তৃতীয়ত যেটা সবচেয়ে উল্লেখযোগ্য যে, এই কাজে যে সমস্ত স্বেচ্ছাসেবী সংগঠন কাজ করছেন তারা কোনও সাম্মানিক তার জন্য গ্রহণ করছেন না। চতুর্থ হল যে, ৬ থেকে ৯ বছর পর্যন্ত প্রাথমিক শিক্ষার যেটা বয়স সমস্ত ছেলে মেয়েকে প্রাথমিক স্কুলে ভর্তি করার কর্মসূচি নেওয়া হয়েছে। এই রকম চারটি পদ্ধতিতে আমাদের রাজ্যে কাজ হচ্ছে। অন্যান্য দেশের যারাই ইউনেসকোয় প্রাইজ নিতে গিয়েছিলেন তারা সকলেই বিভিন্ন ভলানটিয়ারি, স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে গিয়েছিলেন, কিন্তু

সরকার পক্ষ থেকে কেউ উপস্থিত ছিলেন না, কিন্তু এখানে সরকারের পক্ষ থেকে এই কর্মসূচি গ্রহণ করার জন্য এই কাজ এতটা সাফল্য লাভ করেছে এবং প্রশংসিত হয়েছে। এবং তারা আসবেন বলে জানিয়েছেন ও পুরস্কৃত করেছেন।

Plantation of Trees in Calcutta by Business Houses

***9.** (Admitted question No. *246.) **Shri Quazi Abdul Gaffar and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) whether the State Government has requested leading Business Houses to actively associate themselves with the Comprehensive Plan drawn up to reverse the process of environmental degradation by planting trees in Calcutta.

(b) if so,

(i) the brief outlines of the Comprehensive Plan ; and

(ii) the response from the business establishments to the above request of the State Government so far ?

Dr. Ambarish Mukhopadhyay :

(a) Yes.

(b) (i) The brief outlines of the comprehensive plan are as follows :

(1) Development of city forest with indigenous species for creating a natural sink of pollutants.

(2) Establishment of an environment park in suitable locality focussing special attention on the choice of species which reduce environmental pollution.

(3) Avenue Planting.

(4) Riverside and canal bank plantation.

(5) Maintenance and improvement of existing greeneries.

The above goals are sought to be achieved by (1) establishment of institutional framework for interrogating the efforts of diverse agencies in greening the city. (2) Contact and rapport with burrough level committees. (3) Generating consciousness among the citizens with the help of NGOs, besides official agencies and democratic organisations. (4) Special emphasis on maintenance of created assets.

(ii) So far the response from the business establishment is not encouraging. We are yet receive any cash contributions to the Calcutta Greening Fund set up by the State Govt. However, some business houses, banks etc. have selected areas in Calcutta and surrounding areas and some business houses are in constant dialogue with the Deptts. to participate in the tree plantation.

[11-50 — 12-00 Noon]

Shri Saugata Roy : From the answer of the Hon'ble Minister it is not clear as to what prompt the State Government is asking the business organizations to associate themselves with the comprehensive plan for planting trees in Calcutta ? Is it a fact that the Government did not have sufficient machinery, equipment or fund to take steps for planting trees or the purpose of reducing environmental pollution in the city of Calcutta or is it just to involve the business houses in such programme ?

Dr. Ambarish Mukhopadhyay : The Department of Environment took up the programme for the control of air pollution and prevention of air by planting trees in the entire city of Calcutta. We have given much stress on this point and so to fulfill this programme we requested the business houses to co-operate with the government. In this noble task the voluntary organizations should also come forward. The question of how much cash contribution they gave—does not matter. Myself took a meeting on 18. 4. 90 with different Chambers of Commerce where I had drawn an attention in respect of necessity and importance in greening the city and also their role in making this project a success. Copies of the Project Report were handed over to the members of the Chambers of Commerce. His Excellency the Governor of West Bengal also took another meeting on 10. 7. 90 with Chambers of Commerce, when he appealed to all to operationlise the greening programme shouldering specific responsibilities within a definite time frame. But I admit here that the response so far has been very scanty. But some of the companies have taken up roadside plantation in gabions on different roads in Calcutta. C. E. S. C. Ltd. have associated with Forest Department by undertaking electrical cabling work in Central Park at Salt Lake and Allahabad Bank have agreed to share to illumination cost. Peerless Hospital and Research Ltd. have approached this Department to hand over the round about (Shyamalima) at the crossing of E. M.

Bye Pass and Rash Behari Connector (Since developed by Forest Department) for further beautification and maintenance.

So, I would like to say that serious efforts have been given on this programme. We have a target to reach to our goal by 2,000 A. D. But you all know that we have financial constraints. We requested the Government of India and held meetings with Mr. Kamal Nath in this regard.

But there were many authentic voluntary organisations and Chamber of Commerce. It has been the policy of the Government of India to involve the voluntary organisations in this matter as much as possible. This absolutely does not mean that the Government do not have any scope to work. I do believe that they should come forward for this. But I would like to draw the attention to the problem of deep plantation and greening the township. It is not a very easy matter. You must have been that the population is swelling everyday—slum dwellers and street dwellers are also increasing very rapidly so on and so forth. Naturally we want to have discussed the matter involving them in planting and greening Calcutta. But that way we all have to make contribution as much as possible. We have tragic phenomenon of its predicament. Naturally at least we should some proposals to the Government of India that their approach should be changed because there are areas where serious cut have been taken place. Possibly I have been able to explain myself.

Shri Saugata Roy : Sir, the Hon'ble Minister has frankly admitted that in spite of his appeals and efforts to associate the business houses in the programme of greening Calcutta, the response is very lukewarm. He initially commented that the polluters should pay, that is, who are in the industrial field should pay to prevent degradation of the environment. I have seen, the Chief Minister and others had met the business houses for this purpose, but all of them have shown their interest to work around the Chowringhee-Maidan areas to gain better publicity. But nobody is interested to work in the suburb areas. They do not even interested to green their factory surroundings within Calcutta. Sir, there is no other plan to keep Calcutta clean or greening the factories. My question is—does the State Government contemplate to take steps to force the industry houses to plant trees compulsorily so that they could take part in greening Calcutta ?

Dr. Ambarish Mukhopadhyay : We cannot contemplate but request the industry houses to plant trees for greening Calcutta.

Starred Questions
(to which Written answers were laid on the Table)

Greening Calcutta Fund

***11.** (Admitted question No. *225.) **Shri Abdul Karim Chowdhury** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) the response of the Business and Industrial Houses in Calcutta to the requests for contribution to the Greening Calcutta Fund initiated about a year ago ; and

(b) the contributions received for this Fund so far ?

Minister-in-charge of the Forest Department :

(a) & (B) So far there has been no cash contribution to the Greening fund from any business or industrial houses in Calcutta as such.

অযোধ্যা পাহাড়ে ব্যাঘ্র প্রকল্প

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮০।) শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি ঃ—

(ক) পুরুলিয়া জেলার অযোধ্যা পাহাড়ে একটি ব্যাঘ্র প্রকল্প করার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি? এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কত দিনে তা কার্যকর হবে বলে আশা করা যায়?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

সামাজিক বনসৃজন

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮১।) শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৯১ সালের ডিসেম্বর পর্যন্ত মোট কত হেক্টর জমিতে সামাজিক বনসৃজন করা হয়েছে ;

(খ) এর মধ্যে পুরুলিয়া জেলায় কত হেক্টর জমিতে করা হয়েছে ; এবং

(গ) আগামী '৯২-৯৩ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে মোট কত হেক্টর জমিতে সামাজিক বনসৃজনের পরিকল্পনা আছে?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯১ সালের ডিসেম্বর পর্যন্ত ২,৭১,৪৫৪ (দুই লক্ষ একাত্তর হাজার চারশত চুয়ান্ন) হেঃ জমিতে সামাজিক বনসৃজন করা হয়েছে।

(খ) পুরুলিয়া জেলাতে ২৮,৮৩৩ হেঃ জমিতে সামাজিক বনসৃজন করা হয়েছে।

(গ) আগামী ১৯৯২-৯৩ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে মোট ১৫,৫৬৮ হেঃ জমিতে বনসৃজনের পরিকল্পনা আছে।

Jawahar Rozgar Yojana

***16.** (Admitted question No. *229.) **Shri Abdul Karim Chowdhury** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of Rural Development Department be pleased to state—

the performances in West Bengal under Jawahar Rozgar Yojana during 1990-91 and 1991-92 in terms of—

(i) utilisation of available resources ; and

(ii) achieving the targets for employment generation ?

Minister-in-charge of the Rural Development Department :

(i) The available resources to the districts under Jawahar Rozgar Yojana in West Bengal during 1990-91 was Rs. 28,428.52 lakh out of which Rs. 17,019.09 lakh was utilised during 1990-91.

During 1991-92 the available resources was Rs. 23,014.13 lakh of which Rs. 12,104.18 lakh was utilised during 1991-92.

(ii) The physical targets during 1990-91 were 643.16 lakh mandays, out of which 516.85 lakh manday a were net achieved. The target for 1991-92 are 571.34 lakh mandays, out of which 299.91 lakh mandays were achieved upto January 1992.

Indira Awaas Yojana

***18.** (Admitted question No. *248.) **Shri Quazi Abdul Gaffar and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of Rural Development Department be pleased to state—

(a) the position of resource allocations and expenditures ; physical targets and achievements for Indira Awaas Yojana under Jawahar Rozgar Yojana during—

(i) 1990-91 ;

(ii) 1991-92 ; and

(b) the reasons for shortfall, if any ?

Minister-in-charge of the Rural Development Department :

(a) The earmarked funds for Indira Awaas Yojana under J.R.Y. during 1990-91 were Rs. 1339.59 lakh, out of which an amount of Rs. 993.11 lakh were expended during the year with 9421 houses for SC/ST completed during the year and 119 houses in progress.

During 1991-92 the earmarked funds in this secter were Rs. 1472.45 lakh out of which an amount of Rs. 534.78 lakh has been expended upto December '91 with 4005 houses completed and 635 houses in progress.

The targets for 1990-91 & 1991-92 were 11594 houses each under the Indira Awaas Yojana for SC/ST.

(b) The main reasons for shortfall are :

(i) Short working season due to incidence of nonsoon and harvesting seasons ;

(ii) Lack of timeliness in flow of funds to the agencies to enable them to utilise the working season fully ;

(iii) Block mechinery being engaged in elections which came in peak working season.

ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের ছাই থেকে পরিবেশ দূষণ

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৪।) **শ্রী আব্দুল মান্নান ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি ঃ—

(ক) সরকার কি অবগত আছেন যে, ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের ছাই ঐ এলাকায় পরিবেশ দূষণ করছে ; এবং

(খ) অবগত থাকলে, ঐ দূষণ রোধে কি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) বিদ্যুৎ দপ্তরকে ঐ দূষণ রোধের জন্য অনুরোধ জানানো হয়েছে। ঐ দপ্তর জানিয়েছেন যে ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে নিঃসৃত ছাই নিয়ন্ত্রণ করার জন্য তারা সচেষ্ট। এই উদ্দেশ্যে তারা ESP (Electro Static Precipitator) বসানো এবং অন্যান্য ব্যবস্থা গ্রহণের জন্য উদ্যোগী হয়েছেন বলে আমাদের জানিয়েছেন।

জওহর রোজগার যোজনায় কেন্দ্রীয় বরাদ্দ

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩১।) ডাঃ মোতাহার হোসেন ঃ গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি ঃ—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে (৩১-৩-৯২ পর্যন্ত) 'জওহর রোজগার যোজনা'র খাতে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার জন্য কত টাকা বরাদ্দ করেছেন ; এবং

(খ) তন্মধ্যে ১৯৯২ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত রাজ্য সরকার কত টাকা পেয়েছেন?

গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে জওহর রোজগার যোজনায় পশ্চিমবাংলার জন্য প্রতিশ্রুত বরাদ্দ ছিল ২১৭ কোটি ৮৬ লক্ষ ৯৮ হাজার টাকা। তার মধ্যে কেন্দ্রীয় সরকারের দেয় বরাদ্দ ১৭৪ কোটি ২৯ লক্ষ ৯৮ হাজার টাকা এবং রাজ্য সরকরের বরাদ্দ ৪৩ কোটি ৫৭ লক্ষ ৪০ হাজার টাকা।

(খ) ১৯৯২ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত জওহর রোজগার যোজনার খাতে প্রাপ্ত কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ ১০১ কোটি ৫২ লক্ষ ২৫ হাজার টাকা।

Installation of Computers for Monitoring Rural Information

***22.** (Admitted question No. *191.) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of Rural Development Department be pleased to state—

(a) the progress so far made in respect of the Programme for installation of computers for computerisation of rural information and for improving the system of monitoring and concurrent evaluation of Major Rural Development Programmes ; and

(b) the above progress in West Bengal compared to the progress at All India Level ?

Minister-in-charge of the Rural Development Department :

(a) Computers under Bignet system have since been established at all district headquarters. Computer facilities are avaliable for use of the implementing agencies of Rural Development Programmes.

(b) No such comparative details are available with the State Government.

জওহর রোজগার যোজনা খাতে বরাদ্দ ও খরচ

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩২।) ডাঃ মোতাহার হোসেন ঃ গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) ১৯৮৯-৯০ ও ১৯৯০-৯১ আর্থিক বছরে জওহর রোজগার যোজনা খাতে কত টাকা রাজ্য সরকার পেয়েছেন ; এবং

(খ) তন্মধ্যে কত টাকা ব্যয়িত হয়েছে?

গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ

(ক) ১৯৮৯-৯০ ও ১৯৯০-৯১ আর্থিক বছরে রাজ্য সরকার জওহর রোজগার যোজনা খাতে কেন্দ্রীয় সরকার থেকে যথাক্রমে ১৭,২৮৮.১৩ লক্ষ টাকা এবং ১৫,৮৫৬.৯২ লক্ষ টাকা পেয়েছেন। তাছাড়া রাজ্য সরকার খাতে যথাক্রমে ৪,৩২২.০৩ লক্ষ টাকা এবং ৩,৯৬৪.২৩ লক্ষ টাকা পাওয়া গেছে।

১৯৮৯-৯০ আর্থিক বছরে ১৯,৯৭৫.৩৬ লক্ষ টাকা ব্যয় হইয়াছে ইহার মধ্যে খাদ্য শস্যের মূল্য ৯৭৮০.২৭ লক্ষ টাকা এবং ১৯৯০-৯১ আর্থিক বছরে ১৭,০১৯.০৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। তন্মধ্যে খাদ্য শস্য মূল্য ৫৯১.৫৬ লক্ষ টাকা।

11th Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 11th Report of the Business Advisory Committee which met in my Chamber on 6th March '92 and recommeded the following programme of Business from 9-3-92 to 25-3-92.

Monday, 9.3.92	11 A.M. ..	Discussion on Governor's Address —4 hours
Tuesday, 10.3.92	11 A.M. ..	Discussion on Governor's Address —4 hours
Wednesday, 11.3.92	11 A.M. ..	Discussion on Governor's Address —4 hours
Thursday, 12.3 92	11 A.M. ..	Discussion on Governor's Address —4 hours
Friday, 13.3.92	11 A.M. ..	Non-Official Business
Monday, 16.3.92	3 P.M. ..	Presentation of Budget Estimate for the year 1992-93.
Friday, 20.3.92	11 A.M. ..	General Discussion on Budget —4 hours
Monday, 23.3.92	11 A.M. ..	General Discussion on Budget —4 hours
Tuesday, 24.3.92	11 A.M. ..	General Discussion on Budget —4 hours

Wednesday, 25.3.92	11 A.M. ..	[i] General Discussion on Budget —4 hours
		[ii] Motion for Vote on Account
		[iii] Motions for Demands for Grants of all Department

.There will be no questions for Oral Answer and mention cases on the 13th March, 1992.

I would now request the Minister-in-Charge of Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the 11th Report of the Business Advisory Committee as presneted the day be agreed to by the House.

The motion was then put and agreed to.

Panel of Chairmen :

Mr. Speaker : Under Rule 9(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the panel of Chairmen consisting of the following members :

(1) Shri Gyan Singh Sohan Pal, (2) Smt. Sandhya Chatterjee, (3) Shri Dhirendra Nath Sen, (4) Shri Kripa Sindhu Saha, (5) Shri Subhas Goswami, (6) Shri Deba Prasad Sarkar.

The Panel is meant for this Session.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day I have received four notices of Adjournment Motion. The first is from Shri Saugata Roy and the second is from Shri Abdul Mannan both on the subject of alleged increase of smuggling of goods in the Border districts of the State and the last is from Shri Sudip Bandyopadhyay on the subject of recent attack on Aajkal, a daily newspaper.

The Members will get ample opportunity to raise the matters during the discussion on Governnor's Address which is commencing from to-day. Moreover, the Members may raise the matters during Calling Attention, Question, Mention, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member may however, read out the text of his Motion as amended.

[12-00 — 12-10 P.M.]

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দ্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ—

রাজ্যের ৪৯টি চটকলের প্রায় দু-লক্ষ শ্রমিক তাদের কিছু ন্যায্য দাবি আদায়ের জন্য গত ২৮শে জানুয়ারি, '৯২ থেকে লাগাতার ধর্মঘটে অংশগ্রহণ করেছেন। মালিক পক্ষের অনমনীয় মনোভাব এবং শ্রমিক বিরোধী চিন্তাধারার ফলে এখন এই ধর্মঘটের কোনও মীমাংসা হয়নি। অবিলম্বে রাজ্য সরকারের পক্ষ থেকে বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে এই ধর্মঘটের অবসান করা হোক।

CALLING ATTENTION

Mr. Speaker : I have received 5 notices of Calling Attention, namely :—

1. Continued strike in the jute industry of this State	:	Shri Saugata Roy and Shri Abdul Mannan
2. Reported death of two persons by the firing of a Railway Policeman at the Sitarampur Railway Station	:	Shri Monohar Trirkey and Shri Subhas Goswami
3. Reported attack on the relatives of the patient by some antisocial elements inside the Calcutta Medical College & Hospital campus on 8. 3. 1992.	:	Dr. Manas Bhunia
4. Alleged molestation on some poor women at Manikchak, Malda	:	Shri Sudip Bandyopadhyay
5. Reported death of a professor at I.I.T., Kharagpur.	:	Shri Gyan Singh Sohanpal

I have selected the notice of Shri Gyan Singh Sohanpal on the subject of reported death of a professor at I.I.T., Kharagpur.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the Minister will make a statement on the 12th March, 1992.

MENTION CASE

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৮শে ফেব্রুয়ারি আমাদের পশ্চিমবঙ্গ সরকারের গেজেটে স্কুলের শিক্ষকদের বয়স ৬০ বছর উত্তীর্ণ হলে ৬৫ বছর পর্যন্ত এক্সটেনশন হবে, এই ধরনের সংশোধন করে গেজেটে বেরিয়েছে। কিন্তু সেখানে বলা হয়েছে, '৮১ সালের বেতনক্রম যারা ভোগ করবেন তাদের ক্ষেত্রে এই সুযোগটা প্রযোজ্য হবে। কিন্তু যারা '৮৬ সালের বেতনক্রম চাইবেন তাদের ক্ষেত্রে এই সুযোগ প্রযোজ্য নয়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, নীতিগতভাবে এটা যখন মেনে নিচ্ছেন তখন এই বৈষম্য কেন? সমস্ত শিক্ষকদের, সমস্ত বেতনক্রম ভোগী শিক্ষকদের ৬৫ বছর পর্যন্ত এক্সটেনশনের সুযোগ সম্প্রসারিত হোক। এছাড়া, আরও যে কথা বলা হয়েছে—ম্যানেজিং কমিটির সুপারিশের ভিত্তিতে শিক্ষা অধিকর্তাকে সংশ্লিষ্ট শিক্ষকের নাম পাঠাতে হবে—আমার মনে হয় এই ক্লজটি না তুলে দিলে ম্যানেজিং কমিটির নানা রকম বৈষম্য থেকে যেতে পারে। সেজন্য সংশ্লিষ্ট শিক্ষক যাতে সরাসরি শিক্ষা অধিকর্তার কাছে নাম পাঠাতে পারেন তার ব্যবস্থা করা হোক, আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে এই দাবি করছি। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই গুরুত্বপূর্ণ বিষয়ে কি ভাবছেন? তিনি শিক্ষকদের ৬৫ বছর পর্যন্ত এক্সটেনশন সমস্ত বেতনক্রমভোগী শিক্ষকদের জন্য সম্প্রসারিত করছেন কিনা তা জানতে চাই। গত কয়েক বছর ধরে পশ্চিমবঙ্গের শিক্ষক সমাজ বিভিন্নভাবে এই দাবি প্রতিষ্ঠার জন্য আন্দোলনে অংশ নিয়েছেন। কিন্তু এখনও পর্যন্ত সমস্ত শিক্ষক ৬৫ বছর-এর সুযোগ পাচ্ছেন না। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এখানে আছেন, তিনি আমাদের অবহিত করুন যে, ৬৫ বছরের সুযোগ '৮৬ সালের বেতনক্রম যারা চাইবেন তাদের ক্ষেত্রে সম্প্রসারিত হবে কিনা? মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে এ সম্পর্কে বক্তব্য রাখার জন্য বলুন।

শ্রী নিশিকান্ত মেহেতা ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্পমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পুরুলিয়া জেলার অর্থকরী ফসল হচ্ছে লাক্ষা। সেই লাক্ষা শিল্প এবং তার চাষ আজকে ধ্বংসের মুখে। এই লাক্ষা বিদেশে রপ্তানি হয় এবং যে অর্থ উপার্জিত হয় তা একচেটিয়া পুঁজিপতি যারা এই ব্যবসা করে—যারা বিদেশি মুদ্রা অর্জনের জন্য গোল্ড মেডেল পেয়েছে—তারা পায়। অথচ ওখানকার চাষীরা অর্থকরী দিক থেকে কোনওভাবে লাভবান হচ্ছে না। ওখানে ফুল, পলাশ ইত্যাদি যে গাছগুলো ছিল সেগুলো কাটা শুরু হয়ে গেছে। ঝালদা এবং বলরামপুরে প্রায় কুড়ি হাজার শ্রমিক কর্মরত ছিল, তাদের অবস্থা এখন খুব কাহিল হয়ে গেছে। সর্বোপরি, পুরুলিয়া জেলার অর্থনৈতিক সংকট এবং যেভাবে গাছ কাটা হচ্ছে, সোশ্যাল ফরেস্ট্রির নামে লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে, কিন্তু লাক্ষা শিল্পের জন্য রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার কেউই কখনও নজর দিচ্ছেন না।

এই লাক্ষা কৃষি দপ্তর দেখবেন, না, শিল্প দপ্তর দেখবেন এটা নিয়ে এখনও কোনও সিদ্ধান্ত রাজ্য সরকারের নেই। গাছে যখন লাক্ষা থাকে তখন সেটা কৃষির উপরে নির্ভর করছে আর সেটা যখন গাছ থেকে পেড়ে লাক্ষা হিসাবে রপ্তানি হচ্ছে তখন শিল্পের উপরে নির্ভর করছে। জয়নাল সাহেব যখন মন্ত্রী ছিলেন তখন তিনি এই লাক্ষার ব্যাপারে সাপোর্ট প্রাইসে লাক্ষা বিক্রি করার ব্যবস্থা করেছিলেন। কিন্তু পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার বা রাজ্য

সরকার এই লাক্ষা চাষের উপরে তেমন গুরুত্বই দিচ্ছেন না। সেই কারণে আমার দাবি, কৃষি ও ক্ষুদ্র শিল্প মন্ত্রীর কাছে যে, এই লাক্ষা শিল্পের প্রতি উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক এবং চাষের দিকেও নজর দেওয়া হোক। চাষীরা যাতে ন্যায্য মূল্য পায় তারও চেষ্টা করা হোক। যেসব কারখানার শ্রমিকরা বেকার হয়ে পড়ে আছে তাদের সরকারি সমবায়ের আওতায় এনে এই শিল্পকে উন্নতি করার চেষ্টা করা হোক। এই লাক্ষা চাষের উন্নতি হলে পুরুলিয়া জেলায় অর্থনৈতিক সংকট অনেকটা কমবে, কারণ পুরুলিয়া প্রধানত লাক্ষা চাষের জায়গা এবং এই বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র শিল্প এবং কৃষি মন্ত্রীর বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

[12-10 — 12-20 P.M.]

মিঃ স্পিকার ঃ সৌগতবাবু, আপনার মেনশনটা টেকনিক্যালি আউট অফ অর্ডার তবুও আপনি বলুন।

শ্রী সৌগত রায় ঃ স্যার, ভারতবর্ষের কেন্দ্রে যখন একটি রাষ্ট্র শক্তিশালী রাজনৈতিক দল পুর্নবিন্যাসের দিকে এগিয়ে চলেছে তখন দিল্লিতে চক্রান্ত করে সি. পি. এম., বামদলগুলি প্রতিক্রিয়াশিল বি. জে. পি.-র সঙ্গে হাত মিলিয়ে প্রস্তাব আনছেন। যে দলকে একদা এই সি. পি. এম. সাম্প্রদায়িক দল বলে অভিহিত করেছিল আজকে তাদের সঙ্গেই হাত মিলিয়েছে। বি. জে. পি.-র আনীত সংশোধনী প্রস্তাবের সঙ্গে সি. পি. এম. ও বামদলগুলি হাত মিলিয়ে কেন্দ্রের নরসিমা রাওয়ের সরকারের পতনের চেষ্টা করছে। ১৯৮৯ সালে নির্বাচন হয়েছে, ১৯৯১ সালে নির্বাচন হয়েছে কিন্তু তা সত্ত্বেও আবার সি. পি. এম. প্রতিক্রিয়াশীল দলের সঙ্গে হাত মিলিয়ে আবার দেশে নির্বাচনের বোঝা চাপাতে চাইছে। যাতে দেশের উন্নতি হয় তার জন্য চক্রান্ত চালাচ্ছেন। দেশের এই শক্তিশালী কেন্দ্রীয় সরকার পাঞ্জাবের নির্বাচনের সম্মুখীন হয়েছে, আসামের উল্ফা দমন করতে সক্ষম হয়েছেন। আজকে আমাদের এই প্রধানমন্ত্রী শুধু দেশে নয়, বিদেশেও যথেষ্ট সম্মান লাভ করেছেন এবং উপযুক্ত প্রধানমন্ত্রী হিসাবে সম্মানিত হয়েছেন। আজকে সি. পি. এম. আন্তর্জাতিক প্রতিক্রিয়াশীল শক্তির সঙ্গে হাত মিলিয়ে নরসিমা রাওয়ের সরকারের পতনের চেষ্টা করছেন। আমরা এর তীব্র নিন্দা করছি।

শ্রী শচীন হাজরা ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা খানাকুল একটি মাত্র প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে, এটিকে রুর‍্যাল হসপিটাল হিসাবে অভিহিত করা হয়েছে। কিন্তু রুর‍্যাল হসপিটাল হিসাবে অভিহিত করা হলেও দীর্ঘদিন ধরে এতে কোনও কাজকর্ম হচ্ছে না। এই হাসপাতালে যাতে অবিলম্বে কাজ করা যায় তারজন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রথা বহির্ভূত মন্ত্রী মহাশয়ার দৃষ্টি আকর্ষণ করছি। কিছুক্ষণ আগেই প্রশ্নোত্তর পর্বে মাননীয় মন্ত্রী মহাশয়া বললেন যে, মেদিনীপুর জেলায় ইতিমধ্যে ৫ কোটি টাকার নিরক্ষরতা দূরীকরণের ইভ্যালুয়েশন চলছে। আমি অত্যন্ত বেদনার ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত ৫ই মার্চ ইভ্যালুয়েশনের নাম করে ৫-৬ই মার্চ সপ্তম ও অষ্টম শ্রেণী পড়া লোকেদের আলঙ্গি স্কুলে বসানো হয় এবং সেইসব লোকেদের বসিয়ে কেন্দ্রীয় সমীক্ষক দলের সামনে বলা হল যে, সবাই সাক্ষর হয়ে

গেছে। এর বিরুদ্ধে গ্রামের মানুষরা প্রতিবাদ করলে এগরা ব্লকের বি. ডি. ও, কাঁথির এস. ডি. ও. এবং একজিকিউটিভ ম্যাজিস্ট্রেট বললেন যে গ্রামের মানুষদের এইসব বেয়াদবি সহ্য করবেন না। এতে গ্রামের মানুষরা প্রতিবাদ করলে তারা বললেন যে, ফল ভাল হবে না। ফলে সেখানে সার্বিকভাবে সবাই তার বিরুদ্ধে বিক্ষোভে ফেটে পড়েছিল। এরফলে হল কি, ৩০৭ ধারার অ্যাক্টে অ্যাটেম্পট টু মার্ডার কেসে ফেলে মানস মাইতি বলে একটি ছেলেকে তার বাড়ি থেকে গ্রেপ্তার করে এনে জেলে পুরে দেওয়া হল।

আজ অপরাধিদের সাজা হয়নি, সম্পূর্ণভাবে সেখানে জালিয়াতি চলছে। স্যার, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে অধ্যাপক মাসুদ, মুস্তাক আহমেদ কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রফেশর মুখোপাধ্যায়, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ পবিত্র সরকার এবং অ্যাডাল্ট এডুকেশন ডিপার্টমেন্টের অনারারি ডাইরেক্টার মিঃ মৈত্র মেদিনীপুর ভিজিট করছেন। তাই আমি আপনার মাধ্যমে দাবি করছি যে অবহেলা ধাপ্পা দিয়ে ক্যাডারদের টাকা পাইয়ে দেবার জন্য শুধুমাত্র গণমাধ্যমে নিরক্ষরকে সাক্ষরতা দেখিয়ে ধাপ্পাবাজি, জালিয়াতি চলছে তার তদন্ত হোক। এবং মানস মাইতি নামে যে ছেলেকে অ্যাটেম্প টু মার্ডার কেসে জেলে ভরে দেওয়া হয়েছে তাকে নিঃশর্ত মুক্তি দেওয়া হোক।

শ্রী আবু আয়েস মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলার মন্তেশ্বর ব্লকে দীর্ঘদিন ধরে কোনও এক্সটেনশন অফিসার নেই ফলে সেখানে অডিট হচ্ছে না। বারে বারে বিষয়টি ডাইরেক্টার অফ পঞ্চায়েতকে জানানো সত্ত্বেও কোনও ফল হয়নি। অবিলম্বে যাতে মন্তেশ্বর ব্লকে একজন ই. ও. পি. নিয়োগ করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শঙ্করদাস পাল ঃ মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমার কন্সটিটিউয়েন্সিতে যে ঘটনা ঘটেছে তার ব্যাপারে জানাচ্ছি। সেখানে রেহেশানের বাবা কেঁদে বলছে আমার তিন ছেলেকে সি. পি. এম. খুন করল এই গ্রামে আর থাকব না। আজকে বামফ্রন্টের আমলে জঙ্গলের রাজত্ব চলছে তার একটা উদাহরণ আমি দিচ্ছি। এই তিন ছেলে হল নজরুল, আমির, রেহেশান—এদের তিনজনকে সি. পি. এম.-র ছেলেরা খুন করেছে। সেখানে পরিষ্কার বলে দেওয়া হয়েছে কালুপুর গ্রামের এই তিন ছেলেকে কারা খুন করেছে এবং এই অ্যান্টি সোশ্যালরা কোথায় আছে, তা সত্ত্বেও তারা হরিহরপুর গ্রামে সেন্টার নিয়ে আছে এবং তাদের ধরা হল না ; এটা ওভার ল্যান্ড পত্রিকায় ২৮. ২. ৯২. তারিখে বেরিয়েছে। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই জঙ্গলের রাজত্বে মানুষ থাকবে কি থাকবে না তার বিচার পশ্চিমবাংলার মানুষ চাচ্ছে।

শ্রী সুভাষ গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের রাজ্যের শিক্ষা বর্ষের একটা পরিবর্তন হয়েছে। আগে যেটা জানুয়ারি থেকে ডিসেম্বর মাস ছিল সেখানে এখন রয়েছে মে টু এপ্রিল। আমরা ভেবেছিলাম এটার যখন পরিবর্তন হয় এবং সরকার থেকেও বলা হয়েছিল এটাতে পঠন পাঠনের ব্যাপারে সুবিধা পাওয়া যাবে, পড়া ভাল হবে। কিন্তু অভিজ্ঞতায় দেখছি আমরা যেমন ভেবেছিলাম তেমন হচ্ছে না। যদিও

আগেকার শিক্ষাবর্ষ জানুয়ারি টু ডিসেম্বর এটা টিমেতালে চলত, তবে একটা পরিবেশ থাকত, আবাহওয়া ভাল থাকত ; কিন্তু এখন এই যে ক্রিকেট খেলা হচ্ছে তার ফলে তাদের মনটা উড়ুউড়ু থাকছে সব সময় টি. ভি. মুখী, পিকনিক এবং বিয়েবাড়ি লেগেই আছে তার জন্য পঠনের ক্ষতি হচ্ছে। সুতরাং মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করব আগেকার শিক্ষাবর্ষ ফিরিয়ে আনা উচিত কিনা ভেবে দেখার জন্য।

[12-20 — 12-30 P.M.]

শ্রী মাণিক ভৌমিক ঃ (অনুপস্থিত)

শ্রী সুকুমার দাস ঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গ সরকারের তথ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল তথ্যমন্ত্রী ভাটপাড়ায় যে বক্তব্য রেখেছেন তাতে উনি বলেছেন যে ১৩৪টি ঐতিহাসিক বাড়িকে সরকার অধিগ্রহণ করবে। মেদিনীপুর জেলার বীরসন্তান বীরসিংহে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বসতবাটিটি সরকার অধিগ্রহণ করবে। কিন্তু বিদ্যাসাগরের অরিজিনাল যে বাড়ি সেটা নষ্ট হতে চলেছে এবং সেটা একটা প্রতিষ্ঠানের মাধ্যমে চলছে। বিদ্যাসাগরের আরেকটা বাড়ি হচ্ছে কলকাতার বাদুড়বাগান রোডে। এখানে উনি মৃত্যুর আগে পর্যন্ত অর্থাৎ ১৮৭১ থেকে ১৮৯১ সাল পর্যন্ত ছিলেন। কিন্তু এই দুটো বাড়িকে যদি গুরুত্ব না দেওয়া হয় এবং কালচারাল সেন্টার রূপে মর্যাদা না দেওয়া যায় তাহলে অধিগ্রহণ করে কোনও লাভ হবে না। আমি যতদূর জানি বিদ্যাসাগরের সংগৃহীত সমস্ত বইগুলি তিনটি জায়গায় সংগৃহীত হয়ে আছে, এই তিনটি জায়গা হল ন্যাশনাল লাইব্রেরি, বিদ্যাসাগর কলেজ এবং বিদ্যাসাগরের বাড়িতে। এই বইগুলিকে যদি এক জায়গায় নিয়ে আসা যায় তাহলে ভবিষ্যৎ জেনারেশনের ভাল হবে। তাছাড়া আমি তথ্যমন্ত্রীকে আরও একটি ব্যাপারে অনুরাধ করব কুইট ইন্ডিয়া মুভমেন্টের সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে কয়েকটি ঐতিহাসিক বাড়ির তথ্য আমি মাননীয় তথ্যমন্ত্রীকে দিতে চাই এবং সেই বাড়িগুলি যদি উনি অধিগ্রহণ করেন তাহলে ভাল হয়। এই বাড়িগুলির লিস্ট আমি পরে ওনাকে দিয়ে দেব।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি একটা বিষয়ের উপরে। বিষয়টি হল কেন্দ্রীয় সরকার হীনশর্তে আই. এম. এফ. ও বিশ্বব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিয়ে আমাদের অর্থনীতিকে এবং আমাদের অর্থনৈতিক সার্বভৌমত্বকে আজ বিদেশের কাছে বিকিয়ে দিয়েছে। তাদের এই নীতির একটা হচ্ছে একজিস্ট পলিসি অর্থাৎ বিদায় নীতি। ন্যাশনাল রিনিউয়াল ফান্ডের নাম করে লক্ষ লক্ষ মানুষকে আজকে তারা ছাঁটাই করছেন। আমাদের হিন্দুস্তান ফার্টিলাইজার কর্পোরেশনে, ইস্টার্ন রিজিয়নে প্রায় এক লক্ষ লোককে তারা ছাঁটাই করবেন। আজকে তারা ওপেন ডোর পলিসি নিয়ে পঁচিশ কোটি মানুষের দেশকে মাল্টি ন্যাশনালিস্টদের কাছে খুলে দিয়েছে। ফলে আরও কারাখানা বন্ধ হয়ে যাবে এবং আরও লক্ষ লক্ষ লোক বেকার হয়ে পড়বে। তাই আমি আপনার মাধ্যমে এবং আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে জানানো হোক যে সমস্ত রুগ্ন পাবলিক সেক্টর রয়েছে সেগুলি উজ্জীবিত করে যাতে প্রপার হেলথে নিয়ে আসা যায় ও বিদায় নীতির বিরুদ্ধে এই সভা থেকে যাতে একটা প্রতিবাদ পাঠানো যায় সেই ব্যাপারে আমি আপনার মাধ্যমে সমস্ত হাউসের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অজয় দে ঃ মাননীয় স্পিকার স্যার, রাজ্য স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা গত ৮ই জানুয়ারি একটা সার্কুলার জারি করেছেন এবং নম্বর হচ্ছে এইচ. পি. এইচ. ৮৭, তাতে বলেছেন যে, বিভিন্ন রোগ প্রতিষেধক কর্মসূচিকে সফল করে তোলার জন্য কো-অর্ডিনেশন কমিটিকে সহযোগিতা করতে হবে। এটা স্যার চরম নিয়ম বহির্ভূত এবং অপমানকর কারণ রাজ্য সরকারের কো-অর্ডিনেশন কমিটির বাইরে যারা আছেন তারা কি রাজ্য সরকারের কর্মচারী নয়? না কি তারা অন্য স্টেট থেকে মাইনে নেয়? এখানে স্বাস্থ্যমন্ত্রী আছেন, আমি তাকে অনুরোধ করছি ডাইরেক্টার অফ হেলথ যে নিয়ম বহির্ভূত সার্কুলার জারি করেছেন তা অবিলম্বে প্রত্যাহার করতে।

শ্রী মনোহর তিরকি ঃ মাননীয় স্পিকার স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। সাম্প্রতিককালে ডুয়ার্সের চা-বাগান এবং গ্রামাঞ্চলে বন্য হাতির উপদ্রব বেড়ে গেছে। এক সঙ্গে ৩০/৪০টি হাতি চা বাগানে উৎপাত করছে, ঘরবাড়ি ভাঙ্গছে, ফসল ক্ষতি করছে, এমন কি প্রাণহানিও করছে। অনেক সময় বন দপ্তরের যারা কর্মচারী আছেন তারা যখন তাড়াতে আসেন তখন পাবলিকের সঙ্গে মারামারিও হয়ে যায়। গত বছর যখন সরকারি কর্মচারী বাঘ খেদাতে এলেন তখন সরকারি কর্মচারীকে মেরেই ফেলা হল। এই রকম ঘটনা স্যার খুব বেড়ে যাচ্ছে। উদ্বেগপূর্ণ ব্যাপার। সম্পর্ক খুব খারাপ জায়গায় যাচ্ছে। সরকারি দপ্তরের লোকজন সময়মতো অনেক সময় আসেন না। সরকারি কর্মচারিরা যাতে ভালোভাবে কাজ করতে পারেন তার জন্য অনুরোধ করছি। এবং হাতি বা বাঘ যাতে জঙ্গলেই থাকে তার জন্য ব্যবস্থা করতে অনুরোধ করছি বন দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়কে।

শ্রী যোগেশচন্দ্র বর্মণ ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে জলপাইগুড়ি জেলার একটা গুরুত্বপূর্ণ সমস্যা জানাতে চাইছি। সভাকে এবং সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়কে। সমস্যাটি হচ্ছে, আলু চাষীদের সমস্যা। জলপাইগুড়ির ফালাকাটা এবং ধূপগুড়ি ব্লকের বিস্তীর্ণ জায়গাতে আলুচাষ হয় এবং খুব উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এই চাষ। কিন্তু এবারে আলু চাষীদের এমনই দুর্ভাগ্য আলুগুলিকে ঠিকমতোন সংরক্ষণের কোনও ব্যবস্থা নেই। ওখানে একটা হিমঘর আছে কিন্তু অবস্থা এমনই যে ফালাকাটা বা ধূপগুড়ির চাষীরা দেখতে পাচ্ছেনা। তাই আমি অনুরোধ রাখছি যে, ফালাকাটায় একটা হিমঘর যাতে আগামী বছরে বা আগামী দিনে আমরা তৈরি করতে পারি তার দিকে দৃষ্টি দিতে। এখানের ব্লকে ২৫ হাজার মেট্রিক টন আলু চাষ হয়। ধুপগুড়িতে একটা প্রস্তাব আছে কিন্তু আমার মনে হয় একটা কেন সেখানে চারটে হিমঘর করলেও তা চলবে। এই হিমঘরগুলি যদি সেখানে প্রতিষ্ঠিত না হয় তাহলে চাষীরা হতদ্যম হবে এবং এই অর্থকরী ফসল উৎপাদনে কৃষকরা বিমুখ হয়ে পড়বে। ফালাকাটায় সি. এ. ডি. সি. থেকে একটা প্রকল্প নেওয়া হয়েছে, সি. এ. ডি. সি.-র ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় শ্রী বিনয় চৌধুরি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওখানে হিমঘর স্থাপিত হয় এবং চাষীরা যাতে উপকৃত হয়।

[12-30 — 12-40 P.M.]

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি জানাচ্ছি ব্যবস্থা গ্রহণের জন্য। উড়িষ্যার কোস্ট ক্যানেল

দিয়ে সুবর্ণরেখা দিয়ে যে জল আসত তাতে মেদিনীপুরের চারটি ব্লকে বোরো চাষ হত প্রতি বছর। উড়িষ্যার ভোগরাই লক-গেট দিয়ে উড়িষ্যার কোস্ট ক্যানেলের জল আসত এবং হাজার হাজার বিঘা বোরো চাষ হত। এখন বিপদ দেখা দিয়েছে। ভোগরাইয়ের লক-গেট দিয়ে উড়িষ্যা সরকার কোস্ট ক্যানেলের জল আসতে দিচ্ছে না। এখন চাষীরা জল না পাওয়ার ফলে হাজার হাজার বিঘা জমিতে চাষ করতে পারছে না। জলের অভাবে সেই সব হাজার হাজার বিঘা জমি শুকিয়ে যাওয়ার অবস্থা দেখা দিয়েছে। এখনই উড়িষ্যা সরকারের সঙ্গে কথা বলে উড়িষ্যার কোস্ট ক্যানেলের জল ভোগরাই লক-গেট দিয়ে সুবর্ণরেখা নদী দিয়ে যাতে আসে তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। বিস্তীর্ণ এলাকার চাষীরা যাতে জল পায় তা দেখার জন্য উড়িষ্যা সরকারের সঙ্গে কথা বলার জন্য অনুরোধ করছি। চাষীরা যাতে জল পায় তার ব্যবস্থা করার জন্য ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি।

শ্রী আবদুস সালাম মুন্সি ঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এলাকার তিনটে রাস্তা যে ৩৪ নং জাতীয় সড়ক যেটা দেবগ্রাম থেকে বর্ধমান পর্যন্ত গিয়েছে, যেটা সংযোগ রক্ষাকারী রাস্তা সেই সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করছি। এই তিনটে রাস্তা হল, দেবগ্রাম থেকে কাটোয়া, দেবগ্রাম থেকে মাটিয়ারা এবং দেবগ্রাম থেকে কালিগঞ্জ। এই তিনটে গুরুত্বপূর্ণ রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ। দীর্ঘ ১৫ বছর যাবত এই রাস্তাগুলোর কোনও সংস্কার হয়নি। অথচ প্রতিদিন বহু লোককে এই রাস্তা দিয়ে চলাচল করতে হয়। অত্যন্ত দুরবস্থা এই রাস্তাগুলোর। এই রাস্তা দিয়ে বাসে বা অন্য কোনও যানবাহনের চলাচল করলে মনে হয়, সমুদ্রে ভয়ঙ্কর তুফানে জাহাজে করে যাচ্ছি। এইসব রাস্তা দিয়ে বহু লোক চলাচল করে থাকে। লোকেদের দুরবস্থার একশেষ হয়। এই রাস্তাগুলো অবিলম্বে সংস্কার করার জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেরামত না হলে জনস্বার্থে অনশন করতে হতে পারে রাস্তায় বসে। অবিলম্বে মেরামত করার জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় মহাশয়, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আর্কষণ করতে চাই। নদীয়া জেলা সীমান্তবর্তী জেলা। এই সীমান্তবর্তী জেলার অসাধু ব্যবসায়ীরা পুলিশ এবং বি. এস. এফের সঙ্গে যোগসাজসে চাল, চিনি, ভোজ্যতেল টন টন পাচার করচে। কিন্তু পুলিশ এবং বি. এস. এফ. নীরব দর্শক। আমাদের এপার বাংলা থেকে ওপার বাংলায় এই সব চলে যাচ্ছে। বিভিন্ন হাট থেকে গবাদি পশু ওপার বাংলায় পুলিশ এবং বি. এস. এফের সামনে দিয়ে সমাজ বিরোধীরা পাঠাচ্ছে। সমাজ বিরোধিদের পুলিশ জানে, কিন্তু তাদের গ্রেপ্তার করছে না। করিমপুর, কেষ্টগঞ্জ প্রভৃতি বর্ডার দিয়ে এইসব চলে যাচ্ছে। আর একটা গুরুত্বপূর্ণ ব্যাপার দেখছি, ওপার বাংলা থেকে লোক জনস্রোতের মতো এপার বাংলায় চলে আসছে। যদি অবিলম্বে পুলিশ এবং বি. এস. এফকে দিয়ে এটা বন্ধ না করা যায় তাহলে খুবই বিপদ হবে। নদীয়া জেলার নিম্নবিত্ত, মধ্যবিত্ত মানুষ প্রচন্ড মূল্যবৃদ্ধির জন্য অসুবিধায় পড়ছে। এরকম চললে আরও অসুবিধা হবে। তাই আপনার মাধ্যমে সীমান্তবর্তী জেলায় যে কাজ-কারবার চলছে, সেটা যাতে অবিলম্বে বন্ধ হয় সেজন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী সঞ্জীবকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাগনানে কমলপুর রোডের মধ্যে ভোগলাসী থেকে কমলপুর পর্যন্ত রাস্তাটির আদৌ অস্তিত্ব আছে কিনা মাননীয় পূর্ত মন্ত্রীকে তা একটু পরিদর্শন করে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। তিনি যদি তা পরিদর্শন করেন তাহলে প্রকৃত অবস্থাটা কি তা নিজেই দেখতে পাবেন। স্যার, আমার মনে হয় সরকার চাইছেন ধীরে ধীরে রাস্তাটি অ্যাবলিশ হয়ে যাক। হোগলাসি থেকে কমলপুর এবং শ্যামপুকুর থেকে গড়চুমুক এই রাস্তা দুটি অবিলম্বে মেরামত করা দরকার। আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি এই রাস্তা দুটির প্রতি আকৃষ্ট করে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে রাস্তা দুটি সারানোর ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী আবদুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এক মাস আগে স্বাস্থ্য দপ্তরের কর্মিদের সম্বন্ধে যা বলেছেন তারপর এ সম্পর্কে সুবিবেচনা পাব কিনা জানি না, তবুও আপনার মাধ্যমে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি তার কাছে রাখছি। আমার নির্বাচনী কেন্দ্রের মধ্যে হুগলি জেলার শ্রীরামপুর থানার মধ্যে চাঁপসাড়াতে একটি হেলথ সেন্টার আছে। সেখানে এখন যা অবস্থা তাতে রোগিদের ভর্তি হওয়া তো দূরের কথা, আউটডোর ট্রিটমেন্ট পর্যন্ত হচ্ছে না। একজন ডাক্তার সেখানে আগে ছিলেন কিন্তু তিনি চলে যাবার পর লোকমুখে শোনা গিয়েছে যে অন্য একজন ডাক্তারকে সেখানে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে কিন্তু রোগিরা তাকে পান না ফলে তাদের চিকিৎসাও হয় না। সেখানে চিকিৎসা না পেয়ে রোগিরা হেঁটে বা বাসে করে দূরের হাসপাতালে যেতে বাধ্য হন। স্যার, এই চাঁপসাড়া স্বাস্থ্যকেন্দ্রে যাতে নিয়মিত ডাক্তার থাকেন এবং রোগিরা যাতে চিকিৎসা পান তার ব্যবস্থা করার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি।

ডাঃ তরুণ অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবাংলার চটকলগুলির শ্রমিকরা তাদের বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলন চালাচ্ছেন, তারা ধর্মঘট করেছেন। আজকে সেই ধর্মঘট ৪১ দিনে পড়েছে। প্রায় ৫০টি চটকলের এক লক্ষ আশি হাজার শ্রমিক দীর্ঘদিন ধরে এই ধর্মঘট চলার ফলে আজ এক অসহনীয় অবস্থার মধ্যে পড়েছেন। শিল্পাঞ্চলের অর্থনীতি ভেঙে পড়েছে। সেখানে সমাজবিরোধী কার্যকলাপ শুরু হয়েছে। দুঃখের কথা, এই বামফ্রন্ট সরকার যারা নিজেদের শ্রমিক দরদী সরকার বলে মনে করেন সেই সরকার দেখছি আজ এ ব্যাপারে নির্বিকার হয়ে বসে রয়েছেন। সেখানে সচিব পর্যায়ে মাত্র আলোচনা চলছে আর শ্মশানের শান্তি কায়েম করে শান্তিপ্রিয় শান্তিবাবু দিবা নিদ্রায় দিন যাপন করছেন। আমি দাবি করছি, অবিলম্বে মাননীয় মুখ্যমন্ত্রী এ ব্যাপারে হস্তক্ষেপ করুন এবং ত্রিপাক্ষিক বৈঠক ডাকুন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কিছুদিন আগে দূরদর্শনে বলেছিলেন যে ভাল কাজ করতে চান। ১ লক্ষ ৮০ হাজার শ্রমিকের স্বার্থ যেখানে জড়িত, সেখানে তারা একটা অসহায় অবস্থার মধ্যে পড়েছেন সেখানে তাদের স্বার্থে এগিয়ে যাওয়াটা কি ভাল কাজ নয়? মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, সমগ্র চটশিল্পকে বাঁচানোর প্রশ্ন যেখানে জড়িত সেখানে তার হস্তক্ষেপ করাটা কি

ভাল কাজ নয়? আমি তাই অবিলম্বে এই চট শিল্পকে দুর্যোগের হাত থেকে বাঁচানোর জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

[12-40 — 12-50 P.M.]

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ স্যার, আমি আপনার মাধ্যমে আজকে এই সভার সদস্যদের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন সম্প্রতি দেশবরেণ্য নেতা নেতাজি সুভাষচন্দ্র বসুকে "ভারত রত্ন" উপাধিতে ভূষিত করা হয়েছে। এখন "ভারত রত্ন" উপাধিতে নেতাজিকে ভূষিত করার অর্থ হ'ল তাঁকে সম্মান জানানো নয়, তাঁকে অসম্মান জানানো। আমাদের নেতা সিদ্ধার্থশংকর রায় প্রথম দিনই তাঁর প্রতিক্রিয়া জানিয়েছিলেন এবং এই সিদ্ধান্তের বিরোধিতা করে রাষ্ট্রপতির দৃষ্টি আকর্ষণ করেছিলেন। কিন্তু পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। আমি জানি না কি কারণে মুখ্যমন্ত্রী এতে এত উদ্বেলিত, আহ্লাদিত হলেন! আমাদের দলের পক্ষ থেকে আমাদের নেতা সিদ্ধার্থশংকর রায় সঠিক সময়ে বিষয়টি উত্থাপন করে রাজ্যবাসীদের মানসিকতা এবং আবেগকে যথাযথভাবে আশ্বস্ত করেছিলেন। রাজ্যবাসীরা জানতে পেরেছিল যে, কোথাও থেকে প্রতিবাদ হয়েছে। আজকে আমার মনে হয় এই বিধানসভা থেকে পশ্চিমবঙ্গবাসিদের মানসিকতার কথা কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়ে দেওয়া উচিত। নেতাজিকে যে উপাধি দেবার সিদ্ধান্ত গৃহিত হয়েছে তা অবিলম্বে প্রত্যাহার করে নেবার জন্য আজকে আমাদের এখান থেকে দাবি জানানো হোক। কারণ নেতাজি সুভাষচন্দ্র বসুকে কোন উপাধিতে ভূষিত করে তাঁকে আর অলংকৃত করা যায় না। সমগ্র দেশবাসীর কাছে তাঁর যে গ্রহণযোগ্যতা, স্বাধীনতা সংগ্রামে তাঁর যে ভূমিকা, সে ভূমিকা সম্পর্কে আমরা সকলেই অবহিত। পশ্চিমবাংলার বিধানসভার আজকের এই অধিবেশন থেকে আমাদের রাজ্যবাসীদের মানসিকতা এবং মনোভাবের কথা কেন্দ্রীয় সরকারকে অবহিত করা হোক এবং তাঁদের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানানো হোক।

Shri Siddhartha Shankar Roy : Sir, I really wanted to request the Chief Minister about this matter. Our President will be coming to Calcutta today. Bengal will welcome him in the evening. I wanted to see him. I will try to seek five minutes' interview with him at the Raj Bhavan. I would not shun because the House is going on. I shall only ask him to give me five minutes' interview with him to make a respectful request that the award of 'Bharat Ratna' to Netaji may kindly be withdrawn if possible. Why ? Because, Sir, it is a universal feeling all over India that Mahatma Gandhi, Netaji and Pandit Nehru were the makers of India. They were not the persons on whom Bharat Ratna can be awarded. Pandit Nehru was awarded because he happens to be the first Prime Minister of India. Netaji and Mahatma Gandhi are above all. They cannot come to this purview. I shall make this respectful request to the President to withdraw the Bharat Ratna award on Netaji. They have awarded the Bharat Ratna to him. I have already requested the Prime Minister. Now, I am going to request the President that this award may kindly be withdrawn. Having regard to the respectful desire

of the people of India and the people of Bengal my request to the Chief Minister would be that he too similarly would make a request to the President. The leaders of the R.S.P., Forward Block and other parties should also see the President for five minutes today and make this request so that the award granted to Netaji was withdrawn. Netaji and Mahatma Gandhi are the exceptions. They cannot be awarded Bharat Ratna along with Panditji. There has been some mistakes. I think it is the unanimous opinion of the House and there is no controversy over this. This is my request, very very earnest request from an old friend to another old friend Shri Jyoti Basu that he too would acceed to this and talk to the President also. I am sure he is listening to what I am saying here. I shall see the President today. I hope he will listen to my request and the President if the gets time. Thank you, Sir.

মিঃ স্পিকার ঃ মিঃ সরকার, আপনার কি বলার আছে বলুন?

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, নেতাজী তাঁর কৃতকর্মের মাধ্যমে ভারতবর্ষের নায়ক এবং তিনি মর্যাদার আসনে অধিষ্ঠিত। তাঁর দেশপ্রেম এবং দেশনায়কত্ব অবিসংবাদি। কোনরকম সরকারি খেতাব দিয়ে, ভারত রত্ন উপাধি দিয়ে তাঁর সম্মান বৃদ্ধি করার পরিবর্তে সম্মান হানি করার প্রচেষ্টা নেওয়া হয়েছে বলে আমি মনে করি। আমি ইতিমধ্যেই আপনার কাছে নন-অফিসিয়াল মোশন দিয়েছি। এই হাউসে কনডেম হওয়া দরকার। অবিলম্বে এই অবমাননাকর সিদ্ধান্ত যাতে প্রত্যাহার করা হয় তারজন্য হাউস সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ যাতে হতে পারে At the earliest opportun moment. এই সুযোগ আপনি দেবেন, এই আবেদন রাখছি।

শ্রী কমলকান্তি গুহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয়ে বক্তব্য রেখেছেন মাননীয় কংগ্রেস সদস্যরা, আমি আপনার কাছে এই বিষয়টি অন্যভাবে রাখতে চাইছি। সেটা হচ্ছে, নেতাজি সুভাষচন্দ্র বসুকে যে ভারত রত্ন উপাধি দেওয়া হয়েছে সেই সম্পর্কে আমাদের যে ক্ষোভ, আমাদের যে বেদনা সেটা প্রকাশ করার জন্য একটা দিন আলোচনার জন্য ধার্য করুন, সেদিন বিশদভাবে বলবার সুযোগ দিন। এইভাবে মেনশনের উপর তুলে দিয়ে—যেমন মেনশন ওঠে, সেইভাবে তুলে দিয়ে নেতাজির বিষয়টিকে খাটো করা হচ্ছে। আমার মনে হয় শুক্রবার দিন বেসরকারি প্রস্তাব হিসাবে বিষয়টিকে নির্ধারণ করুন। ঐদিন বিশেষ গুরুত্ব দিয়ে আলোচনার বিষয়বস্তু করে হাউসের কাছে রাখবেন। সেদিন আমরা অংশগ্রহণ করব। এই অনুরোধ রাখছি। এইভাবে তুলে আলোচনা করতে গেলে নেতাজিকে খাটো করা হয়।

শ্রী সিদ্ধার্থশংকর রায় ঃ আমি গোড়াতে তাই ভেবেছিলাম। তারপর ভাবলাম, আপনিই বিচার করুন—এটা প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড করেছেন। সুতরাং এটা হাউসে করা যায় কিনা চিন্তার বিষয়। যেখানে প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড করেছেন সেখানে মেনশন হতে পারে, রেজউলিশন হতে পারে কিনা আমি জানি না। আপনি বিচার করুন, যেটা ভাল হবে সেটা করুন। আমার মনে হয় রেজউলিশন পাস করার আইনগত বাধা আছে। তবে আমি জানি না—আপনার রুলিং যা হবে তাই মেনে নেব।

মিঃ স্পিকার ঃ মাননীয় লিডার অফ দি অপোজিশন খুব ডেলিকেট এবং খুব গুরুত্বপূর্ণ বিষয় তুলেছেন। এটা নিয়ে রাজ্যব্যাপী এবং দেশব্যাপী বিতর্ক চলছে। আমাকে আজ সকালে শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয় জিরো-আওয়ারের নোটিশ দিয়েছিলেন এই বিষয়টি তুলবেন বলে। সুদীপবাবু মেনশনের নোটিশ দিয়েছিলেন। এখানে মেনশন করেছেন, লিডার অফ দি অপোজিশন বলেছেন এবং দেবপ্রসাদ সরকারও বলেছেন। আমার একটা প্রস্তাব আছে। এই বিষয়ে একটা আলোচনা করে সিদ্ধান্তে আসা ভাল। হঠাৎ করে কিছু করা ঠিক নয়। এর অন্য একটা গুরুত্ব আছে। নেতাজি সুভাষচন্দ্র বসু এমন কোনও সাধারণ ব্যক্তি নয় যে, চট করে আমরা সিদ্ধান্ত নিতে পারি। আমার একটা পরামর্শ আছে। মাননীয় মুখ্যমন্ত্রী আজকে হাউসে আসতে পারেন বিরোধিদলের বক্তব্য শোনার জন্য। উনি অসুস্থ, কালকে আমাদের একটা অনুষ্ঠানে যেতে পারেননি। বিরোধীদলের নেতা ওনার খাস-কামরায় গিয়ে ওনার সঙ্গে আলোচনা করে যদি ঠিক করেন তাহলে ভাল হয় না?

[12-50 — 1-00 P.M.]

এইভাবে এই মেনশন করাটা আমার মনে হয় ঠিক হচ্ছে না। উনি এলে আপনারা গিয়ে ওঁর খাস কামরায় গিয়ে এই কথাটা জিজ্ঞাসা করুন, আমার মনে হয় সেটাই বেটার হবে। আপনি অন্যান্য রাজনৈতিক দলের কাছে জিজ্ঞাসা করুন, সকলের কনসেনসাস আছে কিনা। উনি এলে মাননীয় বিরোধীদলের নেতা ওঁর খাস কামরায় গিয়ে কথাটা বলুন। সকলের কনসেনসাস নিয়ে করলে আমার মনে হয় জিনিসটা ভাল হবে।

শ্রী সিদ্ধার্থশংকর রায় ঃ স্যার, আমি তো মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে সেই রিকোয়েস্টই করেছি। ইউ আর অ্যাবসলিউটলি রাইট।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আগের হাউসে বার বার বলেছিলাম যে আমাদের উত্তরবঙ্গের এম. এল. এ. যাঁরা উত্তরবঙ্গ থেকে আসেন তাঁদের অসুবিধার কথা। উত্তরবঙ্গের বাস এবং ট্রেনে ক্রমাগত ডাকাতির সংখ্যা বাড়ছে। সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও এখনও অবস্থার কোনওরকম পরিবর্তন হয় নি। প্রতিদিনই বাসে ডাকাতির সংখ্যা বাড়ছে। গঙ্গারামপুরে বালুরঘাটের বাসে গত ৭ দিন আগেও ডাকাতি হয়েছে, সেই বাসে যাঁরা ছিলেন তাঁদের সঙ্গে আমার দেখা হয়েছিল, শুনলাম যে, ডাকাতির সময়ে বাসের সেই একই ড্রাইভার ছিল। বাসে লোক এবং পুলিশ দেওয়া সত্ত্বেও বাসে ডাকাতি হয়েছে। এ জন্য একটা আলাদা সেল করার দরকার। পুলিশ এনকোয়ারি করে ডি. জি.-কে দিয়ে আলাদা সেলের ব্যবস্থা করা দরকার। তা না হলে স্টেট বাসে পুলিশ দেওয়া সত্ত্বেও প্রতিদিনই ডাকাতি বাড়ছে। গৌড় এক্সপ্রেসে এবং নর্থ বেঙ্গলের বাসে স্বরাষ্ট্র বিভাগকে নিয়ে আলাদা সেল করে দেখা যাক যে এতে ড্রাইভারের সঙ্গে কোনও যোগাযোগ আছে কিনা। সেটা দেখার জন্য আমি অনুরোধ করছি, এবং এই জিনিসটা উত্তরবঙ্গের একটা উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে বলে মনে করছি এবং সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

শ্রী রবীন ঘোষ ঃ (বক্তা অনুপস্থিত ছিলেন।)

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ থেকে দু-মাস আগে মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু মহাশয় সভা করে বলেছিলেন যে, সীমান্তবর্তী এলাকায় চোরা চালান বন্ধ করতে গেলে পুলিশের উপর ভরসা করতে গেলে চলবে না। উনি পার্টি কমরেডদের নামিয়ে চোরা চালান বন্ধ করার কথা বলেছিলেন। গাইঘাটা, বাগদা এবং বনগাঁয় চোরা চালানের সঙ্গে মার্কসবাদি কমিউনিস্ট পার্টির সমর্থকরা যুক্ত রয়েছেন। কংগ্রেসিরা বাধা দিলে সি. পি. এম. কমরেড এবং পুলিশ উভয়ে তাদের অ্যাটাক করেন। এবং এখন পর্যন্ত তাদের কেউই গ্রেপ্তার হয় নি। যারা গ্রেপ্তার হয়নি অবিলম্বে তাদের গ্রেপ্তার করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি এবং যাতে এই চোরা চালান বন্ধ হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

শ্রী সুশীল বিশ্বাস ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্রে নদীয়া জেলার কৃষ্ণগঞ্জে সেখানকার ইন্দিরা কংগ্রেস প্রার্থী যিনি ছিলেন সেই মাননীয় আনন্দ মোহন বিশ্বাস ওখানে পরিকল্পনা মাফিক একের পর এক খুন করে চলেছেন। গত অক্টোবর এবং নভেম্বরে ৩ জনকে খুন করেছেন। একজন জুনিয়ার হাই স্কুলের শিক্ষককে খুন করা হয়েছে এবং যারা খুন করেছে তারা কেউই গ্রেপ্তার হয় নি। তারপর গত ২৩/১১/৯১ তারিখে তারা আমার বাড়ি আক্রমণ করে, কিন্তু সে সময় বাড়িতে ছিলাম না। সে ব্যাপারে আমার মন্ত্রী এফ. আই. আর. করেছিলেন, কিন্তু এফ. আই. আর করা সত্ত্বেও এখনও কাউকে গ্রেপ্তার করা হয় নি। ওরা এই রকম ঘটনার সৃষ্টি করে দেখাতে চাইছে যে পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা নেই। এই ব্যাপারে যাতে দোষী ব্যক্তিরা অবিলম্বে গ্রেপ্তার হয় সেজন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ২৩শে ফেব্রুয়ারি পাণ্ডুয়ায় খননে জি. টি. রোড অবরোধ করা হয়। দুটি জীপে আগুন দেওয়া হয়। পুলিশ যখন ঘটনাস্থলে যায় তখন তাদের উপর মারপিট করার চেষ্টা করা হয়। তারপর এই ইস্যুটাকে কেন্দ্র করে একজন কেন্দ্রীয় মন্ত্রীকে জানানো হয়। জনৈক মন্ত্রী, যিনি এখানে উপস্থিত ছিলেন, তাঁকে আনানো হয় এবং এনে পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা নেই এটাই বোঝাবার চেষ্টা করা হয়। কিন্তু কংগ্রেস (আই) একটা মড়া থাকে মর্গে নিয়ে যাওয়া হচ্ছে তাকেও রেহাই দেয়নি। তাকে টেনে হিঁচড়ে সারা পশ্চিমবঙ্গে এটাই দেখাতে চেয়েছিলেন যে, এখানে কোনও আইন-শৃঙ্খলা নেই। এইরকম একটা অবস্থায় বিষয়টা যাতে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী দেখেন তারজন্য দৃষ্টি আকর্ষণ করছি।

Laying of the Second, Third and Fourth Reports of the Committee on Rules, 1991-92

The Chairman (Shri Hasim Abdul Halim) : I beg to lay the Second, third and Fourth Reports of the Committee on Rules 1991-92

LAYING OF RULES

Amendments to the Calcutta Municipal Corporation Building Rules, 1990

Shri Buddhadeb Bhattacharjee : Sir, I beg to lay the Amendments to the Calcutta Municipal Corporation Building Rules, 1880, published under notification No. 37/C-5/CC/3R-8/91, dated the 20th January, 1992.

LAYING OF REPORTS AND ACCOUNTS

Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Ltd. for the year 1989-90

Shri Bidyut Ganguly : Sir, with your profession, I beg to lay the Sixteenth Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Ltd. for the year 1989-90.

Annual Statement of Accounts of the West Bengal State Electricity Board together with the Audit Report thereon for the year 1989-90

Dr. Sankar Kumar Sen : Sir, I beg to lay the Annual Statement of Accounts of the West Bengal State Electricity Board together with the Audit Report thereon for the year 1989-90.

Audit Certificate, Certified Accounts and Audit Report on the Accounts of Hooghly River Bridge Commissioners for the year 1989-90

Shri Buddhadeb Bhattacharjee : Sir, I beg to lay the Audit Certificate, Certified Accounts and Audit Report on the Accounts of Hooghly River Bridge Commissioners for the year 1989-90.

Annual Report for the year 1990-91 and Budget Estimate for the year 1991-92 of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation

Shri Probodh Chandra Sinha : Sir, with your permission, I beg to lay the Annual Report for the year 1990-91 and Budget Estimate for the year 1991-92 of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corportion.

Annual Statement of Accounts together with the Audit Report thereon of the West Bengal Power Development Corporation Ltd. for the year 1987-88

Dr. Sankar Kumar Sen : Sir, I beg to lay the Annual Statement

of Accounts together with the Audit Report thereon the West Bengal Power Development Corporation Ltd. for the year 1987-88.

Annual Accounts of the Calcutta State Transport Corporation for the year 1987-88 along with Audit Report and Audit Certificate thereon

Shri Probodh Chandra Sinha : Sir, with your permission, I beg to lay the Annual Accounts of the Calcutta State Transport Corporation for the year 1987-88 along with Audit Report and Audit Certificate thereon.

ZERO HOUR

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে উল্লেখপর্বে বিরোধীদলের মাননীয় সদস্য সুদীপবাবু বিষয়টা উল্লেখ করেছেন। আমিও সেটাই বলছি যে, ভারতের মহান দেশনায়ক সুভাষচন্দ্র বসুকে জাতীয় মন থেকে মুছে ফেলবার জন্য বারবার চক্রান্ত করেছেন। এবারে সুভাষচন্দ্রকে মরণোত্তর খেতাব দিয়ে সম্মান দেখাবার চেষ্টা করেছেন যা অত্যন্ত লজ্জার ব্যাপার। সারা দেশের মানুষ এই খেতাবের বিষয়ে প্রতিবাদ করেছেন। কিন্তু এমন সময়ে খেতাব দেওয়া হয়েছে যে ২৫ জনকে দেওয়ার পরে সুভাষচন্দ্রের নাম ঠিক করা হয়েছে। দক্ষিণের সিনেমা শিল্পী থেকে আরম্ভ করে টাটা বিড়লা ইত্যাদিকে এই খেতাব দেবার পরে তার কথা মনে হয়েছে। এটা অত্যন্ত লজ্জার কথা। তারপরে মরণোত্তর খেতাবের বিষয়টি আরও দুঃখজনক। দুটো কমিশন কেন্দ্রীয় সরকার গঠন করেছিলেন—খোসলা কমিশন এবং সাহ নওয়াজ কমিশন। সেই কমিশনে কোথাও প্রমাণিত হয়নি যে সুভাষচন্দ্রের মৃত্যু হয়েছে এবং আমাদের প্রাক্তন প্রধানমন্ত্রী মোরারজী দেশাই লোকসভায় ঘোষণা করেছিলেন যে সুভাষচন্দ্রের মৃত্যু হয়েছে তার কোনও প্রমাণ নেই। খোসলা কমিশন এবং সাহনওয়াজ কমিশনেও সেটা গ্রহণযোগ্য হয়নি। পরবর্তীকালে দেখা গেছে ভারত সরকার তাকে মরণোত্তর খেতাব দেবার চক্রান্ত করছে। আমি মনে করি এটা প্রত্যাহার করা উচিত। এই বিধানসভার বিরোধী দলের পক্ষ থেকেও এর প্রতিবাদ করা হয়েছে। কাজেই আমি মনে করি যে, এই মরণোত্তর খেতাব প্রত্যাহার করার জন্য অবিলম্বে একটা তদন্ত কমিশন গঠন করা হোক।

[1-00 — 1-10 P.M.]

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১।। বছর আগে আমরা কয়েকটি লজ্জাজনক ঘটনার সম্মুখীন হয়েছিলাম। সেই ঘটনাগুলি ঘটেছিল বানতলা, বিরাটি এবং সিঙ্গুরে। সিঙ্গুরে ঘটনাটি বেশি লজ্জাজনক ছিল। সেখানে ৩ জন পুলিশ কনস্টেবল কাকলী সাঁতরা নামে একটি মহিলাকে ধর্ষণ করেছিল। তাদের বিরুদ্ধে ব্যাপক জনমত সোচ্চার হয়, বিরাট গণ-বিক্ষোভ সৃষ্টি হয়। পুলিশ সেই গণ বিক্ষোভ দমন করতে গিয়ে নিরীহ একটা যুবককে খুন করে। পুলিশের গুলিতে যুবকটি নিহত হয়। এই যুবকটি ওদেরই দলের কমরেড ছিলেন। তখন দলমত নির্বিশেষে সকলে সোচ্চার হয়ে আন্দোলন করেছিল। তাদের দাবিতে

৩ জন পুলিশ কনস্টেবল এবং ২ জন অফিসারকে সাসপেণ্ড করা হয়েছিল। ২ জন অফিসারের সাসপেনসন অর্ডার পরে প্রত্যাহার করে নেওয়া হয়েছিল। ৩ জন কনস্টেবলের প্রাইমাফেসি কেস ছিল, তাদের নামে এফ. আর. আই. করা হয়েছিল এবং কেসও চলছিল। কিন্তু জানি না পুলিশের কোন উচ্চ মহলের চাপে বা কার হস্তক্ষেপের ফলে এই ৩ জন কনস্টেবল যাদের বিরুদ্ধে ধর্ষণের মামলা ছিল সেটা তুলে নেওয়া হয়েছে। এটা অত্যন্ত লজ্জার কথা। মুখ্যমন্ত্রী এখানে আসবেন, তিনি পুলিশ প্রশাসনের কাছে কৈফিয়ত চান যে কেন ধর্ষণের আসামীর বিচার হল না, কেন তার বিরুদ্ধে যে ধর্ষণের অভিযোগ ছিল সেটা প্রত্যাহার করে নেওয়া হল? এটা আমরাও জানতে চাই।

শ্রী দীপক চন্দঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী এবং উল্টোদিকে আমাদের অপোজিশনে সদস্য যারা বসে আছেন তাদের কাছে আবেদন রাখছি। কিছুদিন আগে পত্রিকায় বেরিয়েছিল যে একজন মাস্টার মহাশয় যিনি সমাজের স্ক্যাম্প এবং সমাজের ম্যাগট তিনি শিক্ষকতার নামে ১৬ বছরের একটি মেয়েকে রেপ করেন এবং পুলিশ তাকে অ্যারেস্ট করে। তারপরে মেয়েটি আমাদের সামাজিক এবং অন্যান্য যে সমস্ত ট্রাবল লজ্জাকর যে সমস্ত জিনিস আছে সেগুলি কাটিয়ে উঠতে চার-পাঁচ দিন সময় লাগে। তারপরে সে তার মাকে বলে এবং তার মা সাহসের সঙ্গে পুলিশকে রিপোর্ট করে। খালি একটা ইস্যু, মেডিক্যাল গ্রাউন্ডে ইনভেস্টিগেশন করার জন্য, মরাল গ্রাউন্ড বাদ দিয়ে পুলিশের উপরে কংগ্রেসি কিছু নেতারা ইন্টারফেয়ারেন্স করে এবং ইন্টারফেয়ারেন্স করে পুলিশ কাস্টোডিতে সেই লোকটাকে রাজার হালে থাকবার ব্যবস্থা করে দেওয়া হয়েছে। আপনারা জানেন যে এটা রেপ কেস করলে, অ্যাসল্ট করলে চার-পাঁচ দিন পরে মেডিক্যাল গ্রাউন্ডে সাক্ষ্য দিয়ে আইডেন্টিফাই করা যাবে না।

জুরিশ প্রুডেন্স দিয়ে আইডেন্টিফাই করা যাবে না। একটা ১৬ বছরের মেয়ে আইডেন্টিফাই করেছে লোকটাকে। সে সাহস নিয়ে পুলিশের কাছে রিপোর্ট করেছে। এই ব্যাপারে আমি আপনাদের কাছে আবেদন করছি এই সামাজিক স্কাম এবং ম্যাগটকে আপনারা আশ্রয় দেবেন না, কোলে তুলে নেবেন না, তাদের ছুঁড়ে ফেলে দিন। ট্রিট হিম লাইক এ স্কাম। ট্রিট হিম লাইক এ ম্যাগট। পুলিশের উপর চাপ সৃষ্টি করবেন না।

শ্রী সৌগত রায়ঃ স্যার, আপনি হয়ত লক্ষ্য করেছেন আজকের হাউসে বেশ কিছু সাংবাদিক একটা ব্যাজ ধারণ করেছেন। ৫০ বছরের ঐতিহ্যবাহী বসুমতি পত্রিকার অফিস রাজ্য সরকার কলকাতায় বন্ধ করে দিয়ে শিলিগুড়িতে নিয়ে চলে যাওয়ার চক্রান্ত করছে। ১৯৭৪ সালে এই বসুমতি পত্রিকাতে তদানিন্তন কংগ্রেস সরকার অধিগ্রহণ করেছিল। তারপর এই বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর তাকে বাঁচানোর জন্য কোনও পদক্ষেপ গ্রহণ করেন নি। বসুমতি পত্রিকার রোটারি প্রেস ভেঙ্গে চুরমার করে সমস্ত জিনিসপত্র বিক্রি করে দেওয়া হয়েছে। বামফ্রন্ট সরকার প্রথমে সিদ্ধান্ত করেছিল যে কলকাতা এবং শিলিগুড়ি থেকে বসুমতি পত্রিকা এক সাথে প্রকাশিত হবে। হঠাৎ কোনও কারণে এই সিদ্ধান্ত পাল্টে ওঁরা বলেছেন যে বসুমতি পত্রিকা কলকাতায় বন্ধ করে দেওয়া হল। শুধু শিলিগুড়িতে বার করা হবে। যে সমস্ত সাংবাদিক সেখানে যেতে চান যেতে পারেন কলকাতায় রাখা যাবে না। রাতের অন্ধকারে ম্যানেজিং ডিরেক্টর সাংবাদিকদের চিঠি পাঠিয়ে শিলিগুড়িতে

যেতে বাধ্য করেছেন। ওখানকার ইউনিয়ন, ন্যাশনাল ইউনিয়ন অফ জারনালিস্টস উভয় মিলে এর বিরুদ্ধে প্রতিবাদ করেছেন। সমস্ত বিধানসভার সদস্যদের খোলা চিঠি দিয়েছে। স্যার, যখন এই সরকার কেন্দ্রীয় সরকারের বিদায় নীতির বিরোধিতা করছে তখন এই বসুমতি পত্রিকা কলকাতায় বন্ধ করে দেবার চক্রান্ত করছে, রাজ্য সরকারের সৃষ্টি এই বিদায় নীতি অবলম্বন করে। ম্যানেজিং ডিরেক্টরের দুর্নীতির জন্য এই সমস্ত ঘটনা সেখানে ঘটছে। আমি তাই আপনার মাধ্যমে বুদ্ধদেব বাবুর কাছে আবেদন করছি অবিলম্বে এই আদেশ প্রত্যাহার করুন এবং সাংবাদিকদের এখানে থাকার ব্যবস্থা করুন।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ঘটনা হাউসের সামনে বলতে চাই। আজকে আন্তর্জাতিক একটা ঘটনা সংবাদপত্রে দেখে অত্যন্ত আশংকা বোধ করছি। আমেরিকা অস্ত্রপ্রসার রোধ করবে আমাদের ভারতবর্ষের উপর ইরাকের সমানভাবে। কয়েক দিন আগে কিউবাকে চাল দেওয়ার জন্য আমাদের আমেরিকা গম দেওয়া বন্ধ করে দিয়েছে। আজকে সারা পৃথিবীর সমস্ত দেশের উপর চাপ সৃষ্টি করছে। সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যাওয়ার পরে সারা পৃথিবীর দেশগুলির উপর তাদের রাষ্ট্র ব্যবস্থা কায়েম করতে, তাদের খবরদারিতে রাখতে তারা বদ্ধপরিকর। এখানে এটা আলোচনার বিষয় না হলেও পশ্চিমবাংলার সমস্ত লোকের এই ব্যাপারে প্রতিবাদ এবং বিরোধিতা করার সময় এসেছে বলে আমি মনে করি। তাই আপনার কাছে আমার নিবেদন এই ব্যাপারে আমরা সকলে মিলে একটা প্রস্তাব আনি। এই ব্যাপারে আপনি উদ্যোগ নিয়ে সকলকে বলুন একটা প্রস্তাব আনতে আমেরিকা যেন তার আগ্রাসী নীতি বন্ধ করে।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয় রাখতে চাইছি। এটা শুধু আমার বিষয় নয়, সকলের বিষয়। আজকে যে সমস্ত জায়গায় বোরো চাষ হচ্ছে বিদ্যুতের অভাবে বিভিন্ন জায়গায় বোরো চাষীরা মার খাচ্ছে। নিশ্চয়ই ইতিমধ্যে আপনাদের কাছে সংবাদ এসেছে বিভিন্ন জেলা থেকে। যেহেতু বোরো চাষিরা বোরো চাষ করছে শ্যালো টিউবওয়েল এবং ডিপ টিউবওয়েলের উপর নির্ভর করে, বিদ্যুতের অভাবে তারা বোরা চাষে জল দিতে পারছে না। আপনারা নিশ্চয়ই সংবাদপত্রে দেখেছেন নদীয়া জেলায় দুটি চাষী আত্মহত্যা করেছে বোরো চাষে জল দিতে পারছে না বলে। আমি আবেদন করব—বিদ্যুতমন্ত্রী এখানে ছিলেন—সকল পার্টির তরফ থেকে বিদ্যুতমন্ত্রীর কাছে আবেদন জানানো হোক যাতে বিদ্যুতের অভাবে যে বোরো চাষ হচ্ছে সেটা যেন মার না খায়। এখন যেখানে খাদ্য সংকট চলছে সেই অবস্থায় চাষীরা যাতে বোরো চাষের জল পায় তার জন্য মন্ত্রী মহাশয় যেন বিশেষ ব্যবস্থা নেন। আর মাত্র ১০-১৫ দিন জল দিলে বোরো চাষ সম্পূর্ণ হবে। সেইজন্য আমি আপনার মাধ্যমে বিদ্যুতমন্ত্রীর কাছে আবেদন জানাব, আপনি কৃষিমন্ত্রীর সঙ্গে কথাবার্তা বলুন কিভাবে কি করা যায় এবং এই বিষয়ে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করুন যাতে পশ্চিমবাংলার কৃষিজীবী মানুষ উদ্ধার পায়।

[1-10 — 1-40 P.M.] [Including adjournment]

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র যিনি মেনশন করলেন, সত্যরঞ্জন বাপুলি মহাশয়, তাঁকে পূর্ণ সমর্থন করে বলি যে এদিকে বিশেষ দৃষ্টি দেওয়া

দরকার। সেই সঙ্গে সঙ্গে আমি আরও একটি গুরুত্বপূর্ণ ঘটনার কথা মাননীয় বিদ্যুতমন্ত্রীকে জানাতে চাই। রাজ্যের বিদ্যুৎ সংকট মোচনে রাজ্য সরকার রক্ত দিয়ে বক্রেশ্বর গড়বেন বলেছিলেন। বীরভূম জেলার মুরারই অঞ্চলে গত ২রা মার্চ থেকে অন্ধকারে ডুবে গেছে। বিদ্যুতের অভাবে পানীয় জলের সরবরাহ বন্ধ হয়ে গেছে। শ্যালো টিউবওয়েলে বিদ্যুৎ নেই, এর ফলে মাঠের ফসল শুকিয়ে যাচ্ছে। এছাড়া দোকানপাট, ছোট ছোট কল-কারখানা যেগুলো আছে সেগুলো সব বন্ধ হয়ে যাচ্ছে। আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই অচলাবস্থা দূর হয় তারজন্য তিনি যেন বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করেন, এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this Stage the House was adjourned till 1-45 P.M.)

(After recess)

[1-45 — 1-55 P.M.]

শ্রী সিদ্ধার্থশংকর রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ঘর এত ঠাণ্ডা যে আমদের মতো কোমরে ব্যাথা যাদের তাদের অসুবিধে হয়ে যাবে এবং সেই সঙ্গে আপনার স্টাফদেরও খুব ঠাণ্ডা লাগছে।

মিঃ স্পিকার ঃ ঠিক আছে মেশিন বন্ধ করার ব্যবস্থা করছি।

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে আমি এই ১৯৯১ সালের মার্চ মাসে প্রথমেই বলতে চাই যে, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সারা ভারতের সমস্ত মুখ্যমন্ত্রীর রেকর্ড ছাড়িয়ে দীর্ঘ সময় ধরে একটি রাজ্যে একাধিকক্রমে মুখ্যমন্ত্রী থাকায় ডাঃ বিধানচন্দ্র রায়ের রেকর্ডকে অতিক্রম করেছেন এবং বিহার ছাড়া ভারতের মধ্যে সর্ববৃহৎ মন্ত্রিসভা গঠন করার জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং তাঁর মন্ত্রিসভার সদস্যদের অভিনন্দন জানাচ্ছি। আজকে অভিনন্দন জানাচ্ছি এবং সেই সঙ্গে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর থাকার কথা, কিন্তু তিনি নেই। অবশ্য আপনি কথাগুলো পাস করিয়ে দেবেন, আপনি সব সময়েই ট্রেজারি বেঞ্চের ভূমিকা পালন করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় রাজ্যপালের ভাষণ বস্তুত এবং প্রকৃতপক্ষে রাজ্য সরকারের ভাষণ। আজকে রাজ্য সরকারের ভাষণে সংবিধান ১৭৬ ধারায় যেকথা বলার কথা ছিল তার ধারণাটি দিয়ে যেতে দিতে পারেনি। আজকে এই ভাষণের প্রথম, দ্বিতীয় এবং শেষের দিকের লাইন ছাড়া সব ব্যাপারগুলিতেই পরস্পর বিরোধী, অতিরিক্ত দাবি সম্পর্কে অর্দ্ধ সত্য দাবি প্রচ্ছন্নভাবে প্রকাশ্যে আসতে পারে। স্বভাবতই প্রাক্তন অর্থমন্ত্রীর পরামর্শক্রমে এটা করা হয়েছে। এটা বিস্তর খারাপ ব্যাপার। ১৯৫২ সালের ইলেকশনে তৎকালীন ক্ষমতাসীনরা পরাজিত হয়েছিলেন, কাউন্সিল ছিল তখন। আজকের মুখ্যমন্ত্রী সেদিন সমালোচনা করেছিলেন ব্যাকডোর দিয়ে আনা হয়েছে। আজকে প্রাক্তন অর্থমন্ত্রী পরাজিত হয়েছেন তাই মাননীয় মুখ্যমন্ত্রী তার পুনর্বাসনের ব্যবস্থা করেছেন, স্যার এই রকম নজির আর নেই। আজকে এই ভাষণে আদার দ্যান ফার্স্ট অ্যান্ড

সেকেন্ড প্যারা বাকি প্রতিটি ছত্রের আমি বিরোধিতা করছি। মাননীয় সরকার পক্ষ এবং বিশেষ করে মুখ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে চাই সরকার বলতে তো মানুষের বোথ পুলিশ আইনশৃঙ্খলা আর কি রাজ্যের আইনশৃঙ্খলা। এই হাউসে শুনলাম আজকে মাননীয় বিধানসভার সদস্য হরিশচন্দ্রপুরের তিনি এখানে বললেন বাসে ডাকাতি হচ্ছে, পুলিশ আছে বাসে কিন্তু কে আক্রান্ত এম. এল. এ.। আবাব দেখবেন কলকাতার আইনশৃঙ্খলা যেখান থেকে নিয়ন্ত্রিত হয় সেই লালবাজার থেকে যে সমস্ত ঘটনা ঘটছে তাতে আমরা বিচলিত। লালবাজারে প্রতিদিন ডাকাতি হচ্ছে যেখানে আইন নিয়ন্ত্রিত হয়। স্যার, আপনার কাছ থেকে শুনেছিলাম আমাদের যে মেস আছে, এই রাজদণ্ড নাকি পরিবর্তন হয়ে গেছে, এটা কি চুরি হয়ে গেছে, বদল হয়ে গেছে—এত লজ্জার ব্যাপার, এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী কি এর জবাব দেবেন, আজকে আমরা কোথায় যাব? লালবাজারে যেখানে আইনশৃঙ্খলার পীঠস্থান, যেখানে আইনশৃঙ্খলা রক্ষা করার কথা সেখানে যদি নিরাপত্তা না থাকে তাহলে মানুষ নিরাপত্তা পাবে কোথায়? আজকে বাসে নিরাপত্তা নেই, যাতায়াতে নিরাপত্তা নেই, গৃহে নিরাপত্তা নেই, মহানগরীতে নিরাপত্তা নেই। প্রতিদিন আপনারা দেখবেন এই বিধানসভাতে অনেকে বলছে পুলিশ মানুষ কর্তৃক পরিত্যক্ত হয়েছে। মেদিনীপুরের খেজুরিতে পুলিশ বয়কট সেখানে গণ আন্দোলন হয়েছে, ভারতবর্ষের কোথাও এই জিনিস হয়েছে? এখানে ৩৪৪টি থানা এই জিনিস কোথায় হয়েছে? আজকে খন্যানে পুলিশকে ধরে জনতা মারধোর করছে—কি জন্য? এর পরে হয়ত মাননীয় সদস্য দেবনারায়ণ চক্রবর্তী বলতে উঠবেন। আজকে নির্বাচনী এলাকায় আমরা দেখি পুলিশ সেখানে প্রশাসনের হয়ে কাজ করেন, পুলিশ নাকি সঠিক দায়িত্ব পালন করছে, পুলিশের দায়িত্ব নাকি বেড়ে গেছে, তারা সংবিধান রক্ষা করে, মানুষের জীবনের নিরাপত্তা রক্ষা করে, রাজ্যের এই পুলিশের জন্য যখন ব্যয় হত ৯ কোটি টাকা তখন জ্যোতিবাবু বিরোধী দলের নেতা হিসাবে বলেছিলেন এই পুলিশের জন্য ৯ কোটি ব্যয় হবে—এটা কি? আজকে দেখতে পাচ্ছি ১৯৯০-৯১ সালে সেই পুলিশের জন্য আপনারা ব্যয় করেছেন ৩৫৮ কোটি টাকা এবং পরবর্তীকালে আরও নিয়েছেন সাপ্লিমেন্টারি করে ৩২ কোটি টাকা ; আমি জিজ্ঞাসা করি এই পার্থক্যটা কিসের জন্য? আজকে পুলিশের যে ব্যয়টা তুলে ধরা হয়েছে বিজ্ঞানের উন্নতির সঙ্গে, টেলিকমিউনিকেশনের উন্নতির সঙ্গে তার জন্য তো ব্যয় বাড়তে পারে, এটা তো দেখা দরকার কেন বাড়ছে। মাননীয় মুখ্যমন্ত্রী সুকৌশলে পুলিশকে নিজের দলের কাজে ব্যবহার করেছেন পঞ্চায়েতি নির্বাচনে, কলকাতা কর্পোরেশনের নির্বাচনে, প্রতিটি ক্ষেত্রে আজকে সমাজ বিরোধীদের সঙ্গে এক সাথে তারা যেভাবে ব্যবহার করেছেন তার জন্য সাধারণ মানুষ রুখে দাঁড়িয়েছে। তাই খন্যানের ঘটনা বিচ্ছিন্ন ঘটনা নয়, মেদিনীপুরের ঘটনা বিচ্ছিন্ন ঘটনা নয়, আজকে দি পুলিশ আর হ্যাট্রেড ইন দি আইজ্‌স অফ দি পিপল।

আজকে এর বিরুদ্ধে পুলিশের মধ্যে বিক্ষোভ আরম্ভ হয়েছে। আজকে পুলিশের এই ঘটনার জন্য পাঁচটি কমিশন করতে হয়েছে। এই কমিশন করে কি প্রতিকার হয়েছে এবং এই কমিশনের কি রিপোর্ট হয়েছে সেটা আমরা আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই? স্যার, কালকে মুখ্যমন্ত্রী বলেছেন আমাদের সতর্ক থাকতে হবে। কোনও কেসের বিচার তো করবে আদালত এবং সল্টলেকে আপনারা আইন-আদালতের ব্যাপারে একটা ব্যবস্থাও করলেন। কিন্তু আইন-আদালত তো সাহায্যের জন্য বিচারের জন্য নয়? আজকে পুলিশ অপরাধী ধরছে, পুলিশই বিচার করছে। আদালতের বিচার করার জন্য নয়? আজকে পুলিশ অপরাধী

ধরছে, পুলিশই বিচার করছে। আদালতের বিচার করার কোনও স্কোপ নেই। মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর রাজত্বকালে একাধিকবার পুলিশ লক আপে অপরাধিদের হত্যা করা হয়েছে। আজকে আমরা দেখতে পাচ্ছি পুলিশ অপারাধীকে ধরে নিয়ে গিয়ে লকআপে হত্যা করা হয়েছে। এবং তার কোনও প্রতিকার নেই। গত ২১শে নভেম্বর হরিরামপুর থানার পুলিশ আমার পাশের বাড়ির একটি ছেলেকে ধরে নিয়ে যায় এবং ছেলেটিকে থানায় নিয়ে গিয়ে প্রচন্ডভাবে মারা হয় এবং তার ফলে ছেলেটির মৃত্যু হয়। এই ব্যাপারটা আমি মাননীয় মুখ্যমন্ত্রীকেও জানিয়েছিলাম। ছেলেটির বাড়ির লোকজন ডেডবডিটি পোস্টমর্টেম করার কথা বললে পুলিশ তাদেরকে ভয় দেখায়। এই ব্যাপারটা নিয়ে আমি শুধু মাননীয় মুখ্যমন্ত্রীকেই চিঠি দিইনি, ডি. জি. ও এস. পি.-কেও চিঠি দিয়েছিলাম। প্রতি বছর আমরা এই রকম ঘটনা দেখতে পাচ্ছি, কিন্তু এর কোনও প্রতিকার নেই। আপনারা বলেছেন যে পুলিশ লকআপে ৮১ জনের মৃত্যু হয়েছে, কিন্তু আমাদের হিসাবে ১৫০ জনের মৃত্যু হয়েছে। যদি আপনাদের দেওয়া তথ্যই ধরে নিই, তাহলে বলুন কোনও সভ্য দেশে পুলিশ লক-আপে ৮১ জনের মৃত্যু হয়? ক্রিমিনাল প্রসিডিওর অ্যাক্ট অনুযায়ী ২৪ ঘন্টার বেশি কোনও ব্যক্তিকে পুলিশ লক-আপে রাখা যায় না। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি ১৪/১৫ দিন ধরে এক একজনকে পুলিশ লক-আপে রেখে দেওয়া হচ্ছে। এমনকি অন্তস্বত্তা মহিলাদেরও থানার লকআপে রেখে দেওয়া হচ্ছে। এর থেকে তারাও রেহাই পাচ্ছে না। থানায় আপনার কতজন করে মহিলা পুলিশ আছে যে আপনি মহিলাদের থানার লক-আপে রেখে দিচ্ছেন? আপনার কাছে তারা প্রতিকার চাইছে। আমরা জানি আপনি নিজে খুব ব্যস্ত মানুষ। জাতীয় রাজনীতিতে আপনার গুরুত্ব অনেক। আজকে ভারতের যা অবস্থা তাতে আপনাকে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রান্তে যেতে হচ্ছে। কিন্তু যে অত্যাচার পুলিশ আজকে করছে সেটা তো আপনাকে দেখতে হবে? এর প্রতিকার আমরা দেখতে পাচ্ছি না এবং এর প্রতিকারের ব্যাপারে আমরা আপনার কাছে জানতে চাই। তাই আজকে মনে পড়ে যায় সেই কথাটি 'পাপে যারা ডুবিয়াছে, যাবে তারা কার কাছে'। তাই আপনাকে আমরা জিজ্ঞাসা করতে চাই একজন স্কুলে ছাত্রকে ধরে নিয়ে গিয়ে ৩০৭ ধারা দেওয়া হল কোন অধিকারে? বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় যখন সেচের জলের জন্য বারুইপুরে আন্দোলন করছিলেন তখন পুলিশ তাকে ধরে নিয়ে গিয়ে ৩০৭ ধারা দিয়েছে কোন অধিকারে? আজকে জানতে চাই পুলিশকে এই অধিকার কে দিয়েছে? আপনারাই পুলিশকে এই অধিকার দিয়েছেন, কারণ পুলিশকে নির্বাচনের জন্য অবাধে আপনারা ব্যবহার করেছেন, তার জন্য এই অধিকার আপনারা তাদের দিতে বাধ্য হয়েছেন। নইলে এই সংখ্যা আপনাদের আসত না। এই হচ্ছে আজকে পশ্চিমবঙ্গের প্রকৃত চিত্র। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন আজকে রাজ্যপালের ভাষণে পরোক্ষভাবে কেন্দ্রের নীতির প্রতি কটাক্ষ করা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে যখন কেন্দ্রের এই পলিসি সম্বন্ধে জিজ্ঞাসা করা হয়েছিল তখন তিনি কিছু বলেননি। কিন্তু আজকে আমরা দেখতে পেলাম যে ভারতের ফিসক্যাল পলিসি ও কেন্দ্রীয় বাজেট নিয়ে বিভিন্ন কথা বলছেন ও তার বিরোধিতা করছেন।

আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে বলা হয়েছে—লোন ফ্রম আই. এম. এফ., লোন ফ্রম ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আজকে রাজ্য সরকার চলছে কি করে? ট্রান্সপোর্ট কাদের দিয়ে চলছে? এখানে মাননীয় ফিশারিজ ডিপার্টমেন্ট কাদের দিয়ে চলছে? মাননীয় মন্ত্রীতো জানেন। সরকারি

দপ্তরের যে পরিকল্পনা হচ্ছে—আজকে রাজ্য সরকার যদি ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে লোন নিতে পারে তাহলে কিছু হয় না, কিন্তু ভারত সরকার যদি লোন নেয় তাহলে মহা পাপ হয়ে গেল। আজকে কেন এই ডাবল স্ট্যান্ডার্ড? এর জবাব মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই।

আজকে এও জানতে চাই, আই. এম. এফের যে কন্ডিশনালিটিস বিদেশি পুঁজি বিনিয়োগের যে বাধ্য, আজকে কি অবস্থা এখানে দাঁড়িয়েছে? আজকে আমাদের বিগত নির্বাচনে, বিগত অধিবেশনে মাননীয় বিরোধীদলের নেতা মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছিলেন অফ অল দি স্টেটস ইন ইন্ডিয়া, ২৫ স্টেটস, নাম্বার অফ আনএমপ্লয়েড মেন পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি। এটা আমি গত বছরে বাজেট অধিবেশনের সময় বলেছিলাম। নিয়ার অ্যাবাউট ফিফটি ল্যাখস আনএমপ্লয়েড মেন রয়েছে এখানে। বাই দিস টাইম এ বছর এটা ৫২ ল্যাখসের কাছাকাছি হয়ে গেছে। এখানে আনএমপ্লয়মেন্ট বৃহৎ সমস্যা। মহামান্য রাজ্যপালের ভাষণের ৩২ নম্বর প্যারার মধ্যে এই ৫২ লক্ষের অর্থাৎ ৫২ লক্ষ বেকারের কর্মসংস্থানের কথার কোনও উল্লেখ নেই। এই ব্যাপারে কি কোনও চিন্তা করেছেন? আজকে যদি জিজ্ঞাসা করি, আই. এম. এফ., ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে লোন নেওয়ার অপরাধে আপনি কি অপারাধী নন?।

আপনি বলেছেন "প্রতিক্ষণে" প্রকাশিত এক সাক্ষাৎকারে ডাঃ বিধান রায় সম্পর্কে—আমি কমিউনিস্ট আর উনি আমার ধারণা দেশের কায়েমী স্বার্থের প্রতিভূ। ওর বিষয়ে আমার যা বক্তব্য সেটা আমি বলেছি তবুও কতকগুলি ব্যাপার ছিল যেখানে ওর সঙ্গে আলোচনা করা যেত, কথা বলা যেত, একসঙ্গে প্রভাব নেওয়া যেত অ্যাসেম্বলিতে। উনি তো ঠিক সরাসরি রাজনীতিতে ছিলেন না সারাজীবন। অন্য কংগ্রেস নেতাদের সঙ্গে তুলনা হয় না। সেদিক থেকে আর আমাকে কি বলেছেন তা আমি কি করে বলব।

মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে পারি, এই ১৫ বছর ধরে মুখ্যমন্ত্রিত্ব করছেন, অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন, ফিসকাল পলিসি, ইন্ডাস্ট্রিয়াল পলিসির উপর অনেক কথা বলেছেন, বিকল্প প্রস্তাব দিয়েছেন। আজকে জিজ্ঞাসা করতে পারি, রাজ্য সরকারের কাছে—অপোজিশনের কি কোনও গুরুত্ব নেই? অপোজিশন ইজ এ পার্ট অফ দি গভর্নমেন্ট। আজকে সংবিধানের বিধিকে লঙ্ঘন করেছেন। এর জবাব কি পেতে পারি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে?

আপনি যখন বিরোধী দলের নেতা ছিলেন একাধিকবার একাধিক বিষয়ে আপনি তখন তদানিন্তন ডাঃ রায়ের কাছে সহযোগিতা পেয়েছেন একাধিক বিষয়ে। আর আপনি যখন মুখ্যমন্ত্রী, এত বড় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন—আই. এম. এফ. লোন ওয়ার্ল্ড ব্যাঙ্ক লোন, ফিসকাল পলিসির, কন্ডিশনের উপর অনেক কথা বলেছেন, অলটারনেটিভ প্রস্তাব দিয়েছেন, কিন্তু একবারও কি আলোচনা করেছেন বিরোধীদলের সঙ্গে? একবারও কি কথা বলেছেন বিরোধী দলের সঙ্গে? মাননীয় মুখ্যমন্ত্রী কি এর জবাব দেবেন দয়া করে? না কি মুখ্যমন্ত্রীর আসনে বসলে সকলেই অর্থনীতির উপর পান্ডিত্য দাবি করতে পারে? আজকে জিজ্ঞাসা করতে পারি, ইন দি কনসেপশন অফ ডেমোক্র্যাসি অপোজিশন ইজ এ পার্ট অফ দি গভর্নমেন্ট। আজকে তুচ্ছ, তাচ্ছিল্য করে চলছেন অপোজিশনকে। আজকে অপোজিশনকে

ব্যাঙ্গ, বিদ্রুপ করছেন। আজকে অপোজিশনকে কোথায় নিয়ে গেছেন? ডাঃ রায়ের আমলে তো আপনি নিজে বলেছেন, ওর সঙ্গে কথা বলা যেত, ওর সঙ্গে বসে সিদ্ধান্ত নেওয়া যেত। কাউকে কাউকে কখনও আবার দেখেছি আপনাদের সাথে হাত মেলাতে আবার পরে এসে অপোজিশনে আসতে। না কি আপনি ইচ্ছে করে কাউকে কাউকে অপোজিশনের মধ্যে ঢুকিয়ে দিয়েছেন—অপোজিশনের মধ্যে বিরোধ ঘটাবার জন্য, অপোজিশনের মধ্যে বিচ্ছেদ ঘটাবার জন্য। আজকে আপনি ফিসকাল নীতির বিরোধিতা করেন? আজকে আপনাকে জিজ্ঞাসা করতে পারি, লোকসভায় রাষ্ট্রপতি ভাষণের উপর বিতর্কে যাকে দিয়ে বিরোধিতা করবার জন্য তুলে ধরেছেন তার কিছু কিছু বক্তব্য তুলে ধরি। আজকে যাকে নেতা বলে মনে করছেন, ন্যাশনাল ফ্রন্টের সেই নেতা তখন তিনি যা বলেছিলেন—হান্ড্রেড ইয়ারস অফ কংগ্রেস ইন ১৯৮৫ তখন তার বিরোধিতা করেছেন। আজকে তাকে কংগ্রেসের বিরোধিতা করবার জন্য দাঁড় করিয়েছেন আর আপনারা সমর্থন করছেন।

সেই ভি. পি. সিং তিনি যদি বলেন সেটা বেদবাক্য, ওই কথা মনোমোহন সিং যদি বলেন তাহলে অছ্যুৎ। আজকে বিরোধিতা করতে রাজ্যপালকে দাঁড় করিয়ে তার মুখ দিয়ে ভাষণ দেওয়াচ্ছেন। এই যে পরস্পর বিরোধিতা তার জবাব আপনি কি দেবেন? এই যে ফিসক্যাল পলিসি এটা হঠাৎ নূতন কিছু নয়। It is an evaluation at the policy adopted after 1980. একথা অস্বীকার করতে পারবেন না। ক্রমবর্ধমান ক্রম বিবর্তনের মধ্যে দিয়ে আমাদের অর্থনীতি চলছে। আমরা ক্রমবিবর্তনের পথে চলেছি। আজকে বিদেশি পুঁজির বিরোধিতা করছেন। চিনে নিয়োগ নিয়ে বিরোধিতা করেছেন কি? সেখানে বিদেশি পুঁজির বিনিয়োগ নাইন টাইমস দ্যান ইন্ডিয়া। আমাদের নিয়োগ মাত্র ২৮০ মিলিয়ন ডলারস। এর নয় গুণ চিনে নিয়োজিত। আজকে কি অবস্থা দাঁড়িয়েছে? আপনাদের বিরোধিতা করতে শুনি নি। আপনি তো বলেছেন, আপনি কমিউনিস্ট, আপনি জ্যোতিবাবু বলেছেন আপনি কমিউনিস্ট। কমিউনিস্ট দুনিয়া তো উঠে গিয়েছে। সবিনয়ে জিজ্ঞাসা করতে পারি, সোভিয়েত রাশিয়া মেলটিং অ্যাওয়ে, পূর্ব ইউরোপ চলে গিয়েছে, চিন বিদেশি পুঁজি নিয়োগ করেছে, চিন প্রাইভেটাইজেশন অফ দি রেলওয়েস করেছে, আজ চায়না নেই, কিউবা ছাড়া আপনাদের দোসর কোথায় আজ? কেরলে মুছে গিয়েছেন, ত্রিপুরায় পায়ের নিচে মাটি নেই, আজকে সেখানে দলীয় কমিটির নির্বাচন পর্যন্ত করতে পারেন না। আপনি কটাক্ষ করেছেন কংগ্রেস নাকি দলীয় নির্বাচন করতে পারে না। আপনারা কি ত্রিপুরায় নির্বাচন করতে পেরেছেন? আপনি তো পলিট ব্যুরোর সদস্য। আপনি তো পার্টির বেনামদার সেক্রেটারি। আপনাদের যিনি সেক্রেটারি হয়েছেন অল ইন্ডিয়া কমিউনিস্ট পার্টি (মার্কসিস্ট)-এর তিনি আপনারই লোক। এটা আমরা সংবাদপত্রে জানতে পেরেছি। আজকে ত্রিপুরায় কি আপনারা দলীয় নির্বাচন করতে পেরেছেন? আজকে কংগ্রেসের অভ্যন্তরীণ নির্বাচন নিয়ে আপনি কটাক্ষ করেন, কিন্তু আপনার দল আছে কোথায়? আপনি বলেছেন পশ্চিমবঙ্গ থেকে অভিযান যাত্রা শুরু করে সারা পৃথিবী নাকি জয় করবেন। কমিউনিস্ট তো উঠে চলে গিয়েছে। আজকে জিজ্ঞাসা করি, সোভিয়েত ইউনিয়ন গেল, চিন গেল, কেরালা গেল, ত্রিপুরা গেল। পশ্চিমবঙ্গে পুলিশ আছে, গুন্ডা আছে বলে আপনি আছেন। তা না হলে তো আপনাকে তো এখানকার মানুষ বর্জন করেছে। অঙ্ক কি বলে? বামফ্রন্টের বিরুদ্ধে বেশি ভোট পড়েছে। পশ্চিমবাংলায় বামফ্রন্টের বিরুদ্ধে যে ভোট পড়েছে, তার সংখ্যা বেশি। আজকে বারবার বলেন কংগ্রেস মাইনরিটি

গভর্নমেন্ট। আপনারা কি মেজরিটি ভোট নিয়ে এখানে আছেন? আপনারা তো মেজরিটি ভোট পেয়ে সরকার করেন নি, You have not formed the Government with fifty-one per cent of the vote polled, and that even after employment of anti-social and police.

আজকে সেকথা আপনি অস্বীকার করবেন কি করে? আপনাদের কি কোনও অধিকার আছে কেন্দ্রীয় সরকারকে অবজ্ঞা করার। তখন আপনি করেন নি। এই নেতৃত্বকে স্বীকার করে নিয়েছেন। ইন্ডাস্ট্রিয়াল পলিসি সম্বন্ধে বলেছেন, The reforms in fiscal policy noted above, as well as those spelt out in the long-term fiscal policy, should greatly improve the climate for industrial investment and activity. In addition we have undertaken a wide array of policy initiatives to improve industrial productivity and employment. These initiatives have included the delicensing of a large number of industries, rationalization of MRTP provisions, the broad banding of licences in some key sectors, and special policy packages for sectors such as computers, electronics, textiles, drugs and sugar. The basic thrust of these measures has been to increase competition and cost consciousness in the industrial sector. At early stages of our industrial development it was entirely appropriate to use our system of industrial licensing and import licencing to guide resources into the priority industrial sectors. But, over time, the same instruments of policy have become barriers to entry for new-comers and have protected the early entrants from competition. This inturn has allowed early entrants in their respective fields to reap monopoly profits and pay scant attention to cost and quality. The measures we have taken will reduce monopoly profits and bring about healthy competition, which in turn, should reduce costs over time, increase productivity and facilitate a more rapid expansion in industrial output and employment.

ভি. পি. সিং তখন তো বিরোধিতা করেন নি। বিশ্বনাথ প্রতাপ সিং সেদিন তো বলেছেন, হ্যান্ড্রেড ইয়ারস অফ দি ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস (১৯৮৫), তখন তো বিরোধিতা করতে শুনি নি। আপনার তাহলে লক্ষ্য কি, আপনার দলে গেলে তখন সে শুদ্ধ হয়ে গেল। একই কথা আপনি বলেছেন আইনমন্ত্রী সম্বন্ধে।

আজকে ইন্ডাস্ট্রিয়াল পলিসিতে কি তফাৎ? এখানে ইন্ডাস্ট্রিয়াল পলিসি অব ইন্ডিয়ার অবজেকটিভসে যে কথা বলা হয়েছে সেটা হচ্ছে for higher growth, employment, compitition and quality. আজকে আপনার এখানে ৫২ লক্ষ বেকার। শিক্ষিত বেকার। রেজিস্টার্ড বেকার। আপনারা তাদের কথা ভাবছেন না। আজকে আপনারা হাত মেলাচ্ছেন টাটার সঙ্গে। আমরা অবশ্য সমর্থন করি। আগে গোয়েঙ্কা, আম্বানি, বিড়লার সঙ্গে মিলিয়েছেন। আজকে জিজ্ঞাসা করি, যদি সোশালিস্টিক প্যাটার্ন অব সোসাইটি হয়....

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে জিজ্ঞাসা করি, যদি আজকে সোশালিস্টিক প্যাটার্ন ধরে নিতে হয় ইকনমির তাহলে পাবলিক সেক্টারের একটা ভূমিকা আছে। আপনি একাধারে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির মিনিস্টারও বটে। আপনার আন্ডারেই ছিল পাবলিক আন্ডারটেকিংস। আজকে বিরোধী দলের নেতা সিদ্ধার্থশঙ্কর রায় ১৯৭২ সালে পৃথক পাবলিক আন্ডারটেকিং ডিপার্টমেন্ট তৈরি করে ১২ টা পাবলিক সেক্টার আন্ডারটেকিংকে সেই দপ্তরের নিয়ন্ত্রণে এনেছিলেন। আমরা জানি, ১৯৬৭ এবং ১৯৬৯ সালে আপনারা কিছুদিন ক্ষমতায় ছিলেন। আপনারা যে সময় এখানে ক্ষমতা ছিলেন তখন এখানে ইন্ডাস্ট্রিয়াল ক্লাইমেট বলে কিছু ছিল না। ওয়ার্ক ক্যালচার এখান থেকে উঠে গিয়েছিল। Gherao was the moatto of the day.

(গোলমাল)

আজকে যদি এই অবস্থা হয়—স্যার, কাগজে পড়ে আমি বিচলিত, দুর্গাপুর প্রোজেক্ট ২০ কোটি টাকার প্রোজেক্ট, ডাঃ রায় তৈরি করেছিলেন, আজকে It was come under public sector industry. Coke for catoring the ancillary and other industries there in Durgapur area. আজকে দুর্গাপুর প্রোজেক্টে ২ শো কোটি টাকা আপনি অ্যাডিশন করেছেন, সিক্সথ পাওয়ার প্ল্যান্ট আপনি তৈরি করেছেন, সেই দুর্গাপুর আজকে উঠে যেতে বসেছে। আমরা শুনছি সেটা নিয়ে নাকি টানাটানি চলছে। টাটা বলছে দাও, গোয়েঙ্কা বলছে দাও। মড়া পড়লে যেমন ভাগাড়ের অবস্থা হয় সেই রকম আর কি। আজকে কি করে বলেন these industries should be nationalised আমি, ডাঃ জয়নাল আবেদিন, আমি এক সময় পাবলিক সেক্টার আন্ডারটেকিংসের মিনিস্টার ছিলাম, আমি দায়িত্ব নিয়ে একথা বলছি, আপনি ব্যালেন্স শিট দেখুন, অডিট রিপোর্ট দেখুন, ৫ কোটি টাকা লোকসান ছিল ১৯৭১/৭২ সালে, সেটা মেক আপ করে উইদাউট এনি ইনভেস্টমেন্ট, সেখানে by proper management of fiscal policy. পলিসিতে, প্রাইস না বাড়িয়ে ৫ কোটি টাকা লাভে রেখে এসেছিলাম ১৯৭৬/৭৭ সালে। আর আপনাদের সময় ১৫ বছরে সেটা উঠে যেতে বসেছে। After investment at Rs. 200 crores. আজকে বরো করতে হচ্ছে পাওয়ার। এখানে পাওয়ার মিনিস্টার আছেন, গতবার উনি পাওয়ারের হিসাব দিয়েছিলেন—স্টেটমেন্ট অব ডবলু. বি. এস. ই. বি.—তাতে একটা ভয়াবহ চিত্র দেখতে পাচ্ছি। এক লক্ষ কোটি টাকা নাকি আমাদের বৈদেশিক ঋণ এবং তাতে নাকি আমরা আতঙ্কিত কিন্তু স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের অবস্থা কি? সেখানে বিকজ অব ব্যাড ম্যানেজমেন্ট যে অবস্থা হয়েছে তাতে সেখানে অ্যাকুমুলেটেড ডেফিসিটি ২৯শো ১১ কোটি ৯ লক্ষ টাকা—প্রায় তিন হাজার কোটি টাকা। কি অবস্থা আমাদের। একদিকে আপনারা পাওয়ারের দাম বাড়াচ্ছেন, অপরদিকে কি করছেন? এখানে দু জন মাননীয় সদস্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছিলেন যে বোরো চাষে জল পাওয়া যাচ্ছে না। গতবার বন্যা হয়েছে—আনসার্টেন রেনফল, এতে মার্জিনাল ইমপ্রুভমেন্ট হয়েছে। জনসংখ্যা বাড়ছে ফলে খাদ্যের জন্য বাইরের উপর নির্ভর করতে হচ্ছে। জ্যোতিবাবুকে বলব, আপনার এখানে কি অবস্থা সেটা একটু চিন্তা করুন আপনাদের ১৫ বছরের রাজত্বকালে। ভারতবর্ষে গ্রিন রেভলিউশন হয়েছে we are waiting for second green revolution. অথচ আপনারা এখানে কতখানি এগোতে পেরেছেন?

ইন দি ইয়ার ১৯৭৬-৭৭ আমাদের এখানে যা প্রডাকশন হয়েছিল তার থেকে কতটা বাড়াতে পেরেছেন এবং ভারতবর্ষেই বা কতখানি বেড়েছে? এই তুলনামূলক হিসাবটি কি আপনি দেবেন? যে খাদ্য আমাদের মূল্য দিয়ে আনতে হয় সে খাদ্যের উৎপাদন আপনারা কতটা বাড়িয়েছেন? আমরা রাশিয়া থেকে খাদ্য আনি না, আমেরিকা থেকে যে আনব তাও পাচ্ছি না, ওরা দেবে না বলে দিয়েছে, কারণ আমরা কিউবাকে চাল দিয়েছি। মর্ডানাইজেশন ইন্ এগ্রিকালচার যদি হ'ত তাহলে নিশ্চয়ই উৎপাদন বৃদ্ধি পেত। মাননীয় মুখ্যমন্ত্রী আপনাকে আমি সরাসরি বলছি, আপনি ইন্ডাস্ট্রি করলেন না, ইন্ডাস্ট্রি যা ছিল তাও উঠে গেল, অথচ আপনি বলছেন—ইন্ডাস্ট্রিয়াল ক্লাইমেট তৈরি হয়ে গেছে। তা যদি হয়ে থাকে তাহলে এখানে অবশ্যই অ্যাগ্রো বেস্‌ড ইন্ডাস্ট্রি গড়ে উঠা উচিত। একটা অন্তত নাম দিন যে ইন্ডাস্ট্রিটা আপনি করেছেন? আমরা যা করেছিলাম তাও সব আপনার সময়ে উঠে গেল। আমাদের সময়ে ১২টি পাবলিক আন্ডারটেকিং ইন্ডাস্ট্রির মধ্যে মাত্র দু'টি লোকসানে চলত, কল্যাণী স্পিনিং মিল এবং দুর্গাপুর কেমিক্যালস। বাকি ১০টি লাভে চলত। আপনি দায়িত্ব নেবার পর আজকে প্রতিটি ইন্ডাস্ট্রিই লসে চলছে। অথচ আপনারা এখন ইন্ডাস্ট্রিয়াল ডেভলাপম্যান্ট বোর্ড করেছেন। কি ডেভোলাপম্যান্ট হচ্ছে। হ্যাঁ আমরা দেখছি হাউসিং-এ একটা স্টিপুলেশন এসেছে। সেটা প্রোমোটরদের মধ্যে, ডেভেলপারদের মধ্যে, কন্ট্রাক্টরদের মধ্যে এসেছে। আপনারা হাউসিং ডিপার্টমেন্ট শিলিগুড়িতে বাড়ি তৈরি করবে বলছে। গৃহ মন্ত্রী বলেছেন—বাড়ি তৈরি হচ্ছে। বাড়ি তৈরির ক্ষেত্রে যে সমস্ত সিরামিক দ্রব্য প্রয়োজন হয় সেগুলো আমরা দেখছি অন্য রাজ্য থেকে আসছে। তাহলে আপনাদের সিরামিক ডেভেলপমেন্ট কর্পোরেশন কি কাজ করেছে? তারপর আমাদের লেদার ইন্ডাস্ট্রির কি অবস্থা? আজকে মাদ্রাজ থেকে লেদার রপ্তানি হচ্ছে। আমাদের এখানকার বুল হাইড লেদার তো অনেক দূর পৌঁছে গিয়েছিল। তাহলে এখন এই অবস্থা কেন? আমাদের এখানকার লেদার এক্সপোর্ট করে আমাদের লেদার ডেভেলপমেন্ট কর্পোরেশনের মাধ্যমে আমরা আবার অনেক দূর এগুতে পারতাম? আজকে হ্যান্ডিক্রাফ্টস—এই বা আমরা কতটা এগুতে পেরেছি? কোথাও আমরা এগুতে পারছি না। একটা কথাই শুধু এখানে আপনারা বলছেন, এখানে নাকি আগে ২০ মিলিয়ন মিটার কাপড় তৈরি হ'ত, এখন ৪০ মিলিয়ন মিটার কাপড় তৈরি হচ্ছে। এই বৃদ্ধিটা তো কোনও আশ্চর্যের বিষয় নয়, আগে এখানে ২ কোটি ১২ লক্ষ মানুষ বাস করত, এখন ৬ কোটি মানুষ বাস করছে। প্রোডাকশন বাড়তেই পারে। এরজন্য আপনাদের কোনও কৃতিত্ব নেই। স্বাভাবিক নিয়মেই এটা হয়েছে। তা ছাড়া ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং পাওয়ালুম ডেভেলপমেন্ট কর্পোরেশন সিদ্ধার্থশঙ্কর রায় করেছিলেন, কংগ্রেস সরকার করেছিল তার ফলে আজকে ঐ প্রোডাকশন বৃদ্ধি পেয়েছে। এটা করা হয়েছিল ইন দি ইন্টারেস্ট অফ দি উইভারস, দি সেকেন্ড লার্জেস্ট এমপ্লয়মেন্ট ইন দি রুর‍্যাল সেক্টর—কিন্তু আজকে কি আমরা কমপিটিশনে দাঁড়াতে পারছি, দাঁড়াতে পারছি না। সুতরাং আজকে এ বিষয়েও আমাদের ভাবতে হবে। আমাদের সময়ে আমরা যে কাজগুলো শুরু করেছিলাম সে গুলোকে আপনারা দায়িত্ব নিয়ে রুগ্ন করে ফেলেছেন। কেন রুগ্ন করে ফেললেন? আজকে ট্রান্সপোর্ট ব্যবস্থার কি অবস্থা? আপনারা ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে শত শত কোটি টাকা নিয়ে আসছেন, জাপান থেকে নিয়ে আসছেন, অথচ ১৫ বছর হয়ে গেল দ্বিতীয় হুগলি সেতুর কাজ শেষ করতে পারলেন না। আর্বান ডেভেলপমেন্ট মিনিস্টার এখানে উপস্থিত নেই। ঐ দ্বিতীয় হুগলি সেতুর কাজের কস্ট

এক্সকালেশন কি ভাবে বেড়ে যাচ্ছে। এই যে ক্ষতি, এর দায়িত্ব তো আপনাদের নিতে হবে। কোন দেশে এই অবস্থা আছে, কোন সমাজতান্ত্রিক দেশ বলে যে, কিছু লোকের কর্ম-সংস্থানের জন্য পাবলিক এক্সচেকার থেকে এইভাবে খরচ করতে হবে এবং ট্যাক্স বাড়াতে হবে? যারা ট্যাক্স দেবেন, তাদেরও আপনারা কোনও বেনিফিট দেবেন না। কেন কো-অপারেটিভ করে দেবেন না? কেন সেলফ-ম্যানেজমেন্ট-এ দেবেন না? কেন একজিট পলিসি আপনারা নিজেরা মেনে নিয়ে তা পালন করবেন না? অথচ আপনারা দুর্গাপুরকে নিলামে দিচ্ছেন। কেন্দ্রীয় সরকার প্রস্তাব করলেই অপরাধী, আর আপনারা প্রস্তাব করলে অপরাধী হন না। কেন হুগলি ব্রিজ-এর কস্ট এক্সক্লালেশন হ'ল? ১৫৭ কোটি টাকার কাজ যেটা ছিল সেটা আজকে ৪০০ কোটি টাকায় পৌঁছে গেছে। এখন আপনারা বলছেন ৫% মকুব করে দিতে হবে। ভাল কথা, সেটা আমরাও চাই। কিন্তু আপনাদের অকর্মণ্যতার জন্য, ব্যর্থতার জন্য, টাইমকিলিং-এর জন্য আজকে প্রোজেক্ট কস্ট বাড়ছে। আর এর জন্য সাধারণ মানুষদের উপর ট্যাক্সের বোঝা বাড়ছে। আজকে অর্থমন্ত্রী এখানে উপস্থিত নেই, মাননীয় মুখ্যমন্ত্রী আমি আপনাকেই সরাসরি জিজ্ঞাসা করছি গ্রামের মানুষদের সঙ্গে শহরের মানুষদের একটা বিরাট পার্থক্য করে ফেলছেন কেন? আজকে গ্রামের মানুষদের ১০,০০০ টাকার উপর ১০,০০১ টাকা আয় হলেই অ্যাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স দিতে হচ্ছে। আজকে যে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট বা এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট, এই দুটোই ডাঃ বিধানচন্দ্র রায় এবং সিদ্ধার্থশঙ্কর রায় করেছিলেন। আপনারা তারই উত্তরসূরি। আজকে সাধারণ ইনকাম ট্যাক্স রিল্যাকসেশন ২২ হাজার টাকা থেকে ২৮ হাজার টাকা হয়েছে। অথচ এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ১০,০০০ টাকার উপর আয় হলেই দিতে হবে। এর উত্তর আপনাদের কাছ থেকে আমরা পাই না। যারা শহরে বাস করে তাদের ২৮ হাজার টাকার উপর আয় হলে তবে ট্যাক্স দিতে হবে, আর গ্রামের কৃষিজীবীদের ১০,০০০ টাকার উপর আয় হলেই কেন ট্যাক্স দিতে হবে? এই পার্থক্য কেন? গ্রামের মানুষের জন্য এক রকম আইন আর শহরের মানুষের জন্য এক রকম আইন? শহরে এখন নানা কর্মকান্ড চলছে, হুগলি ব্রিজ প্রভৃতি নানারকম উন্নয়নমূলক কাজকর্ম চলছে। এরজন্য গ্রামের মানুষকে শহরের জন্য ট্যাক্স দিতে হবে ক্ষতিপূরণ মেটানোর জন্য? মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে দুটি মহা সংকট শুরু হয়েছে। জুট মিলে ২৮ জানুয়ারি থেকে স্ট্রাইক চলছে। কেউ বলছে ৪১ দিন, কেউ বলছে ৫০ দিন আবার কেউ বলছে ৫১ দিন। আমি এই ব্যাপারে প্রকৃত তথ্য জানতে চাই। এই যে জুট মিল স্ট্রাইক চলছে এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কোনও উদ্যোগ নিয়েছেন জুট মিল স্ট্রাইক বন্ধ করার জন্য? আপনি কি জানেন উত্তরবঙ্গের ৩০ লক্ষ লোক এর সাথে জড়িত। আমি উত্তরবঙ্গ থেকে রিপ্রেজেন্ট করি। এই জুট মিল স্ট্রাইকের জন্য উত্তরবঙ্গের প্রোডিউসারদের অ্যাফেক্ট করছে। তারা আজকে ডিস্ট্রেস সেল করতে বাধ্য হচ্ছে। পাট রেখে দিলে মার্চ মাসে বেশি দাম পাওয়া যায়। যে পাটের দাম ছিল ৬০০ টাকা সেই পাট এখন ৩০০ টাকায় বিক্রি করতে হচ্ছে, ডিসট্রেসড সেল হচ্ছে। আপনারা নির্বাক কেন? এর জবাব কি? আপনারাই বলেছেন গ্রামের শক্তির উৎস গ্রামের মানুষ। অথচ সেই গ্রামবাসীর উপর নির্যাতন চলছে, কোনওরকম ব্যবস্থা গ্রহণ করছেন না। আজকে যারা প্রোডিউসার তাদের ডিস্ট্রেস সেল করতে হচ্ছে, কারণ জুট কর্পোরেশন আর কেনে না। আপনারা স্টেট জুট কর্পোরেশন করেননি, এই ব্যাপারে কোনও উদ্যোগ নেননি। আরও রহস্যের কথা, এগ্রিকালচার মার্কেটিং-এর নতুন ডিভিসন করেছেন,

আলু, পটল, ঝিঙে প্রভৃতি বাড়িতে বাড়িতে বিক্রি করার ব্যবস্থা করছেন। এইসব আলু, পটল, ঝিঙে আমরা বাড়িতে বসে পাব। আপনারা মাছের ব্যবসা আরম্ভ করেছিলেন। মৎস্যমন্ত্রী এখানে আছেন। ১০০ কোটি টাকা ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে নিয়ে পরিকল্পনা করেছেন। গেলবারে শুনলাম ২০ টাকা কেজি দরে বাজারে মাছ বিক্রি হয়েছে। সম্প্রতি আমাকে বাজার করতে যেতে হয়েছিল। বাজারে গিয়ে দেখলাম ২০ টাকা কেজি নয়, ৬০ টাকা কেজি দরে মাছ বিক্রি হচ্ছে। আপনারা আলু, পটল, ঝিঙে বাড়িতে বাড়িতে বিক্রির জন্য ব্যবস্থা গ্রহণ করছেন। আলু আপনারা সস্তায় দিতে পারছেন না, আলুর দর ক্রমশ বেড়ে যাচ্ছে। জুট গ্যানি ব্যাগে আলু রাখার ব্যবস্থা সেটাও করতে পারছেন না। সিনথেটিক ব্যাগ ব্যবহার করছেন। এই ব্যাপারে চাষীদের স্বার্থ রক্ষা করার জন্য সরকারের কি কোনও ভূমিকা আছে? সর্বত্র ব্যাপারে সিনথেটিক ব্যাগে ভরে যাচ্ছে। এই সিনথেটিক ব্যাগ ব্যবহার করা যাবে না। যেমন, সিমেন্ট লবণ ইত্যাদিতে। অথচ দেখা যাচ্ছে সিনথেটিক ব্যাগ দিয়েই সব কিছু চলছে। জুট গ্রোয়ারসরা মারা যাচ্ছে, জুট কর্মচারিরা মরে যাচ্ছে। জুট ইন্ডাস্ট্রির যারা ব্যারন হয়েছে তাদের সাথে আপনারা নামকাওয়াস্তে বৈঠক করছেন, কিন্তু ট্রাইপারইট বৈঠক করতে শুনিনি। আমি কখনও শুনিনি মাননীয় মুখ্যমন্ত্রী নিজে দায়িত্ব নিয়ে তাদের সঙ্গে আলোচনা করছেন? আজকে ১ মাসের উপর হয়ে গেল এই অবস্থা হয়েছে। একই সঙ্গে দেখতে পাচ্ছি পথ অবরোধ চলছে, রেল অবরোধ চলছে। রেলের ভাড়া বৃদ্ধি পেয়েছে। রেলের অনেকগুলি পরিকল্পনা এখানে এখনও রূপায়িত হয়নি। আপনি এই ব্যাপারে হস্তক্ষেপ করবেন না? আপনি শুধু রাজ্যের মুখ্যমন্ত্রী নন, আপনি প্রাজ্ঞ রাজনীতিবিদও বটে, রাজ্যের নেতাও বটে। আজকে রাজ্যে রেলের এই অব্যবস্থার জন্য, রেলের মাসুল বৃদ্ধির জন্য কিম্বা পশ্চিমবঙ্গের প্রতি যে বঞ্চনা করা হয়েছে, অনেকগুলি পরিকল্পনা নেওয়া হয়নি তারজন্য আপনি সর্বদলীয় বৈঠক ডাকতে পারেননি। আপনি লেলিয়ে দিয়েছেন সরকারি খরচে দিল্লিতে গিয়ে এম. এল. এ. এবং এম. পি.-দের বোট ক্লাবে ধর্না দেবার জন্য। ভীষণ ব্যাপার। মাননীয় ভূমি সংস্কার মন্ত্রী বোট ক্লাবে বক্তৃতা দিয়েছেন। তিনি আজকে ভীষ্মের মতো, প্রপিতামহের ভূমিকা নিয়েছেন। আপনারাই পথিকৃত বলে দাবি করেছেন। কিন্তু স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায়, শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় এবং প্রয়াত অজয় মুখার্জির কথা কি ভুলে গেছেন? আমি সরাসরি আপনাদের কাছে জিজ্ঞাসা করি, ১ লক্ষ ৮১ হাজার একর জমি ছাড়া যে জমি আপনাদের হাতে আছে সেটাই জমি ডিস্ট্রিবিউট করতে কেন পারেন নি?

আমি সরাসরি জিজ্ঞাসা করতে পারি, আপনারা সাড়ে ৯ লক্ষ একর জমি বিলি করার কথা বলেছিলেন মাত্র ৩ লক্ষ একর জমি আপনাদের হাতে আছে, আপনার ১৪ বছর কেটে গিয়ে ১৫ বছরে পড়ল, কেন আজও সেই জমি বিলি হল না? তাবেদার কৃষক চাই, এখন কৃষকদের মধ্যে আন্দোলন হচ্ছে, কারণ সারা পৃথিবীতে এখন কেউ কমিউনিজম চাইছে না, একমাত্র পশ্চিমবঙ্গ ছাড়া। তাই আপনি জমি বিলি করা আটকে দিয়েছেন, এই কথা কি জিজ্ঞাসা করতে পারি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও একটি ব্যাপার আছে। এখানে অধ্যাপক রয়েছেন, শিক্ষার কনকারেন্ট লিস্ট করে দিয়েছেন। বিধানসভায় গুরুত্ব দিয়ে আলোচনা হবে। আপনি সাবজেক্ট কমিটি করে দিয়েছেন, আমরা বলার সুযোগ পাব। শিক্ষা আমাদের জাতীয় জীবনের একটা মস্তবড় কথা, আমাদের এ কথাও বলা হয়েছে। কিন্তু শিক্ষার যে তালিকা এখানে দেখছি তাতে শুধু মার্কস, এঙ্গেল, স্টালিন এদের কথাই আছে। আপনারা দাবি

করেছেন শিক্ষাকে এখন রাজ্য সরকারের হাতে দিতে হবে। কেন? ক্লাশ ফাইভ থেকে প্রত্যেকটি ছাত্র ছাত্রীর মগজ ধোলাই করতে হবে। সবাইকে মার্কস, কমিউনিজমের নাম করে যেতে হবে। কারণ, পশ্চিমবঙ্গ ছাড়া কমিউনিজম কোথাও নেই। মার্কসিজমের প্রচার আর কোথাও হয় না। পশ্চিমবঙ্গের হিটলার, আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর কণ্ঠে শুনতে পাই, আমি পড়ে শোনাচ্ছি—আমরা শিক্ষার যে নীতি দেখছি সেটা মগজ ধোলাই—অ্যাডলফ হিটলারের লেখা বই, তুলে ধরে কমিউনিজম শেখানো হচ্ছে। মার্কস কে ছিল বলতে হবে, কমিনিজমের প্রচার কে করেছিল? মার্কসের বাপের নাম কি, এঞ্জেলস কোথায় ছিল, এই সব কথা জানতে হবে। আমি আপনাকে একটা কোটেশন শোনাচ্ছি স্যার, As regards purely formal education the State even now interferes with the individual's right of self-determination and insists upon the right of the community by submitting the child to an obligatory system of training, without paying attention to the approval or disapproval of the parents. In a similar way and to a higher degree the new people's State will one day make its authority prevail upon the ignorance and incomprehension of individuals in problems appertaining to the safety of the nation. It must organize its educational work in such a way that the bodies of the young will be systematically trained from infancy onwards, so as to be tempered and hardened for the demands to be made on them in later years. Above all, the State must see to it that a generation of stay-at-homes is not developed. কার কথা স্যার, অ্যাডলফ হিটলারের। আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর মধ্যে দেখতে পাচ্ছি একাধারে, একইদিকে তিনি অ্যাডলফ হিটলারের কথা বলছেন, স্ট্যালিনের কথা বলছেন। কিন্তু শিক্ষাটা কি হচ্ছে? একটা বিচিত্র ব্যক্তিত্ব। তিনি আজকে হিটলারের রাস্তা নিয়েছেন। আজকে জিজ্ঞাসা করতে চাই যে, কোথায় যাচ্ছে? অ্যাডলফ হিটলার পেজ ৩৪২ আমি পড়ছি, আপনিও বার বার পড়েছেন, এই বইয়ে আমি দেখছি। কে হিটলার? Main Kampf written by Adolf Hitler page 432 : Main Kampf is perhaps the only notable work written by Adolf Hitler, in two volumes in 1924. Hitler was arrested when he took out a mass demonstration in favour of national unity for the formation of socialist German State. He was tried by the People's Court in Munich and subsequently, imprisoned for thirteen months where he wrote the first volume...এই কথা বলার জন্য তার যদি ১৩ মাস জেল হতে পারে তাহলে জ্যোতিবাবুর কেন কারাগার হবে না। আজকে একটা জাতির মগজ ধোলাই করা হচ্ছে।

মিঃ স্পিকার ঃ ডাঃ আবেদিন, ওরা বলছেন যে, ওটা বলার জন্যই পশ্চিমবঙ্গের জনগণ ১৪ বছর ওকে মুখ্যমন্ত্রী করে রেখে দিয়েছেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ ওটা জোচ্চুরির জন্য, রিগিংয়ের জন্য স্যার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আরও কথা বলার আছে। মাননীয় মুখ্যমন্ত্রী আজকে গর্ববোধ করছেন যে এখানে কমিউন্যাল রায়ট হয়নি। আজকে বিরোধীদলের নেতা প্রমাণ করে দিয়েছেন যে মাননীয় জ্যোতিবাবুর আমলেই সবচেয়ে বেশি Eleven hundred years

of common history have enriched India without common achievements. Our languages, our poetry, our literature, our culture, our art, our dress, our manners and custom, the innumerable happenings of daily life, everything bears the stamp of our joint endeavour. There is indeed no aspect of our life which has escaped this stamp. Our languages were different, but we grew to use a common language, our manners and customs were dissimilar, but they acted and reacted on each other and thus produced a new synthosis. Our old dress may be seen only in ancient pictures of bygone days ; no one wears it today. This joint wealth is the heritage of our common nationality and we do not want to leave it and go back to the times when this joint life had not begun. If there are any Hindus amongst us who desire to bring back the Hindu life of a thousand years ago and more, they dream, and such dreams are vain fantasies.

So also if the reare any Muslims who wish to revive their past civilization and culture, which they brought a thousand years ago from Iran and Central Asia, they dream also and the sooner they wake up the better. These are unnatural fancies which cannot take root in the soil of reality. I am one of those who believe that revival may be a necessity in a religion but in social matters it is a denial of progress." "These thousand years of our joint life has moulded us into a common nationality. This cannot be done artificially. Nature does her fashioning through her hidden processes in the course of centuries. The cast has now been moulded and destiny has set her seal upon it. Whether we like it or not, we have now become an Indian national, united and indivisible. No fantasy or artificial scheming to separate and divide can break this unity. We must accept the logic of fact and history and engage ourselves in the fashioning of our future destiny." রায়ট পশ্চিমবঙ্গে হয়েছে।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার কাছে তুলে ধরতে চাই, এটা আমাদের মানে কংগ্রেসের বক্তব্য। আজকে কমিউনিজম সম্বন্ধে আমাদের ধারণাটা কি?

Unity, discipline and full confidence in Mahatma Gandhiji's leadership. the glorious past record of our movement was due to his great leadership and it is only under his leadership that we can look forward to a future of successful achievement.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হচ্ছে কংগ্রেসের স্ট্যান্ড—যে কথা বলেছিলেন লর্ড এস. পি. সিনহা, আবুল কালাম আজাদ। এই জ্যোতিবাবুর দল সাম্প্রদায়িক বি. জে. পি.-র সঙ্গে হাত মিলিয়েছিলেন কংগ্রেসকে হটাবার জন্য। স্যার, আজকে মিডল ক্লাশ ইজ টকিং অফ দি

ফিসকাল পলিসি। দে আর টকিং অফ দি বাজেট অ্যান্ড দি ফিসকাল রিলিফ দে হ্যাভ গট। আজকে জ্যোতিবাবু তাদেরকে উস্কে দিচ্ছেন। আজকে সবচেয়ে বেশি সাম্প্রদায়িক সি. পি. এম.-এর জ্যোতিবাবু, কারণ সাম্প্রদায়িকতাকে তিনি উস্কে দিচ্ছেন। আজকে সি. পি. এম. দিল্লিতে হাত মিলিয়েছে বি. জে. পি.-র সঙ্গে। কোথায় নিয়ে যাচ্ছেন আমাদের? মাননীয় জ্যোতিবাবু বলেছেন যে, দার্জিলিং নিয়ে কিছু সমস্যা রয়েছে। আপনার দলের কিছু সদস্য ছিলেন যাদের সঙ্গে এই বিষয়টা নিয়ে আলোচনা করেছি। আপনার সঙ্গেও সরাসরি আলোচনা করতে চেয়েছি। যাদের নিন্দা করেছেন—তৎকালীন আইনমন্ত্রীর কথা আমি উল্লেখ করছি কংগ্রেসকে আঘাত করবার জন্য তাকে রাজ্যসভায় পাঠিয়ে দিলেন। কিন্তু কংগ্রেস না হলে চলবে না। আজকে ক্লাশ সেভেনের ছেলেকে ৩০৭ ধারায় তুলে দিয়েছেন! এই কোহারশন, এই রাজনৈতিক মতবাদ আপনাদের কোথায় নিয়ে যাচ্ছে? এর শিক্ষা নিতে হবে পূর্ব ইউরোপ থেকে, সোভিয়েত ইউনিয়ন থেকে, চিন থেকে। তাই আজকে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের সর্বক্ষেত্রে বিরোধিতা করছি। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি, আপনার প্রশাসনে তদারকি করবার জন্য তো ভিজিলেন্স কমিশন রয়েছে, কিন্তু সেই ভিজিলেন্স কমিশনের কোন সুপারিশ আপনি গ্রহণ করেছেন? একজন অ্যাসিস্টেন্ট কমিশনার—যার বিরুদ্ধে ১৩টি ডিফলকেশন চার্জ, ১৩টি চার্জে যিনি অভিযুক্ত ভিজিলেন্স কমিশন সে সম্পর্কে রিপোর্ট দিল, কিন্তু আপনি বললেন যে, যেহেতু তিনি রিটায়ার এর মুখে তারজন্য তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে না। ডিসপ্রপোরশনেট নোন্ সোর্স অফ ইনকাম থাকা সত্ত্বেও তার বিরুদ্ধে ব্যবস্থা নেননি। আজকে একটি কেস দেখাতে পারবেন যে, ভিজিলেন্স কমিশনের একটা রেকমেন্ডেশন গ্রহণ করেছেন? আজকে আপনার প্রশাসনে এত দুর্নীতি—পঞ্চায়েত, পৌরসভায় বিনা পয়সায় কোনও কাজ হয় না। আজকে দুর্নীতির প্রধান পরামর্শদাতা, দুর্নীতির প্রধান পৃষ্ঠপোষকতার দায়িত্ব আপনি নিয়েছেন।

কারণ আমরা দেখছি যে ভিজিলেন্স কমিশনারের একটা রায়ও আপনি গ্রহণ করেননি, একটা সুপারিশও আপনি গ্রহণ করেননি। যে রিপোর্ট আপনি দিয়েছেন সেই রিপোর্টে আমরা এটা দেখছি। আজকে যে ভাষণ এখানে উত্থাপিত হয়েছে সেই ভাষণের আমি বিরোধিতা করছি। আমরা দেখছি যে একাধারে গরিবী বাড়ছে, বেকারি বাড়ছে, আজকে ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে যাচ্ছে, সরকারি উদ্যোগ ব্যাহত হচ্ছে। আজকে বাংলা দুঃখি। বাংলার কান্না ভারতের সর্ব প্রান্তে। বাংলা ভিখারি আজকে আপনাদের শাসনে। তাই, এই ভাষণের আমি বিরোধিতা করি এবং যে মতগুলি প্রতিষ্ঠা করার চেষ্টা করেছেন, সর্বক্ষেত্রে প্রতিবন্ধকতা করে এবং দুর্নীতির পক্ষে থেকে—তার প্রতিবাদ জানাচ্ছি। আজকে সাম্প্রদায়িক ভেদাভেদ থেকে আপনি হাত গুটিয়ে নেবেন। আজকে একতার জন্য, ভারতের প্রগতির জন্য, মূল স্রোতে এগিয়ে আসবেন। আপনি সাম্প্রদায়িকতাকে প্রশ্রয় দেবেন না। কারণ আপনি ব্যারিস্টার মানুষ, বুদ্ধিমান মানুষ, আপনার কাছে এই আবেদন রেখে, রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে, আমাদের সংশোধনীগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। থ্যাংক ইউ, স্যার, ভেরি মাচ।

শ্রী পার্থ দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই যে কথাটা এই সভায় বলতে চাই সেটা হচ্ছে, এতদিন পর্যন্ত আমরা বামফ্রন্ট পশ্চিমবাংলার বিধানসভায়

এবং অন্যত্র একথা বোঝাবার বা বলবার চেষ্টা করেছি যে আমাদের ভারতবর্ষে সামগ্রিকভাবে যে অর্থনীতি গ্রহণ করা হয়েছে সেটা আমাদের দেশের সম্পূর্ণ বিপর্যয়কর পরিস্থিতির সৃষ্টি করে চলেছে এবং এটা ভুল পথ। এই ভুল পথ অবলম্বন করা হয়েছে এবং এই ভুল পথ অবলম্বন করার যে ফল সেটা আমাদের বিভিন্ন অঙ্গরাজ্যে ঘটছে। এই অর্থনীতিতে সমাজ জীবনে তার আঘাত বারেবারে আসছে। এখানে আমাদের বামফ্রন্ট পরিচালিত সরকার এই রকম পরিস্থিতিতে মানুষকে নিয়ে এগিয়ে যাবার জন্য খুবই কঠিন এবং জটিল পরিস্থিতির ভিতর দিয়ে এগিয়ে যাবার চেষ্টা করছেন এবং তাতে কোনও কোনও ব্যাপারে কিছু সাফল্য আসছে কিন্তু এগিয়ে যাওয়া খুবই কঠিন কাজ। ভারতবর্ষের কিছু রাজনৈতিক সম্পর্কের পুনর্বিন্যাস দরকার, আর মূলত অর্থনীতির ব্যাপক পরিবর্তন দরকার, যে অর্থনীতির ব্যাপারে পরিবর্তন করার জন্য আমরা দীর্ঘদিন ধরে বলে আসছি তার মূলে রয়েছে ভারতবর্ষের ভূমিসংস্কার নীতি এবং অর্থনীতিতে স্বনির্ভর নীতি। আমরা যে কথা বলেছি তার কোনও ভিত্তি নেই, সেটা ঠিক নয়, এটা প্রমাণ করার জন্য আমাদের প্রধান বিরোধী যারা ভারতবর্ষের কংগ্রেস দল তারা উঠেপড়ে লেগেছিলেন এবং স্বাভাবিকভাবেই আমরা যে কথাগুলি বলেছি সেগুলি যেন সবই রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত, এই ভাবে তারা বলছেন। এখন সেই পর্যায়ে নেই। এখন সেই পর্যায়েও মোটামুটি গুণগতভাবে একটা নূতন জায়গায় আমরা এসে হাজির হয়েছি। সেজন্য আমাদের এই বিধানসভায় যে আলোচনা হয়, যে বিতর্ক হয়, বিরোধী পক্ষ এবং সরকার পক্ষ পরস্পর পরস্পরের সঙ্গে কিছু বিতর্ক করলাম এবং প্রত্যেকে মনে করলাম যে আমরা জয়ী হয়ে গেলাম। এটা করবার সময় একেবারে শেষ হয়ে গেছে। ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের বর্তমান যিনি অর্থ মন্ত্রী, সেই অর্থ মন্ত্রীর বাজেট বক্তৃতার প্রথম অংশের পার্ট-এ, তার তৃতীয় প্যারা পড়লে এবং চতুর্থ প্যারা পড়লে খানিকটা বোঝা যাবে। সেখানে তিনি বলেছেন, "Hon'ble Members would recall that when the new Government assumed offices 8 months age, we inherited an economy on the verge of collapse. Inflation was accelating rapidly. The balance of payment was in serious trouble. Foreign Exchange reserves were barely enough for two weeks of imports. Foreign commercial banks had stopped lending to India. Non-resident Indians were withdrawing their deposits. Shortage of foreign exchange had forced a massive import squeeze, which had halted rapid industrial growth of earlier years and had produced negative growth rates from May, 1991, onwards." আর ফোর্থ প্যারাতে This is the grim legacy we inherited এই কথাটা আমরা বছর বছর ধরে বলছি।

এই কথাটা আমরা বছরের পর বছর বলছি যে পলিসি আপনারা পারস্যু করছেন সেই পলিসিটা ভারতবর্ষকে ব্যাংক্রাপসির দিকে নিয়ে যাচ্ছে। তারপর যে কথাগুলি আমি বলতে চাই সেই ব্যাপারে আমি পরে আসছি। আমি প্রথমে কেন্দ্রীয় সরকারের যে ইকনমিক সার্ভে আমার কাছে আছে, পার্ট ওয়ান এবং পার্ট টু আমার কাছে আছে সেই ব্যাপারে বলব। সেখানে প্রথমে বলা হচ্ছে উই আর ফেসিং টিমেন্ড্রাস ইকনমিক ক্রাইসিস। আমার কাছে পার্ট ওয়ান আছে, সেখান থেকে সব জিনিস আমি পড়ব না, কতকগুলি জিনিস আমি এখানে

আপনাদের দেখাব। এখানে একটা টেবিলে ভারতবর্ষের যে কারেন্ট এক্সপোর্ট প্রাইস, যে ভলিউম অফ এক্সপোর্ট দেওয়া আছে সেটা হচ্ছে রূপি ভ্যালু সেটা বেড়েছে ২৮.১ পারসেন্ট। সেটাকে যদি ডলারে কনভার্ট করা যায় তাহলে দাঁড়ায় মাইনাস ৫.০। এই হচ্ছে নূতন ইকনমিক পলিসির একটা জলজ্যান্ত উদাহরণ। এই হচ্ছে আমার কথা। আপনারা ইকনমিক সার্ভের বইটা একটা ভাল করে পড়ে দেখে নেবেন। আমার কথা হচ্ছে সমগ্র ভারতবর্ষ একটা ভয়ঙ্কর বিপদজনক পরিস্থিতির মধ্যে এসে দাঁড়িয়েছে এই কথা ঠিক। এই ক্ষেত্রে আমাদের কেন্দ্রীয় সরকার বলছেন তারা যে নীতি গ্রহণ করেছেন এ ছাড়া তার কোনও অলটারনেটিভ ছিল না। এখানেই আমাদের আপত্তি। আমাদের ভারতবর্ষ ভয়ঙ্কর বিপদজনক পরিস্থিতির মধ্যে পড়েছে এটা আমরা জানি কিন্তু যে নীতি অনুসরণ করে চলেছেন তার কোনও বিকল্প ছিল না এটা আমরা মানি না। এই যে ফেরিওয়ালার কাজ করা হচ্ছে এর আমরা প্রতিবাদ করব। আমাদের ছোট্ট অভিজ্ঞতায় পশ্চিমবাংলায় যেটা দেখতে পেয়েছি সেই ব্যাপারে আমি দু-একটা কথা বলব। আমার আগের বক্তা বিরোধী দলের ডাঃ আবেদিন সাহেব যে বক্তব্য রেখেছেন তার কয়েকটি কথার আমি বিরোধিতা করব, বেশি বিরোধিতা করার দরকার নেই, আমাদের অন্য বন্ধুরা সেই ব্যাপারে বলবেন। পশ্চিমবাংলার ল অ্যান্ড অর্ডারের ব্যাপারে তাদের কাছে যে সংখ্যা তথ্য আছে তারা সেটা বলবেন। আমি প্রথমে শুধু একটা কথা বলতে চাই। উনি এখানে কমিউনালিজিমের কথা বললেন, সাম্প্রদায়িক শক্তির সঙ্গে সম্পর্কের কথা বললেন। এখানে সম্প্রতি ইলেকশন হল, পুরুলিয়ায় সম্প্রতি পার্লামেন্ট ইলেকশন হল, সেখানে কংগ্রেস(আই)-এর বন্ধু কারা ছিল? যাই হোক এই সব কথা বলা ঠিক নয়। দ্বিতীয় কথা হচ্ছে পশ্চিমবাংলার তরফ থেকে বার বার দাবি করা হচ্ছে শিক্ষাকে রাজ্য তালিকায় আনা হোক। কিন্তু কেন্দ্রীয় সরকার শিক্ষাকে যুগ্ম তালিকায় নিয়ে চলে গেলেন। এবারের কেন্দ্রীয় সরকারের ফাইনান্সিয়াল স্টেটমেন্টে শিক্ষা বাজেট বেড়েছে না কমেছে? সবচেয়ে বেশি বাজেট কাট হয়েছে টেকনিক্যাল এডুকেশন, যেখানে ভারতবর্ষ স্বনির্ভর প্রযুক্তির দিকে যাচ্ছে। পশ্চিমবাংলা এমন একটা রাজ্য যে রাজ্যে ভারতবর্ষের মধ্যে প্রতি স্কোয়ার কিলোমিটারে জনসংখ্যার চাপ সব চেয়ে বেশি। ভারতবর্ষের মধ্যে যে রাজ্যে জনসংখ্যা বেশি বেড়েছে সেই ক্ষেত্রে পশ্চিমবাংলা সবচেয়ে বেশি এগিয়ে আছে, তারপর তামিলনাড়ু। এই কথা ঠিক যে পশ্চিমবাংলা জনসংখ্যা বৃদ্ধি করেছে ২৬ পারসেন্ট। মহারাষ্ট্র, তামিলনাড়ু, এই রকম কিছু কিছু রাজ্যের তুলনায় জন্মের হার কম। তাহলে কি করে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে? এই জনসংখ্যা বাড়ার কারণ হল বাইরের থেকে মানুষ আসছে। পশ্চিমবাংলা এমন একটা রাজ্য যেখানে সব রাজ্যের মানুষ স্থান পায়। অন্য রাজ্য থেকে মানুষ এখানে আসছে তারা স্থান পাচ্ছে এবং ভবিষ্যতেও পাবে। কিন্তু পশ্চিমবাংলাকে কিভাবে দেখা হচ্ছে? এই পশ্চিমবাংলা সম্পর্কে আপনাদের বারে বারে বলেছি আমরা এই রাজ্যকে আদর্শ রাজ্য হিসাবে গড়ে তুলতে চাই, এই রাজ্যের জন্য আপনারা কিছুটা সাহায্য করুন।

ভারতবর্ষে কেন্দ্রীয় সরকারের অর্থলগ্নি সংস্থা আছে—লাইফ ইন্সিওরেন্স কর্পোরেশন আছে, রুর‍্যাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক আছে, নাবার্ড আছে। বারেবারে এই কথা এই বিধানসভায় আলোচনা হয়েছে যে, এইসব সংস্থা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যকে যে দৃষ্টিতে দেখে, পশ্চিমবাংলা বারে বারে সেই দৃষ্টি থেকে বঞ্চিত। বরাবরই এখানে বিনিয়োগ কমিয়ে দেওয়া হয়েছে। সেই চরিত্রগুলো কি রকম তা আমার কাছে আছে, যদি বলেন তাহলে আমি সেটা পড়ে দিতে

পারি। তবে আমার পড়ার বিশেষ কিছুই নেই। কারণ এ-সম্বন্ধে এখানে বারে বারে আলোচনা হয়েছে। যেখানে এইসব কেন্দ্রীয় সংস্থাগুলো পশ্চিমবাংলায় এগারো ভাগ বিনিয়োগ করত, সেটা শতকরা পাঁচ ভাগে কমিয়ে দিয়েছে। কিন্তু তা সত্ত্বেও ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার অগ্রগতি ঘটেছে। ভারতবর্ষে যতগুলো রাজ্য আছে এবং ব্যাঙ্কে যে টাকা আমানত রাখা হয়—দুটি রাজ্য সব থেকে এগিয়ে আছে, প্রথম হচ্ছে মহারাষ্ট্র এবং দ্বিতীয় হচ্ছে এই পশ্চিমাবংলা। কিন্তু এই রাজ্যের মানুষ-কে ব্যাঙ্ক থেকে যে ঋণ দেওয়া হয় তার ভাগ কি? পশ্চিমবাংলার মানুষকে দেওয়া হয় শতকরা ৫৪ ভাগ, আর মহারাষ্ট্রকে দেওয়া হয় শতকরা ৭৭ ভাগ। পশ্চিমবাংলাকে আজ পর্যন্ত দেওয়া হয়নি। মহারাষ্ট্র থেকে গ্রামাঞ্চলে ব্যাঙ্কের আমানত সব থেকে বেশি হচ্ছে পাঞ্জাবে। সেখানে এক ধরনের কৃষি সংস্কার হয়েছে, আর পশ্চিমবাংলায় আর এক ধরনের কৃষি সংস্কার হয়েছে, যেটা ভূমি বণ্টন এবং ভূমি সংস্কারের মাধ্যমে হয়েছে। মহারাষ্ট্র থেকে পশ্চিমবাংলায় গ্রামাঞ্চলে ব্যাঙ্ক আমানত এর হার এবং পরিমাণ বেশি, কিন্তু মহারাষ্ট্র এবং গুজরাট ব্যাঙ্কের কাছ থেকে গ্রামাঞ্চলের উন্নতির জন্য ঋণ হিসাবে পশ্চিমবাংলার থেকে বেশি পাচ্ছে। পশ্চিমবাংলা যদিও এই বাবদ ঋণ কম পাচ্ছে, তাহলেও আমরা বেঁচে আছি। এর মধ্যেও বেঁচে আছে পশ্চিমবাংলা। ভারতবর্ষের এই ইনডেক্সটা দেখবেন, কৃষির উৎপাদন কমে গেছে। কিন্তু তাহলেও ভারতবর্ষের হার এর থেকে কম। এই সময়ে খাদ্যশস্যের উৎপাদনে পশ্চিমবাংলা সবচেয়ে বেশি অগ্রগতি দেখিয়েছে। আগে সর্ববৃহৎ রাজ্য ছিল উত্তরপ্রদেশ এবং অন্ধ্রপ্রদেশ। এখন ঐ দুটি রাজ্য থেকে বেশি চাল উৎপাদন হচ্ছে পশ্চিমবাংলায়। আপনারা বলছেন, 'আপনারা আরও বাড়াচ্ছেন না কেন?' পশ্চিমবাংলায় চাষের জন্য যে পরিমাণ জমি আছে—ল্যান্ড ইউটিলাইজেশন রেট ৬২ পারসেন্ট পর্যন্ত পৌঁছেছিল। এটা আস্তে আস্তে কমে যাচ্ছে। এর কারণ কি? এর কারণ হচ্ছে পার স্কোয়ার কিলোমিটারে জনসংখ্যার চাপ বৃদ্ধি হয়েছে। সাড়ে সাতশ'র উপরে হার চলে গেছে বলে কৃষিযোগ্য জমির পরিমাণ এখানে আস্তে আস্তে কমছে এবং অন্য ধরনের চাষের জন্য জমি চলে যাচ্ছে। যার জন্য এই ধরনের চাষ বৃদ্ধি করার উপায় নেই। তাহলেও পশ্চিমবাংলার প্রাণশক্তি কোথায়? পার একর ইল্ড, অর্থাৎ একর প্রতি উৎপাদনের হার নির্বাচিত বিশেষ কয়েকটি শস্যে পশ্চিমবাংলায় ভারতবর্ষের মধ্যে সব থেকে বেশি। চালের উৎপাদন ভারতবর্ষের মধ্যে সব থেকে বেশি। গমের উৎপাদন কম হলেও উৎপাদনের হার উচ্চ। গমের উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবাংলা যেখানে দারুণ সাফল্য অর্জন করেছে, সেখানে আরও কয়েকটি শস্যের ক্ষেত্রে যেমন, আলু, তৈলবীজ, ছোলা ইত্যাদির উৎপাদন বেড়েছে। এখানে জমির পরিমাণ কম। সেই জমিটা চাষীদের মধ্যে বিতরণ করে এবং ছোট ছোট সেচের ব্যবস্থা গ্রহণের মধ্যে দিয়ে এই সাফল্য আমরা লাভ করেছি। আমাদের যে ঘাটতি আছে তা এইভাবে মেটাতে চেষ্টা করছি। খাদ্যে ঘাটতি তবুও থেকে যাচ্ছে। এর কারণ হচ্ছে আমাদের জনসংখ্যার চাপ। প্রায় সাত কোটি ছ'কোটি উনআশি লক্ষ হচ্ছে জনসংখ্যা। এটা ১৯৯১ সালের সেন্সাসের রিপোর্ট। আপনারা ইকনোমিক রিভিউটা একটু পড়ে দেখবেন—পার্ট ১৩টা পড়ে দেখবেন, এটা আছে। এটা আমি নিজে থেকে বানিয়ে বলছি না।

আমাদের সেইজন্য যে ঘাটতি হচ্ছে তা বছরে প্রায় ৩০ লক্ষ টনের থেকে ৩৮ লক্ষ টনের মতো হবে। সেখানেও আমাদের ভারতবর্ষে যে খাদ্য শস্য উৎপাদন হচ্ছে তার একের ১৬ ভাগ আমরা উৎপাদন করছি। আমরাই শুধু উৎপাদন করলে হবে না, চারপাশে আমাদের

আরও অনেক রাজ্য আছে, তারাও আমাদের কাছ থেকে নিচ্ছে। তারমধ্যে কিছুক্ষেত্রে চাষ কম হবে, কিছুটা চাষী রাখবে। তাছাড়া এত বড় শহর রয়েছে, আসানসোল একটা শহর, শিলিগুড়ি একটা শহর সব কিছুই তো আর আমাদের দায়িত্ব নয়। কেন্দ্রীয় সরকারের তো একটা দায়িত্ব আছে, রেশনের ক্ষেত্রে তো কেন্দ্রের দায়িত্ব আছে এবং সেটা দিলে পরে তো এতটা ঘাটতি হবে না। সাড়ে ৩ লক্ষ টন চাল গম মিলিয়ে ঘাটতি দেওয়ার কথা সেখানে আজকে খাদ্যমন্ত্রী একটি প্রশ্নোত্তর সার্কুলেট করেছেন তাতে বলেছেন যে কেন্দ্র চাল গম মিলিয়ে ১ লক্ষ টন বা ১ লক্ষ ২০ টন হাজার দিচ্ছে। এই সরবরাহও পেতে পারেন বা নাও পেতে পারেন। সুতরাং এই তো হচ্ছে চিত্র। এই চিত্রটা কি—এতদিন ভারতবর্ষে যে অর্থনীতি অনুসরণ করা হয়েছে তাতে আজকে একটা বিপর্যয়ের সৃষ্টি করছে। অর্থনৈতিক সংকটের সৃষ্টি করছে এবং এটা আজকে কেন্দ্র নিজে স্বীকার করেছে। তাদের লিখিত অর্থনৈতিক সমীক্ষায় বলেছেন যে টোটাল ইকোনমিক ক্রাইসিস, এই বিপর্যয় থেকে উদ্ধারের কোনও পথ নেই। এই তো ঘটনা, কিন্তু এইসব সত্ত্বেও বেঁচে থাকার রাস্তা আছে, প্রাণ শক্তির উৎস আছে। এইসব সত্ত্বেও মানুষ আজকে বেঁচে আছে, উৎপাদন বাড়ছে, কাজ করছে। আপনার ছোট ছোট সেক্টর, ইকোনমিক রিভিউতে পাবেন সারা ভারতবর্ষে পাবলিক আন্ডারটেকিং ২ লক্ষ ৮৯ হাজার সিক হয়ে রয়েছে। তাছাড়া উইক ইন্ডাস্ট্রিগুলোর মধ্যে ছোট ছোট এস এস আই—নট ভায়াবেল ইন্ডাস্ট্রি সর্বত্র ছড়িয়ে আছে। তাছাড়া নন-এস এস আই ২ লক্ষ ২০ হাজারের মতো রয়েছে সারা ভারতবর্ষ জুড়ে। তারমধ্যে এই সিক ইন্ডাস্ট্রির সংখ্যা সবচেয়ে বেশি মহারাষ্ট্রে। অথচ কেন্দ্রীয় সরকার সবচেয়ে বেশি ব্যাঙ্কের মারফৎ ঋণ দেয় এই মহারাষ্ট্রকে। মহারাষ্ট্রকে ব্যাঙ্কের ঋণ হিসাবে কোটি কোটি টাকা দেওয়া হয়ে থাকে। লং টার্ম লোন সব কিছু দেওয়া হয়ে থাকে এবং সমস্তই আনপেড হয়ে রয়েছে। সেই তুলনায় পশ্চিমবঙ্গে খুবই কম লোন দেওয়া হয় এবং পশ্চিমবঙ্গের থেকে ৫ গুণেব বেশি লোন দেওয়া হয় মহারাষ্ট্র, গুজরাট, তামিলনাড়ুতে। আমি উত্তরপ্রদেশের উদাহরণ দিচ্ছি না। আপনারা তো প্রাইভেট ইন্ডাস্ট্রির পক্ষে, এই প্রাইভেট ইন্ডাস্ট্রিগুলোও লোন শোধ করেনি। প্রায় ৭২ পারসেন্ট লোন শোধ করা হয়নি। নট ভায়াবেলের মেজোরিটি বেশি এবং দে বিলং টু প্রাইভেট সেক্টর। বিদ্যুতের কথা বলতে গিয়ে বলে রাখি যে, ইকোনমিক সার্ভে এই বইটা দেখুন—পাতার সংখ্যা বলে দিচ্ছি—ভারত সরকারের তৈরি ইকোনমিক সার্ভে, তার সবচেয়ে উপরে যার নাম আছে প্ল্যান্ট লোড ফ্যাক্টর—সেখানে ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন তারা প্ল্যান্ট লোড ফ্যাক্টর অ্যাচিভ করেছে সেটা হচ্ছে ৬২ পারসেন্ট। অথচ তাদের টারগেট ছিল ৫৮ পারসেন্ট। ভারত সরকার পরিচালিত সমস্ত সংগঠনে প্ল্যান্ট লোড ফ্যাক্টর কম। এমন কি প্রাইভেট অরগানাইজেশনে পর্যন্ত প্ল্যান্ট লোড ফ্যাক্টর কম। এবং থার্মাল পাওয়ার স্টেশনস ও উৎপাদন করতে পারছে না কেননা কয়লার অভাব, কয়লা ঠিকমতো পাচ্ছে না। ইকোনমিক সার্ভের পার্ট টু পেজ নং বলে দিচ্ছি তাতে ভারতবর্ষের চিত্রটা কি বলে দিচ্ছে একটু শুনুন—আপনারা যা পাওয়ার জেনারেশন করবেন ঠিক করেছিলেন তার কোনও ইনস্টলেশন করতে পারেন নি। পাওয়ার জেনারেশনের ইনস্টলেশন ৪,০০০ হাজার মেগাওয়াট থেকে কমিয়ে ২,০০০ হাজার মেগাওয়াট করবে ঠিক করেছে এবং এটাও করতে হয়ত পারবেন না। আপনারা হাইড্রাল পাওয়ার এস্টাব্লিশ করতে পারেন নি। ভারত সরকার বলেছেন যে প্রচন্ড আর্থিক সংকট চলছে—একদিকে ফরেন এক্সচেঞ্জ কেনার টাকা নেই, আগামী দু-

সপ্তাহের মধ্যে কোনও কেনার টাকা নেই। এরফলে প্রায় ৫৪ টন সোনা বন্ড দিতে হচ্ছে এবং আমাদের অর্থমন্ত্রী শ্রী মনমোহন সিং বলেছেন যে, এর থেকে উতরাবার জন্য আমাদের এতগুলো ইকোনমিক মেজার নিতে হচ্ছে।

আপনারা কি ইকনমিক মেজার নিয়েছেন বলছেন, ঋণ করবেন না, গভর্নমেন্ট কোনও ঋণ করবেন না, ঋণ করলে সব সার্ভিসিং চার্জে চলে যাচ্ছে। ফলে এটাকে বন্ধ করতে হবে। আপনারা দুই জায়গা থেকে ঋণ নেবেন একটা হচ্ছে আই. এম. এফ., আর ওয়ার্ল্ড ব্যাঙ্ক। আর একটা হচ্ছে উরুগুয়ের রাউন্ড অফ নেগোসিয়েশন সেটা নিয়ে আলোচনা হচ্ছে। এটা ৭০টা দেশে হয়ে গেছে। ৩,১০০ গুণ খাবারের দাম বেড়ে গেছে পেরুতে, সারা ভারতবর্ষকে আজকে সেই রাস্তায় নিয়ে যাবার জন্য অগ্রসর হচ্ছেন তাতে তারা বলছেন অভ্যন্তরীণ বাজারে ঋণ করবার দরকার নেই। আই. এস. এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে ঋণ করার কন্ডিশনালিটিস কি আছে তারা তা দিয়াছেন, বাকিটা বাজেট পাস হয়ে গেলে দিবেন। অর্থাৎ আগে তাদের সঙ্গে শর্ত হয়েছিল তোমরা কি বাজেট করছ। তার উপর এটা নির্ভর করছে। মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলছেন বহু টাকা নাকি রাজ্যগুলিকে দিয়েছেন সাল সেভিংস স্কীমে এমনভাবে সুদের হার পাল্টে দিলেন যে রাজ্যগুলির অর্থ অনেক কমে গেল অথচ ওরা দাবি করছে রাজ্যগুলিকে অনেক টাকা দিয়েছে। স্টেট গভর্নমেন্টের ট্যাক্সের শেয়ার এতে কিছু বেশি আসছে। জিনিসপত্রের দাম বেড়ে গেছে কতটা বাড়ছে এটা তো আপনারা নিজেরাই জানেন। ১,৭০০ কোটি টাকা দিয়ে রাজ্যের ক্ষেত্রে আপনারা লোন অ্যান্ড অ্যাডভান্স কমিয়ে দিলেন—এই হল রাজ্যের পরিস্থিতি। রাজ্যের স্বার্থটা আগে কংগ্রেস, কমিউনিস্ট আগে নয়। আজকে রুপি, ডলার-র সঙ্গে কনভারটিবিলিটির ফল কি, এটা প্রতিদিন আমরা দেখতে পাচ্ছি কাগজে। আজকে শ্রীলঙ্কা, পাকিস্তানের ১৩০টি পাবলিক সেক্টার এবং জয়েন্ট সেক্টারকে বিক্রি করে দিতে প্রাইভেটকে অর্গানাইজ করছে, ১৫টা কিনেছে, বাকিটা বিক্রি হয়নি। এটা কমপেনসেট করবে কি করে? আর একটা হচ্ছে এক্সপোর্ট প্রমোশন-র ক্ষেত্রে পৃথিবীতে একটা রিসেশন চলছে কিন্তু এক্সপোর্ট প্রমোশন সম্ভব নয়। কাজেই ক্যাপিটালিস্ট মার্কেট-এ রিসেশন চলছে। এই এক্সপোর্ট প্রমোশন করা কঠিন—সম্ভব নয়, তাতে কার্যকর হবে না। আপনারা দেখবেন ডলারের তুলনায় টাকার ভ্যালু কমে গেছে আরও ডিভ্যালুয়েশন করার কথা ভাবা হচ্ছে। সমস্ত জায়গায় কাজ দেওয়া চলবে না, কৃষিতে কোনও কাজ দেওয়া চলবে না, একটা সেফটি নেটের কথা ভাবা হচ্ছে ৫০০ কোটি টাকা। আপনারা দেখবেন ইকনমিক ক্রাইসিস বাড়ছে এবং এটা ক্রমশ গরিবদের উপর তারা চাপিয়ে দেবে। আপনারা মনে করবেন না এটা কারুর সুযোগ করে দেওয়ার জন্য স্বান্তনা পুরস্কার দেওয়া হচ্ছে আমলাদের। এখন একটা রাস্তা নিতে হবে, খুচরো বিতর্ক করার সময় নেই, জ্যোতিবাবু কি করেছেন না করেছেন সেই আলোচনা করার সময় আর নেই। আজকে একটা স্ট্যান্ড নিতে হবে—কত কথাই তো শুনেছি। উরুগুয়ে রাউন্ড অফ নেগোসিয়েশন ডি. ডি. টি. ডানকেল ড্রাফট ট্যাক্স সেটা নিয়ে আলোচনা করছেন, কিন্তু এই সাজেশন তো শুনলাম না আপনাদের নীতি কি, ভূমি সংস্কার হলে কি লাভ হবে? এই যে ভারতবর্ষের বিপর্যয় ইকনমিক ক্রাইসিস এটা কি রোধ করা সম্ভব হবে আমাদের এতবড় সম্পদ রয়েছে, বিজ্ঞানী রয়েছে আমরা কি স্বনির্ভর হতে পারি না, আমাদের এত পন্ডিত লোক রয়েছে, সত্যিই আমাদের কি আত্ম সমর্পন ছাড়া কোনও পথ নেই?

ওনারা আবার আদর্শের কথা বলেন। ভারতবর্ষের প্রাইম মিনিস্টার বলেছেন, এছাড়া আমাদের আর কোনও উপায় ছিল না। তবে সত্যি কথা কিছু লোক যাদের মনের জোর আছে, তারা মাথা নিচু করে না, তারা তাদের কথা মানতে রাজি নয়। ওরা বলেছিল এবং এটা খুব সত্যি কথা যে থার্ড ওয়ার্ল্ডের লোকেরা যখন নেগোসিয়েশন করে তখন তারা গোমরা মুখে আলোচনা করে, আর ওনারা যখন আলোচনা করে তখন হাসি হাসি মুখে আলোচনা করে এবং যেন তৈরি হয়েই এসেছে। প্রতি ছয় সপ্তাহ অন্তর বিশ্বব্যাঙ্কের লোকেদের কাছে ফিড ব্যাক দিতে হবে! শুধু তাই নয়, ভারতবর্ষের যে বিচার-ব্যবস্থা, ভারতবর্ষের যে সাংবিধানিক কাঠামো, আইন রচনা পদ্ধতি এই সবগুলি পাল্টাতে হবে এই হচ্ছে তাদের শর্ত। তা না হলে তারা ঋণ দেবে না। এমন কি স্বাধীনভাবে আমাদের বিজ্ঞানীরা গবেষণা করতে পারবে না, চাষীরা নতুন ধরনের বীজ নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে পারবে না। আমার কাছে বই আছে এইগুলি আপনারা পড়ে দেখে নিতে পারেন। দেশকে ভালোবাসতে হবে, পড়তে হবে, শুধু চিৎকার করলেই হবে না। তাই কংগ্রেস দলের চিন্তাভাবনা এত শূণ্য এত দেউলিয়া। বামফ্রন্টের বিরোধিতা করতে হবে বলেই তারা এখানে বিরোধিতা করেন, আমাদের কথা চিন্তা করবার তাদের মানসিকতা নেই। আজকে এই বিপর্যয়ের ভেতর দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যে বিকল্প নীতি গ্রহণ করা হয়েছে সেই বিকল্প নীতির পক্ষে আমাদের দাঁড়াতে হবে এবং সেই বিকল্প নীতিকে যাতে কার্যকর করা যায় সেই ব্যাপারে আমাদের চিন্তা-ভাবনা করতে হবে। আমাদের এখানে কোনও ইন্ডাস্ট্রি করতে দেওয়া হচ্ছে না, লেটার অফ ইন্টেন্ট দেওয়া হচ্ছে না, আমাদের এখানে কোনও ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স দেওয়া হচ্ছে না ফ্রেইট ইকোয়ালাইজেশন হচ্ছে না, কিছু হচ্ছে না? আমরা মরতে মরতে বেঁচে আছি কি করে সেটাই আপনারা ভুল করে বসে আছেন। আমরা এর মধ্যেও মাথা উঁচু করে বেঁচে আছি কি করে? দুটি জিনিসের উপর নির্ভর করে আমরা মাথা উঁচু করে বেঁচে আছি—এক হচ্ছে ভূমি সংস্কার এবং দুই হচ্ছে মানুষের গণতান্ত্রিক অধিকার। ভূমি সংস্কারের ভেতর দিয়ে আজকে গ্রামীণ অর্থনীতি পরিবর্তন হয়েছে। আজকে মানুষের কেনবার ক্ষমতা তৈরি হয়েছে সুতরাং অনেকগুলি ভাল জিনিস আমাদের আছে, ভারতবর্ষে কেরল আর পশ্চিমবঙ্গ ছাড়া আর কোনও রাজ্যে এটা নেই। যেমন জনসংখ্যার হিসাব দেখলে দেখবেন, ভারতবর্ষে জনসংখ্যার বৃদ্ধি ঘটেছে তাতে এই দুটি রাজ্য ছাড়া আর কোথাও প্রতি হাজার পুরুষের তুলনায় নারীর সংখ্যা যে বৃদ্ধি পাইনি। পশ্চিমবঙ্গে এক হাজার পুরুষ প্রতি আট জন নারীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। আর কোনও রাজ্যে নারীর সংখ্যা এত বৃদ্ধি পাইনি। এখানে জন্মের হার যেমন কমেছে, তেমনি মৃত্যুর হারও কমেছে। আপনারা নির্বাচনের কথা বলছেন, আপনারা গণতান্ত্রিক অধিকারের কথা বলছেন, প্রধানমন্ত্রী যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছেন সেই ব্যাপারে সারা ভারতবর্ষে প্রশ্ন উঠেছে। কয়েকদিন আগে পাঞ্জাবে যে নির্বাচন হয়ে গেল সেই ব্যাপারে কাগজে বেরিয়েছে হলো সাকসেস, লোকজনকে জোর করে নিয়ে এসে ইলেকশন করলেন। কংগ্রেস দলে আজকে অশুভ শক্তির সঙ্গে পার্লামেন্টের ভেতরে এবং পার্লামেন্টের বাইরে একটা বোঝাপড়া চলছে।

আমরা বলছি আজকে এত বিপদের ভেতর, এত আক্রমণের ভেতর আমাদের সব কাজ শেষ হয়ে গেছে, আমরা সব করে ফেলেছি এই কথা আমরা বলি না। আমরা যা করতে পারিনি তা বলি যে এটা হয়নি। তবে আরও আমাদের দক্ষ হতে হবে। বারেবারে

আমরা স্মরণ করছি বা করি যে, আমাদের করতে হবে। আজও সমস্ত ঘটনার ভেতর পশ্চিমবাংলার রাজনৈতিক দৃষ্টিভঙ্গি, পশ্চিমবাংলার ভূমিসংস্কার, সরকার প্রশাসন করবার পদ্ধতি তা আজও ভারতবর্ষের কাছে উজ্জ্বল উদাহরণ। আর অন্যান্য বিষয়ে আমার অন্য বন্ধুরা বলবেন। আর রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর সহকর্মীরা যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি। ধন্যবাদ।

Shri Siddhartha Sankar Roy : Mr. Speaker Sir, thank you for having suggested me that I should talk to the Chief Minister. I talked to him and our talks have been very successful. He is also of the same opinion. I shall try to see the President and tell him to withdraw the proposal of awarding 'Bharat Ratna' on Netaji Subhas Chandra Bose. If the Chief Minister also makes a request in this regard to the President right now then it would be more fruitful. It will be a very respectful request if the people of this State makes a demand to withdraw the proposal.

শ্রী আবদুল মান্নান ঃ মাননীয় স্পিকার স্যার, আমাদের মহামান্য রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন তার উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে আমি সেই প্রস্তাবের বিরোধিতা করে আমাদের পক্ষ থেকে যে সমস্ত সংশোধনীগুলি এসেছে সেগুলিকে সমর্থন করছি। স্যার, রাজ্যপালের ভাষণ রাজ্য সরকার কর্তৃক রচিত ভাষণেরই একটা কপি। রাজ্যপাল মহাশয় নিজে থেকে কিছু বলেন না। সরকার বাহাদুর তাকে দিয়ে যা বলান তিনি তাই বলেন। আমরা আশা করেছিলাম যে, রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে সরকার রাজ্যের বাস্তব চিত্রটা তুলে ধরবেন। কিন্তু দেখলাম রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে, প্রথমেই আছে কেন্দ্র বিরোধী কথা বলবার প্রবণতা। কারণটা কি, যেহেতু ভারত সরকার আই. এম. এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে লোন নিয়েছে। ডাঃ জয়নাল আবেদিন বক্তব্য রেখেছেন, আমি আশা করেছিলাম সরকার পক্ষের মাননীয় সদস্য পার্থবাবু তার কিছু উত্তর দেবেন, কিন্তু উত্তর দেওয়া তো দূরের কথা, তিনি কি বলতে চাইলেন আমি কিছুই বুঝতে পারলাম না। ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং আই. এম. এফ. থেকে লোন নিয়ে যদি ভারত সরকার দোষী হয়ে থাকে তাহলে পৃথিবীর মানচিত্র থেকে সোভিয়েত ইউনিয়নের নামটা মুছে যাবার পর আমাদের দেশের মার্কসবাদিদের মক্কা হয়ে গেছে চিন। কিছুদিন আগে তো জ্যোতিবাবু চিনে গিয়েছিলেন, বুদ্ধদেববাবুও গিয়েছিলেন। চিন সরকার তো কয়েক হাজার মিলিয়ন ডলার লোন নিয়েছেন ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং আই. এম. এফ. থেকে। আজকে সব চাইতে বড় ঋণ গ্রহীতা হচ্ছে চিন। চিন যদি নিয়ে না দোষ করে থাকতে পারে তাহলে ভারত সরকার কোথায় দোষ করল? এই ব্যাখ্যা ওরা দিতে পারছেন না। চিনের কথা ছেড়ে দিন, বুদ্ধদেববাবুর দপ্তরের ম্যাকসিমাম কাজই ওয়ার্ল্ড ব্যাঙ্ক করে। সেখানে রাজ্য সরকার যদি টাকা নিয়ে দোষ না করে থাকে তাহলে ভারত সরকার কোথায় দোষ করেছে? এই যুক্তির কোনও মানে খুঁজে পাচ্ছি না। গ্রামে একটা কথা আছে, চিল কান নিয়ে চলে গেছে, চিলের পেছনে দৌড়াতে হবে। রাজ্যপালের ভাষণে দেখলাম যে কেন্দ্রীয় সরকার সারে না কি ভরতুকি তুলে দিয়েছেন। কিন্তু কোথায় তুলে দিয়েছেন? ৫ হাজার কোটি টাকা সাবসিডি দিয়েছেন। এরা পড়াশোনা করেন না, ওই আই.

এ. এস., আই. পি. এস. অফিসারদের দিয়ে দেখিয়ে নিতে পারেন তো। কোথায় কেন্দ্রীয় সরকার সারে ভরতুকি তুলে দিয়েছে? আজকে আপনারা রাজ্যপালকে দিয়ে মিথ্যা কথা বলালেন এবং তার প্রতিবাদ পর্যন্ত করলেন না আজকে।

আজ ওদের একজন সদস্যও প্রতিবাদ পর্যন্ত করলেন না অসত্য ভাষণ দেওয়ার জন্য আমরা জানি ওদের সে সাহস নেই। আজকে যোজনা বরাদ্দের ব্যাপারে সমালোচনা করা হয়েছে। কিন্তু আসল কথাটা কি? আসল কথা আমাদের রাজ্য সরকারের আয়-ব্যয়ের সমতা নেই। আপনারা অস্বীকার করতে পারেন ১৩ শো কোটি টাকা খরচ করতে পারেন নি? ৩৫ শো কোটি টাকা যেখানে খরচ করার কথা ছিল, সেখানে ২,২৫০ কোটি টাকা খরচ করেছেন ১৩ শো কোটি টাকা খরচ করতে পারেননি। এর জন্য দায়ী কে? ষষ্ঠ যোজনায় আপনারা খরচ করতে পারলেন ন। সেজন্য আপনারা দায়ী নয়? কেন্দ্রের ঘাড়ে দোষ চাপালেন। এখন অনেক যোজনা বরাদ্দের জন্য সমালোচনা করছেন, সমস্ত জায়গায় নিজেদের দায়িত্ব এড়াবার জন্য নানা রকম কথা বলে চলে যান। মাননীয় মুখ্যমন্ত্রী এন. আর. আই. অর্থাৎ অনাবাসী ভারতীয় শিল্পপতিদের পশ্চিমবঙ্গে নিয়ে এসে শিল্প গড়ার কথা বলেন। পূজার আগে বাইরে যান। এবার অর্থমন্ত্রীও গেলেন। আমরা সংবাদপত্রে দেখলাম জাপানে যাচ্ছেন। কি করতে না অনাবাসী ভারতীয় শিল্পপতিদের পশ্চিমবাংলায় নিয়ে এসে শিল্প গড়তে। সংবাদপত্রে দেখলাম, অনাবাসী ভারতীয় শিল্পপতিদের সঙ্গে নাকি কথা হয়েছে। উনি ফিরে আসার পরে স্টেটসম্যান এবং ২২শে ফেব্রুয়ারি বর্তমানে দুটি চিঠি বেরিয়েছে। আমি স্যানফ্রানসিসকোতে যাইনি। আপনি গিয়েছেন, আপনি জানতে পারেন। সেখানে সিলিকন বলে একটা জায়গা আছে। শুনেছি সেখানে হাই-টেকনোলজি আছে। দুটি কারণে এই জায়গাটা বিখ্যাত। তারমধ্যে একটা হাই-টেকনোলজি, সেখানে গিয়েছেন, যাওয়ার আগে, সেখানে ভারতীয় দূতাবাস মারফৎ, সেখানকার বাঙালিদের জানানো হয়েছে, অসীমবাবু আসছেন, অর্থমন্ত্রী আসছেন, আপনারা ইচ্ছা করলে দেখা করতে পারেন। সেখানকার বাঙালিরা ১৯ তারিখে একটা পূজা মন্ডপে উপস্থিত থাকার জন্য একটা চিঠি দিল। সেই চিঠি উনি পেয়েছিলেন। কিন্তু তিনি গেলেন না। পশ্চিমবঙ্গে অনাবাসী ভারতীয়দের আনতে গিয়েছিলেন, কিন্তু সেখানকার বাঙালিরা তার সঙ্গে দেখা করতে পারল না। উনি বলে গেলেন এখানে যে ওখানে অনাবাসী ভারতীয় শিল্পপতিদের আনতে যাচ্ছেন আসলে উনি গিয়েছিলেন বার্কলে ইউনিভার্সিটিতে লেকচার দিতে রিজেন্ট লেকচারার হিসাবে ইনভাইটেশন পেয়ে।

মিঃ স্পিকার ঃ আমি বার বার বলেছি, কারও বিরুদ্ধে অভিযোগ আনতে গেলে আগে লিখিতভাবে তাকে জানাতে হবে যাতে তিনি নোটিশ মিট করতে পারেন। আপনি যদি নোটিশ না দিয়ে থাকেন তাহলে সমস্ত এক্সপাঞ্জ হবে। এইভাবে ব্লাইন্ডলি অভিযোগ আনতে পারেন না। আপনি যখন নোটিশ দেবেন তখন বলবেন। একটা নিয়ম আছে সভার, অভিযোগ জানাবার ব্যাপারে।

শ্রী আবদুল মান্নান ঃ এটা যখন আপনি বলতে বারণ করছেন, আমি এখন বলছি না। এখানে সাম্প্রদায়িক সম্প্রতির কথা অনেক বলা হচ্ছে। বলা হচ্ছে, বামফ্রন্ট সরকারের জন্য এই রাজ্যের সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষিত হচ্ছে। কিন্তু আমরা বলি আমাদের এই রাজ্যের মানুষের জন্যই সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষিত হচ্ছে। কিন্তু এখানে কি সাম্প্রদায়িক ঘটনা ঘটছে

না? আমরা ওঁদের মতো বলি না। ভাগলপুরের ঘটনা নিয়ে ওঁরা যে নাটক করলেন আমরা তা এখানে করি না। তাই পশ্চিমবঙ্গের ঘটনা অনেক মানুষের জানা নেই। কিছুদিন আগে দেগঙ্গায় কি ঘটনা ঘটল, বেড়াচাপাতে কি হল, কি করেছিল পুলিশ যখন পিলখানার ঘটনা ঘটেছিল? ঝালদাতে পুলিশের থানার সামনে কি হয়েছে? যে হোম গার্ড ওসির ঘরের সামনে পাহারা দেয় সেখান থেকে ওসি এক হাঁক দিলে শোনা যায়, সেই রকম জায়গায় একটা সম্প্রদায়ের লোকের উপর লুঠতরাজ হয়ে গেল। নির্বাচনের সময়ে ভাগলপুর থেকে লোক আনিয়ে সাজিয়ে গুছিয়ে বাড়ি বাড়ি পাঠিয়ে দেওয়া হয়েছিল।

[3-15 — 3-25 P.M.]

আমরা সাম্প্রদায়িকতা নিয়ে রাজনীতি করি না বলে আপনারা অনেকেই জানেন না যে পশ্চিমবাংলায় কত সাম্প্রদায়িক সংঘর্ষের ঘটনা ঘটছে। বর্ধমানের জামালপুরে যান, পূর্বস্থলিতে যান, কাটোয়াতে যান, কাটরা মসজিদে যান, দেখবেন একের পর এক সাম্প্রদায়িক সংঘর্ষের ঘটনা ঘটেছে। আর সরকার সেখানে নীরব দর্শকের ভূমিকা পালন করে পুলিশ ও প্রশাসনের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিতে পারেন নি। ঝালদার ঘটনার কথা আমি বলছিলাম। সেখানে পুলিশের সামনে সাম্প্রদায়িক সংঘর্ষ হল কিন্তু পুলিশ কেন সেই সাম্প্রদায়িক সংঘর্ষ বন্ধ করতে পারল না তার ফলে কৈফিয়ত আমরা পেলাম না। তারপর বলা হয় যে আমাদের রাজ্যে নাকি আইন-শৃঙ্খলা খুব ভাল। স্যার, আমি আমাদের কথা বলব না, আমি মাননীয় সরকারি দলের সদস্যদের কথা বলব। আজকে প্রথমেই আমি এই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের যিনি সমর্থক সেই কৃপাসিন্ধু সাহা মহাশয়কে জিজ্ঞাসা করি, তিনি আমার জেলারই লোক, শশাংক দে কে কারা খুন করেছিল? গোঘাটের পঞ্চায়েত সমিতির প্রাক্তন সভাপতি শ্রী শশাংক দে কাদের আক্রমণে নিহত হলেন তিনি দয়া করে বলুন। স্যার, শশাংক দে খুন হবার পর ফরোয়ার্ড ব্লকের যেসব নেতারা এখান থেকে গোঘাটে গিয়েছিলেন তারা সেদিন কি বলেছিলেন এবারে সে কথায় আমি আসি। সেদিন কি আপনারা বলেন নি সরকারের বিরুদ্ধে, পুলিশ প্রশাসনের বিরুদ্ধে? আপনারা কি বলেন নি সি. পি. এমের বিরুদ্ধে? এর পর স্যার, আমি ওদের আর এক শরিক দল সি. পি. আই. সম্বন্ধে বলি। সি. পি. আই.-এর মাননীয় সদস্য শ্রী কামাখ্যা ঘোষ একজন প্রবীণ স্বাধীনতা সংগ্রামী। আমি তাকে জিজ্ঞাসা করি, হবিবুর রহমান যখন খুন হল নারায়ণগড়ে তখন কারা তাকে খুন করেছিল তিনি জানাবেন কি? সি. পি. এমের সমর্থক, ক্যাডারবাহিনী, গুণ্ডাবাহিনী লোকরা তাকে খুন করেছিল। পুলিশ কিন্তু আসামীদের অ্যারেস্ট করে নি। তারপর কি হ'ল? মেদিনীপুর জেলার প্রবীণ সি. পি. আই. নেতা, প্রাক্তন সাংসদ ও এই সভার প্রাক্তন সদস্য শ্রী নারায়ণ চৌ'বে মহাশয় এবং মাননীয় সদস্য কামাখ্যাবাবু, তারা গিয়ে অনশন করতে আরম্ভ করলেন। আরো দু'জন সেখানে আগে থেকেই আমরণ অনশন করেছিলেন। এইসব ঘটনার পর সেখানকার অ্যাডিশনাল এস. পি. এবং ডেপুটি ম্যাজিস্ট্রেট জনসাধারণের চাপে পড়ে বাধ্য হলেন মাইক নিয়ে দাঁড়িয়ে বলতে যে হ্যাঁ, আমি সি. পি. এমের লোকদের অ্যারেস্ট করব। তারপর স্যার, আর একটা ঘটনার কথা বলব। খোদ মার্কসবাদি কমিউনিস্ট পার্টির এম. এল. এ-পশ্চিম দিনাজপুর থেকে জয়ী—মিনতি ঘোষ—তিনি গাড়ি করে যাচ্ছিলেন। সেই গাড়িতে ডাকাত পড়ল এবং তার ঘড়ি ছিনতাই হ'ল। তিনি কি তার ঘড়িটা ফেরত পেয়েছেন? স্যার, শাসক সি. পি. এম

দলের এম. এল. এ-এর ঘড়ি ছিনতাই হল, ডাকাতরা অ্যারেস্ট হল না। আজকে মাননীয় সদস্য শ্রী সুশীল বিশ্বাস বলেছিলেন—কৃষ্ণগঞ্জ থেকে নির্বাচিত—যে তার বাড়ির উপর হামলা হয়েছে, আক্রমণ হয়েছে। শাসক দল, শরিক দলের এম. এল. এ.-দের উপর যেখানে এইভাবে হামলা হচ্ছে সেখানে যারা কোনও দল করে না বা যারা বিরোধীদলের লোক তাদের অবস্থা কি তা সহজেই অনুমেয়। আমাকে তো ৩০৭ ধারার আসামি করা হয়েছে, ওয়ারেন্ট বার করা হয়েছে। আমি আমাদের কথা বলব না কারণ আমি জানি বিচার আমরা পাব না এবং ওদের কাছে বিচার আমরা চাই-ও না। আপনারা তো অনেক দোষ দেন সিদ্ধার্থবাবুর আমলেও। ৭২ সালের কালো দিন ইত্যাদি নানান কথা বলেন। এই প্রসঙ্গে আপনাদের কাছে জিজ্ঞাস্য, একটাও কি দেখাতে পারবেন ১৯৭২ থেকে ১৯৭৭ সালের মধ্যে যে একটা পুলিশ অফিসার যে রেপ কেসের আসামি সরকার তাকে ছেড়ে দিয়েছে? অথচ আপনাদের সময়ে কি অবস্থা দেখুন। সিঙ্গুরে রেপ কেস হল আর তাকে আপনারা ছেড়ে দিলেন। ধর্ষণের সঙ্গে পুলিশ জড়িত আর আপনারা তাকে ছেড়ে দিলেন—লজ্জা নেই আপনাদের। আপনারা কংগ্রেসের সঙ্গে তুলনা করেন। আপনাদের বলি, কেরলের কংগ্রেসের মুখ্যমন্ত্রী শ্রী করুণাকরনের আমলে রাজন বলে একজন আসামি জেল হাজতে মারা গিয়েছিল এবং তারজন্য তিনি পদত্যাগ করেছিলেন। স্যার, আমরা জানি, পদত্যাগের স্বভাব এদের নেই কিন্তু লজ্জা পেয়ে ক্ষমাও এরা চান না। পশ্চিমবাংলার লক-আপগুলিতে কত যে মারা গিয়েছে তার কোনও ঠিক নেই। স্যার, পুলিশ প্রশাসন কি অবস্থায় রয়েছে দেখুন, আমাদের কথা নয়, অ্যাডিশনাল ডি. জি. —এখন পুলিশে অনেকগুলি পদ হয়েছে, আমাদের সময়ে একটাই পদ ছিল, আই. জি. অ্যাডিশনাল ডি. জি. নিজে আই. জি. এনফোর্সমেন্ট ব্রাঞ্চের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনেছেন, প্রকাশ্যে অভিযোগ আনার পরও কারওই চাকরি গেল না, কোনও কিছুই হ'ল না, দু'জনেই কাজে বহাল রয়েছেন! হয় অভিযোগ সত্য, না হয় তিনি তাঁর অধস্তন অফিসারের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করেছেন। কিন্তু কারোরই কিছু হ'ল না। কোনও দিন এ জিনিস কেউ দেখেছে? স্যার, দুর্গাপুর স্টিল প্ল্যান্টের মডার্নাইজেশনের জন্য কয়েকজন বিদেশি প্রযুক্তিবিদ এসেছিলেন জার্মানি এবং রাশিয়া থেকে। তাঁরা ওখানে চুরি, ডাকাতি, রাহাজানির অভিযোগ করে পালিয়ে যেতে চেয়েছিলেন। তাঁরা ভয়ে পালিয়ে যেতে চেয়েছিলেন। শেষে ওখানকার এম. এল. এ. এবং আরও কয়েকজনের হস্তক্ষেপ রয়ে গিয়েছিলেন। তাহলে নিরাপত্তাটা কোথায়? তাঁরা সরকারের ওপর চাপ সৃষ্টি করতে পেরেছিলেন বলে তাঁদের জন্য হয়ত কিছু বিশেষ নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছিল, কিন্তু দুর্গাপুরের সাধারণ মানুষের নিরাপত্তা কোথায়? কাঁথিতে সোনার দোকানে ডাকাতি হবে, আগে থাকতে খবর পেয়ে স্থানীয় মানুষ থানাকে জানিয়েছিল। থানা থেকে ১০০ গজের মধ্যে বিশ্বনাথ চন্দ্রের দোকান, গ্রামের লোকে আগে থাকতে থানায় খবর দেওয়া সত্ত্বেও পুলিশ কোনও ব্যবস্থা করে নি। আজকাল গ্রামে আগে থেকেই ডাকাতির খবর পাওয়া যায়। ডাকাত পড়বে এই খবর দেওয়া সত্ত্বেও পুলিশ কোনও গুরুত্ব দেয় নি। ডাকাতরা ডাকাতি করে সব নিয়ে যাবার পর পুলিশ সেখানে গিয়ে বলছে,—কি হয়েছে, কি হয়েছে? এই তো রাজ্য সরকারের আইন-শৃঙ্খলার অবস্থা! অথচ মাননীয় রাজ্যপাল আইন-শৃঙ্খলা পরিস্থিতির প্রশংসা করলেন! পশ্চিমবাংলার মানুষ বাস্তবে যা দেখছে তাতে তারা কখনই এই পরিস্থিতির জন্য সরকারের প্রশংসা করতে পারে না। স্যার, আমি একটা স্টেটমেন্ট এখানে পড়ে যেতে চাই। স্যার, রাজ্যপালের ভাষণে আমাদের স্বাস্থ্য

দপ্তরের খুব প্রশংসা করা হয়েছে—মৃত্যুর হার কমে গেছে, ইত্যাদি বলা হয়েছে। এখানে স্টেটমেন্টটা পড়ছি, "রাত দুটোয় বেডপ্যান চেয়ে আর্তনাদ করলেও কোনও চতুর্থ শ্রেণীর কর্মীর সাড়া মিলবে না। মাসের পর মাস কেটে যায় একটা এক্সরে করতে। সামান্য একটা ওষুধের জন্য দরজায় দরজায় ঘুরতে হয়। স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তারবাবু থাকবেন না। অথচ রাজ্য সরকারের মোট চাকুরের মধ্যে একের তিন অংশই স্বাস্থ্য দপ্তরের কর্মী। স্বাস্থ্য বাজেটের ৭৫ শতাংশ খরচ হয় তাদের মাইনে দিতে। এসব দেখে তাই ভাবি স্বাস্থ্য দপ্তরটা রেখে কি দরকার!" স্যার, এটা আমাদের কারও কথা নয়, বিরোধীদলের কারও কথা নয়, ওঁদের কোনও সাধারণ সদস্যেরও কথা নয়। এটা ঐ যে বসে আছেন স্বাস্থ্য মন্ত্রী, ওঁর কথা। উনি বলেছেন, "স্বাস্থ্য দপ্তরটা রেখে কি হবে!" সেই স্বাস্থ্য দপ্তরের প্রশংসা করে মাননীয় রাজ্যপাল ভাষণ দিয়েছেন এবং সে ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এখানে উপস্থিত হয়েছে সে প্রস্তাবকে আমাদের সমর্থন করতে হবে! এটাও আপনারা আশা করেন? স্যার, বোধ হয় ৪ঠা অক্টোবর ১৯৯১ তারিখে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী নীলরতন মেডিক্যাল কলেজ হাসপাতালে গিয়ে ঐ ভাষণটি দিয়েছিলেন এবং সংবাদপত্রে তা প্রকাশিত হয়েছিল। এই তো স্বাস্থ্যের অবস্থা। স্যার, বিদ্যুত সম্বন্ধেও এখানে অনেক কথা বলা হয়েছে। আমি পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনের তথ্যের মধ্যে যেতে চাই না। স্যার, আপনি গঙ্গা পার হয়ে হাওড়ায় যান, সেখানে দেখবেন অসংখ্য ছোট ছোট কারখানা বন্ধ হয়ে গেছে। স্যার, আমরা দেখলাম শীতকালেও লোডশেডিং হ'ল। সরকারি অফিসাররা ব্যাখ্যা দিলেন যে, গ্রীষ্মকালে বিদ্যুত দেবেন তাই এখন থেকে মেশিন বন্ধ করে রেখেছেন। পার্থবাবু বললেন, বিদ্যুত দপ্তর নাকি সাকসেসফুল। পার্থবাবু অনেক তথ্য এখানে উত্থাপন করলেন। অথচ তিনি বললেন না যে, কংগ্রেস রাজ্যের ক্ষমতা থেকে চলে যাবার পরে নতুন করে ক'টা পাওয়ার ইউনিট তাঁরা তৈরি করতে পেরেছেন। স্যার, ব্যাণ্ডেল থার্মাল পাওয়ার প্ল্যান্ট শুধু পশ্চিমবাংলা নয়, এশিয়ার মধ্যে সবচেয়ে আধুনিক যন্ত্রপাতি দিয়ে তৈরি হয়েছিল। অথচ এই সরকার সেটাকেও চালু রাখতে পারেন নি। সেটাকেও নষ্ট করে ফেলেছেন।

[3-25 — 3-35 P.M.]

কংগ্রেস আমলে যেটুকু এই রাজ্যের উন্নয়ন আপনারা অব্যাহত রাখতে পারেননি, স্তব্ধ করে দিয়েছেন। রাস্তাঘাট তৈরি করতে পারেননি। রাস্তাঘাটের এমন অবস্থা হয়েছে যে অনেক মন্ত্রী মহাশয় রাস্তাঘাট দিয়ে যেতে পারছেন না, হেলিকপ্টার করে যেতে হচ্ছে। মন্ত্রীরা হেলিকপ্টার করে যেতে পারেন কিন্তু সাধারণ মানুষ কি করে যাবে? রাস্তাঘাট খারাপ হওয়ার দরুন বহু রুটের বাস চলাচল বন্ধ হয়ে গেছে। এর ফলে মানুষ যাতায়াত করতে পারছেন না। জয়নাল সাহেব জুটের কথা বললেন। আমি এই সম্পর্কে বলতে চাই না, কারণ আপনি আমার অ্যাডজর্নমেন্ট মোশন পড়তে অনুমতি দিয়েছেন, সেইজন্য আমি এই সম্পর্কে বলছি না। গত হাউসে আমাদের মাননীয় শ্রমমন্ত্রী প্রশ্নের উত্তরে বলেছিলেন, কতকগুলি জুটকলের মালিক শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা দিচ্ছেন না সরকারি প্রভিডেন্ট ফান্ড কমিশনারের কাছে। কিন্তু তিনি বলতে পারেন নি এদের মধ্যে ক'জনকে তিনি অ্যারেস্ট করেছেন? একটা শিল্পপতিকেও কি তিনি অ্যারেস্ট করেছেন শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা না দেবার জন্য। আপনারা অনেকে সিদ্ধার্থ রায়ের কথা বলেন, অনেকে তাঁর

সরকারের কথা বলেন, অনেকে তাকে গালাগালি দেন, কিন্তু কংগ্রেস আমলে অনেক শিল্পপতিকে অ্যারেস্ট করা হয়েছিল। [* * *] কোমরে দড়ি বেঁধে ঘোরানো হয়েছিল অপরাধের জন্য।

মিঃ স্পিকার ঃ নাম বাদ যাবে।

আপনারা তাকে শেরিফ করে দিলেন। কংগ্রেস আমলে অসাধু ব্যবসা করার জন্য, চোরাকারবার করার জন্য গ্রেপ্তার করা হয়েছিল যাকে তাকে আপনারা শেরিফ করে দিলেন। কেন, বেশি টাকা দিয়েছিল বলে? আপনাদের লজ্জা করা উচিত। মাননীয় মুখ্যমন্ত্রী যিনি প্রশাসনের সর্বেসর্বা। যদি কোনও মন্ত্রী ভুল করে থাকেন তিনি তাঁকে সংশোধন করে দেবেন এটাই আমরা জানি। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী কিছুদিন আগে কি বললেন? তিনি বললেন, সীমান্তে চোরাচালান বাড়ছে এবং খাদ্যদপ্তর ব্যর্থ, খাদ্যদ্রব্য ওপার বাংলায় চলে যাচ্ছে, আমাদের দেশের খাদ্য সংকট এটা একটা কারণ। চোরাচালান বন্ধ করবে কে? বি.এস.এফ.। খাদ্যদ্রব্যগুলি বর্ডারের কাছে তৈরি হয় না, সেগুলি তৈরি হয় বর্ডার থেকে অনেক দূরে। সেখান থেকে আটকাবে কে? পুলিশ। পুলিশ ব্যর্থ। পুলিশ মন্ত্রী মাননীয় জ্যোতিবাবু কি বললেন? তিনি বললেন, চোরাচালান বন্ধ করতে পুলিশ ব্যর্থ হয়েছে, অতএব ক্যাডার বাহিনী নামাব, ক্যাডার বাহিনী শাসন করবে। তাহলে পুলিশ প্রশাসন তুলে দিন। তাহলে পুলিশ কি করবে? পুলিশ মন্ত্রী পুলিশ প্রশাসনের উপর আস্থা রাখতে পারছেন না। তিনি নিজে পুলিশ মন্ত্রী হয়ে পুলিশের অ্যাকটিভিটির নিন্দা করছেন, তিনি বিশ্বাস করছেন তাঁর ক্যাডার বাহিনীর উপর। স্যার, কিছুদিন আগে কান্দুয়ার ঘটনার কথা আপনি জানেন। জয়নাল সাহেব হিটলারের কথা বললেন। আমরা হিটলারের অত্যাচারের ঘটনার কিছু কিছু জানি। কিন্তু কান্দুয়াতে যে ঘটনা ঘটেছে একটা সুস্থ মস্তিষ্কের মানুষ তার চোখের জল ধরে রাখতে পারবে না। হাতকে ভোট দেওয়ার অপরাধে তাদের হাত কেটে দেওয়া হয়েছিল। প্রথমে সেখানকার মানুষ ঘরছাড়া হয়ে গেল। বাইরে বাইরে ঘুরে বেড়াতে লাগল। পুলিশ প্রশাসন সেদিন নীরব দর্শক ছিল। এলাকার মানুষ যখন সেদিন অসহায় অবস্থায় দিন-যাপন করছিলেন কংগ্রেস নেতারা গিয়ে তাদের শান্তির বাণী শুনিয়েছিলেন। কিন্তু হাওড়া জেলার মন্ত্রী মহাশয় বললেন বেশি বাড়াবাড়ি করবেন না, আমাদের ক্যাডারবাহিনী নামিয়ে দেব। যারা এইরকম ক্যাডার বাহিনীর হুমকি দেয়, তাদের প্রশাসন কতটা সঠিক আছে সেটা একটা সন্দেহের বিষয়। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকার যে ভাষণ তৈরি করে দিয়েছেন এতে বাস্তবের সঙ্গে কোনও মিল নেই। মহামান্য রাজ্যপালকে দিয়ে একটা অসত্য, অবাস্তব, অপ্রাসঙ্গিক কথা বলানো হয়েছে। তাই এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে যে সব সংশোধনীগুলি দেওয়া হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কমলকান্তি গুহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের কিছু কিছু অংশ আমাকে অনুপ্রাণিত করতে পারে নি, আমাকে হতাশ করেছে, বিশেষ করে আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়েছি সেই সব এলাকার নিয়ন্ত্রণের কথা বা সেখানকার মানুষের বাঁচবার কথা অনুপস্থিত। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে তিনি তিস্তা খাল প্রসঙ্গে যে

Note * Expanged as ordered by the Chair.

কথা বলেছেন এটা আমি আশা করিনি। আমি আশা করেছিলাম যে এবারে মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে এই কথাটি থাকবে যে তিস্তা প্রকল্পকে জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা করা হোক। এটা আমরা বার বার দাবি করেছিলাম এবং পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ ও কৃষক শ্রেণীর মানুষেরও এই দাবি ছিল, কিন্তু তা করা হয় নি। মাঝে মাঝে বলা হয় তিস্তা প্রকল্পকে জাতীয় গুরুত্ব দেওয়া হোক। জাতীয় গুরুত্ব দেওয়া হোক এটা যে অর্থ বহন করে, আর জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা করা হোক এটা অন্য অর্থ বহন করে। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন কেন্দ্রীয় সহায়তা পাইনা, এই কথা ঠিক নয়। কেন্দ্রীয় সরকার এই ১৪/১৫ বছরে তিস্তা প্রকল্পে ৫ কোটি টাকা সাহায্য করেছেন, এই কথাটা উল্লেখ থাকার দরকার, তাহলে কেন্দ্রীয় সরকারের নগ্ন মূর্তিটা আমাদের দেশের কৃষকরা ভাল করে বুঝতে পারবেন। মাননীয় রাজ্যপাল তার ভাষণে বলেছেন ভারত সরকারের এই প্রকল্পে তাঁদের দেয় অর্থ মঞ্জুরির ক্ষেত্রে দুটি ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এই কথাটির অর্থ এই দাঁড়িয়েছে যে কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় অর্থ বহন করতে রাজি হয়েছেন। সেই মঞ্জুরীকৃত অর্থটা তাড়াতাড়ি এলে রাজ্য সরকার রূপায়িত করতে পারবেন কিন্তু আমরা যেটা শুনেছি তাতে জানা যায় যে কেন্দ্রীয় সরকার ১৫ কোটি টাকা দেবেন বলে ঠিক করেছেন, তার মধ্যে ১০ কোটি টাকা ঋণ এবং ৫ কোটি অনুদান, তা সেই টাকাটা আসেনি। এই যে কেন্দ্রের উদাসীনতা, অনীহা এই প্রকল্প সম্বন্ধে তার জন্য আমরাও কিছুটা দায়ী। এই প্রকল্পকে গুরুত্ব দিয়ে আজকে ভারতবর্ষের বুকে তুলে ধরা উচিত ছিল। সেই গুরুত্ব দেওয়া হয় নি। আমাদের রাজ্যের যাঁরা কর্ণধার যাঁরা এই কথাটা বলেছেন যে, এই প্রকল্প রূপায়িত হলে উত্তরবঙ্গের ৫টি জেলার উপকার হবে কিন্তু এই কথাটা ঠিক নয়। এই প্রকল্প রূপায়িত হলে যে বাড়তি খাদ্য উৎপাদন হবে—৬২ লক্ষ টন—আমাদের ঘাটতি আছে ২০ থেকে ২৫ লক্ষ টন, খাদ্যের ঘাটতি মিটিয়ে কেন্দ্র, ভারতবর্ষের খাদ্য ভাণ্ডার তাকে আমরা পূর্ণ করতে পারি। এই প্রকল্প রূপায়িত হলে ৪ কোটি শ্রম দিবস বাড়তি তৈরি হবে, যেখানে বেকার সমস্যা ভয়াবহ রূপ ধারণ করছে, আর্থিক অবস্থা শোচনীয়, যখন এই অবস্থা দাঁড়িয়েছে সেখানে যদি এই প্রকল্প রূপায়িত হয় তাহলে ৪ কোটি শ্রম দিবস বাড়তি তৈরি হবে। আমাদের পশ্চিমবঙ্গে যেখানে সব কিছু মিলিয়ে যা আয় হয় আড়াই হাজার কোটি টাকা, কিন্তু এই প্রকল্প রূপায়িত হলে বাড়তি সংগ্রহ থেকে আয় হবে আরও দেড় হাজার কোটি টাকা। কাজেই এর একটা জাতীয় গুরুত্ব রয়েছে, তাই এটা জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা করা হোক।

[3-35 — 3-45 P.M.]

এই দাবি আমরা অবশ্যই করতে পারি যে, কেন্দ্রীয় সরকারকে দায়িত্বটা নিতে হবে। যে দিন এই প্রকল্পটি তৈরি হয়েছিল সেদিন এর বরাদ্দ ধরা হয়েছিল ৫০০ কোটি টাকা। ১৫-১৬ বছর চলে গেছে। এখন সেটা ১৫০০ কোটি টাকাতেও কুলোবে না। কিন্তু কেন্দ্রীয় সরকারের যদি দায়িত্বটা নেন তাহলে তাড়াতাড়ি এটা রূপায়িত হতে পারে। সেদিকে কেন্দ্রীয় সরকার অনীহা রেখেছে। কিন্তু উত্তরবঙ্গ থেকে তামাক, চা এবং অন্যান্য বাবদ কেন্দ্রীয় সরকার বছরে বহু টাকা পাচ্ছেন, অথচ একবার যদি ১৫০০ কোটি খরচ করে এটাকে রূপায়িত করা যায় তাহলে আমরা দেখেছি এর থেকে রিটার্ন পাব বছরে দুই-তিন কোটি টাকা। কেন্দ্র কিন্তু এর দায়িত্বটা নেবেন না। আজকে হলদিয়ার কথা, বক্রেশ্বরের কথা বারবার

বলছেন, পাশাপাশি তিস্তা প্রকল্পের কথা সেইভাবে তুলছেন না। আমি আশা করব, এ ব্যাপারে রাজ্য সরকার পশ্চিমবঙ্গে জনমত তৈরি করবেন, কারণ এটা আমাদের কাছে একটা মর্যাদার ব্যাপার। এই ব্যাপারটাকে তুলে ধরে সেইভাবে কেন্দ্রীয় সরকারের সঙ্গে পাঞ্জা কসবেন। আর একটি দিক হল, তিস্তার ভাটিতে বাংলাদেশের রংপুর জেলায় তিস্তা বলে একটি জায়গা আছে তিস্তা নদীর পাশে। সেখানে বাংলাদেশ সরকার একটা সেচ-প্রকল্প এইভাবে তৈরি করছেন এবং তাদের সেই কাজ খুব দ্রুত এগিয়ে চলেছে। একবার যদি তারা কাজটা রূপায়িত করে, সম্পূর্ণ করে জলটা সেচের জন্য দিতে পারেন তাহলে ভবিষ্যতে যখন আমাদের এই কাজটা রূপায়িত হবে তখন উজানে জল ধরে রাখতে পারব না, আন্তর্জাতিক জটিলতা সৃষ্টি হবে। সে বিষয়টা মনে রেখে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের এগিয়ে আসা উচিত। সেজন্য আমাদের দাবি, রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারকে চাপ দেওয়া যাতে এর দায়িত্বটা তাঁরা গ্রহণ করতে বাধ্য হন এবং জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা করেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে আমি রাজ্যপাল 'তিনবিঘা' সম্পর্কে যা বলেছেন সে ব্যাপারে আসছি। রাজ্যপাল বলেছেন, 'ভারত সরকার তিনবিঘা সম্পর্কে ১৯৮২ সালের চুক্তিপত্র স্বীকার করতে অগ্রণী হয়েছেন।' এবং বলেছেন, 'বাংলাদেশের সঙ্গে আমাদের সুসম্পর্ক গড়ে তুলতে এটা একটা ইতিবাচক ব্যবস্থা হবে বলেই আমাদের অভিমত।' আমি বুঝতে পারছি না। নিজেদের সার্বভৌমত্ব নষ্ট করে, নিজেদের দেশের হাজার হাজার লোককে সঙ্কটের মধ্যে ফেলে দিয়ে আজকে বাংলাদেশের সঙ্গে কি ইতিবাচক সম্পর্ক সৃষ্টি হবে, আমি বুঝতে পারছি না। বলা হয় সার্বভৌমত্ব থাকবে। এটা কেন্দ্রীয় সরকারও বলছেন, রাজ্য সরকার বলছেন। মাননীয় মুখ্যমন্ত্রী বারবার ঘোষণা করে এসেছিলেন ১১ই নভেম্বর মেখলিগঞ্জের জনসভায় বলে এসেছিলেন যে, সার্বভৌমত্ব নষ্ট করতে দেওয়া হবে না। কিন্তু সার্বভৌমত্ব থাকছে কোথায়? এটা লিজ দিলে এর উপর আমাদের সার্বভৌমত্ব থাকছে? কেন্দ্রীয় সরকার থেকে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, এখন থেকে বাংলাদেশের মিলিটারি এবং পুলিশ এখান দিয়ে যাতায়াত করতে পারবে না, এখন থেকে এখান দিয়ে কেউ অস্ত্রশস্ত্র নিয়ে যাতায়াত করতে পারবে না, এখন থেকে এখান দিয়ে যেতে বাংলাদেশের লোকদের ভারতীয় চৌকিতে নাম লেখাতে হবে। অন্যান্য দেশ, যেমন—নেপাল, ভুটানের সঙ্গে আমাদের চুক্তি হয়েছে, সেইভাবে ব্যবস্থা করতে হবে। এখানে কোনও অপরাধ সংঘটিত হলে আসামি যদি বাংলাদেশের লোক হয়, বিচার হবে রংপুর কোর্টে। এই অবস্থাটা বুঝতে পারছেন না। কলকাতায় নগর-সভ্যতার মধ্যে থেকে থেকে আপনাদের চোখ অন্ধ হয়ে গেছে, সীমান্তে গ্রাম-বাংলার অবস্থাও বুঝতে পারছেন না। সেখানে একটা সমাজবিরোধী লোক অপরাধ করলে তার বিচার হবে রংপুর কোর্টে! আর সাক্ষী দিতে যাবে সেখানে ভারতীয় নাগরিকটি। এটা কি সম্ভব? বিচার কোনওদিন হবে, না বিচারের প্রহসন হবে? এগুলি মেনে নিয়ে সার্বভৌমত্বের কথা বলা হয়েছে। আমি একথা বলতে চাই যে এ দিয়ে আমাদের বুঝিয়ে দেওয়া যাবে না। আর আন্তর্জাতিক চুক্তির কথা বলেছেন। তা যদি হয় তাহলে আন্তর্জাতিক চুক্তি অনুসারে যেটা ঠিক হয়েছিল যে ছিট মহলগুলি বিনিময় হয়ে যাবে। বাংলাদেশের ৯৫টি ছিট, আর আমাদের ১২৬টি ছিট এটা বিনিময় হয়ে গেলে সমস্যার সমাধান হয়ে যাবে। আর আন্তর্জাতিক চুক্তি—আপনাদের সতর্ক হয়ে কথা বলা উচিত আজকের দিনে দাঁড়িয়ে। আজকের দিনে দাঁড়িয়ে মনে হচ্ছে যে সেই কথাটা বোধ হয় আবার দু'এক বছরের মধ্যে আমাদের আবার বলতে হবে যে, বণিকের

মানদণ্ড দেখা দিল পোহালী সর্বরী রাজদণ্ড রূপে।' কেন্দ্রীয় সরকারের নরসিংহ রাও এবং মনমোহন সিং যেভাবে সাম্রাজ্যবাদীদের কাছে দাসত্ব লিখে দিচ্ছেন তাতে আগামী কয়েক বছরের মধ্যে সেই বণিকের মানদণ্ডকে যেভাবে আসবার সুযোগ করে দেওয়া হচ্ছে সেটা রাজদণ্ড রূপে দেখা দেবে। আর তখন অনেক আন্তর্জাতিক চুক্তি হবে, সেই আন্তর্জাতিক চুক্তি আমরা যারা কৃষক, শ্রমিকের রাজনীতি করি, আমরা যারা বামপন্থী রাজনীতি করি, সেদিনও কি আমরা বলতে পারব যে আন্তর্জাতিক চুক্তি ভারত সরকার আমেরিকার সঙ্গে বা অন্যান্য সাম্রাজ্যবাদী দেশের সঙ্গে চুক্তি হচ্ছে, সেটা আমাদের মেনে নিতে হবে? আমরা তা মেনে নিতে পারব না। তাই এইভাবে ব্ল্যাঙ্ক চেক দেওয়া উচিত নয়। আন্তর্জাতিক চুক্তি হলেই কি তা মেনে নেবে? আমাদের দেখতে হবে যে সেই চুক্তির মধ্যে আমাদের রাষ্ট্রের নিরাপত্তা, আমাদের দেশের মর্যাদা, আমাদের দেশের মানুষের ভাল-মন্দ কতখানি লেখা আছে, সেটা দেখে তাকে সমর্থন করা যায় কিনা সেটা ভাবা উচিত। আপনারা বলছেন যে আন্তর্জাতিক চুক্তি মানতে হবে। কিন্তু পুর্বাশা দ্বীপ নিয়ে যে চুক্তি হয়েছে সেটাতো বাংলাদেশ মানছে না। যে দ্বীপটি কুচবিহারের সমান আয়তন সেটা বাংলাদেশ সরকার দখল করে আসছে। সেটা চুক্তি অনুসারে আমাদের হওয়া উচিত। কিন্তু কেউ একবারও সেকথা বলছেন। যারা আন্তর্জাতিক চুক্তির কথা বলছেন তারা তো একথা বলছেন না যে পুর্বাশা দ্বীপ আমাদের দিয়ে দেওয়া হোক। আর একটা কথা মনে রাখতে হবে। সেদিন সরকারে যারা ছিলেন, যাদের মদতে এই চুক্তি হয়েছিল সেই সরকারে কারা ছিলেন আমাদের দেশের? একটা স্বৈরাচারি সরকার তখন দিল্লিতে ছিলেন, আর পশ্চিমবাংলায় ছিলেন সিদ্ধার্থবাবুরা। এই স্বৈরাচারি সরকার আমাদের দেশে জাঁকিয়ে বসেছিল, আর সেই স্বৈরাচারি সরকারের প্রধান হচ্ছেন ইন্দিরা গান্ধী। তিনি তখন নিজেকে ভাবতে শুরু করেছিলেন—ভারত-ইন্দিরা, ইন্দিরা-ভারত। এশিয়ার মুক্তি সূর্য, তিনি ভেবেছিলেন যে বাংলাদেশের সরকারের তরফ থেকে শেখ মুজিবর রহমানের থেকে সামান্য ৩ বিঘা জমি চেয়েছিলেন, সেই ৩ বিঘা জমি আমরা দিয়ে দিতে পারি আমাদের খেয়াল-খুশির উপর নির্ভর করে। সেদিন তারা বিবেচনা করলেন না, একবারও ভাববার প্রয়োজনীয়তা বোধ করলেন না যে এই তিন বিঘা জমি বাংলাদেশকে দিয়ে দিলে সেখানকার মানুষের ভবিষ্যৎ কি হবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাজেই সেই চুক্তি আজকে আমরা মানতে বাধ্য নই।

শ্রী সিদ্ধার্থশংকর রায়ঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার,.....

মিঃ স্পিকারঃ মিঃ রায়, আপনার পয়েন্ট পরে শুনব।

শ্রী কমলকান্তি গুহঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একথা বলব যে রাজ্য সরকার অন্তত একটা কথা ভাল বলেছেন। আমরা দেখছি যে এখানে ছিট মহল বিনিময়ের দাবি তোলা হয়েছে। এই ছিট মহল বিনিময় এখনই হওয়া দরকার। কারণ আমাদের ছিটে যারা বাংলাদেশের লোক রয়েছে, আমাদের এলাকার মধ্যে তারা বন্দি জীবন-যাপন করছেন।

[3-45 — 3-55 P.M.]

আবার বাংলাদেশে যে ছিট, যেখানে আমাদের লোকেরা রয়েছে তাদের কোনও অধিকার নেই। তাদের কোনও রকম গণতান্ত্রিক অধিকার নেই। তাদের কোনও রকম স্বাধীনতা নেই।

কাজেই আমাদের মনে হয় যে, এই ছিট মহলগুলোর বিনিময় ত্বরান্বিত করা উচিত। এবারে আমি এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই, সেটি হচ্ছে এই যে, আমাদের উত্তরবঙ্গে অন্তহীন সমস্যা রয়েছে, তার সাথে সংযোজন হয়েছে আর একটি সমস্যা। সেটি হচ্ছে সীমান্তে এই যে কাঁটা তারের বেড়া, বর্ডার রাস্তা এবং জরিপ, এর একটি কথাও রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। এর ফলে কি দাঁড়িয়েছে? সাউথ বেরুবাড়িতে কিছুদিন আগে বাংলাদেশ এবং ভারত সরকারের পক্ষ থেকে যৌথ জরিপের ব্যবস্থা হয়েছিল। সেই জরিপ যাঁরা করতে গিয়েছিলেন, তখন দেখা গেল যে সাউথ বেরুবাড়ির কাজলদীঘি, বড়শশী ছিট, নওতারি, দেবত্তর ১নং ও ২ নং, চিলাহাটি ১নং ও ২নং, এগুলো আমাদের ভারত সরকারের মানচিত্রে নেই। কী সর্বনাশা কথা। যুগ যুগ ধরে, জেনারেশনের পর জেনারেশন সেখানকার মানুষ ভারতীয় নাগরিক হিসাবে তাঁরা সেখানে আছেন, সেখানকার কোর্ট কাছারি জলপাইগুড়িতে। তাঁরা আমাদের নাগরিক। তাঁরা ভোট দিচ্ছেন। সেখানে পঞ্চায়েত আছে। অথচ যখন জরিপ করতে গেলেন তখন আমরা দেখলাম, এই গ্রামগুলোকে বাদ দিয়ে পিলার কোথায় বসবে তা চিহ্নিত করা হচ্ছে। এই গ্রামগুলোকে ভারতের বাইরে রাখা হচ্ছে। এরফলে সেখানকার মানুষরা ক্ষেপে গেল। সেখানকার মানুষ জানতে চাইছিল কি হচ্ছে? এই এলাকাগুলোকে নিজেদের সেই চিহ্নিত এলাকার বাইরে রাখছেন কেন? তখন তাঁরা বললেন যে, 'ভারত সরকারের মানচিত্রে এটা নেই।' এতবড় ঘটনা সেখানে ঘটে গেল। সেখানকার মানুষ দলমত নির্বিশেষে জরিপ বন্ধ করে দিল। কিন্তু আমাদের রাজ্য সরকার একবারও গেলেন না, তাঁরা দেখলেন না। যে ব্যাপারটা কি? কি সর্বনাশ হয়ে যাচ্ছে। আমি আপনাদের কাছে এই কথাটি রাখতে চাই, আজকে সীমান্তে এই অবস্থাটা দাঁড়িয়েছে—এই তো বেরুবাড়ির অবস্থা। এটা ভারত সরকারের মানচিত্রে নেই। ১৯০৫ সালে, আমরা দেখেছি, যখন জরিপ হয়েছিল তখন এগুলো বেরুবাড়ি থানার মধ্যে ছিল—র‍্যাড ক্লিপের যে কথা আছে, থানা ভিত্তিক সীমানা চিহ্নিতকরণ হবে জলপাইগুড়ি সংলগ্ন এই গ্রামগুলো। এটা আমরা মানব না। সেখানকার মানুষ এটা মানবে না। আজকে সাত পুরুষের ভিটা থেকে তারা উৎখাত হয়ে যাবে। সেখানে যারা থাকে তারা ভারতের নাগরিক, তারা খাজনা দিচ্ছে, ট্যাক্স দিচ্ছে, নির্বাচনে অংশগ্রহণ করছে, স্বাধীনতার এতদিন পরে কাজলদীঘি, নওতারি, দেবত্তর এবং চিলাহাটি এইসব গ্রামগুলোকে আজ বলা হচ্ছে যে, এগুলো তোমাদের নয়। কাজেই তোমরা ভারতের নাগরিক নও।

শ্রী সিদ্ধার্থশংকর রায়ঃ কবে বলেছেন? তারিখটা বলুন?

শ্রী কমলকান্তি গুহঃ এই তো মাস দুয়েক আগে যখন জরিপ হচ্ছিল তখন। কাঁটা তারের বেড়া সম্বন্ধে আমরা বলেছি যে, এইভাবে স্মাগলিং বন্ধ করা যাবে না। কাঁটা তার কেটে নিয়ে চোরাকারবারিরা বিক্রি করে দেবে। কিন্তু এর থেকে যে সংকট সৃষ্টি হতে পারে সেই কথা কেউ একবারও ভাবলেন না! ৫ই ফেব্রুয়ারি অমর রায় প্রধান, এম. পি. স্বরাষ্ট্র মন্ত্রীর সঙ্গে দেখা করে সমস্যার কথা তুললেন যে, যে রাস্তা তৈরি হচ্ছে ঝাউকুটিতে সেটা ১৫০ গজ ভেতরে ঢুকে গেছে। ঝাউকুটিতে ১৫০ গজের মধ্যে অনেক জমি আছে, সেখানে ভারতবর্ষের নাগরিক থাকে, হাজার হাজার বিঘা কৃষি জমি আছে তারা কি অবস্থায় আছে। তারা চাষ করতে পারবে, বসবাস করতে পারবে? তারা উৎখাত হলে পুনর্বাসনের ব্যবস্থা

হবে? কেন্দ্রীয় সরকার এই সম্পর্কে চিন্তিত না কেন? তুফানগঞ্জে, ঝাউকুটিতে দাঙ্গা-হাঙ্গামার অবস্থা হয়েছে, দিনহাটা সিতাই-এ হয়েছে। বিভিন্ন জায়গায় এই সমস্যা দেখা দিয়েছে। তাই আমি রাজ্যপালের ভাষণে এই সমস্ত কথা না থাকাতে আমি কিছুটা হতাশ হয়েছি। আমি আশা করি রাজ্য সরকার এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেবেন এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

(Noise)

Shri Siddhartha Shankar Roy : I don't know all. But whatever the Honourable Member might have said about Shrimati Indira Gandhi, kindly look into it. If you think it worthy of expunging, kindly expunge it.

Mr. Speaker : I will look into it. Now, Shri Sobhan Deb Chattopadhyay.

(Noise)

(At this stage, Shri Satya Ranjan Bapuli rose to speak)

Mr. Bapuli, I have repeatedly said that when you make any allegations against any person who is not a Member of the House that cannot be done. But if anyone makes any statement relating to the Prime Minister that an accord was signed by the Prime Minister on certain issues then that is not an allegation. That is a statement of fact. There is a certain difference between an allegation and a statement of fact. If somebody says—স্বৈরাচারি সরকার—that is not an allegation against any individual. that is a general statement. আপনারাও করেন, ওরাও করেন, ছেড়ে দিন। I again say you cannot make any personal allegation against anyone who is not a Member of the House. There is a bar on it. Personally you cannot call anyone a—স্বৈরাচারি—Any Government can be criticised and your grievances may be communicated to them. So please sit down, Now, Shri Shobhandev Chattopadhyay.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের যে ভাষণ বিধানসভায় পেশ করা হয়েছে আমি এই ভাষণের তীব্র প্রতিবাদ করছি, আমি সমর্থন জানাচ্ছি না। সাথে সাথে আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত সংশোধনী এখানে রাখা হয়েছে সেই সংশোধনীগুলি সমর্থনে আমি আমার বক্তব্য আপনার মাধ্যমে পেশ করছি। স্যার, রাজ্যপাল যে ভাষণ এখানে দিয়েছেন সেটা রাজ্যপালের ভাষণ নয় বামফ্রন্ট সরকারের তৈরি করে দেওয়া একটা ৯ পাতার বক্তব্য, তিনি এখানে পাঠ করেছেন মাত্র এবং এর মধ্যে দিয়ে সরকারের যে নীতি সেই নীতি প্রতিফলিত হয়েছে। আমাদের এখানে ধন্যবাদ জ্ঞাপনের জন্য ডাকা হয়েছে, প্রস্তাবকে আমাদের ভাল বলতে হবে। এই ব্যাপারে একটা গল্প বলি। একটা ছেলের বিয়ে হবে। মেয়ের বাবা মা ছেলেকে দেখতে এসেছে। ছেলের বাড়ি থেকে তাদের বলা হচ্ছে ছেলে

খুব ভাল। ছেলে লেখাপড়া করেছে কেমন? ছেলে ১০ বার স্কুল ফাইনাল ফেল, তবে ছেলেটা খুব ভাল। ছেলে খুব ভাল তবে একটু মদ্য পান করে, দুঃখ হলে একটু মদ্য পান করে। রোজগার কি ভাবে করে। বলা হচ্ছে ছেলে খুব ভাল তবে রোজগার করে ব্যাঙ্ক ডাকাতি করে, ওয়াগেন ব্রেক করে। তা সত্ত্বেও ছেলে খুব ভাল। রাজ্যপাল যে ভাষণ দিলেন, এই ভাষণের মধ্যে পশ্চিমবাংলার যে তীব্র সংকট সেখানে পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ বেকার সেই বেকারদের কথা বলা হল না অথচ বলা হল ভাষণ খুব ভাল।

পশ্চিমবঙ্গে শিল্প আজকে কোন জায়গায় পৌঁছেছে, শিল্পে একে একে অবনতি হচ্ছে আর আমাদের এখানে বলতে হবে যে রাজ্যপালের ভাষণ খুব ভাল হয়েছে। আজকে পশ্চিমবঙ্গে গত জানুয়ারি মাস থেকে আজ অবধি অর্থাৎ আজকের তারিখ পর্যন্ত এই যে ১০-১৫টি করে রোজ গ্যাং রেপ হচ্ছে, সিঙ্গল রেপ হচ্ছে তার বিষয়ে কিছুই বলা হল না। মহিলাদের শ্লিলতাহানি বেড়েই চলেছে তা সত্ত্বেও রাজ্যপালের ভাষণ খুব ভাল বলতে হবে। এখানে যতক্ষণ আলোচনা করা হয়েছে তাতে দেখেছি যে সর্বদাই পাশ কাটিয়ে যাবার চেষ্টা করা হয়েছে। আজকে মানুষ যে সম্পূর্ণ অসহায় হয়ে পড়েছে তার কোনও কথাই এই রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ নেই। আজকে পশ্চিমবঙ্গে যে তীব্র বেকারি চলছে তার কোনও উল্লেখ নেই রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা আশা করেছিলাম, রাজ্যপালের ভাষণের মধ্যে তার উল্লেখ থাকবে কিন্তু তার দিকে নজরই দেওয়া হয়নি। আমরা দেখলাম যে, ভারতবর্ষের ২৫টি রাজ্য এবং ৯টি কেন্দ্র শাসিত রাজ্যের মধ্যে সবথেকে বেশি রেজিস্টার্ড বেকার আমাদের এই পশ্চিমবঙ্গে। আমাদের এখানে ৫২ লক্ষর বেশি বেকার রয়েছে। একে তো পশ্চিমবঙ্গে বহু কারখানা বন্ধ হয়ে রয়েছে তার উপরে আবার বহু ছোট ছোট কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। এরফলে আরও ৩ লক্ষ অতিরিক্ত বেকার বেড়েছে। সুতরাং ৫২ লক্ষ বেকার এবং তার সঙ্গে আরও ৩ লক্ষ বেকার নিয়ে দাঁড়াচ্ছে ৫৪ লক্ষ বেকার—এদের ভবিষ্যত কি তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই। আজকের এই প্রগতিশীল সরকার বাঙলার এই বেকার যুবকদের সম্পর্কে কিছু বলুন। মাননীয় পার্থবাবু তো অনেক তথ্য দিলেন, কিন্তু একবারও তো এই বেকারত্ব সম্পর্কে একটি কথাও বললেন না। উনি বলবেন কি করে, বললে যে পশ্চিমবঙ্গের মুখ ভোঁতা হয়ে যাবে, তার চেয়ে পাশ কাটিয়ে যাওয়া ভাল। আসলে আপনারা আত্মসন্তুষ্টিতে ভুগছেন। এই ব্যাপারে আমি একটি সংবাদপত্রের চিত্রের কথা বলি—আমাদের পশ্চিমবঙ্গে একটি শ্রম দপ্তর আছে, কিছুদিন আগে সংবাদপত্রে একটি ছবি দেখেছিলাম যে, শ্রমমন্ত্রী মহাশয় দিল্লিতে একটি সর্ব ভারতীয় মিটিংয়ে কেন্দ্রীয় শ্রমমন্ত্রীর ঘরে পেছনে বসে মাথা নিচু করে ঘুমুছেন। আজকে শ্রম দপ্তরের অবস্থা ঠিক একইরকম। সমস্ত শ্রম দপ্তরটা মাথা নিচু করে ঘুমুছে। একদিকে কারখানায় লক আউট, ক্লোজার চলছে মন্ত্রীর কিছুই করেন না। তিনি এয়ার কন্ডিশন ঘরে বসে রয়েছেন এবং আজ পর্যন্ত সরকারি তরফ থেকে এরজন্য কোনও উদ্যোগ নেওয়া হয়নি। একটার পর একটা কারখানায় লক আউট চলছে জুট মিলগুলিতে স্ট্রাইক চলছে অথচ শ্রমমন্ত্রী তার এয়ার কন্ডিশন ঘরে বসে রয়েছেন। এই জুটের স্ট্রাইক নিয়ে মোকাবিলা করার জন্য পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রী থাকা সত্ত্বেও রাজ্যের মুখ্য সচিবকে দিয়ে আলোচনা করানোও হচ্ছে। একটা রাজ্যের চিফ সেক্রেটারি এই জুট ধর্মঘটের নেতাদের সঙ্গে বসে আলোচনা করছেন।

অথচ একটা সরকারের শ্রমমন্ত্রী আছে, তার তিনি গাড়ি নিয়েছেন, দপ্তর এয়ার কন্ডিশন করা হয়েছে কিন্তু স্ট্রাইকের মোকাবিলা করছেন চিফ সেক্রেটারি। শ্রমমন্ত্রী হিসাবে তার কোনও দায়িত্ব নেই। মুখ্যমন্ত্রীর নির্দেশে চিফ সেক্রেটারি ট্রেড ইউনিয়ন নেতাদের সঙ্গে আলোচনায় বসেছেন। আজকে বাটা কারখানা দীর্ঘদিন বন্ধ হয়ে রয়েছে, এর খোলার কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না। যে কারখানা একবার বন্ধ হচ্ছে তা আর খোলার কোনও ব্যবস্থা করতে পারেন নি। উত্তর ২৪ পরগনায় এই সরকারের উদ্যোগে একটি কারখানা খোলা হয়েছিল কিন্তু আবার সেই কারখানা বন্ধ হয়ে গেছে। এবং সেই কারখানা আর খোলার কোনও উদ্যোগ বা চেষ্টা নেই। এরপরেও আমরা দেখতে পাচ্ছি যে, এই সরকার রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে কেন্দ্রীয় সরকারের শিল্পনীতির এবং আই. এম. এফের এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের ঋণের ব্যাপারে তীব্র প্রতিবাদ জানিয়েছেন। এই প্রসঙ্গে একটি কথা বলি—বাংলায় একটা কথা আছে যে, কেউ কেউ ৮০ বছর বয়সেও বৃদ্ধ হয় না। আমাদের এখানে একজন নেতা বসে আছেন, তিনি ১৯৭১ সালে নেতা ছিলেন, বামপন্থী নেতা ছিলেন, সেই সময়ে ম্যাকনামারা কলকাতায় এসেছিলেন এবং মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় তখন পশ্চিমবঙ্গ বিষয়ক মন্ত্রী ছিলেন, সেই সময়কার অনেক এম. এল. এই এখনও আছেন, তারা ওই ম্যাকনামারার আসার ব্যাপারে বলেছিলেন যে, গো ব্যাক ম্যাকনামারা। ম্যাকনামারা বস্তি উন্নয়নের জন্য ঋণ দেবেন বলে মধ্য কলকাতার একটি বস্তি দেখতে এসেছিলেন। সেই সময়ে যারা গো ব্যাক ম্যাকনামারা বলে চিৎকার করেছিলেন সে আজকে তারাই আবার বিশ্ব ব্যাঙ্কের টাকায় উন্নয়নের কাজ করছেন। মানুষের একটা লজ্জা থাকা উচিত, ওদের সেইটুকুও নেই। অথচ কেন্দ্রের দোষারোপ করছেন।

বিশ্বব্যাঙ্কের টাকা নিয়ে বিভিন্ন উন্নয়নের কথা বলা হচ্ছে, আমরা '৭১ সালে বলেছিলাম বিশ্বব্যাঙ্কের ঋণ লাগবে ; আর আশি বছরের বৃদ্ধ আই. এম. এফ.-র বিরোধিতা করছেন, বিশ্বব্যাঙ্কের বিরোধিতা করছেন না। '৭১ সালে দেখেছিলাম সেই টাকায় গোটা রাজ্যের উন্নতি হচ্ছে আবার আজকে সেই টাকায় আপনাদের পার্টির উন্নতি হচ্ছে। পার্টি ফান্ডের টাকা বাড়ছে। পার্থবাবু বলছিলেন আই. এম. এফ. থেকে লোন নেওয়া হচ্ছে শর্ত সাপেক্ষে, আমি তাই দায়িত্ব নিয়ে বলছি সেই শর্তটা আপনারা বার করে দিন যদি সেটা অসম্মানজনক শর্ত হয় তাহলে আমরা দিল্লির সরকারের কাছে ধর্না দেব। আপনারা ভাবের ঘরে চুরি করবেন না, আই. এম. এফ. কি শর্ত দিচ্ছে সেটা আপনাদের বলতে হবে। আসল কথা বলি কূয়োর ব্যাঙ কখনও আকাশ দেখতে পায় না, তার আকাশ দেখার ক্ষমতা নেই। আপনাদের পিতৃভূমি মাতৃভূমি হচ্ছে চিন আর রাশিয়া। সেই রাশিয়াতেই ১১ বিলিয়ন ডলার আমেরিকা থেকে সাহায্য নিচ্ছে—কোথায় গেল সেই বিপ্লব? আজকে চিন দেশের কথা চিন্তা করুন চিন কি করেছে—একটু আগে আপনারা বলছিলেন আমাদের দেশে বিদেশি বিনিয়োগ বাড়ছে—একটা তথ্য দিয়ে বলি আমাদের দেশের বিদেশি বিনিয়োগ বাড়লে এখানকার মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লোকেরা বামফ্রন্টের সদস্যরা বলতে থাকে, কিন্তু চিন দেশে যদি বিদেশি বিনিয়োগ হয় মার্কিনী বিনিয়োগ হয় তখন কি সেটা প্রগতিশীল বিনিয়োগ হয়? '৮৮ সালের পরিসংখ্যান থেকে বলছি আপনাদের চিন দেশে মার্কিন ডলার বিনিয়োগ হচ্ছে ২৩৪.৪০ কোটি ডলার। আমাদের দেশে সেখানে বিনিয়োগ ২৮ কোটি মিলিয়ন ডলার। আপনারা এককালে আমার

নাম তোমার নাম ভিয়েতনাম ভিয়েতনাম বলে চিৎকার করতেন সেই ভিয়েতনামে মার্কিনী বিনিয়োগ হয়েছে ১০ কোটি বিলিয়ন ডলার। আর আপনারা এখানে শুধু কুয়োর ব্যাঙের মতো চিৎকার করছেন। আমরা যেমন আই. এম. এফ.-এর সদস্য চিন রাশিয়াও তেমনি সদস্য পূর্ব ইউরোপও সদস্য প্রতিটি সংস্থার একটা শর্ত থাকে সেই শর্ত প্রত্যেককেই মানতে হবে, রাশিয়াকেও সেই শর্ত মানতে হবে তেমনি পূর্ব ইউরোপকেও মানতে হবে। আপনি সি. পি. এম. করেন সেই দলেরও একটি শর্ত আছে, সেই শর্ত আপনি যেমন সদস্য হিসাবে মেনে চলেন আই. এম. এফ.-এর যারা সদস্য সেই হিসেবে তাদেরও তেমনি কিছু শর্ত মেনে চলতে হয়। আগে আপনারা বলতেন আমরা লাইসেন্স পাচ্ছি না লাইসেন্স তুলে দেওয়া হচ্ছে, জ্যোতিবাবুর আবদার হচ্ছে রাজনৈতিক উদ্দেশ্যকে চরিতার্থ করবার জন্য ম্যালাইন করবার জন্য আপনারা কেবল প্রতিবাদ করতেই জানেন কিন্তু মূল জায়গায় যাবার চেষ্টা করেন না। আজকে কেন্দ্রীয় সরকার এম. আর. টি. পি. তুলে দিচ্ছে সেই সুযোগে পশ্চিমবাংলায় বৃহৎ শিল্প এক চতুর্থাংশকে যদি এই রাজ্যে আপনারা যোগাযোগ করে ব্যবসার সুযোগ করে দিতে পারতেন তাহলে ভাল হত, কিন্তু আপনারা তা করবেন না, কেবল যদি সমালোচনার জন্য সমালোচনাই হয় তাহলে আমাদের রাজ্য কোনওদিনই এগিয়ে যেতে পারবে না আমাদের রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে আমি খালি বলব গত জানুয়ারি মাস থেকে আমাদের রাজ্যে কি অবস্থা হয়েছে।

জানুয়ারি মাস থেকে আরম্ভ করে আমাদের এই রাজ্যে অনেকগুলি ধর্ষণের ঘটনা ঘটেছে। এখানে অনেক মহিলা সদস্য আছে এটা নিশ্চয় তারা সমর্থন করবেন। কিন্তু রাজ্যপালের ভাষণে এই ব্যাপারে একটা কথাও বলা হল না, তাদের কোনও শাস্তি দেওয়া হল না। ৯ই জানুয়ারি বারাসাত থানার খিলকাপুরে মহিলাদের ধর্ষণ করা হল, ১৪ই জানুয়ারি কসবায় অনিতা সরকারকে ধর্ষণ করা হল ; ১৭ই জানুয়ারি ভাঙ্গড়ে ৩০-৩৫ জন গঙ্গাসাগর ফেরত মহিলাকে ধর্ষণ করা হল ; মানিকচকে ১১ জন মহিলাকে ধর্ষণ করা হল, ২৫শে জানুয়ারি লিলুয়ার দাসপাড়ায় ১৪ বছরের এক নাবালিকাকে ধর্ষণ করা হল; ২১ জানুয়ারি তিলজলায় ধর্ষিতা মহিলার মৃতদেহ পাওয়া গেল ; ১০ই ফেব্রুয়ারি হাওড়ায় অমৃতা পাশোয়ান নামে একজন মহিলাকে ধর্ষণ করে খুন করা হল ; ১৪ই ফেব্রুয়ারি চৌরঙ্গি থেকে একজন মহিলাকে তুলে নিয়ে গিয়ে মেট্রো গলিতে ধর্ষণ করা হল, ঐ একই জায়গা থেকে চার-পাঁচ মাস আগে একজন হোটেল গায়িকাকে তুলে নিয়ে গিয়ে পার্ক সার্কাসে ধর্ষণ করা হল। তাই আমি মাননীয় রাজ্যপালের ভাষণের সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ক্ষিতি গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর দীর্ঘক্ষণ ধরে আলোচনা হয়েছে এবং বিরোধীপক্ষের যে ভূমিকা সেই ভূমিকাতে তারা তাদের বক্তব্য এখানে উপস্থিত করেছেন। একথা ঠিকই যে রাজ্যপালের ভাষণে আমরা যে পরিমাণ আশার আলো দেখতে চেয়েছিলাম, সেই পরিমাণ আশার আলো রাজ্যপালের ভাষণে নেই। আমরা সবাই জানি যে সারা দেশে একটা জটিল আর্থিক অবস্থার সৃষ্টি হয়েছে এবং আমাদের এই পশ্চিমবাংলা সেই দেশেরই একটা অঙ্গরাজ্য। সুতরাং পশ্চিমবাংলা খুব স্বাভাবিকভাবে যে জটিল অবস্থার মধ্যে পড়বে এটা খুবই স্বাভাবিক। আমাদের দেশের যে সংবিধান এবং এই সংবিধানের মধ্যে যে সরকার চলে তাকে আমরা অন্যভাবে বলি গ্লোরিফাইড্ মিউনিসিপ্যাল

গভর্নমেন্ট। সুতরাং এই সরকারের সীমাবদ্ধতা সকলেই আমরা, জানি ও বুঝি। রাজ্যপালের ভাষণ আমরা সবাই পড়েছি, সবাই বুঝেছি এবং বিভিন্ন দিক থেকে বিষয়গুলি আলোচনা করে বোঝা গেছে যে এখানে একটা স্থিতাবস্থা বজায় আছে এবং এই পরিস্থিতিতে যে স্থিতাবস্থা রাখা সম্ভব হয়েছে সেটা অনেক রাজ্যেই সম্ভবপর হয়নি। পশ্চিমবাংলার ক্ষেত্রে বামফ্রন্ট সরকার যে দৃষ্টিভঙ্গি থেকে সমস্ত সমস্যাগুলির মোকাবিলা করেছেন সেদিক থেকে বিচার-বিবেচনা করলে নিশ্চয় রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানাতে হবে। আমরা জানি আমাদের দেশের যে আর্থিক সঙ্কট তৈরি হয়েছে তার মোকাবিলা করবার জন্য কেন্দ্রীয় সরকারের নয়া অর্থনীতি, নয়া আমদানি-রপ্তানি নীতি এবং নানা ধরনের নীতি তারা তৈরি করেছেন। তারা বলেছেন এই নীতির মধ্যে দিয়ে দেশ চললে আগামী দিনে সঙ্কট কেটে যাবে এবং এই নীতির পরিপ্রেক্ষিতেই কেন্দ্রীয় সরকার আমাদের সামনে বাজেট উপস্থিত করেছেন ও সেই বাজেট সম্পর্কে কিছু প্রশ্ন উঠেছে। অভিযোগ করা হয়েছে যে আমাদের দেশের বর্তমান পরিস্থিতিকে সামনে রেখে এই বাজেট তৈরি করা হয়নি, বাইরে থেকে কারোর নির্দেশে এই বাজেট তৈরি করা হয়েছে। এই পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী পার্লামেন্টে কতগুলি চিঠি দিয়েছেন এবং এইগুলি পড়ে বুঝতে হবে যে বাজেট কারও ইঙ্গিতে হয়নি।

চিঠিপত্র পড়ে প্রস্তাব সম্পর্কে প্রমাণ করা খুবই কঠিন কাজ। কিন্তু আমি এই প্রসঙ্গে একটি ঐতিহাসিক ঘটনার কথা উল্লেখ করতে চাইছি। ১৯৪৭ সালের ৭ই নভেম্বর তারিখে বৃটিশ পার্লামেন্টের সামনে তার চ্যান্সেলার অফ এক্সচেকার ডালটন সাহেব তিনি যখন বাজেট পেশ করতে যাচ্ছেন ঠিক তার প্রাক মুহূর্তে একজন সাংবাদিক বন্ধুকে ডেকে বলেছিলেন, তুমি আজকে যে সিগারেটটা খাচ্ছো কালকে কিন্তু এটা কস্টলি হয়ে যাবে। এবং এই যে কথা তিনি বলেছিলেন—'ইভনিং স্টার' বলে যে বিখ্যাত পত্রিকা আছে সেই পত্রিকাতে বেরিয়ে গিয়েছিল। যে তামাক এবং তামাকজাত দ্রব্যে ট্যাক্স বসছে এবং সেটা দামী হয়ে যাবে এবং এই সংবাদটা বেরিয়ে যাবার পর ডালটন সাহেব কিন্তু পরোক্ষভাবে তার দায়িত্ব অস্বীকার করতে পারেন নি। পরে তিনি তার দায়িত্ব স্বীকার করে নিয়েছিলেন এবং পদত্যাগ করেছিলেন। আমাদের ভারতের অর্থমন্ত্রী মনোমহন সিং—তিনি যে চিঠিপত্র লিখেছেন তা অনেক বেরিয়েছে। চিঠিপত্র লেখালেখির মধ্যে—একটা শর্ত ছিল যে, টাকার দাম কমাতে হবে এবং যা টাকার দাম আছে তার থেকে আরও দাম কমিয়ে আনতে হবে। তাছাড়া, নির্দিষ্টভাবে বলে দেওয়া হয়েছে যে, এই পরিমাণ টাকার দাম কমালে তোমরা এত ঋণ পাবে। আমরা লক্ষ্য করেছি পরবর্তীকালে—একদিকে সেইভাবে যেমন করা হয়েছে তেমনিভাবে দু-দু দফায় টাকার দাম কমানো হয়েছে। যেভাবে উল্লেখ করা হয়েছে এবং যা দাবি করা হয়েছে, যা শর্ত দেওয়া হয়েছিল সেই শর্ত অনুযায়ী টাকার দাম কমিয়ে দেওয়া হয়েছে। কাজেই এটা মনে হতে পারে, এই রকম একটা নির্দিষ্ট চিঠিপত্রর মধ্যে দিয়ে ভারত সরকারকে বিদেশি শক্তির কাছে মাথা নত করতে হয়েছে এবং সেই শর্তগুলি মানতে হয়েছে। এই বিষয়ে কোনও সন্দেহ নেই। মানতে বাধ্য করা হয়েছে। কাজেই অভিযোগ যথার্থভাবেই করা যায় যে, আমাদের দেশের বাজেট, আমাদের অর্থনীতিতে এইসব বিষয়গুলি ওখান থেকে টিউটোরিং করে দেওয়া হয়েছে, স্পুনিং করে দেওয়া হয়েছে। এবং বলে দেওয়া হয়েছে যে, তোমাকে এটা করতে হবে। আমার বন্ধুরা প্রায়ই বলেন, এই আর্থিক সংকটকে জাতীয় সমস্যা হিসাবে

দেখলে চলবে না, এটা একটা গ্লোবাল ক্রাইসিস। গ্লোবাল ক্রাইসিসের মুরুবি হিসাবে যদি কেউ মেনে থাকে তাহলে তাকে স্পুনিং এবং টিউটোরিং যেটা আছে সেটাকেও মানতে হবে এবং সেভাবেই মুরুব্বি মেনে ওই ঋণ যারা নিয়েছিলেন সেই সমস্ত দেশের যা অবস্থা সেগুলি থেকে নিশ্চয় আমাদের শিক্ষা গ্রহণ করতে হবে। আমরা দেখেছি ১২২টা দেশ তারা আই. এম. এফ. এবং অন্যান্য প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়েছেন, টাকা, পয়সা নিয়েছেন এবং তাদের যা কন্ডিশনালিটি দেওয়া হয়েছে সেই কন্ডিশনালিটি মানতে গিয়ে আর্থিক দিক থেকে দুর্বল দেশ, ইন্ডেজেনিয়াস দিক থেকে, রুর‍্যাল ইকনমি থেকে ধ্বংসপ্রাপ্ত হয়েছে। তারা নির্ভরশীল হয়ে পড়েছে। তাদের সার্বভৌমত্ব ক্ষুণ্ণ হয়েছে। সুতরাং ভারতবর্ষ আজকে যদি সেই জায়গাতে চলে যায় তাহলে আমাদের শঙ্কা থেকেই যাচ্ছে। যদি নিঃশর্ত আত্মসমর্পণের জায়গায় চলে যায় তাহলে ভারতবর্ষের যে নিজস্বতা ছিল, যে সার্বভৌমত্ব আছে তা খর্বিত হবে। বিশেষ করে ভারতবর্ষের যে রুর‍্যাল ইকনমি যা ভারতবর্ষকে বাঁচিয়ে রেখেছে তা ধ্বংসপ্রাপ্ত হবে। আমাদের বড় শিল্পতে কমপিটিশনে যাবার ক্ষমতা নেই। তাছাড়া, এই রুর‍্যাল ইকনমির উপর বেস করে কিছু লোক খেয়ে পরে আছে। ভারতবর্ষের অর্থনীতি মূলত গ্রামভিত্তিক। এই অর্থনীতির প্রকৃত সংজ্ঞা কি হবে তা অর্থনীতিবিদরাই সংজ্ঞায়িত করবেন। ভারতবর্ষের বাজেট রুর‍্যাল ইকনমির উপর ভিত্তি করে হয়। ইন্ডেজিনিয়াস রুর‍্যাল প্রোডাক্ট গ্রামের বাজারে বিক্রি হচ্ছে, কিছু কুটিরশিল্প, কিছু হস্তশিল্প, এই সমস্ত করে গ্রামের ৭৫ ভাগ লোক এর উপর নির্ভরশীল। আমরা দেখছি যে নীতি গ্রহণ করা হচ্ছে, যা ব্যবস্থা করা হচ্ছে—শিল্পায়নের কথা যা বলা হয়েছে সেগুলি অত্যাধুনিক পদ্ধতিতে করতে হবে। সেগুলি যদি করা হয় তাহলে ভারতবর্ষের রুর‍্যাল ইকনমির যে সেট আপ আছে তা ধ্বংস হবে। গান্ধীজীর কথা আজকে আর বলেন না, নেহরুর কথা আজকে আর বলেন না। আমরা অনেক সময় গান্ধীবাদ সম্পর্কে নিশ্চিতই অনেক কথাই বলেছি তৎসত্ত্বেও আমরা দেখেছি ভারতবর্ষের গ্রামীণ অর্থনীতিকে সামনে রেখে গান্ধীজী ভারতবর্ষের নিজস্ব অর্থনৈতিক কাঠামোকে রক্ষা করার কথা বলেছেন। তাকে বাঁচিয়ে তুলতে হবে। তাকে আস্তে আস্তে বুনিয়াদি জায়গায় গড়ে তুলতে হবে। সেই জায়গায় যাওয়ার চেষ্টা ওরা গত সাড়ে চার দশক ধরে করেছেন বলে বলতে চেয়েছেন, কিন্তু সেই জায়গায় গিয়ে পৌঁছতে পারেননি। আজকে হঠাৎ এসে সেইখানটায় আঘাত দেওয়ার চেষ্টা করছেন। ওরা এইবার আঘাত দিতে চেয়েছেন ভারতবর্ষের রুর‍্যাল ইকনমিকে। সেইজন্য সারের প্রশ্ন নিয়ে প্রতিবাদ হয়েছে। ভারতে ৫ একরের মতো জমি আছে এমন মানুষ-এর সংখ্যা প্রায় ৭৫ ভাগ থেকে ৮০ ভাগ। সেই ৫ একর পর্যন্ত জমি আছে যে মানুষদের সেই ৮০ ভাগ মানুষ তারা বলছে সারে ভরতুকি তুলে দিলে হবে না। কংগ্রেস দলের মধ্যেই লোকেরা বলেছে এটা করলে আমরা দারুণভাবে ক্ষতিগ্রস্থ হব। তার ফলে আমাদের উপর যে আঘাত নেমে আসবে সেটা খুব ক্ষতিকর হবে। তারা যে দাবি তুলেছেন, আওয়াজ তুলেছেন, মাননীয় কংগ্রেস সদস্যরা অনেকে বলেছেন, এটা একটা কঠিন জিনিস হয়ে যাবে। এই জিনিস করলে মানুষ আমাদের সহ্য করবে না। সেই ভয়ে, মানুষের আন্দোলনের ভয়ে আপনারা সেই খাতে ৫ হাজার কোটি টাকা দিয়েছেন। আমরা মনে করি এইটা দিয়েছেন বলে, ৫ হাজার কোটি টাকা দিয়েছেন বলে গ্রামীণ অর্থনীতি রক্ষা করবার ব্যবস্থা করেছেন তা নয়, আসলে সেই জায়গায় যাওয়ার চেষ্টা করছেন—আমেরিকার একজন কৃষক যদি ১ কে, জি, গম বিক্রি করে ৫ ডলার পায়, ভারতবর্ষের চাষী সে পাবে না কেন? সেটা পেতে

তার দোষ কোথায়? ভারতবর্ষের চাষী যদি ওই দাম পান তাহলে আমরা তার বিরোধিতা করব না। কিন্তু ভারতবর্ষ, ভারতবর্ষই, আমেরিকা নয়। আমেরিকার লোকে ৫ ডলার দিয়ে এক কে.জি গম কিনতে পারে, কিন্তু ভারতবর্ষের মানুষ সেই দাম দিয়ে এক কে. জি গম কিনতে পারবে না। সাধারণ মানুষের পারচেজিং পাওয়ার বৃদ্ধির ব্যাপারে আপনাদের কোনও নীতি নেই। আপনাদের বাজেট সেকথা বলছে না। বলছে শুধু গ্রোথের কথা। কিন্তু ডিস্ট্রিবিউশন পার্টে তারা অ্যাবসেন্ট করে রাখতে চেয়েছে আমাদের সামনে। আমাদের বক্তব্য সেই জায়গায়। কোনও ডিস্ট্রিবিউশন নীতি আপনাদের নেই। আপামর জনসাধারণের কাছে এই কথাটা আমরা বলতে চেষ্টা করেছি, এই দিকে এগোতে হবে। এই যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গিই রাজ্যপালের ভাষণে বলা হয়েছে। আমরা উল্টো মেরুতে দাঁড়িয়ে আছি। আমরা চাইছি, ডিস্ট্রিবিউশন সিস্টেমের গ্রোথ। ডিস্ট্রিবিউশন সিস্টেম থাকলে দুটোর মধ্যে সাদৃশ্য রেখে চলতে হবে। সেইটা আমাদের দৃষ্টিভঙ্গি। আপনারা বোধ হয় খুঁজে পাবেন আমরা গান্ধীর সঙ্গে একমত নয়। গান্ধীজির, নেহরুর সঙ্গে আমরা একমত নই। কিন্তু গান্ধীজি-নেহরুর মধ্যে যে সেন্স অফ সোশ্যালিজম ছিল সেই বোধটা আজকে চলে গিয়েছে। আমেরিকার পথ ধরে আপনারা এগোবার চেষ্টা করছেন। এইটা কিন্তু মারাত্মক। ভারতবর্ষের অর্থনীতি নিয়ে আমরা এই রাজ্যে মূল জায়গায় দাঁড়িয়ে আছি। আমাদের রাজ্যপালের ভাষণে যদি বলতে পারতেন কেন্দ্রীয় সরকার মূল জায়গায় দাঁড়িয়ে আছে, তারা ঠিক বুঝতে চেষ্টা করেছেন, তাহলে ভাল হত। কিন্তু ওরা উল্টো মেরুতে দাঁড়িয়ে আছে। সেখানে দাঁড়িয়ে এর থেকে ভাল কিছু রাজ্যপালের ভাষণে আশা করা যায় না। তাই রাজ্যপালকে ধন্যবাদ। এই অবস্থার মধ্যেও তিনি কিছুটা সাহস এবং আশার কথা বলতে পেরেছেন, স্থিতাবস্থা বজায় রাখতে বলছেন। তাই ধন্যবাদ জানাচ্ছি রাজ্যপালের ভাষণকে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণে খুব স্বাভাবিকভাবেই আই. এম. এফ. বা বিশ্ব ব্যাঙ্কের শর্ত কন্টকিত ঋণ এবং কেন্দ্রীয় রাজস্ব নীতি, বিদায় নীতি, শিল্প নীতির সমালোচনা এবং বিপদের কথা বলা হয়েছে। এগুলিও সঠিক কথা এবং আমি মনে করি এর বিরুদ্ধে দেশব্যাপী প্রতিরোধ গড়ে উঠুক। সেইভাবে সংসদের বাইরে এবং অভ্যন্তরে প্রতিরোধ গড়ে উঠুক। কিন্তু আমার প্রশ্ন হল, এই যে একটা বড় বিপদ সারা দেশের বুকে নেমে এল, আসলে এটা কি করে সম্ভব হল।। কেন্দ্রীয় সরকার লোকসভায় সংখ্যালঘিষ্ঠ। লোকসভায় বিরোধীরা সংখ্যাগরিষ্ঠ হওয়া সত্ত্বেও কি করে সংখ্যালঘিষ্ঠ সরকারের পক্ষে এটা করা সম্ভব হল? এই সংখ্যালঘিষ্ঠ সরকারের জন বিরোধী ভূমিকা ও নীতির ক্ষেত্রে অন্য কারও কি কোনও ভূমিকা নেই? গোটা দেশে, পশ্চিমবাংলায় কি জনমত এমনভাবে গড়ে তুলতে পেরেছি যাতে তারা এটা না পারেন। ওরা কেন্দ্রীয় সরকারের শর্ত কন্টকিত ঋণের কথা বলছেন, কিন্তু বিশ্ব ব্যাঙ্ক বা আই. এম. এফের ঋণ এই রাজ্য সরকারের কোনও ডিপার্টমেন্টে নেই? সেচ, ক্ষুদ্রসেচ, পরিবহন প্রভৃতিতে বিশ্ব ব্যাঙ্ক থেকে কয়েক কোটি টাকা নেওয়া হয়েছে। এই গভর্নরের স্পিচে এখানেও মৎস্য পরিকল্পনা, বন বিদ্যা বিভিন্ন ক্ষেত্রে বিশ্ব ব্যাঙ্কের কথা বলেছেন।

যে মুখে বিশ্বব্যাঙ্কের সমালোচনা করা হচ্ছে সেই মুখেই আবার বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে ঋণ চেয়ে তা গ্রহণ করা হচ্ছে। কাজেই সরকার সিরিয়াসলি এটা মিন করেন কিনা

সেটা নিশ্চয় বিবেচনা করা দরকার। আজকে ভরতুকির প্রশ্নে বিশ্বব্যাঙ্কের শর্তের কথা তো আমরা জানি। কলকাতার সি. এস. টি. সিতে, সেখানে বিশ্ব ব্যাঙ্কের শর্ত অনুযায়ী কর্মচারীর সংখ্যা কমাতে হয়েছিল। আমরা জানি, বিশ্বব্যাঙ্কের চাপে বিদ্যুতের চার্জ বৃদ্ধি হল। বিশ্বব্যাঙ্কের চাপে আমরা শুনছি কলকাতা পৌর এলাকায় জলকর বসানো হবে। ফলে একদিকে শর্ত কন্টকিত ঋণের কথা বলা হচ্ছে আবার অন্যদিকে রাজ্য সরকার নির্বিচারে সেই সমস্ত শর্তগুলি মেনে নিয়েছেন। যেমন একদিকে আমরা দেখছি ওরা বেসরকারিকরণের বিরুদ্ধে বলছেন আবার অন্যদিকে সে দিকেই পশ্চিমবাংলার সরকার যাচ্ছেন। এই প্রসঙ্গে বাসের কথাটি আনতে চাই। আজকে আমরা দেখছি, সি. এস. টি. সি এবং অন্যান্য সরকারি পরিবহন ব্যবস্থা যেগুলি আছে সেগুলি আস্তে আস্তে কমিয়ে দেওয়া হচ্ছে এবং প্রাইভেট বাস ক্রমাগত বাড়ছে। সেখানে সরকারি পরিবহন ব্যবস্থা জোরদার করার জন্য সে প্রচেষ্টা আমরা দেখতে পাচ্ছি না। আমরা দেখছি, প্রাইভেট বাসের ডমিনেশন বেড়ে যাচ্ছে। ফলে পক্ষান্তরে বা পরোক্ষে বেসরকারিকরণ করার ব্যাপারেই ওরা দেখছি সাহায্য করছেন। রাজ্যের হাসপাতালগুলির কি অবস্থা সেটা আপনারা জানেন। হাসপাতালগুলিতে প্র্যাকটিক্যালি কোনও চিকিৎসার ব্যবস্থাই নেই। যেটুকু জীবনদায়ী ঔষুধ সেখানে দেওয়া হত আজকে অর্থাভাবে হাসপাতালগুলিতে সেই জীবনদায়ী ঔষুধগুলি দেওয়া হচ্ছে না। ফলে দারিদ্রক্লিষ্ট সাধারণ মানুষদের আজকে নিশ্চিত মৃত্যুর মুখে ঠেলে দেওয়া হচ্ছে। অপরদিকে আমরা দেখতে পাচ্ছি নার্সিং হোমের সংখ্যা দিনের পর দিন বেড়েই চলেছে। কারণ বিকল্প চিকিৎসা ব্যবস্থার জন্য মানুষকে সেখানে ছুটে যেতে হচ্ছে। আমরা দেখছি, মেয়ো হাসপাতালকে বেসরকারিকরণ করার ব্যবস্থা করা হচ্ছে। অর্থাৎ, একদিকে বেসরকারিকরণের বিরুদ্ধে ওরা বলছেন, অপরদিকে সেই বেসরকারিকরণ করার ব্যবস্থার দিকে ওরা যাচ্ছেন। সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকেও যেখানে প্রায়রিটি দিয়ে রাজ্য সরকারের ব্যবস্থা নেওয়া উচিত ছিল সেটা করা হচ্ছে না। স্যার, ওরা যথার্থভাবে বলেছেন যে রাষ্ট্রায়াত্ত শিল্পের ক্ষেত্রে জোর দিতে হবে। ভরতুকি তুলে দেবার ব্যাপারেও ওরা সমালোচনা করেছেন এবং বলেছেন যে প্রয়োজনে ভরতুকি দিতে হবে। যথার্থভাবেই সেটা বলেছেন এবং আমরাও সেটা মনে করি। কিন্তু প্রশ্ন হচ্ছে, একদিকে ওরা কেন্দ্রীয় সরকারের সমালোচনা করছেন এবং অপরদিকে এই রাজ্যসরকার সেই কাজই করছেন। আমরা দেখতে পাচ্ছি যে এখানে গ্রামীণ বৈদ্যুতিকরণ উঠে যেতে বসেছে। এখানে রাজ্য বিদ্যুত পর্ষদ সিদ্ধান্ত নিয়েছেন যে লাভজনক না হলে আর গ্রামে বৈদ্যুতিকরণ হবে না। কি মারাত্মক অবস্থা। একদিকে দুর্বলতর শ্রেণীর মানুষদের বাঁচার প্রশ্নে ভরতুকি দেবার কথা বলছেন অপরদিকে রাজ্য সরকার যে আচরণ করছেন তার মধ্যে দিয়ে সেটা নিজেরাই তারা পালন করছেন না। স্যার, তিন বিঘার সমস্যা নিয়ে এখানে উল্লেখ করা হয়েছে। তিনবিঘা হস্তান্তর যেভাবে করা হচ্ছে তাতে বলা হচ্ছে আন্তর্জাতিক চুক্তি আমাদের মানতে হবে—জ্যোতিবাবু একথা বলেছেন। আমি প্রশ্ন করতে চাই, আন্তর্জাতিক চুক্তি মানতে হবে বলে আজকে ঐ ৪০ হাজার কুচলিবাড়ির মানুষের স্বার্থকে বিসর্জন দিতে হবে? স্যার, এই প্রসঙ্গে আমি স্মরণ করিয়ে দিই যে ১৯৫৮ সালে নেহেরু নুন চুক্তি হয়েছিল দক্ষিণ বেরুবাড়ি হস্তান্তর করার জন্য। তখন আমরা জানি পশ্চিমবঙ্গে বিধানসভায় তা নিয়ে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করা হয়েছিল এবং তৎকালিন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় সেই প্রস্তাব মুভ করেছিলেন এবং জ্যোতিবাবু সহ সবাই সেটা সমর্থন করেছিলেন। সেদিন কিন্তু এ প্রশ্ন আসেনি যে

আমরা আন্তর্জাতিক চুক্তিতে প্রতিশ্রুতিবদ্ধ অতএব সেটা আমাদের মানতে হবে। আজকে ইন্দিরা মুজিব চুক্তি বা রাজীব এরশাদ চুক্তি যদি ভারতবর্ষের জনসাধারণের স্বার্থের বিরুদ্ধে যায় তাহলে আন্তর্জাতিক চুক্তি বলে তা মানতে হবে—একথা ঠিক নয়। আজকে ঐ ১২৬ টার সঙ্গে ৯৫টা ছিটমহল যদি সামগ্রিকভাবে বিনিময় করা হয় তাহলে কিন্তু তিনবিঘা হস্তান্তরের প্রশ্নটাই আসে না। সে প্রশ্ন না এলে কুচলিবাড়ির মানুষদেরও সমস্যা হয় না। টোটাল এক্সচেঞ্জ যদি হয় তাহলে ১২ বর্গমাইল এলাকা—১৯ বর্গমাইল এবং ৩১ বর্গমাইল ডিফারেন্স হচ্ছে ১২ বর্গমাইল এলাকা ওরা পাবে। কাজেই সে দিক থেকে বাংলাদেশের অসন্তুষ্ট হবার কোনও কারণ নেই সঙ্গে প্রতিবেশি রাষ্ট্রের সঙ্গে সম্পর্ক ক্ষুণ্ণ হবারও কোনও কারণ নেই বলেই আমি মনে করি। আজকে কুচলিবাড়ির মানুষদের স্বার্থে এই অন্যায়, অযৌক্তিক আন্তর্জাতিক চুক্তির প্রয়োজনীয় সংশোধন করা দরকার।

প্রতিবেশি রাষ্ট্রের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখার কথা বিবেচনা করে বাংলাদেশের সঙ্গে নতুন করে আন্তর্জাতিক চুক্তি করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকারের প্রস্তাব রাখা উচিত। এইভাবে তিনবিঘা হস্তান্তর করে কুচলিবাড়ির ৪০ হাজার মানুষের স্বার্থহানি করা চলতে পারে না। আজকে সারা দেশে যে দ্রব্য মূল্য বৃদ্ধি ঘটেছে তা কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতির ফলেই। এ বিষয়ে কোনও সন্দেহ নেই। বাজেটের আগে তারা পেট্রোল, ডিজেল, কেরোসিন, কয়লা, চাল, গম প্রভৃতির মূল্য বৃদ্ধি ঘটিয়েছে। আবার রেল বাজেটে অস্বাভাবিকভাবে যাত্রী ভাড়া এবং বৃদ্ধির মধ্যে দিয়ে মারাত্মকভাবে মূল্য বৃদ্ধি ঘটাচ্ছেন। এ কথা ঠিক যে, এর বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন দরকার। সাথে সাথে পশ্চিম বাংলার রাজ্য বামফ্রন্ট সরকার মূল্য বৃদ্ধি রোধ করার কোনও ব্যবস্থা না গ্রহণ করে, উপরন্তু কিছু মারাত্মক ব্যবস্থা গ্রহণ করে মূল্য বৃদ্ধিতে সাহায্য করছে। তারা বিদ্যুতের দাম বাড়িয়েছে, দুধের দাম বাড়িয়েছে, পাউরুটির দাম বাড়িয়েছে। রাজ্য সরকারের এই সব পদক্ষেপের ফলে রাজ্যে অস্বাভাবিক দ্রব্য মূল্য বৃদ্ধি পেয়েছে। আবার পরিবহনের ক্ষেত্রে মন্ত্রী মহাশয় ভাড়া না বাড়িয়ে সাধারণ যাত্রীদের কাছ থেকে অতি সুকৌশলে বেশি ভাড়া আদায় করছেন। সাধারণ বাস দিনের পর দিন কমে যাচ্ছে, মিনি বাস, একজিকিউটিভ বাস, 'এস' বাস-এর সংখ্যা বৃদ্ধি করে চলেছেন। যাত্রী সাধারণের কাছ থেকে সুকৌশলে অধিক ভাড়া আদায় করছেন। এখানে পরিবহনের ক্ষেত্রে যাত্রী সাধারণের কথা মোটেই বিবেচনা করা হচ্ছে না। তারপর স্যার, খাদ্য-শস্যের উৎপাদনের ক্ষেত্রে বার বার বলা হচ্ছে, রেকর্ড ফলন হয়েছে, উৎপাদন বৃদ্ধি পেয়েছে। অথচ আমরা দেখছি অভ্যন্তরীণ খাদ্য শস্য সংগ্রহের টার্গেট রাজ্য সরকারের বাড়ছে না। এক লক্ষ টন'ও অভ্যন্তরীণ খাদ্য-শস্য সংগৃহীত হয়নি। অথচ বলা হচ্ছে ১ কোটি কয়েক লক্ষ টন খাদ্য-শস্য উৎপাদন হয়েছে, রেকর্ড পরিমাণ উৎপাদন হয়েছে। সেই খাদ্য-শস্য প্রতি দিন চোরা পথে পাচার হয়ে যাচ্ছে। রেশন ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়ছে। রাজ্য সরকার চোরাচালন এবং পাচার বন্ধ করার জন্য কোনও রকম কার্যকর ব্যবস্থা নিতে পারছেন না। রেশন ব্যবস্থা বিপর্যস্ত, কোনও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। অথচ এখানে এই ভাষণের মধ্যে আইনশৃঙ্খলার পরিস্থিতি স্বাভাবিক, আমি একথা শুনে আশ্চর্য হয়ে গেলাম। এরকম একটা নির্লজ্জ, নগ্ন, অসত্য বক্তব্য কি করে তিনি রাখলেন। তিনি বললেন—আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল, অপরাধ নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। কি করে বললেন?

মুখ্যমন্ত্রী নিজেই বলছেন—যে ভাবে চাল এবং অন্যান্য খাদ্য-শস্য চোরাচালান হচ্ছে, পাচার হয়ে যাচ্ছে তাতে আর পুলিশ দিয়ে হবে না—পুলিশের উপর নির্ভর করলে হবে না—আমাদের এবং শরিক দলের কর্মীদের নামাতে হবে, ইত্যাদি ইত্যাদি। কাগজে এই কথা আমরা পড়েছি। যদি কাগজে কোনও ভ্রান্ত সংবাদ প্রকাশিত হয়ে থাকে তাহলে তিনি নিশ্চয়ই সে সম্পর্কে প্রতিবাদ করতেন। কিন্তু সে রকম কোনও প্রতিবাদ তিনি করেছেন বলে সংবাদ পাইনি। এই তো হচ্ছে আইন-শৃঙ্খলার অবস্থা! খোদ লালবাজারে অস্থায়ী সম্পত্তি চুরি হয়ে যাচ্ছে। সংবাদপত্রে লিখেছে,—কিছু দিন পরে লালবাজারের ইঁট, কাঠ, পাথরও চুরি হয়ে গেলে আশ্চর্য হবার কিছু নেই। আজকে তারা একথা বলার সুযোগ পাচ্ছেন। লালবাজারে খোদ পুলিশ কর্তার বাড়িতে ডাকাতি হয়েছে। আইন-শৃঙ্খলার এই হচ্ছে পরিস্থিতি। নারী নিগ্রহ এবং নারী নির্যাতন সম্পর্কে রাজ্যপালের ভাষণে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। রাজ্যে একের পর এক নারী ধর্ষণের ঘটনা ঘটে চলেছে, শুভবুদ্ধি সম্পন্ন মানুষরা আতঙ্কিত হয়ে পড়েছেন। সুতরাং আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনার ক্ষেত্রে এগুলিও বিচার করা প্রয়োজন। পশ্চিম বাংলার শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ বিপর্যস্ত। রাজ্য সরকার তাদের শিক্ষা ব্যবস্থাকে জনমুখী বলে দাবি করেন। অথচ পশ্চিম বাংলার বরেণ্য শিক্ষাবিদরা, শিক্ষা অনুরাগী মানুষরা বার বার যে কথা বলছেন তাকে গ্রাহ্য করা হচ্ছে না। তাদের মতামতকে উপেক্ষা করে, পদদলিত করে শিক্ষা ক্ষেত্রে বিপর্যয় নামিয়ে আনা হচ্ছে। ভাষাচার্য সুকুমার সেন থেকে শুরু করে বিশিষ্ট শিক্ষাবিদরা বলেছেন রাজ্য সরকারের গৃহীত শিক্ষা নীতি বদল করে প্রাথমিক স্তর থেকে আবার ইংরাজি চালু করা হোক। ইংরাজি তুলে দেবার ফল কয়েক বছরের মধ্যেই মারাত্মক হয়ে দাঁড়িয়েছে। তাদের সম্পর্কে তখন কত কি ব্যঙ্গ-বিদ্রুপ। তাদের সম্পর্কে দেওয়ালে কত কি দেওয়াল লিখন। অথচ বিগত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় লক্ষাধিক ছাত্রছাত্রীর অকৃতকার্যতায় চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল ভ্রান্ত ভাষা নীতি ভবিষ্যত প্রজন্মকে কোথায় নিয়ে যাচ্ছে। সর্বভারতীয় ক্ষেত্রে ইংরাজির যে প্রচলন তা পশ্চিমবঙ্গ পিছিয়ে যাচ্ছে, ভবিষ্যত প্রজন্ম পিছিয়ে যাচ্ছে। সুতরাং আজকে এইরূপ শিক্ষা দেবেন না। এই ভাষণের মধ্যে সরকারের সুস্পষ্ট বক্তব্য থাকা উচিত ছিল জনগণের স্বার্থ বিবেচনা করে, এতবড় সর্বনাশের কথা বিবেচনা করে কারেক্ট করা উচিত ছিল। বলা উচিত ছিল প্রাথমিক স্তরে ইংরাজির পুনঃপ্রবর্তন করছি, পাশ-ফেল প্রথা চালু করছি, মাধ্যমিক ইংরাজির সিলেবাস পরিবর্তন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে শিল্পের অগ্রগতির কথা বলা হয়েছে। কিন্তু আমি বলছি, শিল্পের অগ্রগতি হয়নি। পরিকাঠামোর অভাবে, বিদ্যুৎ সংকটের অভাবে গোটা পশ্চিমবাংলায় শিল্পের অগ্রগতি স্তব্ধ এইরকম একটি অবস্থা। অথচ বারে বারে একই কথা বলছেন শিল্পের অগ্রগতি হয়েছে। শিল্পের অগ্রগতির জন্য ফ্রি ট্রেড জোন ফলতায় করছেন। কিন্তু তার কি অবস্থা? ঐ হলদিয়া পেট্রোকেমিক্যালস্ এবং বক্রেশ্বর নিয়ে বারবার একই কথা বলছেন। আজকে শিল্পনীতিবিদ্যায় নীতির সমালোচনা করছেন। সেক্ষেত্রে পশ্চিমবাংলায় কলকারখানাগুলি খোলার ক্ষেত্রে উদ্যোগ কোথায়? রাষ্ট্রায়ত্ত শিল্পের ক্ষেত্রে রাজ্য সরকারের ভূমিকা সীমিত। সেই ভূমিকা কি ঠিকঠিকভাবে পালন হচ্ছে? ফলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এইসব বিষয়গুলি বিবেচনা করার জন্য আমি আপনাকে বলছি। তাই মাননীয় রাজ্যপালের যে ভাষণ সেই ভাষণের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আপনি আমাকে যে সময় দিয়েছেন তারজন্য আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী পদ্মনিধি ধর ঃ মাননীয় স্পিকার মহাশয়, এতক্ষণ ধরে বিরোধী পক্ষের বক্তারা একের পর এক যে চর্বিত চর্বন করে গেলেন তা শুনে আমি এবং আমার সহযোদ্ধা বন্ধুরা উপকৃত হয়নি। আমি ভেবেছিলাম, রাজ্যপালের ভাষণের উপর যে বিতর্ক হচ্ছে, বিরোধী পক্ষের বক্তারা অন্তত কিছু চিন্তাশীল বক্তব্য উপস্থাপিত করবেন। কিন্তু তা তো হবার নয়, কেননা কংগ্রেস দল এমন একটি দল যে দল ভারতের বৃহৎ পুঁজিপতিদের নেতৃত্বে পরিচালিত। পুঁজিপতি, জোতদার-জমিদারের দল এবং তার পাশাপাশি সাম্রাজ্যবাদী পুঁজির সঙ্গে গাঁটছড়া বেঁধেছে। তারই প্রমাণ লোকসভায় যে বাজেট পেশ করেছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী মনমোহন সিং। তিনি আই. এম. এফের কাছে গোটা দেশটাকে বিকিয়ে দেবার জন্য যে ব্যবস্থা করেছেন তা আমরা অক্ষরে অক্ষরে উপলব্ধি করতে পারছি। সেক্সপিয়ার তার ম্যাকবেথ নাটকে বলেছিলেন, Fair is foul, Foul is fair, Hover the fog and filthy air. অর্থাৎ জনগণের পক্ষে যেটা মঙ্গলজনক, ওদের পক্ষে অমঙ্গলসূচক। তাই ওরা রাজ্যপালের ভাষণে ভাল কিছু তথ্য সংগ্রহ করতে পারেননি।

ওরা বলছেন যে ফার্টিলাইজারের উপর থেকে সাবসিডি নাকি কেন্দ্রীয় সরকার তুলে দেন নি। আমার কাছে মাননীয় রাজ্যপাল এবং মাননীয় মনোমোহন সিংয়ের বাজেট রয়েছে, দুটিই আপনাদের সামনে পড়ে দিতে চাই। "The Government of India have also sought to reduce Governmental expenditure by reducing subsidies on fertilisers and the food sectors. The new Fertiliser Policy has had a direct bearing on the agriculturists while the increase in the issue price of the essential commodities has affected the common man in general."

Food subsidy is a part of our system of food security for the poorer and weaker sections of our population and is a basic element in our social policy. মনমোহন সিং বলেছেন। তিনি আরও বলেছেন—I am providing an allocation of Rs. 2,500 crores on this account which should be sufficient for the normal requirements of the system. কোথায় দিচ্ছেন কাদের দিচ্ছেন? The revamped Public Distribution System being implemented in 1,700 backward blocks will require an additional subsidy and also the cost of constructing a large number of godowns with a capacity of 3 lakh tonnes. এখন আপনারা মাননীয় মনোমোহন সিংয়ের বক্তব্য একটু শুনুন, তিনি বলছেন—"This brings me to fertiliser subsidy which has grown into the largest single subsidy in our system. There is no doubt that fertiliser is an essential ingredient for agricultural production, and agricultural development is vital not only for economic growth in general, but also to ensure rising levels of income and employment in rural areas. In 1980-81, the fertiliser subsidy was 12% of the total allocation in the Central and State Plans taken together for Agriculture. Rural Development, Special Areas Programmes and Irrigation and Flood Control. It increased to 33% in 1991-92. কিন্তু A Parliamentary Committee is currently looking into the whole issue of fertiliser pricing and subsidy including alternatives for restructuring the subsidy.

অথচ বলছেন যে সাবসিডি কমানো হয়নি। রি-স্ট্রাকচারিং কথাটার মানেটা কি? অর্থাৎ যে ফার্টিলাইজারের জন্য সাবসিডি দেওয়া হত সেই সাবসিডি বন্ধ করে দেওয়া হচ্ছে। এটা হল যে সেন্ট্রাল গভর্নমেন্ট সাবসিডি বন্ধ করে আই. এম. এফের শর্ত অনুযায়ী জনগণকে দুর্ভোগের মধ্যে ফেলে দেবার নীতি নিয়েছেন, কংগ্রেস (আই) দলের সদস্যরা আজকে দন্ত বিকশিত করে সেই নীতিকে সমর্থন করছেন। মাননীয় স্পিকার স্যার, আমি জানতে চাই যে ওরা পশ্চিমবঙ্গের মানুষ কিনা? যখনই দিল্লির কথা উঠে, ওদের গায়ে ফোসকা পড়ে। আমরা পশ্চিমবঙ্গের মানুষের প্রতিনিধি হয়ে এখানে দেখাতে চাই না। ওরা দিল্লির স্বার্থে অর্থাৎ ল্যান্ডলর্ডদের স্বার্থের জন্য দিল্লি যেতে পারেন। মাননীয় স্পিকার স্যার, ওরা বলছেন, আর একটি সাবসিডি, পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমকে ধ্বংস করে দেবার বন্দোবস্ত করছেন। আমি আপনাদের মনোমোহন সিংয়ের বক্তব্য দিয়ে বলব, আপনারা জানেন যখন স্বাধীনতা প্রাপ্তির সময়ে ভারতবর্ষের তথা বাংলাদেশে দুই তৃতীয়াংশ চলে যায় পূর্ব পাকিস্তানে। তখন সেখানে পাটের চাষ হত এবং পাটকলগুলি ছিল পশ্চিমবঙ্গের গঙ্গার দুই তীরে। তখন মাননীয় জওহরলাল নেহেরু পার্লামেন্টের ফ্লোরে দাঁড়িয়ে বলেছিলেন যে ঐ সমস্ত পূর্ববঙ্গ থেকে আগত মানুষের ঢল যখন আসবে তখন একটা চাপ সৃষ্টি হবে, তা সত্ত্বেও পশ্চিমবঙ্গের জমিতে পাট চাষ করতে হবে। যেহেতু গঙ্গার দুই তীরে পাটকলগুলি রয়েছে আর পূর্ব পাকিস্তানে রয়েছে পাটের চাষ, তার জন্য যে খাদ্য দরকার তা কেন্দ্রীয় সরকার অন্য স্টেট বা রাজ্য থেকে উদ্বৃত্ত খাদ্য শস্য পশ্চিমবঙ্গকে দেবে। আজকে আপনাদের কেন্দ্রীয় সরকারের মন্ত্রী মাননীয় মনোমোহন সিং কি বলছেন? সেদিন আমরা—আপনাদের দলেরও একজন ছিলেন, তাকে আজকে দেখছি না—শিক্ষার ব্যাপারে সাবজেক্ট কমিটির সঙ্গে কেরালায় গিয়েছিলাম সেখানে আপনাদের একজন মন্ত্রী বলেছিলেন যে কেরালার সমস্ত ফুড মর্টেজ যা আছে তা কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। সেখানে এখন কংগ্রেস শাসন চলছে, সেখানে আমাদের সামনে এ কথা বলেছিলেন, আজকে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কি দাঁড়িয়েছে দেখুন।

অর্থাৎ ১,৭০০ ব্লকে। যেখানে পশ্চিমবঙ্গেই ৩২৪টির উপর ব্লক রয়েছে, সেখানে সারা ভারতবর্ষে কত ব্লক আছে? তারমধ্যে ১,৭০০ ব্লক বেছে নিয়ে সেখানে শুধু পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম রাখা হবে, আর সব তুলে দেওয়া হবে। এই সিস্টেমকে আপনারা সমর্থন করছেন। লজ্জা করছে না? আপনাদের প্রথম বক্তা জয়নাল সাহেব বলছিলেন যে, পশ্চিমবঙ্গে নাকি সাম্প্রদয়িক সম্প্রীতির অভাব দেখা দিয়েছে। উনি মুসলিম সম্প্রদায়ভুক্ত যদি হয়ে থাকেন তাহলে ঘটনাটা নিশ্চয়ই জানেন। আমার ডোমজুড় কনস্টিটিউয়েন্সিতে গত ২২ থেকে ২৪ তারিখ পর্যন্ত মুসলিম কনফারেন্সে যে ১০ লক্ষ মুসলিম জমায়েত হয়েছিলেন সেখানে বিদেশ থেকে এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকেও অনেকে এসেছিলেন। ঐ এলাকার পরবর্তী এলাকা হিন্দু অধ্যুষিত এবং তারা ঐ কনফারেন্সে জল দিয়ে এবং অন্যান্য জিনিস দিয়ে সহযোগিতা করেছেন। এই জিনিস ভারতবর্ষে অন্য কোথায়ও দেখতে পাবেন? এরপরও বলবেন, এখানে সাম্প্রদায়িকতার বিষ দেখা দিয়েছে? লজ্জা করবে না? আপনারা কেরালায় কাদের নিয়ে ঘর করছেন? সেখানে ইন্ডিয়ান ইউনিয়ন মুসলিম লিগ, চার্চ, কেরালা কংগ্রেস—এদের নিয়ে চলছেন। ত্রিপুরাতে টি. ইউ. জে. এস.-এর সঙ্গে ঘর করছেন। আপনারা বিচ্ছিন্নতাবাদিদের সঙ্গে ঘর করছেন, সাম্প্রদায়িকতার সঙ্গে গাঁটছড়া বেঁধেছেন। সুতরাং একটু

বুঝেশুনে কথা বলবেন এবং তাহলে বুঝব, আপনারা সত্যের কাছাকাছি দিয়ে যাচ্ছেন। তাই সত্য উপলব্ধি করবার জন্য অনুরোধ করব।

এখানে আইন-শৃঙ্খলার প্রশ্ন তুলেছেন। ত্রিপুরাতে আইন-শৃঙ্খলার প্রশ্নে আপনাদের দলের সুধীররঞ্জন মজুমদারকে চলে যেতে হয়েছে এবং সে জায়গায় আর একজন—সমীর বর্মন এসেছেন।

মিঃ স্পিকার ঃ মিঃ ধর, প্লিজ একটু শুনুন। এখানে বারবার বলেছি, আমাদের হাউসের সদস্য নন্ এমন কারও নাম উল্লেখ করে বলা যাবে না, পদ নিয়ে বলা যাবে।

শ্রী পদ্মনিধি ধর ঃ মিঃ স্পিকার স্যার, সাউথ ইন্ডিয়ায় যখন গিয়েছিলাম শুনেছি, কেরালার বর্তমানে যিনি কংগ্রেস সভাপতি তিনি মুখ্যমন্ত্রীর কাছের লোক। আর একজন ভদ্রলোক রয়েছেন যিনি কিছুদিন আগেও কংগ্রেস সভাপতি ছিলেন। এই দুই ভদ্রলোক প্রকাশ্যে কাদা ছোঁড়াছুঁড়ি করছেন এবং খুনখারাপি হচ্ছে কেরালায়। সেদিকে তাকালেই বোঝা যাবে যে, পশ্চিমবঙ্গে আইনের শাসন চলছে। তা না হলে, আপনারা জানেন, আপনাদের রাজত্বকালে সিদ্ধার্থবাবুর আমলে ১৯৭২ থেকে ১৯৭৭ পর্যন্ত আমাদের এলাকায় থাকতে দেননি। বহু মানুষকে সেদিন খুন করিয়েছেন। [****] এস. আর. কুমারকে খুন করিয়েছেন।

মিঃ স্পিকার ঃ মমতা ব্যানার্জির নাম বাদ যাবে।

[4-45 — 4-55 P.M.]

শ্রী পদ্মনিধি ধর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলতে চাই যে এখন পশ্চিমবঙ্গে যে সরকার চলছে সেই সরকারের আমলে সি. পি. এম.-এর লোকও যদি অন্যায় করে তাহলে সে রেহাই পান না। এই হচ্ছে তফাৎ। আগে জঙ্গলের রাজত্ব ছিল। তখন খুন হলে তার জন্য কোনও মামলা হয়নি, মামলা হতে দেন নি। আপনারা রিগিং করেছেন। আজকে সি. পি. এম.-এর কেউ যদি অভিযুক্ত হয় তাহলে তার জন্য তাকে রেহাই দেওয়া হয় না। এই হচ্ছে বামফ্রন্ট সরকার, আর কংগ্রেস আমলে যে সরকার ছিল তাদের মনোভাবের তফাৎ। আজকে এটা মনে রাখতে হবে। তাই রাজ্যপাল যে ভাষণ রেখেছেন সেই ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ বিষয়ের প্রতি। এই বিষয়ে আপনিও আগে বহুবার বলেছেন। বাজেট সেশানের আজকে প্রথম দিন। এখানে একটা গুরুত্বপূর্ণ ডিবেট হচ্ছে কিন্তু ট্রেজারি বেঞ্চে মাত্র একজন মন্ত্রীকে দেখছি, বাকি কোনও মন্ত্রীকে দেখছি না। আপনি এটা একটু দেখবেন। আমি আপনার কাছে প্রোটেকশন চাচ্ছি।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, আমি সেই প্রস্তাবের বিরোধিতা করছি। সেই সঙ্গে আমাদের তরফ থেকে আনা কাট মোশনের সমর্থন করে কয়েকটি কথা এই সভায় উপস্থিত করছি। আমার আগে শাসকদলের যে সদস্য বক্তব্য রাখলেন, তিনি বক্তৃতা করতে উঠে কি বললেন

Note * Expanged as ordered by the Chair.

সেটা আমি ঠিক বুঝে উঠতে পারলাম না যে তিনি কোনও নির্বাচনী জনসভায় বক্তৃতা করছেন, না রাজ্যপালের ভাষণের উপরে অংশগ্রহণ করেছেন। তিনি বক্তৃতা করতে উঠে আমাদের কংগ্রেস দলকে কটাক্ষ করে, কংগ্রেসের বিরুদ্ধে বিষোদগার করে বললেন যে আমাদের দল নাকি পুঁজিপতির প্রতিভূ, জমিদারদের স্বার্থ নাকি আমরা দেখছি। ওর কথা শুনে আমার অতীতের একটা কথা মনে পড়ছে। তখন ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে ভারতবর্ষে লড়াই চলছে। সেই সময়ে এদের নিশ্চয়ই জানা আছে যে রজনীপাম দত্ত নামে একজন মার্কসিস্ট ঐতিহাসিক ছিলেন। আপনারা তার নাম নিশ্চয়ই শুনে থাকবেন। তিনি একটা বই লিখেছিলেন এবং তাতে তিনি লিখেছিলেন, The birth of the Indian National Congress is the safety value of the British imperialism. অর্থাৎ বাংলা করলে দাঁড়ায়—ভারতবর্ষে জাতীয় কংগ্রেসের জন্ম হয়েছিল ব্রিটিশ সাম্রাজ্যবাদের রক্ষা কবচ হিসাবে। ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করে একথা প্রমাণ করেছিল যে রক্ষা কবচ হিসাবে নয়, মৃত্যু কবচ হিসাবে কংগ্রেসের জন্ম হয়েছিল। তেমনি আমরা স্বাধীনতা লাভের পর ভারতবর্ষের জাতীয় কংগ্রেসের নেতৃত্বে ভারতবর্ষের জাতীয় সংস্কার পুনর্গঠন চলছে এবং তার মধ্যে দিয়ে আমরা জমিদারি প্রথা বিলোপ করেছি।

আমরাই ভারতবর্ষে রাজন্যভাতা বিলোপ করেছি, আমরাই ব্যাংক জাতীয়করণ করেছি। ভারতবর্ষে সংবিধানের মুখবন্ধে সংবিধান পরিবর্তন করে বলেছি "ভারতবর্ষ সার্বভৌম সমাজতান্ত্রিক প্রজাতান্ত্রিক রাষ্ট্র"। আপনারা ভূমি-সংস্কারের কথা তোলেন। আমরাই জমিদারি প্রথা বিলোপ করেছি এবং ২৫ একরের সিলিং করেছি। আমরাই আবার পরবর্তীকালে সংস্কার করি। আমাদের নেতা সিদ্ধার্থ রায় মহাশয় যখন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তখন তিনি পারিবারিক সিলিং ব্যবস্থা চালু করেন। কিসের জন্য? তাতে কি জমিদারের স্বার্থ রক্ষা হয়? আমরাই ৭৫/২৫ ভাগের ব্যবস্থা করেছিলাম। আমরাই এই সমস্ত জিনিস করেছিলাম। আমাদের কাজের মধ্যে দিয়ে বার বারে প্রমাণ করেছি যে আমরা ভারতবর্ষে স্বাধিকার এবং কল্যাণের জন্য কাজ করছি। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো, আপনাদের বিবেকের কাছে প্রশ্ন করুন তো, শহরাঞ্চলের সিলিং-এর ব্যাপারে নীরব কেন? গত ১৫ বছরের মধ্যে আপনারা কি করেছেন? আজকে সভায় এই কথাগুলিকে টেনে এনে কংগ্রেসকে পুঁজিপতিদের প্রতিভূ সাজিয়ে ভারতবর্ষের জনগণকে বিশ্বাস করানো যাবে না। হ্যাঁ, আজকে সারা বিশ্বে নতুন আর্থ রাজনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে এই অবস্থায় চলতে হচ্ছে। এই শাসক দলের বক্তার সদস্যরা গত কয়েক দিন আগে কেন্দ্রীয় অর্থমন্ত্রী মনমোহন সিং-এর দ্বারা পেশ করা বাজেট নিয়ে, নানা প্রসঙ্গ নিয়ে ভারতবর্ষের বিভিন্ন রাস্তায় রাস্তায় আন্দোলন করার চেষ্টা করেছে। যখন বাজেট পেশ হয় নি, যখন লোকসভায় বাজেট আসেনি, বাজেট আসার ৪ দিন আগে কি করলেন? বললেন যে বাজেটের সমস্ত কথা বিশ্বব্যাংকের কাছে ফাঁস করে দেওয়া হয়েছে। তাঁদের নেতারা এই কথা বলে সরকারের বিরুদ্ধে চার্জ আনলেন। সংসদে সরকারের বিরুদ্ধে ভোট দিয়ে সরকার ভেঙে দেবার চেষ্টা করলেন। তারপর কেন্দ্রীয় সরকারের বাজেট আসার পর কোনও কাগজপত্র দিয়ে তারা প্রমাণ করতে পারলেন না যে বিশ্বব্যাংকের সঙ্গে আলোচনা করে বা বিশ্বব্যাংকের কাছে বাজেট ফাঁস করে দেওয়া হয়েছে। আজকে যখন এই বাজেট নিয়ে সমস্ত শ্রেণীর মানুষ তারিফ করছে, সমস্ত শ্রেণীর মানুষ অভিনন্দন জানাচ্ছে তখন

নিজেদের রাজনীতিকে টিকিয়ে রাখার জন্য হাটে-বাজারে, মাঠে-ময়দানে চিৎকার করে সাম্প্রদায়িক শক্তি বি. জে. পি.-র সঙ্গে নাম যুক্ত করে, তাদের সঙ্গে হাতে হাত মিলিয়ে নরসিংহ রাও-এর সরকারের বিরুদ্ধে ভোট দিচ্ছেন। আজকে যে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব রাখা হয়েছে আমি তার বিরোধিতা করছি। তবে মাননীয় রাজ্যপালের মতো ব্যক্তিকে দিয়ে আপনাদের মার্কসবাদি কমিউনিস্ট পার্টির ইস্তাহার পড়িয়ে নেবার জন্য আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। আমরা যদি দেখতাম রাজ্যপালের ভাষণের মধ্যে কোনও কিছু উন্নয়নমূলক কাজ করতে চলেছেন তাহলে ধন্যবাদ জানাতাম। স্যার, আপনি অবাক হয়ে যাবেন স্থায়ী কোনও উন্নয়নমূলক কাজের কথা নেই। সাঁকো ভেঙে গেছে, সারাবার জন্য টাকা চাইলে দেখা যাবে ট্রেজারিতে এমবার্গো আছে।

[4-55 — 5-05 P.M.]

ট্রেজারিতে ট্রেজারিতে এমবার্গো আছে। এক একটা দপ্তর থেকে চেক দেওয়া হচ্ছে, সেখানে এনক্যাশমেন্ট বন্ধ হয়ে গেছে। এই অবস্থার মধ্য দিয়ে আমরা আজকে চলেছি। উল্লেখ পর্বে আজকে মাননীয় সদস্য মানস ভুঁইয়া আপনাদের সামনে বলছিলেন যে, যে জিনিস আমরা আপনাদের সামনে বলছিলাম, সাক্ষরতা অভিযান চালাবার নামে যে কারচুপি মেদিনীপুর জেলার সর্বত্র চলছে। এগরাতে কারচুপির ব্যাপারে প্রতিবাদ করতে গিয়ে আমাদের একজন সদস্যকে অ্যাটেম্পট টু মার্ডার কেসে ৩০৭ ধারায় অ্যারেস্ট করা হয়েছে। মানস মাইতিকে অ্যারেস্ট করা হয়েছে। আজকে মেদিনীপুর জেলার সর্বত্র এর বিরুদ্ধে বিক্ষোভ চলছে। আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীকে বলছি, তাঁকে বিনা শর্তে মুক্তি দিন। মেদিনীপুর জেলায় সার্বিক সাক্ষরতার জন্য ৬ কোটি টাকার মধ্যে কেন্দ্র চার কোটি টাকা এবং রাজ্য সরকার দু'কোটি টাকা দিয়েছে। কিন্তু সেখানে টাকা কেমনভাবে খরচ হয়েছে তা শুনলে আপনি অবাক হয়ে যাবেন। মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে সাক্ষরতার অভিযানের উদ্বোধন করতে গিয়েছিলেন। তারজন্য একটা মঞ্চ তৈরি করতে ৩ লক্ষ টাকা খরচ করা হয়েছিল। এই সাক্ষরতা অভিযানের সাথে জুড়ে দেওয়া হয়েছিল, 'মেদিনীপুর জেলায় রোগ প্রতিষেধক চাই।' কী রোগ প্রতিষেধক করবে মেদিনীপুর জেলায়? আমি ঐ জেলার কাঁথি থেকে নির্বাচিত বিধায়ক। মেদিনীপুর জেলায় দুটি জল প্রকল্প ছিল, সেই প্রকল্প দুটি আজও তৈরি হয়নি। কংগ্রেস সরকার যখন ছিল তখন বিস্তীর্ণ এলাকায় নলকূপে জল ছিল, আজকে দু'বছর অতিক্রম হতে চলল, ঐ প্রকল্প দুটি তৈরি হল না। আমি আর একটি জিনিস আপনার মাধ্যমে ঐ সরকারের দৃষ্টিতে আনছি। সম্প্রতি আমরা শুনেছি, খবরের কাগজেও দেখেছি যে, পশ্চিমবাংলায় পশ্চিমদিনাজপুর জেলাকে ভাগ করা হয়েছে। কিন্তু অশোক মিত্র কমিটির সুপারিশ অনুযায়ী আমরা যেটা আশা করেছিলাম মেদিনীপুর জেলার মানুষ হিসাবে, যে জেলা শুধু পশ্চিমবাংলার মধ্যে নয়, ভারতবর্ষের মধ্যে অন্যতম বৃহৎ জেলা, এখান ৩৭টি সিট, ৫৪টি ব্লক, ৭টি মহকুমা এবং ৮৫ লক্ষ লোক বাস করে, এই জেলাকে ভাগ করা হবে। কিন্তু এই জেলাকে ভাগ করার কোনও পরিকল্পনার কথা এখানে দেখলাম না। তাই আপনার মাধ্যমে সরকারের কাছে আমি প্রস্তাব করছি এবং দাবি করছি যে, অনতিবিলম্বে যেন ভাগ করার ব্যবস্থা করেন। রাজ্যপালের ভাষণের উপরে আনীত যে ধন্যবাদসূচক প্রস্তাব রাখা

হয়েছিল, আমি তার তীব্র বিরোধিতা করে এবং আমাদের আনা ছাঁটাই প্রস্তাবগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল ঃ স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় সদস্য কলেজ জীবন থেকেই আমার পরিচিত। উনি মেদিনীপুর জেলার সাক্ষরতা নিয়ে বলছিলেন। ওখানে যে টিম হয়েছে—জেলা সাক্ষরতা সমিতি—সেই সাক্ষরতা সমিতিতে উনি একজন সদস্য। সেখানে কি উনি প্রশ্ন করতে পারেন না, যে প্রশ্ন এখানে উত্থাপন করেছেন? উনি সমিতিতে একবারও টাকা বেধে দেবার কথা উচ্চারণ করেন নি।

মিঃ স্পিকার ঃ প্রভঞ্জন মণ্ডল, আপনি বসুন। শ্রী ত্রিলোচন দাস।

শ্রী ত্রিলোচন দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয় যে ভাষণ প্রদান করলেন সেই ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের স্বপক্ষে দু-একটি কথা বলতে চাই। আজকে রাজ্যপাল তার ভাষণের মধ্যে বলেছেন যে বর্তমানে ভারতবর্ষে অর্থনৈতিক ভয়ংকর পরিস্থিতি এবং সেই পরিস্থিতিতে আই এম এফ এবং বিশ্ব ব্যাংকের থেকে ঋণ নেওয়ার ফলে কেন্দ্রীয় সরকারকে ওই ঋণ পরিশোধ করার জন্য যে বাজেট পেশ করতে হয়েছে তাতে আমাদের সার্বভৌমত্ব বিক্রি হতে চলেছে। আজকে সারা ভারতবর্ষ ব্যাপী যে পরিস্থিতি তার একটা পূর্বাভাষ রাজ্যপাল তার ভাষণের মধ্যে উল্লেখ করেছেন। এখানে অনেক বিরোধীপক্ষের সদস্যবৃন্দ আছেন, তারাও আলোচনায় অংশ গ্রহণ করেছেন। আজকে আই এম এফের শর্ত নিয়ে চিন্তার বিষয় এবং কেন্দ্রীয় সরকার যে আই এম এফের শর্ত সাপেক্ষে যে ঋণ নিয়েছেন সেই শর্তগুলি মানা যায় কিনা সেটা একটা বিরাট চিন্তার বিষয়। আজকে এই শর্তগুলি মানতে গেলে জনগণের স্বার্থ ক্ষুণ্ণ হবে। আজকে কেন্দ্রীয় সরকারের বিদায় নীতি ঘোষণা করার ফলে বেকারদের কর্মসংস্থানের পরিবর্তে কর্মসংকোচনের চেষ্টা করা হচ্ছে। সুতরাং এই ভয়ংকর পরিস্থিতির মধ্যে বিদায় নীতি কোনওভাবেই সমর্থন জানাতে পারিনা। এই পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আমাদের সরকারের তরফ থেকে বিক্ষোভ প্রদর্শন করা ছাড়া কোনও উপায় নেই। কেন্দ্রীয় সরকার আমেরিকার মতো দেশগুলি এবং পুঁজিপতিদের প্রতি দৃষ্টি দিয়ে বাজেট রচনা করেছেন এবং সেখানেই আমাদের সঙ্গে ওদের জাতীয় পার্থক্য। আমরা সর্বদাই সাধারণ মানুষের কথা চিন্তা করে, গরিব মানুষের কথা ভেবে বাজেট রচনা করে থাকি। কেন্দ্রীয় সরকার সারের ক্ষেত্রে যে ভরতুকি দিতেন সেটা হ্রাস করেছেন। গরিব মানুষ যারা কৃষক শ্রেণী, খেটে খাওয়া মানুষ তাদের এতে বিশেষ ক্ষতি হবে। কারণ সারা ভারতবর্ষের যে জাতীয় সম্পদ সৃষ্টি হয় তার সবটাই কৃষকদের কাছ থেকেই আসে এবং সেক্ষেত্রে সারে ভরতুকি হ্রাসের ফলে কৃষকদের বিশেষ ক্ষতি হবে। কারণ সার হচ্ছে কৃষির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ জিনিস। আজকে এই বামফ্রন্ট সরকারের পশ্চিমবঙ্গে ১৫ বছর হতে চলেছে, এখানে গরিব মানুষদের স্বার্থের কথা চিন্তা করে সরকার নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। সে সরকারকে আবেদন নিবেদন করেছিলেন এবং শেষকালে সবকার এবার এই বিষয়ে হস্তক্ষেপ করেছেন যে কেন্দ্র রাজ্যের এই আর্থিক সীমাবদ্ধতার মধ্যে থেকেও এবং শর্ত সাপেক্ষে ভরতুকি দিয়েও রাজ্য সরকার যতটুকু পারছেন খাদ্যসমূহ সরবরাহ করেন। আমরা জানি আমাদের স্বপক্ষে জনসাধারণ রয়েছে এবং এই ব্যাপারে ওরা কিছুই করতে পারবে না। ওঁদের পক্ষের সদস্যরা বিধানসভায় রাজ্যপালের ভাষণের উপরে

আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে বলেছেন যে রাজ্যপালের ভাষণের মধ্যে কোনও গঠনমূলক প্রস্তাব নেই। আসলে ওঁদের কোনও এই বিষয়ে ধারণা নেই। আমরাও ওঁদের দয়ায় বিধানসভাতে আসিনি এই কথাটা ওঁদের মনে. রাখা দরকার, জনগণ আমাদের সাথে আছে এবং থাকবে এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে পুনরায় সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-05 — 5-15 P.M.]

শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের উপর আমি দু-একটি কথা বলব। আমাদের দেশে এখন চরম অর্থনৈতিক সংকট চলছে এর জন্য দায়ী কে—কংগ্রেস(ই) সরকার। নতুন সরকার গঠিত হবার পর থেকে জিনিসপত্রের দাম আকাশছোঁয়া হয়ে যাচ্ছে এটা কল্পনা করা যায় না। আমাদের যে সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিস দরকার তার দাম আজকে আকাশ ছোঁয়া হয়ে যাচ্ছে, সেইগুলি নিয়ন্ত্রণ করার কোনও পরিকল্পনা নেই। গ্রামের গরিব মানুষ, যারা সাধারণ মোটা ভাত কাপড়ের জন্য প্রত্যাশী হয়ে থাকে তাদের ক্ষেত্রে দেখা যাচ্ছে সেখানে চালের দাম অস্বাভাবিক বেড়ে যাওয়ায় তাদের অসুবিধা হচ্ছে। কেন্দ্রীয় সরকার নির্বাচনের সময় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আমরা নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম কমিয়ে দেব এবং ১০০ দিনের মধ্যে জিনিসের দাম কমানো হবে। কিন্তু দেখা যাচ্ছে দিনের পর দিন জিনিসের দাম বেড়েই চলেছে। আমাদের পশ্চিমবাংলার শহরের বেশির ভাগ মানুষ রেশনের মুখাপেক্ষী হয়ে আছেন সেই রেশানং ব্যবস্থা কেন্দ্রীয় সরকার এবং খাদ্যমন্ত্রী বলছেন তুলে দেবেন। যেখানে বড় বড় কল-কারখানা শিল্প রয়েছে সেখানে বেশির ভাগ ক্ষেত্রেই দেখা যাচ্ছে বন্ধ হয়ে যাচ্ছে। এই যে বন্ধ হয়ে যাচ্ছে এর পিছনে চক্রান্ত চলছে। এতে বহু শ্রমিকের পরিবার ক্ষতিগ্রস্ত হয়ে যাচ্ছে এগুলি যাতে বন্ধ না হয় তার জন্য প্রয়োজন অনুযায়ী আমাদের ব্যবস্থা নিতে হবে। সি. আই. সি. যে চাল গম বরাদ্দ আছে তার তুলনায় আমাদের খুবই কম দিচ্ছে সেটা বাড়ানো প্রয়োজন। আমাদের দেশের প্রতিবেশি দেশ বাংলাদেশ সেখানে দৈনিক চাল, গম পাচার হয়ে যাচ্ছে। এই ব্যাপারে কড়া পদক্ষেপ নেওয়া দরকার বলে আমি মনে করি। পশ্চিমবাংলায় শান্তি-শৃঙ্খলা নিশ্চয় রয়েছে রাজ্যপালের ভাষণে আপনারা তা দেখেছেন যে পশ্চিমবাংলার মানুষ শান্তিতে বাস করে, তবে কিছু মৌলবাদী ধর্ম নিয়ে মাঝে মাঝেই অশান্তি গণ্ডগোল বাধাবার চেষ্টা করছে কিন্তু এখানকার সচেতন মানুষ ও রাজনৈতিক দলগুলিকে তার প্রতিরোধ করতে হবে। কেন্দ্রীয় সরকার নতুন শিল্পনীতি গ্রহণ করতে চলেছে সেই নীতির ফলে দেশে নতুন করে বেকার সমস্যা বেড়ে উঠবে ও বহু পরিবার ক্ষতিগ্রস্ত হবে। আজকে বহু কল-কারখানা বন্ধ হয়ে যাচ্ছে সেগুলি যাতে সমবায় সমিতি করে খোলার ব্যবস্থা হয় তা আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছি এই ব্যাপারে শীঘ্র কেন্দ্রীয় সরকারের নজর দেওয়া দরকার। রাজ্যপালের ভাষণে স্বাস্থ্য দপ্তরের সম্বন্ধে বলা হয়েছে, স্বাস্থ্য দপ্তরের কাজ ভালো নয়। সেখানে ডাক্তার, নার্সরা থাকে না, এমন এমন জায়গা আছে যেখানে জানলা, দরজাগুলি খুলে নিয়ে যাচ্ছে ফলে সেইগুলি অকেজো হয়ে পড়ছে এ বিষয়ে আমাদের বিশেষ করে নজর দেওয়া দরকার। বহু হাসপাতাল আছে সেখানে রোগীরা সহজে ভর্তি হতে পারে না, রোগীদেরকে ফিরিয়ে দেওয়া হয় তার ফলে রোগীরা অনেক সময় প্রাণ হারান। আজকে গ্রামে

বেশির ভাগ লোক বাস করেন সেই গ্রামে দেখা যায় ধান কাটার সময় সাপের উপদ্রব বেশি হয় কিন্তু কোনও হাসপাতালেই সাপে কাটার ঔষধ পাওয়া যায় না, ফলে অনেক সময় লোকে মারা যায়।

এখানে রাজ্যপালের ভাষণে আই. সি. ডি. এস পরিকল্পনার সম্বন্ধে বলা হয়েছে। আমরা আমাদের বাস্তব অভিজ্ঞতাতে দেখতে পেয়েছি একই পরিবারের মা-বাবা দুজন থাকা সত্ত্বেও তাদেরকে সেখানে স্থান দেওয়া হয়েছে, অথচ অনেক লোক দরখাস্ত করেও সেখানে ভর্তি হতে পারছে না। রাজ্যপালের ভাষণে স্বাক্ষরতা কর্মসূচি সম্বন্ধে বলা হয়েছে। আমাদের রাজ্যে সাক্ষরতা কর্মসূচিতে দ্রুত গতিতে এগিয়ে চলেছে, এটা যাতে আরও ভালোভাবে করা যায় তার দিকে আমাদের নজর রাখা উচিত। আমাদের এই পশ্চিমবাংলায় অনেক বড় বড় মণীষী জন্মগ্রহণ করেছেন, যেমন—রামমোহন, বিবেকানন্দ, বিদ্যাসাগর এই রকম আরও অনেক মণীষী জন্মগ্রহণ করেছেন, সুতরাং সংস্কৃতির দিকে তাই আমাদের আরও বেশি নজর দিতে হবে, যাতে তাদের নামের ক্ষুণ্ণ না হয়। আজকাল স্কুল-কলেজের সামনে খুব খারাপ ধরনের ছবি মারা আছে, এতে মেয়েরা খুব খারাপ হয়ে যাচ্ছে, এই ব্যাপারে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে কড়া ব্যবস্থা নিতে হবে, এই কথা বলে রাজ্যপাল যে ভাষণ রেখেছেন, সেই ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রভাত আচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানাতে এসে আমার প্রত্যাশা ছিল, আমাদের যারা বিরোধি দল, অর্থাৎ কংগ্রেস দলের মধ্যে দেশপ্রেম অন্তত কিছু লক্ষ্য করব। কিন্তু তার বিন্দুমাত্র কিছু লক্ষ্য করলাম না। শৈলজা বাবু বললেন তারা দেশ স্বাধীন করেছেন, কিন্তু আজকে সেই কংগ্রেসের মধ্যে সমাজতন্ত্র, স্বাধীনতা, ধর্মনিরপেক্ষতা এসবের বিন্দুমাত্র কিছু নেই। তাই আজকে আমরা দেখতে পাই লালচকে মুরলী মনোহর যোশিকে প্লেনে করে নিয়ে গিয়ে আমাদের জাতীয় পতাকাকে তোলা হচ্ছে। যারা ভারতবর্ষের সবচাইতে সাম্প্রদায়িক দল, সেই দলের একজন নেতা, যিনি রাষ্ট্রপতি নন, রাজ্যপাল নন, তাকে প্লেনে করে নিয়ে গিয়ে ২৬শে জানুয়ারিতে লালচকে পতাকা তোলানো হচ্ছে এবং তাদের উপর নির্ভর করেই আজকে সবচাইতে সংখ্যালঘু সরকার টিকে আছে। সেই সাম্প্রদায়িক দলের উপর নরসিমার সরকার নির্ভর করেন বলেই আজ তাদের এই কাজ করতে দেওয়া হচ্ছে। আমি বিধানসভার সদস্য হিসাবে কলকাতায় থাকি, তাই একদিন রাত্রি বেলায় মেট্রো'র সামনে দিয়ে যখন হেঁটে যাচ্ছি তখন অল্প আলোয় দেখতে পেলাম যে একটা লোক পুতুল নাচ দেখাচ্ছেন এবং একটা অদৃশ্য সুতোর দ্বারা সেই পুতুল নাচানো হচ্ছে। যে সেই পুতুল কিনছে তাকেই এই পুতুল নাচ শিখিয়ে দেওয়া হচ্ছে। আজকে বুশ সারা বিশ্বকে সেই পুতুল নাচ নাচাচ্ছেন। পেরু, আর্জেন্টিনা, ব্রাজিল সবাইকে তিনি নাচাচ্ছেন। আজ ভারতবর্ষকেও অদৃশ্য সুতোর দ্বারা নাচানো হচ্ছে।

[5-15 — 5-25 P.M.]

আমরা ভারতবর্ষের সাম্রাজ্যবিরোধী যে স্বাধীনতা আন্দোলন করি নতুন স্বাধীনতা নিয়ে এসেছিলাম ১৯৪৭ সালে। তারপর থেকে আমরা প্রত্যাশা করেছিলাম যে মানুষের মধ্যে যে

সাম্রাজ্যবিরোধী ঐতিহ্য তা বজায় থাকবে। আমরা প্রত্যাশা করেছিলাম কংগ্রেস নামে হলেও কংগ্রেস আছে। সুতরাং তাঁদের কাছে সাম্রাজ্যবিরোধী যে ভূমিকা তা প্রত্যাশা করেছিলাম। কিন্তু নেই। এবারে সম্পূর্ণরূপে আগের যে জার্সি সেই জার্সি ছেড়ে রুশের জার্সি তাদের পরতে হয়েছে। এবং পরতে হয়েছে এই কারণে যে, বর্তমানে নরসিমা রাও তিনি গেলেন ওখানে এবং সেখানে যে ওয়ার্ল্ড ব্যাংকের প্রেসিডেন্ট ওঁকে খুব প্রশংসা করলেন। আমাদের প্রধানমন্ত্রী নরসিমা রাওয়ের খুব নাম হয়েছে। সেখানে বলা হয়েছে রাইট ম্যান ইন দি রাইট মোমেন্ট। বলা হয়েছে রাইট প্রাইম মিনিস্টার ইন রাইট টাইম। সত্যিই তো দেশকে যাঁরা অন্যের হাতে তুলে দেয়, দেশকে যাঁরা বিকিয়ে দেয়—স্বাভাবিকভাবেই তাঁর তো প্রশংসা করবেনই ওয়ার্ল্ড ব্যাংকের প্রেসিডেন্ট তাই করেছেন। ডাংকেলের শর্ত মানতে হয়েছে। আমাদের অর্থমন্ত্রী ডাঃ মনমোহন সিং গত ১১ই নভেম্বর, ৯১-য়ে যে চিঠি দিয়েছিলেন লোন চেয়ে, পাঁচশো মিলিয়ন ডলার চেয়ে সেই লোনের পরিপ্রেক্ষিতে, ৪৩ পাতার চিঠি এসেছিল ওয়ার্ল্ড প্রেসলারের কাছ থেকে। সেখানে বলা হয়েছিল যে শর্ত মানতে হবে, শর্ত না মানলে দেওয়া হবে না। সেই শর্ত মেনে আজকের ভারতবর্ষের যে বাজেট সেই বাজেট তৈরি করা হয়েছে। বাজেটে দুবার আমাদের টাকার অবমূল্যায়ন করা হয়েছিল। ওঁরা বলেছিলেন যে টাকার মূল্য ২১ পারসেন্ট কমাতে হবে। মূল্য কমাতে হবে। প্রথমে আট, তারপর বারো এইরকম করে কুড়ি শতক টাকার অবমূল্যায়ন ঘটেছে। বাজেট যা তৈরি করা হয়েছে সেই বাজেটের মধ্যে যে জিনিস আছে, সেটা কি? সেটা হচ্ছে বিজনেস বাজেট। এখন অনেকে বলে এই রিপাবলিকটা বিজনেসের রিপাবলিক। আমরা দেখলাম এবারে রিপাবলিক ডেতে টাটাকে দেওয়া হয়েছে ভারত রত্ন। টাটা নিজে বলছেন, আমি এর যোগ্য নই। আমি একজন বিজনেসম্যান। কিন্তু সরকার যখন দিচ্ছে আমি ওটা নিলাম। থাপার এই কথাই বলছেন যে আমরা স্বভাবতই লাভের কথা ভাবি। লাভের জন্য, দেশের মধ্যে যে শাসক আসে আমাদের কাছে সবাই সমান। সুতরাং দেশপ্রেম নয়—অর্থপ্রেম। বিজনেস ম্যানদের মূল কথা হচ্ছে, লাভ — আর সেই লাভের দিকে লক্ষ্য রেখেই এবারে বাজেট তৈরি করা হয়েছে। বিজনেসম্যান বাজেট এবং বিজনেসম্যান রিপাবলিক চলছে। আমাদের আপামর জনসাধারণ—দারিদ্র্যের মধ্যে জীবন যাপন করবে। সারের উপর সাবসিডি কমিয়ে দেওয়া হল—এর ফলে জিনিসপত্রের দাম বাড়ছে। আমাদের দেশের গরিব মানুষ মরে যাবে। আমাদের বিশ্বাস ছিল যে কংগ্রেস অন্তত মানুষের কথা ভাবে কিন্তু যখন কংগ্রেস এইসব করে তখন আর এইসব মনে হয় না। দুটো মহৎ মৃত্যু বা অপমৃত্যু যেখানে দুখানা প্রধানমন্ত্রী—যা পৃথিবীর কোথাও ঘটে না, পর পর অপঘাতে যে মৃত্যু হল সেই মৃত্যুতে শোকাভিভূত পরিবেশের মধ্য দিয়ে কোনওরকমে টিকে আছে। আজকে যুক্তিনিষ্ঠ পরিবেশ হলে কংগ্রেস টিকে থাকত না। কিন্তু কংগ্রেস টিকে আছে। এখানে দেখছি তাঁদের সেই চেহারা, তাঁদের যে পুরোনো ঐতিহ্য সেই ঐতিহ্য ভুলে গিয়ে আজকে ওই ওয়ার্ল্ড ব্যাংকের শর্ত মেনে, আই. এম. এফের শর্ত মেনে নিয়েছে। ওঁরা উল্লেখ করেছেন যে রাশিয়া নিয়েছে, হ্যাঁ, নিয়েছে কিন্তু দেখুন আজকে রাশিয়ার কি অবস্থা? সোভিয়েত রাশিয়া ভেঙে গেছে। তাঁদের জীবনে নানা রকম বিপর্যয় হয়েছে। নতুন সমাজতান্ত্রিক এক ব্যবস্থা আনবার জন্য আন্দোলন শুরু হয়েছে। চিন নিয়েছে, সত্যি তো চিন আগের থেকে জানে যে টেকনোলজি ডেভেলপ না করলে আমাদের উল্টোদিকে যেতে হবে। সুতরাং আগের থেকে তাঁরা সেই প্রক্রিয়া শুরু করেছেন।

আয়করের ক্ষেত্রে দেখলাম, যাদের নাকি আয় বেশি তাদের আয়কর কম, যাদের আয় নেই, ব্যয় বেশি, তাদের উপর আয়করের বোঝা বেশি। সোভিয়েত রাশিয়ায় জিনিসপত্রের দাম বেড়ে গিয়েছে, রাশিয়ার জনসাধারণের মধ্যে বিক্ষোভ বেড়েছে। আমাদের ভারতবর্ষেও তাই হবে আগামী দিনে। নরসিংহ রাও সরকারকে তার উত্তর দিতে হবে, জবাব দিতে হবে। এই সরকারকে একদিন দাঁড়াতে হবে কাঠগড়ায়। দেশের সৌজন্যে, শোভনতা বিনষ্ট হলে ক্ষতি হয়ে যাবে। বিদায় নীতি, কেন বিদায় নীতি? সোশ্যালিস্ট প্যাটার্ন অফ সোসাইটির কথা বলা হয়েছিল। এখন সব ব্যক্তি মালিকানায় নিয়ে আসা হচ্ছে। পাবলিক এন্টারপ্রাইস সব খারাপ —এইটা প্রমাণ করার জন্য পুঁজিপতিরা চেষ্টা করছিল। পাবলিক এন্টারপ্রাইস খারাপ, তাহলে রাজস্থানে যে জিংক পাবলিক এন্টারপ্রাইস কারখানা, সেখানে পাবলিক এন্টারপ্রাইসে তো খুব লাভ হচ্ছে। তাহলে তো সেটা খারাপ নয়। খারাপের উদাহরণ দিয়ে কংগ্রেস বেসরকারি করার দিকে যাচ্ছে। বেসরকারি কাপড়ের কল ছিল বিড়লাদের নাগপুরে। সেটা ক্লোজার হয়ে যাবার তো কথা নয়। বামফ্রন্ট জনসাধারণকে গণতান্ত্রিক অধিকার দিয়েছে, সাথে সাথে জমির অধিকার দিয়েছে। উড়িষ্যা, বিহার, থেকে আরম্ভ করে সারা ভারতবর্ষে ভূমি-সংস্কার ছিল না। সিলিং ফাইলের তলায় তলিয়ে রেখেছিলেন। বামফ্রন্ট সরকার আপামর কৃষককে জমির অধিকার দিয়েছেন তারা যাতে চাষ-আবাদ করতে পারেন। কিন্তু আপনারা ওয়ার্ল্ড ব্যাংকের সাহায্য না নিয়ে কিছু করতে পারেন না। এইসব কারণে বামফ্রন্ট সরকারকে সমর্থন করব। সাম্প্রদায়িক সম্প্রীতির কথা রাজ্যপাল তাঁর ভাষণে উল্লেখ করেছেন। কিন্তু ওঁরা কি করেছেন শ্রীনগরে লালচকে যোশিকে উড়িয়ে নিয়ে পতাকা উড়িয়েছিলেন। রাজ্যপালের ভাষণ সঠিক। ধর্ম নিরপেক্ষ মানসিকতার কথা, বাংলার গৌরবের কথা তিনি বলেছেন। বাঙালির সংস্কৃতি কি? পূজা-পার্বণে আমরা জগৎ-জননীকে পূজা করি, যার কথা সকল মানুষের কল্যাণ—জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে। বিশেষ করে বিশ্বনাথকে বলি সকলের মঙ্গলের জন্য। এইটাই বাঙালির ঐতিহ্য। রাজ্যপাল সঠিকভাবেই বলেছেন এসব কথা। আমরা এতে অঙ্গীকারবদ্ধ। বামফ্রন্ট সরকার এতে অঙ্গীকারবদ্ধ। কিছুক্ষণ আগে শৈলজাবাবু বলেছেন মেদিনীপুরের সাক্ষরতা নিয়ে। ক্লাশ সেভেনের পড়ুয়াকে নিয়ে নাকি সাক্ষর করা হচ্ছিল। সেখানে যারা পরিদর্শনে গিয়েছিলেন তারা নাকি রিপোর্ট দিয়েছেন। ধন্যবাদ

Adjournment

The House was then adjourned at 5.25 p.m. till 11.00 a.m,. on Tuesday, the 10th March, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 10th March, 1992 at 11.00 a m.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, 9 Ministers of State, and 162 Members.

[11-00 – 11-10 A.M.]

OBITUARY REFERENCE

Mr. Speaker : Before taking up the Business of the Day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Nirmal Kumar Mukherjee, ex-Member of the West Bengal Legislative Assembly, who breathed his last on the 28th January, 1992. He was 81.

Born in Calcutta on June 28, 1911 Shri Mukherjee had his education at Salkia A.S. School and Vidya Sagar College, Calcutta. A businessman by occupation, he was elected the Chairman of Howrah Municipality, member of Howrah Zilla Parishad and Vice-President of West Bengal Municipal Association. He was associated with numberous social and cultural organisations in Howrah. He was also interested in Sports and was a member of West Bengal State Council of Sports, a member of Cricket Association of Bengal and also a member of some reputed Sports' Club of Howrah and Calcutta.

Shri Mukherjee was elected to the West Bengal Legislative Assembly in 1969 from Howrah North Constituency as a candidate of Indian National Congress.

At his death the State has lost one of its active social workers.

Now I request the Hon'ble members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

.....(At this stage the Hon'ble Members stood in silence for two minutes).....

Thank you ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

Starred Questions
(to which oral answers were given)

Drug Addicts

***26.** (Admitted Question No. ***222**) **Dr. Tarun Adhikari and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Relief and Welfare (Social Welfare) Department be pleased to state—

the number of Drug Addicts registered and de-toxified at De-addiction Centres and counselling centres during 1990-91 ?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ উল্লিখিত আর্থিক বছরে বিভিন্ন ডি-অ্যাডিকশন ও কাউন্সেলিং সেন্টারগুলিতে ৩৯০০ মাদকাসক্ত ব্যক্তিকে নথিভুক্ত করা হয়েছে এবং ঐ সমসংখ্যক ব্যক্তিকে ডি-ট্রক্সিফাই করা হয়েছে।

ডাঃ তরুন অধিকারী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন যে আজকে পশ্চিমবাংলায় ড্রাগ অ্যাডিকশনের সমস্যাটা একটা বিরাট সমস্যা হয়ে সমাজের কাছে দেখা দিয়েছে। এই অবস্থায় আপনি বললেন যে এক বছরের মাত্র ৩৯শো জনকে ডিটকসিফাই করা হয়েছে। আমার জিজ্ঞাস্য, এরজন্য সরকারের কটা কেন্দ্র আছে এবং বেসরকারি কতগুলি ডি-অ্যাডিকশন সেন্টার আছে?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ এগুলি সবই হচ্ছে বেসরকারি উদ্যোগে করা হচ্ছে। মোট ৩৯শো জনকে করা হয়েছে। ডি-টক্সিফিকেশন এবং কাউনসেলিং সেন্টারগুলি চালাচ্ছেন স্বেচ্ছাসেবী সংস্থা। রাজ্য সমাজকল্যাণ দপ্তরের সুপারিশে তারা কেন্দ্রীয় সমাজ কল্যাণ মন্ত্রক থেকে আর্থিক সহায়তা পান। যে সমস্ত স্বেচ্ছাসেবী সংস্থা ডি-টক্সিফিকেশন সেন্টার এবং কাউনসেলিং সেন্টার চালাচ্ছেন তাদের নাম ও ঠিকানা আছে। মোট ৯টি সেন্টার এইভাবে চলছে—সমাজসেবামূলক প্রতিষ্ঠান।

ডাঃ তরুণ অধিকারী ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন যে, এই সমস্যার সঙ্গে স্বাস্থ্য দপ্তর অঙ্গাঙ্গি ভাবে জড়িত, অথচ আপনি বলছেন যে, বেসরকারি উদ্যোগে সবকটি সেন্টার চালানো হচ্ছে। এ ক্ষেত্রে আমার প্রশ্ন হচ্ছে স্বাস্থ্য দপ্তর এবং আপনার দপ্তর যৌথভাবে এই সমস্যার সমাধানের জন্য কোনও সেন্টার চালাবার উদ্যোগ গ্রহণ করছে কি? আপনি নিশ্চয়ই জানেন যে, বৃহত্তর কলকাতায় এবং শিল্পাঞ্চলগুলিতে ড্রাগ অ্যাডিকশন মহামারীর আকার ধারণ করেছে, অতএব সরকারি উদ্যোগে সেন্টার চালু করার জন্য আপনার কি পরিকল্পনা আছে?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ মহামারীর আকার ধারণ করেছে, এ কথাটা ঠিক নয়। মাননীয় সদস্য জানেন যে, বহুদিন আগে যখন এটা ব্যাপক আকার ধারণ করেছিল তখন একটা সার্ভে করা হয়েছিল। তার ভিত্তিতে বিভিন্ন গণ-সংগঠন, সমাজসেবী প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, সবাইকে নিয়ে কলকাতার বিভিন্ন জায়গায় সভা সমিতি করে অ্যাওয়ার্নেস ক্যাম্প করা

হয়েছিল। এ ছাড়াও স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন হাসপাতালে এ বিষয়ে কিছু কিছু বেড নির্দিষ্ট করার ব্যবস্থা করা হয়েছে।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, যে সমস্ত বেসরকারি সংস্থাগুলির কথা আপনি বললেন সেগুলির বিধানসভার সদস্য হিসাবে আমি নাম জানি। অধিকাংশ সংস্থার ঠিকানা বৃহত্তর কলকাতার মধ্যে। এদের মধ্যে একটা সংস্থার আমি কোনও খোঁজই পাই নি। এখন আমার প্রশ্ন হচ্ছে, কেন এই বেসরকারি সংস্থাগুলিকে বেছে নেওয়া হল এবং সরকারি হাসপাতালগুলিকে কেন এই উদ্যোগের সঙ্গে যুক্ত করা হল না?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ সরকারি হাসপাতালেও কিছু বেড আছে। যে সমস্ত সমাজসেবী সংস্থা এই কাজ করতে ইচ্ছা প্রকাশ করে রেজিস্ট্রেশন গ্রহণ করে তাদের নাম আমরা পাঠাই এবং তাঁরা সেগুলি গ্রহণ করেন। বিভিন্ন জায়গায় এই জাতীয় যে সেন্টারগুলি আছে তারা ভাল ভাবেই কাজ করে, বিভিন্ন সময়ে ইন্সপেকশন করে সেটার প্রমাণ পাওয়া গেছে। কোনও সংস্থা কতটা কাজ করেছে তার সংস্থাওয়ারি হিসাব আমার কাছে আছে।

শ্রী সৌগত রায় ঃ স্যার, মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন যে, ডি-টিক্সিফিকেশন সেন্টারগুলি সবই সেন্ট্রাল গভর্নমেন্টের টাকায় চলে, রাজ্য সরকার শুধু ফরোয়ার্ড করে। কিন্তু রাজ্যে যেখানে ২ লক্ষ হেরোয়িন অ্যাডিক্ট আছে সেখানে মাত্র ৩৯০০-কে ডি-টক্সিফিকেশন করা হয়েছে, সুতরাং ডি-টক্সিফিকেশন সেন্টার বাড়াবার জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন? দ্বিতীয় কথা হচ্ছে, হেরোয়িন অ্যাডিকশনের সঙ্গে মেন লাইনে যে এডস-এর সম্ভাবনা আরও বেড়ে যাচ্ছে সেটা বন্ধ করার জন্য রাজ্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করছেন?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ রাজ্য সরকারের পক্ষ থেকেও এ বিষয়ে অর্থ ব্যয় করা হয়। সমাজ-কল্যাণ দপ্তর এবং স্বাস্থ্য দপ্তর বিভিন্ন সময়ে বিভিন্ন জায়গায় যৌথ ভাবে ক্যাম্প পরিচালনা করে অ্যাওয়ারনেস তৈরি করার জন্য। রাজ্য সরকারের পক্ষ থেকে মেডিক্যাল হেল্পও দেওয়া হয়।

শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, এটা কি আমাদের পশ্চিমবঙ্গেরই সমস্যা, না সর্ব-ভারতীয় ক্ষেত্রেও এই সমস্যা রয়েছে?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ এই সমস্যা সমস্ত জায়গায় আছে।

শ্রী বিমলকান্তি বোস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ডি-অ্যাডিকশন সেন্টার এবং কাউনসেলিং সেন্টারগুলিকে সরকারের পক্ষ থেকে আর্থিক সাহায্য দেওয়া হয়ে থাকে। আমি জানতে চাইছি সেই আর্থিক সাহায্যের পরিমাণটা কি? সেটা ইণ্ডিভিজুয়াল সেন্টারগুলিকে কি ভাবে এবং কতটা করে দেওয়া হয়?

[11-10 – 11-20 A.M.]

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ এই ব্যাপারে একটা নোটিশ দিতে হবে। ডিটেলস কোনও জায়গায় কত দেওয়া হয় বিভিন্ন সংস্থাগুলি ইন্সপেকশন করার উপর যে কাজ হবে সেইভাবে

দেওয়া হয়।

শ্রী আব্দুল মান্নান ঃ মানববাবু জিজ্ঞাসা করলেন সোশ্যাল অরগ্যানাইজেশনগুলির কথা। আপনি বললেন ৯টি আছে। এটা সত্যি, আমার কাছে তার লিস্ট আছে। এইসব অরগ্যানাইজেশনগুলির অস্তিত্ব অনেক জায়গায় নেই। আমি জিজ্ঞাসা করেছিলাম, কোনও উত্তর পাইনি। আপনি এই ব্যাপারে উত্তর দিতে পারবেন এইসব অরগ্যানাইজেশনগুলির অস্তিত্ব আছে কিনা এবং তারা ঠিকমতো ফাংশন করছে কিনা? সেখানে যে লোকাল বডি আছে, জনপ্রতিনিধিমূলক বডি আছে, যেমন, কাউন্সিলার আছে ক্যালকাটা কর্পোরেশন এলাকায় এবং এম. এল. এরা আছেন। তাদের এইসব ব্যাপারে সুপারভাইজ করার অধিকার আছে কিনা এবং এই ব্যাপারে আপনার ডিপার্টমেন্ট তদারকি করছে কিনা?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ জনপ্রতিনিধিরা সব ব্যাপারেই জড়িত থাকতে পারেন, আপত্তির কিছু নেই। দ্বিতীয় কথা, যে সমস্ত সেন্টারগুলির কথা বলছেন, সমস্ত সেন্টারগুলিই আছে এবং তারা যথারীতি কাজ করছে। যেমন, বিবেকানন্দ এডুকেশন সোসাইটি তারা প্রায় ৭৫৯টি ডি-টক্সিকেশন এবং কাউনসেলিং করেছেন। উইমেন্স কো-অর্ডিনেটিং কাউনসেল তারা ৩৫০ জনকে করেছেন। ইন্সটিটিউট অফ সাইকোলজিক্যাল অ্যাণ্ড এডুকেশনাল রিসার্চ তারা ২৬৪ জনকে করেছেন।

মুক্তিপ্রাপ্ত বন্দির সংখ্যা

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩) **শ্রী দিলীপ মজুমদার ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯০-৯১ আর্থিক বছরে রাজ্য সরকার কতজন সাজাপ্রাপ্ত ও কতজন বিচারাধীন বন্দিকে মুক্তি দিয়েছেন?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ

১৯৯০-৯১ আর্থিক বছরে রাজ্য সরকার মোট ১৭ জন সাজাপ্রাপ্ত বন্দিকে মুক্তি দিয়েছেন। একজন বিচারাধীন বন্দিকে উক্ত সময়ে মুক্তি দেওয়া হয়েছে।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ কাগজে বেরিয়েছে যাবজ্জীবন কারাদণ্ড যারা পান তাঁদের ছেড়ে দেওয়ার ক্ষেত্রে সরকার বৈষম্য করছেন—এই সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য আছে কিনা?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ সরকার বৈষম্য করছেন এই রকম সুনির্দিষ্ট অভিযোগ দিলে সেই সম্পর্কে খতিয়ে দেখব।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন সুনির্দিষ্ট অভিযোগ থাকলে তিনি খতিয়ে দেখবেন। আমি সুনির্দিষ্ট অভিযোগ আপনার কাছে আনছি যেটা সম্পূর্ণ রাজনৈতিক কারণে সাজাপ্রাপ্ত যাতে লাইফার বলা হয় তাকে ছেড়ে দিয়েছেন। রায়গঞ্জে ২জন লাইফারকে ছেড়ে দেওয়া হয়েছে—ভোলা পাল এবং আর একজনকে ছেড়ে দিয়েছেন। এই ব্যাপারে

গভর্নরের কাছে ডেপুটেশন দেওয়া হয়েছে। ওখানকার মিউনিসিপ্যালিটির যিনি চেয়ারম্যান তাঁর মায়ের সামনে রিভলবার দেখিয়ে বলছে, ৭ দিনের মধ্যে ছেলেকে খুন করব, ছেলেকে বের করে দাও। The Chairman cannot move without full arms and protection. [***] নির্দেশে এই কারাদণ্ডে দণ্ডিত খুনিকে ছেড়ে দেওয়া হয়েছে।

মিঃ স্পিকার ঃ বিমান বসুর নাম বাদ যাবে।

শ্রী সুব্রত মুখার্জি ঃ [****]

(নয়েজ)

Mr. Speaker : Nothing will be recorded. You please take your seat.

....(Shri Subrata Mukherjee did not take his seat. He was continuing his speach.)....

.....(noise).....

(মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি কিছু বক্তব্য রাখার চেষ্টা করেন।)

Mr. Speaker : Mr. Mukherjee, please take your seat. I want to remind the members that Question hour is not the time to make a statement. Nothing will be recorded.

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কোনও প্রশ্নোত্তরের সময়ে এইভাবে সময় নষ্ট করে উপমা তৈরি করতে আপনি দেবেন?

(গোলমাল)

(কংগ্রেস (আই) আসন হইতে অনেক মাননীয় সদস্য উঠিয়া দাঁড়ান।)

Mr. Speaker : Please take your seat. I have said earlier that during Question hour the members can put supplementary Question only. They should not made any statement. There will be sufficient opportunity to make speach during the discussions on Governor's Address.

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—বিচারাধীন অথবা যাবজ্জীবন কারাদণ্ড প্রাপ্ত বন্দিদের ক্ষেত্রে কত দিন বা কত মাস হ্রাস করে দেওয়া হয়েছে তার কোনও সুনির্দিষ্ট তথ্য আছে কিনা এবং তার বিধি নিয়মটা কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ ১৪ বছর মুক্তি সংক্রান্ত ২০ বছর মুক্তি সংক্রান্ত মৃত্যুর আশঙ্কা সংক্রান্ত, মারাত্মক অসুখ এবং মানবিক কারণে দয়া সংক্রান্ত যে সমস্ত নিয়ম আছে তা হল

Note : [* Expunged as ordered by the chair.].

১৪ বছর নিয়ম ৫৯১এ যে কোনও সাজাপ্রাপ্ত আসামীর রেমিশন সহ ১৪ বছর অতিক্রান্ত হলে এক মাস পূর্বে জেল সুপারিনটেণ্ডেটের মুক্তি সংক্রান্ত প্রোপোজাল আই. জি. কে রাজ্য সরকারের কাছে প্রেরণ করতে হবে। এই সমস্ত ক্ষেত্রে রাজ্য সরকার বিষয়গুলি বিবেচনা যদি করেন তাহলে প্রথম ক্ষেত্রে ঘটনা, যেভাবে অপরাধীর অপরাধ প্রবণতার মাত্রা, অপরাধীর চরিত্র, আচরণ, জেলে থাকাকালীন অপরাধ করার প্রবণতা অথবা অন্য লোককে অপরাধ করার প্রবণতা দেবার সম্ভাবনা সম্পর্কে সুপারিনটেণ্ডেন্ট নিশ্চিন্ত হলে তাকে মুক্তি দেওয়া হয় অন্যথায় তার প্রার্থনা বাতিল হবে। ২০ বছর সংক্রান্ত নিয়ম হল ১৪ বছরের রিপোর্ট মঞ্জুরি হয়নি সেইসব বন্দিদের মার্জনাগুলি বিবেচিত হয় ১৪ বছরের নিয়মানুসারে ঐ কেসগুলি জেল সুপারিনটেণ্ডেন্ট আই. জি. রাজ্য সরকারের মাধ্যমে সেগুলি বিবেচনার জন্য পাঠায়, এই ভাবে করা হয়।

[11-20 – 11-30 A.M.]

শ্রী জটু লাহিড়ী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, তিন মাসের বেশি বিচারাধীন কতজন আসামী আপনাদের জেল-হাজতে আটক রয়েছেন?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ এ সম্পর্কে নোটিশ দিতে হবে।

মিঃ স্পিকার ঃ এটা আপনার প্রশ্ন নয়, জুডিশিয়াল ডিপার্টমেন্টের প্রশ্ন। এর কিছুটা জুডিশিয়াল কাস্টোডি, কিছুটা পুলিশ কাস্টোডি রয়েছে। কাজেই এটা আপনার প্রশ্ন নয়।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ সাজাপ্রাপ্ত ব্যক্তির পরিবর্তে নকল কোনও ব্যক্তি তার হয়ে জেল খাটছে এইরকম কোনও তথ্য আপনার জানা আছে কিনা?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ আমার জানা নেই। আপনার থাকলে বলবেন।

শ্রী সৌগত রায় ঃ মন্ত্রী যে ক্রাইটিরিয়ানে লাইফারদের ছাড়া হয় বলেছেন, এই যে ১৭ জনকে ছাড়া হয়েছে তাদের একজনকেও ঐ কারণে ছাড়া হয়নি। সুব্রত মুখার্জি ভোলা পালের কথা বলেছেন। বাগনানে মানস সেনকে যে খুন করল তাকে ছেড়ে দেওয়া হয়েছে এবং তাকে একটি স্কুলে চাকরি দেওয়া হয়েছে। এর প্রতিবাদে গতকাল সেখানে রেল অবরোধও হয়েছে। এই যে ১৭ জনকে ছেড়ে দেওয়া হয়েছে এদের মধ্যে সি. পি. এম. এর কতজন খুনের অভিযোগে অভিযুক্ত এবং কি ক্রাইটেরিয়ানে তাদের ছেড়েছেন?

মিঃ স্পিকার ঃ বিশ্বনাথ বাবু, তাদের পলিটিকাল অ্যাফিলিয়েশনের ডিটেলস আপনার কাছে রয়েছে কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ না, সেটা নেই।

মিঃ স্পিকার ঃ তাহলে ছেড়ে দিন।

(নয়েজ অ্যাণ্ড ইন্টারাপশন)

শ্রী সুব্রত মুখার্জি ঃ তাহলে কেন এসেছেন? আপনি তাদের প্রোটেকশন দিচ্ছেন। সুপ্রিম কোর্টে সাম্প্রতিক একটি ডিসিসন হয়েছে যে, লাইফার মিনস লাইফার, কিন্তু আপনি তাদের ছেড়ে দিচ্ছেন!

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ আমি একটু বলি শুনুন—এটা প্রোটেকশন দেবার কথা নয়, প্রোটেকশন দেবার কোনও ব্যাপার এতে নেই। ব্যাপার হচ্ছে, মার্সি পিটিশন বলে একটা ব্যাপার আছে নিশ্চয়ই আপনি জানেন। আমি আর একটু বলি যে, ক্রিমিনাল প্রসিডিওর কোডের ৪৩৩(৪) সেকশনের অ্যামেণ্ডমেন্ট ১৪ ইয়ারস রিলিজ রুলের ক্ষেত্রে ভারতের ক্রিমিনাল প্রসিডিওর কোডের সেকশন ৪৩৩(৪) এর অ্যামেণ্ডমেন্ট অনুসারে যে সমস্ত জাবজ্জীবন সাজাপ্রাপ্ত বন্দিদের সাজা ১৮.১২.১৯৭৮ তারিখের পরে হয়েছে তাদের কোনওরকম রেমিশন ছাড়া ১৪ বছর সাজা জেলে খাটতে হবে। সুপ্রিম কোর্টে আদেশ হল যে, এই সাজাপ্রাপ্ত বন্দিদের ১৮ বছরের সাজা খাটবার সময়সীমা হিসাব করবার সময় জেলে বিচারাধীন সময়কেও ধরতে হবে এবং সেক্ষেত্রেও রিলিজের জন্য জেল-সুপারিনটেন্ডেন্ট, আই. জি.(প্রিজন) এর মাধ্যমে হোম (জেলস) ডিপার্টমেন্ট এবং জুডিশিয়াল ডিপার্টমেন্টে পূর্বে উল্লিখিত তথ্যাদি পাঠাতে হবে।

Introduction of Hovercraft Service between Haldia and Calcutta

***28.** (Admitted Question No. ***258) Shri Sukumar Das and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

(a) whether the State Government has information about the proposal of Central Inland Water Corporation to introduce Hovercraft Services between Calcutta and Haldia; and

(b) if so,

(i) the salient features of the proposal; and

(ii) the present position and progress achieved so far ?

Shri Shyamal Chakraborty :

(a) Yes, by virtue of the fact that the Secretary, Transport is ex-officio Director on the Board of CIWTC. Also, the CIWTC Board has set up a Committee with a representative of the department, amongst other members, to examine feasibility of the proposal.

(b) The vessel is, strictly speaking, not a hovercraft in that it is to be procured at propelled by water-jet. It is to be procured at an approximate cost of Rs. Three crores from Sovrech Flot (A Russian Company). with C. M. Trading Co. Pvt. Ltd., 12A, Lord Sinha Road, Flat No. 102, Calcutta-71 being their local represen-

tatives. Financial participation in the matter of procurement will be by CIWTC and CPT. The Vessel, when in motion, will have a draught of 0.5 metres, will carry 50 passengers, and operate with one officer and one crew member. The vessel can operate at 40 km per hour and is capable of travelling from Calcutta to Haldia in about two hours. It will be operating between Outram Ghat and Anchorage Jetty at Haldia, with a stoppage at Patikhali, and an optional stoppage at Falta.

Procurement of two other vessels is contemplated, with additional services. The Calcutta-Haldia route is proposed to be operated at night also, with final berthing at 9.00/9.30 p.m.

Government of India have sanctioned procurement of one vessel. Target date of procurement of the vessel is 31.3.92. Services are expected to start shortly.

শ্রী সুকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই ধরনের সিস্টেম আমাদের পশ্চিমবঙ্গে আর কোথাও চালু আছে কি না। এটা যদি প্রথম হয়ে থাকে তাহলে কবে থেকে চালু করতে চাচ্ছেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ এই ধরনের আর কোথাও নেই। কলকাতা হলদিয়ার মধ্যে প্রথম হওয়ার কথা হবার কথা হয়েছে। তবে কবে চালু হবে সেটা এখনও বলা যাচ্ছে না। কারণ প্রকিওরমেন্ট কমপ্লিট না হলে চালু করা মুশকিল আছে। এটা হলে আমার মনে হয় কমার্শিয়ালি চালু করা সম্ভব হবে।

শ্রী সুনির্মল পাইক ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই ধরনের বা অন্য কোনও লঞ্চ দিঘা থেকে খেজুরী বা দিঘা থেকে জুনপুট পর্যন্ত চালাবার ব্যবস্থা আছে কি না?

মিঃ স্পিকার ঃ এটা হয়না, নোটিশ দেবেন।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে এই হোভার ক্রাফট না করে ওয়াটার প্রপেলার বোট ব্যবহার করার সিদ্ধান্ত নিচ্ছেন না কেন? কারণ হোভার ক্রাফটয়েতে ডিস্ট্যান্ট প্রায় ৯০ মিনিট কভার করা যেত। এই যে ওয়াটার প্রপেলার জেট, এটার জন্য কোনও রেকমেণ্ডেশন আছে কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ এটা প্রকিওরমেন্ট করার আগে কেন্দ্রীয় সরকার আমাদের সঙ্গে সেই ভাবে কোনও আলোচনা করেন নি। আমাদের জানিয়েছেন প্রকিওরমেন্ট হবার পরে রাশিয়ান কোম্পানির সঙ্গে। তারপরে আমরা সেই ভাবে অ্যারেঞ্জমেন্ট করতে চাচ্ছি। এই সম্পর্কে বিষদ টেম্পনিক্যাল ইমফর্মেশন দিতে পারছি না।

শ্রী লক্ষ্মণ শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে হোভার ক্রাফট না চালু করে

ওয়াটার প্রপেলার-এর মাধ্যমে জলযান চালু করলে শেষ পর্যন্ত লাভজনক হবে কি না সে বিষয়ে খতিয়ে দেখেছেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ এত খুটিনাটি আলোচনা করতে গেলে যেটা হওয়ার কথা সেটাতে বিলম্ব হত। সেজন্য আমরা এটাতে বাক-বিতণ্ডা না করে যেটা এসেছে সেটা চালু করার জন্য উদ্যোগ নিয়েছি।

পশুখাদ্য উৎপাদনে অনাবাসী ভারতীয়দের আগ্রহ

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭২২) **শ্রী আবুল বাসার ঃ** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গে হাঁস-মুরগির খাদ্য উৎপাদনমূলক শিল্প স্থাপনে কিছু অনাবাসী ভারতীয় আগ্রহ প্রকাশ করেছেন, এবং

(খ) সত্যি হলে, এ সম্পর্কে বিশদ বিবরণ জানানো সম্ভব কি না?

শ্রী মেহেবুব জাহেদি ঃ

(ক) বর্তমানে এ বিষয়ে কোনও প্রস্তাব আমরা অনাবাসী ভারতীয়দের কাছ থেকে পাইনি।

(খ) প্রযোজ্য নয়।

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত।

[11-30 – 11-40 A.M.]

শ্রী দীপক মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, প্রাণী খাদ্য উৎপাদনের ক্ষেত্রে বর্তমানে বেসরকারি বিনিয়োগ আছে কি? থাকলে কতটা আছে এবং এই ব্যাপারে সরকারি নীতি কি?

শ্রী মেহেবুব জাহেদি ঃ পশ্চিমবঙ্গে প্রাণী খাদ্য বিনিয়োগে বেসরকারি বিনিয়োগ আছে এবং অনেকগুলি কারখানা আছে। এই সম্পর্কে আপনি যদি সংখ্যা জানতে চান তাহলে আমাকে নোটিশ দেবেন আমি সংখ্যা জানিয়ে দেব। বিনিয়োগের ব্যাপারে পৃথক কোনও নীতি নেই, সাধারণ ভাবে যে নীতি ফলো করা হয় সেই নীতিই আছে।

শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ হাঁস মুরগির যে খাদ্য তার দাম বেড়ে যাওয়ার জন্য হাঁস মুরগি নিয়ে যে স্কীম আছে সেইগুলি মার খাচ্ছে। হাঁস মুরগির জন্য যে ম্যাস উৎপাদন হয় তার দাম প্রচণ্ড ভাবে বেড়ে গেছে, এই ব্যাপারে সরকারের কি কোনও নিয়ন্ত্রণ আছে?

শ্রী মেহেবুব জাহেদি ঃ এই ধরনের খাদ্যে গম বা নানা ধরনের জিনিস ব্যবহার হয়। এই ব্যাপারে কোনও নির্দিষ্ট নির্দেশ নেই। আমরা এবারে দিল্লির কাছে প্রস্তাব দিয়েছি বিশেষ করে পশু খাদ্যের ব্যাপারে হাঁস মুরগির জন্য যে সমস্ত জিনিস ব্যবহার হয় সেই ব্যাপারে

একটা কর্পোরেশন করতে যে রকম আমাদের ফুডে আছে। একটা কর্পোরেশন করে কেন্দ্র আমাদের সরবরাহ করবে এটা করা যায় কিনা। সমস্ত কিছু কেন্দ্রীয় ভাবে সংগ্রহ করে কেন্দ্রীয় সরকার আমাদের দিতে পারেন কিনা এই ব্যাপারে বলেছি।

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার লাভ/লোকসান

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৪) **ডাঃ মোতাহার হোসেন ঃ** পরিবহন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৮৮-৮৯ ও ১৯৯০-৯১ আর্থিক বছর দুটিতে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার লাভ/লোকসানের পরিমাণ কত?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ

১৯৮৮-৮৯ সালের এবং পরবর্তী বৎসরগুলিতে অ্যাকাউন্টস যেহেতু এখনও সম্পূর্ণ হয়নি, ১৯৮৮-৮৯ এবং ১৯৯০-৯১ সালের লাভ-ক্ষতির পরিমাণ এখনই বলা যাচ্ছে না। ১৯৮৮-৮৯ সালের অ্যাকাউন্টস আগামী ৩-৪ মাসের মধ্যে সম্ভবত পাওয়া যাবে।

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনেকদিন ধরে পরিবহন দপ্তরে আছেন, তাঁর অনেক অভিজ্ঞতা আছে। সেই অভিজ্ঞতা থেকে আপনি বলতে পারবেন কি এই দুটি বছরে লাভ হয়েছে না লোকশন হয়েছে? আমি সঠিক চাইছি না আনুমানিক বলতে পারবেন লাভ হয়েছে না লোকশন হয়েছে?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আপনারা জানেন এই বিধানসভায় নির্দিষ্ট ভাবে কিছু বলতে না পারলে বলা উচিত নয়। কোনও মন্ত্রীর পক্ষে এটা বলা সম্ভব নয়।

ডাঃ মোতাহার হোসেন ঃ আমরা সবাই জানি যে লোকসানে চলছে এবং ক্রমবর্দ্ধমান লোকসানে চলছে। লোকসান যে হচ্ছে এর কারণটা কি এবং লোকসান দূর করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ লোকসান হচ্ছে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। যত স্টেট বাস আছে সব লোকশান হচ্ছে, আপনাদের জ্ঞানসিং সোহন পাল মহাশয় যখন মন্ত্রী ছিলেন তখনও লোকসানে চলছে। সব জায়গায় লোকসানে চলে একমাত্র ভারতবর্ষে তিনটি স্টেটে লাভে চলে। তারা যে ভাবে লাভে চালাচ্ছে পশ্চিমবাংলা সেই ভাবে চালাতে পারবে না। দিল্লিতে ভাড়া দ্বিগুণ করেছে। কোনও কল্যাণকর রাষ্ট্র চালাতে গেলে স্টেট বাসে লাভ করতে গেলে যা করা উচিত সেটা করা সম্ভব নয় সারা ভারতবর্ষে আপনাদের রাজ্যগুলিতেও লোকসানে চলে।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন যে রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় লোকসান হচ্ছে এটা তিনি মেনে নিয়েছেন। আমরা জানি যে বিভিন্ন রাষ্ট্রীয় পরিবহন সংস্থায়

ক্ষতির পরিমাণ অনেক—সাবসিডিতে যেটা চলছে তার পরিমাণ ৫০ কোটি টাকার বেশি। এছাড়া দক্ষিণবঙ্গে ক্ষতির পরিমাণ কত সেটা আর একটু কাগজপত্র ঘেঁটে বলছি ৮-১০ কোটিতে গিয়ে পৌঁছেছে। ক্ষতিতে চলা সত্ত্বেও দক্ষিণবঙ্গ পরিবহন সংস্থায় গত তিন মাসে বিপুল পরিমাণে নিয়োগ পত্র দিয়েছেন। চতুর্থ শ্রেণী কিম্বা কনডাক্টর পদে কোনও রকম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ছাড়াই অধিকাংশ ক্ষেত্রে নিয়োগের ব্যবস্থা চলছে। একদিকে সংস্থা ক্ষতিতে চলছে, আর একদিকে নিয়োগপত্র দেওয়া হচ্ছে এই রকম খবর আছে। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় গত তিন মাসে এই রকম কত লোক নিয়োগ করা হয়েছে?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ বাস বাড়লে ড্রাইভার, কন্ডাক্টর এবং মেকানিক্যাল স্টাফ নিয়োগ করতে হবে। বাস তো ভুতে চালাবে না। সুতরাং বাস বাড়লে নতুন লোক নিয়োগ হবে। আমার কাছে যতটুকু খবর আছে, নিচের তলায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে এবং উপর তলায় সুপারভাইজর ইত্যাদি পদে খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে এক্সপার্ট দিয়ে ইন্টারভিউ করে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন, আপনার রাষ্ট্রীয় পরিবহনে লোকসান হচ্ছে তা সত্ত্বেও আপনি এমপ্লয়মেন্ট দিচ্ছেন দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনে। দক্ষিণ বঙ্গ রাষ্ট্রীয় পরিবহন যেটা আপনি হাবড়া পর্যন্ত চালু করেছেন, সেটা বনগাঁ সীমান্ত এলাকা, যেখান দিয়ে ফরেনাররা আসছে, পর্যন্ত চালু করা সম্ভব হবে কি? এটাকে বনগাঁ পর্যন্ত এক্সটেণ্ড করা সম্ভব কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমাদের ইচ্ছা তো আছে সব জায়গায় চালাব। যতটা ক্ষমতা আছে চালাবার চেষ্টা করছি। মাননীয় সদস্য বোধ হয় জানেন না, সরকারি বাস বনগাঁ পর্যন্ত চলছে, তবে সাউথ বেঙ্গল চলে না।

ওয়াকফ সম্পত্তির বেআইনি ব্যবহারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

***৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৬) শ্রী শীশ মহম্মদ ঃ** বিচার (ওয়াকফ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ওয়াকফ সম্পত্তির মাতোয়াল্লীরা বে-আইনিভাবে সম্পত্তি হস্তান্তর বা বিক্রয় করলে এবং ওয়াকফ বোর্ডের প্রাপ্য অর্থ প্রদান করতে গাফিলতি করলে তাদের যথাযোগ্য শাস্তি প্রদানের কোনও বিধি ব্যবস্থা আছে কি না?

শ্রী মেহবুব জাহেদী ঃ

'হ্যাঁ'। শ্রী শীশ মহম্মদ নিজেই বোর্ডের মেম্বার, উনি আমার চাইতে ভাল জানেন।

শ্রী শীশ মহম্মদ ঃ হ্যাঁ, আমি ওয়াকফ বোর্ডের মেম্বার, আপনিও ওয়াকফ বোর্ডের মেম্বার ছিলেন, এখন মিনিস্টার হয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে, বেআইনি ভাবে সম্পত্তি হস্তান্তর করলে বা বিক্রি করলে ওয়াকফ বোর্ডের নিয়ম অনুযায়ী তার যথাযোগ্য শাস্তির বিধান আছে। আমরা জানি, হ্যাঁ, একটু আছে টুকিটাকি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন,

কেউ এই রকম হস্তান্তর বা বেআইনি জমি বিক্রি করে দোষী সাব্যস্ত হলে তার শাস্তির কোনও প্রভিসন আছে কিনা?

শ্রী মেহবুব জাহেদী ঃ আপনি জানেন যে সম্পত্তি মাতোয়াল্লী বেআইনি ভাবে হস্তান্তর বা ওয়াকফ বোর্ডের বিনা অনুমতিতে বিক্রি করলে বেঙ্গল ওয়াকফ অ্যাক্ট 'এর অধ্যায়ের ৫৩(৩) ধারা অনুযায়ী তার এগেনস্টে ব্যবস্থা গ্রহণ করা যায়। মাতোয়াল্লী যদি ওয়াকফের কন্ট্রিবিউশন ও হিসাব না দেন তাহলে তার বিরুদ্ধে ১৯৩৪ সালের অ্যাক্ট অনুযায়ী ৮ম অধ্যায়ের ৫৭(১) ধারা অনুযায়ী যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করা যায়।

[11-40 – 11-50 A.M.]

এখন ফাঁসি না জেল সেটা ধারা অনুযায়ী হবে। ধারা প্রয়োগ করা হবে এবং তারপরে সেই প্রয়োগ অনুযায়ী করা হবে। কিন্তু এক্ষেত্রে একটু অসুবিধা আছে, সেটা হচ্ছে যে, কতগুলি দীর্ঘদিনের আইন আছে সেগুলোর পরিবর্তন হওয়া দরকার। সরকার সেই সম্পর্কে চিন্তা ভাবনা করছেন।

শ্রী শীশ মহম্মদ ঃ অ্যাজ এ মেম্বার অফ দি ওয়াকফ বোর্ড আমি জানি যে, মাতোয়ালীরা টাকা দিচ্ছে না, বিক্রি হয়ে যাচ্ছে, ডাকলেও উপস্থিত করা যাচ্ছে না, আমার মনে হয় এক্ষেত্রে আইন এইরকম আছে কি যাতে না এলেও হয়ে যায় এবং আমার প্রশ্ন হচ্ছে এসব ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা নিয়ে প্রপার্টি রক্ষা করা উচিত। কারণ এইসব প্রপার্টি দিয়ে বহু উন্নয়নমূলক কাজ করা যায়। যেমন বর্দ্ধমানে, বীরভূমে ওই প্রপার্টি দিয়ে সব হোস্টেল হয়েছে, উন্নয়নমূলক কাজ হয়েছে। এক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আইন প্রয়োগ করার ইচ্ছা আছে কিনা দয়া করে একটু জানাবেন।

শ্রী মেহবুব জাহেদী ঃ ইতিমধ্যে কিছু কিছু কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আইনের কতগুলি সংশোধনীর কথা ভাবা হয়েছে, আপনাদের পরামর্শ নিয়ে এই সভাতে ইচ্ছা আছে এই বিষয়ে সংশোধনীর একটা খসড়া প্রয়োগ করার।

শ্রী নাসিরুদ্দিন খান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনার মন্ত্রিত্ব তো ৮ মাস হয়ে গেল, এরমধ্যে কোনও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পেরেছেন কিনা?

শ্রী মেহবুব জাহেদী ঃ আপনি নিজে জানেন যে অনেকগুলি কেস করা হয়েছে এবং কতগুলি কেসে উদ্ধারও হয়েছে। এই বিষয়ে শীশ মহম্মদের প্রশ্নের উত্তরে বলেছি যে, এক্ষেত্রে কিছু দুর্বল অবস্থা আছে এবং সেগুলি সংশোধন করে সম্পত্তিগুলি যাতে ভালোভাবে রক্ষা করা যায়, বিক্রি না হয়ে যায় তার চেষ্টা আমরা করছি।

মিঃ স্পিকার ঃ আমি যখন আইনমন্ত্রী ছিলাম তখন ওয়াকফ বোর্ডের কিছু কেস আমার কাছে এসেছিল। আমরা তো জানি যে, গড় ইজ এ পারপিচ্যুয়াল মাইনর, আল্লা নাবালক এবং আল্লার প্রপার্টি রক্ষা করার জন্য গার্জেনের দরকার। আমরা এই বিষয় নিয়ে সেন্ট্রাল ওয়াকফ কাউন্সিলেও বসেছিলাম এবং তাতে আলোচনাও হয়েছিল যে, যে সমস্ত সম্পত্তি

দখল করে রয়েছে উদ্ধার করা যাচ্ছে না কোনওভাবে, সেগুলোকে কোনও একটা আইন করে বোর্ডের হাতে ফেরৎ দেওয়া যায় কিনা সেটা নিয়ে চিন্তা-ভাবনা করা দরকার। এবং এই বিষয়ে একটা ড্রাফ্টও তৈরি হয়েছিল যাতে সম্পত্তিগুলো ফেরৎ পাওয়া যায়। এখন আপনি মন্ত্রী হিসাবে এর একটা আইন করুন যাতে সম্পত্তিগুলি সুরক্ষিত হয়।

শ্রী মেহবুব জাহেদী ঃ আমি ওই ধরনের প্রস্তাব সভার সামনে ড্রাফ্ট আকারে আনব।

হুগলি জেলার বৈদ্যবাটীতে রবীন্দ্রভবন নির্মাণ

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৫) **শ্রী আব্দুল মান্নান ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার বৈদ্যবাটী পৌর এলাকায় রবীন্দ্রভবন নির্মাণের প্রস্তাব আছে কি না;

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত জেলায় কোনও কোনও পৌর এলাকায় রবীন্দ্রভবন বা টাউন হল নেই?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ

(ক) হুগলি জেলার বৈদ্যবাটী পৌর এলাকায় রবীন্দ্র ভবন নির্মাণের কোনও প্রস্তাব নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হুগলি জেলায় বৈদ্যবাটী ও তারকেশ্বর পৌর এলাকায় টাউন হল বা রবীন্দ্র ভবন কোনওটাই নেই। আরামবাগ পৌরসভায় পৌরসভার উদ্যোগে ও তথ্য ও সংস্কৃতি বিভাগের সহযোগিতায় রবীন্দ্র ভবনের নির্মাণকার্য চলছে।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, হুগলি জেলার ১২টি পৌর অঞ্চলের মধ্যে মাত্র দুইটিতে রবীন্দ্র ভবন নেই। তার মধ্যে তারকেশ্বর মিউনিসিপ্যালিটির পপুলেশান খুব কম আর বৈদ্যবাটী পৌর এলাকায় পপুলেশন ১ লক্ষের উপর, আপনারা তো সমস্ত মিউনিসিপ্যালিটি এলাকায় রবীন্দ্র ভবন করছেন সেইক্ষেত্রে এই গুরুত্বপূর্ণ জায়গায় না করার কোনও কারণ আছে কি?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ কারণ একটাই আর্থিক সমস্যা। আমরা প্রথমে আরামবাগের কাজ শেষ করব তার পরে বৈদ্যবাটীর কাজ হবে।

শ্রী আব্দুল মান্নান ঃ আরামবাগের ব্যাপারে যেটা বললেন এই আরামবাগ পৌর এলাকায় রবীন্দ্র ভবন নির্মাণ করার জন্য আপনার দপ্তর থেকে কত টাকা দেওয়া হয়েছে?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ টাকার কথা বললে নোটিশ লাগবে।

শ্রী ভূপেন শেঠ ঃ আপনি বিভিন্ন পৌরসভাতে রবীন্দ্রভবন নির্মাণ করার জন্য উদ্যোগ

নিয়েছেন, বৈদ্যবাটী পৌরসভার ক্ষেত্রে আপনি প্রথমে বললেন সম্ভাবনা নেই, পরে বললেন করবেন। বনগাঁতে রবীন্দ্র ভবন নির্মাণের কোনও পরিকল্পনা আছে কিনা দয়া করে বলবেন কি?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ আমি জানি ওখানে নেই, এই মুহূর্তে বারাসাতের কাজ হচ্ছে বারাসাতের কাজ শেষ হলে বনগাঁর কাজ শুরু হবে।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, অনেক সাব-ডিভিসনের টাউনে রবীন্দ্র ভবন আছে সেইগুলি এক্সটেণ্ড করার জন্য কিছু টাকা আপনি দিয়েছিলেন, এখন আমাদের সাব-ডিভিসনে যে রবীন্দ্র ভবন আছে সেখানে কিছু টাকা দিয়েছিলেন এবং আরও কিছু টাকা দেওয়ার কথা আছে কিন্তু পাচ্ছি না। আমরা যদি আবার অ্যাপীল করি তাহলে বিবেচনা করবেন কিনা?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ আপনি প্রস্তাব করতে পারেন কিন্তু আসানসোলের কাজ শেষ করতে প্রচুর টাকা লাগবে সেটা শেষ না করে বর্ধমানের কথা বলতে পারছি না।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, যতগুলি হল হচ্ছে সবই পৌরসভা এলাকায়, কিন্তু এর বাইরে গ্রামাঞ্চলে হল করার কথা ভাবছেন কি?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ গ্রামাঞ্চলে তৈরি করার কোনও পরিকল্পনা নেই। মূল পরিকল্পনা ছিল '৬১ সালে কেন্দ্রীয় সরকারের। গ্রামাঞ্চলে আমরা কমিউনিটি হল নিজেরাই করি এবং সাধারণ মানুষের উদ্যোগে করা হয়। দুইদিক থেকে উদ্যোগ হলে আমরা কিছু আর্থিক সাহায্য করি, পঞ্চায়েতও করে। কিন্তু রবীন্দ্র ভবন তৈরি করার কোনও পরিকল্পনা গ্রামাঞ্চলে নেই।

শ্রী সুকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানালেন যে বেসরকারি উদ্যোগে রবীন্দ্র ভবন তৈরি করেছেন, আমার এলাকায় একটা রবীন্দ্র ভবন আছে আমরা কি আর্থিক সাহায্য পাব?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ পাবলিক অর্গানাইজেশনকে আমরা সাহায্য করি প্রতি বছরই, দাবি করলে নিশ্চয় আমরা অর্থ দেব।

[11-50 – 12-00 A.M.]

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে আরামবাগের রবীন্দ্র ভবনের কাজ কবে নাগাদ শুরু হয়েছে এবং সেই কাজের কতখানি অগ্রগতি হয়েছে?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ কবে নাগাদ শুরু হয়েছে সেটার জন্য নোটিশ লাগবে, তবে কাজ চলছে এটুকু আমি জানি।

দীঘায় দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ডিপো নির্মাণ

***৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৯) শ্রী মৃণালকান্তি রায় ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দীঘায় দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ডিপো নির্মাণের কাজটি বর্তমানে কতদূর অগ্রসর হয়েছে;

(খ) উক্ত ডিপোটি নির্মাণের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(গ) উক্ত ডিপোটির নির্মাণ কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ

(ক) উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ প্রয়োজনীয় জমি হস্তান্তর সম্পূর্ণ করেনি বলে কাজ শুরু করা সম্ভব হয়নি।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) প্রশ্নই ওঠে না।

শ্রী মৃণালকান্তি রায় ঃ উক্ত ডিপোটির সার্ভে হয়েছে আমি জানি, কিন্তু এটার কাজ কবে শুরু হবে বলে মনে হয়।

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমাদের দিক থেকে যা করা দরকার সেই ব্যাপারে আমরা প্রস্তুত হয়ে আছি, তবে হস্তান্তর হলেই কাজ শুরু হবে।

শ্রী সুনীলকুমার ঘোষ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কৃষ্ণনগরে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের যে ডিপো তৈরি করার কথা ছিল সেই ব্যাপারে কাজ কতটা এগিয়েছে? জমি নিয়ে যে বাধা ছিল সেটাতো দূর হয়েছে।

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ জমি পেলেই কাজ শুরু করা যায় না। তার নকশা করতে হবে এবং সেই নকশা মঞ্জুর করতে হবে। তারপর বাজেটে সেটা আনতে হবে, সুতরাং কিছু সময় লাগবে। তবে আমরা চেষ্টা করছি যত দ্রুত এই কাজগুলি করা যায়।

শ্রী প্রবীর ব্যানার্জী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, হাবড়া থেকে সীমান্তবর্তী এলাকা বাগদা, বনগাঁ, গাইঘাটাতে দক্ষিণবঙ্গের রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কোনও বাস চালানোর পরিকল্পনা আছে কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আপনি যে অঞ্চলগুলির কথা বললেন সেখানে এখন কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের বাস চলে। সেখানে দক্ষিণবঙ্গের বাস চালানোর কোনও পরিকল্পনা নেই।

শ্রী বিমলকান্তি বসু ঃ মাননীয় মন্ত্রী মহাশয় এর আগে প্রশ্নোত্তর সময় বলেছিলেন এবং তার রেশ টেনেই বলছি কোচবিহারে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার যে সেন্ট্রাল ওয়ার্কশপ

করার প্রস্তাব ছিল সে সম্পর্কে কি কিছু অগ্রগতি হয়েছে এবং এটা সম্পর্কে কোনও পরিকল্পনা আছে কিনা?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ হ্যাঁ, যেহেতু আমাদের এই ধরনের বড় কাজ করবার কোনও এক্সপার্টাইজ নেই, সেইহেতু আমরা কেন্দ্রীয় সরকারের সংস্থা সি. আই. আর. টি-কে বরাত দিয়েছি সেন্ট্রাল ওয়ার্কশপ করার জন্য এবং তারা দু'বছরের মধ্যে কাজগুলো করবে এবং অন্যান্য ডিপোগুলো রিনোভেশন ও মডার্নাইজেশনও করে দেবেন।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি মেদিনীপুর শহরে দক্ষিণবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের যে ডিপো তৈরি করা হয়েছে সেই জায়গাটা ভারতবর্ষের বৃহত্তম অগ্রণী পরিবহন সমবায় সংস্থার জায়গা ছিল এবং সেই জায়গাটা জোর করে দখল করে নেওয়া হয়েছে?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমরা মোটেই জোর করে সেটা দখল করিনি। সমবায় সংস্থাটি বন্ধ হয়ে গিয়েছিল এবং ব্যাঙ্কের কাছে সেই জায়গাটি মর্টগেজ করা ছিল। আমরা ব্যাঙ্কের টাকা শোধ করে দিয়ে তবেই সেই জায়গার দখল নিয়েছি।

শ্রী পরেশচন্দ্র অধিকারী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি কুচবিহার জেলার মেখলিগঞ্জ পৌরসভার একটা জমি নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনকে ডিপো করার জন্য দেওয়া হয়েছিল, সেই ব্যাপারে আপনাদের পরিকল্পনা কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ হ্যাঁ, আমাদের পরিকল্পনা আছে।

শ্রী জটু লাহিড়ী ঃ আমি মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, হাওড়াতে যদিও স্টেট বাসের বড় ডিপো রয়েছে কিন্তু হাওড়া শহরের জন্য স্টেট বাস চালনার ক্ষেত্রে যেমন, বোটানিক্যাল গার্ডেন থেকে এসপ্লানেড, রামরাজাতলা থেকে এসপ্লানেড এইসব জায়গাতে আপনি কি কোনও স্টেট বাস চালাবার পরিকল্পনা নিয়েছেন কি না?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ না, হাওড়াতে অসুবিধার মধ্যে পড়েছি, আমাদের পরিকল্পনার মধ্যে ছিল এবং আমরাও জানি যে খুবই দুর্ভোগের মধ্যে পড়তে হয়েছে কিন্তু আমরা হাওড়াতে বড় ডিপো পাচ্ছি না। যে ডিপো আছে তাতে সামান্য বাস, ২০/৩০ টা বাস রাখা যাচ্ছে। যদি কোনও জায়গা সংগ্রহ করতে পারি তাহলে আমরা হাওড়া জেলাকে সর্ব্বোচ্চ অগ্রাধিকার দিয়ে হাওড়াতে ডিপো তৈরি করবার চেষ্টা করব। এটা করলে হাওড়া জেলাতে বাস চালাবার পক্ষে কিছুটা সুবিধা হবে। তা ছাড়া হাওড়া জেলার মধ্যে রাষ্ট্রীয় পরিবহনের যে ডিপোটা রয়েছে তাকে কিছুটা সম্প্রসারিত করবার বন্দোবস্ত করেছি, এটা হয়ত আপনি জানেন।

শ্রী সুনির্মল পাইক ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কিছুদিন আগে আমি আপনার এই বিভাগে—খেজুরীতে বাস চালাবার জন্য দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় দরখাস্ত করেছিলাম যাতে করে ওখানে বাস চালানো যায়। কারণ খেজুরী একটা ট্যুরিস্ট স্পট হয়ে উঠছে। খেজুরীতে বাস চালাবার কোনও পরিকল্পনা আছে কি না?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ খেজুরী পর্যন্ত নেই, আপনি আর একবার কথা বলুন, দেখা যাক কী করা যায়।

শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ দক্ষিণবঙ্গ পরিবহনের মধ্যে বেশ কিছু বাস চলছে। কাকদ্বীপ, নামখানা এইসব এলাকায় একটা ডিপো করবার জন্য আমরা বলেছিলাম। আপনি আমাদের সাথে কথাও বলেছিলেন। এখন ডায়মণ্ড হারবারের কাছে নারায়ণগঞ্জ বা এইসব জায়গাতে একটা জায়গা ঠিক করেছেন এবং ডায়মণ্ড হারবার মিউনিসিপ্যালিটির সাথে কথাও হয়েছে। এই ব্যাপারে আপনার কাছে কিছু খবর আছে কি না?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমার কাছে অফিসিয়ালি কিছু আসেনি, অন্য সূত্র থেকে এসেছে। আমি চেষ্টা করছি কিন্তু অফিসিয়ালি নিয়ে আসতে পারলে ভাল হয়।

শ্রী মনোহর তিরকে ঃ আপনি বললেন নতুন ডিপো বানানোর ব্যবস্থা হচ্ছে, আমি জানতে চাই নর্থ বেঙ্গল হোক, সাউথ বেঙ্গল হোক গাড়ি কিন্তু বাড়ছে অথচ সেই তুলনায় ডিপোতে ঘরবাড়ি হয় নি। ঘরবাড়ি না থাকবার ফলে গাড়িগুলি নষ্ট হয়ে যাচ্ছে। অনেক লোকসানও হচ্ছে। এই লোকসানের পরিমাণ কমাতে আপনি কী ব্যবস্থা নিয়েছেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমাদের যে পরিমাণ বাস বেড়েছে বিশেষ করে উত্তর বঙ্গ এবং দক্ষিণবঙ্গ সেই তুলনায় আমরা বা সেই পরিমাণে আমরা মেকানিক্যাল ডিপো বাস বাড়ার সঙ্গে সঙ্গে সমতা রক্ষা করে করা যায় নি। তারজন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। সি. আই. আর. টি. কে বরাদ্দ দেওয়া হয়েছে।

Starred Questions
(to which written answers were laid on the Table)

কলকাতার পরিবহন ব্যবস্থার উন্নয়নের প্রস্তাব

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩) **শ্রী অমিয় পাত্র ঃ** গত ২৭.৮.৯১ তারিখে উত্থাপিত প্রশ্ন নং *৫১৭ (অনুমোদিত প্রশ্ন নং *২৫)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে পরিবহন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা মহানগরীর পরিবহন ব্যবস্থার উন্নতিবিধানের জন্য অতিরিক্ত কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) থাকলে, প্রস্তাবগুলি কি?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, বিভিন্ন প্রকল্পে এরূপ কয়েকটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) জাপান সরকারকে দেওয়া প্রকল্পটিতে ১০টি ফ্লাইওভার নির্মাণ, ১৪টি পথচারী পারাপারের ব্রিজ এবং ২টি গাড়ি পার্কিং স্থান নির্মাণ ইত্যাদি অন্তর্ভুক্ত আছে।

২য় হুগলিসেতু নির্মাণের সাথে সংশ্লিষ্ট কলকাতা এবং হাওড়া উত্তরদিকে কয়েকটি রাস্তা ব্রিজ ইত্যাদির উন্নতিসাধন নবনির্মাণের কয়েকটি স্কীম স্বল্পকালীন এবং দীর্ঘমেয়াদী ভিত্তিতে রাজ্য সরকার গ্রহণ করেছেন।

মেট্রোরেলের টালিগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত সম্প্রসারণ সম্পর্কিত একটি প্রাথমিক সমীক্ষা রাজ্য সরকার কেন্দ্রের সহযোগিতায় RITES-কে দিয়ে সম্প্রতি করিয়েছেন।

এছাড়া লেক গার্ডেন্স এবং বিণ্ডেলগেটে রেল ওভারব্রিজ প্রকল্পগুলিও সরকারের বিবেচনাধীন আছে।

বেসরকারি বিনিয়োগের মাধ্যমে কয়েকটি পথচারী সেতু, ভুগর্ভস্থ পার্কিংলট ইত্যাদি প্রকল্পও সরকারের বিবেচনাধীন আছে।

জলপথ পরিবহন ব্যবস্থার উন্নতিসাধনের জন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যৌথ উদ্যোগে হুগলি নদীর উভয়তীরে ৫টি জেটি তৈরি করা হয়েছে এবং আরও ৫টি করার প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

এছাড়া সি. এন. টি. সি. ও এস. বি. এস. টি. সি-র মারফৎ মহানগরীতে বেশি সংখ্যায় বাস চালানোর প্রয়াস রাজ্য সরকার নিয়েছেন। নবগঠিত পশ্চিমবঙ্গ সারফেস ট্রান্সপোর্ট কর্পোরেশনের মাধ্যমেও কয়েকটি নূতন রুটে বাস চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বিদ্যাসাগরের মৃত্যু শতবার্ষিকী পালনে গৃহীত পরিকল্পনা

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩০১) শ্রী সুশান্ত ঘোষ ঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

বিদ্যাসাগরের মৃত্যু শতবার্ষিকী পালনের জন্য রাজ্য সরকার কর্তৃক কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৃত্যু শতবার্ষিকী যথাযথ মর্যাদায় পালনের উদ্দেশ্যে রাজ্য সরকার নিম্নলিখিত পরিকল্পনাগুলি গ্রহণ করেছে এবং রূপায়ণের চেষ্টা করছে—

১। গত ১৩/১৪ এপ্রিল '৯১ উত্তরবঙ্গের সমস্ত জেলাগুলির সমন্বয়ে বালুরঘাট শহরে বিদ্যাসাগর মহাশয়ের জীবন ও কর্ম নিয়ে আলোচনা এবং উত্তরবঙ্গের উপভাষাগুলির বৈশিষ্ট্য এবং সাহিত্যের বিভিন্ন দিক নিয়ে আলোচনাসভা অনুষ্ঠিত হয়েছে।

২। ৩০ জুলাই '৯১ তারিখে মৃত্যু শতবর্ষে বীরসিংহ গ্রামে বিদ্যাসাগর প্রবর্তিত ভগবতীদেবী বিদ্যালয়ের সহযোগিতায় যৌথভাবে স্মৃতিতর্পণ ও আলোচনাসভা সহ সাংস্কৃতিক অনুষ্ঠান সংগঠিত করা হয়।

৩। তথ্য ও সংস্কৃতি বিভাগের অনুদান প্রকল্পে সুসাহিত্যিক বিহারীলাল সরকার রচিত সুবৃহৎ জীবনীগ্রন্থটি প্রকাশিত হয়েছে। এছাড়া একটি সংক্ষিপ্ত জীবনী পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির উদ্যোগে প্রকাশিত হতে চলেছে।

৪। বিদ্যাসাগরের জীবন ও কর্ম বিষয়ে একটি প্রদর্শনীসেট প্রস্তুত করার পর সংহতি উৎসবে প্রদর্শিত হয়েছে। জেলায় জেলায় এটি প্রদর্শনের আয়োজন করা হচ্ছে। তাঁর জীবন ও কর্ম বিষয়ে একটি পোস্টার সেট এবং একটি ভিডিও ক্যাসেট তৈরি করা হচ্ছে।

৫। কলকাতায় কেন্দ্রীয় সরকারের সাহিত্য আকাদেমির সঙ্গে যৌথ উদ্যোগে তিনদিন ব্যাপী সেমিনার সংগঠিত হচ্ছে ১৬ ও ১৭ মার্চ ৯২। আগামী ১২-১৪ এপ্রিল '৯২ দিল্লিতে এই মণীষীর জীবন ও কর্মকাণ্ডের বিভিন্ন দিক নিয়ে সর্বভারতীয় সেমিনার অনুষ্ঠিত হবে।

৬। বিদ্যাসাগরের জন্মস্থান মেদিনীপুরের বীরসিংহ গ্রামে স্থায়ীভাবে স্মৃতি সংরক্ষণের উদ্দেশ্যে পাবলিক হল নির্মাণের অর্থ সাহায্য সহ বিভিন্ন পরিকল্পনা বিবেচনাধীন রয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রীদের পশ্চিমবঙ্গ সফরের জন্য ব্যয়িত অর্থ

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬১) **ডাঃ দীপক চন্দ্র ঃ** পরিবহন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জুন, ১৯৯১ থেকে ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রীদের পশ্চিমবঙ্গ সফরের জন্য যাতায়াত বাবদ রাজ্য সরকারের ব্যয়িত অর্থের পরিমাণ কত?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

ব্যায়িত অর্থের পরিমাণ ৫২,১৬৭.০০ টাকা (বাহান্ন হাজার একশত সাতষট্টি টাকা)

অমৃতবাজার ও যুগান্তর পত্রিকা পুনঃপ্রকাশে গৃহীত উদ্যোগ

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭১) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ও ডাঃ দীপক চন্দ্র ঃ** গত ২৬.২.৯১ তারিখে উত্থাপিত প্রশ্ন নং *৩ (অনুমোদিত প্রশ্ন নং *১৮১) এবং ৬.৮.৯১ তারিখে উত্থাপিত প্রশ্ন নং *১২৪ (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৫)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অমৃতবাজার ও যুগান্তর পত্রিকা খোলার ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে আর কোনও উদ্যোগ নেওয়া হয়েছে কিনা?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

অমৃতবাজার ও যুগান্তর পত্রিকার মতো ব্যক্তিগত প্রতিষ্ঠানের ক্ষেত্রে পত্রিকা খোলার ব্যাপারে উদ্যোগ মূলত মালিক পক্ষের নেওয়া উচিত।

অতীতের মতো আবার যে-কোনও এরকম উদ্যোগ রাজ্য সরকারের তরফে সহযোগিতার প্রশ্ন দেখা দিলে নিশ্চয়ই সহযোগিতা করা হবে।

শীততাপ নিয়ন্ত্রিত বাস থেকে প্রাপ্ত আর্থিক খতিয়ান

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯০) **শ্রী মনোহর তিরকে ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাষ্ট্রীয় পরিবহন সংস্থার অধীন দূরপাল্লার শীততাপ নিয়ন্ত্রিত বাসগুলিতে লাভ-লোকসানের হিসাব কি (১৯৯১-৯২ আর্থিক বছরে ৩১শে জানুয়ারি পর্যন্ত)?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

কলকাতা—শিলিগুড়ি রুটে দু'টি ও মালদা-কলকাতা রুটে একটি করে বাস চলাচল করছে। কোনও বাসের জন্য আলাদা করে হিসাব রাখা হয়না—কারণ বর্তমান হিসাবরক্ষণ পদ্ধতিতে তা সম্ভব নয়। এই পদ্ধতির পরিবর্তন ও উন্নতি সাধনের চেষ্টা হচ্ছে।

কলকাতার ঐতিহাসিক বাড়িগুলির তালিকা

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৯) **শ্রীমতী কুমকুম চক্রবর্তী ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, কলকাতার ঐতিহাসিক বাড়িগুলির একটি তালিকা নির্দিষ্ট করা হয়েছে?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

হ্যাঁ। এই বিভাগের প্রত্নতত্ত্ব শাখা সর্বমোট ১৫৮টি (একশত আটান্ন) ঐতিহাসিক ও স্থাপত্যশিল্পের গুরুত্বসম্পন্ন বাড়ির তালিকা প্রস্তুত করেছেন।

বেতার ও দূরদর্শনের অনুষ্ঠান সম্পর্কে রাজ্য সরকারের সঙ্গে আলোচনা

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৯২) **শ্রী অমিয় পাত্র ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বেতার ও দূরদর্শনের অনুষ্ঠান সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করেন কি না?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আলোচনা করেন না। আলোচনা করার প্রয়োজনীয়তা আছে বলে নীতিগতভাবেও মনে করেন বলেও মনে হয় না।

শালবনীতে আঞ্চলিক ছাগ গবেষণা কেন্দ্র স্থাপন

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৭) শ্রী আবদুল মান্নান ঃ গত ১৮.৫.৯০ তারিখে উত্থাপিত প্রশ্ন নং ২৬০ (অনুমোদিত প্রশ্ন নং *১৮৮৫)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে প্রাণী সম্পদ বিকাশ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মেদিনীপুর জেলার শালবনীতে আঞ্চলিক ছাগ গবেষণা কেন্দ্র স্থাপনের পরিকল্পনাটি বর্তমানে কী অবস্থায় আছে?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

শালবনীতে আঞ্চলিক ছাগ গবেষণা কেন্দ্র স্থাপনের পরিকল্পনাটি বর্তমানে ভারত সরকারের অধীন কৃষি মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে।

পঞ্চায়েত সমিতি কেন্দ্রে তথ্য ও সংস্কৃতি দপ্তরের শাখা স্থাপন

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩০২) শ্রী সুশান্ত ঘোষ ঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রতি পঞ্চায়েত সমিতি কেন্দ্রে তথ্য ও সংস্কৃতি দপ্তরের শাখা স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

আপাতত নেই।

দুধের বিক্রয়মূল্য বৃদ্ধির কারণ

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১) শ্রী দিলীপ মজুমদার ঃ প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সম্প্রতি রাজ্য সরকার কর্তৃক সরবরাহকৃত দুধের বিক্রয়মূল্য বৃদ্ধির কারণ কি?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

পূর্বে সরকারি দুগ্ধ প্রকল্পের মাধ্যমে সরবরাহকৃত ডবল টোণ্ড দুধের বিক্রয় মূল্য ছিল ২ টাকা ৭০ পয়সা। গত চার বছরের মধ্যে এই দুধের কোনও মূল্য বৃদ্ধি করা হয় নি। কিন্তু ইতিমধ্যে গোখাদ্যের মূল্য বৃদ্ধির জন্য দুধের সংগ্রহমূল্য বৃদ্ধি করতে হয়েছে। তাছাড়া ডবল টোণ্ড দুধ তৈরিতে ব্যবহার্য গুড়ো দুধ, মাখন ইত্যাদি সামগ্রীর উত্তোরোত্তর মূল্য বৃদ্ধি পায়। আনুষঙ্গিক অন্যান্য খরচও অনেকাংশে বেড়ে যায়। ফলে দুধের ভরতুকির পরিমাণ বহুলাংশে বৃদ্ধি পায়। এই ক্রমবর্দ্ধমান ভরতুকির পরিমাণ কিছুটা কমানোর উদ্দেশ্যে সরকারি দুধের বিক্রয়মূল্য বৃদ্ধি করা হয়েছে।

দীঘা পর্যন্ত বিভিন্ন রাষ্ট্রীয় পরিবহনের বাস চলাচল

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩১১) শ্রী মৃনালকান্তি রায় ঃ পরিবহন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে দিঘা যাতায়াতকারী বিভিন্ন রাষ্ট্রীয় পরিবহনের বাসের সংখ্যা কত;

(খ) বাসগুলি কোনও কোনও রুটে চলে; এবং

(গ) দিঘা যাতায়াতের জন্য নতুন কোনও রুটে বাস চালানোর পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) (১) কলকাতা রাষ্ট্রীয় পরিবহনের দৈনিক ১৪টি বাস যায় ও ১৪টি বাস আসে।

(২) দক্ষিণবঙ্গ পরিবহনের ২৪টি বাস যায় এবং আসে।

(৩) উত্তরবঙ্গ পরিবহনের ৩টি বাস দিঘা যাতায়াত করে।

(খ) ১। কলকাতা রাষ্ট্রীয় পরিবহনের ১৩টি বাস নরঘাট হয়ে যায় এবং ১৩টি বাস নরঘাট হয়ে আসে। এর মধ্যে একটি রাত্রিকালীন সার্ভিস। অপর একটি রাত্রিকালীন সার্ভিস-এ একটি বাস খড়গপুর হইয়া যায় ও খড়গপুর হইয়া আসে।

২। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের বাসগুলি হাওড়া-দিঘা, দুর্গাপুর-দিঘা, পুরুলিয়া-দিঘা, বেলঘড়িয়া-দিঘা, হাবড়া-দিঘা, হলদিয়া-দিঘা।

৩। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের দুটি বাস কলিকাতা থেকে দিঘা যাতায়াত করে এবং অপর একটি বহরমপুর থেকে কলকাতা হয়ে দিঘা যাতায়াত করে।

(গ) আংশিকভাবে জাতীয়করণ করা আছে এবং বাস ক্রমশ বাড়িয়ে যাওয়ার পরিকল্পনা আছে।

কলকাতায় দুধ সরবরাহ ব্যবস্থা

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬২) ডাঃ দীপক চন্দ ঃ প্রাণী সম্পদ বিকাশ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি কলকাতায় সরকারের নিয়ন্ত্রণাধীন দুধ সরবরাহ ব্যবস্থা কিছুটা অনিয়মিত হয়ে পড়েছে; এবং

(খ) সত্যি হলে, কারণ কি?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না। বরং এখন দুধ সরবরাহে কাটছাঁট খুবই কম হচ্ছে। তবে অনিবার্য কারণে হঠাৎ কোনও কোনও ক্ষেত্রে দুধ সরবরাহ ব্যাহত হলে তাকে অনিয়মিত বলা চলে না।

(খ) প্রশ্ন ওঠে না।

সেন্ট্রাল জেলগুলির উন্নয়নে কেন্দ্রীয় সাহায্য

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫) **শ্রী দিলীপ মজুমদার ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি পশ্চিমবঙ্গের সেন্ট্রাল জেলগুলির উন্নতিকল্পে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে আর্থিক সাহায্যের প্রস্তাব দিয়েছেন;

(খ) সত্যি হলে, প্রস্তাবিত আর্থিক সাহায্যের পরিমাণ কত;

(গ) উক্ত প্রস্তাবে কোনও শর্ত রয়েছে কি না; এবং

(ঘ) থাকলে, শর্তগুলি কি?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

Mr. Speaker : The question hour is over. Now, Mr. Mukherjee, Please make your submission on the privilege motion you filed.

[12-00 – 12-10 P.M.]

BREACH OF PRIVILEGE

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে একটা প্রিভিলেজ নোটিশ দিয়েছি। আমি যদিও প্রিভিলেজ দিয়েছি কিন্তু তা সত্ত্বেও আমার বক্তব্য পেশ করলে আপনি বুঝতে পারবেন যে এর গ্র্যাভিটি কত এবং তা উপলব্ধি করতে পারবেন। এটা প্রিভিলেজ কমিটিতে না পাঠিয়ে হোল হাউসের সামনে আমার এই অভিযোগ সম্পর্কে বিচার করবেন। আমার অভিযোগটা কি? ডঃ আর. বাসু উনি একটা বই লিখেছেন "এ লেজিসলেচার সেক্রেটারিয়েট অ্যাট ওয়ার্ক এবং এটা সুরজিত বুক ডিপো থেকে পাবলিকেশন হয়েছে। স্যার,

আপনি অবাক হয়ে যাবেন, আমি এটা বলবার আগে খুব পরিষ্কারভাবে বলে রাখতে চাই, কোনও লেখার ওপর আমাদের সেনসার করবার ক্ষমতা নেই, মতামত প্রকাশ করবার ক্ষমতা নেই, স্বাধীনতা খর্ব করবার অধিকার নেই। কিন্তু ডঃ আর. বসু যেভাবে একটা পাবলিকেশন করেছেন সেটা সব থেকে বেআইনি এবং একটা অত্যন্ত সম্পন্ন। এক কথায় যাকে বলা যায় হিনিয়াস অ্যাটাক টু দি অ্যাসেম্বলি অ্যাজ অ্যা হোল। কারোকে রেহাই নেই। পেজ-৪৯ যেখানে উনি লিখছেন। আর. বসু কে? ফার্স্ট ক্লাশ অফিসার। আমাদের কাছ থেকে মাত্র তিন-চার ফুট দূরে বসে থাকেন। সে যদি হিনিয়াস attack to the ruling party, leader Shri Jyoti Basu, opposition Party as a whole, Governor. পর্যন্তকে আক্রমণ করে তাহলে আজকে আমরা কোথায় আছি? আমাদের মাননীয় সদস্যদের অনুরোধ করব বিবেচনা করার জন্য। ৪৯ পাতায় তিনি লিখছেন, আমাদের থেকে মাত্র তিন-চার ফুট দূরে বসেন আমাদের ফার্স্ট ক্লাশ অফিসার, The most unconstitutional and undignified action of the Governor of West Bengal was that the Governor appointed Shri K. K. Maitra, etc. একজন ফার্স্ট ক্লাশ অফিসার গভর্নরকে আক্রমণ করেছেন তার কাজ সম্পর্কে। এই হাউস গভর্নরের হাউস—দুটো হাউস থাকলে দুটো হাউস, একটা হাউস থাকলে একটা হাউস। আপনি পর্যন্ত কটাক্ষ করতে পারেন না উইদাউট এনি মোশন। একটা বিশেষ মোশন ছাড়া বিইং স্পিকার আপনি কিছু করতে পারেন না। একজন অফিসার তিনি সরাসরি গভর্নরকে আক্রমণ করে দিলেন। আমি আবার বলছি, এটা কংগ্রেসের ব্যাপার নয়। মিঃ আর. বসুকে এখানে দাঁড় করানো হোক কাঠগড়ায়। আপনার সে ক্ষমতা আছে, একটা নজির স্থাপন করা হোক। আমি কিন্তু কোনও লেখাকে সেনসর করতে বলছি না। আইন সম্মত পথে না হওয়ার জন্য এবং যেভাবে হিনিয়াস অ্যাটাক করেছেন এই হাউসকে তারজন্য আমি এই অনুরোধ করছি। আমি স্যার এই প্রসঙ্গে কনস্টিটুশন অফ ইণ্ডিয়ার একটা পাতার উল্লেখ করছি। আপনি জানেন আর্টিকেল ১৬৮তে কনস্টিটুশন অফ লেজিসলেচার অফ স্টেট যেখানে ক্লিয়ারলি একথা বলা আছে, গভর্নরকে এইভাবে অ্যাসপারসান করতে পারবেন না। পার্টিকুলারলি কোনও অফিসার পারেন না। আপনার কাছে নিবেদন স্যার, এটা তো শুধু গভর্নরের উপর গেল, বিইং এ ফার্স্ট ক্লাশ অফিসার ৬১ পাতায় কংগ্রেস অ্যাজ এ অপোজিশন পার্টি এবং মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকে ডাইরেক্ট অ্যাসপারসান, কটাক্ষ করে তিনি লিখেছেন। আমি আপনার রুলিং বা মতামত উল্লেখ করছি। আপনার স্মৃতি নিশ্চয় দুর্বল নয়। আপনার মনে পড়ে ননী কর মহাশয় তিনটে প্রিভিলেজ মোশন আমাদের সম্পর্কে নিয়ে এসেছিলেন। প্রিভিলেজের বিষয়বস্তু কি, গভর্নরকে আমরা ইন্ট্যারাপ্ট করেছি, প্রিভিলেজ নষ্ট হয়েছে এবং সে প্রিভিলেজ নিয়ে আপনি রুলিং দিয়েছিলেন, আপনি অ্যাকসেপ্ট করছেন না, ঠিক কথা, কিন্তু এটা প্রিভিলেজ মোশনের মধ্যে পড়ে। ৬১ পাতায় তিনি লিখে দিচ্ছেন, The role of the present Congress Opposition is disgusting. এটা শুধু আমাদের নয়, ওঁদেরও বলেছেন, জ্যোতি বসুকে পর্যন্ত বলেছেন। কে সে? একজন অফিসার। আমাদের বিচার হাউসের মধ্যে বলার কে? আপনি বলতে পারেন, এমনকি এই রকম ল্যাংগুয়েজে আপনিও সচরাচর বলতে পারেন না। আজকে একজন অফিসার এটা লিখে ডিস্ট্রিবিউট করছেন। এই বইটা বাজেয়াপ্ত করা হক। এই বইটার ব্যাপারে আইনে বিধানসভার যত ক্ষমতা আছে সব কটা প্রয়োগ করা হোক। তিনি লিখেছেন ওঁদের সম্পর্কে The role

played by the opposition led by Shri Jyoti Basu checked, the tendency of the Government, if any, to curb the independent position of the Secretariat. The present Congress opposition has disintegrated, lacks knowledge of parliamentary affairs and interest in the Legislature Secretariat affairs, and the will to present the Growing tendency of the Government to curb the independent position of the Secretariat and the attitude of the present left Front Government has been turning this parlimentary institution into a mockery of parliamentary democracy. আমি বলব, It is directly hit to you, Sir. ট্রেজারি বেঞ্চকে বলছেন, আপনার সম্পর্কেও বলছেন, ইউ আর অ্যাপয়েনটেড বাই এভরিবডি অ্যাণ্ড ইয়োর অফিসার ইজ সেয়িং সো ইন দি বুক। ইজ ইট অ্যামকারি? শুধু আমাদের সম্পর্কে নয়। অবাক হয়ে যাই। মেস পার্লমেন্টারি প্রাকটিসের—পেজ ১৫৯ বলছে যেখানে এই প্রসঙ্গের বহুবার অবতারণা করা হয়েছে, আমি সেটা রিপিট করছি, Reflection upon Members Analogous to molestation of Members on account of their behaviour in Parliament are speeches and writings reflecting upon their conduct as Members on 26 February 1701, the House at Commons resolved that to print or publish any libels reflecting upon any Members of the House for or relating to his service therein was a high violation of the rights and privileges of the House.

স্যার, আপনি অবাক হয়ে যাবেন শুনলে যদি আমি আরও একটা পড়ি। আমি আরও একটা পড়ছি। সরাসরি অফিসার বলে—১৭৬ পাতায়, Mays parliamentary practice, 20th Edition. সেখানে বলা হচ্ছে, when a Member, officer or servant of either House has been guilty of any offence either against the other House or against its Members, which world be punishable by the latter if committed by one of its own Members, officers, or servants, it is a duty of the House to which such offender belongs, upon being apprised of the fact, to take proper measures to inquire into and punish the offence in a proper manner. Now, what is the proper manner, Sir ? To me the proper manner only to send it to the privilege committee and to whole House perhaps. Because he attacked you, he attacked Governor he attacked the Rulling party, attacked the Chief Minister he attacked the opposition parties, what right he has to do all these things ? And he is sitting here only 4ft from our benches. So, the dignity of the House is to be protected and have to be protected by you. this is my humble submission. আমার নিজের দৃঢ় বিশ্বাস স্যার, আপনি এটাকে খুব সাধারণভাবে প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দেবেন না। Even you are ready to discuss with all parties. ওকে সামন করুন এবং ওকে আসামীর কাঠগোড়ায় দাঁড় করিয়ে আপনার যে জুডিসিয়াল পাওয়ার আছে সেই জুডিসিয়াল পাওয়ার আপনি ওর প্রতি নিক্ষেপ করুন। স্যার, লাস্ট পেজে, ১৪০ নং পাতায় লিখছে, an amendment of the Rule was made in a high-handed manner providing for the induction of officers from the

Executive Government. এর পর স্যার, আমি আর বলতে চাই না। পরিশেষে শুধু এটুকু বলতে চাই যে আপনি হোল ম্যাটারটাকে হোল হাউসের সামনে রেফার করুন not only to privilege committee. আমি এখনই আপনার রুলিং আশা করব কারণ এই ধরনের জিনিস যদি চলতে থাকে তাহলে এস্টাবলিশড হয়ে যাবে যে we are doing the mockery of the Assembly, We are absolutely bogus and hopeless. স্যার, আমরা যারা নির্বাচিত হয়ে আসি আপনি জানেন, আমরা দুবার ওথ নিয়ে আসি আমাদের দায়িত্ব পালন করার জন্য। সেই দায়িত্ব পালন করার ক্ষেত্রে জাজ একমাত্র হল যারা আমাদের ভোট দেয়, not this idiot Dr. R. Basu. এই নির্বুদ্ধিতা, আহাম্মক নয়। আমাদের বিচারক জনগণ যাদের কাছে আমরা ওথ নিয়ে আসি কনস্টিটিউশনকে রক্ষা করার জন্য। স্যার, আমি আবার আপনার কাছে প্রে করছি যে not for the Congress, not for the Communist Party but to maintain the dignity and honour of the House, the tradition of the House. That is my submission. Please put him into Custody under you.

[12-10 – 12-20 P.M.]

Mr. Speaker : Dr. Zainal Abedin, in a democratic system there is a scope for fair criticism. There is also a scope for forming independent opinion which may be critical of one and which may be a person holding public office. What is the demarcating line between a fair criticism and contempt of the House for breach of privilege of the House ? What is the demarcating line ? How far one can go in fair criticism ? How far one should not exceed that line to commit a breach of privilege or contempt of the House ? Now, there is to be a demarcating line. That demarcating line would be actually the attitude or intent of the person making that statement or writing. It would be his intent. If the intent is malicious to denegrade or if the intent is to reduce in the stream of eyes of the public, then you can say it was malicious. And that intent is contentious and constitutes a breach of privilege. If it is made that the intent is to criticise in exercise of his democratic rights without any malicious intent, without any contentious purpose, then we cannot say that is creating a breach of privilege or contempt of the House. Even the judgements of High Court are criticized and we say that the power and minds which the Judges have applied in the courts were not correct. We do appeal against the judgements that the Judges are not applying their minds. Even we appeal to the Supreme Court against the High Court judgements. In course of appeal against any judgement—even the Judgements of High Courts—we criticise and say that it is a wrong Judgement. We criticise the Judges. Now that criticism is fair criticism and that is allowed. It is not disallowed. The court denies that criticism.

My question is Dr. Ranjit Basu—he is an employee of this Secretariat and he has written a book. Most probably it is a thesis. I have gone through it very casually. I have not read it in details. He did show me the book in my Chamber. And I find that it has been given to Shri Siddhartha Shankar Roy with kindest regards. He has much regard for Shri Siddhartha Shankar Roy. He has made endorsement in that book. But now the portion alleged to be contentious by Shri Subrata Mukherjee are purporting to be constituting a contempt of the House and a breach of privilege. I quote—"The most unconstitutional and undignified action of the Governor of West Bengal was that the Governor appointed Shri K. K. Moitra, Secretary, Legislative Department of the Government also Secretary, West Bengal Legislative Assembly in addition to his own duties. Shri Moitra was put under dual discplinary control of the Executive as also of the Legislature. The intentions and main purpose of setting up a separate Secretariat for Parliament and State Legislature would be clearly revealed from the speech of Dr. B. R. Ambedkar" etc. etc. It goes on. Now, if I make a statement then what happens ? He is a staff of the Assembly Secreatariat. Now supposing that I am not a staff of the Assembly Secretariat and made a statement criticising the Governor, what would amount to that ?

Dr. Zainal Abedin : Mr. Speaker, Sir, your question had it been written by a person not attached with the Sectt. or not being associated with us, it would have in many cases, which has been proved under Section 500 IPC that a criminal proceedings was due. While Shri Siddhartha Sankar Ray had been the Chief Minister, because of yelow journalism and the libellous aspersion upon the members of the House, both of Parliament and the Assembly and in certain other public life, he brought an amendment in the Civil Procedure Code exempting the Court fees for defamation under Civil Procedure Code. Then, ways were open for securing justice against such defamation had you not been associated. But once you associated had it been written by a member of the Opposition, by yourself, Sir, you cannot be exempted from the long arm of law of the Parliament. Because the Parliament is supreme in point of judicature and adjudication and execution of its own process. This is a frank violation of the rights of privileges of the members of both Opposition and the Treasury Benches of the House. Mr. Mukherjee has rightly pointed out that legislature consists of first Governor, second if there are two Houses bicameral—the Council and the Assembly, if there is one House—the Assembly. Here the reflection is upon the conduct of the Governor, Only a substantive motion can be drawn by any member supported by majority members of the House. Then it can

only be discussed. No reflection can be made by any authority whatsoever. Even in the ordinary course of debate it is the precedent in the House of Commons that they do not upside the Crown or the Queen. In the House of Parliament they do not side the President or the Vice-President. In the Assembly or the Council, we do not side or bring into question the role or performance of the Governor or of his manners. But in this publication as Mr. Mukherjee has read to you this is a very gross libellous aspersion upon the conduct of the Governor, upon the conduct of the Treasury Benches, upon the conduct of the Opposition. No one is spared. We do not question the academic brilliance neither literary excellence of the writer. He is free to write but let him be dissociated. Mr. Mukherjee has rightly pointed out that he is associated with us. Then it is a high treason and he is a traitor. Sir, you know, Shakespeare has written in King Lear and I quote :-

"And from the extremist upward of thy Head,
To the descont and dust below thy feet,
A most 'Toad-spotted', Traitor"

And here the question is that this is an extremist attitude and this 'Toad-spotted' traitor should be immediately taken into punishment. As Mr. Mukherjee has rightly pointed out that the House may be kindly converted into the Committee of Privileges. The proscription of the book had it been referred to the Supreme Court or High Court or any other court or privilege committee or adjudication by courts may go either way. Here the book should immediately be proscribed. If the House proscribes the book, then there will be no scope further. The author of the book and the publisher of the book and the distributor of the book should be asked to collect all the copies and sell down because the Speaker is the part of the history of the nation. We can held to the progeny for 100 of years because people will come 100 years after and take into account our conduct. We cannot be held responsible to the history. So, Sir, number one point is had it been written by any one not associated with the House, Section 500 IPC and the Civil defamation law, both, Sir, possibly for redressing the grievances. He is associated with the Secti. and a Class I Officer. You are quite competent and if you do not listen to me, we will feel hurt that you have not taken the honour that has been reposed upon us by millions of people outside. We are here with the trust reposed upon us by the millions of people outside not one or two academic excellence or brilliant writer or brilliant literary genious. Sir, this is a frank violation. It is not only constructive contempt of the House but a breach of privilege of the House as both

Houses of the Assembly are involved. Not a section but the Governor is brought into question and indignity. As such there is no scope. He should be brought to book, put into custody and the punishment is determined by the whole House.

Mr. Speaker : Yes, Mr. Ray, what do you think of it ? I would like to have your comments.

Shri Siddhartha Sankar Ray : I have not read the book. Whenever a book is presented to me, I give it to such a person who knows something about the subject. I tell him to go through the book and give me some idea so that I can write a letter in appreciation. When a book on parliamentary practice was sent to me I gave it to Dr. Zainal Abedin. I thought he was the competent person. He read it and thereafter he and others had certain views. But if you drag my personal views on the same, it is, I think, unfortunate. What I have heard is unfortunate. And I do not want to make comment on it. Seaking more about the person, the more propaganda, the more publicity would be there, For this writing he did not deserve any publicity or propaganda. He deserves only condemnation and the person we can condemn, it is your officer. I think personally he should be censured by you without making it a great subject to what my honourable friend feels. Of course, I respect their feelings. But the point is that I think you go through the book carefully then you decide and I think we can decide sitting together what should be done in this matter.

Mr. Speaker : Very well. We will take this matter later on some future date. Let me go through the book, first. I have not gone through the book as yet.

Shri Siddhartha Sankar Ray : There is a line of that book.....

Mr Speaker : Going through the excerpts, I feel that there is a element of fair criticism. Its a criticism. Its a matter of opinion.

Shri Siddhartha Sankar Ray : It depend.

Mr. Speaker : You may look at it in whatever way you want to.

Shri Siddhartha Sankar Ray : The question is, as you know, Sir, you are a criminal lawyer, and a good one of that. Fair criticism has to be with certain boundaries.

Mr. Speaker : That's what my question is.

Shri Siddhartha Sankar Ray : When intemperate language is used while making criticism it becomes unfair,

Mr. Speaker : Whether that was is real intent ?

Shri Siddharthan Sankar Ray : The dividing line will really depend upon the nature of his using intemperate language, the violent nature of the language because there can be fair criticism when the language is vile and vulgar. Therefore, all that has to be looked into. The whole book has to be looked into. The portion which Mr. Mukherjee has read out appears to be rather vulgar. I mean, one does not talk about Governor's in that way and I do not know what he has talked about the opposition or the Chief Minister. I do not know. But if the tenor is the same and if the language is the same, some notice should be taken and perhaps you should go through the books. That's my suggestion, Sir, you go through the book. Then send for our party and other Member of the House, the leaders and then come to a decision.

Mr. Speaker : Thank you, we will take this subject later on. I do not give any rulling at this moment, I will go through the book and I will see later on if there is any substances at all about which you are saying.

CALLING ATTENTION

Mr Speaker : I have received six notices of Calling Attentions, namely :

1. Reported attack on the Aajkal office by a section of 'Santandal' supporters, recently : Shri Sudip Bandyopadhyay
2. Reported threat. given by the G.N.L.F. Chief at Darjeeling : Shri Manohar Tirkey
3. Reported remand of a 14 years old girl in police lock-up : Shri Saugata Ray
4. Reported non-availability of A.R.V. in the P.H.C. and Hospitals for the treatment of dog-bite patients : Dr. Manas Bhunia
5. Alleged arrest of a C.S.T.C Bus-conductor resulting in agitation by the Workers' Union of the C.S.T.C. : Shri Deba Prasad Sarkar

6. Reported unlawful transfer of the title of land at Nadia : Shri Kamalendu Sanyal

I have selected the notice of Shri Sudip Bandopadhyay on the subject of Reported attack on the Aajkal office by a section of 'Santandal' supporters, recently.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 12th March. 1992.

Mr. Speaker : To-day, there is no adjournment motion.

MENTION CASES

[12-20 – 12-30 P.M.]

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে গ্রাম বাংলার একটা অত্যন্ত ভয়াবহ আর্থিক সঙ্কটের চিত্র সভার কাছে তুলে ধরছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর এ ব্যাপারে হস্তক্ষেপ প্রার্থনা করছি। আজকে পশ্চিমবাংলায় এক মাস হল চটকলগুলিতে ধর্মঘট চলছে। কিন্তু তার সমস্যার কোনও সমাধান হচ্ছে না এবং এটা কার স্বার্থে হচ্ছে আমরা ঠিক সেটা বুঝতে পারছি না। আজকে এই ধর্মঘট কোনও গরিবের বা কোনও শ্রমিকের পক্ষে যাচ্ছে না, মালিকদের চক্রান্তেই এই ধর্মঘট হয়েছে। এখন পাট লাগানোর সময়, পাটের চাষ হবে, এখন এই ধর্মঘট পাটচাষীদের মনে নৈরাজ্যের সৃষ্টি করেছে। পাট চাষ বন্ধ হতে চলেছে। তাই আজকে আমি বলছি এবং যাঁরা এই ধর্মঘট করেছেন তাঁদের কাছে আবেদন করছি যে তাড়াতাড়ি তাঁরা এই ধর্মঘট বন্ধ করুন যাতে এই সমস্যার সমাধান হয় তার চেষ্টা করুন।

শ্রী সুব্রত মুখার্জি ঃ স্যার, উনি বলছেন ধর্মঘট মালিকদের পক্ষে যাচ্ছে কিন্তু আমরা তো সবাই মিলেই স্ট্রাইক করেছি।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ মাননীয় স্পিকার স্যার, আজকে দু-মাসের অধিক হল চটকল ধর্মঘট চলছে এবং চটকলগুলি না খোলার জন্য শ্রমিকদের স্বার্থের ক্ষতি হচ্ছে। এ বিষয়ে সরকারের তরফ থেকে এবং মুখ্যসচিবের তরফ থেকে আলাপ আলোচনা চলছে। এই চটকলের ধর্মঘট এর রিঅ্যাকশন গ্রাম বাংলাতেও পৌঁছেছে। এখনও লক্ষ লক্ষ কুইন্টাল পাট কৃষকের ঘরে রয়েছে, তাদের সামনে বোরো চাষ, অথচ পাট একটা তাদের অর্থকরী ফসল যেটা এখনও অবিক্রিত রয়েছে, তার জন্য তাদের আর্থিক অনটন দেখা দিয়েছে এবং এর জন্য তাদের বোরো চাষের সাংঘাতিক ভাবে ক্ষতি হচ্ছে। তাই আমি সরকারের কাছে দাবি রাখছি, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে, শ্রমমন্ত্রীর কাছে দাবি রাখছি, অবিলম্বে এই চটকলের ধর্মঘট মিটিয়ে তাদের অর্থনৈতিক ক্ষতির হাত থেকে বাঁচাতে সাহায্য করা হোক

শ্রী দীপক মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বহুজাতিক বাটা কোম্পানি তাদের শ্রমিক-সংখ্যা ৭০০০ থেকে কমিয়ে ৩৫০০তে নামাতে চাইছে। এর প্রতিবাদে বাটার ৭০০০ শ্রমিক ৬৭ দিন হল ধর্মঘট করছেন। মাননীয় মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রী যৌথভাবে এ-ব্যাপারে হস্তক্ষেপ করলেও কোনও মীমাংসা হয়নি। উল্টে এটাই ঘটেছে যে, ধর্মঘটের আগে আর্নড স্যালারীর ৮০ লক্ষ টাকা—সেটাও মালিকপক্ষ দিতে অস্বীকার করেছে। তবে আমরা জানি, কেন্দ্রীয় সরকার যে শিল্পনীতি গ্রহণ করেছেন তাতে বহুজাতিক বাটার মালিকরা উৎসাহিত এবং তাই তারা হুমকি দিচ্ছে যে, ঐ কারখানা তারা গুটিয়ে নেবে। কেন্দ্রীয় সরকারের এই বিদায় নীতিতে মালিকপক্ষ আজকে উৎসাহিত। আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি, অবিলম্বে এই একজিট পলিসি প্রত্যাহার করে বাটার মালিকপক্ষ যাতে ধর্মঘট মীমাংসায় আসতে বাধ্য হয় তারজন্য ব্যবস্থা গ্রহণ করুন।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং ঝাড়গ্রাম সম্বন্ধে রাজনৈতিক দায়িত্বপ্রাপ্ত শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যের দৃষ্টি আকর্ষণ করছি। বুদ্ধদেব বাবুর মন্ত্রী শীষ্য এবং স্থানীয় বিধানসভার সদস্যর ভাই বাসু ভগতের নেতৃত্বে ঝাড়গ্রাম মহকুমার জাম্বনী ব্লকের দুবড়া গ্রামের মোহিনীমোহন সড়ঙ্গি, অরূপ সৎপতি, নৃপেন সৎপতি এবং অতীন্দ্র সৎপতি—এই চারটি পরিবারের উপর রাজনৈতিক অত্যাচার এবং সামাজিক বয়কট চলছে। তাদের বাড়ির সামনে মিছিল করে গিয়ে বলা হল ২ হাজার থেকে ৫ হাজার টাকা চাঁদা দাও, কিন্তু তারা চাঁদা না দেওয়ায় তাদের চাষের জল বন্ধ করে দেওয়া হল এবং তাদের বলা হল, সবার মুণ্ড কেটে নরমুণ্ডমালা করা হবে, মেয়েদের উপর বলাৎকার, অত্যাচার করা হবে, জল বন্ধ করে দেওয়া হবে। এইসব হুমকি তাদের দেওয়া হল। জাম্বনী ব্লকের মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির ঐ ক্যাডারের নেতৃত্বে ঐসব অত্যাচার সেখানে চলছে। এ-ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমি অনুরোধ করছি।

ডাঃ দীপক চন্দ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সভায় তথ্য ও জনসংযোগ মন্ত্রী আছেন। তাঁর কাছে পশ্চিমবঙ্গের একটি গভীর সমস্যা আমি তুলে ধরছি। আপনি জানেন, এক বছরের বেশি হল, যুগান্তর এবং অমৃতবাজার পত্রিকা বন্ধ হয়ে রয়েছে। মালিক পক্ষ কর্মচারিদের প্রভিডেন্ট ফাণ্ড এবং গ্র্যাচুইটির সমস্ত টাকা আত্মসাৎ করেছেন। তারা বিভিন্ন ভাবে আইনের আশ্রয় নিয়ে হাইকোর্টে জাল সৃষ্টি করে যাতে সরকার চেষ্টা করেও শ্রমিক স্বার্থে যুগান্তর এবং অমৃতবাজার তাড়াতাড়ি না খোলাতে পারেন তারজন্য পরিকল্পনা নিয়েছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি—ইতিমধ্যে দুই-একজন প্রাণ হারিয়েছেন, একজন আত্মহত্যাও করেছেন—এরকম অবস্থায় সরকারি এবং বেসরকারি যেসব সুযোগ-সুবিধা রয়েছে আইনের মধ্যে থেকে সেগুলো নিয়ে তাড়াতড়ি খোলার কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা এবং না নিয়ে থাকলে সেটা তাড়াতাড়ি করবার জন্য আবেদন রাখছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা খুবই মর্মান্তিক, তাই বারবার বলতে হচ্ছে। ১৯৮১ সালের আমাদের এই রাজ্যে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের পেনশনের ব্যবস্থা হয়েছে, আর এই ১১ বছরে এক লক্ষাধিক শিক্ষক অবসর গ্রহণ করেছেন। কিন্তু এঁদের মধ্যে মাত্র

১৪ হাজার পেনশন পেয়েছেন। এই ১৪ হাজারের মধ্যে ৯ হাজার শিক্ষক তাঁদের জীবদ্দশায় পেনশন পাননি।

[12-30 – 12-40 P.M.]

আজকে এই রকম একটা মর্মান্তিক অবস্থা দেখা দিয়েছে। আমি এখানে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে তাদের পেনশনের ব্যবস্থা তরান্বিত করার চেষ্টা করা হোক। তার কারণ তারা জীবন সায়াহ্নে এসে গেছেন। সারা জীবন শিক্ষকতা করার পরে তাদের যদি পেনশন না পেয়ে মরণোত্তর পেনশন পেতে হয় তাহলে সেটা অত্যন্ত মর্মান্তিক ব্যাপার। এটা যে তরান্বিত করা যায়না, তা নয়। প্রচেষ্টা নিলে নিশ্চয়ই করা যায়। আমরা দেখেছি যে প্রাক্তন শিক্ষামন্ত্রী কান্তি বিশ্বাসকে ১০ দিনের মধ্যে পেনশনের ব্যাবস্থা করে দেওয়া হয়েছে। কাজেই আন্তরিকতা থাকলে নিশ্চয়ই তরান্বিত করা যায়। একটা উদ্যোগ নেওয়া হয়েছিল যে দ্রুত ব্যাকলগ যেগুলি আছে সেগুলি ক্লিয়ার করা হবে এবং সে জন্য পেনশন ক্যাম্প করা হয়েছিল এবং একটা জেলাতে পেনশন ক্যাম্প চালুও হয়েছিল। কিন্তু তারপরে সেই ব্যাপারটা বাতিল হয়ে গেছে। এখানে শিক্ষামন্ত্রী মহাশয় আছেন, তিনি যদি এই ব্যাপারে হাউসে প্রতিশ্রুতি দেন যে এটা তরান্বিত করা হবে তাহলে ভাল হয়।

মিঃ স্পিকার ঃ বুদ্ধদেববাবু, আপনি যুগান্তর নিয়ে কিছু বলবেন তো বলুন।

STATEMENT UNDER RULE 346

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুগান্তর এবং অমৃতবাজার পত্রিকা নিয়ে এখানে উল্লেখ করা হয়েছে। এই সংক্রান্ত একটি প্রশ্নের উত্তর আজকে আমার ছিল। এই মুহূর্ত্তে বলার মতো আমার একটি কথাই আছে যে এটা ভয়ঙ্কর ঘটনা, দুর্ভাগ্যজনক ঘটনা যে আমাদের রাজ্যে এই রকম একটা লব্ধ প্রতিষ্ঠ সংবাদ পত্র দীর্ঘদিন ধরে এই ভাবে বন্ধ হয়ে আছে এবং গোটা পরিস্থিতিটা একটা অনিশ্চয়তার দিকে চলে যাচ্ছে। প্রধান উদ্যোগ এই পত্রিকার মালিক পক্ষকে নিতে হবে, এটা আমরা সকলেই জানি। রাজ্যের প্রশ্নে প্রথম থেকে ওরা আমাদের সরকারের সঙ্গে এবং মুখ্যমন্ত্রীর সঙ্গে যখনই সহযোগিতা চেয়েছেন সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়া হয়েছে এবং বিশেষ করে যখন একবার প্রশ্ন এসেছিল ব্যাঙ্কের সঙ্গে, কয়েকটি ব্যাঙ্ক সাহায্য করতে চান, মুখ্যমন্ত্রীর নিজস্ব উদ্যোগ ছাড়া সেই আলোচনা সম্ভব হতনা, মুখ্যমন্ত্রীর উদ্যোগে সেই আলোচনা হয়েছিল। কিন্তু পরে মালিকপক্ষ সরে যান এবং মালিক পক্ষ সরে যাবার পরে সমস্ত ব্যাপারটা আবার অনিশ্চয়তার মধ্যে চলে যায়। একটা প্রতিষ্ঠান যদি রাজ্য সরকারের সঙ্গে সহযোগিতা না করেন, যদি যা কথা বলছেন তা না রাখেন তাহলে এটা কোনও রাজ্য সরকার বা কোনও ব্যাঙ্ক কেউ কিছু করতে পারবে না। কারণ তাদের মূল সমস্যা হচ্ছে চূড়ান্ত অর্থনৈতিক বিশৃঙ্খলতা, চূড়ান্ত নৈরাজ্যতা। এই নৈরাজ্য নিয়ে কোনও ব্যাঙ্ক সেখানে সাহায্য করতে আসবেনা। এই হচ্ছে বাস্তব অবস্থা। আমাদের মনোভাব হচ্ছে, এখনই মালিককে সুস্থ ভাবে চিন্তা করে এই সমস্যা সমাধান করে আবার পত্রিকাটি বের করা উচিত এবং তার যদি সোজাসুজি ব্যাঙ্কের কাছে তাদের কাগজ পত্র নিয়ে পরিষ্কার করে দেখান তাহলে হয়ত এখনও একটা সম্ভাবনা আছে। তা ছাড়া কোনও সম্ভাবনা

নেই। কিন্তু সেটা না করে তারা অন্যত্র ঘুরে বেড়াচ্ছে। আমি শুধু একটা কথা উল্লেখ করছি কারণ মাঝে মাঝে আমাকে প্রশ্ন করা হয়। এর পিছনে একটা রাজনৈতিক দলের ব্যাপার আছে। যদি আপনাদের দিক থেকে মালিক পক্ষের উপরে একটা নৈতিক চাপ সৃষ্টি করতে পারে কংগ্রেস দল হিসাবে তাহলে কাজটা সহজ হয়। কারণ পশ্চিমবাংলায় কোনও একটা পত্রিকার মালিক এত বড় অপরাধ করে ঘুরে বেড়ানোর সাহস হতনা। এই সাহস হয়েছে তার কারণ তারা একটা রাজনৈতিক দলের হয়ে আছে বলে। কাজেই তাদের উপরে যদি একটা নৈতিক চাপ সৃষ্টি করতে পারেন তাহলে আমাদের কাজটা আর একটু সহজ হত। ভবিষ্যতে কেন্দ্রীয় সরকার বা ব্যাঙ্কের তরফ থেকে যদি আমাদের কাছে প্রস্তাব আসে, আমরা আবার সহযোগিতা করব এই যুগান্তর পত্রিকা খোলার জন্য।

MENTION CASES

শ্রী বিমল মিস্ত্রি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি বারুইপুরে এই গুরুতর ঘটনাটি ঘটে। আমি নিজে একজন বারুইপুর কেন্দ্রের বাসিন্দা। আপনি জানবেন যে গত ৪ তারিখে বারুইপুর বি. ডি. ও. অফিসে চাষীদের জল দেবার অজুহাতে সেখানকার বিধায়ক এবং তার দলবল নিয়ে বি. ডি. ও. অফিসে হামলা করে। সেখানকার দুজন কর্মী একজন মহিলা কর্মীকে গুরুতর জখম করে। অথচ তিনি কাগজে ক্রমাগত মিথ্যা বিবৃতি দিচ্ছেন অসত্য প্রচার করে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওই বিধায়কের এই ধরনের আচরণের জন্য নিন্দা করছি এবং অনুরোধ জানাচ্ছি এই ব্যাপারে তদন্ত করা হোক।

শ্রী সৌগত রায় ঃ ভালই হয়েছে মাননীয় পরিবহন মন্ত্রী এখানে উপস্থিত আছেন। গত কাল কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থার একটা নক্কারজনক ঘটনা ঘটেছে। রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থার একটা বাস রাজগীর যাচ্ছিল, মাঝপথে সেই বাসটিতে সারপ্রাইজ চেকিং হয়। সেই বাসে দেখা যায় বহু যাত্রীর টিকিট নেই। কন্ট্রাকটারের কাছে দেখা যায় একস্ট্রা ৮০০ টাকা রয়েছে। তখন তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয় এবং তাকে পুলিশে দেওয়া হয়। এই যে কনট্রাকটার এ হচ্ছে সি. আই. টি. ইউ ইউনিয়নের সদস্য এবং বজবজে সি. পি. এম-এর পঞ্চায়েত সদস্য। গতকাল শ্যামলবাবু সেখানে ছিলেন। গতকাল রাষ্ট্রীয় পরিবহন সংস্থার অফিসের বিক্ষোভ চলে। কি সাহস সি. আই. টি. ইউ ইউনিয়নের সদস্য চুরি করেছে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেবার জন্য পুলিশে দিয়েছে! তারা ভয় দেখিয়েছে যে কোনও সি. আই. টি. ইউ সদস্য চুরি করে ধরা পড়লে তাকে পুলিশে দেওয়া হলে সমস্ত বাস বন্ধ করে দেওয়া হবে শ্যামলবাবু গতকাল কলকাতায় ছিলেন না, তিনি জানিয়েছেন এই ব্যাপারে তিনি কিছু জানেন না। রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থায় সি. আই. টি. ইউ-র দৌরাত্ম এই রকম একটা জায়গায় এসে দাঁড়িয়েছে সেখানে কোনও শৃঙ্খলা নেই, সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে। এই ব্যাপারে শ্যামলবাবু বিবৃতি দিন এই হাউসে।

শ্রী রাজকুমার মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৬নং জাতীয় সড়কে পাঁচলা থেকে ফোর্ট গ্লাস্টার পর্যন্ত একটা

ফিডার রোড আছে সেই রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। গত অধিবেশনে আমি এই রাস্তাটি মেরামত সম্পর্কে এখানে উল্লেখ করেছিলাম, কিন্তু কোনও কাজ হয় নি। এই বছর বর্ষার মধ্যে যদি কোনও কাজ না হয় তাহলে এখানে ৫টি চালকল, ২টি সুতাকল এবং ইঞ্জিনিয়ারিং কারখানা আছে তাদের মালপত্র নিয়ে আসার প্রচণ্ড অসুবিধা হবে। রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ, রাস্তার বেশীরভাগ জায়গায় গর্ত হয়ে রয়েছে। এই রাস্তায় লরি, বাস এবং রিক্সা যাতায়াত করা অসম্ভব হয়ে পড়েছে। এই রাস্তা দিয়ে কারখানার যে সমস্ত কাঁচা মাল এবং ফিনিশড গুড যাতায়াত করছে সেটা আর যাতায়াত করা সম্ভব হবে না। শ্রমিকদের অসুবিধা ভোগ করতে হয়। যথা সম্ভব কাঁচা মাল কারখানাগুলিতে পৌঁছাতে না পারলে কারখানা-গুলি অসুবিধায় পড়বে এবং শ্রমিকরা অসুবিধায় পড়বে, কারখানা চালানো অসম্ভব হয়ে পড়বে। তাই আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন এই বিষয়ে গুরুত্ব দিয়ে রাস্তা মেরামতের ব্যবস্থা করেন।

[12-40 – 12-50 P.M.]

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন জানাচ্ছি। পশ্চিমবাংলার মফস্বলে একটি মাত্র আয়ুর্বেদ কলেজ কাঁথিতে আছে এবং এখানে ডিপ্লোমা কোর্স চালু আছে। দীর্ঘ দিন এই কলেজ প্রতিষ্ঠিত হয়েছে। ডিপ্লোমা কোর্স সারা ভারতবর্ষে উঠে গেছে। এই কলেজে ডিগ্রি কোর্স এখনও পর্যন্ত চালু করার ব্যবস্থা করা হয়নি। কিন্তু সেই কলেজটিতে কোনও ডিগ্রি কোর্স আজ অবধি চালু করা হল না। অথচ সেখানে ননী ভট্টাচার্য মহাশয় যখন স্বাস্থ্য মন্ত্রী ছিলেন তখন প্রতিশ্রুতি দিয়ে এসেছিলেন, ডাঃ অম্বরিশ মুখার্জি মহাশয়ও প্রতিশ্রুতি দিয়ে এসেছিলেন, একের পর এক মন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছেন যে সেখানে ডিগ্রি কোর্স চালু করা হবে। কিন্তু আজ অবধি তা চালু করা হল না। ঐ কলেজটির সাথে একটা হাসপাতাল আছে। আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি, পশ্চিমবঙ্গে একটিমাত্র আয়ুর্বেদিক কলেজ, যে কলেজটি অনেকদিনের পুরনো এবং এলাকার মানুষের আয়ুর্বেদিক চিকিৎসার প্রতি আগ্রহ রয়েছে, এই কলেজটিতে ডিগ্রি কোর্স চালু করার ব্যবস্থা করুন।

শ্রী পান্নালাল মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার উদয়নারায়ণপুরের পাঁচারুল গ্রামে একটি পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিংয়ের জল সরবরাহের একটি স্কীম হয়েছে। তারজন্য সেখানে ৪২ শতক খাস জমিতে প্রথমে [illegible] করা হয়েছিল, পরে কি রহস্যজনক কারণে জানিনা, সেই সরকারি খাস জমিকে বাদ দিয়ে গরিব দরিদ্র চাষী, যাদের জমি কম তাদের জমি নিয়ে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিংয়ের স্কীমটি করার চেষ্টা হচ্ছে। আমার অনুরোধ এটি বন্ধ রাখা হোক এবং তদন্ত করে দেখা হোক, কারা সরকারি জমিকে বাদ দিয়ে টাকা দিয়ে গরিব চাষীদের জমিতে এটা করার চেষ্টা করছে।

শ্রী আবদুস সালাম মুন্সী ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার কালিগঞ্জ থানায় নির্বাচনী এলাকায়, মেদে ধাওড়া বলে একটা গ্রাম আছে, যেখানে ৭০-৭২টি আদিবাসী পরিবারের বাস। সেখানে

গত বর্ষার সময় থেকে মেদে ধাওড়া গ্রামের আদিবাসীদের বাসগৃহ সম্পূর্ণ ভাবে ভাগিরথীর গর্ভে চলে গেছে। সেই দুস্থ আদিবাসী লোকেরা গৃহহীন হয়ে, সহায় সম্বলহীন হয়ে বাস করছে। অবিলম্বে তাদের জমি দেবার ব্যবস্থা করুন এবং ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে যতদিন না তাদের পুনর্বাসনের ব্যবস্থা হয় ততদিন তাদের খাদ্য, বস্ত্র এবং রিলিফ দেবার ব্যবস্থা করুন। সেখানে আমাদের ক্ষুদ্রসেচ মন্ত্রী নিজে গিয়ে দেখে এসেছেন। তারা অত্যন্ত দুর্গতির মধ্যে আছে। অবিলম্বে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোক।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে ক্ষুদ্র ও কুটির শিল্পের মন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের রাজ্যে তাঁত শিল্পে একটা বিরাট সঙ্কট চলছে। প্রয়াত রাজীব গান্ধীর নেতৃত্বকালীন কেন্দ্রীয় সরকার দ্বারা গৃহীত বস্ত্র নীতির ফলে গোটা দেশে তাঁত শিল্প একটা বিরাট সঙ্কটের মধ্যে পড়েছে। সুতার অস্বাভাবিক দাম বৃদ্ধি পেয়েছে, কেন্দ্রীয় সরকার তাঁত শিল্পে যে ভরতুকি দিয়ে থাকে তা তুলে দেওয়ার ফলে তাঁত শিল্প বন্ধ হয়ে যাচ্ছে। আমার এলাকার একটা বিরাট সংখ্যক লোক এই তাঁত শিল্পের উপর নির্ভরশীল, তারা সম্পূর্ণ বেকার হয়ে পড়েছে। এরফলে এলাকাতে চুরি, ডাকাতি ক্রমশ বাড়ছে। এমন কি রান্না করা খাদ্য সামগ্রীও চুরি হয়ে যাচ্ছে। একদিকে বস্ত্রনীতির পরিবর্তন করা হোক এবং সেই সঙ্গে রাজ্য সরকারকেও আবেদন করছি যে, তাঁতীরা আমাদের তন্তুবায় সমবায় সমিতির কাছে প্রচুর সুতা এবং টাকা পায় তাদের ওই ন্যায্য মূল্য দেওয়া হোক এবং সুতা দেওয়া হোক। কারণ ওইসব তাঁতীরা তাঁত শিল্পের সঙ্গে যুক্ত। সুতরাং আমার আবেদন এই অবস্থার সামগ্রিকভাবে রিলিফ করা দরকার।

শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে ইল গ্রামে উপস্বাস্থ্য কেন্দ্র রয়েছে, সেখানে ডাক্তার আছে, নার্স আছে কিন্তু তারা খেয়ালখুশি মতো আসেন আর যান। ওই স্বাস্থ্য কেন্দ্রগুলিতে রোগী পর্যাপ্ত রয়েছে কিন্তু তাদের চিকিৎসার কোনও ব্যবস্থা নেই। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওই স্বাস্থ্য কেন্দ্রগুলিতে যে সমস্ত ডাক্তাররা থাকে তাদের নির্দেশ দিয়ে প্রতিদিন স্বাস্থ্য কেন্দ্রে পাঠানোর ব্যবস্থা করেন।

শ্রী অজয় দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তৃতীয় বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী যে বেতনের সুপারিশ করা হয়েছিল তা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাতে প্রাথমিক শিক্ষকরা পেয়ে গেছেন। কিন্তু নদীয়া জেলার প্রাথমিক শিক্ষকরা দুর্ভাগ্যক্রমে ওই টাকা হাতে পান নি। আমাদের নদীয়া জেলার মাধ্যমিক শিক্ষকরাও কিছু কিছু ক্ষেত্রে এই তৃতীয় বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী বেতন পাচ্ছেন কিন্তু নদীয়া জেলার প্রাথমিক শিক্ষকরা তাদের ন্যায্য পাওয়া থেকে বঞ্চিত হচ্ছেন। কিছুদিন আগে মাননীয় মন্ত্রী গিয়েছিলেন এবং সেখানে সভায় তিনি আশ্বস্ত হয়েছিলেন যে বেতন পাওয়া যাবে। কিন্তু সেই আশ্বাস পাওয়ার পরেও আজ পর্যন্ত অন্যান্য জেলায় পাওয়া সত্ত্বেও নদীয়া জেলার প্রাথমিক শিক্ষকরা ওই ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হয়ে রয়েছে। এই বিষয়ে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি আপনার মাধ্যমে যাতে গুরুত্ব নেন।

শ্রী নিশিকান্ত মাহাতো ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুরুলিয়া গভর্নমেন্ট গার্লস স্কুলের কিছু সমস্যা সম্পর্কে মাননীয় মাধ্যমিক শিক্ষকের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ওই গভর্নমেন্ট গার্লস স্কুলে প্রায় ৭-৮ বছর ধরে হেডমাস্টার এবং অ্যাসিস্টেন্ট হেড মাস্টার নেই। বহু পোস্ট খালি আছে, যেখানে ২৮ জন শিক্ষক থাকার কথা সেখানে মাত্র ১৮ জন শিক্ষককে দিয়ে চালানো হচ্ছে। গুরুত্বপূর্ণ সাবজেক্ট ইংরাজি, ফিজিক্স এইসব বিষয়ে কোনও শিক্ষক নেই। কোনও কেরানি নেই। এইসব কারণে অভিভাবকরা খুব ক্ষুব্ধ হয়ে পড়েছেন এবং ডি. আই অফিসে ধর্ণা দিয়েছেন, ডি. এমের কাছেও ধর্ণা দিয়েছেন। একটা সরকারি স্কুল, যেখানে বিভিন্ন রাজ্য থেকে শিক্ষকরা আসেন সেখানে বহু শিক্ষক পদ শূণ্য হয়ে রয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওই শূণ্যপদগুলি পূরণ করা হয় এবং ওই গভর্নমেন্ট গার্লস স্কুল যাতে ভালোভাবে চলে তারজন্য অনুরোধ রাখছি।

[12-50 – 1-00 P.M.]

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের রাজ্যে বিভিন্ন ধর্মের মানুষ পরস্পরের প্রতি সৌহার্দ্যপূর্ণ পরিবেশ নিয়ে বাস করেন। এই রাজ্যে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিস্টান বিভিন্ন ধর্মের মানুষ আছে তাদের ধর্মীয় উৎসবের দিনে তারা ছুটি ভোগ করেন, রাজ্য এবং কেন্দ্রীয় সরকার তারা ধর্মীয় উৎসবের দিনে ছুটি দেন।

মিঃ স্পিকার ঃ আপনার অন্য মেনশন ছিল এটা হবে না। আপনার যে মেনশনটা ছিল সেটা বলুন।

শ্রী আবদুল মান্নান ঃ ঠিক আছে, আমি যেটা দিয়েছিলাম সেটাই বলছি। স্যার, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বিষয়টি হচ্ছে চন্দননগর গৌরহাটি টি. বি. হাসপাতালটিতে চিকিৎসা বলে কিছু নেই। এমন অবস্থা যে হাসপাতালে রুগীরা চিকিৎসার জন্য ভর্তি হতে চায়না। টি. বি. হাসপাতালে রোগীদের ভর্তি হওয়া দুরুহ ব্যাপার আপনি এটা নিজেও জানেন। ভর্তির জন্য যে ফর্ম আছে সেটা ফিল আপ করে জমা দেওয়ার পরে ভর্তি হয়। কিন্তু যারা অনুমোদন পেয়েছে তারাও ভর্তি হতে চায়না চিকিৎসা নেই বলে। ওখানে খাওয়াদাওয়ার ব্যবস্থা নেই, এক্সরে মেশিন নেই; একটা ভুতুড়ে আড্ডাখানা হয়ে গেছে। তাই এই গৌরহাটি টি. বি. হাসপাতাল যাতে খোলার ব্যবস্থা হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী ক্ষিতি গোস্বামী ঃ স্যার, আমাদের এই কলকাতা শহরে জনসংখ্যা যে ভাবে দিনের পর দিন বেড়ে যাচ্ছে তাতে রাস্তাঘাটের অবস্থা বেহাল হয়ে পড়ছে। গাড়ি থেকে সোনারপুরের দিকে টালিনালার উপর যে ব্রিজ রয়েছে সেটা অর্দ্ধেকটা ধ্বংসপ্রাপ্ত, বাকি অর্দ্ধেকটা দিয়ে গাড়ি যাচ্ছে এবং সেটা এখন রিপোয়ার করা দরকার। তাই আমি আপনার মাধ্যমে নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রীকে আবেদন করতে চাই ওখানে একটা ব্রিজের প্রস্তাব রয়েছে সেই ওভার

ব্রিজের সম্পর্কে পরবর্তীকালে কিছু শুনতে পাচ্ছি না। তাই এই ওভার ব্রিজ যাতে দ্রুত শুরু করা যায় এবং তাড়াতাড়ি শেষ করতে না পারলে ওখান দিয়ে যানবাহন আর চলাচল করতে পারবে না এই রকম একটা বটল নেক অবস্থা সৃষ্টি হয়েছে। তাই নগর উন্নয়ন মন্ত্রীকে এই ওভার ব্রিজের ব্যাপারে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি।

শ্রী তরুণ অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বুদ্ধদেব বাবু ছিলেন চলে গেলেন থাকলে ভাল হত। গত পরশুদিন সংবাদপত্রে দেখলাম যে নৈহাটীতে ঋষি বঙ্কিমচন্দ্রের যে বাস্তুভিটা রয়েছে সেটা অধিগ্রহণ করা হচ্ছে এবং সেখানে একটা কালচারাল কমপ্লেক্স হবে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন। দেরিতে হলেও আমি বুদ্ধদেব বাবুকে ধন্যবাদ জানাচ্ছি। দীর্ঘ '৮৮ সাল থেকে আমরা চেষ্টা করে আসছিলাম সেই চেষ্টার ফলে রাজীব গান্ধী '৮৮ সালের এপ্রিল মাসে উদ্যোগ নিয়েছিলেন এবং পরবর্তীকালে নরসিমা রাও উদ্যোগ নেন এবং রাজ্য সরকার সহযোগিতার হাত বাড়িয়ে দিয়ে সেই জমি অধিগ্রহণ করেন। কিন্তু আমি বলতে বাধ্য হচ্ছি দলবাজি হচ্ছে বলে আশঙ্কা প্রকাশ করছি। এবং সেখানে অবিলম্বে তিনটি দপ্তর তথ্য, উচ্চশিক্ষা, এবং পি. ডাবলিউ. ডি. এদের প্রতিনিধিদের নিয়ে একটা উচ্চ পর্যায়ের সমন্বয় কমিটি গঠন করা হোক, যাতে করে কাজটা ত্বরান্বিত হয়।

শ্রী সুনির্মল পাইক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র খেজুরিতে অধিকাংশ তফসিলি সম্প্রদায় বাস করেন। সেখানে একটা ডিগ্রি কলেজ ভোকেশনালের প্রস্তাব দীর্ঘদিন ধরে সরকারের কাছে আছে। আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষা মন্ত্রী এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সেই প্রস্তাবটিকে বাস্তবায়িত করার জন্য অনুরোধ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী '৮৪ সালে একটা চিঠি দিয়েছিলেন তিনি করতে পারবেন না বলে কিন্তু এই তফসিলি অধ্যুষিত এলাকায় যদি ডিগ্রি কলেজ ভোকেশনাল করেন তাহলে তফসিলি ছাত্র-ছাত্রীরা শিক্ষার দিক দিয়ে এগিয়ে যাবেন, এই দাবি রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জটু লাহিড়ী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৯শে ফেব্রুয়ারি গৃহবধূ সাধনা চ্যাটার্জিকে হত্যা করা হয়। যার মাত্র দু'বছর আগে বিয়ে হয়েছিল। তার স্বামী শুকদেব চ্যাটার্জি যেহেতু পুলিশে কাজ করে সেইহেতু মালিপাঁচঘড়া থানা মেয়ের বাবার লিখিত অভিযোগ করা সত্ত্বেও আজ পর্যন্ত কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। শুধু তাই নয় মেয়ের বাবা শ্রী প্রফুল্ল আচার্য লিখিতভাবে আমাদের কাছে আবেদন করেছেন যে দুর্গাপূজার সময় শ্বশুর বাড়িতে এসে জামাই মেয়েকে মারধোর করেছে। জামাই বলেছে আমি পুলিশে কাজ করি, আমাকে কেউ কিছু করতে পারবে না। তাই আজকে আমার স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জিজ্ঞাস্য পুলিশে কাজ করলে সে যে কোনও অপরাধ করে রেহাই পেয়ে যাবে এটা কি করে হয়? তাহলে পশ্চিমবঙ্গে কি জঙ্গলের রাজত্ব চলছে? তাই এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী শৈলেন্দ্রনাথ মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র পাঁচলা, সাকরাইলে সিদ্ধেশ্বর ধূলাউড়ি রাস্তাটি অত্যন্ত খারাপ অবস্থার মধ্যে আছে। এই রাস্তাটির উপর দিয়ে পাঁচটি বাস রুট আছে

এবং প্রায় ১০০টি অটো রিক্সা চলে এবং প্রতিদিন হাজার হাজার মানুষ সেখান দিয়ে পায়ে হেঁটে চলাফেরা করে। যেকোনও মুহূর্তে সেখানে দুর্ঘটনা ঘটে যেতে পারে। রাস্তাটি অবিলম্বে যাতে সংস্কার করা হয় সে ব্যাপারে আমি পূর্তমন্ত্রীর কাছে দাবি রাখছি।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জানি দৃষ্টিহীনদের দৃষ্টি আকর্ষণ করে কোনও লাভ নেই। তবুও আমি আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত বাজেট সেশনে এই বিষয়টা আমি বলতে গিয়েছিলাম বলে আপনি আমাকে শাস্তি দিয়েছিলেন এবং আমাকে হাউস থেকে বহিষ্কার করেছিলেন। এই ব্যাপারটা আমি বার বার উল্লেখপর্বে উল্লেখ করার চেষ্টা করেছিলাম। আমার বিধানসভা কেন্দ্রে কোনও সরকারি হাসপাতাল নেই। কেন্দ্রীয় সরকার যখন মেয়ো হাসপাতালটি টেকওভার করবার জন্য এগিয়ে এলেন, তখন আমরা দেখলাম রাতারাতি প্রশান্ত শূর মহাশয় হাসপাতালটি টেকওভার করলেন। তারপর থেকে এটা অ্যাবানডন হয়ে আছে। যখন সরকারি বাজেট কাট করা হচ্ছে এবং মিতবায়িতার কথা বলা হচ্ছে তখন এই হাসপাতালটিতে প্রতি মাসে ১৪ লক্ষ টাকা বেতন দিতে খরচ হচ্ছে। অথচ হাসপাতালে কোনও রোগী নেই, কোনও ডাক্তার নেই, কোনও নার্স নেই। কুকুর, বিড়াল সব শুয়ে থাকে। গত বছর আপনার সহযোগিতায় এটাকে বেসরকারি হাতে দেবার জন্য একটা আইন পাস হয়ে যায় এবং বলা হয় এন. আর. আই আসবে। কিন্তু একটি আইও এগিয়ে আসছে না। তাই অবিলম্বে এই মেয়ো হাসপাতালটিকে সরকারি বা বে-সরকারি হাসপাতাল করা যায় কিনা তার ব্যবস্থা করুন। ওই জায়গাটা ১০ লক্ষ মানুষের এলাকা এবং যেখানে কোনও সরকারি হাসপাতাল নেই। তা ছাড়া সেখানে ভয়ঙ্করভাবে বে-সরকারি নার্সিং হোম তৈরি হচ্ছে। আমি আপনার কাছে বলছি এই কারণে যে, গত বছর আপনি প্রোটেকশন দিয়েছিলেন, শাস্তিও দিয়েছিলেন। এ বছর যতটুকুনি করা প্রয়োজন তা করে মেয়ো হাসপাতাল চালু করুন। আর নয়তো আমি আপনার কাছে পদত্যাগ করব।

[1-00 – 1-30 P.M. including adjournment]

মিঃ স্পিকার ঃ পার্লামেন্টারি অ্যাফেয়ার্স মিনিস্টার স্বাস্থ্য মন্ত্রীকে বলবেন মেয়ো হাসপাতালের প্রেজেন্ট স্টেপ অফ অ্যাফেয়ার্সের ওপর একটা স্টেটমেন্ট দিতে। এখন বিরতি আমরা আবার মিলিত হব ১.৩০ মিনিটে।

(At this stage the House was adjourned till 1.30 pM)

(After Adjournment)

[1-30 – 1-40 P.M.]

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

Dr. Zainal Abedin : Sir, we find no Minister in the Treasury Bench.

মিঃ স্পিকার ঃ মানে বোধ হয় মন্ত্রীরা বলছেন, আপনারা কি বলবেন ওঁরা আগে

থেকেই জানেন। কিন্তু পার্লামেন্টারি অ্যাফেয়ারস মিনিস্টার নেই, চীফ হুইপ নেই—কি ব্যাপার? আমি আছি আর আপনারা আছেন, দরকারটা কি আছে।

Shri Gyan Singh Sohanpal : Let the House adjourned for 10 minutes.

(at this stage Hon'ble Minister Shri Mahboob Zahedi entered the Chamber.)

শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণে অংশ গ্রহণ করে আমার দলের তরফ থেকে যে সমস্ত অ্যামেণ্ডমেন্ট দেওয়া হয়েছে সেগুলো সমর্থন করছি, আর এই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের যে সম্মান, রাজ্যপালের যে মর্যাদা সেক্ষেত্রে তাঁর মুখ দিয়ে কতকগুলো অসত্য, অবাস্তব এবং কাল্পনিক কিছু কথা বলানো হয়েছে। তাতে আমার মনে হয় রাজ্যপালের মর্যাদা হানি করা হয়েছে। রাজ্যপালের মুখ দিয়ে একটা রাজ্য সরকারের কথা বলানো হয়, এটা স্বাভাবিক। কিন্তু এক সঙ্গে এতগুলো অসত্য বলানো হয়েছে তাতে আমার মনে হয় রাজ্যপালের পদমর্যাদা তাতে ভীষণভাবে আঘাত করা হয়েছে এবং এই অবস্থায় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবে অংশ গ্রহণ করে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, একটা অর্বাচীন সরকার, একজন [****] এবং তাঁর বক্তৃতা সব অর্বাচীন।

মিঃ স্পিকার ঃ অর্বাচীন রাজ্যপাল বাদ যাবে, এক্সপাঞ্জ হবে। একটু আগে সুব্রত মুখার্জি, ডাঃ জয়নাল আবেদিন কি বলেছেন একটা ঘটনার ব্যাপারে সেসব নিশ্চয় শুনেছেন। তাতে মেম্বাররা সব কি বলছেন শুনেছেন।

শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ অর্বাচীন কথাটার মানেটা ডিকশনারী মিনিং দেখলে সুবিধা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বলি, যে ভাষণ দিয়েছেন রাজ্যপাল সেটা ঠিক নির্বোধের পরিচয় হয়েছে। আমি আপনাকে বলি, আজকে যাঁরা আমাদের সামনে বসে আছেন তাঁরা গতকাল লোকসভায় কি কীর্ত্তি করেছেন তা আপনি জানেন। সাম্প্রদায়িক দল বি. জে. পি-র সঙ্গে হাত মিলিয়ে কেন্দ্রের কংগ্রেস সরকারের পতন ঘটাবার একটা অপচেষ্টা করেছিলেন। আমার আজকে ভাবতেও দুঃখ হচ্ছে যে, সি. পি. এম. তথা বামফ্রন্ট, যাঁরা একটা সাম্প্রদায়িক দলের সঙ্গে হাত মিলিয়ে চলেন, তাঁদের রচিত রাজ্যপালের ভাষণের ওপর আমাকে বক্তৃতা দিতে হচ্ছে। আমি আশ্চর্য হয়ে লক্ষ্য করছি যে, রাজ্যপাল তাঁর এই ভাষণের মধ্যে বলেছেন যে, এই সরকার কি সাম্প্রদায়িকতা বিরোধী! এঁরা সাম্প্রদায়িকতা বিরোধী! গতকালই এঁরা লোকসভায় একটা সাম্প্রদায়িক দল বি. জে. পি.-কে পূর্ণ সমর্থন জানিয়েছেন এবং একটা নজির সৃষ্টি করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমার বহু দিনের পরিচিত সরকার পক্ষের প্রথম বক্তা মাননীয় পার্থ দে মহাশয়ের বক্তব্য শুনলাম। উনি অত্যন্ত বিচক্ষণ ব্যক্তি এবং আমি ওঁকে সে ভাবেই জানতাম। কিন্তু গতকাল উনি বক্তৃতা করতে গিয়ে যেভাবে আই. এম. এফ-এর লোন নিয়ে চিৎকার করে যে সমস্ত কথা বললেন

Note : [* Expunged as ordered by the chair.]

তাতে তা আমার পক্ষে অত্যন্ত দুর্ভাগ্যের বলেই মনে হল। আই. এম. এফ-এর লোন শুধু বর্তমান কংগ্রেস সরকারই নেয় নি, কেন্দ্রে যখন ওঁদের বন্ধু সরকার ক্ষমতায় ছিল তখন তারাও নিয়েছিল, তখন কিন্তু ওঁরা আপত্তি করেন নি! চন্দ্রশেখর সরকার যখন লোন নিয়েছিল তখনও ওঁরা আপত্তি করেন নি। যেই কংগ্রেস সরকার লোন নিতে শুরু করলেন অমনি ওঁরা আপত্তি করতেও শুরু করলেন। ওঁরা বলতে শুরু করলেন যে, সব যেন শেষ হয়ে গেল। পার্থবাবু একজন শিক্ষিত লোক হয়ে ঐভাবে কথা বললেন! ওঁরা আজকে চারিদিকে বলে বেড়াচ্ছেন,—দেশের সার্বভৌমত্ব গেল, দেশ বিক্রি হয়ে গেল, দেশ রসাতলে গেল, দেশের সম্মান থাকল না, দেশের মর্যাদা থাকল না। স্যার, আমি মনে করি এই যে সব কথা ওঁরা বলছেন এর চেয়ে বড় সাম্প্রদায়িকতা আর কিছু নেই। গোটা দেশকে, নিজেদের দেশকে এত ছোট করে দেখাটা আমার মনে হয় ভাল হচ্ছে না। ওঁরা ভাল কাজ করছেন না। ওঁরা এই যে নিজেদের দেশকে ছোট করে দেখছেন, এর ফলে বিদেশে যখন এই সংবাদ প্রচারিত হচ্ছে তখন বিদেশিদের আমাদের সম্বন্ধে কী ধারণা হচ্ছে? তাঁরা ভাবছেন ভারতবাসী হয়ে ভারতবর্ষের সার্বভৌমত্ব নিয়ে সন্দেহ প্রকাশ করছে! স্যার, আমি ওঁদের বলি, আপনারা কমিউনিস্ট হোন, আর যাই হোন, ভারতবাসী তো, তাহলে আপনারা কি করে ভারতবর্ষকে ছোট করেন, ভারতবর্ষের সম্মান, মর্যাদাকে লঘু করে দেখেন? ভারতবাসী হয়ে ভারতবর্ষের সম্মান, মর্যাদাহানী করা কী ধরনের রাজনীতি তা আমি জানি না! **(এই সময়ে মিঃ স্পিকার কক্ষ ত্যাগ করেন এবং শ্রীমতি সন্ধ্যা চ্যাটার্জি অধ্যক্ষের আসন গ্রহণ করেন।)** মাননীয়া চেয়ার-পার্সন মহাশয়া, এঁদের অভ্যাস হচ্ছে কংগ্রেস সরকারে থাকলেই সে সরকারের বিরোধিতা করা। সে সরকার ভাল করলেও বিরোধিতা করতে হবে, খারাপ করলেও বিরোধিতা করতে হবে। যেহেতু কেন্দ্রে সংখ্যালঘু কংগ্রেস সরকার ক্ষমতায় আছে সেহেতু তাকে বিপদে ফেলে দাও। এই হচ্ছে এঁদের নীতি। সেই উদ্দেশ্যেই গতকাল একটা চেষ্টা করেছিলেন, কিন্তু পারেন নি। ওঁদের আমি জিজ্ঞাসা করি ওঁরা কোনও অশুভ শক্তির সঙ্গে হাত মিলিয়ে কেন্দ্রের কংগ্রেস সরকার, জাতীয়তাবাদী সরকারের সঙ্গে সংঘাতে নেমেছিলেন।

[1-40 – 1-50 P.M.]

সারা পশ্চিমবাংলার লোক আপনাদের কোনও চোখে দেখবেন তা আমি জানি না, তবে আপনারা শীঘ্রই বুঝতে পারবেন। ট্রান্সপোর্ট মিনিস্টার এখানে একটু আগে ছিলেন। তিনি জবাব দেবেন। বিশ্বব্যাঙ্কের কাছ থেকে লোন নিয়ে তিনি সি. এস. টি. সির বাস কিনেছেন। বিশ্বব্যাঙ্ক থেকে তিনি যে সমস্ত ঋণ নিয়েছেন তারমধ্যে কি কি শর্ত ছিল, তা এই বিধানসভায় রাখার দাবি রাখছি। আপনি বিশ্বব্যাঙ্ক থেকে যত টাকা নিয়েছেন—কোন কোনও শর্তে নিয়েছেন, তা এই বিধানসভায় রাখতে হবে। যদি ক্ষমতা থাকে এই বিধানসভায় টেবল করবেন। বিরোধীদলের নেতা এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী তারপর তার জবাব দেবেন। আগে বাস পিছু ২২ জন করে কর্মচারী ছিল। বিশ্বব্যাঙ্ক বলল টাকা দেব না, কর্মী সংখ্যা কমিয়ে আনতে হবে, বাস পিছু ৯ জন করতে হবে। আপনারা তো বিদায়নীতি পছন্দ করেন না, অথচ বিশ্বব্যাঙ্কের কাছ থেকে যে লোন নিয়েছিলেন সেখানে আমাদের দাসখৎ দিতে হয়েছিল, হ্যাঁ, সরকারি বাসে শ্রমিক সংখ্যা কমিয়ে দেব, এই শর্তে লোন নিয়েছিলেন। সেখানে আরও কি শর্ত আছে মুখ্যমন্ত্রী মহাশয় বক্তৃতা দেবার আগে টেবিলে লে করুন, তাহলে আপনাদের বুঝতে পারব।

কিন্তু নরসিমা রাও সরকার টেবিলে লে করে আপনাদের দেখিয়ে দিয়েছেন। আপনারা বিষোদ্গার করছেন! আপনারা দেশের আর্থিক সঙ্কটের কথা জানেন না? কোনও জায়গা দেশের অর্থনীতি গিয়ে ঠেকেছে? দেশকে বাঁচাতে গেলে অর্থ লগ্নি করা ছাড়া কোনও উপায় নেই। এরজন্য বিশ্বব্যাঙ্ক থেকে টাকা নিতে হবে, আই. এম. এফ. থেকে টাকা নিতে হবে। আপনাদের তো কোনও দায়-দায়িত্ব নেই, খালি অন্যের ঘাড়ে দোষ দিয়ে, অন্যের ঘাড়ে অপরাধ চাপিয়ে দিয়ে ভোট নেওয়ার জন্য চেষ্টা করেন। আমি একটি কথা বলি, মানুষের জন্য তো এই সরকার গঠন করে রেখেছেন, সুতরাং মানুষের জন্য একটু ভাবুন। আপনারা কি করছেন? ভোটের রাজনীতি করছেন, কি করে ভোট করতে হবে, কি করে ভোট পাওয়া যাবে তারজন্য চেষ্টা করছেন। ১৫ বছর ধরে সেই দেউলিয়া রাজনীতি করে আসছেন। আমরা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেব, আপনারা তা দেখাতে পারবেন না। আপনারা যেটা বিশ্বাস করেন না, লোককে বলেন তোমরাও বিশ্বাস করো না, আর যেগুলি বিশ্বাস করার কথা নয়, সেগুলি লোককে বোঝাবার চেষ্টা করেন। তবে আনন্দের কথা, লোকসভায় আপনাদের মুখ পোড়া গেছে। বি. জে. পির অ্যামেণ্ডমেন্টকে এরা সাপোর্ট করেছে। বি. জে. পির সঙ্গে আপনারা মিটিং করলেন। ভোট নেবার রাজনীতিতে আপনারা দক্ষ, সেটা আমি স্বীকার করছি। কিন্তু আমরা মানুষের জন্য রাজনীতি করি, পশ্চিমবাংলার জন্য রাজনীতি করি, পশ্চিমবাংলার লোকের জন্য রাজনীতি করি, পশ্চিমবাংলার উন্নতির জন্য রাজনীতি করি। আমরা ভোটের জন্য রাজনীতি করি না, কোনওদিন করিনি এবং করব না। হ্যাঁ, সেইদিক থেকে আপনারা সাকসেসফুল হয়েছেন, এ বিষয়ে কোনও সন্দেহ নেই, আমরা ঠকে গেছি। আমরা মানুষকে ভালবাসি, আমরা দেশকে ভালবাসি আর আপনারা পার্টিকে ভালবাসেন। আপনারা এখানে আসেন পার্টি করার জন্য, আমরা জিতে আসি দেশের জন্য। তাকিয়ে দেখুন, যে সমস্ত জায়গাগুলি আপনাদের ছিল সেগুলি আর আপনাদের কর্তৃত্বে নেই, তারা সব প্রেতাত্মা হয়ে আসছে, আপনাদের ডাকছে। শেষ সম্বল হয়ে আপনারা এখানে বসে আছেন। আমার জানা নেই, তবে আমি বিশ্বাস করি যে, আপনাদের বোধ হয় আর সেদিনের বেশি দেরি নেই, তখন বুঝতে পারবেন আপনারা কোথায় দাঁড়িয়ে আছেন। মাননীয় সভানেত্রী মহাশয় আপনার মাধ্যমে আমি যাঁর কথা বলব তিনি এখানে নেই, মাননীয় বিদ্যুৎমন্ত্রী শঙ্করবাবু রয়েছেন, উনি নূতন লোক পার্টি করেন না বলে একটু অসুবিধায় পড়েছেন। আমাদের মাননীয় অসীম দাশগুপ্ত মহাশয়, তাঁর এগেনস্টে প্রিভিলেজ কেন হল না জানিনা, তিনি গতবার, তার আগেরবার দাঁড়িয়ে বলেছিলেন আমরা বক্রেশ্বর করব, কোনও সাহায্য লাগবে না, আমাদের যা সম্পদ আছে আমরা তাই দিয়েই করব, ওটা আমাদের পশ্চিমবঙ্গের মান, সম্মান। সেটা কোথায়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়? আমি আপনাকে একটা পরিসংখ্যান দিয়ে বুঝিয়ে দিতে চাই যে, আমরা কোথায় রেখে গিয়েছিলাম, আর আপনারা কি করেছেন। ১৯৮৬-৮৭ সালে বিদ্যুৎ পরিষদের নিজের উৎপাদন ছিল ৩ হাজার ৫০০ কিলোওয়াট, আর ১৯৯১তে কমে এসে দাঁড়াল ২ হাজার ২৫৩০.৩১ মিলিয়ন কিলোওয়াট, অর্থাৎ ৫ বছরে আপনাদের কমে এসে দাঁড়াল ৯৭০ মিলিয়ন কিলোওয়াট, অর্থাৎ কমে গেল ৯৭ কোটি ইউনিট, এই হল আপনাদের প্রথম কাজ আপনারা রাজ্যপালের ভাষণকে সমর্থন করবেন, সরকারে আছেন, নিশ্চয়ই করবেন, আপনাদের এইসব কাজ দেখেশুনে পশ্চিমবঙ্গের মানুষ মনে করছেন যে আপনারা তাঁদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করছেন। আপনারা এখানে পশ্চিমবঙ্গের মানুষের জন্য আসেন নি। আমরা বিরোধী দলে আছি। আপনি তো

তাদের সাজেসন দেওয়ার কথা বলেছিলেন। ঐ রকম সাজেশন দেবেন? অর্থমন্ত্রী মহাশয়ের লোন না নিয়ে এখান ওখান করলে চলবে? আপনাদের সাজেশন দেবেন, এই নিয়ে মিটিংয়ে তিনি ঘাটতিশূণ্য ভারসাম্যবাদী ভাষণ করে করে কোথায় নিয়ে গেছেন! পি. এফের টাকা কি ভাবে চুরি করেছেন তা বলব, জানিনা অত সময় হবে কি না। যাই হোক, মাননীয়া সভানেত্রী মহাশয়া, কি দাঁড়াল? মাননীয় শঙ্করবাবু একটু শুনলে ভাল হবে যে, বিদ্যুৎ উৎপাদন কি রকম উন্নতি করেছেন! ১৯৮৬-৮৭ সালে বিদ্যুতের মোট ঋণের পরিমাণ ছিল এক হাজার উনত্রিশ কোটি আশি লক্ষ টাকা। আর সেখানে ১৯৯০-৯১ সালে এসে দাঁড়াল কত? এক হাজার সাতশত পঁয়ত্রিশ কোটি তিয়াত্তর লক্ষ টাকা। তার মানে ৫ বছরে দাঁড়াল কত? ৫ বছরে দাঁড়াল ৫২৫ কোটি টাকা অতিরিক্ত ঋণ উন্নতি হচ্ছে। লোকে সামনে এগোয়, আপনারা পিছনের দিকে এগোচ্ছেন। মাননীয় সভানেত্রী মহাশয়া, আপনাকে বলি, আজকে শুধু বিদ্যুতে এই নয় আপনাদের বক্রেশ্বর কোথায় দাঁড়িয়ে আছে? ওটা নাকি আপনাদের সি. পি. এমের মর্যাদা, সি. পি. এম তথা বাঙালির আত্মসম্মান— আপনাদের ভোট নিতে গেলে এই বলে সুড়সুড়ি দিতে হয়। বাঙালির মান, অনেক রক্ত বয়ে গেল—সেই রক্ত থেকে এইডস বেরোল। আমরা সি. এ. জি'র অডিট রিপোর্ট থেকে কি দেখছি? রিপোর্টে দেখতে পাচ্ছি যে কোথা থেকে আপনাদের টাকা আসবে তা আপনাদের জানা নেই। কোথা থেকে কি ভাবে টাকা পাবেন তা জানেন না, জনগণের কাছ থেকে টাকা তুললেন—৫ কোটি ৯৬ লক্ষ টাকা তুললেন।

[1-50 – 2-00 P.M.]

আনুষ্ঠানিকভাবে তার কিছু কাজ হল না, কারণ কোনও স্যাংশন নেই। আপনারা রাস্তা তৈরি করবার জন্য ১৯৮৯ সালে খরচ করে ফেললেন ৪৭ লক্ষ ৭ হাজার টাকা, সুদ ছাড়া। এর মধ্যে ২০ লক্ষ ৪১ হাজার টাকা জমা দেওয়া হয়নি। ১০ বছরে এইভাবে সুদের জন্য যে লোকসান হল সেটা জমা দিলেন না যার পরিমাণ ৩৬ লক্ষ ২৪ হাজার টাকা। ঠিকাদারদের দিলেন কয়েক লক্ষ টাকা, জেলা পরিষদকে দিলেন কয়েক লক্ষ টাকা। বিক্রয় কর যেখান থেকে কিনলে ছাড় পাওয়া যেত সেখান থেকে না কেনায় খরচ হল ৪৩ লক্ষ ৯২ হাজার টাকা। এর ফলে ১৯৯১-৯২ সালে দেখা গেল বাজেটে এক পয়সাও খরচ করলেন না। আপনাদের বক্রেশ্বর কবে হবে সেটা আপনাদেরই জানা নেই। বক্রেশ্বর সোভিয়েত ইউনিয়ন করবেন কিন্তু তারাই খেতে পাচ্ছেন না, কুকুর বেড়ালেরও অভাব। সমাজতান্ত্রিক দেশ। আপনারা সমাজতান্ত্রিক ধাঁচে সরকার চালাবার চেষ্টা করছেন, সমাজতান্ত্রিক ধাঁচে অর্থনীতির বুনিয়াদ তৈরি করছেন, পুলিশ তৈরি করছেন, প্রশাসন তৈরি করছেন? কিন্তু তাকিয়ে দেখুন। আপনাদের বাস্তব দৃষ্টিশক্তি নেই। সেটা থাকলে দেখতেন, মার্ক্সইজমের কাছে সব বিসর্জন দিয়েছেন। আর মার্ক্সিস্ট হলে সব ভুলে যেতে হয়। আপনারা বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ব্যর্থই নন, চরম ব্যর্থ। শুধু টাকা খরচ করলেন জলের মতো, কিন্তু তার কোনও হিসেব নেই—নয় ছয় করলেন। এই বিদ্যুৎ অর্থনৈতিক বুনিয়াদ গড়বার ক্ষেত্রেই সবচেয়ে বড় নয়, ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্পর ক্ষেত্রেও বড়। আমরা ১৯৭২ থেকে ১৯৭৭ পর্যন্ত যখন ক্ষমতায় ছিলাম তখন বিদ্যুৎ উৎপাদন করবার জন্য চেষ্টা করেছিলাম। আপনারা এসে বললেন যে, বিদ্যুৎ সব চুরি করে নিয়ে পালিয়েছে। আপনাদের বোধ হয় ধারণা, বিদ্যুৎ গানি ব্যাগে করে গো-ডাউনে

রাখা যায়। এটা তর্কের কথা নয়—সঠিক যেসব কথা বলি সেসব ওরা চান না। মুখ্যমন্ত্রীকে চেনা রয়েছে; উনি অহমিকায় ফেটে পড়ছেন। আমরা বিরোধী পক্ষে যাঁরা রয়েছি, আমাদের সঙ্গে কোনও আলোচনা করেন না। বলেছি, বক্রেশ্বর নিয়ে আলোচনা করুন, কিন্তু করেন নি। কারণ তিনি জানতেন যে, আলোচনা করলে তাঁর ভুল আমরা ধরব। দুঃখের কথা, বিদ্যুৎ পর্ষদ বিদ্যুৎ উৎপাদনকে যে জায়গায় নিয়ে গেছেন তারফলে হাজার হাজার শিল্প বন্ধ হয়ে গেছে এবং তারফলে লক্ষ লক্ষ লোক বেকার হয়ে গেছে। এরফলে দেশের অর্থনীতি শুধু ধ্বংসই হল না, দেশের অর্থনীতিকে দৃঢ় করবার জন্য যে ক্ষেত্র ছিল সেটাও নষ্ট হল।

মাননীয়া সভাপাল মহাশয়া, আমি আপনাকে বলি, এখানে রাজ্যপালের ভাষণের ৬-৭ প্যারাগ্রাফে দেখলাম কেন্দ্রের বিরুদ্ধে বিষোদগার। আপনারা ১৫ বছর ক্ষমতায় রয়েছেন জ্যোতিবাবু নাকি এক্ষেত্রে ডাঃ রায়ের সীমাও ছাড়িয়ে গেছেন। ডাঃ রায় বহুদিন ছিলেন, কিন্তু উনি তাঁর থেকেও বেশিদিন রয়েছেন। আমি আপনাকে বলি, আমরা যে কাজ করেছি আপনারা ১৫ বছরে সেটাকে কোনও জায়গায় নিয়ে গেছেন? ডাঃ রায় দুর্গাপুরে শিল্প নগরী করেছিলেন, তিনি ডি. সি. এল করেছিলেন, তিনি ডি. পি. এল করেছিলেন, তিনি সি. এম. ডি. এ করেছিলেন। তিনি পূর্ববাংলার ছেলেমেয়েদের জন্য পরিবহন ব্যবস্থা খুলেছিলেন। তিনি ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট খুলেছিলেন এবং তার এক মাত্র লক্ষ্য ছিল পূর্ববঙ্গ থেকে আসা ছেলেমেয়েরা যাতে কিছু কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারেন। তিনি ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্র করেছিলেন। তিনি কল্যাণী করেছিলেন যাতে সেখানে তারা মাথা গুঁজবার স্থান পায়। তিনি সল্ট লেক তৈরি করেছিলেন। আমরা বিধান রায়ের একটা বক্তৃতায় শুনেছিলাম যে বঙ্গ সন্তানদের মাথা গুঁজবার স্থান নেই মধ্যবিত্ত পরিবারের সে জন্য তিনি তাদের জন্য কল্যাণী করেছিলেন, সল্ট লেক করেছিলেন এবং সেখানে ৫ কাঠা করে জায়গা দেওয়া হচ্ছে যার ঊর্ধ্বতম মূল্য হবে ৫ শত টাকা। কিন্তু এখন সল্ট লেকে কারা আছে? মাঝে মাঝে সংবাদপত্রে বের হয় যে, জ্যোতিবাবুর আত্মীয়ের নাকি আছে, তার প্রাইভেট সেক্রেটারির নাকি ১২৫টি আছে। এটা হয়ত আছে! কিন্তু এটা বলার ক্ষমতা আপনাদের কারও নেই। জ্যোতিবাবুর গায়ে হাত দিতে পারবেন না, কখনও পারেন নি। কেন পারেন নি সেটা আমি জানি। যাই হোক, ডাঃ রায় যেগুলি করেছিল, সেগুলিতে আপনারা কি করলেন? হ্যাঁ, আপনারাও অনেক কাজ করেছেন। ডাঃ রায়ের আমলে যে সমস্ত কাজ হয়েছিল সেগুলিকে আপনারা আস্তে আস্তে বন্ধ করে দিয়েছেন। আমরা যে উন্নতির পথগুলি খুলেছিলাম, সেগুলিকে আপনারা শেষ করে দিয়েছেন। আপনারা নন্দন কানন করেছেন, আর স্টেডিয়ামের কাজ করেছেন। স্টেডিয়ামের যে কাজ সেটার জন্য টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন। আপনারা রাজীব গান্ধীর নামে গালাগাল করেছেন, মিথ্যা কথা বলেছেন, কামান-টামান ইত্যাদির কথা বলছেন। আপনাদের কেন ভগবান করুণা করে রেখেছেন জানিনা, তবে একদিন এই মিথ্যাকথা বলার জন্য আপনাদের কি হবে আমি জানি না। আর একটা কথা হচ্ছে আপনারা সব সময়ে দেশকে ছোট করার চেষ্টা করেছেন। আপনারা রাজীবগান্ধীর হত্যার পিছনে দিনরাত্রি বিষোদগার করেছেন, তার সম্পর্কে একটা হেটটেড তৈরি করা হয়েছে সারা ভারতবর্ষে। আপনারা এর জন্য কম দায়ী নন। আপনারা সেটা পরে অনুধাবন করবেন এবং যখন সেটা অনুধাবন করতে পারবেন তখন আপনাদের দেখতে গেলে আমাদের দূরবীক্ষণ যন্ত্র আনতে হবে, আর তা নাহলে শ্মশানে গিয়ে খুঁজতে

হবে। যাই হোক, যে কথা বলছিলাম যে আপনারা ১৫ বছর আছেন, আপনারা কি করেছেন? আপনারা পশ্চিমবঙ্গের জন্য কিছু করেন নি, আপনারা পশ্চিমবঙ্গের জন্য ভাবেন নি। আপনারা খালি আপনাদের পার্টির জন্য ভেবেছেন। জেলায় জেলায় পার্টি অফিস করেছেন, আলিমুদ্দিন স্ট্রিটে বিরাট পয়সা খরচ করে বাড়িঘর করেছেন, মুখ্যমন্ত্রীর থাকার জন্য ৩/৪টি জায়গা হয়েছে, সরকারি খরচে লিফট করা হয়েছে। তিনি রাজভবনেও থাকেন, আবার ওখানেও থাকেন। এখন আবার তার ইন্দিরা ভবনে না থাকলে ঘুম হয়না, তার ভাল লাগে না। তিনি ভাল থাকুন, সুখে থাকুন, সেটা আমাদেরও ভাল লাগে। কিন্তু প্রশ্ন হচ্ছে যে আপনাদের দেশের কাজের চেয়ে পার্টির কাজের দিকে লক্ষ্য বেশি। আমি আপনাকে আর একটা কথা বলি। জ্যোতিবাবু সেদিন বক্তৃতা দিয়ে বলেছিলেন যে আমাদের সরকারের আমলে আইন-শৃঙ্খলা খুব ভাল এবং রাজ্যপালের ভাষণেও সেকথা আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যের উন্নতি করার দরকার আছে। রাজ্যের উন্নতি করার জন্য টাকার দরকার আছে। টাকা যদি ঋণ না করা যায় তাহলে কখনও কোনও পরিকল্পনা হয়না, কোনও প্রকল্প হয়না। প্লানিং কমিশনের ভাইস-চেয়ারম্যান, প্রণব মুখার্জির কাছে ডঃ অসীম দাসগুপ্ত ছুটে গিয়েছিলেন যে কিছু টাকা দিতে হবে। উনি বলেছিলেন যে টাকার ব্যবস্থা করছি। লিজিং কর্পোরেশন টাকা দেবার জন্য প্রস্তুত ছিলেন। তারা বলেছেন যে আপনারা যে সব পরিকল্পনা করতে পারছেন না, এই নিন টাকা, আপনারা কাজ করুন। কিন্তু বলুনতো, কোনও লোক টাকা দিলে তার একটা স্বত্ব থাকেনা? স্টেট ব্যাঙ্ক টাকা দিলে তারও একটা টার্মস অ্যাণ্ড কণ্ডিশন থাকে।

[2-00 – 2-10 P.M.]

যেখানেই ধার করুন, আছে। সরকারকেও ধার করলে এত দিনের মধ্যে ফেরত দিতে হবে, এত পারসেন্ট সুদ দিতে হবে। টার্মস অ্যাণ্ড কনডিশনস are an এসেনসিয়াল ফ্যাক্টর ফর এনী লোন সে আই. এম. এফ থেকে করুক, বিশ্ব ব্যাঙ্ক থেকে করুক, লিজিং কর্পোরেশন থেকে করুক যেখান থেকে করুক। প্রশ্ন হচ্ছে কি, পাওয়ার ব্যবস্থা করলেন অসীম দাসগুপ্ত মহাশয় দৌড়ে গেলেন। প্রনব মুখার্জি খেটেছিলেন। তিনি একদিন আমার কাছে দুঃখ করলেন তার জন্য ৭-৮ দিন দিয়েছি। দেবার পর ঠিক হল লোন দেবে, টাকা দেবার কথা ঠিক হল। অসীম দাসগুপ্ত মহাশয়ের মাথায় ঢুকল এটা যদি করা হয় তাহলে প্রাইভেটাইজেশন হয়ে যাচ্ছে, খুব খারাপ কথা, নেওয়া যাবে না, আত্মসম্মানে লাগল। আজকে অত্যন্ত দুঃখের বিষয় জ্যোতিবাবু নিজে এই প্রাইভেটাইজেশনের দিকে নয়? হলদিয়া কাকে দিয়েছেন? কার সঙ্গে করছেন? টাটার সঙ্গে করছেন না? আগে কংগ্রেস ছিল টাটার দালাল। আজকে আপনারা পদলেহন করছেন না? করছেন, ভাল লাগছে, এটা এখন রামের পা, ভাল লাগবে। টাটার সঙ্গে ব্যবসা করছেন! হলদিয়া পেট্রো-কেমিক্যাল—বক্রেশ্বরের ব্যাপারে বলছেন যদি অন্য কেউ নিয়ে নেয় এখুনই দিয়ে দেবে বিদ্যুৎ ১০০ পারসেন্ট দিয়ে দেব। আজকে জ্যোতি বাবু জানেন যে হ্যাঁ, এটার দরকার আছে। উন্নতি করতে গেলে, দেশের ভাল করতে গেলে এই গুলি লাগে। একটু প্রাকটিক্যাল লোক, কিন্তু পারবেন না। তিনি এগোতে পারছেন না তার একটা কারণ আপনারা তাঁকে আটকে রেখে দিয়ে, দিতে দিচ্ছেন না। টোটালটা কি? বিদ্যুতের মতো ইমপর্টেন্ট একটা জিনিস টাটা, বিড়লা, গোয়েঙ্কা কে দিয়ে করাবেন বলছেন। আপত্তি নেই। বক্রেশ্বরের পুরো প্রকল্পটা দিয়ে দিতে রাজি আছেন তাতে আপত্তি নেই। লিজি

কর্পোরেশন থেকে লোন দেবার জন্য প্রস্তুত হল, কয়েক শো কোটি টাকা দেবে, নিলেন না। আপনাদের আত্মসম্মানে লাগবে! আমি আপনাদের একজন কমিউনিস্ট নেতার উক্তি বলি। আপনারা তো এখন রাশিয়া ছেড়ে দিয়েছেন, কারণ গরিব হয়ে গেছে, ওদের কাছে আর পাওয়া যাবে না! সেই ১৯৬৪ সালে তোমার চিন, আমার চিন, এক চিন, তোমার নেতা, আমার নেতা, এক নেতা, সেই আবার ফিরে এসেছে। আজকে আমি আপনাদের বলি তিনি কি বললেন? লোন নেবেন। চিনের কমিউনিস্ট নেতা দে সিয়াং ফন্ তিনি কি বললেন? তিনি বললেন বেড়াল ইঁদুর ধরবে। তাঁর কথা বলে দিচ্ছি শুনে নিন। তিনি বললেন বেড়াল ইঁদুর ধরবে, সে বেড়াল সাদা হোক আর কালো হোক, বেড়াল যাই হোক না কেন। তিনিও পর্যন্ত একটু বাস্তববাদী হয়েছিলেন। তার জন্যই তো জ্যোতিবাবুও ওই টাটা হোক, গোয়েঙ্কা হোক যাও বা হোক এগিয়ে যেতে চাচ্ছেন। কিন্তু আপনারা ওই লিজিং কর্পোরেশন থেকে টাকা নিলেন না। তা না নেন, ভাল। আপনাদের যে সমস্ত পরিকল্পনা ছিল সেই পরিকল্পনা অনুযায়ী কাজ করতে পারলেন না। কি ছিলটা কি, তাতে? ক্ষতি কার হল? পশ্চিমবাংলার মানুষের ক্ষতি হল। পশ্চিমবাংলার উন্নতি ব্যাহত হল। ম্যাডাম চেয়ারপারসন, আজকে এই রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে নিজের দুঃখ হচ্ছে। আপনারা ডেভেলপমেন্ট নিয়ে বলেন। আজকে আপনারা শিল্প নিয়ে কথা বলেন। আপনারা দেখুন আপনারা কি রকম সুন্দর চালাচ্ছেন। লেবার ইন ওয়েস্টে বেঙ্গল—১৯৯০ কালকে সবে বইটা পেয়েছি। আমি ওই বই-এর মধ্যে প্রথম পাতায় একটা ছবি সেঁটে রেখেছি। পশ্চিমবাংলার মন্ত্রী ঘুমিয়ে পড়েছেন লেবার নিয়ে আলোচনা করতে গিয়ে। তার জন্যই পশ্চিমবাংলার এত দুর্ভাগ্য। কালকে সবে বইটা দিয়েছেন, আমি এই বইটা রেখে দেব বিধানসভার বাজেট শেষ না হওয়া পর্যন্ত। ভাল করে বুঝুন আপনারা কত সিরিয়াস, কি ভাবে চিন্তা করছেন। আপনাদের বলি হাউ ইউ হ্যাভ ওয়েসটেজ ইয়োর ম্যানডেজ। এটা বলার মানে আছে। আমি আপনাদের একটা পরিসংখ্যান দিয়ে দিই। আমাদের নেতা বলেছেন আপনারা একটু পরিসংখ্যান দিয়ে বলবেন। আমি জানি পরিসংখ্যান দিয়ে আপনাদের কিছু লাভ নেই। কিন্তু তবুও দিতে হবে, কেননা উনি ডাইরেকশন দিয়েছেন। আমি আপনাদের বলি গ্রামীণ উন্নয়নের রিপোর্ট তার থেকে, কেন্দ্র যে সমস্ত টাকা দেয় আপনারা কি ভাবে খরচ করেন। কোনও জায়গায় ৫০/৫০ কোনও জায়গায় ৮০/২০। নানা পরিকল্পনা নানা ভাবে আছে। আপনারা খরচ করতে পারেন নি, প্রতিটি ডিপার্টমেন্টের কয়েক শো কোটি টাকা টোটাল ফেরত গেছে। তার কারণ তার সম পরিমাণ টাকা আপনারা দিতে পারেন নি। স্বাস্থ্য দপ্তরে—সেজন্য মন্ত্রী আজকে নিজে স্বীকার করেছেন, ফ্যামিলি ওয়েলফেয়ারে প্ল্যানিংয়ে ২২ কোটি টাকা ফেরৎ গেছে। ফ্যামিলি ওয়েলফেয়ারে, শুধু এটুকু, একটা টাকা ফেরৎ গিয়েছে। কেননা আপনাদের কিছু দিতে হয়, আপনারা তা দিতে পারেন নি। গ্রামোন্নয়নের ক্ষেত্রে পাবলিক এস্টিমেটস কমিটি অব দি পার্লামেন্ট এটা ধরেছে। তারা এটা ধরে বলেছে। কি বলেছে, না গ্রামোন্নয়নের ক্ষেত্রে মন্ত্রকে দেখা যাচ্ছে, ১৯৯০-৯১ সালের অডিট রিপোর্টে যেটা ছিল—৪৩-৫৭ ক্রোরস টাকা খরচ হবে। তারজন্য কর্মসংস্থান হবে ৬৪৩.১৬ লক্ষ ম্যানডেস। সেখানে আপনারা ম্যানডেস কতটা করেছেন, না ৫১৬.৮৬ ল্যাক্স। তার মানে, আপনারা তিন লক্ষ ম্যানডেস কম খরচ করেছেন। আপনারা টাকা খরচ করতে পারেন নি। কেন্দ্রের টাকা—গালাগালি দেবেন। কেন্দ্র টাকা দিলে খরচ করতে পারবেন না। কেন্দ্র টাকা দিলে নয় ছয় করবেন। কেন্দ্র টাকা দিলে উন্নয়ন মূলক কাজ

করতে পারবেন না। আপনারা সব সময় পার্টি মিটিং নিয়ে ব্যস্ত থাকেন। সব সময় জেলায় জেলায় মন্ত্রীরা পার্টির মিটিংয়ে ব্যস্ত থাকেন। মুখ্যমন্ত্রী যদি দিনরাত প্লেনে করে পার্টি মিটিং অ্যাটেণ্ড করতে সারা ভারতবর্ষ ঘুরে বেড়ান তাহলে দেশটা দেখবে কে? রাজ্যটা দেখবে কে? রাজ্য দেখার জন্য প্রাণ দরকার, নিবেদিত মন্ত্রী দরকার। নিষ্ঠা দরকার, ওয়ার্ক কালচার দরকার। কোথায় আপনাদের সেই ওয়ার্ক কালচার? মন্ত্রীদের ওয়ার্ক কালচার নেই যাঁরা ডিপার্টমেন্টে ডিপার্টমেন্টে গিয়ে কর্মীদের বলেন, 'আপনাদের ওয়ার্ক কালচার নেই। আপনারা কাজ করতে শিখুন।' তারা উল্টে আঙুল দেখিয়ে বলে, আপনাদের ওয়ার্ক কালচার নেই। মিনিস্টারদের ওয়ার্ক কালচার নেই। তারা অফিসে আসে না, বারো মাস তিরিশ দিন বাইরে বাইরে ঘুরে বেড়ায়। কারা শেখাবে? কারা বলবেন? ইউ দি মিনিস্টার, নিজেরা আগে ডিউটি দিন, নিজেরা আগে ওয়ার্ক কালচার তৈরি করে তবে অফিসকে বলুন। বলতে পারবেন না। তা বলতে পারবেন না, বলবার ক্ষমতা আপনাদের নেই। কেননা, আপনাদের কন্ট্রোল করে কো-অর্ডিনেশন কমিটি। বলুন, আপনাদের কিছু করার ক্ষমতা নেই। মুখ্যমন্ত্রীর ক্ষমতা ছিল ইসলামপুরের ব্যাপারে? আমি তখন এখানে ছিলাম। তখন আমাদের ২০জন এম. এল. এ. ছিলেন। ইসলামপুরে গুলি চলল। কনস্টেবলকে ট্রান্সফার করতে পারেন নি। আমি বলেছিলাম, আপনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, আপনি যে কনস্টেবলগুলো গুলি করেছিল তাদের ট্রান্সফার করুন। করতে পারেন নি। কারণ তারা বিক্ষোভ দেখিয়েছিল। ইউ আর ডিপেনডেন্ট অন পুলিশ অ্যাণ্ড দি কো-অর্ডিনেশন কমিটি। তারা যা বলবে আপনাদের তাই-ই করতে হবে। ওয়ার্ক কালচার নিয়ে বড় বড় বক্তৃতা দিয়ে লাভ কি? পশ্চিমবাংলার যে কোনও জায়গায় অ্যাডমিনিস্ট্রেশন দরকার। আমি তর্কের খাতিরে বলছি অ্যাডমিনিস্ট্রেশন দরকার। অ্যাডমিনিস্ট্রেশন দরকার হলে ওয়ার্ক কালচার চাই। ওয়ার্ক কালচার আনতে গেলে একটু নিষ্ঠাবান হতে হবে, একটু ডেডিকেটেড হতে হবে। সৎ হতে হবে, দুর্নীতিপরায়ণ হলে চলবে না। তাঁদের কি অবস্থা আজকে দেখুন। আমরা খবরের কাগজে দেখছি, এই মন্ত্রী ঐ মন্ত্রীর বিরুদ্ধে বলছে। এটা আমাদের ব্যাপার নয়, আপনাদের ইন্টারন্যাল ব্যাপার, আপনারা দেখুন। কিন্তু দাঁড়াচ্ছে কি? দাঁড়াচ্ছে, আপনারা কি করছেন, না করছেন তা আপনারা ভাবুন, কিন্তু সব মানুষ দেখতে পাচ্ছে। গ্রামেগঞ্জে সি. পি. এম.-এর যতগুলো সংস্থা আছে সব ফুলে ফেঁপে উঠছে। কোথা থেকে আসছে? এবারে আমি ল' অ্যাণ্ড অর্ডারের প্রশ্নে আসি। আমি কেন রাজ্যপালের বক্তৃতার বিরুদ্ধে বলছি? তার কারণ-আমি মাননীয় রাজ্যপালকে একটা চিঠি দিয়েছিলাম। আমি তাঁকে চিঠি দিয়ে বলেছিলাম, মাননীয় রাজ্যপাল, ইওর একসেলেন্সী, দি গভর্নর, ইউ কুড নট ফাইণ্ড এনি টাইম টু ভিজিট এনি অব দি অ্যাফেকটেড প্লেসেস.....'। আজকে মানিকচরে হয়ে গেল। আজকে সিঙ্গুরে হয়ে গেছে। চারিদিকে হয়ে গেল। আপনি রাজ্যপাল, আপনি একটা জায়গাতেও গেলেন না? আমি সেদিন দুঃখ করে বলেছিলাম যে—'ইউ আর দি হেড অব দি কনস্টিটিউশন। ইউ আর দি হেড অব দি স্টেট.....।' আপনি যদি যেতেন, সেখানে কংগ্রেস কেন, সি. পি. এম. কেন, সকলে বাধ্য, কেননা রাজ্যপাল এসেছেন। আফিসাররা ঠিক ঠিক মতো কাজ করত। তা আপনি কোথাও গেলেন না আজ পর্যন্ত। আপনি দীর্ঘদিন এখানে আছেন। এই রাজ্যপাল অবশ্য ওড়িষ্যা থেকে এসেছেন। স্বাভাবিক কারণে তিনি সরকার যা বলবেন তা করতে বাধ্য এবং সেজন্য তাঁকে এখানে আনা হয়েছে। তিনি আমার চিঠির জবাব দিলেন, আমার প্রশ্নের বাইরে গেলেন জবাবে এবং বললেন "ডিয়ার শ্রী বাপুলী,

I have received your letter of 18th September.

As a Governor of a State I have many channels of receiving information from different sections of the people and do not have to rely solely on the official reports that I receive. I perform my constitutional duties of keeping the President informed of the situation but obviously the correspondence between the Governor and the President has to be kept confidential. All actions required to meet a particular situation in any case has to be taken by the duly elected Government and not by either the Governor or the president for so long as the state is being administered in accordance with the Constitution.

With regards,

Yours sincerely,
Sd/-S. Nurul Hasan.

[2-10 – 2-20 P.M.]

ইট ইজ অবভিয়াস—আমি বললাম যে, আপনি গেলে কংগ্রেসের লোক হোক বা যেকোনও লোকই হোক সাহস পেত, রাজ্যপালকে দেখলে সাহস পেত। আমাদের লিডার যখন রাজ্যপাল ছিলেন তখন আমরা দেখেছি যে, প্রত্যেকটি জায়গায় যেখানে যেখানে ঘটনা হত তিনি দৌড়ে যেতেন এবং তাতে সেখানে মানুষের মনোবল ফিরে আসত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও কিছু বলার ছিল, কিন্তু সময় কম। আরেকটি কথা শুনলে আপনার লজ্জায় মাথা হেঁট হয়ে যাবে—একজন ডিস্ট্রিক্ট জাজ একটা অবজারভেশন করেছেন—সিন দি রিপোর্ট অফ দি ও.সি. মহেশতলা পি. এস. আমি সবটাই অফিসিয়াল রেকর্ড থেকে বলছি। সেখানে বলা হচ্ছে।

"Who has failed to appear in Court on the ground of law and order situation. The O/C has also prayed for time for supplying the copies. It is also stated in the forgoing order that learned S.D.J.M. Alipore has sent on application to the O/C Mahestala P.S. to receive this as the matter was received by him. It is needless to say that this is the three successive dates when O/C Mahestala P.S. prayed for time on the plea of law and order situation." So, there is no law and order in the district. It is also noted that the O/C reported earlier in respect of the similar case. The Record also says—"The highest Court of this district cannot be a bi-standard in this attitude of the O/C. write to the Director General of Police, West Bengal, directing the O/C to appear before him."....

আমি ভাষণের শেষের দিকে আরও বলছি যে, রাজ্যপালের ভাষণে আরও অনেক থাকা উচিত ছিল—আমার সরকার ১৪ বছর জনগণকে ধাপ্পা দিচ্ছে, অসত্য কথা বলছে তারজন্য আমি ক্ষমাপ্রার্থী। তাঁর বলা উচিত ছিল আমার সরকার রাজনীতি করার জন্য আইনশৃঙ্খলার চরম অবনতি ঘটেছে, বলা উচিত আমার সরকার বেকারদের নিয়ে রাজনীতি করেছে, তাদের সমস্যার সমাধান করতে পারেনি। তারপরে বলা উচিত ছিল শিক্ষাক্ষেত্রে

রাজনীতি করার জন্য শিক্ষার অবনতি হয়েছে। বলা উচিত ছিল যে আমার সরকার গ্রামীণ উন্নয়ন করার পরিবর্তে পার্টির উন্নতি করেছে। আমার সরকার গ্রামে পানীয় জল সরবরাহ করতে ব্যর্থ হয়েছে। আমার সরকার বিদ্যুৎ দিতে ব্যর্থ হয়েছে। আমার সরকার পুলিশকে প্রশাসন হিসাবে ব্যবহার করেছে, বলা উচিত ছিল জনগণের মঙ্গলের পরিবর্তে নিজের মঙ্গল করেছে। আমি তাই বলি পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে পশ্চিমবঙ্গে আপনারা মির্জাফর হয়ে সরকারে থাকার চেয়ে মীরমদন মোহনলাল হয়ে বসে থাকা সম্মানজনক বলে আমি মনে করি। সেই কারণে রাজ্যপালের ভাষণকে ঘৃণার সঙ্গে প্রত্যাখান করছি।

PRESENTATION OF REPORT

Presentation of the Fourth Interim Report of the Ad hoc Committee on the Questions of Subject Committee

Shri Partha De : Sir, I, the Chairman of the Ad hoc Committee, beg to present the Foruth Interim Report of the Ad hoc Committee on the Questions of Subject Committees.

শ্রী ননী কর ঃ মাননীয় সভাপাল মহাশয়া, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, মাননীয় সদস্য শ্রী সত্য বাপুলী মহাশয় তাঁর বক্তৃতায় অনেক আজেবাজে কথা বলে গেলেন আমি সে সম্বন্ধে বলতে চাই না। কিন্তু রাজ্যপালের সঙ্গে তাঁর একটা ব্যক্তিগত করসপন্ডেন্স হয়েছে, সেটা রাজ্যপালের অনুমতি ছাড়াই হাউসের সামনে পড়লেন, আমি এই ব্যাপারে আপনার দৃষ্টি আনতে চাই। বিরোধীদল নেতা তিনিও এককালে রাজ্যপাল ছিলেন তিনি হয়তো ভালো বলতে পারবেন যে রাজপালের সঙ্গে চিঠি নিয়ে কথা হয়েছে সেটা রাজ্যপালের অজ্ঞাতে হাউসের সামনে জানা যায় কিনা। আমি তো মনে করি এতে রাজ্যপালকে অসম্মান জানানো হচ্ছে। এইভাবে করা যায় না। এই বিষয়ে আমি আপনার সুস্পষ্ট রুলিং চাই। তিনি যে এই কথাগুলি বললেন এতে শুধু রাজ্যপালকে অবমাননা করলেন তাই নয়, একটা হাউসেরও জিরোগেটরি হচ্ছে।

ম্যাডাম চেয়ারপারসেন ঃ আপনি বসুন, আমারও এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ হয়েছে। আমি স্পিকার সাহেবের কাছে বক্তব্য রাখব।

(গোলমাল)

মিঃ স্পিকার ঃ আমি আমার চেম্বারে বসে মাননীয় সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলী মহাশয়ের বক্তৃতা শুনছিলাম। পুরোটা আমি পরে চেক আপ করব তবে কয়েক জায়গায় আমার মনে হয়েছে যে রুলের একটা বর্ডার লাইন কেস হচ্ছে রাজ্যপালকে নিয়ে। এটা যদি আমি দেখি ইনফ্রিনজমেন্ট হয় তাহলে এক্সপাঞ্জড হবে। এখনই আমি রুলিং দিচ্ছি না, আমি পড়বার পর কালকে আমার সিদ্ধান্ত জানাব। এর উপর এখন আর কোনও ডিবেট হবে না। এখন মাননীয় সদস্য শ্রী সমর বাওড়া বলুন।

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী সমর বাওড়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষনের উপর শ্রী ননী কর মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব নিয়ে এসেছেন এবং মাননীয় সদস্য শ্রী কৃপাসিন্ধু সাহা মহাশয় যে প্রস্তাব সমর্থন করেছেন তা আমিও সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলব। স্যার, সঠিকভাবেই মাননীয় রাজ্যপালের ভাষণে বলা হয়েছে যে কেন্দ্রীয় সরকারের গৃহীত কতকগুলি নীতির ফলে আজকে যে প্রতিকূল অবস্থার সৃষ্টি হয়েছে সেই প্রতিকূলতার মধ্যেই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারকে কাজ করতে হচ্ছে। স্যার, এটা ঠিকই যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের মনে একটা আশার সঞ্চার করেছেন। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের কাছ থেকে পশ্চিমবাংলার সাধারণ মানুষরা বিগত ১৪/১৫ বছর ধরে যে সমস্ত জিনিস পেয়েছেন এবং যে শক্তি পেয়েছেন তারজন্য বামফ্রন্ট সরকারের কাছে তাদের আরও আশা জাগা স্বাভাবিক। অতীতে কংগ্রেস সরকারের কাছে মানুষের কোনও চাহিদা ছিল না। তার কারণ, তাদের অভিজ্ঞতা ছিল যে কংগ্রেস সরকারের কাছে কিছু চাইলে সেই প্রয়োজনীয় জিনিসটি তো পাওয়া যাবেই না উল্টে চাইতে গেলে তাদের কাছ থেকে অর্থাৎ কংগ্রেসের কাছ থেকে পাওয়া যাবে লাঠি, গুলি, টিয়ারগ্যাস। কাজেই কংগ্রেসের কাছে মানুষের কোনও প্রত্যাশা ছিল না। অপর দিকে বামফ্রন্ট সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকেও সাধারণ মানুষের জন্য কাজ করার চেষ্টা করছেন তাই বামফ্রন্ট সরকারের কাছে তাদের প্রত্যাশাও বাড়ছে। অবশ্য এটা ঠিকই যে একটা সীমাবদ্ধ অবস্থার মধ্যে বামফ্রন্ট সরকারকে কাজ করতে হচ্ছে বলে তাদের চাহিদা পুরণ করার ক্ষেত্রে অনেক ক্ষেত্রে কিছু ঘাটতি থেকে যাচ্ছে তবে সঙ্গে সঙ্গে এটাও ঠিক যে আজ জনগণের মধ্যে সচেতনতার সৃষ্টি হয়েছে। ১৫ বছর আগের মতন পশ্চিমবঙ্গের ঐ দরিদ্র খেটে খাওয়া মানুষরা আর আজ ঐ জলপোড়া, তেলপোড়া, ঝাড়ফুঁক ইত্যাদিতে বিশ্বাস করেন না, তারা এসবের উপর নির্ভর করেন না, তাদের সচেতনতা বেড়েছে বলে তারা আজ গ্রামে ডাক্তার চান, ঔষধ চান। পশ্চিমবাংলায় পঞ্চায়েতের মধ্যে দিয়ে, ভূমি সংস্কারের মধ্যে দিয়ে, সমবায়ের প্রসারের মধ্যে দিয়ে, নানান রকমের স্বনির্ভর কর্মসূচির মধ্যে দিয়ে আজকে তাদের অর্থনৈতিক ক্ষমতা কিছু বৃদ্ধি পেয়েছে। তাদের কিছু আর্থিক ক্ষমতা বেড়েছে বলেই তাদের আজকে নিত্যনতুন চাহিদাও বাড়ছে। শুধু ভাত, কাপড় নয়, নিত্য নতুন আধুনিক জীবনের চাহিদাও তাদের বাড়ছে। আজকে প্রত্যন্ত গ্রামের মানুষদের মধ্যেও বিদ্যুতের জন্য চাহিদা বাড়ছে। গরিব মানুষরাও আজকে চায় যে রাস্তার ধারে বিদ্যুতের আলু জ্বলুক। তারা চায় তাদের কাছে চিকিৎসক যাক, পুরানো দিনের ঝাড়ফুঁকে তারা আর বিশ্বাসী নয়। তারা এগুলি চান কিন্তু সব কিছু একসঙ্গে করা যাচ্ছে না। মাননীয় বিরোধীদলের সদস্যগণ, আমি যেটা বলছি সেটা একটু মন দিয়ে ধৈর্য ধরে শুনুন। জানি আপনাদের অধৈর্য হয়ে পড়ার অনেক কারণ ঘটেছে।

[2-20 – 2-30 P.M.]

আজকে পশ্চিমবাংলার জনগণ যে ভাবে আপনাদের সাইজ কেটে নামিয়ে এনেছে তাতে আপনাদের মধ্যে জ্বালা ধরা স্বাভাবিক এবং সেই জ্বালা থেকেই আপনাদের মধ্যে এই উৎশৃঙ্খলা। তবে আমি মনে করি পশ্চিমবাংলার সাধারণ মানুষের চেতনা বৃদ্ধি করা এবং

তাদের চাহিদা বৃদ্ধি করা এইটা হচ্ছে আমাদের একটা সাফল্যের দিক। কিন্তু আমাদের সীমাবদ্ধতার জন্য আমরা সাধারণ মানুষের কাছ থেকে রাজস্ব সংগ্রহ করে, কিন্তু এই রাজস্ব সংগ্রহ করার যতগুলি ক্ষেত্র আছে সেই সমস্ত ক্ষেত্রগুলিকে দিনের পর দিন আইনের মাধ্যমে সংশোধন করা হচ্ছে এবং তা করে নিজেদের আওতাধীনে নিয়ে যাওয়া হচ্ছে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পশ্চিমবাংলা এবং অন্যান্য রাজ্য তারা কেন্দ্রের যে দেয় অংশ তা পাচ্ছে না, তার ফলে যে আর্থিক ঘাটতি হচ্ছে তাতে সাধারণ মানুষের যে ক্রমবর্দ্ধমান চাহিদা সেই চাহিদা পূরণ করতে অসুবিধা হচ্ছে। আমি মাননীয় বিরোধী দলের সদস্যদের বলতে চাই তাদের দলের পরিচালনায় কেন্দ্রীয় সরকারের বর্তমান অর্থমন্ত্রীর সমীক্ষাগুলি একটু ক্ষতিয়ে দেখবেন। সেখানে বড় গলায় বলা হয়েছে রাজ্যগুলির ক্ষেত্রে বিগত ৯১-৯২ সালে অ্যাসিস্ট্যান্স টু স্টেটস এবং ইউনিয়ন টেরিটোরিস-র ক্ষেত্রে নাকি ১৬৮৩ কোটি টাকা বেশি দেওয়া হয়েছে, কিন্তু সেখানে উল্লেখ করা আছে শর্ট ফল কত হচ্ছে। চিটফাণ্ড এবং মিউচুয়াল ফাণ্ড গুলিতেও আর্কষণীয় করে তোলা হচ্ছে তার ফলে স্বল্প সঞ্চয় প্রকল্পগুলি মার খাচ্ছে। স্বল্প সঞ্চয় প্রকল্পগুলিতে যে টাকা জমা পড়ত তার থেকে রাজ্য লোন নিয়ে কাজে লাগাতে পারতেন। তাই এই স্বল্প সঞ্চয় প্রকল্পগুলি মার খাওয়ার ফলে যে ঘটনা ঘটল তাতে ১৩৬৫ কোটি টাকা কমে গেছে, ফলে নেট ব্যালেন্স অ্যাসিস্ট্যান্স টু স্টেটস সেটা দাঁড়াল ৩১৮ কোটি টাকা। আপনারা যদি আর্থিক সমীক্ষার পার্ট ওয়ানটা দেখেন তাহলে দেখা যাবে সেখানে রিভাইসড এস্টিমেট অনুযায়ী মোট ১ লাখ ৬ হাজার টাকা সরকারে আসতে পারে। এর মধ্যে ৩১৮ কোটি টাকা হিসাবে আসেনি এটা হচ্ছে .৪৫ পারসেন্ট। আবার দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলির বাকি পাওনা টাকা দেবার সময় তারা অ্যাডজাস্ট করে কেটে নিচ্ছেন অথচ বিভিন্ন প্রতিষ্ঠানের কাছে রাজ্যগুলির যে সমস্ত টাকা পয়সা পাওনা আছে সেইগুলি বাকি রেখে দিচ্ছেন। কার্যতঃ দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে সহায়তা পাওয়া যাচ্ছে সেটা তারা দিতে বাধ্য। এই সহায়তাটা তাদের দেওয়া প্রয়োজন বা উচিত। একথাটা ঠিক আমাদের বিরোধী দলের সদস্যরা তারা নির্বাচনী অভিযানের সময় বড় গলায় বলেছিলেন ১০০ দিনের মধ্যে দাম কমিয়ে দেব। আমি গ্রামের মানুষ সেখানে একটা কথা প্রচলন আছে "সব কথা ফাঁকি আসল কথা টাকা" অতএব আসল জিনিস টাকা। কিন্তু দেখা গেছে ১০০ দিনের মধ্যে কংগ্রেস তাদের কথা রাখেনি। আমি ব্যক্তিগত ভাবে মনে করি কংগ্রেস অক্ষরে অক্ষরে তাদের কথা রেখেছে তাদের প্রতিশ্রুতি পালন করেছে গ্রামের প্রচলিত কথা অনুযায়ী সব কথাই ফাঁকি আসল কথা টাকা। জিনিসপত্রের দাম না কমিয়ে তারা টাকার দাম কমিয়ে দিয়েছেন তার জন্য ১০০ দিনও লাগেনি। ২১শে জুন তারা সরকারে এসেছেন পয়লা জুলাই তারা টাকার দাম একবার কমিয়েছেন আবার ৩রা জুলাই দাম কমিয়ে দিয়েছেন, এই ভাবে তারা সাধারণ মানুষের কথা রেখেছেন এবং সাধারণ মানুষকে একটা যন্ত্রণার মধ্যে ঠেলে দিয়েছেন। আপনাদের একটা তথ্য দিয়ে আমি বলতে চাই একটু ধৈর্য্য ধরে শুনবেন প্রথম সেপ্টেম্বরের '৯০ তে ভারতবর্ষে ইনফ্লেশনের রেট ছিল যেখানে ৭ শতাংশ সেখানে '৯১ সালের আগস্ট মাসে ৯.৭ শতাংশয় টেনে নিয়ে গেছেন, এখন সেটা ১৬.৭ শতাংশ। সুতরাং মন্ত্রিসভা কোথায় কমাচ্ছে সেটা আপনারাই বিচার করুন। এর ফলে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের উপর যে চাপ সৃষ্টি করছে মূল্যবৃদ্ধির দরুন, তার ফলে সাধারণ মানুষের সমস্যাগুলিকে মেটাবার জন্য রাজ্য সরকারের অসুবিধা হচ্ছে, এই

অবস্থার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের সরকারকে কাজ করতে হচ্ছে। এই ডিভ্যালুয়েশন সম্বন্ধে ওনারা বললেন যে এটা ছাড়া নাকি কোনও উপায় ছিল না। গত ২১শে জুন তারিখে সরকার গঠন করে ওনারা কেন্দ্রীয় সরকারে বসলেন, আর জুলাই মাসের প্রথম সপ্তাহে ওনারা টাকার অবমূল্যায়ন ঘটালেন রপ্তানি বাড়ানোর নাম করে। সেই রপ্তানি বৃদ্ধির পরিমাণটা কি? ১৯৯০-৯১ সালে যেখানে ভারতবর্ষে রপ্তানি হয়েছিল ৯ পারসেন্ট, সেখানে ৯১-৯২ সালে সেই রপ্তানি বৃদ্ধির হার কমে গিয়ে দাঁড়ায় ৫ পারসেন্ট। এই তো হচ্ছে অবস্থা, যে রপ্তানি বৃদ্ধির নাম করে ডিভ্যালুয়েশন করা হল সেই রপ্তানির হারই কমে গেল। আমাদের দেশের জিনিসের পরিমাণ বিদেশের বাজারে কমে গেল, আর বিদেশের জিনিসের পরিমাণ আমাদের দেশের বাজারে বেড়ে গেল। কেন্দ্রীয় সরকার যে পদক্ষেপ নিলেন তাতে গোটা দেশের সর্বনাশ হয়ে গেল। আর পশ্চিমবাংলা যেহেতু ভারতবর্ষের বাইরে নয়, সেইহেতু পশ্চিমবাংলারও সর্বনাশ হয়ে গেল। পশ্চিমবাংলাকে একটা সর্বনাশের দিকে ঠেলে দিলেন। তাই ওরা রাজ্যপালের ভাষণের মধ্যে আশার আলো দেখতে পেলেন না। গোটা ভারতবর্ষ জুড়ে আজকে অন্ধকার ছড়িয়ে পড়েছে। তবে কোথাও যদি এতটুকু দীপশিখা জ্বলে তবে সেটা পশ্চিমবঙ্গেই আছে। পশ্চিমবাংলার সাধারণ মানুষের জন্য পশ্চিমবাংলার সরকার কাজ করে যাচ্ছেন—গতকাল এবং আজকে বিরোধী সদস্যরা যে বক্তব্য রাখছিলেন তাতে তারা কথায়, কথায় সোভিয়েত রাশিয়ার কথা উল্লেখ করে উল্লাস প্রকাশ করছিলেন। সোভিয়েত রাশিয়াতে যে বিপর্যয় হয়েছে সেই বিপর্যয়ের জন্য তারা বার বার উল্লাস প্রকাশ করে গেছেন। আমি তাই আজকে বলতে চাই এবং আপনারাও ব্যাপারটা একটু খতিয়ে দেখবেন যে সোভিয়েত রাশিয়ায় যে সমাজতন্ত্রের বিপর্যয় ঘটেছে তা নয়, বিপর্যয় ভারতবর্ষের বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রেও ঘটেছে। তবে সব চাইতে বড় বিপর্যয় ঘটেছে আমাদের ব্যালান্স অফ পেমেন্টে। ব্যালান্স অফ পেমেন্টের এই ক্রাইসিসের কথা কেন্দ্রীয় সরকারের বর্তমান অর্থমন্ত্রী তার বাজেট ভাষণের মধ্যে বলেছেন। তার বাজেট ভাষণের চতুর্থ পৃষ্ঠায় ১৪ নং অনুচ্ছেদে তিনি বলেছেন—Mainly because of the disturbances in trade with Soviet Russia. এটা তার বাজেট ভাষণের মধ্যে উল্লেখ করা আছে। শুধু তাই নয় আজকে বিদেশের কাছে, বিশ্বব্যাঙ্কের কাছে আমাদের অর্থনৈতিক সার্বভৌমত্বকে বিসর্জিত করা হয়েছে। আগে সোভিয়েত রাশিয়া আমাদের পাশে ছিল বলে, আমরা তাদের গায়ে ঠেস দিয়ে বিশ্বের কাছে দর কষাকষির সুযোগ পেতাম। কিন্তু আজকে আমরা বিশ্বের কাছে নস্যাৎ হয়ে যাচ্ছি। বিদেশের কাছে আমাদের অর্থনৈতিক ব্যবস্থা বিসর্জিত হচ্ছে। এখানে প্রশ্ন তোলা হয়েছে যে ৫২ লক্ষ বেকার কেন সৃষ্টি হয়েছে? এই প্রশ্নের জবাব তো আপনাদের দিতে হবে। আপনারাই তো বেকার সৃষ্টি করেছেন। গত ২৪শে জুলাই আপনারা যে নয়া শিল্পনীতি ঘোষণা করেছিলেন তার ফলে আজকে লক্ষ লক্ষ লোককে ছাঁটাই করা হবে। এইভাবে বিশ্বব্যাঙ্কের বিভিন্ন শর্তকে রূপায়ণ করা হচ্ছে। তারা বললেন ৩৪টি ক্ষেত্রে ৫১ ভাগ পর্যন্ত বিদেশি পুঁজি বিনিয়োগ করা যাবে। কথায় কথায় আপনারা বলেন পশ্চিমবাংলায় বেসরকারি পুঁজির সঙ্গে কারখানা করা হচ্ছে, কিন্তু পশ্চিমবাংলায় আমরা কোথাও ৫১ শতাংশ বিদেশী পুঁজি বিনিয়োগ করতে দিচ্ছি না. কন্ট্রোলিং অথরিটি রাজ্য সরকারের হাতেই রেখে দিয়েছি।

[2-30 – 2-40 P.M.]

৫১ পারসেন্ট বিদেশি পুঁজির মালিকানা তুলে দেবার অর্থই হচ্ছে সেই ৫১ পারসেন্ট মালিকানা নিয়ে যে শিল্প সেই শিল্পের যে মালিকানা তা নিয়ন্ত্রণের ভূমিকায় চলে আসবে। বিদেশি পুঁজিপতির প্রসার ঘটবে। মাননীয় সদস্য শ্রী শৈলজা দাস মহাশয় গতকালের বক্তৃতার সময় বলেছিলেন এবং বারবার দাবি করেছেন যে কংগ্রেস না কি দেশকে স্বাধীন করেছে। আমি স্বাধীনতা অন্দোলনের ইতিহাসের দিকে যেতে চাই না। কিন্তু এই কথা বলতে চাই—এখানে যাঁরা এসেছেন তাঁরা সেই ইতিহাসের প্রেক্ষাপট সকলেই জানেন। সে সহিংসই বলুন বা অহিংসই বলুন বা দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালে পরিবর্তিত পরিস্থিতি প্রত্যেকেই অবহিত। এ বিষয়ে কোনও সন্দেহ নেই। তর্কের খাতিরে যদি ধরেই নেওয়া যায় যে, কংগ্রেস দেশকে স্বাধীন করেছে তাহলে আজকে কে অধিকার দিয়েছে একটা দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব খর্ব করবার? কে অধিকার দিয়েছে দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব বিসর্জন দেবার? মাননীয় বিরোধী সদস্যরা বারবার বলছেন যে শর্ত নেই, শর্ত নেই। হ্যাঁ, শর্ত নেই? কেন্দ্রীয় অর্থমন্ত্রীর ওই বাজেট ভাষণের মধ্যে সেই শর্তের কথা উল্লেখ করা আছে। ওই ভাষণের তিন নম্বর অনুচ্ছেদের ৯ নম্বর প্যারায় কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলছেন লেটার অফ ইনটেন্ট পাঠিয়েছেন এবং সেই লেটার অফ ইনটেন্টে তিনি কতকগুলি কথাবার্তা বলেছেন। কনডিশনালিটিসগুলি সেখানে আছে। অথচ এই সভায় বসে মাননীয় বিরোধী সদস্যরা—তাঁরা বারবার বলছেন কোনও কিছু শর্ত নেই, শর্ত নেই। কিন্তু তাতে যা শর্ত দেওয়া আছে তা দেশের সার্বভৌমত্বকে বিপন্ন করেছে, দেশের স্বাধীনতাকে বিপন্ন করেছে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। এরপর আসছি বেকার সমস্যা সম্বন্ধে গতকাল শুনলাম পশ্চিমবাংলায় না কি বেকারের সংখ্যা ৫২ লক্ষতে দাঁড়িয়েছে। তো বলি এই বেকারি বৃদ্ধির জন্য দায়ী কে? পশ্চিমবাংলায় বেকারদের মনে আস্থা আছে, তাদের মনে ভরসা আছে। কিন্তু অন্যান্য রাজ্যে বেকারদের কোনও ভরসা নেই, নেই কোনও আস্থা। আমাদের এখানে বেকারদের কর্মসংস্থান করবার জন্য চেষ্টা চলছে। পশ্চিমবাংলাতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে কাজ কর্ম দেবার ব্যবস্থা করা হয়। কিন্তু পশ্চিমবাংলার বাইরে অন্যান্য রাজ্যে বেকাররা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ধার কাছ দিয়ে যাবার ইচ্ছা পোষণ করেন না। তাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের উপর আস্থাও নেই। কিন্তু পশ্চিমবাংলায় এই কথা প্রমাণ করা যাবে না, গ্রামীণ ব্যয় করাও কঠিন। আর আইন শৃঙ্খলার কথা বলছেন—দোহাই আপনাদের, আপনারা যদি নিজেদের মধ্যে মাতামাতি একটু কম করেন তাহলে পশ্চিমবাংলার আইন শৃঙ্খলা অনেকাংশে অনেক উন্নতি হতে পারে। গোটা ভারতবর্ষ জুড়ে যা চলছে তার তুলনায় পশ্চিমবাংলা অনেক শান্ত অবস্থায় আছে। যখন দলীয় নির্বাচনে তদারকি করবার জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক এসেছেন, তখন বিবস্ত্র হয়ে আবার ভয়ে, বিবস্ত্র হওয়ার আশঙ্কায় ছুটে পালাতে যান। দলীয় যে সমস্ত কর্মসূচি নেন, তখন অশান্তি হওয়ার ভয়ে পথচারী, দোকানদার, আশেপাশের লোক সব সন্ত্রস্ত হয়ে পড়েন। এটাই বাস্তব চিত্র। সুতরাং আপনারা যদি শান্ত থাকতে পারেন তাহলে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অনেক উন্নতি হতে পারে। আমরা নিশ্চয় এর জন্য উদ্বিগ্ন। কিন্তু আইন শৃঙ্খলার দিক থেকে এত শান্ত পরিবেশ থাকা সত্ত্বেও পশ্চিমবাংলায় কয়েকটি নারী নির্যাতনের ঘটনা ঘটে গেছে। এইজন্য আমরা উদ্বিগ্ন। আবদুল মান্নান মহাশয় গতকাল সঠিকভাবেই বলেছেন, উনি বলেছেন যে ১৯৭২ সাল থেকে

১৯৭৭ সাল পর্যন্ত কোনও পুলিশ অফিসারের বিরুদ্ধে রেপ কেস হয়নি। এই রকম কোনও রেকর্ড দেখানো যাবে না। তিনি সঠিকভাবেই বলেছেন, একটা সত্যি কথাই তিনি বলে ফেলেছেন, বাস্তব চিত্রটা হচ্ছে—ক্যাডার বাহিনী যদি নারী নির্যাতনের ঘটনা ঘটাতো তাহলে ডায়রি করা যেত না। ডায়রি করা হত না। এটাই বাস্তব চিত্র। বর্তমান সময়ে নারী নির্যাতনের ঘটনা ঘটলেও, হত্যাকাণ্ড ঘটলেও দ্রুত ব্যবস্থা নেওয়া হয়। শাস্তি দেবার ব্যবস্থাবলম্বিত হয়। আপনাদের সময়ে তার কোনও বিচার হত না। নালিশ রেকর্ড হত না। বর্তমান সময়ে অপরাধীদের শাস্তি দেবার ব্যবস্থা করা হয়। কিন্তু বর্তমান ক্ষেত্রে অপরাধ ঘটলে সেক্ষেত্রে ব্যবস্থা নেওয়া হয়। অপরাধ সৃষ্ঠির জন্য কে দায়ী? ঘটনা ঘটার জন্য তো আমরা দায়ী নয়। আপনাদের দায়িত্ব নেই? ওই যে আই. এম. এফের শর্তে বিদেশের কাছে মাথা বিকিয়ে দেওয়ার চেষ্টা করেছেন, তার ফলে গত বছর যেখানে আমেরিকান চলচিত্র একশোর বেশি আসতে পারে নি, সেখানে এবারে আমেরিকান চলচিত্র অবাধে ভারতে প্রবশে করতে পারে, তার ব্যবস্থা করেছেন এবং সেই সব বিদেশি চলচিত্রে যেখানে বিপথগামী যৌবন, যেখানে উচ্ছৃঙ্খল যৌবনের দাপট সেই চলচিত্র অবাধে ভারতে নিয়ে এসে মানসিক বিকৃতির, বিকৃত চিন্তা-ভাবনার জন্ম দিচ্ছেন এবং সে সমস্ত উসকে দিচ্ছেন। যেভাবে বেড়ে যাচ্ছে বিকৃত চিন্তা-ভাবনা, অপ-সংস্কৃতির তার ফলেই বিপথগামী কিছু ঘটনা ঘটছে, আমরা তার ব্যবস্থা নিচ্ছি। আপনারা এই পরিবেশ তৈরি করেছেন। তারজন্য কৈফিয়ত আপনাদের দিতে হবে। যেখানে আইন-শৃঙ্খলার ঘটনা ঘটছে, নারী জনিত বিকৃত মানসিকতার ঘটনা ঘটছে সেই পরিবেশ তৈরির দায়-দায়িত্ব আপনাদের নিতে হবে। কৈফিয়ত মানুষ আপনাদের কাছে চাইবে। সেখানে মানুষের কাছে জবাবদিহী আপনারা দেবেন। দুর্নীতির কথা বলছেন, আপনাদের মুখে সেটা মানায় না। গোটা পশ্চিমবাংলায় পঞ্চায়েত চলছে। দীর্ঘ ১৪ বছর পঞ্চায়েত সাধারণ মানুষের মতামত নিয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে চলছে। তার মধ্যে দু-চারটে দুর্নীতির ঘটনা বা যেখানে হয়েছে, সেখানে হস্তক্ষেপ হয়েছে, ব্যবস্থা নেওয়া হয়েছে। আপনারা বলছেন দুর্নীতির কথা, কি করেছেন আপনাদের কাজের মধ্য দিয়ে জানতে চাই। আপনাদের দলীয় সংগ্রহ করতে গেলে যেখানে সাড়ে ২৬ টাকা দিতে হয় সেটা তুলে একজন বলছেন দিল্লিতে জমা দিয়েছি, আর একজন বলছেন দলীয় তবহিলে দিয়েছেন আর আরও একজন অন্য রকম বলছেন। সেই সঙ্গে এটা ঠিক দুর্নীতির কথা আপনাদের মুখে মানায় না। দুর্নীতির কথা বলে যতই কামান দাগুন, সেই আগুন আপনাদেরই গায়ে এসে লাগবে। সাম্প্রদায়িক সম্প্রীতির কথা বলছেন, আর লোকসভায় পদ ভাগাভাগি করছেন সাম্প্রদায়িক শক্তির সঙ্গে। ভবিষ্যতে কি করবেন জানি না, ভবিষ্যতে সাংবিধানিক পদ্ধতি নিয়ে সাম্প্রদায়িক শক্তির সঙ্গে ভাগাভাগি করবেন কিনা। তাই সাম্প্রদায়িক সম্প্রীতির কথা আপনাদের মুখে মানায় না। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব সমর্থন করছি এবং বিরোধীদের আনা সংশোধনী বাতিল করার জন্য আবেদন জানাচ্ছি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব সরকার পক্ষ থেকে নিয়ে এসেছেন তার বিরোধিতা করে এবং আমার এবং আমার দলের অন্যান্য সদস্যদের আনা সংশোধনী প্রস্তাবগুলি সমর্থন করে বক্তব্য রাখছি। ভেবেছিলাম, ১৫ বছর পদে থেকে রাজনীতি ক্ষেত্রে যিনি ঐতিহ্য সৃষ্টি করেছেন তাঁর

নাম বিখ্যাত গিনিস বুকে উঠবে স্বভাবতই, তাই পার্ক স্ট্রিটের একটা দোকানে খোঁজ করতে গিয়েছিলাম। তা দেখলাম, মাননীয় তথ্যমন্ত্রী বুদ্ধদেববাবু তাঁর কর্তব্যটা করেন নি। কারণ তাঁর নাম ওঠে নি। আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্যমন্ত্রীকে অনুরোধ করব, তাঁর নামটা পাঠিয়ে দেওয়া হোক। সেটা খারাপ বা অগৌরবের সেটা আগামী দিন বিচার করবে।

মিঃ স্পিকার ঃ সেটা আপনি করতে পারেন, যে কেউ করতে পারেন।

ডাঃ মানস ভুঁইয়া ঃ আপনি বললে করব। শুধু একটা কথা বলি, গতকাল থেকে আজ অবধি মাননীয় সদস্যদের বক্তব্য অধীর আগ্রহে শুনবার চেষ্টা করছিলাম। বুঝতে পারছিলাম না, এটা লোকসভায় কেন্দ্রীয় অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিংহের পেশ করা বাজেটের উপর আলোচনা না বাংলার রাজ্যপাল ১৯৯২-৯৩তে বাজেট অধিবেশন উদ্বোধন করে যে বক্তব্য রেখেছেন তার পরিপ্রেক্ষিতে আলোচনা চলছে।

[2-40 – 2-50 P.M.]

ভারতবর্ষের আন্তর্জাতিক অবস্থা, অর্থনৈতিক অবস্থা—এ সব তো অনেক দূরের ব্যাপার। বাংলার ৪০ হাজার গ্রাম, তার ৬ কোটি মানুষ, আমাদের রাজ্যপাল, আমাদের বিধানসভা, আমাদের মুখ্যমন্ত্রীর ১৫ বছরের রাজত্ব—এই জায়গায় দাঁড়িয়ে এবং তার একটা মূল্যায়ন করে আমাদের ভাবতে হবে যে কোনও জায়গায় আমরা দাঁড়িয়ে আছি। ১৫টা বছর একটা জীবনে নিশ্চয় কম কথা নয়, একটা সরকারের ক্ষেত্রে ১৫টা বছর তো নিশ্চয় কম কথা নয়। ১৫ টা বছর পেরিয়ে আসার পর বর্তমানের মাটিতে দাঁড়িয়ে অতীতের পর্যালোচনা কিম্বা ভবিষ্যতের স্বপ্ন দেখার যে সুযোগ সেখানে বাংলার একজন যুবক হিসাবে তা দেখতে গিয়ে আমরা আঁতকে উঠছি। আঁতকে উঠছি এই কারণে যে রাজ্যপালের ভাষণে ছোট্ট ৫টি লাইনে রাজ্যের আইনশৃঙ্খলা ভাল, কয়েকটি নারীর উপর নির্যাতন ঘটেছে ইত্যাদি কয়েকটি কথা বলেই শেষ করে দিয়েছেন। যেখানটাতে সবচেয়ে বেশি বলা উচিত ছিল সেখানে তা বলা হয়নি। স্যার, আমি তথ্য নিয়ে ব্যাপারটি পর্যালোচনা করে দেখছিলাম। রবীন্দ্রনাথ, নজরুল, সুকান্তের যে বাংলাকে নিয়ে আমরা গর্ব করি, যাকে নিয়ে গর্ব করে আমাদের রাজ্যের তথ্যমন্ত্রী দাবি করেন যে সুকান্তের ঐতিহ্যের প্রাণ সম্পদের ধারকবাহক বলে, তাদের রাজত্বে ১৫ বছরে বাংলা কোনও লজ্জায়, কোনও অবস্থায় এসে দাঁড়িয়েছে সেটা একটু বলি। স্যার, যে সাম্প্রদায়িক সম্প্রীতির কথা আমরা বড় মুখ করে বলি পশ্চিমবঙ্গে সেই সাম্প্রদায়িক সংঘর্ষ—রায়ট হয়েছে ১৯৯০ সালে ৬ হাজার ৬৭৬টি। ইনফরমেশন সোর্স—ক্রাইম ইন ইণ্ডিয়া ১৯৯০। এটা পড়ে নিন। এখানে মেয়েদের উপর অত্যাচার হয়েছে, নির্যাতন হয়েছে—রেকর্ডেড রেপ ১৯৯০ সালে ৫৬১টি। পশ্চিমবঙ্গে খুন হয়েছে ১ হাজার ৬১০টা। এরমধ্যে রাজনৈতিক হত্যা শতকরা প্রায় ৬৫ থেকে ৪.৭০ ভাগ। অ্যাটেম্পট টু মার্ডার, খুন, রেপ এইসব মিলিয়ে কগনিজেবল অফেন্স পশ্চিমবঙ্গে হয়েছে ৬৬ হাজার ৬৪৪টি। আমরা যদি রায়টের কথা ধরি ভারতবর্ষের ২৫টি রাজ্যের মধ্যে এ ব্যাপারে পশ্চিমবঙ্গের স্থান ষষ্ঠ, রেপের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান সপ্তম, খুনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান ৮ম। স্যার, মাননীয় মন্ত্রীরা, যারা এখানে আছেন তাদের আপনার মাধ্যমে বলি, লজ্জার একটা লজ্জা থাকে, সেই

লজ্জাও আপনারা হারিয়েছেন। রবীন্দ্রনাথ, নজরুল, সুকান্তের বাংলাকে আপনারা আজ এই জায়গায় নিয়ে এসে দাঁড় করিয়েছেন। মহিলাদের উপর অত্যাচার, পরিকল্পনা মাফিক রাজনৈতিক হত্যা, সাম্প্রদায়িক সম্প্রীতির নাম করে বি. জে. পি.র সঙ্গে বন্ধু সরকার তৈরি করা ইত্যাদির মাধ্যমে আজকে আপনারা পশ্চিমবঙ্গকে এই জায়গায় এনে দাঁড় করিয়েছেন। গতকালও আপনারা লোকসভায় যে নোংরামি করেছেন সেটা আমরা দেখেছি। এখানে যে পরিবেশ ছিল সেটাকে নষ্ট করে, সাম্প্রদায়িক সম্প্রীতি এবং আইনশৃঙ্খলার পরিস্থিতিকে ভেঙ্গে চুরমার করে দিয়ে আপনারা বাংলার বুকে আপনাদের রাজত্ব চালিয়ে যাচ্ছেন। অথচ মাননীয়া রাজ্যপালের ভাষণের মধ্যে সে কথার উল্লেখ নেই। তাই এই ধরনের একটা ভ্রষ্টাচারী সরকারের রাজনৈতিক ব্যভিচারের এই দলিলকে আমরা সমর্থন করতে পারি না। স্যার, আগামী ১লা এপ্রিল থেকে অষ্টম পরিকল্পনা শুরু হবে। যখন সারা ভারতবর্ষে প্রায় ৩ কোটি বেকার তখন শুধু পশ্চিম বাংলাতেই ৫২ লক্ষ বেকার। এই আন-এমপ্লয়েডদের নিয়ে আমাদের ৮ম পরিকল্পনায় যাত্রা শুরু করতে হচ্ছে। ভাঙা-চোরা অর্থনীতির মাঝে দাঁড়িয়ে ৫২ লক্ষ নথিভুক্ত বেকারের সঙ্গে বিরাট সংখ্যক নথিভুক্ত নয় এমন বেকার যুবকদের নিয়ে, মোট ৭৩ লক্ষের ওপর আন-এমপ্লয়েড যুবকদের নিয়ে '৯২ সালের প্রথম থেকে '৯৭ সাল পর্যন্ত ৮ম পরিকল্পনায় পশ্চিমবাংলাকে হাঁটতে হবে। কি পরিস্থিতির মধ্যে আমরা দাঁড়িয়ে আছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৫ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে শুরু করে বক্তব্য রেখে আমি আপনাকে ভারাক্রান্ত করতে চাই না। ওঁরা অর্থনীতির কথা বলেন। ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় রাজ্যের পরিকল্পনা বরাদ্দ ৩৫০০ কোটি টাকা ধরা হয়েছিল, ওঁরা মাত্র ২৩০০ কোটি টাকা খরচ করেছিলেন। বাকিটা কেন পারেন নি? ল্যাক অফ নন-মবিলাইজেশন অফ দি অ্যাডিশনাল রিসোর্সেস বাই দি স্টেট গভর্নমেন্ট। অপদার্থতা, নগ্ন দলবাজি, রাজনৈতিক প্রচার ইত্যাদির মধ্যে দিয়ে এই সরকারের রাজনৈতিক সিদ্ধান্ত নেওয়ার যে একটা পলিটিক্যাল অ্যাটিচ্যুড, তার ভিক্টিম হতে হয়েছে বাংলার মানুষকে। আর এই নরঘাতকের দল দুর্বাগ্যবশত গণতান্ত্রিক ব্যবস্থার সুযোগ নিয়ে এখনও এই ঘরে বসে আছে। এটাই বাংলার সব চেয়ে কালো সময়। মুখে মার্ক্সবাদের কথা বলবেন, আর গণতান্ত্রিক কাঠামোর সুযোগ নিয়ে বিধান সভায় মন্ত্রী সেজে বসে থাকবেন, পৃথিবীর কোনও মার্ক্সবাদী তত্বে এই কথা লেখা নেই। সে জন্যই তো এঁরা স্ববিরোধিতায় ভুগছেন। সি. পি. এম. আজকে একটা এমনই রাজনৈতিক দল, যে কিনা সাফারিং ফ্রম দি সেলফ কন্ট্রাডিকটরি পলিটিক্যাল স্ট্যাণ্ড। ফলে এঁরা আজকে বাংলার মানুষকে জীর্ণ, শীর্ণ অবস্থার মাঝে এনে দাঁড় করিয়েছেন। ফলে আজকে বাংলার মানুষকে প্রায়শ্চিত্ত করতে হচ্ছে। অথচ অত্যন্ত দুঃখের সঙ্গে আমরা লক্ষ্য করছি যে, সে কথা মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে লেখা নেই। তাই রাজ্যপালের ভাষণকে সমর্থন করা যায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখলাম, মাননীয় রাজ্যপাল তাঁব বক্তৃতার সিংহ-ভাগটাই কেন্দ্রীয় সরকারের ইণ্ডাস্ট্রিয়াল পলিসির দিকে নিয়ে গেছেন। আমাদের মহান মুখ্যমন্ত্রীর বক্তব্যের একটা ছাপানো বই বেরিয়েছে, মহান তথ্য মন্ত্রী ১০ টাকার বিনিময়ে সেটা বিলি করার ব্যবস্থা করেছেন। আমরা খুবই সৌভাগ্যবান। যদিও আমি এখন পর্যন্ত সেটা পাই নি। বহু কষ্টে অন্যের কাছ থেকে দেখবার জন্য এক কপি যোগাড় করেছি। সদস্যদের এখনও দেওয়া হয় নি। জানি না দেওয়া হবে কিনা, অত বড় মুখ্যমন্ত্রীর বক্তব্য, অত বড় তথ্য মন্ত্রীর প্রকাশিত বই। তাতে তিনি কি বলছেন, "সোসিও পলিটিক্যাল Socio-Political Scene in our Country in 200 will

depend to a large extent on the type of approach we choose to adopt in planing for production in major sectors such as agriculture, industry. There can be broadly two alternative types of approach for production and sevlices. বলে কতকগুলি সাজেশন রেখেছেন।

[2-50 – 3-00 P.M.]

এরা শিক্ষা নিয়ে খুব চিন্তিত, শিল্প নিয়ে খুব চিন্তিত এবং কৃষি নিয়ে খুব চিন্তিত। বাংলার কৃষকের দু-হাতের পরিশ্রম, তাদের ঘাম ঝরানো পরিশ্রম এবং এর সাথে বিজ্ঞান প্রযুক্তি রয়েছে। আপনি জানেন, ডেনসিটি অফ পপুলেশন পশ্চিমবাংলায় বেশি। পার স্কোয়ার অফ দি কিলোমিটার অফ দি এরিয়া হচ্ছে ৬৭৭ জন, ভারতবর্ষের বুকে সবচেয়ে বেশি। সেখানে বাঁচতে গেলে খাটতে হবে, পেটের অন্য জোগাড় করতে হবে। এটা বামফ্রন্ট সরকারের কৃতিত্ব নয়, বাংলার মানুষের কৃতিত্বের ফল। কিন্তু শিক্ষা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে একটা বই আছে, রিসেন্ট বইটি বেরিয়েছে, ইকনমিক ইয়ার বুক ১৯৯১-৯২। তাতে দেখছি, ২৫টি রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ শিক্ষাক্ষেত্রে ১৭ তম স্থানে। লজ্জার ব্যাপার, কোনও জায়গায় আমরা দাঁড়িয়ে আছি। গত ১১ বছর ধরে যে রাজ্য ২৫ পারসেন্ট এডুকেশনের জন্য বাজেটে খরচ করেছেন তাহলে কার মহাপাপে, কার অভিশাপে বাংলার ছাত্রসমাজ যারা আগে ২৫টি রাজ্যের মধ্যে যেখানে দ্বিতীয় স্থানে ছিল আর এই ১৫ বছরের মধ্যে ১৭ তম স্থানে নামতে হল? কে এর জবাব দেবে? ১৫ বছর ধরে আপনারা রাজত্ব করছেন। তাই তদানীন্তন প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী লিটারেসি মিশন, টেকনোলজিক্যাল মিশনের কথা ভেবেছিলেন এবং তৈরি করেছিলেন। ৫টি সাবজেকটের উপর কনসেনট্রেশন দেওয়া হয়েছিল। কিন্তু এখানে মহামান্য নেতার নেতৃত্বে ২ বছর অবহেলা করলেন। লিটারেসি মিশনের কাজকর্ম বন্ধ রাখলেন বাংলার বুকে। ২ বছর পরে যখন সম্যক ধারণা হল তখন এগুলেন গুটি-গুটি পা-পা করে। তখন কিন্তু অন্য রাজ্যগুলো অনেকদূর এগিয়ে গেছে। ঠিক হল, নিরক্ষরতা দূরীকরণের জন্য কেন্দ্র দেবে ২ ভাগ টাকা আর রাজ্য দেবে ১ ভাগ টাকা। আমি মেদিনীপুর জেলার মানুষ, বিদ্যাসাগরের জেলা। যে জেলায় শিক্ষার ক্ষেত্রে প্রতি ঘরে ঘরে আলো ঝরেছে, সেই জেলার ২০ লক্ষ নিরক্ষর মানুষকে সাক্ষর করে তুলবেন বললেন ১৯৯০ সালে। কেন্দ্রের ২২ কোটি টাকা আর রাজ্যের ১১ কোটি টাকা এই ৩৩ কোটি টাকা দিয়ে নিরক্ষরতা কর্মসূচি চালু করা হবে। এক্ষেত্রে তথ্য থেকে দেখা যাচ্ছে কেন্দ্র দিয়েছেন ২২ কোটি টাকা আর রাজ্য সরকার দিয়েছেন ১ কোটি ৫ লক্ষ টাকা। কোনও জায়গায় আমরা দাঁড়িয়ে আছি? এটা আমার অভিযোগ নয়, জনসাধারণের অভিযোগ। কি [***]?

মিঃ স্পিকার ঃ ধাপ্পাবাজি কথাটা বাদ যাবে।

তাহলে বলি প্রবঞ্চনা। একটি ছোট গ্রাম আলমগিরি। কেন্দ্রীয় সমীক্ষক দল পর্যবেক্ষণ করতে এসেছেন। তাদের দেখানোর জন্য ৫ ক্লাশ, ৬ ক্লাশ এবং টেন ক্লাশের ছাত্রদের সেখানে নিয়ে যাওয়া হয়েছিল সাক্ষরতার কাজ এগুচ্ছে বলে। গ্রামের মানুষ প্রতিবাদ করতে এগিয়ে

*Note : [Expunged as ordered by the chair]

এসেছিল। বি. ডি. ও তাদের তাড়া করলেন, প্রতিবাদ করা যাবে না। এতে জনগণ আরও বিক্ষুব্ধ হয়ে উঠলেন। পুলিশ দিয়ে তাদের তাড়া করা হল, মানুষ রোষে ফেটে পড়ল। একটা যুবকের ঘাড়ে দোষ চাপিয়ে ৩০৭ ধারা দিয়ে খুনের অভিযোগে অ্যাটেমপ্ট টু মার্ডার কেস দিয়ে গ্রেপ্তার করা হল বাড়ি থেকে তুলে নিয়ে এসে। কোনও জায়গায় আমরা দাঁড়িয়ে আছি? মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু সোসাল Social and political Secnerio in 2001 স্বপ্ন দেখেছিলেন শিক্ষাকে সামনে রেখে। তাঁর নেতৃত্বে তাঁর ক্যাডার বাহিনী তাঁর অফিসাররা বাংলার বুকে সম্পূর্ণভাবে শিক্ষার নামে প্রবঞ্চনা করেছেন, হঠকারিতা করেছেন। মানুষের সম্পদ, ধর্ম নিয়ে শিক্ষার এক কলঙ্কজনক ইতিহাস রচনা করেছেন, এই জায়গায় দাঁড়িয়ে আমাদের যে প্রতিবাদ তার প্রতিফলন হয় নি বলে মাননীয় রাজ্যপালের এই বক্তব্যকে আমরা সমর্থন করতে পারলাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার চলে আসছি কর্মসংস্থানের কথায়। অনেক কথা বলা হয়েছে। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী ছিলেন, চলে গেলেন, থাকলে ভাল হত, আমরা জেলার লোক, ১০ বছর ধরে সভাপতিত্ব করেছেন। কি করেছেন, রেকর্ড বলছে ১৯৮৭-৮৮ সালে এন. আর. ই. পি.তে টার্গেট ছিল ২২৫.৭ লক্ষ ম্যানডেজ, আমরা অ্যাচিভ করেছিলাম ১৫৫.১ লক্ষ ম্যান ডেজ। ১৯৮৮-৮৯ তে গ্রামীণ কর্মসংস্থানে আমাদের টার্গেট কত ছিল, ২১৫.৭ লক্ষ ম্যানডেজ, অ্যাচিভ করেছিলাম আমরা ১৩৫.২ লক্ষ ম্যানডেজ, গ্রামীণ কর্মসংস্থানে আমরা রীচ করেছিলাম ৬৩ পারসেন্ট, অ্যাচিভমেন্ট রেট, বিরাট এগিয়ে গেছে। ২৫টি রাজ্যের মধ্যে এই ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ১৬তম জায়গায়। নূতন করে তৈরি হল জহওর রোজগার যোজনা। জে. আর. ওয়াই, আর. এল. ই. জি. পি. এবং এন. আর. ই. পি. দুটো মিলিয়ে গ্রামের জন্য তৈরি হল জওহর রোজগার যোজনা শহরাঞ্চলের জন্য তৈরি হল নেহেরু রোজগার যোজনা, তাতে আমরা দেখছি আমাদের সেখানে রিসেন্ট রিপোর্ট ৩৫ পারসেন্ট। রিসোর্সেস কাজে লাগাতে পারে নি। গ্রামীণ কর্মসংস্থান এই জায়গায় গিয়ে মার খাচ্ছে, পঞ্চায়েতগুলি দুর্নীতির আঁস্তাকুড়ে পরিণত হয়েছে। প্রতিটি গ্রাম. পঞ্চায়েত মার্ক্সবাদী কষাইখানায় পরিণত হয়েছে, মার্ক্সবাদী ডাকাতরা থাবা বাড়িয়ে গ্রামের মানুষদের শোষণ করছে। প্রতিটি অফিস মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির রক্তলোলুপ থাবা গ্রামের মানুষের উপর অত্যাচার করছে। আজকে আমি বলছি প্রতিটি ব্লকে ব্লকে, গ্রামে গ্রামে মানুষের কান্না, বেকার যুবকের যন্ত্রণা, মায়েদের উপর নির্যাতন, শিক্ষার ক্ষেত্রে রাজনীতি, সার্বিক ক্ষেত্রে পশ্চিমবঙ্গে, বঙ্গেশ্বরের রাজত্বে অন্ধকার নেমে এসেছে। রবীন্দ্রনাথ, নজরুলের বাংলায় রক্তের হোলী খেলা চলছে। বিদ্যাসাগরের বাংলাকে অশিক্ষার অন্ধকারে ঠেলে দেওয়া হয়েছে। বাংলার টগবগে ফুটন্ত যৌবনকে বিকৃত যন্ত্রণার পথে ঠেলে দেওয়া হচ্ছে, রাজনীতির নরকে মাথা কুটে মরছে। সেই চিত্র মাননীয় রাজ্যপালের ভাষণে নেই। বাংলার মানুষেরা পানীয় জলের জন্য অশেষ অসুবিধা ভোগ করছে, বাংলার গ্রামের মায়েদের কয়েক কিলোমিটার দুর থেকে নদীর জল আনতে হচ্ছে পানের জন্য। আজকে কৃষক ভাইয়েরা একটু বিদ্যুতের জন্য হাহাকার করছে, তাদের চাষের জন্য, তারা সামান্যতম খাদ্যও চাইতে গিয়ে রেশন দোকানে দাঁড়িয়ে থাকে মার্ক্সবাদী কমিউনিস্ট বন্ধুদের রেকমেণ্ডেশন ছাড়া রেশন দোকানে খাবার পায়না। এই জায়গায় দাঁড়িয়ে ১৫ বছরের বঙ্গেশ্বর। গত কাল গিনিস রেকর্ড বুকে তাঁর নাম না দেখে আমি অবাক হয়েছি। রাজ্যপাল মহাশয়ের ভাষণ দেখে অবাক হইনি, সমস্ত রাজনীতির প্রতিবাদ নিয়ে আমরা রাজ্যপাল মহাশয়ের ভাষণের প্রতিবাদ করছি তার কারণ এটা একটা রাজনীতির

দলিল। রাজনীতির আঁস্তাকুড়, রাজনৈতিক তথ্যচিত্র। বাংলাকে এগিয়ে নিয়ে যাবার কথা এখানে নেই, বাংলার বাস্তব চিত্র এখানে নেই, বাংলার মানুষকে এগিয়ে নিয়ে যাবার কোনও কথা এখানে নেই। এই কথা বলে রাজ্যপাল মহাশয়ের ভাষণের প্রতিবাদ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-00 – 3-10 P.M.]

শ্রী বিষ্ণুপদ বেরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করছি। তার আগে আমার চমৎকার বিরোধী বন্ধুদের একটু অভিনন্দন জানাচ্ছি। বহিঃর্বিরোধিতা, অন্তঃর্বিরোধিতা, স্ববিরোধিতা, পরস্পর বিরোধিতা—বিরোধিতার নানা ক্ষেত্রে ওঁরা বিচরণ করেন এবং বিশ্বাস করেন। আমি ওঁদের দীর্ঘ জীবন কামনা করি। উপনিষদে ব্রহ্মাকে বলেছেন ঊর্দ্ধমুখী। ব্রহ্মাকে আমি দেখিনি, কিন্তু দিল্লিমূল কংগ্রেসকে আমি দেখেছি। ওঁরা দিল্লি থেকে শিখে হেডমুণ্ডে যেভাবে বসে থাকেন তাতে স্বাভাবিকভাবে আমাদের সমস্যায় পড়তে হয়। যারা মাথা দিয়ে হাঁটেন এবং গোড়ালি দিয়ে বিদ্যাচর্চ্চা করেন তাদের দিয়ে সার্কাস চলতে পারে, কিন্তু দেশ চলে না। ওঁদের সমস্ত আলোচনা বিপরীত থেকে করা হয় যা খণ্ডিত, অপূর্ণ বলে মনে করছি। অন্যান্য বিরোধী দল, তাঁদের কথা থাক, কারণ দেখা গেছে, অন্য বিরোধী দলের সুষ্ঠু কোনও বক্তব্যই নেই। তাঁদের বক্তব্য এইরকম গোল হলে পান্তুয়া, লম্বা হলে ল্যাঞ্চা। ওঁরা বলছেন, রাজ্যপালের ভাষণে আমাদের দেশে কেন্দ্রীয় সরকার সৃষ্ট সঙ্কটের যে কথা বলা হয়েছে সেই কথাটা অসত্য। ওঁরা কথায় কথায় আনছেন চিনের দৃষ্টান্ত যাঁরা নাকি আই. এম. এফ., ওয়ার্ল্ড ব্যাঙ্কের ঋণ তাদের শর্ত মেনে নিয়ে গ্রহণ করেন। আমাদের দেশে সাধারণভাবে যেসব বই পাওয়া যায় তাতে দেখতে পাচ্ছি, বিশ্বগত লেনদেন স্বাভাবিক যে নিয়ম তার সঙ্গে ভারতবর্ষের গৃহীত শর্তগুলিকে গুলিয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। ভারতবর্ষ যে শর্তে ঋণ গ্রহণ করেছে তারসঙ্গে চিনের স্বাভাবিক লেনদেন মেলে না। চিনকে একথা বলা হয়নি যে, খাদ্যে সাবসিডি তুলে দিতে হবে, সরকারকে কোনও ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে. ট্রেনের ভাড়া কি হবে, বাজেট-নীতি কি হবে। এসব শর্ত মানার কথা ওঁদের অর্থমন্ত্রী ভাবতেও পারেন না। বরং বলতে পারেন, 'আমাদের না হলে আমেরিকার চলবে না।' আমাদের দেশের অর্থমন্ত্রী একথা বলবেন সেটা কল্পনাও করতে পারেন না, কারণ সেই পৌরুষ ভারতবর্ষের কংগ্রেস সরকারের নেই। তাই আমরা দেখেছি রাজ্যপালের ভাষণে প্রতি মুহূর্তে প্রতিফলিত হয়েছে একটা সতর্কবাণী ভারতবর্ষের জাতীয়তাবাদী আন্দোলনের পীঠস্থান এই কলকাতায়। বাজেট অধিবেশনের প্রথমেই রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণে সংবিধানের সার্বভৌমত্ব রক্ষা করার যে দায়িত্ব তিনি গ্রহণ করেছেন তার জন্য তাঁর ধন্যবাদ প্রাপ্য। আমাদের সারা দেশে যে ঘনায়মান সঙ্কট সেই সঙ্কট বাড়বে। আমরা একথা জানি যে সঙ্কট বাড়ছে, বাড়বে। পশ্চিমবঙ্গের যে যে ক্ষেত্র তুলে আমাদের বিরোধীরা বক্তব্য বলতে শুরু করলেন, তারা প্রতিয়মান করার চেষ্টা করেছেন যেন পশ্চিমবঙ্গ একটা স্বাধীন স্বয়ংশাসিত রাজ্য, সেই রাজ্যের তারা সমালোচনা করছেন, কিন্তু ব্যাপারটা তা নয়। আমরা জানি অর্থনৈতিক সঙ্কট বাড়বে, আমরা জানি আরব্ধ কাজ শেষ করার যাবে না, আমরা জানি পশ্চিমবাংলায় আমরা যে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করছি তাকে ধ্বংস করার সর্ব ধরনের চেষ্টা চলছে, চক্রান্ত চলছে, আমরা জানি যে এখানকার যা কিছু গ্রামোন্নয়নের কাজ গোটা ভারতবর্ষে তার

বিপরীতমুখী চক্রান্ত শুরু হয়েছে। কাজেই প্রতিটি কাজের মধ্যে সঙ্কট আসবে এবং সঙ্কট বাড়বে। এই সঙ্কট মোকাবিলা করার জন্য রাজ্যপালের ভাষণে যে ইঙ্গিত আছে, যে নির্দেশিকা আছে সেটাই আজকের দিনে সবচেয়ে মুল্যবান জিনিস। আমরা যে দেশে বাস করছি সেই দেশ তার বিরাট মুল্যবোধকে বিসর্জন দিয়ে কোনও কিছু করেনি। ভারতবর্ষের এত হাজার বছরের ইতিহাস দেখলে দেখা যাবে যে ভারতবর্ষের মূল্যবোধকে বিসর্জন দিয়ে কোনও কিছু করার কথা চিন্তা করেনি। কিন্তু আজকে সেই মূল্যবোধকে বিসর্জন দেওয়া হচ্ছে। স্বাধীনতা, সার্বভৌমত্ব, নিজের ভাগ্য নিজের রচনা করার যে অধিকার, ভুল করারও যে অধিকার, যেগুলি পবিত্র অধিকার বলে আমাদের দেশের মনীষীরা বলেছেন, সেই সমস্ত অধিকারগুলিকে নির্বিকারে বিসর্জন দেওয়া হচ্ছে। আমরা দেখছি যে সরকার সঙ্কট মোচনের জন্য যে ব্যবস্থা নিচ্ছেন তাতে জনগণের সঙ্কট বাড়ছে। ভারতবর্ষের ইতিহাসে এই রকম নির্মম, নির্লজ্জতা কখনও দেখা যায়নি যে একটা সরকার সঙ্কট মোচন করার জন্য যে ব্যবস্থা নিচ্ছেন তাতে জনগণের সঙ্কট বাড়ছে। অর্থাৎ সরকার এবং জনগণ পরস্পর একটা বৈরিতার মধ্যে পড়ে গেছে। এই হচ্ছে অবস্থা। ভারতবর্ষে আমরা কি দেখেছি? আমরা দেখেছি বৈশ্যতামূলক মৈত্রী শতাব্দীর অনেকদিন আগে থেকে এই দেশে ইংরেজরা চালু করেছিলেন। ইতিহাসের আস্তাকুড় থেকে এই বৈশ্যতা মূলক মৈত্রী নিয়ে এসে তারা আমাদের দেশে জোর করে চালু করেছিলেন এবং আমাদের দেশীয় রাজন্যরা যারা এই বৈশ্যতাকে মেনে নিয়েছিলেন, ইতিহাসে তাদের আমরা ঘৃণা করি। আজকে সেই বৈশ্যতা মূলক মৈত্রী শুধু নয়, বলা হচ্ছে যে এটাই আমাদের জাতীয় দর্শণ, এটাই আমাদের মুক্তির পথ। গোটা ইতিহাসে এতবড় বিকৃতি আর দেখা যায়না। কংগ্রেসের কল্যাণে ইণ্ডিয়ান ইণ্ডিপেন্ডেন্স অ্যাক্ট পাস হয়েছিল লণ্ডনে। আজকে আমরা কি ইণ্ডিয়ান ইণ্ডিয়ানাইজেশন অ্যাক্ট আমেরিকায় পাস হতে দিতে পারি? আজকের দিনে গোটা দেশকে সেই পরিণতির দিকে নিয়ে যাওয়া হচ্ছে। এক সময়ে আমাদের দেশের বাজেটে নকশা তৈরি হত লণ্ডনে। আজকে সেই বাজেটের নকশা আমেরিকায় তৈরি হচ্ছে এবং বলা হচ্ছে যে আমাদের দেশপ্রেমের পরিচয় হচ্ছে সেটা মেনে নেওয়া এটা কি কখনও সম্ভব? গোটা ভারতবর্ষের ইতিহাস কি আমাদের সেই শিক্ষা দেয়? খুব বেশি দূর যেতে হবেনা, আমাদের পাঠ্য ইতিহাস থেকেই এই চেতনা বেরিয়ে আসে। এই যে বিরাট সঙ্কট যেটা সৃষ্টি করা হয়েছে তার থেকে বেরিয়ে আসার সঙ্কেত রাজ্যপালের ভাষণে আছে। এখানে বলা হয়েছে যে সঙ্কট যতই মর্মান্তিক হোক, যতই দুর্বিসহ হোক, এই সরকার জনকল্যাণ মূলক কাজ এবং সাম্প্রদায়িক সম্প্রীতি এবং অন্যান্য সমস্ত কিছু তার যে লক্ষ্য সেই লক্ষ্যে অবিচল থাকবে। কিন্তু সমস্ত লক্ষ্যকে সরিয়ে দিয়ে গোটা দেশে নৈরাজ্য সৃষ্টি করার যে চেষ্টা তার বিকল্প পদক্ষেপ হিসাবে রাজ্যপালকে ভাষণ দিতে হবে এবং সেটাই হচ্ছে রাজ্যপালের ভাষণের যথার্থতা।

আমি আর একটা প্রসঙ্গে এখানে বলব। সেটা হচ্ছে নারী নির্যাতনের ঘটনা। এই ঘটনা বাড়ছে কি কমছে—এটা আমার কাছে বড় নয়। কারণ আমি একে ঘটনা বলে দেখিনি। আমি দেখেছি এক সভ্যতার বেদনার করুণ কাহিনী হিসাবে। সৌভাগ্যক্রমে আমি যে দেশের বিধানসভায় দাঁড়িয়ে কথা বলছি, সেই দলের দুটি মহাকাব্যের একটির অষ্টাদশ উপক্রমণিকায় আছে একটি নারীর উপরে নির্যাতন করা হচ্ছে, আর সে বাঁচার জন্য মরণপন সংগ্রাম

করছে। এই দেশ অপহৃত নারীর অশ্রুজলের সঙ্গে জড়িত হয়ে আছে শতাব্দীর পর শতাব্দী। সেই দুটি মহাকাব্যে আছে, প্রথমেই আমার মনে পড়ছে অন্ততঃ ১০টি নারী নির্যাতনের ঘটনা। অর্থাৎ ঘটনা আছে, সভ্যতার কলঙ্ক হয়ে আছে আমাদের যন্ত্রণা হয়ে আছে। কিন্তু আমি একটা প্রশ্ন করি, অভিধানে যাদের পণ্ডিত বলে তেমন কিছু লোক আপনাদের মধ্যেও আছে।

[3-10 – 3-20 P.M.]

এই নারী নির্যাতনের ঘটনাকে বিশ্বমনীষীর কোনও শাস্ত্রে বলেছে এটাকে বলে আইন-শৃঙ্খলার সমস্যা? আমরা যে নারী গর্ভে জন্মেছি, যে নারীর মমতায় লালিত হয়েছি সেই নারীর মর্যদার প্রতি যদি আমাদের বিন্দুমাত্র শ্রদ্ধা থাকে তাহলে এটাকে আইন-শৃঙ্খলার সমস্যা বলে এটাকে লঘু করা হবে এবং মাতৃজাতির প্রতি প্রবঞ্চনা করা হবে। আমাদের দেশের সার্বভৌমত্ব স্বাধীনতা গণতন্ত্র এইগুলি বিদেশের কাছে বন্ধক রেখে বিক্রি করার মতো পণ্য বিনিময় করে অর্থ সংগ্রহ করা হচ্ছে। জাতীয় নীতি বক্তৃতা করে ঘোষণা করে সদর্পে বলা হচ্ছে যে নূতন এক ব্যবস্থা যা ভারতবর্ষের ইতিহাসে কখনও কেউ দেখেনি, কেউ ভাবেনি। এমন কি ওঁদের নেতা মাহাত্মা গান্ধী, জওহরলাল নেহেরুও ভাবেন নি। এই রকম সঙ্কটময় মুহূর্তে মূল্যবোধগুলি সরিয়ে দিচ্ছে দেখতে পাচ্ছি। তাঁরা সমস্ত কিছুকে পণ্যে রূপান্তরিত করার একটা ব্যবস্থা করে ফেলেছেন যতটুকু চক্ষুলজ্জা ছিল সেটাকে বিসর্জন দিয়ে। সমস্ত কিছু পণ্য হয়েছে। ভারতবর্ষের সংস্কৃতি পণ্য হয়েছে, ভারতবর্ষের অস্তিত্ব পণ্য হয়েছে, ভারতবর্ষের মর্যাদাবোধ পণ্য হয়েছে। এই সভ্যতার মধ্যে দেখতে পাচ্ছি নারীর মহিমা, নারীর মাধুর্য এবং তারা দেহ পণ্য করার একটা ব্যবস্থা করা হয়েছে। আসুন সেই ব্যবস্থার মাঝখানে আমরা লড়াই করি। আমাদের লড়াই এই যে আমাদের যন্ত্রণা এই যন্ত্রণা নিরসন করার জন্য। আমরা মনে করি যে যতই বিপর্যয় আসুক, যতই দুর্বিপাক আসুক, পূর্ব ইউরোপের যতই বিপর্যয় আসুক এই গোটা সমাজ ব্যবস্থাকে উল্টো-পাল্টা করে দিয়ে তাকে সংস্কার করে তাকে এমন ভাবে পরিবর্তন করতে হবে যাতে নারীদের প্রতি যন্ত্রণার এবং বঞ্চনার অবসান হয়। এই লড়াই আমরা করি আসুন। জানি এটা সহজে করা যাবে না। এটাকে যাঁরা বাগাড়ম্বর দিয়ে ঢাকতে চান, লাভ জনক না অলাভ জনক এই দৃষ্টিভঙ্গি নিয়ে যাঁরা জগৎটাকে দেখেন তাঁরা একে কি ভাবে দেখবেন জানি না, কিন্তু এটা লাভ এবং অলাভ জনকের বাইরে। সভ্যতার পুঞ্জীভূত মাতৃদায়, তা যদি আমরা পালন করতে চাই তাহলে আর বাগাড়ম্বর নয়, আসুন সমাজটাকে আমুল পাল্টে দিয়ে যে লড়াইয়ে আমরা প্রতিজ্ঞাবদ্ধ তার পাশে এসে দাঁড়ান। আমরা মনে করি যে প্রিয় স্বদেশ ভূমি, তার যে সম্পদ, তার যে প্রাকৃতিক সম্পদ, তার যে খনিজ সম্পদ, তার যে শিল্প সম্পদ তা আমাদের জন্য উৎসর্গীকৃত মাতৃস্তন্য। কারা তাকে বিদেশের সামনে উন্মুক্ত করে দিচ্ছে, কারা তার থাবার সামনে উন্মুক্ত করে দিচ্ছে চিনুন তাঁদেরকে। তাঁদের ময়দানে দেখুন, রাস্তায় দেখুন, আয়নার সামনে দেখুন, কারা সব চিহ্নিত করুন তাঁদেরকে। আসুন সবাই মিলে আমরা ভারতবর্ষের ইতিহাস থেকে তাঁদেরকে দূরে সরিয়ে দিই, নচেৎ আমরা পারব না আমাদের জাতির প্রতি ঋণ শোধ করতে। আইন-শৃঙ্খলার কথা বলেছেন। যে প্রশ্নগুলি তুলেছেন সাধারণ ভাবে বিস্তারিত আলোচনা হবে, অন্য বাজেটের দিন এই সমস্ত প্রশ্নগুলি উঠবে। একটা জিনিস জেনে রাখুন যে দিন সুদীর্ঘ রাত্রি পরে সদ্যো জেগে উঠে কাল, সংশোধন করে আপনারে। দীর্ঘ রাত্রির পরে সময় যখন

সংশোধ করতে লাগবে সেই দিন কেউ পার পাবে না। আমাদের কাছে বক্তৃতা দিয়ে পার পাওয়া যায়, পৃথিবীর রক্ষাকর্তা আনন্দবাজার নয়, সময়ের রক্ষা কর্তা আনন্দবাজার নয়, কাজেই ইতিহাস যখন এর প্রতিশোধ নিতে শুরু করবে তখন চারিদিকে যে আগুন জ্বলে উঠবে তা থেকে কেউ কাউকে রক্ষা করতে পারবে না। এই পরম নিয়তির কথা কালকের ভোটের জেতা দিয়ে বুঝতে চায় যাঁরা, তাঁদের বুদ্ধির আমি প্রশংসা করতে পারছি না। ইতিহাস গতকাল শেষ হয়ে যায় নি, অব্যহত ইতিহাসের শেষ বিচার সময়ের দরবারে অপেক্ষা করছে আমরা তাকে বিশ্বাস করি এবং বিশ্বাস করি ইতিহাসের অনিবার্য পরিণতি মানুষের জয়। এই কথা বলে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় স্পিকার স্যার, আমি প্রথমেই রাজ্যপালের মুখ দিয়ে যে অসত্য কথাগুলো বলানো হয়েছে তার বিরোধিতা করছি। আমার দলের যেসব সদস্য সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছেন তা সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। প্রথমে এই সভার সদস্যদের কাছে আবেদন করব যাঁরা ট্রেজারী বেঞ্চে বসে আছেন, তাঁদের কাছে প্রশ্ন করি, আপনাদের বিবেকের কাছে প্রশ্ন করুন, আজ থেকে বহু বছর বাদে যখন আপনাদের রেজিমে পশ্চিমবাংলার অবস্থা আরও করুণ হবে, আগামী প্রজন্মকে আপনারা কী কৈফিয়ৎ দেবেন? এক থেকে বত্রিশ নম্বর অনুচ্ছেদে রাজ্যপালের প্রতিটি কথা পশ্চিমবাংলার বামফ্রন্ট গত ১৫ বছর ধরে যে অসত্য কথা বলে এসেছেন, অন্যায় কাজ করে এসেছেন, সেই অসত্য ও অন্যায় কাজগুলো রাজ্যপালের মুখ দিয়ে বলানো হয়েছে। আমি এক এক করে তথ্য দিয়ে প্রমাণ করতে চাই যে প্রতিটি ছত্রে, প্রতিটি অনুচ্ছেদ ভুলে ভরা। রাজ্যপালের ভাষণের ১২ নং প্যারায় বলা আছে পশ্চিমবাংলার সাধারণ আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল, অপরাধ নেই। যেটুকু আছে তা নিয়ন্ত্রণহীন। গত ৪ঠা ফেব্রুয়ারি কলকাতার মহাকরণে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বৈঠক করেছিলেন। বৈঠকে বসে পশ্চিমবাংলা সরকারের চীফ সেক্রেটারি এন কৃষ্ণমূর্তি কি বলেছিলেন? বলেছিলেন যে পশ্চিমবাংলার পুলিশ দিয়ে কিছু হচ্ছে না। এ আমার কথা নয়, কাগজের কথা। এই ভাবে চলতে পারে না। কি করতে হবে? জিনিসপত্রে দাম বাড়ছে। সীমান্ত জেলায় পুলিশ এবং বি. এস. এফ. যৌথ ভাবে সব মাল পাচার করছে। আমরা ক্যাডার নামাব। ক্যাডার নামিয়ে পাচার রোধ করব। অবাক বিস্ময়ে লক্ষ্য করলাম, বনগাঁ, বাগদা ও গাইঘাটায় বামফ্রন্ট শরিকরা, বিশেষ করে বড় শরিকদল মার্ক্সবাদী পার্টির কমরেডরা পাচারের বিরুদ্ধে নেমে বাংলাদেশ সীমান্তে পাচার করতে গেলে কংগ্রেস কর্মীরা বাধা দেন। আমি গতকাল এই কথা মেনশনে বলেছিলাম যে রাজ্য প্রশাসনকে আমরা সাহায্য করব। আমরা যখন প্রতিবাদ করতে গেছি তখন বাধাপ্রাপ্ত হয়েছি। গত দু মাসে আমাদের ১৫ জন কর্মী খুন হয়ে গেছে। গতকাল রাত্রে গাইঘাটার মানিহীরাতে গোপাল বিশ্বাস'এর মৃতদেহ পাওয়া গেছে। সে কংগ্রেস করত। তার অপরাধ, চোরা চালানে সে বাধা দিয়েছিল, সাট্টা খেলায় বাধা দিয়েছিল। মানিহীরা গ্রামে তাকে মেরে পুকুরে ফেলে দেওয়া হয়েছে। এটা আমার কথা নয়, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর কথা যে, সীমান্ত জেলায় চোরা চালান বেড়ে গেছে। পুলিশ বলেছে, তারা স্বীকার করেছে এই কথা। চোরা-চালান হচ্ছে, তা রুখতে পশ্চিমবঙ্গ সরকার যখন সীমান্ত এলাকায় ১৪৪ ধারা জারি করলেন, তার সুযোগ নিয়ে,

পুলিশের সহযোগিতা নিয়ে বামফ্রন্টের কর্মীরা বর্ডারে গিয়ে চোরাচালানে উৎসাহ দিচ্ছে। এ আমার কথা নয়, রেকর্ড বলছে। এবারে আমি পরবর্তী কথায় আসছি। এতক্ষণ ধরে যে আলোচনা হচ্ছে—পশ্চিমবাংলায় চুরি ছিনতাই বাড়ছে, আমাদের পাশের চেয়ারে মিনতি ঘোষ আছেন, তিনি নিশ্চয়ই জানেন, গতকাল থেকে মেনশন হচ্ছে। কলকাতা থেকে নর্থ বেঙ্গলে বাস যাচ্ছে, প্রতি বাসে ডাকাতি হচ্ছে। মিনতি ঘোষ, আমাদের মাননীয় বিধায়ক, তাঁর হাতের ঘড়ি ছিনতাই হয়েছে। লগনদেও সিং, মাননীয় বিধায়ক, তিনি নিজের স্ত্রীকে নিয়ে হাওড়ায় যাচ্ছিলেন, তাঁর স্ত্রীর হার ছিনতাই হয়েছে। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা ভাল। কলকাতা পুলিশের ডি. জি. নিজে স্বীকার করেছেন, পশ্চিমবাংলায় একের পর এক খুন বাড়ছে। কাগজে এটা বেরিয়েছে, বোম্বে রোডে ডাকাত দুজনকে পিটিয়ে হত্যা করেছে। আমরা দেখলাম হাওড়ার শ্যামপুর থানায় আজ থেকে একমাস আগে পুলিশের হেপাজত থেকে বন্দিকে ছিনিয়ে নিয়ে তিনজনকে পিটিয়ে হত্যা করা হয়েছে। এই হচ্ছে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি। চোরাচালান বন্ধে আমরা যখন বললাম পশ্চিমবাংলার স্বার্থে রাজ্য প্রশাসনকে আমরা সহযোগিতা করব, তখন আমরা বাধা পেলাম।

[3-20 – 3-30 P.M.]

আমরা দেখলাম একই পন্থায় দুদিন পরে বনগাঁতে দুজোড়া খুন হল। গ্রামের লোকেরা অপরাধীদের ধরবার জন্য পুলিশকে সহযোগিতা করতে চেয়েছিলেন কিন্তু পুলিশ নীরব ছিল। এবং শেষকালে জানা গেল যে, সেখানে বামফ্রন্টের কর্মীরাই পুলিশের সহযোগিতায় বনগাঁয় খুন করেছিল। সব থেকে মারাত্মক ব্যাপার হল যে, লালবাজারে চুরি হচ্ছে। যে লালবাজার কলকাতা পুলিশের হেড কোয়ার্টার, সেই লালবাজারে চোর ঢুকছে এবং গোয়েন্দা বিভাগও অবাক হয়ে যাচ্ছে লালবাজারের বুকে চোর ঢুকছে বলে। শুধু তাই নয়, সল্ট লেকে কলকাতার পুলিশ কমিশনার বীরেন সাহার বাড়িতে চুরি হয়ে গেল। যে পুলিশ কমিশনার আমাদের রক্ষা করবেন খোদ তার বাড়িতেই চুরি হয়ে গেল। যাঁর রক্ষা করার কথা তিনি নিজেই নিজেকে রক্ষা করতে না পারলে আমরা কি করে আশা করব যে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা পুলিশ ও স্বরাষ্ট্রমন্ত্রী রক্ষা করবেন। এখানে সমস্ত দলের বিধায়করাই বললেন যে, বাসে ডাকাতি হচ্ছে, ট্রেনে ডাকাতি হচ্ছে। আমাদের দক্ষিণ ধারে অধ্যক্ষ বিধায়ক বিষ্ণুপদ বেরা নারীর সম্মানের কথা বলেন গেলে অথচ মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে স্বীকার করেছেন যে পশ্চিমবঙ্গে কিছু নারী নির্যাতনের ঘটনা ঘটছে। আমরা কি দেখছি—একের পর এক নারী নির্যাতন ঘটছে। নারী নির্যাতনের ঘটনার কথা বলতে গেলে অনেক সময় দিতে হবে এবং তাতেও হয়তো বলা শেষ হবে না। তারই মধ্যে দু-একটি ঘটনার কথা আমি বলছি—কলকাতার বুকে তিলজলাতে ৪ বছরের মেয়েকে ধর্ষণ করা হয়েছিল, অভিযুক্তদের কাউকে গ্রেপ্তার করা হয় নি। ওই অভিযুক্তরা কারা—সি. পি. এমের কর্মী ওই ঘটনার সঙ্গে যুক্ত। তারপরে উত্তরবঙ্গের বালুরঘাটে এক আদিবাসী রমণীকে ধর্ষণের চেষ্টা করা হয়েছিল। কারা সেই রমণীকে ধর্ষণ করেছিল? আজকে বামফ্রন্ট সরকারের আমলে বামফ্রন্ট সরকারের কর্মীরাই সেই কাজ করেছিল। শুধু তাই নয়, ধর্ষণের জের হিসাবে দুটি গ্রামে আগুন লাগিয়ে দেওয়া হল। পুলিশের গুলিতে ৩ জন মারাও গেল। সবচেয়ে ইন্টারেস্টিং ঘটনা হল মানিকচকের ঘটনা। মানিকচকে যে গণ ধর্ষণ হয়েছিল তাতে আমরা কি দেখেছিলাম? ওই গণ ধর্ষণের

পরবর্তীকালে মার্ক্সবাদী কমিউনিস্ট নেতা এবং মন্ত্রী শ্রী সুবোধ চৌধুরী, সাংসদ মালিনী ভট্টাচার্য এবং নেত্রী শ্যামলী গুপ্ত ওখানে মিটিং করেছিলেন। সেই সভাতে মার্ক্সবাদী নেতা এবং মন্ত্রী সুবোধ চৌধুরী মানিকচকের ঘটনার অভিযোগে অভিযুক্তকারীদের সঙ্গে মিটিংয়ে নিয়ে এসেছিলেন। কোনও কংগ্রেসি নেতা নয়, স্বয়ং সি. পি. এম নেতা সুবোধ বাবু নিজে নিয়ে এসেছিলেন এবং স্বীকারও করেছিলেন। সেখানে মানিকচকের ঘটনা সম্পর্কে তীব্র নিন্দা করেন। তারপরে এই সরকারের রাজত্বে কসবায় গণ ধর্ষণ হল, সেখানে মার্ক্সবাদী কমিউনিস্ট সমর্থকদের মদত ছিল। তারপরের ঘটনা বলি, এটা আমাদের কথা নয়, আপনাদেরই মন্ত্রী শ্রীমতী ছায়া ঘোষ প্রশ্ন করেছেন আমাদের বামফ্রন্ট আমলে প্রগতিশীল সরকার রয়েছে, মানুষের জন্য কাজ করছে, সেখানে বামফ্রন্টের রাজত্বে এই ধরনের ঘটনা ঘটছে কেন? এতো আর আমাদের সোরগোল নয়, খোদ বামফ্রন্টের মন্ত্রীর উক্তি ফ্রন্টের আমলে কেন এই জিনিস হচ্ছে? তারপরে ১২ই ফেব্রুয়ারি মালদহে কংগ্রেসপন্থীরা ধর্মঘট করলেন। ডাঃ ওমর আলি সি. পি. আইয়ের মন্ত্রী এই মানিকচকের ঘটনাতে সমাজবিরোধীদের আঁতাত আছে বলেছিলেন। এবং তিনি একথাও বলেছিলেন যে, মানিকচকের ধর্ষণের সঙ্গে পুলিশ ও সি. পি. এম যুক্ত আছে। এটা তো কংগ্রেসের উক্তি নয়, ডাঃ ওমর আলি সি. পি. আইয়ের মন্ত্রীর উক্তি ভারতের জাতীয় কংগ্রেস এই ঘটনার প্রতিবাদে বন্ধ ডেকেছিলেন এবং সেখানে সি. পি. আইয়ের মন্ত্রী এইকথা বলেছিলেন। আমরা কংগ্রেসিরা বললে বলতেন ওরা তো এইরকম বলবেনই কিন্তু এতো আপনাদেরই দলের লোকের কথা। এর কি উত্তর আপনারা দেবেন? শুধু তাই নয়, এখানেই শেষ নয়, বামফ্রন্ট সরকারের রাজত্বেই আমরা আরও কি দেখলাম? মানিকচকের ঘটনার ব্যাপারে আমরা দেখলাম যে সি. পি. আইয়ের সাংসদ শ্রীমতী গীতা মুখার্জি মালদহে গিয়েছিলেন। মালদায় তিনি ফিরে এসে মুখ্যমন্ত্রীকে একটি চিঠি দেন এবং তিনি পরিষ্কারভাবে বলেছিলেন "মাননীয় মুখ্যমন্ত্রী আশা করি আমার বামপন্থী বোনাফাইডি সম্পর্কে আপনার অন্তত সন্দেহ নেই। আমি আপনাকে যা কিছু লিখি বামফ্রন্টের কাজের উন্নতি চাই বলেই লিখি, কিন্তু আপনার কাছ থেকে কোনও উত্তর পাইনা প্রাপ্তি স্বীকার ছাড়া এ অত্যন্ত বেদনার কথা"। সেখানে তিনি বলেছেন সেই আসামী তখনও পর্যন্ত গ্রেপ্তার হয়নি এবং তিনি এও বলেছেন মানিকচকের ধর্ষণ সম্পর্কে সি. পি. এম.-র নেতারা রিপোর্ট দিয়েছেন সেই ঘটনার সঙ্গে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি যুক্ত। সেই ঘটনায় যখন প্রথম গ্রেপ্তার হল যখন চারিদিকে ডাঃ ওমর আলী, গীতা মুখার্জি প্রতিবাদ করছেন তখন দেখলাম যারা গ্রেপ্তার হল সেখানে অভিযুক্তকারীরা হচ্ছেন মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির সদস্য। আবার কাগজে দেখলাম নাবালিকাকে শিক্ষক ধর্ষণ করেছে, সি. পি. এম.-র উত্তর দমদম নাগরিক সমিতির যুগ্ম সম্পাদক তপন আইচ তিনি বলেন ধৃত শিক্ষক হচ্ছেন সি. পি. এম.-র সমর্থক; এটা আমি বলছি না, আপনাদের পার্টির লোকই বলছে। এই ঘটনার পরে বিধায়ক মানস ভুঁইয়া অভিযোগ করেছিলেন তমলুকে গণ ধর্ষণ হয়েছে একজন বিবাহিতা মহিলাকে ১২/১৩ জন মিলে ধর্ষণ করেছে। তারপর ধর্মতলা এলাকা থেকে একজন মহিলাকে জোর করে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ করা হয়েছে—এটাও আমার কথা নয়, ডি. সি. ডি. ডি. (১) প্রসূন মুখার্জির কথা। মানিকচকে সি. পি. এমের দুই সদস্যর দীর্ঘদিনের বিবাদের সুযোগ নিয়ে সমাজ বিরোধীরা নারী নিগ্রহের ঘটনা ঘটিয়েছে। লেটেস্ট ঘটনা হুগলি জেলার খোন্যানে বাড়ির মধ্যে ঢুকে গৃহবধূ সুলতানা বেগমকে ধর্ষণ করা হয়েছে—এই হচ্ছে পশ্চিমবাংলার নারী

নির্যাতনের ঘটনা। অথচ মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে একটা অসত্য ভাষণ দেওয়া হল যে সামান্য কিছু ঘটনা ঘটেছে, আমরা চেষ্টা করছি এর সমাধান করার। পশ্চিমবাংলার বিদ্যুৎ নিয়ে ২২ নং পয়েন্টে বলা হয়েছে আমরা পশ্চিমবাংলায় নিরবিচ্ছিন্নভাবে নজর রাখছি, অথচ বিদ্যুৎকে ঠিক করার কোনও চেষ্টা নেই। এদিকে বিদ্যুৎ-র জন্য সরকার অর্থ অপচয় করছেন, ডিজেল সেট কেনা হল তার জন্য ৪ লক্ষ টাকা নষ্ট হল, কেন্দ্র যে টাকা দিয়েছে তাতে পশ্চিমবাংলার কেন্দ্রের বরাদ্দকৃত অর্থ অর্দ্ধেক খরচ হয়েছে। রাজ্যের দুইটি বড় প্রকল্প কসবা এবং হলদিয়া গ্যাস টাইবাইন, সেই প্রকল্পে পশ্চিমবাংলার অথরিটি এন. কর্মকার, সেখানে ৭৪ লক্ষ টাকার একটা বড় গরমিল ধরা পড়েছে, রাজ্য বিদ্যুতে ৪ কোটি ৩ লক্ষ টাকা চুরি হল। পশ্চিমবাংলায় লক্ষাধিক পেনশন ভোগীর মধ্যে একজন ব্যক্তিকে ১০ দিনের মধ্যে পেনশন দেওয়া হল, তিনি নিশ্চয় পেনশন পান তাতে আমার আপত্তি নেই, তবে এই জিনিস কেন হবে? এই কান্তি বিশ্বাসের বেলায় রাজ্য সরকার তৎপরতার সঙ্গে যে ব্যবস্থা নিলেন সেটা বলার কথা নয়। এই বলে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 – 3-40 P.M.]

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল বিধানসভায় তার মূল্যবান যে বক্তব্য রেখেছেন তাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আমি দু-একটি কথা বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বক্তৃতা কাল থেকে শুরু হয়েছে এবং সব বক্তৃতাই আমি শুনেছি। মাঝে মাঝে নাসিরুদ্দিন সাহেব আমাকে চিৎকারি দেন, আমি জানিনা উনি এখন কোনও বেঞ্চে আছেন। মুসলিম লীগের বেঞ্চে না কংগ্রেসের বেঞ্চে? আমার সন্দেহ আছে এই বেঞ্চে উনি আর কতদিন থাকবেন। যাই হোক আমাদের পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা নেই একথা ঠিক নয়। তবে কিছু কিছু ঘটনা ঘটেছে যেটা অস্বীকার করবার উপায় নেই, যেমন মানিকচক ও আর দু-চারটি জায়গায় ধর্ষণের ঘটনা ঘটেছে এবং এই ব্যাপারে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও উদ্বিগ্ন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অস্বীকার করা হচ্ছে না যে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা নেই। কিন্তু পশ্চিমবাংলাতেই কি একমাত্র আইন-শৃঙ্খলা নেই, আর সব জায়গায় আছে। আমাদের ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী মারা গিয়েছিলেন, সেখানে আইন-শৃঙ্খলা রক্ষার ভার কাদের হাতে ছিল। যিনি আইনের মালিক তিনিই সেখানে মারা গেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রধানমন্ত্রী রাজীব গান্ধী মাদ্রাজে মারা গেলেন সেখানে কারা আইন-শৃঙ্খলা রক্ষার কর্তা। মাননীয় অধ্যক্ষ মহাশয় কিছুদিন আগে দিল্লিতে রুমানিয়ার রাষ্ট্রদূতকে অপহরণ করে নিয়ে যাওয়া হল এবং সারা বিশ্বের কাছে আমাদের ভারতবর্ষের মুখটা নষ্ট করে দেওয়া হল। সেই দিল্লিতে তো কংগ্রেসিরা শাসন করে। না সেখানে আমাদের সি. পি. এমের সরকার ছিল? তবে যেখানে শাসন আছে সেখানে দু-একটি ঘটনা ঘটবে না এমন কথা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আগে প্রবীর বাবু চোরাচালানের কথা বলছিলেন। বর্ডার এলাকা থেকে খুব দূরে আমার বাড়ি নয়, বর্ডার এলাকা থেকে মাত্র সাত কিলোমিটার দূরে নো ম্যান্স ল্যাণ্ডের কাছাকাছি। সেখানে কেন্দ্রীয় সরকারের হাঙ্গর বাহিনী আছে। সেখানে ৩৪ নং জাতীয় সড়কের উপর তারা টহল

দিচ্ছে, সেখান দিয়ে তারা চাল, ডাল, আটা, তেল, নুন, চিনি এসব নিয়ে যেতে দিচ্ছে না। ফলে ঘনবসতিপূর্ণ ইণ্ডিয়ান ল্যাণ্ডে ব্যবসা-বাণিজ্য কিছু হচ্ছে না। তারা বলছে ১৫ কিলোমিটার পর্যন্ত আমরা সার্চ করব, আমাদের আইন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লর্ড সিনহা রোডে আমি গিয়েছিলাম, সেখানে তারা বলছে যদি সন্দেহ হয় ফরেন গুডস আছে তাহলে ওয়েস্ট বেঙ্গল পুলিশের সহযোগিতায় তারা সার্চ করতে পারে এবং ১৫ কিলোমিটার পর্যন্ত তারা সার্চ করতে পারে।

যতগুলো মাল ধরেছে গরু থেকে শুরু করে যাবতীয় ধরেছে সবই দেখা যাবে জেনুইন লোকেদের। ৯৯ পারসেন্ট হচ্ছে জেনুইন লোকের এবং ভালো লোকের, ব্যবসায়ীদের। কেন এটা করছে? সেখানে তাঁদের নো ম্যান্স ল্যাণ্ড হয়েছে। যেখানে আইনের ফাঁক আছে সেখানে ব্যবসা বাণিজ্য করে স্মাগলারদের সঙ্গে। এবং এদের সঙ্গে বি. এস. এফের যাতে সুযোগ হয় সেই কারণে মালগুলো কেবলমাত্র দেখাচ্ছে যে এই এই মাল ধরলাম। সরকারকে দেখাচ্ছে। কিন্তু প্রকৃতপক্ষে হাজার হাজার, গরু, পাশ হয়ে চলে যাচ্ছে। ট্রাকের পর ট্রাক চাল পাশ হয়ে চলে যাচ্ছে। বি. এস. এফ. কিন্তু যুক্ত আছে। আমি প্রমাণ করে দিতে পারব কয়েকটা আড়ৎ থেকে। আমার এলাকায় কয়েকটা আড়ৎ আছে তাদের কাছ থেকে আমি প্রমাণ করে দিতে পারব যে কোনওও আড়তের সঙ্গে দশ হাজার টাকা, কোনও আড়তের সঙ্গে পনেরো হাজার টাকা, কোনও আড়তের সঙ্গে পাঁচ হাজার টাকার চুক্তি আছে। এবং এদের সঙ্গে বি. এস. এফ. প্রত্যক্ষ ভাবে যুক্ত আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আবার বেঙ্গল পুলিশ যদি বর্ডার পাহারা দিতে যায় তাহলে বি. ডি. আর. বলে গুলি করে দেব। সেজন্য বেঙ্গল পুলিশের যাওয়ার কোনও ক্ষমতা নেই। আমাদের সামনে কয়েকটা গরু ধরল কিন্তু সবই সাধারণ লোকের। ২৯শে ডিসেম্বর সেখানে গিয়েছিলাম—সেখানে ক্যাম্পের যে সুবেদার ছিল তার সঙ্গে কথাও হয়েছে। যখন তাঁরা গরুগুলো ধরল সেগুলো জেনুইন লোকের না কাদের এটা প্রমাণ করে দেখেছেন? আমাকে বলল প্রমাণ কারণে কাজরুরুত নেই হ্যায়। হামারা জোয়ান লোক সব সিজ কিয়া হ্যায়। আমাদের প্রমাণ করা কি দরকার? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা মনে কিছু করবেন না যেটা বাস্তব সত্য সেটাই বলছি। আর যদি কিছু মনে করেন তাহলে আমার কিছু যায় আসে না। সেই সুবেদার, মুণ্ডা পাঞ্জাবী না কি ওইরকম হবে, আমাকে ভেবে নিয়েছে বোধ হয় এঁদেরই কাস্টের হব। আমাকে বলছে ওই কেন্দ্রীয় সরকারের বি. এস. এফ., "এক মুসলমানো কো ভারত মে নহী র‍্যানে দেঙ্গা"। দেখুন কি করেছে পি. ভি. নরসিমা রাও। দেখুন কি অবস্থা করেছে। ভেবে দেখুন কি অবস্থা করেছে। আমি লর্ড সিনহা রোডে গিয়ে দরখাস্ত দিলাম, কোনও ফল হয়নি। আমাদের ওয়েস্ট বেঙ্গলের চীফ সেক্রেটারিকে দরখাস্ত দিয়েছি, এখনও পার্যন্ত ইনভেস্টিগেশনের পর্যায়ে আছে। তদন্ত হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৫ তারিখে ওভারল্যাণ্ড কাগজে বেরিয়েছে স্টেটমেন্ট সঙ্গে তথ্যও দেওয়া হয়েছে। অধ্যক্ষ মহাশয়, যে অবস্থা কেন্দ্রীয় সরকারের বি. এস. এফ. বাহিনী শুরু করেছে পাহারার নামে অচিরেই মানুষ উগ্রপন্থীতে পরিণত হবে। যেখানে জঙ্গীপুর থেকে মাল যাবে না, কলকাতা থেকে মাল যাবে না বহরমপুরে তখন মানুষ কি করবে? মানুষ কি না খেয়ে মরবে? কিন্তু উপায় কি? যিনিই রক্ষক তিনিই ভক্ষক। আই. জি. অফ পুলিশ—তিনি নদীয়া থেকে বললেন যে, শীশ মহম্মদ সাহেব পেছনে লেগে থাকছেন, কেবল রিপোর্ট আর

রিপোর্ট। লালবাগের সঙ্গে যোগ আছে, উনি একটা অ্যাটাচি নিয়ে চলে গেলেন, রায়বাহাদুরের দোতলা থেকে ফেলে দিলেন। ধরা পড়বার ভয়ে ওঁনারা ভাগ করে নিলেন, ভাগাভাগি হয়ে গেল। এই তো পরিস্থিতি চলছে।

[3-40 – 3-50 P.M.]

কিন্তু পরিস্থিতি কি দেখছি? তাই বলি পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলার যেকথা ওঁরা বলেন, আমরা অস্বীকার করি না। আমাদের মুখ্যমন্ত্রী উদ্বিগ্ন। কিন্তু সমগ্র ভারতবর্ষের দিকে তাকিয়ে চিন্তা করে দেখুন। পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িকতা থাকতে পারে। কিন্তু বিভিন্ন জায়গায় ভারতবর্ষের যে হিন্দু-মুসলমান রেষারেষির আগুন দাউ দাউ করে জ্বলছে, হরিজন- আপার কাস্টের আগুন দাউ দাউ করে জ্বলছে, তা পশ্চিমবঙ্গে নেই। তাই পশ্চিমবাংলার মানুষ সৃষ্টিকর্তার কাছে হাত তুলে প্রার্থনা করছে, যেন বামফ্রন্ট সরকার চিরকাল থাকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরও দু-একটা কথা আপনার মাধ্যমে জানাতে চাই। ভারতবর্ষে অর্থনৈতিক সঙ্কট দেখা দিয়েছে, পশ্চিমবঙ্গে অর্থনৈতিক সঙ্কট দেখা দিয়েছে। যতই অর্থের সঙ্কট হোক তার সংকুলান করতে হবে, সঙ্কটের মোকাবিলা করতে হবে। সঙ্কট যাতে কেটে যায় তাই তার মোকাবিলা করতে হবে। কিন্তু ওঁদের দোসর সরকার চন্দ্রশেখরের সরকার ছিলেন কতটা সোনা কার কাছে দিয়ে এলেন। আবার পি. ভি. নরসিংহ রাও বাদবাকি যা সবই শেষ করে দিলেন। আবার দেখা যাচ্ছে ভারতবর্ষের যে অগণিত ব্যবসায়ী আছে, যাদের কাছে কালো টাকা, তাদের সেই টাকা নেওয়ার ব্যবস্থা করলেন না, না করে চলে গেলেন কার কাছে, না, আই. এম. এফের কাছে ঋণ করতে। আজ আমেরিকার কাছে ভারতবর্ষকে বিক্রি করে দেওয়া হচ্ছে। তারা বলছে আর্মসের উপর গবেষণা করতে পারবে না। দরকার হলে ভারতবর্ষ আক্রমণ করবে। এরা এরকম করবে না কেন? দেশকে যেভাবে বিক্রি করে দেওয়া হয়েছে, যেভাবে তাদের পদলেহন করা হয়েছে, তার সুদে-আসলে তো দিতে হবে। পশ্চিমবঙ্গে যে মানসিকতা তৈরি হয়েছে, মেজরিটি লোক আমেরিকাকে চায় না। আমরা আমাদের সীমিত সামর্থ দিয়ে তার প্রতিবাদ করব। রাশিয়ার কথা বলে উল্লাস প্রকাশ করছেন। রাশিয়া না থাকলে কি হত সেটা ম্যানেকশা আর ইন্দিরা গান্ধী বলতে পারবেন। ম্যানেকশা আর ইন্দিরা গান্ধীতে কথা হয়েছিল, সেকথা স্মরণ করুন। আমেরিকা যখন ৭ম নৌবহর পাঠিয়েছিল, তখন ইন্দিরা গান্ধী ম্যানেকশাকে জিজ্ঞাসা করেছিলেন, আমরা কি পারব। ম্যানেকশা বলেছিলেন, আমরা পারব না, কিন্তু স্যারেণ্ডার করব না। ভাগ্যিস রাশিয়া ছিল তাই সিন্দুর ঠিক রেখেছিল। নাহলে সিঁদুর মুছে যেত। মাননীয় রাজ্যপাল যে মূল্যবান ভাষণ দিয়েছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শঙ্করদাস পাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাকে কেন সমর্থন করছি না এবং আমার দলের সতীর্থবৃন্দ যে অ্যামেণ্ডমেন্ট দিয়েছেন তাকে সমর্থন করে কিছু বক্তব্য আপনার মাধ্যমে রাখতে চাই। রাজ্যপালের ভাষণের উপর বক্তব্য রাখতে গিয়ে আমার মনে পড়ছে একটা বাংলা প্রবাদের কথা, স্বপ্নে সুখ, শ্মশানে শান্তি। আমি এই কথাটা বলে এবং বলার শেষে এই কথাটা রিপিট করে বুঝিয়ে দিতে চাই এই ভাষণ কিভাবে হয়েছে।

মিঃ স্পিকার ঃ অধিকাংশ সদস্য ভুল করছেন। ভাষণের সমর্থন করার বা বিরোধিতা করার প্রশ্ন নেই। রাজ্যপাল ভাষণ দেওয়ার জন্য ধন্যবাদ জানাবেন কিনা সেইটাই বিষয়। এই ভাষণ সমর্থন করা বা না করার প্রশ্ন নেই। ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব যেটা এসেছে সেটা সমর্থন করতে পারছেন না এই এই কারণে সেটা বলবেন।

শ্রী শঙ্করদাস পাল ঃ স্যার, আইনশৃঙ্খলার প্রশ্নে আমি একটা মেন পয়েন্ট এখানে আনতে চাই। লক্ষ্মীবাবু ফরেনে গিয়েছেন, রবীনবাবু টেম্পুরারী চার্জে আছেন। আইনশৃঙ্খলার প্রশ্নে পশ্চিমবঙ্গে একটা যে মারাত্মক ঘটনা ঘটে গিয়েছে আমি আশা করেছিলাম সেই ঘটনার কথা রাজ্যপালের ভাষণে থাকবে। আপনারা জানেন যে মানব সাহা খুন হয়েছিলেন। কংগ্রেস খুনকে ঘৃণা করে। মানব সাহা সি. পি. এম. পার্টি করতে পারেন কিন্তু তিনি ভাল লোক ছিলেন। আজকে আমরা দেখছি যে মানব সাহার খুনকে সামনে রেখে মানব সাহা নগর, কার্তিক নগর ইত্যাদি বহরমপুর শহরে হচ্ছে। জ্যোতিবাবু সেখানে উপস্থিত ছিলেন। স্যার, এই হাউসে জ্যোতিবাবু বারবার একজনের নাম করে বলেছেন যে ওকে ধরতে হবে, ওকে শেষ করতে হবে। আমি জানি না যে জ্যোতিবাবু কোনও সোর্সে কি খবর পেয়েছিলেন। মানব সাহাকে খুনের জন্য যাদের অ্যারেস্ট করা হয়েছিল সেখানে কো-অর্ডিনেশনের লোক আছে। স্যার, যখনই কোনও গণ্ডগোল হয় বহরমপুর শহরে তখনই দেখি পুলিশ বলে অমুক ছেলেকে উঠিয়ে নিয়ে এসো মানব সাহার খুনের কিনারা করতে হবে। আমরা দেখেছি যে কলকাতা থেকে সমস্ত অফিসাররা গিয়ে বহরমপুর শহরকে তছনছ করে দিল, ভাবল বুঝি কংগ্রেসিরাই মানব সাহাকে খুন করেছে। মানব সাহাকে খুন কিন্তু কংগ্রেসিরা করেনি। স্যার, সবচেয়ে দুঃখ এবং ক্ষোভের কথা যে এস. ডি. জে. এমের কোর্টে যখন কেসটা উঠল তখন দেখা গেল মানব সাহার খুনের নায়ক কো-অর্ডিনেশনের লোকরা জামিন পেয়ে গেল। সেখানে অ্যান্টিসিপেটারি বেল দিয়ে দেওয়া হল। কংগ্রেসের ছেলেরাও অবশ্য অ্যান্টিসিপেটারি বেল পেয়ে গেল। এর কারণ কি? এর কারণ হচ্ছে পুলিশ সেখানে ৯০ দিনের মধ্যেও চার্জশিট দিতে পারল না। পুলিশ কোর্টে কোনও চার্জ ফ্রেম করতে পারল না। ন্যাচরালি সেখানে জজকে অ্যান্টিসিপেটারি বেল দিয়ে দিতে হল। রাজ্যসরকার মহামান্য হাইকোর্টে গেলেন। মহামান্য হাইকোর্ট নিম্ন আদালতের রায়ই বহাল রাখলেন। এই প্রসঙ্গে সি. পি. এমের সদস্যদের জিজ্ঞাসা করতে চাই যে কুমুদ শীল কোথায় গেল? যার গাড়িতে করে মানব সাহাকে উঠিয়ে নিয়ে যাওয়া হয়েছিল সেই কুমুদ শীলকে আজ পর্যন্ত ধরা গেল না। সেই ড্রাইভার কুমুদ শীল যার গাড়িতে করে মানব সাহাকে তুলে নিয়ে যাওয়া হয়েছিল, জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করি, কেন আজ পর্যন্ত তার হদিশ পাওয়া গেল না? বহরমপুর শহরে কোনও ঘটনা হলেই দেখি বলা হয় অমুক লোককে ধরে নিয়ে এসো মানব সাহার খুনের ব্যাপারে তদন্ত করার জন্য। এই কি প্রশাসন? এর কি কোনও বিচার হবে না? আমরা কি কোনও বিচার আশা করতে পারি না? আসল অপরাধীরা ধরা পড়ুক কংগ্রেস এটা চায়। স্যার, পশ্চিমবাংলায় চুরি, ডাকাতি, ছিনতাই যে বেড়েছে সে কথায় না গিয়ে আমি শুধু এই ভাষণ থেকে একটা লাইন পড়ে কয়েকটি কথা বলতে চাই। ওরা বলেছেন তফসিলি উপজাতিদের উপর সংগঠিত হিংসাত্মক ঘটনা আমাদের এই রাজ্যে ঘটে নি। আমি স্যার, এ ব্যাপারে ছোট একটি উদাহরণ দিচ্ছি। বীরভূমে আদিবাসী মহিলা চম্পা, তাকে রেপ করা হল এবং তা করে তাকে অন্ধ

করে দেওয়া হল যাতে সে আসামীদের চিনতে না পারে। শুধু বীরভূমে নয়, পশ্চিমবঙ্গের চারিদিকে এইসব ঘটনা ঘটছে। এখানকার ইতিহাস নতুন করে লিখতে হবে। আমার জেলার বড়োয়াতে শর্মিলা দাসীকে রেপ করা হল।

[3-50 – 4-00 P.M.]

কেস নং ১৪২/৯১-তে সমস্ত কিছু বলা হল, তা সত্ত্বেও আসামীকে আজ পর্যন্ত ধরা হল না। রেজিনগরে সেম কেস হল, কেস নং-১৩৯২, সেখানেও কিছু হল না। স্যার, অ্যাডমিনিস্ট্রেশন কোথায় চলে গেছে দেখুন! আইন-শৃঙ্খলা কোথায় চলে গেছে। বহরমপুর শহরের খাগড়া-বাজারে এক সঙ্গে তিন তিনটে খুন হয়ে গেল। কারা খুন হল? সি. পি. এম-এব মদত পুষ্ট তিনটি ছেলে। তিনটি ছেলে, তারা জমির ব্যবসা করত। জামির কেনা-বেচা করতে করতে তাদের সঙ্গে হিসাব নিয়ে পার্টির সঙ্গে গণ্ডগোল হল, তিনটি অল্প বয়সী ছেলে, দেখলে কষ্ট হয়, তারা খুন হয়ে গেল। কেউ অ্যারেস্ট হল না। সি. পি. এম-এর তিনটি ছেলে মার্ডার হয়ে গেল। তাদের স্কুটারে সি. পি. এম. পার্টি চাঁদার বিল বই পাওয়া গেল। তারা সি. পি. এম. পার্টির চাঁদা তুলতে গিয়ে খুন হয়ে গেল। আমরা জানি এই সমস্ত খুনের কিনারা কোনও দিনই হবে না। জঙ্গীপুরে হেলথ সেন্টারের অন ডিউটি ডাক্তারকে মেরে ফেলা হল। কান্দীতে পুলিশ স্টেশনের সামনে দিন দুপুরে ডাকাতি হয়ে গেল, কেউ অ্যারেস্ট হল না। এই তো হল ল' অ্যাণ্ড অর্ডারের অবস্থা! অথচ রাজ্যপাল কি করে তাঁর ভাষণে ল' অ্যাণ্ড অর্ডারের প্রশংসা করলেন তা আমি বুঝতে পারছি না! অবশ্য আমরা জানি সি. পি. এম. পার্টি থেকে যা লিখে দেওয়া হয়েছে তাই উনি পড়েছেন। স্যার, কয়েক দিন আগে দৈনিক পত্রিকায় একটা সংবাদ দেখলাম, স্বাস্থ্য অধিকর্তা কর্মীদের ডাইরেকশন দিয়েছেন যে, কো-অর্ডিনেশন কমিটির কথা মতো কাজ কর্ম করতে হবে। সমস্ত স্টাফদের তাদের সঙ্গে মিলিত ভাবে আন্দোলন করতে হবে, তাদের সঙ্গে চলতে হবে। আশ্চর্যের ব্যাপার! অবশ্য কর্মচারী ফেডারেশনের লোকেরা আপত্তি জানিয়েছে, তারা সার্কুলার চেঞ্জ করতে বলেছে। এই তো হচ্ছে অবস্থা, পার্টিকে প্রশাসনের মধ্যে জোর করে নিয়ে আসা হচ্ছে। যখন এ রাজ্যের বর্তমান শাসক দল প্রথম ক্ষমতায় এসেছিল তখন মানুষ ভেবেছিল যে, এঁরা কাজ করবেন, কিন্তু আজকে মানুষ দেখছে যে, এঁরা রাজ্যের মানুষের জন্য কাজ না করে শুধু পার্টির জন্য কাজ করছেন, আর মানুষকে দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। আজকে আমরা দেখছি পার্টি স্বার্থে বাংলাদেশ বর্ডারে বাংলাদেশের লোকেদের রেশন কার্ড দিয়ে দেওয়া হচ্ছে। সামনেই পঞ্চায়েত ভোট, সে ভোটে জিততে হবে। আসল জায়গায় জেতা যাবে না, ঐ ভাবে জিততে হবে। অথচ রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা এসব কিছুই দেখলাম না। বাংলাদেশ বর্ডারে বাংলাদেশের মানুষদের রেশন কার্ড দিয়ে দেওয়া হচ্ছে এবং তাদের নাম ভোটার লিস্টে তুলে নেওয়া হচ্ছে, তারা বাংলাদেশ থেকে এসে ভোট দিয়ে যাবে। অথচ আমরা দেখছি রেশন কার্ড পাওয়ার ক্ষেত্রে এবং ভোটার লিস্টে নাম তোলার ক্ষেত্রে পশ্চিমবাংলার অনেক প্রকৃত নাগরিক বঞ্চিত হচ্ছে। এসব বিষয়ে আজকে আমাদের চিন্তা করতে হচ্ছে। ভয়াবহ বেকার সমস্যার কথাও রাজ্যপালের ভাষণে বিশেষ গুরুত্ব দিয়ে লেখা হয় নি। আমাদের রাজ্যে রেজিস্টার্ড বেকারের সংখ্যা ৫২ লক্ষ এবং এর সঙ্গে আন-রেজিস্টার্ড ধরলে সংখ্যাটা হবে প্রায় ১ কোটি। আজকে এখানে তাদের সম্বন্ধে বিশেষ কোনও কথা নেই। স্যার, আমরা

বেকার ছেলেগুলিকে স্বনিযুক্ত কর্মসংস্থানের মধ্যে প্রোভাইড করতে চেয়েছিলাম, কিন্তু বিদ্যুতের অভাবে এবং ব্যাপক লোডশেডিং-এর জন্য তাও সম্ভব হচ্ছে না। সেসরু প্রভৃতি বিভিন্ন স্কীমের মাধ্যমে তারা টাকা নিয়ে ছোট ছোট লেদ মেশিন ইত্যাদির ইণ্ডাস্ট্রি করতে চাইছে, কিন্তু লোডশেডিং-এর জন্য, বিদ্যুতের অভাবের জন্য তা চালাতে পারছে না। আজকে চারিদিকে সব শেষ হয়ে যাচ্ছে। স্যার, আমরা ভেবেছিলাম রাজ্যপালের ভাষণের মধ্যে রাজ্যের ১৬৬টি পৌরসভার কথা থাকবে। কিন্তু সে সম্বন্ধে কিছু দেখতে পেলাম না। অবশ্য আমরা জানি ওঁরা পৌরসভাগুলির কথা বলতে চান না, কারণ পৌরসভায় যে কংগ্রেস বেশি ভোট পায়। সেজন্য সে কথা বলতে ওঁদের কিছু অসুবিধা আছে। স্যার, আমরা দেখছি প্রশাসনের এমনই অবস্থা হয়েছে যে, ফিশারি ডিপার্টমেন্ট ফিনান্স ডিপার্টমেন্টকে বুড়ো আঙুল দেখিয়ে ৫৪৪ জনকে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে পারমানেন্ট করে দিল। সুভাষবাবু স্পোর্টস মিনিস্টার, স্টেডিয়ামে তিনি ক্যাজুয়াল ওয়ার্কারদের পারমানেন্টে করে দিলেন, বুড়ো আঙ্গুল দেখিয়ে তিনি এই কাজ করে যাচ্ছেন। এগুলি সব তাদের নিজেদের ব্যাপার, কারও কিছু বলার নেই। অথচ বহরমপুর পৌরসভার ব্যাপারে কি হল? ৫০০ স্টাফ, ৩টি ডিপার্টমেন্ট সরকার নিয়ে নিয়েছে। আমরা বেকারের সংখ্যা কমাতে চেয়েছি, সরকারের কাছ থেকে টাকা নিইনি, এদের প্রোভাইড করার জন্য সরকার কোনও টাকা দেয়নি। আমাদের নিজেদের ফাণ্ড থেকে কিছু ক্যাজুয়াল কর্মীকে চাকরিতে নিয়েছিলাম তাদের মুখে হাসি ফোটাবার জন্য। এই সরকার বেকার সমস্যা সমাধানের জন্য মুখে বড় বড় কথা বলেন কিন্তু কার্যক্ষেত্রে তা করেন না। এরা কখনো পায়ে হাত দেন আবার কখনও গলায় হাত দেন। আমি উদাহরণ দিচ্ছি, কাগজে বেরিয়েছে, পশ্চিমবঙ্গের ফিনান্স মিনিস্টার অর্থ সঙ্কটে পড়েছে। ডেপুটি চেয়ারম্যানের কাছে তাঁকে হাত পাততে হচ্ছে, বলছে, পশ্চিমবাংলাকে বাঁচাতে হবে। আপনার কাছে প্রশ্ন, তাহলে বহরমপুর পৌরসভাকে ডিপ্রাইভ করা হচ্ছে কেন? তাদের ন্যায্য পাওনা দিতে হবে। এই ন্যায্য পাওনার জন্য আমরা লড়ছি। একদিকে প্রণববাবুর কাছে (ডেপুটি চেয়ারম্যান) হাত পেতে বলছেন টাকা দিন আর অন্যদিকে আমাদের ন্যায্য পাওনা দিচ্ছে না। এই দু'রকম জিনিস চলতে পারে না। ১৫ বছর রাজত্বের ইতিহাসে জ্যোতি বসুর রাজত্বে জঙ্গলের রাজত্ব সৃষ্টি হয়েছে। তাই নতুন করে আর কিছু বলার নেই। সেইজন্য রাজ্যপালের ভাষণকে সমর্থন না করে আমাদের দেওয়া অ্যামেণ্ডমেন্টকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মমতাজ হসন : মিস্টর চেয়রমৈন সর, গবর্নর এড্রেস পর মै अपनी ओर से अपनी पार्टी का ओर से समर्थन करता हूँ। हमारे विरोधी दल के सदस्य कुछ वातो के साथ जो गवर्नर एड्रेस पर विरोध कर रहे हैं। वे अपनी पाप को छुपाने की कौशिश कर रहे हैं। हमारे जो बिरोधी दल के सदस्य जो वेस्ट बंगाल सरकार की निन्दा कर रहे हैं उनको यह मालूम होना चाहिए कि सेन्ट्रल गवर्नमेन्ट कितना पाप का काम किया हैं। यह सरासर गलती कांग्रेसी सरकार की रही हैं। विरोधी सदस्य बार-बार् कहते हैं कि मार्केट मे आलू का दाम बढ़ गया हैं। वह यह क्यो नही कहते हैं कि हाई प्राइसेस हो रहा हैं। वह सेन्ट्रल पॉलिशी के बारे मे यह क्यो नही कहते कि रेल का भाड़ा बढ़ गया हैं। रेल का भाड़ा

बढ़ने से आटोमेटिक ओर चीज का दाम बढ़ेगा ही। ओर दाम बटेगा तो रूपये का भेलूयेशन कम होगा। सेन्ट्रल सरकार द्वारा रेल का भाड़ा बढ़ा दिया गया। पोस्ट आफिस में, पोस्टल डिपार्टमेन्ट मे पोस्टल का दाम बढ़ गया हैं। सभी चीजो का पाजीशन तो एक ही हैं।

हमारे बिरोधी सदस्य अपने पाप छुपाने के लिए स्टेट गवर्नमेन्ट पर दोष दे रहे हैं। हमारे एक बन्धु क्राइम इण्डिया दिखाकर कह रहे थे कि पश्चिम बंगाल में ५०० क्राइम हो गया। लेकिन मै दावे के साथ कहता हूँ कि ७२ से ७७ के वीच लाखो पढ़ेलिखो नौजवान युवको को, बेकार युबको को गोलियो से भुन दिया गया। यह कहकर कि ये सब नकसली हैं। कितने मासूम का खून कर दिया गया। कितने बहन की मांग का सिन्दूर धो दिया गया। जिसे आज तक जनता भूला नही पाई हैं। मैं पूछता हूँ १८७२ से ७७ तक यहाँ क्या हुआ था। उस समय का एनुअल रिपोर्ट देखिए। क्या हुआ था कांग्रेस के जमाने मे वेस्ट बंगाल की हालत। आज जवकि शान्ति है लोग अपने को सुरक्षित महसुस कर रहे उहै तो कहते हैं कि १४ वर्ष से लगातार भ्रष्टाचार बढ़ा हैं। यह आपकी नीति का दोष हैं। आप अपनी नीति में परिवर्तन कीजिए। आप यह कहते हैं कि आलू का दाम बढ़ा हैं। जबकि आप यह नही कहते कि कन्टीन्यू हर वर्ष लगातार रेल का भाड़ा, पोस्टल का दाम, कोल, स्टील का दाम बढ़ रहा हैं। क्या यह सेन्ट्रल गवर्नमेन्ट का दोष नही हैं। जो देश मे बन्द उद्योग को चालू कराए। सिक इन्डस्ट्रीज को चालू नही कर पा रही हैं। इसके पास बन्द उद्योगो को खोलने की कोई योजना नही हैं, कोई स्कीम नही हैं। पहले सभी कल-कारखानो का नेशनलाइजेशन किया गया, सभी उद्योगो का राष्ट्रीयकरण किया गया। मुझे समझ मे नही आता कि अब क्या हो गया है जो सभी कल-कारखानो को नीजीकरण करने की बात की जा रही हैं। मैं पूछता हूँ कि अगर कारखानो का प्राइभीटेशन होगा, तो क्या छटाई नही होगी वेरोजगारी नही बटेगी और अगर ऐसा होता हैं तो क्या वेस्ट बंगाल इससे अछूता रह पाऐगा। क्या यह प्रभहावित नही होगा। मुझे आश्चर्य होता हैं कि इस पर हमारे विरोधी सदस्य क्यो नही बोलते।

हमारे बिरोधी सदस्य गवर्नर ए एड्रेस पर विरोध कर रहे हैं। जवकि गवर्नर साहब ने सेन्ट्र पालिसी का खुलासा नही किया। उन्होने उसपर थोड़ा पर्दा डाल दिए। जिससे हमारे बिरोधी सदस्य को बोलनें का मौका मिल रहा हैं। और वो इसका सपोर्ट नही कर रहे हैं।

दुसरी बात मे कहना चाहुगां कि हमारे एसेम्बली के अन्दर बेठने की अलग व्यवस्था की जाए। क्योकि यहाँ रूलिंग और अपोजिशन को बैठने की अलग अलग व्यवस्था नही

हैं। मैं अपील करता हूँ कि मैं रूलिंग पार्टी के साथ हूँ। क्योकि भिजिटर को एवं हमारे कुछ सदस्य को भी पता नही लग पाता हैं कि मैं किसके साइड मे हूँ। अदर स्टेट मे रूलिंग पार्टी के लिए अलग सीट रहता है। लेकिन हमारे असेम्बली मे एसी व्यवस्था नही हैं लगता हैं कि इनकी सूरक्षा के लिए वांडी गार्ड की जगह पर हूँ। इनको निकलने की का जगह तो दीजिए। वांडी गार्ड के जैसा जगह को अलग करना चाहिए। मै चेयरमैन साहव से अनुरोध करता हूँ कि इसकी व्यवस्था हो। क्योकि हमारे असेम्बली के अन्दर जो भिजिटर लोग आते है एवं हमारे रूलिंग पार्टी के सदस्य को लगता हैं कि मैं अपोजिशन मे हूँ, जबकि वैसी बात नही हैं। मैं रूलिंग पार्टी का समर्थन करता हूँ, अपोजिशन के साथ नही हूँ।

इसके साथ ही मै एक बात ओर कहना चाहता हूँ कि मै सेन्ट्रल पांलिसी का प्रतिवाद करता हूँ। क्योकि सेन्ट्रल पांलिसी का हमारे पश्चिम वंगाल के प्रति हमेशा गलत नीति रहा हैं। जिसके कारण हमारे स्टेट की यह दशा हैं। हमारे स्टेट की पब्लिक यह समझती हैं, वह हमारे साथ हैं।

काट कर जुवा मेरी कह रहा हैं जालिम।

अब एजाजत हैं तुम्हे हा-ए-दिल सुनाने का॥

इन शब्दो के साथ ही चेयरमैन साहव आपको और गवर्नर एड्रेस को हार्दिक समर्थन करता हूँ एवं गवर्नर एड्रेस पर वेस्ट वंगाल सरकार की जो डियूटि हैं इसको आम जनता सटीसफाइड करती हैं, इसमे अपने आप को सुरक्षित महसुस करती हैं, इस व्यबस्था को एक्सेप्ट करती हैं। धन्यवाद।

[4-00 – 4-10 P.M.]

श्री योगेशचन्द्र वर्मन : माननीय चेयारम्यान स्यार, माननीय राज्यपाल महोदय यें अभिभाषण दियेछेन आमि सेई अभिभाषणके पूर्ण समर्थन करि एवं विरोधीदेर आनीत यें समस्त संयोजन सेगुलिर तीव्र प्रतिवाद करे किछु वलते चाई। गतकाल थेके आज पर्यन्त एई वितर्क एखाने गभीर आग्रहेर सङ्गे शुनलाम। एखाने विरोधीदलेर यें समस्त नामकरा सदस्य आछेन, आमार आशा छिल यें ताँदेर वक्तव्येर मध्ये थेके किछु जेने नेव किछुटा सञ्चय करार जन्य। किन्तु दुर्भाग्येर विषय ताँदेर वक्तव्येर मध्ये तेमन किछुई पेलाम ना, वरं या पेलाम सेटा वेदनार सङ्गे वलते हच्छे आजके माननीय सत्यवावु एवं माननीय मानसवावु एँरा ओँदेर दलेर सुप्रतिष्ठित नेता सेई हिसावेई जानि, किन्तु ताँदेर यें वितर्क सेई वितर्के यें एत असार युक्ति थाकते पारे एटा कल्पनाओ करते पारिनि। आजके

রাশিয়ার প্রসঙ্গ উঠেছে। আপনারাই বলুন, লেনিনের স্ট্যালিনের যে রাশিয়া, সমাজতান্ত্রিক রাশিয়া এবং আজকের সি. আই. এর রাশিয়া, সি. আই. এ.-র দালাল বোরিশ ইয়েলৎসিনের রাশিয়া—কোনটা আপনারা চান? তবে আপনাদের বক্তব্য শুনে মনে হয় সেখানে সি. আই. এ.-র যে দালাল শাসন করছেন সেটাই আপনাদের কাম্য। ভারতবর্ষের স্বাধীনতার পর থেকে সমাজতান্ত্রিক রাশিয়া ভারতবর্ষকে কিভাবে সাহায্য করেছে সেটা আমরা সবাই উপলব্ধি করেছি। কিন্তু আজকের রাশিয়ার কাছ থেকে আমরা কি পেতে পারি? আজকে কুখ্যাত জারের প্রপৌত্র সম্মান পান সেখানে। আপনারা কি সেই কালো দিনগুলি চান? এটা প্রত্যাশা ছিল না। আপনারা বলেছেন, পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হয়ে গেছে। এত বড় মিথ্যা কথা স্কুলের ছেলেরাও বিশ্বাস করবে না। আজকে বলুন, পাঞ্জাবে কি হচ্ছে, কাশ্মীরে কি হচ্ছে, আসামে কি হচ্ছে! আজকের কংগ্রেস শাসিত এবং বি. জে. পি. শাসিত যেসব প্রদেশ রয়েছে সেখানকার সাম্প্রদায়িক সম্প্রীতি এবং পশ্চিমবঙ্গের সাম্প্রদায়িক সম্প্রীতি—এই দুই-এর মধ্যে তুলনা করুন! একটু আগে এক মাননীয় সদস্য বলছিলেন, ইন্দিরা গান্ধী এবং রাজীব গান্ধী কোথায় খুন হয়েছে, জিজ্ঞাসা করছিলেন। পারবেন তার জবাব দিতে? জানি পারবেন না। এখানে আপনাদের কণ্ঠ থেকে বেরিয়ে এল রবীন্দ্রনাথ নজরুলের বাংলার কথা। আপনারা গ্রামের মানুষের নাকি নিশ্চিন্ততা চান। কিন্তু গ্রামের মানুষ দীর্ঘদিনের কংগ্রেস শাসনে কিভাবে শোষিত হয়েছিলেন সে খবর আপনারা জানেন, নিশ্চয়ই জানেন, কিন্তু স্বীকার করবেন না। ১৯৭৭ সালের পর থেকে পঞ্চায়েতি ব্যবস্থার মধ্যে দিয়ে ক্ষমতা বিকেন্দ্রীকরণের যে নীতি এখানে গ্রহণ করা হয়েছে, মহাত্মা গান্ধী যে নীতির কথা বলেছেন বারে বারে, আপনাদের সময় সেই নীতি একেবারেই রূপায়িত হয়নি। ১৯৭৭ সালের পর থেকে বামফ্রন্ট সরকার শাসন ক্ষমতাকে বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে গ্রামের মানুষের মনে একটা প্রত্যাশা সঞ্চার করেছেন। সেজন্য গ্রাম বাংলায় দেখা দিয়েছে বিপ্লবের ইঙ্গিত, কৃষকের মনে জেগেছে খুশির হাওয়া। এতদিন তো সেটা হয়নি? আজকে গ্রাম শহরের সাধারণ যে সমস্ত স্কুল ছিল সেই স্কুলগুলি সব ভর্তি, ছাত্র ভর্তির সমস্যা সেখানে। এখন গ্রামের খেটে খাওয়া সাধারণ মানুষের সন্তান সন্ততিরা সবাই পড়তে আসছে। এতে আপনাদের গাত্রদাহ হচ্ছে, কারণ আপনারা শিক্ষার বিস্তার চান না। যে শিক্ষা রাজ্য তালিকায় ছিল সেটাকে আপনারা যুগ্ম তালিকায় নিয়ে গেছেন। আজকে রাজ্যে কত শতাংশ অর্থ শিক্ষার পেছনে ব্যয় হয় সেটা আপনারা জানেন! এক্ষেত্রে কেন্দ্র কত দেন সেটা একবারও বলেন না। এখানে বলছেন, শিক্ষা সঙ্কোচন হচ্ছে, ভর্তি বন্ধ হয়ে যাচ্ছে! কিন্তু কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর বাজেটের বিরুদ্ধে প্রতিবাদ করেন না। আপনারা গ্রামের কথা বলছেন এখানে। কিন্তু ঐ তিস্তা সেচ প্রকল্প? ঐ তিস্তা সেচ প্রকল্প সিদ্ধার্থশঙ্কর রায়-এর আমলে শুরু হয়েছিল।

[4-10 – 4-20 P.M.]

বামফ্রন্ট সরকার আসার পর থেকে আজ পর্যন্ত প্রায় ৩।। শত কোটি টাকা ব্যয় করা হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার কত দিয়েছে? কেন্দ্রীয় সরকার দিয়েছেন মাত্র ৫ কোটি টাকা। আপনারা কিন্তু কখনও এর বিরুদ্ধে প্রতিবাদ করেন নি। আজকে যদি সেচ ব্যবস্থা ভাল ভাবে রূপায়িত হত তাহলে গ্রামের মানুষের কত উপকার হত। আপনাদের সেদিকে দৃষ্টি নেই। আপনাদের যদি দৃষ্টি থাকত তাহলে বামফ্রন্ট সরকারের সঙ্গে আপনারাও কেন্দ্রীয়

সরকারের কাছে এই দাবি তুলতেন। কিন্তু আপনারা সেই দাবি তুলবেন না, কারণ আপনারা কায়েমী স্বার্থের প্রতিভু। আপনারা সেজন্য এগুলি পছন্দ করেন না। আজকে এই পবিত্র বিধানসভায় যেখানে মানুষের আশা-আকাঙ্খাকে বাস্তবে রূপায়িত করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয় সেখানে কতকগুলি অসার কথা বলে, অসার যুক্তি দেখিয়ে এই সভাকে কলঙ্কিত করছেন বলে আমি মনে করি। গতকাল একজন বললেন যেসারের ভরতুকী নাকি তুলে দেওয়া হয়নি। এত অসত্য কথা আপনারা বলতে পারেন। আপনারা গ্রামে যান না, তাই এসব কথা বলছেন। সারের উপর ভরতুকী ছাড় দেবার জন্য প্রান্তিক চাষীরা মাথায় হাত দিয়ে বসে আছে। আজকে উন্নয়নশীল ফসলের যে ব্যবস্থা সেই জায়গায় তারা আশাহত হয়েছে। আপনাদের মুখে তো একথা শুনিনি যে সারের ভরতুকী কেন ছাড় দেওয়া হল? একথা গত বাজেট সেশানও শুনিনি, এবারেও আপনারা বলেন নি। আপনারা গ্রামের মানুষকে প্ররোচনা করছেন। জিনিসপত্রের দাম বাড়ল কেন জ্যোতি বসু জবাব দাও—এসব কথা বলছেন। আপনাদের নেতারা এই সব চক্রান্ত করছেন। আপনাদের যদি সামান্য জ্ঞান থাকত তাহলে আপনারা একথা বলতেন না। আপনারা জানেন যে জিনিস পত্রের দাম বেঁধে দেওয়া জ্যোতি বসুর সাধ্য নেই। আমরা বহু ভাবে, বহুবার চিৎকার করেছি, আন্দোলন করছি যে নিত্য প্রয়োজনীয় ১৪টি জিনিসের দাম বেঁধে দেওয়া হোক সারা ভারতবর্ষে। কিন্তু আপনারা তো আমাদের আন্দোলনের সঙ্গে, আমাদের স্লোগানের সঙ্গে একবারও সুর মেলান নি। আপনারা যা কিছু করেন সেটা ঐ বূর্জোয়া পুঁজিপতিদের স্বার্থেই করেন। সেজন্য আপনারা স্বাগত জানাচ্ছেন বিদেশি পুঁজিপতিকে, যে বিদেশি পুঁজিপতিরা আমাদের ভারতবর্ষের সার্বভৌমত্বকে বিপন্ন করে তুলেছে। আজকে এই বিদেশি পুঁজিপতিদের ফলে নেপালে যা হচ্ছে, বাংলাদেশে যা হচ্ছে, আমাদের এখানেও সেই পর্যায়ে চলে যাবে এবং সেটাকে আপনারা ওয়েলকাম জানাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় সীমিত সেজন্য আমার বক্তব্যকে আর বাড়াব না। রাজ্যপাল যে ভাষণ এখানে দিয়েছেন সেই ভাষণের মধ্যে আমরা আশার আলো দেখছি এবং আগামীদিনে জনদরদী বামফ্রন্ট সরকার মানুষের জন্য আরও উন্নতি করবে, এই আশা রেখে এই ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অজয় দে ঃ মাননীয় চেয়ারম্যান, স্যার, এখানে রাজ্যপাল যে ভাষণ রেখেছেন, তার উপরে যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে, এই প্রস্তাবের বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। প্রথমে এই প্রস্তাবকে সমর্থন করতে পারছি না, কারণ এই ভাষণে বাস্তব যে অবস্থা তাকে অস্বীকার করা হয়েছে। সমাজের যে মূল সমস্যা সেই সমস্যাগুলিকে এড়িয়ে গিয়ে শুধু মাত্র কেন্দ্র বিরোধী মনোভাব নিয়ে কতকগুলি নেতিবাচক কথা এতে বলা হয়েছে। আজকে সব থেকে বেশি যেটা অবাক লাগছে সেটা হচ্ছে এই ভাষণের মধ্যে দিয়ে গ্রাম বাংলার মানুষকে সব থেকে বেশি করে উপেক্ষা করা হয়েছে। এই সম্পর্কে অনেক মাননীয় সদস্য তাদের বক্তব্য রেখেছেন এবং আমাদের দলের বিভিন্ন সদস্যও বিভিন্ন সমস্যা সম্পর্কে তাদের বক্তব্য বলেছেন এবং পশ্চিমবঙ্গের প্রকৃত চিত্র তারা তুলে ধরার চেষ্টা করেছেন। আর একটা কথা বলা হয়েছে যে আমাদের পশ্চিমবঙ্গে যে ব্যাপক পাটচাষী আছে, সেই পাটচাষীদের ফসলের ন্যায্য মূল্য পাচ্ছে। কিন্তু তাকে সুরক্ষিত করার জন্য কোনও কথা বলা হয়নি।

আমরা আশা করেছিলাম যে সরকার জনদরদী সরকার বলে আখ্যা নিয়ে এখানে এসেছে, মেহনতি মানুষের সরকার বলে আখ্যা নিয়ে এখানে এসেছে সেই সরকার পাট চাষীদের ব্যাপারে কিছু বলবেন। কিন্তু সেই কথা রাজ্যপালের ভাষণের মধ্যে এক লাইনও নেই। শুধু পাট চাষী নয় পশ্চিমবাংলার বুকে তন্তুজীবী রয়েছে তাদের কথা নেই। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি, নদীয়ার শান্তিপুর এলাকায় এবং পশ্চিমবাংলার বিভিন্ন জায়গার বুকে অনেক তন্তুজীবী মানুষ আছে। আজ পর্যন্ত এই সরকার ওদের জন্য কোনও পরিকল্পনার কথা বললেন না। যখন সিদ্ধার্থ রায় মুখ্যমন্ত্রী ছিলেন শান্তিপুরের বুকে তন্তুজীবীদের উন্নয়নের জন্য একটা সেন্টার করা হয়েছিল যেখান থেকে তন্তুজীবীরা তাঁত সম্পর্কে জ্ঞান অর্জন করবে। আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে এই সরকারের আমলে সেটা উঠে গেছে। আমি আশা করেছিলাম তন্তুজীবীদের কথা এই ভাষণের মধ্যে থাকবে। শুধু তাই নয় গ্রামবাংলার উপেক্ষার কথা বলি। আজকে বিদ্যুৎ আমাদের অর্থনৈতিক বুনিয়াদ জোরদার করে তোলে। আজকে এই সরকারের আমলে একটা সারকুলার জারি করে বলা হয়েছে কোনও গ্রামে বিদ্যুৎ যাবে না। এই ভাবে গ্রামের মানুষকে উপেক্ষা করা হয়েছে। বছরের পর বছর ঘাটতি শূন্য বাজেট পেশ করা হচ্ছে, যেন দেখানো হচ্ছে পশ্চিমবাংলায় কোনও ঘাটতি নেই। প্রতি বছর এমবার্গো করে শুধু কাজকে বন্ধ দেওয়া হচ্ছে। এই সরকারের আমলে গ্রামে বৈদ্যুতিকরণ বন্ধ করে দিয়ে গ্রামবাংলাকে উপেক্ষা করা হচ্ছে। আমি আশা করেছিলাম গ্রামে বিদ্যুতের অগ্রগতি ঘটিয়ে গ্রামকে এগিয়ে নিয়ে যাওয়ার কথা এই ভাষণের মধ্যে থাকবে। শুধু তাই নয় বিদ্যুৎমন্ত্রী ছোট ছোট যে সমস্ত ক্ষুদ্র এবং মাঝারি শিল্প আছে সেই শিল্পের উপর ইয়ারলি মিনিমাম চার্জ যেটা ৫০ টাকা ছিল, আপনি শুনলে অবাক হয়ে যাবেন স্যার সারকুলার জারি করে সেটা প্রতি মাসে ১৫০ টাকা করে দিয়েছেন। তাহলে কি গ্রামবাংলার মানুষকে উপেক্ষা করা হচ্ছে না? কেন আজকে পশ্চিমবাংলার মানুষ এই জিনিস সহ্য করবে? আমরা যখন এই সব কথা বলে বিরোধিতা করি তখন সরকার পক্ষ থেকে চিৎকার করা হয়। পশ্চিমবাংলার গ্রামবাংলা থেকে আপনাদের যারা পাঠিয়েছে এখানে কি অসত্য কথা বলবার জন্য? আজকে পশ্চিমবাংলাকে কি অবস্থা নিয়ে গেলেন আপনারা? রাস্তা-ঘাটের কথা তো বলাই বাহুল্য, সমস্ত জায়গায় একই অবস্থা চলছে। এই ভাষণের মাধ্যমে গ্রামবাংলাকে চরম উপেক্ষা করা হয়েছে। আইন-শৃঙ্খলার কথা অনেকে বলেছেন, আইন-শৃঙ্খলার পরিস্থিতি নিয়ে বিষদ আলোচনা হয়েছে। বিগত ১৪ বছরে নদীয়া ৭০০ কংগ্রেস কর্মী খুন হয়েছে। আমি যে এলাকা থেকে নির্বাচিত সেই এলাকায় ৩৭ জন কংগ্রেস কর্মীকে খুন করা হয়েছে। আমাদের প্রাক্তন বিধায়ক অসমঞ্জ দে কে খুন করা হয়েছে। আপনারা আইন-শৃঙ্খলার কথা বলছেন? কিছু দিন আগে নদীয়ায় ডি. জি. কাউনসিলের একটা সম্মেলন হয়ে গেল, সেখানে এস. পি. ডি. এম. ছিলেন, ডি. জি. বলেছেন নদীয়ায় আইন-শৃঙ্খলা বলে কিছু নেই।

[4-20 – 4-30 P.M.]

আজকে আইন-শৃঙ্খলা এই পর্যায়ে গেছে কেন? শিক্ষার অবস্থা আপনারা তো জানেন যে কি পর্যায়ে গেছে। সমস্ত জায়গায় শিক্ষা ব্যবস্থায় রাজনৈতিক খবরদারি চলছে। জেলায় জেলায় প্রাথমিক শিক্ষকদের একটা ক্যাডার গঠন করে দেওয়া হয়েছে। তাদের কাজ কি, না ডি. আই.—স্কুল ইন্সপেক্টর অব স্কুলস'এর ডি. আই.'এর উপরে রাজনৈতিক খবরদারি করা।

আজকে সমস্ত জায়গায় রাজনীতিকে ঢুকিয়ে দেওয়া হয়েছে। সাক্ষরতার নামে বলা হচ্ছে পশ্চিমবাংলা নাকি খুব এগিয়ে গেছে। গত কয়েকদিন আগে কাগজে বেরিয়েছিল, কংগ্রেস বলেনি, আপনাদের বামফ্রন্টের শরিক সি. পি. আই. বলেছে যে, কুচবিহারে সাক্ষরতার নামে দুর্নীতি চলছে। নতুন মানের খাতা পেন্সিল কেনা হচ্ছে। আজকে মানুষ ব্যঙ্গ করে বলতে শুরু করেছে, সাক্ষরতার নামে পশ্চিমবাংলার মানুষ বলছে 'চল পড়ি, কিছু করে খাই।' আজকে এই জিনিস হচ্ছে সমস্ত জায়গায়। এই ভাবে আজকে এই ভাষণের উপরে ধন্যবাদ সূচক যে প্রস্তাব এখানে এসেছে একে সমর্থন করার কোনও অধিকার মানুষের নেই। এই ভাষণের বিভিন্ন জায়গা অসত্যে ভরা। আমরা চাই পশ্চিমবাংলার যে শিল্প, যে ছোট ছোট কলকারখানা আজকে দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে রয়েছে, সেগুলো খোলা হোক। শিক্ষা ব্যবস্থা আজকে পঙ্গু হয়ে গেছে। পশ্চিমবাংলার উন্নয়ন স্তব্ধ হয়ে গেছে। সমস্ত জায়গায় এই জিনিস চলছে। রাজ্যপালের ভাষণে আজকে বড় বড় করে বলা হয়েছে—আমরা ক্ষেত মজুরদের জন্য কম পয়সায় চাল দিচ্ছি। কারা চাল পাচ্ছে? ক্ষেত মজুররা পাচ্ছে? ক্ষেত মজুরদের বদলে ক্যাডারদের লিস্ট হচ্ছে। আপনারা বাহবা নিয়ে বলছেন, সরকারের সার্কুলারে বলা হয়েছে মাসে চার সপ্তাহ চাল দেব। কিন্তু আমরা দেখছি কোনও জায়গায় দু-সপ্তাহের বেশি পাচ্ছে না। সমস্ত জায়গায় এই জিনিস হচ্ছে আর পশ্চিমবাংলায় জঙ্গলের রাজত্ব চলছে। তাই রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে। এর তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ইউনুস সরকার ঃ মাননীয় স্পিকার স্যার, গত দু' তারিখের সভায় মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন এবং মাননীয় সদস্য ননী কর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করেছেন এবং মাননীয় বিধায়ক কৃপাসিন্ধু সাহা তাকে সমর্থন করেছেন, আমি সেই প্রস্তাবকে সমর্থন করে কিছু বলতে চাই। প্রথম বিষয় হচ্ছে, আজকে এই যে রাজ্যপালের ভাষণ তাকে কেন আমরা ধন্যবাদ জানাব এবং বিরোধীরা কেন আজকে সমর্থন করতে পারছেন না। এই বিষয়ে পরিষ্কার একটা দৃষ্টিভঙ্গি, একটু স্বচ্ছতা থাকলে তাঁরা এটা করতে পারতেন না। প্রথমেই আমরা বলতে পারি বিরোধীদলের যে বন্ধুরা এখানে আছেন, বিরোধী দলের নেতা এখানে উপস্থিত আছেন, তিনি এক সময়ে পাঞ্জাবের রাজ্যপাল ছিলেন। কাজেই রাজ্যপাল কি ভাষণ রাখেন, রাজপাল কি অবস্থায় দেশ চালান, তাঁর ভূমিকা কি থাকে তা নিশ্চয়ই বিরোধীদলের নেতা জানেন এবং সেই বিষয়ে তিনি অভিজ্ঞ। বিরোধী দলের অপর সদস্যদের তাঁর এই বিষয়ে সচেতন করা প্রয়োজন। তিনি পাঞ্জাবের রাজ্যপাল থাকাকালীন সেখানে কোনওদিন গণতান্ত্রিক সরকার ফিরে আসার কোনও সুযোগ করতে পারেন নি। যার ফলে এখানে বিরোধিতার প্রশ্ন আসছে। আজকে পশ্চিমবাংলার মানুষের চেতনার প্রতিফলন রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখতে পাচ্ছি। পশ্চিমবাংলার সমস্যার কথা নিশ্চয়ই আলোচনা করা যায়। বিরোধীরা অনেক বড় বড় গলায় এই কথাগুলো বললেন। রাজনৈতিক উদ্দেশ্যের কথা বলার তাদের সঙ্গে পটুতা আমাদের হয়ে ওঠে নি। একটু আগে মাননীয় সদস্য মিনতি ঘোষের ঘড়ি ছিনতাই হয়েছে বলে বললেন, প্রবীরবাবু বললেন। এর আগে ক্যাডার সম্পর্কে অনেক প্রশ্ন এখানে তোলা হল। মাননীয় সদস্য বহরমপুর কেন্দ্রের শঙ্করবাবু মুর্শিদাবাদের মহেশ আইলিন নিয়ে অনেক কথা বললেন। তিনি জঙ্গীপুরে ডাক্তার খুন থেকে আরম্ভ করে

অনেক কিছু ঘটনার কথা বলে গেলেন। আমি তার উত্তর দিতে চাইছি না। তবে এটুকু তাকে বলে রাখি যে, কোনও কথা না জেনে বিধানসভায় তোলা ঠিক নয়। জঙ্গীপুরে কোনও ডাক্তার খুন হয় নি, মহেশ আইলিনে ঘটনার ক্ষেত্রে রাজ্য সরকার যে চেতনা, যে বিবেকের উদ্রেক দেখিয়েছিলেন তা কোনও কংগ্রেস শাসিত রাজ্যে কেউ আশা করতে পারেনি। কংগ্রেস শাসিত রাজ্যে দিনের পর দিন খুন, সন্ত্রাস, রাহাজানি এবং নারী ধর্ষণ ক্রমশ বেড়েই চলেছে। তবে পশ্চিমবঙ্গের বুকে যে নারী ধর্ষণ কোথাও হচ্ছে না। তা নয়, কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ যে পরিমাণে অন্যান্য কংগ্রেস শাসিত রাজ্যের ঘটনা শুনছে সেইদিক থেকে তারা অনেক পিছিয়ে আছে। ওইসব রাজ্যে এগুলো নিত্য নৈমিত্তিক ঘটনা, এবং পশ্চিমবঙ্গের মানুষ এসব দেখে আতঙ্কিত। এই আতঙ্কিত হবার কারণ হচ্ছে যে এই খুন খুন তো আপনাদের দ্বারাই সংগঠিত হচ্ছে এবং এতে আপনাদের তো একটা বিরাট ভূমিকা আছে। এই যে ত্রিপুরাতে মন্ত্রী নারী ধর্ষণ করলেন, এতে আপনাদের বক্তব্য কি? এখানে কি কোনও মন্ত্রীকে ধর্ষণের অভিযোগে হাজতে যেতে হচ্ছে? এখানেও আমরা দেখতে পাচ্ছি যে সমাজ বিরোধীদের অপরাধ ক্রমশ বেড়েই চলেছে। যতদিন দেশে কংগ্রেসি লোক থাকবে কংগ্রেসি মানুষ থাকবে ততদিন সমাজ বিরোধীদের অত্যাচার থাকবেই। আজকে তারা সাক্ষরতার প্রশ্ন নিয়েও ব্যঙ্গ করছেন। নিরক্ষরতা যে একটা অভিশাপ এবং সেই নিরক্ষরতা দূর করার জন্য পশ্চিমবঙ্গের মানুষ যে এগিয়ে এসেছে তা ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলি দেখছে। এতে যে পশ্চিমবঙ্গের জনগণের একটা বিরাট প্রচেষ্টা আছে তাই নিয়েও ব্যঙ্গ করা হয়েছে। আজকে আমাদের ভাবতে লজ্জা হয় যে, আজকে শিক্ষা ক্ষেত্রে নিরক্ষরতা দূরীকরণের প্রশ্নে সামাজিক কল্যাণের পরিস্থিতি হিসাবে এই যে কর্মসূচি গ্রহণ করা হয়েছে সেটা নিয়েও তাঁরা ব্যঙ্গ করেন। সরকারি অনুদান যে স্বেচ্ছা সেবকদের দেওয়া হচ্ছে ত্রাণ নিয়েও তাঁরা ব্যঙ্গ করেছেন। তবে এটুকু আমরা জোর দিয়ে বলতে পারি যে, জনগণের প্রচেষ্টা এবং সঠিক উদ্যোগ থাকলে আমরা এগিয়ে যাবোই। এই নিরক্ষরতা দূরীকরণের প্রশ্নে অনেক সদস্য বহু কটুক্তি হাজির করেছেন এবং নিরক্ষরতা দূরীকরণ এবং তার উন্নয়ন নিয়ে বহু আলোচনা হয়েছে। কিন্তু তবুও এই আলোচনার মধ্যে আমরা অনেক ক্ষেত্রে দেখলাম যে প্রকান্তরে এই নীতিকে সমর্থনও তারা জানিয়েছেন। আসলে তাঁরা পরস্পর বিরোধী কথা বলছেন পশ্চিমবঙ্গের উন্নয়ন নিয়ে। তারপরে বিদ্যুতের বিষয়ে অনেক বিরোধী সদস্য অনেক কথা বলেছেন। আমি শুধু জিজ্ঞাসা করতে চাই ১৪ বছর আগেও রাজ্য সরকার ছিল এবং তখন যে বিদ্যুতের চাহিদা ছিল এখন কত হয়েছে তার তথ্য দেখলেই বুঝতে পারবেন। এখন বিদ্যুতের চাহিদা বেড়েছে। এই বিদ্যুতের চাহিদা বাড়াল কারা? এবং কেন বিদ্যুতের সঙ্কট হচ্ছে সেটা একটু দেখুন। আগেকার দিনে বাড়ি তৈরি হলে গৃহ প্রবেশ করার সময়ে কেউই কোনও মধ্যবিত্ত লোক আশা করত না বিদ্যুতের কথা। এবং বিদ্যুৎ ছাড়াই গৃহ প্রবেশ করতেন আর এখন বিদ্যুৎ কানেকশন ছাড়া কেউ গৃহ প্রবেশ করতে চায় না। এমন কি গ্রামের ক্ষেত্রেও এই জিনিস পরিলক্ষিত হচ্ছে। গ্রামেও এই জিনিস ঘটছে। এই জিনিস আগে পশ্চিমবঙ্গের কাছে দুঃস্বপ্নের মতো মনে হত। আগে মানুষ এই জিনিস কখনও কল্পনা করতে পারেনি। মুষ্টিমেয় কয়েকজন লোক এই বিদ্যুতের সুবিধা ভোগ করতে পারতেন। কিন্তু বৃহৎ সমষ্টি এর থেকে বঞ্চিত থাকত। তারপরে দুর্নীতি এবং আইনশৃঙ্খলার প্রশ্নে আমি শুধু বলতে চাই দুর্নীতি কোথায় নেই? দুর্নীতির সাথে জড়িত কারা সেটা আগে দেখুন। পাঞ্জাব থেকে আরম্ভ করে

কর্ণাটক, রাজস্থান প্রভৃতি যে সমস্ত রাজ্যগুলি আছে তাতে সব থেকে বেশি দুর্নীতি রয়েছে। আমি মনে করি এই সমস্ত রাজ্যগুলির পশ্চিমবঙ্গের কাছ থেকে শিক্ষা নেওয়া উচিত। পশ্চিমবঙ্গের চেতনা বৃদ্ধিতে, পশ্চিমবঙ্গের উন্নয়নে ঈর্ষান্বিত না হয়ে পশ্চিমবঙ্গের সার্বিক উন্নয়নের চেষ্টা করুন এবং দয়া করে অসত্য তথ্য দেবেন না। শঙ্করবাবু আপনি যে কুমুদ বাবুর কথা বললেন, আপনার কাছে তার প্রকৃত খুনের তথ্য আছে, লোকানোর চেষ্টা করবেন না। যাইহোক এই বলে এই ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30 – 4-40 P.M.]

শ্রী ব্রহ্মময় নন্দ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ সূচক প্রস্তাবকে সমর্থন করে আমি কিছু বলতে চাই। ৮ তারিখে আমরা দিল্লি গিয়েছিলাম ধর্ণা দিতে কারণ হচ্ছে কেন্দ্রীয় সরকারের যে অর্থনীতি সেই অর্থনীতি ভ্রান্ত পথে চলেছে এবং পশ্চিমবাংলাকে তারা বারবার বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাচ্ছে। আপনারা তো সকলেই পশ্চিমবাংলার মানুষ কেন্দ্রের নাম করলে আপনাদের গায়ে জ্বালা ধরে যায় যখন তখন তো আপনারা সেখানেই থাকতে পারেন, এখানে থাকার দরকার নেই। সারা পশ্চিমবঙ্গে আজকে কি অবস্থা এই ব্যাপারে আপনারা যা বললেন রাজ্যপালের ভাষণের মধ্যে আপনারা সত্য কিছু খুঁজে পেলেন না, তা পাবেন কি করে, আপনারা তো অন্য রকম কালিতে লেখেন, আপনারা অন্য অঞ্জন চোখে ব্যবহার করেন এবং এক রংকে আর এক রং দেখেন। তাই সেদিক থেকে দেখতে গেলে কি দেখলেন তা বুঝছি না। এক এক করে দেখলে দেখা যায় এখানে কি নেই, সারা ভারতবর্ষের আইন শৃঙ্খলার যা অবস্থা তার মধ্যে থেকে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে বলা যায় খুব নিরাপদ অবস্থা আছে। এমন একটা রাজ্য বলুন যেখানে সন্ধ্যের পর নিরাপদে ভ্রমণ করতে পারেন এই পশ্চিমবঙ্গ ছাড়া, শুধুমাত্র এখানেই বলা যায় রাত্রি ১০টা ১২টার পরে আপনার নিরাপত্তার অভাব হবে না। এখানে নিরাপদ ব্যবস্থা পরিপূর্ণ ভাবে আছে। এবারে মৎস্য উৎপাদনের কথা বলছি। মৎস্য উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ এবং ৫/৫ বার তারা পুরস্কার নিয়েছে, এটা রাজ্য দেয়নি, কেন্দ্রীয় সরকার দিয়েছে। সার্বিক সাক্ষরতার কথা যদি ধরি তাহলে বলব বর্ধমান, বীরভূম, মালদা, কুচবিহার, বাঁকুড়া, হুগলি, মেদিনীপুর মোট ৭টি জেলায় কাজ চলছে। বর্ধমান পূর্ণ সাক্ষরের স্বীকৃতি পেয়েছে, মেদিনীপুর হতে চলেছে। আমরা যারা এডুকেশন কমিটিতে ছিলাম তারা দেখেছি বিভিন্ন জায়গায় গিয়ে কোনও মানুষই নিরক্ষর থাকতে চায়না কিন্তু আপনারা শুধু দলবাজিটাই দেখেন, তাই বামফ্রন্ট যাই করুক সেটা আপনারা স্বীকার করবেন না সহ্য করতে পারবেন না। এটা একটা এমনই বিষয় এটাকে আপনারা এড়িয়ে গেছেন। এই সাক্ষরতার ব্যাপারে আমরা দেখেছি প্রত্যেকটি পাড়ায় পাড়ায় যে ক্যাম্প হয়েছে সেখানে ভলেন্টিয়াররা আত্ম নিয়োগ করেছে, কোনও কিছু পাওয়ার আশায় নয়, দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তারা অগ্রসর হয়েছে। আমরা এই শিক্ষা টিমে যখন কেরালায় ও তামিলনাড়ুতে গিয়েছিলাম তখন তারা বলছেন মেদিনীপুর সম্বন্ধে এবং তাদের সঙ্গে যখন আমাদের কথা হয় তখন তারা বললেন যে আজকে টি. ভি. তে মেদিনীপুরের ওপর দেখাচ্ছে এবং তারা আমাদেরকে আরও বললেন আচ্ছা বলুন তো এমন একজন মানুষ ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে আছেন যিনি প্রথম দেশীয় পোষাকে সারা জীবন কাটিয়েছেন

এবং প্রতিটি দরিদ্র মানুষের প্রতিনিধিত্ব করেছিলেন? প্রথমে আমি বুঝতে পারিনি, তাই আমি বললাম গান্ধীজির কথা, তিনি বললেন না মেদিনীপুরের লোক, তখন আমি বললাম তাহলে বিদ্যাসাগর। এর থেকেই বোঝা যায় তারা বিদ্যাসাগরকে কতখানি শ্রদ্ধা করেন, এটা দেখে সত্যিই অবাক হয়ে গিয়েছিলাম। আমরা যখন বর্ণ পরিচয় পড়েছিলাম তখন অ, আ এসব পড়েছিলাম। সেই অ বলতে বুঝেছি অন্ধকার, আর আ বলতে বুঝেছি আলো। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ছিল সেই অন্ধকারের যুগ, আর ১৯৭৭ সালের পর আজ পর্যন্ত হচ্ছে আলোর যুগ এবং একটানা ১৪ বছর এই আলোর যুগ চলে আসছে। আমাদের মুখ্যমন্ত্রী দেশটাকে সেই অগ্রগতির দিকে নিয়ে যাচ্ছে। আমরা রাইটার্স বিল্ডিং-এ ১৪ বছর ধরে বসে আছি, কিন্তু আপনারা ১৪ দিনও রাইটার্সে বসতে পারবেন না, রাইটার্সে ফৌজ নিয়োগ করতে হবে। কারণ আসন নিয়ে আপনাদের মারামারি হবে। কিন্তু বামফ্রন্টের মধ্যে সেটা নেই। আপনারা আরও সংযত হন, নইলে আপনারা কোনও দিন রাইটার্স দখল করতে পারবেন না। রাজ্যপালের ভাষণে আমরা দেখতে পাচ্ছি স্বাস্থ্য সম্পর্কে বলা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি আমাদের রাজ্যে শিশু মৃত্যুর হার উল্লেখযোগ্য ভাবে হ্রাস পেয়েছে এবং এটা সত্যি কথা। রাজ্যপালের ভাষণে রয়েছে, দ্বিতীয় হুগলি সেতু নির্মাণের কাজ শেষ হতে চলেছে। এটা কি অসত্য কথা? রাজ্যপালের ভাষণে যেগুলো বলা হয়েছে সেগুলো আপনারা বাস্তবের সাথে মিলিয়ে নেবেন। আমাদের এখানে অরণ্য সম্পদ বাড়ানো হয়েছে এবং প্রাকৃতিক সম্পদ কিভাবে বাড়ানো যায় সেই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আমাদের এখানে উন্নত প্রজনন ব্যবস্থার ফলে গরু, হাঁস, মুরগি, ভেড়া পালনের ব্যবস্থা করা হয়েছে। আপনারা এখানে সাম্প্রদায়কতার কথা বলেছেন। পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক পরিস্থিতি খুব ভাল। কিছুদিন আগে হাওড়ার বাঁটরায় মুসলিমদের একটা সম্মেলন হয়ে গেল। সেই সম্মেলন ফেরত মুসলিম ভাইরা বলল এবং তারা সার্টিফিকেট দিল, যে পশ্চিমবঙ্গে আমরা যেভাবে অভ্যর্থনা পেয়েছি ও সাহায্য পেয়েছি, অন্য কোথাও এইভাবে আমরা অভ্যর্থনা পাইনি। ভারতের বিভিন্ন জায়গার মুসলিম ভাইয়েরা সেখানে এসেছিল। এর থেকেই বোঝা যায় পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার এইভাবে সাম্প্রদায়িক সম্প্রীতির পথ অনুসরণ করছেন। সর্বশেষে আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভায় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করছি এবং আরও বেশি করে কিভাবে বিরোধিতা করা যায় তার চেষ্টা করছি। আর আমাদের যে সংশোধনী এসেছে সেগুলিকে আমি পূর্ণ সমর্থন করছি। আমি মনে করি রাজ্যপালের ভাষণ যেটা লিখে ওনারা রাজ্যপালকে দিয়ে পাঠ করাবার জন্য দিয়েছে, সেটা একটু চিন্তা করে লেখা উচিত ছিল। কারণ যারা কিছু বোঝেন না, কিছু জানেন না তারা ভাষণের প্রথমেই কেন্দ্রীয় বাজেট-এর সমালোচনা করেছেন। ১৯৯০-৯১ সালের কেন্দ্রীয় বাজেটের পাশাপাশি যদি এবারের বাজেট রাখা যায় তাহলে এটা দেখা যাবে। গ্রাম বাংলায় গুড়ের হাঁড়ি যেমন ভাবে ভর্তি করা হয় সেইরকম অনেকটা। উপরে নলেন গুড় দিয়ে ভর্ত্তি করা আর ভিতরটা সম্পূর্ণ শক্ত। রাইটার্স বিল্ডিং-র ডিপার্টমেন্টে ডিপার্টমেন্টে বাজেটের কি রি-অ্যাকশন সেটা ঘুরলেই বুঝতে পারবেন। প্রতিটি ডিপার্টমেন্টের অফিসাররা বলছে রাজ্য সরকারের টাকা কিছু নেই। এদিকে রাজ্য

সরকার দেখাচ্ছে ঘাটতি শূণ্য বাজেট।

[4-40 – 4-50 P.M.]

ঘাটতি শূণ্য বাজেট? ঘাটতি শূণ্য বাজেটের রিপার্কেশন গিয়ে দেখুন রাইটার্স বিল্ডিংয়ে। একটা ঘাটতি শূণ্য বাজেট দিয়ে আপনারা ভেবেছেন পশ্চিমবাংলার মানুষের কাছে প্রশংসা অর্জন করেছেন? সাধারণ লোকদের কাছে যান এবং গিয়ে দেখুন তাদের মধ্যে কি ধারণা হয়েছে। ৫০ পারসেন্ট টাকা এখনও পেমেন্ট করতে পারেন নি। আর টাকা—এক খাতের টাকা আর এক খাতে গেছে, আর এক খাতের টাকা অন্য খাতে, এই তো ব্যাপার। শুধু ডাইভারশান আর ডাইভারশান। আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা আশঙ্কাগ্রস্ত। পূর্ত বিভাগেও কি ডাইভারশান হচ্ছে না-এর প্রতিফলনও আমরা রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি।

১৯৮৭ সালে রাজীব গান্ধী বন্যা দেখে ইছামতী নদীর উপর ন্যাশনাল হাইওয়ে যেখান থেকে কোটি কোটি টাকা যে রুট দিয়ে আয় হয় সেটাকে বিশেষ ভাবে প্রয়োজন মনে করে ১৯৮৭ সালের ১৮ই ডিসেম্বর ৩ কোটি ১৬ লক্ষ টাকা মঞ্জুর করেন এবং বাজেট অ্যালোকেশন ১৯৮৮-৮৯য়ে সেই টাকা পশ্চিমবাংলা সরকারের কাছে পড়ে থাকে। নির্বাচনের প্রাক্কালে শিলান্যাশ করলেন এবং সেখানকার মানুষকে বলে আসলেন পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় যে, দু' বছরের মধ্যে ব্রিজ কমপ্লিট করে দেব, কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছে। গত বিধানসভায় যখন কলিং অ্যাটেনশন এনেছিলাম এবং তাতে উত্তর দিয়েছেন "The undersigned is directed to refer to your memo. no. 670/1(1)-L.A. M.C. 30.8.91 regarding C.A. notice raised by Sri Bhupendranath Seth, M.L.A. and to inform you that a sum of Rs. 3,16,90,800/- has been sanctioned by the Director General (Road Dev.) and M.O.S.T. Govt. of India on 10.1.91. এবং কোনও তারিখে টাকা দিয়েছেন—১০.১.৯১ তারিখে। পূর্ত বিভাগের ডেপুটি সেক্রেটারি চিঠিতে এবং সেখানে বলেছেন for the construction of the bridge over river Icchamati at 53 Km of N.H. 35. The proceedings and all the formalities have been completed by this department. The pre-qualification for eligible contractors for the said bridge which was pending with the Director General (Road Dev.) M.O.S.T. Govt. of India had been received very recently.

Concerned filed officers of the Directorate office have been advised to invite the tender immediately after finalisation of terms and conditions.

The work will start as soon as the tender is finalised.

রাজ্যপালের ভাষণে আমরা কি দেখলাম ২৮ নং প্যারায়, কি বললেন সেখানে? তাঁর মনে হয়েছে টাকা অন্য খাতে চলে গেছে, টাকা এ ধার, ও ধার হয়ে গেছে। ২৮ নং প্যারায় রাজ্যপাল কি বললেন—পূর্ত বিভাগ পুরুলিয়া জেলার যমুনাজোড় ও কুমারী নদীর দুটির

উপর সেতু এবং শ্রীরামপুরে রেলের ওভারব্রিজ নির্মাণের কাজ শেষ করেছে। কুয়ে, টাঙ্গন, সুডঙ্গা, দ্বারকা, ময়ূরাক্ষী, ও আত্রাই নদীর ওপর সেতু নির্মাণের কাজে বিশেষ অগ্রগতি ঘটেছে। এ ছাড়া ১৯৯২-৯৩ সালে বর্ধমানের নতুন হাটে অজয় নদীর উপর বাঁকুড়ায়, দুদুয়া, ও গিলাপ্তি নদীর ওপর এবং কুচবিহারে সতী নদীর ওপর সেতু নির্মাণের প্রস্তাব রাখা হচ্ছে। টাকা খাওয়া হয়ে গেছে। সেখান থেকে ফরেন মানি ইনকাম হচ্ছে, কনসিডারিং দোস Considering these necessities of work. গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া টাকা দিয়েছে, সেই কথা চিঠি দিয়ে জানানো হয়েছে। আর সেই পরিকল্পনার কাজের কথা রাজ্যপালের ভাষণের মধ্যে যদি না রাখা হয় আপনারা যারা আছেন তারা বলুন, সমর্থন করা উচিত কিনা। এই টাকা অন্য খাতে সরিয়ে নেওয়া হয়েছে বলে মনে হয়। এই সময়ের মধ্যে সে সমস্ত শেষ হয়ে গিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর জবাবি ভাষণে এর উত্তর জানতে চাই—এই টাকা কোথায় গেল সে সম্পর্কে এবং কাজ কবে হচ্ছে সে সম্পর্কে। **(একটি শব্দ ঃ টাকাই আসে নি।)** টাকা আসে নি বলছেন, রিসিভড বাই আস লেখা আছে। টাকা আসে নি বলছেন, তাহলে এই চিঠি কি ফলস? চিঠি দেওয়া হয়েছে অথচ এই কথা রাজ্যপালের ভাষণে বলেন নি। আইন-শৃঙ্খলার কথা বলেন, আপনারা বলেছেন সাম্প্রদায়িক দাঙ্গা নাকি আপনাদের এখানে হয় না। উত্তর ২৪ পরগনার আমাদের নেতা এখানে বসে আছেন। মাননীয় মুখ্যমন্ত্রী কিছুক্ষণ আগে এসেছিলেন, আমার মনে হয়েছিল, I am fortunate to receive him in the House. শশ্মান গ্রামের মানুষগুলো এখন কোথায়? আড়াই-তিন হাজার লোক গ্রামছাড়া। আমার নেতা গিয়েছিলেন তাদের নিয়ে। পুলিশ প্রোটেকশন দিতে পারে নি। আরও অন্যায় হচ্ছে সেখানে। নব্বই ভাগ মানুষ কংগ্রেসের বলে তার পাশের কোলসুরে তাদের উপর অত্যাচার হচ্ছে। কোলসুরের রাস্তার ধারে পূজো করার নামে বেদী করেছিল সেখানে এবং সেই বেদী সি. পি. এমের লোকেরা মুসলিমদের দিয়ে ভাঙ্গিয়ে দাঙ্গা-হাঙ্গামার চেষ্টা করেছিল। কোলসুর দেগঙ্গা থানায়। কোথায় ছিলেন, গিয়েছিলেন সব সেখানে? দাঙ্গা বাধে নি, আপনারা এখানে বড় গলায় বলছেন, সাম্প্রদায়িক দাঙ্গা উঠিয়ে দিয়েছেন। প্রশাসন চলছে, আমি বলেছি মুখ্যমন্ত্রীকে ১০ তারিখে প্রতিটি থানায় কোরাপশন চলছে, কোরাপশনে ভর্তি হয়ে গিয়েছে। সীমান্তে যে সমস্ত পোস্টিং হয় সেক্ষেত্রে ৬০/৭০ হাজার টাকা পার্টি ফাণ্ডে যাচ্ছে এবং সেই চাঁদা দিয়ে তারা সীমান্ত অঞ্চলে পোস্টিং নিচ্ছে। সীমান্তে যারা স্মাগলিং করে মিটিং করে ঠিক হয় রেট অফ দোস স্মাগলিং গুডস—চাল, চিনি গরু, বলদ, লবণ এবং তার কালেকশন মাস্টারের নাম হচ্ছে ডাক মাস্টার। বলেছি মুখ্যমন্ত্রীকে পুলিশ প্রশাসনকে কন্ট্রোল করতে পারলে তবেই সীমান্তের সমস্ত অঞ্চলে স্মাগলিং বন্ধ হবে। প্রথম পৃষ্ঠায় কভারেজ করল ৭ তারিখে। কিছু হল না। আমি বসিরহাট, বনগাঁ, নদীয়া, মুর্শিদাবাদ পর্যন্ত গিয়েছি এবং সেখানে গিয়ে দেখেছি পুলিশের যদি ঘুস খাওয়া বন্ধ করতে পারেন, পুলিশকে যদি ঠিকভাবে চালাতে পারেন, তাহলে আইন-শৃঙ্খলা প্রতিষ্ঠিত হয়। নারী ধর্ষণের কথা স্বীকার করেছেন সেজন্য অভিনন্দন জানাই। কিন্তু থানায় যেসমস্ত নির্দেশ আপনাদের আছে তাতে মানুষ খুন হলে বলে রেলে গলা কেটে মরেছে, নয়তো সুইসাইড করেছে। ব্যাঙ্ক ডাকাতি হয়েছে। আইন-শৃঙ্খলার উন্নতি দেখতে পাচ্ছি না। কলকাতায় দিন-দুপুরে ডাকাতি হচ্ছে। বনগাঁয় স্টেট ব্যাঙ্কে ডাকাতি করে টাকা নিয়ে চলে গেল, চাকদহে ডাকাতি করে নিয়ে

গেল, ধরা পড়েছে সি. পি. এম ক্যাডার।

[4-50 – 5-00 P.M.]

কারা এসব করে ধরা পড়ছে? সব সি. পি. এমের ক্যাডার এবং স্মাগলার। ও. সি. কে সেখান থেকে ট্রান্সফার করলেন ডি. জি. ইন কনসালটেশন উইথ ডি. আই. জি. (পি. আর) শ্যামল দত্ত ২৬.১০ তারিখে। তারপর পার্টি থেকে তদ্বির করে সেখানে তাকে রাখা হল। যখন শেষ পর্যন্ত পারল না তখন বলল হাইকোর্টে কেস কর। এসব আমার কথা নয়, স্টেটসম্যান পত্রিকাতে সমস্ত কিছু বেরিয়েছে। শুধু স্টেটসম্যান নয়, আরও অনেক কাগজে এইসব বেরিয়েছে। এই বলে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাবের বিরোধিতা করে ও আমাদের সংশোধনীগুলি সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী কমলেন্দু সান্যাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তা সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, আমরা জানি যে এই ভাষণ ওদেরপক্ষে সমর্থন করা সম্ভব নয়। এই ভাষণ যদি জনস্বার্থবিরোধী একটি ভাষণ হত তাহলে তা ওরা সমর্থন করতেন। এই ভাষণে যদি দ্রব্যমূল্য বৃদ্ধি অব্যাহত রাখার পক্ষে ওকালতি করার ভাষণ হত তাহলে নিশ্চয় ওরা এই ভাষণ সমর্থন করতেন। এই ভাষণে যদি খাদ্যে ভরতুকী কমানোর জন্য, সেচ ব্যবস্থা আরও কমানোর জন্য বলা হত তাহলে আমরা জানি ওরা নিশ্চয় এটা সমর্থন করতেন। স্যার, কথাগুলি এই কারণে বলছি তার কারণ ওরা নির্বাক হয়ে বসেছিলেন। দিল্লিতে ওদের যারা রয়েছেন তারা এমন একটা বাজেট এবার সমর্থন করে এসেছেন যে বাজেটের কথা আপনারা সবাই জানেন এবং দেশের মানুষ তার বিরোধিতা করেছেন। সেই বাজেটে আমরা দেখছি, মাথাপিছু শিক্ষার জন্য ব্যয় কমেছে এবং কমে মাসিক সেটা ৬ পয়সায় এসে দাঁড়িয়েছে। শিক্ষা যুগ্ম তালিকায় আছে। আমাদের দায় আছে, ওদেরও দায় আছে। ওরা সেখানে মাসিক ৬ পয়সা দিচ্ছেন। স্বাস্থ্য খাতে ব্যয় কমানো হয়েছে বাজেটে। বাজেটে দেখা যাচ্ছে তার পরিমাণ ২৯ পয়সা। কয়লায় ময়লা, তার উন্নয়নে দেশের লাভ কি? সেজন্য মনমোহন সিং কয়লা সাফে সরকারি কয়লা শিল্প থেকে কাটলেন ৩১৭ কোটি টাকা। যোগাযোগ ব্যবস্থার উন্নতি হলে মানুষের মধ্যে ঐক্য বাড়বে ফলে তাতে ঝামেলা হতে পারে সেইজন্য সেই খাতে কাটলেন ৩ কোটি টাকা। পরিবেশ, বন, এসব ব্যাপারে ভারতবর্ষে বোধ হয় খুব উন্নতি হয়ে গিয়েছে তাই তাতে কাটলেন ২০ কোটি টাকা। খাদ্যজাত শিল্পের উন্নয়নের জন্য যে ব্যবস্থা আছে তাতে বাজেটে যে টাকা থাকে সেখান থেকে কাটলেন ৭ কোটি টাকা। শিক্ষার উন্নতি বিধানের ব্যাপারে কাটলেন ২৫ কোটি টাকা। আর্থিক সংস্থায় ১৯৫ কোটি টাকা কাটা হয়েছে। ক্ষুদ্র ও কুটির এবং গ্রামীণ শিল্প—যে গ্রামের কথা গান্ধীজী ভাবতেন সেখান থেকে কাটা হয়েছে ১৫ কোটি টাকা। হায় গান্ধীজী। বস্ত্র শিল্পে কাটা হয়েছে ৯৮ কোটি টাকা। এসব এখন বিলেত থেকে আসবে। গতবার যে টাকা এইসব খাতে বরাদ্দ ছিল তার থেকে কমানো হয়েছে এবং সেই হিসাবই আমি দিলাম। জল সম্পদে কাটা হয়েছে ৩৫ কোটি টাকা। গ্রামীণ উন্নয়নে ভারতবর্ষ ব্যাপি কাটা হয়েছে ৪০৮ কোটি টাকা। এই সব মিলিয়ে ১২০০ কোটি টাকার কাছাকাছি উন্নয়ন সম্ভাবনার গলায় ওঁরা দড়ি দিয়ে দিয়েছেন। ওঁরা এখন মশগুল হয়ে আছেন,

কাশিমবাজারের নীলকুঠিতে যেমন একদিন কিছু মানুষ মশগুল হয়ে ছিল। খবরের কাগজে দেখলাম প্রধান মন্ত্রীর ঘরের আনাচে-কানাচে বিদেশিরা ঘুর-ঘুর করছে। মনমোহন সাহেবের সঙ্গে নভেম্বর মাস থেকে গোপনে প্রেম-পত্র চলছে। আমি বিরোধী বন্ধুদের জিজ্ঞাসা করি, রাজ্যের বাজেট যদি বিধানসভার অধিবেশনের আগে লীক হয়ে যেত তাহলে আপনারা কি করতেন? বাজেট পেশ করার আগেই লোকসভায় সব কিছু ফাঁস হয়ে গেল, ছাঁদনাতলায় এসে দাঁড়াবার আগেই প্রেম-পত্র বেরিয়ে গেছে। লজ্জা করেনা আপনাদের? কি ভাবে আপনারা চলছেন, একটু ভেবে দেখুন। এর পরে আর আপনাদের বাংলার রাজ্যপালের ভাষণ পছন্দ হবে কি করে! আমাদের তো বার বার বলে মুখ ব্যথা হয়ে গেছে, সেজন্য আর পুনরাবৃত্তি করতে চাই না। আপনারা জানেন না গত ১৫ বছরে বাংলায় যা করা হয়েছে তা স্মরণাতীত, ইতিহাসই বলবে যে বাংলার জন্য এর পূর্বে কখনও কেউ এত কাজ করে নি। তথাপি বাংলার জন্য এখনো যা করার তা আমরা করব কি করে, বাংলা তো আর অন্য কোনও জায়গায় নয়, ভারতবর্ষেরই একটা অঙ্গ রাজ্য। বাংলার সঙ্গে কি দিল্লির যোগ নেই? বাংলার সঙ্গে কি অন্যান্য রাজ্যের যোগ নেই? সব জায়গার সঙ্গে সব জায়গার যোগ আছে। কিন্তু আজকে কি হচ্ছে,—

দিল্লির বিল্লি খেয়ে যায় দুধ,

আমরা এখানে গুনি তার সুদ।

কি অদ্ভুত দেশপ্রেম আপনাদের! স্যার, ওঁরাই এক সময়ে গাইতেন,—

"ভেঙে ফেল রেশমী চুড়ি—"

আর আজকে ওঁদের মনমোহনদা গাইছেন,—

ছিঁড়ে ফেল তাঁতের শাড়ি—

সে জন্য বস্ত্র খাতে ৯৮ কোটি টাকা কেটে নেওয়া হয়েছে। কারণ বিদেশিদের কাছে দরজা খুলে দিতে হবে, তারা বাণিজ্য করবে। যে জিনিস জাহাঙ্গীরের আমলে শুরু হয়েছিল, তারপর তার পুত্র শাজাহানের আমল এবং তারপর তার পুত্র ঔরঙ্গজেবের আমল ধরে ছিল—১৭০৭ সালে শুরু হয়ে ৫০ বছর ধরে নীলকুঠিতে যে আলোচনা হয়েছিল, সে আলোচনা আবার শুরু হয়েছে। স্যার, শচীন সেনের 'সিরাজউদ্দৌলা' নাটক থেকে একটু উদ্ধৃতি দিয়ে সে আলোচনার বিষয়-বস্তুটা আমি এখানে উল্লেখ করতে চাই। সেই নাটকের ভেতর আছে,—"হামরা মজাসে বাণিজ্য করিবে, আর তুমি নবাবি করিবে।" এবারে ওরাও আবার মজাসে বাণিজ্য করবে। ঠিক সে জিনিসই হচ্ছে। এটা শীঘ্রই বোঝা যাবে। জাহাঙ্গীরের আমলে ইস্ট ইণ্ডিয়া কোম্পানি এসেছিল এবং অন্যান্য অনেক কোম্পানি এসেছিল। তারপরে, ঔরঙ্গজেবেরও পরে ১৭৫৭ সালে ছুঁচ হয়ে ঢুকে ফাল হয়ে বেরিয়েছিল। অর্থাৎ—

কার্লা পিসি, মারবে পিষি

বন্ধ হবে সু এদেশী।

আপনাদের বলতে হবে,—

ডানকেল দেন উপদেশ—

বাজারের দোর খোলা আসুক বিদেশ।

ডানকেল কান ধরে উঠতে বললে উঠবেন, বসতে বললে বসবেন। আপনারা চিনের কথা বলছেন—অত শস্তা নয়। তারা নিজেদের পায়ে দাঁড়িয়ে আছে। তাদের কান ধরে ওঠানো বসানো যায় না। এটুকু জেনে রাখবেন। আপনারা যে পথে যাচ্ছেন তার পরিণতি কি? রবীন্দ্রনাথ বলেছিলেন,—

"বণিকের মান দণ্ড—

দেখাদিল রাজ-দণ্ড রূপে

পোহালো সর্ব্বরী।"

তেমনই ডানকেল, আঙ্কেল দেন উপদেশ,

কার্লা পিসি, বেচবে মিশি

শস্তা নয়—হ্যাঁ, মাল, বিদেশি।

৩০১-এর মারছে প্যাঁচ—

মেধার গলায় ঘ্যাচাং-ঘ্যাচ্।

তারপর?

তারপর একদিন বণিকের তুলা

স্বাধীনতা কেড়ে নিতে, হয়ে যাবে গোলা।

ইস্ট ইণ্ডিয়া কোম্পানির অনুরূপ খেলা—

পণ্ডিত মূর্খের দল বুঝ এই বেলা।

[5-00 – 5-02 P.M.]

প্রেস্টনী তার বেস্টন, বাজেটের নাগপাশ, স্বাদ-হীনতা সারা দেশে স্বাধীনতা হবে লাশ। সেই স্বাধীনতা লাশ করবার জন্য তৈরি হচ্ছে কাশিমবাজার আর নীলকুঠিতে বসে মির্জাফর, রায়দুর্লভ, জগৎশেঠ আর ইয়ারলতিফের দলবল। আজকে তাদের চেহারাই দেখতে পাচ্ছি। কিন্তু দেশ এদের ক্ষমা করবে না। ক্ষুদিরামের দেশ, সত্যেনের এই দেশ তাদের ক্ষমা করবে না। গান্ধীজী এক সময় ডোমিনিয়ন স্ট্যাটাসের কথা ভেবেছিলেন। আপনারা ডোমিনিয়ন

স্ট্যাটাস করেছেন। এখন মহারাণী ভিকটোরিয়াকে আর কুর্ণিশ নয়। এখন ডোমিনিয়ন স্ট্যাটাস হবে তাতে বুশকে কুর্নিশ করবেন, কার্লাপিসির হিলে চুমু খাবেন। পরিশেষে, মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। তিনি তাঁর ভাষণে যথার্থ চিত্র উপস্থাপিত করেছেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 5.02 p.m. till 11.00 a.m. on Wednesday, the 11th March, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 11th March, 1992 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 24 Ministers, 7 Ministers of State and 171 Members.

[11-00 — 11-10 A.M.]

Starred Questions

(to which oral answers were given)

Teachers' Training Programmes by the Centre

*49. (Admitted Question No. *192) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Education (Primary and Secondary) Department be pleased to state—

(a) the brief outlines of the achievements under the Centrally Sponsored Scheme of Reconstruction and Reorganisation of Teachers' Education in West Bengal during the period from 1987-88 to 1990-91;

(b) the amount sanctioned by the Centre for Teachers' Training Programmes in West Bengal during the aforesaid period;

(c) was the sanction of any amount subsequently revoked by the Centre; and

(d) if so, the reason thereof ?

Shri Achintya Krishna Roy :

(a) In the Programme for Mass orientation of School Teachers a total number of 97,870 teachers were covered

(b) Rs.4,13,70,980

(c) Yes

(d) The State Government could not make any headway in the scheme of DIET for which a sum of Rs.147.60 lakhs was sanctioned, as the fund required for a single complex exceeds

disproportionataly the total expenditure sanctioned for upgradation of five selected institutions in the first plan.

Besides, the State Govt. was also not in a position to implement the scheme without a long term commitment from the Government of India regarding finding of additional cost involved for creation and appointment to the additional posts required to run such institutions at least upto the end of Eighth Five Year Plan period.

Shri Saugata Roy : Sir, it is very strange that the Minister has stated that the amount of Rs.147 crores sanctioned by the Centre for Teachers' Training Programme was ultimately revoked because it was returned. The government could not spend it and he has given enough reasons to justify it. Is the Hon'ble Minister aware of the fact that during the same period Rs.121 crores were sanctioned and spent by different states ? Out of that, the states like Madhya Pradesh spent Rs.17 crores, Uttar Pradesh - 15 crores, Punjab - 16 crores, whereas West Bengal could not spend the money because of a long term commitment from the Centre. Will the Hon'ble Minister be pleased to state as to how the other states were able to spend the money sanctioned under the same scheme while West Bengal could not ?

Mr. Speaker : The question is not allowed.

Shri Saugata Roy : Then, Sir, let me reformulate the question. Now my question is that the Minister has stated that the State Government has wanted a long-term assurance from the Centre and that is why they could not spend the money. What was the Centre's response to the State Government's communication in this regard ?

শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ স্যার, আমি বলতে চাই যে, দুটি স্কীম ছিল। একটা প্রাইমারি টিচার্সের ট্রেনিংয়ের স্কীম, তারজন্য একটা টাকা বরাদ্দ ছিল, আর একটা পার্মানেন্ট কতকগুলি কনস্ট্রাকশন, ডিস্ট্রিক্ট সেন্টার তৈরি করার যেখানে প্রাইমারি এবং সেকেন্ডারি টিচার্সদের ট্রেনিং দেওয়া হবে কথা ছিল। আমরা প্রথম পর্যায়ে সেটা কমপ্লিট করার জন্য ২ কোটি ৪৬ লক্ষ টাকা খরচ করেছি, কিন্তু আমাদের কেন্দ্রীয় সরকারের টিচার্স সেন্টার তৈরি করার যে স্কীম আমাদের পশ্চিমবঙ্গে অনেকগুলি টিচার্স সেন্টার বেশি আছে। ওরা জেলাভিত্তিক ৫টি করে করতে বলেছেন। কিন্তু আমরা দেখেছি, ১ কোটি ১১ লক্ষ টাকা একটি ডিস্ট্রিক্ট স্কীম করতে গেলে লাগবে। কাজেই ৫টির জন্য ৭.৫ কোটি টাকা লাগবে। এই স্কীম তৈরি করে আমরা দিল্লিতে পাঠিয়েছি। ১ কোটি ৪৭ লক্ষ টাকা দেবার পর বলেছেন ৫টি করুন। এক্ষেত্রে স্টাফ নিয়োগ করতে লাগবে ১৫ লক্ষ টাকা। সেটাও তারা রাজ্যের ঘাড়ে ছেড়ে দিয়েছেন। আমাদের প্রাইমারি এবং সেকেন্ডারি টিচারদের ট্রেনিং দেবার যেসব সেন্টার রয়েছে সেগুলো দিয়েই কাজ চলছে। আমরা বলেছি, আপনারা সম্পূর্ণ টাকা দিলে এটা করতে পারব। অন্য রাজ্য টাকা

নিয়ে তছরূপ করেছে, না কি করেছে, সেখানে যাচ্ছি না।

শ্রী সৌগত রায় ঃ আমাদের রাজ্যের অপদার্থতার জন্য ১ কোটি ৪৭ লক্ষ টাকা দেবার পরও সেটা ফেরত গেছে। আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, উনি কি জানেন, পশ্চিমবঙ্গে রেশিও অফ ট্রেন্ড টিচার টু টোটাল টিচার ইজ ওয়ান অফ দি লোয়েস্ট ইন দি কান্ট্রি? সেক্ষেত্রে ট্রেন্ড টিচার বাড়াবার জন্য নিজেদের উদ্যোগে কি করেছেন?

শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ আমি একথা বলতে চাই যে, টাকা ফেরত দিয়েছি তার মানে হচ্ছে, আমরা স্কীম পাঠিয়েছি এবং এক্ষেত্রে নেগোসিয়েশন চলছে। বলেছি, ৭.৫ কোটি টাকা দিন, ৫টি সেন্টার করব এবং যে কোনও একটি জেলায় একটি খুলতে দিন। তবে নিজস্ব ভিত্তিতে আমরা এটা করতে চাইছি না। দ্বিতীয় যা বলেছেন, সেক্ষেত্রে টিচারদের ট্রেনিং দেবার জন্য আমাদের যথেষ্ট ইন্সিটিটিউশন রয়েছে। আর আমাদের যে পে স্কেল এবং যেসব সুযোগ-সুবিধা রয়েছে তাতে টিচাররা বিলম্বে ট্রেনিং নিতে যাচ্ছেন বলেই কয়েকটি রাজ্য থেকে আমরা পিছিয়ে রয়েছি।

ইউ.জি.সি. কর্তৃক উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের জন্য অর্থ প্রদান

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৫।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে, ইউ.জি.সি.'র সঠিক সিদ্ধান্ত না নেবার জন্য উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের পঠন-পাঠন মানোন্নয়ন ও তার প্রসারে বিঘ্ন ঘটছে; এবং

(খ) অষ্টম যোজনায় ইউ.জি.সি.'র প্রতিশ্রুতিমতো বরাদ্দকৃত উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়কে দেওয়া হয়েছে কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ

(ক) স্পষ্ট নয়;

(খ) কোন কোন ক্ষেত্রে অর্থের মঞ্জুরি পাওয়া গেছে।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ ইউ.জি.সি. যে টাকা ইউনিভার্সিটিকে দেয় তার সুনির্দিষ্ট ক্রাইটেরিয়া কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় স্পিকার মহাশয়, ইউ.জি.সি. বিভিন্ন বিশ্ববিদ্যালয়কে য টাকা দেয়, যোজনার প্রথমে তারা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আলোচনা করেন। আলোচনা করে ারা ঠিক করেন, সেই যোজনাতে কোন বিশ্ববিদ্যালয় কত টাকা পাবেন। কি কি খাতে াবেন সেটাও আলোচনার মাধ্যমে ঠিক হয়ে থাকে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে অষ্টম যোজনায় কি কি খাতে কত টাকা দেওয়া হবে সেটা বিশ্ববিদ্যালয়, ইউ.জি.সি. এবং রাজ্য রকার এদের প্রতিনিধিরা প্রথমে আলোচনা করেন এবং ১৯৯০ সালের মার্চ মাসে ঠিক রা হয় যে, উত্তরবঙ্গ অষ্টম যোজনাকালে ১ কোটি ৩০ লক্ষ টাকা পাবেন। তার বিভিন্ন াত হচ্ছে স্টাফ, ইকুইপমেন্টস, বুক্স অ্যান্ড জার্নালস অ্যান্ড মিসলেনিয়াস। এইভাবেই ইউ.জি.সি. শ্ববিদ্যালয়কে টাকা দিয়ে থাকেন। শেষ পর্যন্ত আমাদের কাছে যে হিসাব রয়েছে তাতে

আমরা দেখেছি, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় অষ্টম যোজনাখাতে এ পর্যন্ত ১৯.৫ লক্ষ টাকা পেয়েছেন।

[11-10 — 11-20 A.M.]

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন, যে টাকা বরাদ্দ হয়েছিল তারমধ্যে একটা ক্ষুদ্র ভগ্নাংশ উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় পেয়েছে। বাকি টাকা পাওয়া যাবে কিনা এবং না পাওয়া গেলে তার কোনও কারণ জানানো হয়েছে কিনা জানাবেন কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি যে ইউ.জি.সি. যে টাকা ৮ম যোজনায় দেবে বলে তারা তাকে দুটো ভাগ করে। একটা হচ্ছে পার্ট ওয়ান, আর একটা হচ্ছে পার্ট টু। পার্ট ওয়ানের যে টাকা সেটা হচ্ছে তাদের স্থিরীকৃত, তারজন্য তাদের কমিটমেন্ট আছে। পার্ট টু-এর যে টাকা সে সম্পর্কে তারা জানিয়েছে যে এই পার্ট টু-এর টাকা দেবেনা। পার্ট ওয়ানের যে টাকা সেটা থেকে আংশিক দিয়েছে। যেহেতু এটা ৮ম যোজনাকালব্যাপি সুতরাং বিশ্ববিদ্যালয় প্রথমে বিভিন্নভাবে ১৯ লক্ষ টাকা পেয়েছেন। পরবর্তীকালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে বাকি টাকাটা তারা দেবেন। কাজেই দেবেন না, এই ধরনের কোনও সংবাদ আমার কাছে নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা এইটথ ফাইভ ইয়ার প্লান করেছেন। এইটথ ফাইভ ইয়ার প্লানে আপনি জানেন, এক দফা আলোচনা হয়েছিল। নতুন সরকার আসার পরে আবার সেটা পিছিয়ে দিয়েছেন। কথাটা কিন্তু এখন পর্যন্ত ৮ম যোজনা কাগজে-কলমে রয়ে গেছে।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় মোটামুটি বিস্তারিত ভাবে বলেছেন। আমি শুধু একথা বলতে চাই যে প্রশ্নটা সঠিকভাবে করা হয়নি। 'ক' প্রশ্নে ছিল ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন সঠিক সিদ্ধান্ত না নেবার জন্য উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে কি কি ক্ষতি হয়েছে? কাজেই সিদ্ধান্তটা না বললে প্রশ্নটা ঠিক হয়না। যাইহোক, মন্ত্রী মহাশয় বলেছেন, তাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাচ্ছি যে, আপনি কি জানেন, এই যে ডিস্ট্রিবিউশান হয়েছে, ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন যে টাকা দিয়েছে, ৭ম বা ৮ম যোজনা যাই বলুন, তাতে কি তিনি সন্তুষ্ট, কোনও বিঘ্ন সৃষ্টি হয়নি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে বলেছিলাম যে প্রশ্ন কর্তা যেভাবে প্রশ্নটা করেছেন সেটা স্পষ্ট নয়। আমার মনে হয়েছে উনি যেটা জানতে চেয়েছেন সেটা হচ্ছে, ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনের সিদ্ধান্তের ফলে পড়াশুনার ক্ষতি হচ্ছে কিনা বা শিক্ষার প্রসারের ক্ষতি হচ্ছে কিনা। এটা আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে ৮ম যোজনাতে ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনে যে আলোচনা হয় তাতে তারা কিছু কিছু লেকচারার, রীডার, প্রফেশর এই সমস্ত পোস্টগুলি তারা সাধারণত অনুমোদন করেন কিছু শর্ত সাপেক্ষে যে রাজ্য সরকারকে ৫ বছর পরে পূর্ণ দায়িত্ব বহন করতে হবে। সাধারণত এই ধরনের প্রস্তাব ইউ.জি.সি. দেয় এবং রাজ্য সরকারের কাছে আসতে সময় লেগে যায়। অনেক ক্ষেত্রে যেহেতু রাজ্য সরকারের সঙ্গে পরামর্শ না করে বা তাদের অনুমোদন না নিয়ে বিশ্ববিদ্যালয়গুলিকে বলা হয় যে এই এই পদ দেওয়া যেতে পারে যদি রাজ্য সরকার ৫ বছর পরে পূর্ণ দায়িত্ব গ্রহণ করতে রাজি হয়। অনেক সময়ে রাজ্য সরকারের সিদ্ধান্ত নিতে সময় লেগে যায় এবং রাজ্য সরকারকে ভাবতে হয় যে আগামিদিনে

তারা এই বিপুল পরিমাণ অর্থের দায়িত্ব নিতে সক্ষম হবে কিনা। এই সম্পর্কে ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনের চেয়ারম্যানের সঙ্গে আমার কথা হয়েছে। আমি ইউ.জি.সি-র চেয়ারম্যানের সঙ্গে কথা বলেছি, তিনি রাজি হয়েছেন যে এরপর থেকে রাজ্যের সঙ্গে পরামর্শ করে এই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে। এই কথা ঠিক যে কিছু কিছু ব্যাপারে সিদ্ধান্ত নিতে দেরি হওয়ায় আমাদের পারস্পরিক বোঝাপড়ার অভাবে খানিকটা পরিমাণ সম্প্রসারণ ক্ষতিগ্রস্ত হয়। দ্বিতীয়ত মাননীয় সদস্য যেটা জানতে চেয়েছেন যে ইউ.জি.সি যে টাকাটা দেবেনা বলেছে তার ফলে বিশ্ববিদ্যালয় চালাতে অসুবিধা হবে কিনা। নিশ্চয়ই। তবে আমাদের কিছু হিসাব যেমন ধরুন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়-এর জন্য পার্ট-১-এ ১ কোটি ৩০ লক্ষ টাকা এবং পার্ট-২-এ ৬৫ লক্ষ টাকার কথা বলেছি। তারা প্রথমে চিঠি লিখে জানিয়েছেন ৬৫ লক্ষ টাকা দিতে পারবেন না, পার্টি-১-এর টাকাটা দেবেন। সেই টাকার মাত্র আংশিক কিছু যেমন সাড়ে উনিশ লক্ষ টাকা দিয়েছেন। বাকি টাকাগুলোর ব্যাপারে নিশ্চয় আমাদের কথাবার্তা বলতে হবে। তারা যে দেবেন না এই কথা বলেন নি। তারজন্য কথাবার্তা বলতে হবে যাতে এই টাকাটা পাওয়া যায়।

শ্রী সৌগত রায় ঃ উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে ইউ.জি.সি-র রিপোর্টে দেখা যাচ্ছে গত বারের প্ল্যানে ৩০৪ লক্ষ ৬৮ হাজার টাকা দেবে। Non-plan grant from the State Government, যেটা নন-প্ল্যান রেকারিং এক্সপেনডিচার হচ্ছে ৩৩১.৪৭ লক্ষ টাকা। টোটাল রেকারিং এক্সপেনডিচার যেটা নন-প্ল্যান তার মানে মেনটেনেন্সে যে ২৭ লক্ষ টাকা বেশি লাগছে মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এই বেশি টাকাটা স্টেট গভর্নমেন্ট কোথা থেকে দিচ্ছে?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন এটা কিন্তু গভির সঙ্কটের অঙ্গুলি সঙ্কেত যে সত্য সত্যই বিশ্ববিদ্যালয় তার যে বাজেট এবং তার যে খরচ সেটা তারা সঙ্কুলান করতে পারে না। রাজ্য সরকার তার একটা মেনটেনেন্স গ্রান্ট দেয়। কিন্তু অনেক সময় দেখা যায় যে রাজ্য সরকার যে মেনটেনেন্স গ্রান্ট দিয়ে থাকে বিশ্ববিদ্যালয়গুলির খরচ তার থেকে বেশি হয় এবং অনেক ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়গুলিকে এইরকম ঘাটতি নিয়ে তাদের চলতে হয় এবং অন্যান্য খাতে যে টাকা সাময়িকভাবে হলেও তাদেরকে এই মেনটেনেন্সের জন্য ব্যয় করতে হয়। এটা কিন্তু সর্বভারতীয় সমস্যা। অর্থাৎ বিশ্ববিদ্যালয়গুলির যে পরিমাণ খরচ বাড়ছে, রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার যে টাকাটা তাদের দিচ্ছে তাতে বিশ্ববিদ্যালয়গুলিকে অনেক অসুবিধার মধ্যে কাজ চালাতে হচ্ছে।

শ্রী সৌগত রায় ঃ প্ল্যানের যে টাকাটা সেটা নন-প্ল্যানে খরচ হয়ে যাচ্ছে। প্ল্যানের টাকা দিয়ে ডেভেলপমেন্টের কাজ না করে মাইনে দিতে চলে যাচ্ছে। ইউ.জি.সি যে টাকাটা দিচ্ছে সেই টাকা দিয়ে লেখাপড়া হচ্ছে না, মাইনে দিতে চলে যাচ্ছে। এই ঘটনা ঘটে কিনা আপনি বলুন।

[11-20 — 11-30 A.M.]

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন যে অনেক টাকা মাইনে দিতে চলে যায়। মাইনে বাড়ানোর ব্যাপারে আমি যেমন ছিলাম সৌগতবাবুও ছিলেন। দ্বিতীয়ত

বলি যে, কোনও বিশ্ববিদ্যালয়ের পক্ষে পরিকল্পনার জন্য যে টাকা সেই টাকা অন্যভাবে খরচ করা সম্ভব নয়। তবে সাময়িকভাবে কারা করেন, কি ভাবে করেন তা আমার জানা নেই। সরকারের কাছে সেই তথ্য নেই। অনেক সময়ে তাদের ঋণ নিতে হয়। কিন্তু পরিকল্পনা খাতের টাকা তারা অবহিত ভাবে ডায়ভার্ট করেছেন, এই ধরনের খবর আমার কাছে নেই। পরবর্তী সময়ে মাননীয় সদস্য দৃষ্টি আকর্ষণ করলে আমি খবর নিয়ে নিশ্চয়ই জানাব।

শ্রী পরেশ অধিকারি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি উত্তরবঙ্গে শিক্ষার প্রসার ঘটাতে কুচবিহারের মেখলিগঞ্জে নতুন কলেজ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা? কারণ বিষয়টি দীর্ঘদিন ধরে ঝুলে আছে। সেখানে জমি দেওয়া হয়েছিল এবং কয়েক লক্ষ টাকা চাঁদা তুলে ব্যাঙ্কে জমা দেওয়া হয়েছে। এই বিষয়ে কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, নতুন কলেজ করার যে প্রস্তাবগুলি আমাদের কাছে আছে সেগুলি সবই আমরা খতিয়ে দেখছি। কলেজ করার আগে আমাদের কয়েকটি সাবধানতা অবলম্বন করতে হবে। তার কারণ এখন নতুন করে কলেজ করতে গেলে তা প্রচুর ব্যয় সাপেক্ষ। আর দ্বিতীয়ত সত্যি সত্যি সেই অঞ্চলের প্রয়োজনীয়তা কতখানি, কত ছাত্র আগামি দিনে হবে, সেই কলেজগুলির শিক্ষার মান এবং যে পরিমাণ ছাত্র দরকার তা পূরণ করতে পারবে কিনা, এই সমস্ত কিছু ভেবে আমাদের নতুন কলেজ সম্পর্কে চিন্তা করতে হচ্ছে। তার সঙ্গে মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, মোটামুটি ভাবে ইউ.জি.সি.র এবং কেন্দ্রীয় সরকারের নির্দেশ হচ্ছে নতুন কলেজ খুলতে গেলে সেই কলেজ সম্বন্ধে পুঙ্খানুপুঙ্খ ভাবে বিবেচনা না করে তড়িঘড়ি করে যেন কোনও সিদ্ধান্ত না নেওয়া হয়। এটা হচ্ছে ইউ.জি.সি. এবং কেন্দ্রীয় সরকারের ঘোষিত নীতি। সেজন্য প্রত্যেকটি কলেজের ব্যাপারে এগুলি আমরা বিচার বিবেচনা করে দেখছি।

আখেরিগঞ্জে ক্ষতিগ্রস্ত বাঁধটির পুনর্নির্মাণ

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৩।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে, আখেরিগঞ্জে পদ্মার ভাঙ্গন রোধের জন্য নির্মীয়মাণ বাঁধটির কাজ শেষ হওয়ার পূর্বেই বাঁধটি জলের তলায় বসে গিয়েছে; এবং

(খ) সত্য হলে, উক্ত বিষয়ে সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা?

শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ

(ক) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ব্লক নং ২ এর অন্তর্গত আখেরিগঞ্জ গঙ্গার ডান তীর বরাবর ২০০০ মিটার ভাঙ্গন প্রতিরোধের কাজ ১৯৯১ সালের মার্চ মাসে শুরু হয় এবং এ বছরই ৮৫% কাজ শেষ হয়। ১৯৯১ সালের ভয়াবহ বন্যায় flexible approx launch করে যায়। নদীতে ভাঙ্গন চলতে থাকলে, স্বাভাবিক ভাবেই approx launch করবে। ভাঙ্গনের প্রকৃতির উপরই launching এর পরিমাণ নির্ভর করে। আখেরিগঞ্জ ও অত্যাধিক ভাঙ্গনের জন্য কাজের প্রায়

অর্ধেক অংশ কম বেশি করিয়া গিয়াছে।

(খ) কারণ অনুসন্ধানের জন্য ক্ষতিগ্রস্থ ভাঙ্গন প্রতিরোধক কাজগুলি যে অবস্থায় যেখানে আছে তাহা জরীপ ও পর্যবেক্ষণ করে দেখা হচ্ছে। ঐস্থানে মাটির অনুসন্ধান কাজের ব্যবস্থা করা হচ্ছে।

অর্থ সংস্থান হলে ক্ষতিগ্রস্থ অংশগুলির পুনর্নির্মাণের কাজ গ্রহণ করা হবে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় তার রিপ্লাইয়েতে বলেছেন যে আখরিগঞ্জে বাঁধের ভাঙ্গনে প্রায় ৮৫ পারসেন্ট বসে গেছে এবং এতে খরচ প্রায় ৫.৮৭ লক্ষ টাকা। আমার প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে যে, এই ভাঙ্গন হয়ে যাবার পরে আপনারা অ্যাপ্রোচ ল্যান্ডের মাটি পরীক্ষার কথা বলেছেন, এক্ষেত্রে আমার বক্তব্য এই ৬ কোটি টাকার মতো কাজ এই কাজ করার আগে এই ধরনের মাটির পরীক্ষা, এই ধরনের হ্যাজার্ড এবং তার প্রিকোশনারি মেসার্স নেওয়া হয়নি কেন যাতে করে এই নকশার ক্ষেত্রে এই ত্রুটির বিষয়গুলো আগেই দেখা যেত?

[11-30 — 11-40 A.M.]

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ আমার উত্তরটা মাননীয় সদস্যর বুঝতে বোধহয় একটু ভুল হয়ে গেছে। ৮৫ ভাগ কাজ শেষ হয়েছিল, অর্ধেক বসে গেছে তাহলে এই অর্ধেকটা বসার কারণ জানার দরকার। মাননীয় সদস্য এবং সকল সদস্যর অবগতির জন্য বিশেষভাবে এই এলাকার ভাঙ্গন প্রতিরোধের প্রযুক্তিগত ও কৃৎকৌশলগত বিশ্লেষণ করার দরকার আছে বলে আমি মনেকরি। মাননীয় সদস্যরা নিশ্চয় সহমত হবেন যে, আখরিগঞ্জ এলাকায় এই জায়গাটা অত্যন্ত জটিল। গত বছর বিশেষ করে বিরোধী দলের সদস্য সাত্তার সাহেব, সুদীপ বন্দ্যোপাধ্যায়, সৌগত রায় প্রমুখ নেতারা সবাই মিলে আমার সঙ্গে সাক্ষাত করেছিলেন, কি মেসার্স নেওয়া যেতে পারে তাই নিয়ে বিস্তৃত আলোচনা হয়েছিল। আমি সেই সময়ে এইকথা বলেছিলাম যে, এক নম্বর ওখানকার নদী অসম্ভব স্টিফ, ২নং বাংলাদেশ থেকে মাঝে মাঝেই নদীর শাসনের নামে নদীর কারেন্টকে ডাইভার্ট করে দিচ্ছে, নদীর গতিকে ঘুরিয়ে দিচ্ছে। ৩ নং হচ্ছে উপরের দিকে প্রবল বৃষ্টি হলে উত্তর প্রদেশ, বিহার থেকে জল এসে পড়ে, তার গতিবেগ এত বেশি যে বিশেষ করে এই এলাকার ভাঙ্গন এড়াতে পারছি না। এই এলাকার ভাঙ্গন ৩-৪ বছর আগে বিশেষ জটিল আকার ধারণ করায় জনগণের চাপে পড়ে খুচরো, খুচরো করে কাজ করতে হয়েছিল। এটা করেছিলাম ২-৩ বছর আগে এবং এটা ফলপ্রসু হয়নি। সেই কারণে পাকাপাকি বড় ধরনের কাজ করার জন্য এই ধরনের কাজ শুরু করা হয়েছে। মাননীয় সদস্যরা সহমত হবেন যে এই কাজ করতে গিয়ে কিছু অসুবিধা হবে এবং ত্রুটি হবে তার কারণ ৬০ লক্ষ টাকার বেশি কোনও কাজ করতে গেলে এযাবতকাল নিয়ম ছিল যে জি এফ সি সির অনুমোদন নিতে হত। স্বাভাবিকভাবেই এস্টিমেট যখন ৬ কোটি টাকায় দাঁড়ায় তখন আমরা স্থির করলাম কাজটাকে ভেঙে ভেঙে করব। এবং সেই হিসাবে ৩ কোটি, ৫ কোটি ও ৬ কোটি টাকার মতো স্কীম তৈরি করা হল। তাসত্ত্বেও দেখলাম যে ২ কোটি টাকার এস্টিমেটের কাজ হলেও প্ল্যানিং কমিশনের অনুমোদন দরকার। তখন আমরা কাজটাকে দেড় কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে চাই। কিন্তু তা সত্ত্বেও স্কীমটা জি এফ সি সির

কাছে যায়। কংগ্রেস সদস্যরা সহমত হবেন যে আখরিগঞ্জের ভাঙ্গন বন্ধ করতে গেলে উপরের দিকে ১০-১২ কিলোমিটার উপরের জল আছে, সেই জলের ধারাকে ডাইভার্ট করে দিতে হবে। স্পার তৈরি করতে হবে। আমি এই ব্যাপারে সপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার এবং চীফ ইঞ্জিনিয়ারকে দিয়ে স্কীমটির রচনা করিয়াছিলাম। আখরিগঞ্জের ১২ কিলোমিটার উপরে আপ স্ট্রিমে হনুমন্ত নগরে একটা স্পার তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে। কিন্তু জি.এফ.সি.সি. তারা কিছুতেই রাজি হয়নি এবং আমার চেম্বারে বসে জি.এফ.সি.সি.-র ইঞ্জিনিয়ারদের সঙ্গে আমাদের ইঞ্জিনিয়ারদের মধ্যে একটা প্রচন্ড তর্কাতর্কি ও বাদানুবাদ হয়; শেষ পর্যন্ত আমি মুখ্যমন্ত্রী স্মরণাপন্ন হই, তখন উনি বলেছিলেন এই ব্যাপারে জি.এফ.সি.সি.-র কথাই যখন শেষ কথা তখন তাদের কথাই আপনাকে মেনে চলতে হবে। তখন আমরা আবার একটা পরিকল্পনা রিকাস্ট করি এবং সেইভাবে পরপর ৪টি মৌজায় আমরা ৪টি প্রটেকটিভ ওয়ার্কের সিদ্ধান্ত নিই। কিন্তু পরিকল্পনার গোড়ার দিকে আমাদের একটা আশঙ্কা ছিল উজানে যখন স্পার তৈরি করতে পারলাম না বাংলাদেশ কারেন্টটাকে ডাইভার্ট করে দিচ্ছে, তার মানে হচ্ছে তারা আমাদের জন্য জায়গাটা আর রাখছেন না, এটা হয়ত ভারত সরকার বাংলাদেশের সঙ্গে সম্পর্কটা ভাল রাখার জন্যই কিছু করছেন না, তাই এইরকম একটা বিপদ ঘনিয়ে আসতে পারে এই আশঙ্কা আমাদের দপ্তরের মধ্যে ছিল। তা সত্ত্বেও এই কাজগুলি করতে জি.এফ.সি.সি. প্রমুখদের অনুমোদন নিতে ফেব্রুয়ারি, মার্চ পর্যন্ত চলে যায়। আপনারা সকলেই জানেন মুর্শিদাবাদ জেলায় বর্ষা আসে জুন, জুলাইয়ের দিকে তাই মার্চ থেকে মে জুন মাসের মধ্যে দ্রুতভাবে কাজ করা হয়। আমার যতদূর জানা আছে সেচ বিভাগে আজ পর্যন্ত এত দ্রুততমভাবে কোনও কাজ হয়নি, তিন মাসে প্রায় ৬ কোটি টাকার কাজ করা হয়। কিন্তু তা সত্ত্বেও দেখা যায় নদীর ভাঙ্গনের যা গতি প্রকৃতি তাতে বোল্ডার পিচিং-এর সঙ্গে অ্যাপ্রন পিচিংও আমাদের করতে হবে, অ্যাপ্রন পিচিং ফ্লেকসিবিল বলে স্বভাবতই নড়েচড়ে বেড়ায়। আপনারা নিশ্চয় আমার সঙ্গে সহমত হবেন বিধ্বংসী বন্যার জন্য মুর্শিদাবাদ জেলা ও নদীয়া জেলার একটা বড় অংশে ঐ কাজটা করতে পেরেছিলাম বলে অন্তত ৯০ ভাগ বসে গেছে ঠিকই কিন্তু সেটা ভেঙে যায়নি যার দরুন আমরা নদীর প্রবল গতিটাকে রোধ করতে পেরেছিলাম তবে সয়েল নেচারের জন্য যেটা স্লিপ করে যাচ্ছে সেটার ব্যাপারে আমরা রিভার রিসার্চ ইনস্টিটিউটকে তদন্ত করতে দেব এবং তদন্ত সাপেক্ষে আমরা রিপোর্টও দেব। তা সত্ত্বেও টাকা পয়সার একটা ভয়ঙ্কর অসুবিধা রয়েছে তাই পুরানো কাজটাকে যত তাড়াতাড়ি মেরামত করা যায় সেই ব্যাপারে আমরা তৎপর হচ্ছি এবং আশা করছি সামনের দিনের বন্যা থেকে মুর্শিদাবাদ জেলা তথা পশ্চিমবাংলার বিরাট অংশকে রোধ করতে পারব।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে দীর্ঘ উত্তর দিলেন তার মূল কথা হচ্ছে গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনের টাকায় উজানে যে স্পারটা করার কথা সেটা তারা দেয়নি ফলে চেঞ্জ করে করতে হয়েছে, কিন্তু আল্টিমেটলি স্কীমটা হয়েছে পরবর্তীকালে রিকাস্ট করে। কিন্তু আমার বক্তব্য গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশন এই ব্যাপারে সিদ্ধান্ত নেবার অধিকারি হলেও সেটার কনকারেন্স কিন্তু স্টেট গভর্নমেন্টের কাছ থেকে আসছে। এখানে যে সমস্ত কুয়েরিজের কথা বলা হচ্ছে সেই ব্যাপারে আমি আখরিগঞ্জের ওখানে গিয়েছিলাম, ওই

ঘটনার পর সরেজমিনে দেখতে এবং সেখানকার বহু মানুষের সঙ্গে আলোচনাও করেছি, সেখানে কিন্তু একটাই প্রশ্ন উঠেছে গোটা মুর্শিদাবাদ জেলায় ও বহরমপুর এলাকায় ওখানে ব্যাপক দুর্নীতি হয়েছে, কন্ট্রাকটারদের মধ্যে ভিসিয়াস সার্কেল থাকায় টাকা-পয়সা প্রপারলি খরচ হয়নি। আমার বক্তব্য যখন অভিযোগটা উঠেছে এবং যেখানে এতগুলি টাকার ব্যাপার সেখানে যদি ৫০ পারসেন্ট কাজের ক্ষতি হয়ে থাকে তাহলে ৩ কোটি টাকা লস হয়েছে, এতবড় পাবলিক এক্সচেকার যে আখরিগঞ্জ নিয়ে আমরা বছরের পর বছর চিৎকার করছি তারজন্য আপনি তদন্ত করার কথা ভাবছেন কিনা অ্যাকচুয়ালি এরমধ্যে দুর্নীতি ছিল কিনা বা ল্যাপসেস ছিল কিনা, এই ব্যাপারে সার্বিক পর্যায়ে তদন্ত করছেন কি?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ প্রথমে বলি ৫০ ভাগ কাজের ক্ষতিগ্রস্থ হয়েছে বলে আপনি আমার মুখের ঠিক কথা প্রয়োগ করছেন না। আমি কখনও বলিনি ৫০ ভাগ কাজ ক্ষতিগ্রস্থ হয়েছে, খুব অল্পই ক্ষতিগ্রস্থ হয়েছে এবং বসে গেছে, এই অবস্থায় বসে যাওয়াটাই স্বাভাবিক। তা সত্ত্বেও আপনি যে নীতি বহির্ভূত বা দুর্নীতির কথা বলেছেন সেটা এই প্রসঙ্গে আসেনা। তাই ঐ এলাকার কাজটা যাতে ঠিক ঠিকমতো হয় সেইজন্য এটা শুধু আমাদের সেচ বিভাগের উপর রাখিনি তারজন্য আমরা সেই এলাকার জনপ্রতিনিধি, পঞ্চায়েত সমিতির সভাপতি, সভাধিপতি, এলাকার এম.এল.এ., জেলা ম্যাজিস্ট্রেট, জেলা পরিষদের সদস্য এদের সকলকে নিয়েছি। জেলাপরিষদের সদস্য, জেলাশাসক, সুপারিনটেনডেন্ট অফ পুলিশদের সবাইকে নিয়ে একটা সমন্বয় কমিটি করা হয়েছিল এবং তারা প্রতি মাসে একবার করে বসত কাজ ঠিক হচ্ছে কিনা এসব দেখার জন্য কমিটির তরফ থেকে এরকম কোনও অভিযোগ আমার কাছে আসেনি।

শ্রী ইউনুস সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে আখেরিগঞ্জে ২৫ পারসেন্ট ভাঙ্গন হয়েছে, আর ৭৫ পারসেন্ট বাঁধটা আছে, যারজন্য গ্রামগুলো রক্ষা পেয়ে গেছে। এখানকার জনগণের বক্তব্য আপে ১৩০০০ মিটার ও ডাউনে ৮০০ মিটার যেন বাঁধটা ঠিক রাখা হয়। আর জে.এফ.সি.সি-র অনুমোদন না পাওয়ার জন্য আমাদের কতখানি ক্ষতি হয়েছে এবং এরজন্য আমরা কতদিন অপেক্ষা করেছি এবং ঐ ব্লক কতখানি ড্যামেজ হয়ে গেছে?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ হ্যাঁ, ওখানকার জনগণের দরখাস্ত করা একটা চিঠি আমার কাছে এসেছে। আমাদের ইঞ্জিনিয়াররা সেটা একজামিন করে দেখছেন। আমরা সকলেই জানি যে এবারে টাকা-পয়সার খুব অভাব। কিন্তু সমস্ত জায়গায় ভাঙ্গন এতবেশি সৃষ্টি হচ্ছে যে আমরা সব জায়গায় কাজ করতে পারছি না, তাই আমরা প্রাইওরিটি হিসাবে কাজ করছি। আর জে.এফ.সি.সি প্রসঙ্গে বলি ফ্ল্যাড কন্ট্রোল কমিশনের যে অ্যানুয়াল রিপোর্ট আছে সেখান থেকে অন্য প্রশ্নগুলোর উত্তর পেয়ে যাবেন।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ আমাদের কাটোয়া-কালনা মহকুমায় ভাগিরথির যে সমস্ত এলাকায় ভাঙ্গনের কাজ হয়েছিল সেই বিস্তীর্ণ এলাকায় সেই কাজ শেষ হওয়ার পরে আবার ভেঙে যাচ্ছে। এটা কি নদী ফোর্স চেঞ্জ করার জন্য হচ্ছে না বর্ষার সময় কাজটা করার জন্য হচ্ছে? এটা দেখে কি পরিকল্পনা গ্রহণ করছেন সেটা জানাবেন কি?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ এখন আখেরিগঞ্জ নিয়ে প্রশ্ন হচ্ছে, আপনি যখন কাটোয়া

সম্বন্ধে প্রশ্ন করবেন তখন আমি বিস্তারিত উত্তর দেব।

শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ আমাদের কালিগঞ্জের মেজেধাওড়ায় ভাঙ্গন রোধের জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ সেখানে কিছু মেজার নেওয়া হচ্ছে।

শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ এখানে কাজটা করতে গিয়ে তিন কোটি টাকা ক্ষতিগ্রস্ত হল, গঙ্গা ফ্ল্যাড কন্ট্রোল কমিশনের যে থ্রি ম্যান কমিটি আছে সেই কমিটির অপিনিয়ান কি এখানে নেওয়া হয়েছিল?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ তাদের অপিনিয়নটা কি সেটা কিছুদিন পরে পেয়ে যাব এবং আমি হাউসের সামনে রাখবার চেষ্টা করব।

বর্ধমান জেলার কুলটি ব্লকে বিভিন্ন বিদ্যালয়কে মাধ্যমিক স্তরে উন্নীতকরণ

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯।) **শ্রী মানিকলাল আচার্য ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার শাততোড়িয়া (কুলটি ব্লক) জুনিয়র হাই, বেগুনিয়া জুনিয়র হাই এবং পুতুলি ডাঙ্গা (কুলটি) জুনিয়র হাই স্কুলগুলিকে মাধ্যমিক স্তরে উন্নীতকরণের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, উহা কবে নাগাদ রূপায়িত হবে বলে আশা করা যায়?

শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ

(ক) আবেদনের ভিত্তিতে জেলাপরিদর্শক টিম ও জেলা পরিষদের শিক্ষা স্থায়ী সমিতির সুপারিশের ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে।

(খ) প্রশ্ন ওঠে না।

[11-40 — 11-50 A.M.]

শ্রী রাইচরণ মাঝি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, জেলা পরিষদ না হওয়ার জন্য এই এলাকায় হাইস্কুলের সংখ্যা কম। সেজন্য তাড়াতাড়ি এইগুলিকে আপগ্রেডেশন করবার ব্যবস্থা করবেন কি?

শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ এক্ষুণি না হলেও তবে আপ গ্রেডেশনের জন্য বিচার বিবেচনা করা হচ্ছে।

শ্রী মাণিকলাল আচার্য ঃ জুনিয়ার হাইস্কুলগুলিকে মাধ্যমিকে রূপান্তরিত করবার কি পদ্ধতি আছে সেটা জানতে চাইছি।

শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ নিয়ম, পদ্ধতি হচ্ছে, যারা দরখাস্ত করেছিলেন সেকেন্ডারি বোর্ডে তাদের সমস্ত দরখাস্তগুলি পাঠিয়ে দেওয়া হয়েছে প্রত্যেক জেলাতে এবং সেখানে জেলা টিম আছে, তারা পর্যালোচনা করে পাঠাবেন। আদৌ করা যাবে কিনা সেটা জেলা শিক্ষা স্থায়ী

সমিতি আছে তারাই সুপারিশ করেন এবং সেই সুপারিশের ভিত্তিতে প্রত্যেক জেলায় নির্দিষ্ট সংখ্যায় স্কুলগুলি আপগ্রেডেশন করবার ব্যবস্থা করা হয়েছে।

শ্রী মাণিকলাল আচার্য ঃ আমি জেলা পরিষদকে পাঠিয়েছি কিন্তু কোনও ব্যবস্থা হয়নি। এই সম্বন্ধে কিছু জানাবেন কি?

শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ এইসব কোনও কথা নয়। মার্চ মাসের ৪ তারিখ থেকে ১২ তারিখ পর্যন্ত আলাদা আলাদাভাবে ডাকিয়ে এনে পর্যালোচনা করা হচ্ছে।

Shri Md. Ramzan Ali : Will the Hon'ble Minister be pleased to state whether there is any proposal for upgrading the junior high schools which are pending since 1986-87 in other districts also ?

Shri Achintya Krishna Roy : Yes, in every district, every application will be considered.

শ্রী ইউনুস সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই জুনিয়ার হাই এবং হাইস্কুলগুলিকে আপগ্রেডেশন করবার ব্যাপারে এই বছরে রাজ্যব্যাপি কি টারগেট আছে?

শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ সেটা এ বছর বাজেটে জানানো যেতে পারে। এক্ষুণি কিছু বলা যাবে না।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, হাইকোর্টের যে নির্দেশ আছে তাতে কতকগুলি জুনিয়ার হাইকে আপগ্রেডেশন করবার জন্য।

শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ এইরকমভাবে বলা যাবেনা, নোটিশ দিতে হবে। কারণ ইন্ডিভিজুয়ালি বলা যায় না। হাইকোর্টের নির্দেশ আছে এবং সেই অনুযায়ী বিবেচনা করতে বলে দিয়েছি।

Formulation of Academic Calendar

*55. (Admitted Question No. *216) **Dr. Tarun Adhikary and Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Education. (Higher) Department be pleased to state—

(a) whether the State Government has formulated/adopted any Academic Calendar for beginning of academic sessions, last date(s) for admission, completion of examinations and declaration of the results by the Universities in the State; and

(b) if so,

  (i) the brief outlines of this Academic Calendar; and

  (ii) the steps taken to monitor implementation of this Calendar ?

Shri Satyasadhan Chakraborty :

(a) No.

(b) Does not arise.

শ্রী সৌগত রায় ঃ ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন ১৯৮৯-৯০তে অ্যাকাডেমিক ইয়ার করে, মডেল অ্যাকাডেমিক ক্যালেন্ডার করে সমস্ত বিশ্ববিদ্যালয়ে পাঠিয়েছেন। ইউ, জি, সি সেন্ট্রাল অ্যাডভাইসরি বোর্ড অফ অডুকেশনের সঙ্গে পরামর্শ করে অ্যাকাডেমিক ক্যালেন্ডার তৈরি করেছেন। সেই অ্যাকাডেমিক ক্যালেন্ডার ফলো করার জন্য সমস্ত জায়গায় পাঠিয়েছেন। মন্ত্রী মহাশয় জানাবেন কি মডেল অ্যাকাডেমিক ক্যালেন্ডার পেয়েছেন কিনা এবং সেটা যাতে ইমপ্লিমেন্ট হয় তারজন্য কি করছেন?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ আমরা পেয়েছি এবং এই সম্পর্কে তথ্য মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, On the recommendation of the Central Advisory Board of Education, UGC formulated a model of academic Calendar specifying the following :—

(a) minimum teaching day in the Universities and Colleges;

(b) last date of admission;

(c) last date of completion of examination;

(d) last date of declaration of results.

The UGC circculated the said calendar amongst the Universities of India with the request to implement the same during the academic year 1990-91.

The Government of West Bengal requested all the University under the administrative jurisdiction of the State Government to follow the calendar as far as practicable.

The Universities are being pursued to follow the said calendar as far as practicable. The importance of following the academic calendar has also been brought to the attention of the University by the Minister-in-charge (Higher Education) in his meetings with the Vice-Chancellors.

শ্রী সৌগত রায় ঃ ইমপ্লিমেনটেশন কতদূর হল?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ রাজ্য সরকারের তরফ থেকে এই অ্যাকাডেমিক ক্যালেন্ডার সমস্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অর্থাৎ ভাইস-চ্যান্সেলরদের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। ইউ, জি, সি একটা মডেল ক্যালেন্ডার করেছে এবং আমরা তার সঙ্গে সহমত, আমরা মনেকরি ভাল কাজ হয়েছে। আমরা উপাচার্যদের বলেছি আপনারা এই মডেল ক্যালেন্ডার প্রয়োগ করুন। সব জানিয়েছি সেইভাবে যাতে চলে। আমরা বলেছি এটা করতে। তবে কোথায় কোন বিশ্ববিদ্যালয় এইভাবে চলছে কিনা সেটা এখনও জানি না। তবে তারা চেষ্টা করছেন। এর

আগে ভাইস-চ্যান্সেলরদের সঙ্গে মিটিংয়ে এবং প্রত্যেক ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলরদের সঙ্গে আলাদা-আলাদা মিটিং করেছি এবং ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন সেন্ট্রাল অ্যাডভাইসরি বোর্ডের সুপারিশক্রমে যেটা করেছেন সেটার ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করেছি। এখনও পর্যন্ত কোনও লিখিত প্রতিবেদন আমার কাছে নেই। বিভিন্ন ক্ষেত্রে করার চেষ্টা করছেন এবং আমাদের সদস্যদের জানাতে চাই আমাদের অধ্যাপক সমিতিগুলোও এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করেছে।

শ্রী সৌগত রায় ঃ ইউ, জি, সির চিঠি পেয়েছেন। তাতে বলেছেন ৩০ জুন সমস্ত পরীক্ষা শেষ করতে হবে এবং ১লা জুলাই অ্যাকাডেমিক ইয়ার শুরু করতে হবে। মন্ত্রী মহাশয় কি জানেন এই বছর অনেক পরীক্ষা শেষ হয়নি সময়মতো। তাই এখানকার মেধাবী ছাত্র যারা জে, এন, ইউ বা দিল্লি ইউনিভার্সিটিতে যেতে চায় তাদের একটা অ্যাকাডেমিক ইয়ার নষ্ট হচ্ছে। মন্ত্রী মহাশয় পরীক্ষা যাতে নির্ধারিত সময়ে শেষ হয় এবং ছাত্ররা পশ্চিমবাংলা থেকে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে যাতে যেতে পারে তারজন্য উদ্যোগ গ্রহণ করবেন কি?

[11-50 — 12-00 Noon.]

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্য এবার একটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করেছেন সেজন্য ধন্যবাদ। মাননীয় সদস্য জানাতে চাই বিগত বৎসরগুলোর পরীক্ষার ব্যাপারে পরীক্ষা গ্রহণ এবং ফল প্রকাশ একটা মোটামুটি শৃঙ্খলা আনা গিয়েছে এবং বর্তমানে পরীক্ষা গ্রহণ সময়মতো এবং পরীক্ষার ফল প্রকাশ সময়মতো হচ্ছে। এবং আমাদের পরীক্ষার ফল প্রকাশের ব্যাপারে আমি আন্ডার গ্রাজুয়েট লেভেলের কথা বলছি—সেখানে যে খুব বিলম্ব হচ্ছে ঠিক এরকম খবর আমাদের কাছে নেই। বিশেষ করে আপনারা লক্ষ্য করেছেন যে বিশ্ববিদ্যালয়গুলি উদ্যোগ গ্রহণ করেছেন অনার্সের পরীক্ষার ব্যাপারে অনার্সের ফল যাতে তাড়াতাড়ি বার করা যায় দেখা হচ্ছে। তার কারণ তার ভিত্তিতে তারা যাতে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারে। মাননীয় সদস্য যদি আমাকে জানান এই হাউসে অথবা লিখিতভাবে অথবা ব্যক্তিগতভাবে যে, কোন কোন ছাত্রের ভর্তি হতে কি অসুবিধা হচ্ছে কোন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফল প্রকাশের বিলম্বের জন্য তাহলে আমি দেখব।

শ্রী সৌগত রায় ঃ দিল্লি এবং জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের সেশন শুরু হয়ে যাচ্ছে আপনার রেজাল্ট বেরুবার আগেই।

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ সদস্য যেটা বললেন যে আমাদের এখান থেকে ভাল ছেলেরা দিল্লিতে চলে যাচ্ছেন—এরকম সংবাদ আমাদের কাছে নেই। তবে ভারতবর্ষ যেহেতু একটিই রাষ্ট্র সেইহেতু দিল্লি থেকেও যেমন কিছু ছাত্র এখানে আসেন তেমনি এখান থেকেও কিছু ছাত্র বিভিন্ন কারণে দিল্লিতে যেতে পারেন। এটা এরকম নয় যে সব অন্য রাজ্যে চলে যাচ্ছেন। অনেক ভাল ছাত্রও এখানে আসছেন এবং এখান থেকেও অনেকে যাচ্ছেন—সেটা বিভিন্ন কারণে যেতে পারেন।

শ্রী সাধন পান্ডে ঃ এই প্রশ্নটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ একটা ক্যালেন্ডার মেনে একটা টাইম স্টিপুলেশনের ব্যাপার আছে। আপনি বলেছেন যে ভাইস চ্যান্সেলারদের সঙ্গে আপনি কথা বলেছেন। রাজ্য সরকারের সঙ্গে ইউ.জি.সির আলোচনা হচ্ছে। এই অবস্থায় আপনি তো

নিশ্চয় হাউসকে বলবেন যে কোনও টাইম স্টিপুলেশনের মধ্যে আপনি এটা ইমপ্লিমেন্ট করবেন। ভাইস চ্যান্সেলাররাও তো আপনাকে পজিটিভলি সেটা জানাবেন। এটা তো দীর্ঘদিন পেন্ডিং থাকতে পারে না। আপনাকে একটা টাইম লিমিট ড্র করতে হবে। এটা না হলে তো সারা ভারতবর্ষের সঙ্গে সঙ্গতি রাখতে পারবেন না। আপনি কাইন্ডলি এ ব্যাপারে কিছু বলবেন কি?

মিঃ স্পিকার ঃ আপনার প্রশ্নটা কি হল? টাইম শিডিউলের ব্যাপারে উনি তো আগেই বলেছেন।

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় একটু ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়েছে। বিশ্ববিদ্যালয়গুলির জন্য ইউ.জি.সি. যা কিছু পাঠায় সেগুলি রাজ্য সরকার বিশ্ববিদ্যালয়গুলিকে পাঠিয়ে অনুরোধ করতে পারে। কারণ আমরা দৃঢ়ভাবে বিশ্ববিদ্যালয়গুলির যে অটোনমি সেটাতে বিশ্বাস করি এবং তা রক্ষা করতে চাই। স্বভাবতই রাজ্য সরকারের পক্ষে এইভাবে বিশ্ববিদ্যালয়গুলিকে বলা যায়না যে অমুক দিনের মধ্যে না করলে সেখানে পদক্ষেপ নেবার কথা বললে ব্যবস্থা নেবার কথাও বলতে হয়। দ্বিতীয়ত ইউ.জি.সি. রাজ্য সরকারকে কপি পাঠায়। তারা কিন্তু সরাসরি বিশ্ববিদ্যালয়গুলিকেই পাঠায়। আপনারা জানেন যে আমাদের সংবিধানে বলা আছে যে উচ্চশিক্ষার ক্ষেত্রে নিয়ন্ত্রণ এবং অন্যান্য ব্যাপার তারজন্য ইউ.জি.সি. প্রতিষ্ঠিত হয়েছে। পরবর্তী সময়ে আইন করে তা বাড়িয়েও দেওয়া হয়েছে। সেদিক থেকে অনেক পরিমাণে নিয়ন্ত্রণ ক্ষমতা ইউ.জি.সির হাতে রয়েছে। রাজ্য সরকার যে তথ্যগুলি বা সার্কুলারগুলি পায় সেগুলি পাঠিয়ে দেওয়া হয়। সেখানে বিশ্ববিদ্যালয়গুলিকে অনুরোধ করা হয়। মাননীয় সদস্যদের ধন্যবাদ যে তারা এরকম গুরুত্বপূর্ণ বিষয় দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি আবার নিশ্চয় বিশ্ববিদ্যালয়গুলির সঙ্গে কথা বলব এবং তাদের অনুরোধ করব যাতে নাকি এ ব্যাপারে তারা যে উদ্যোগী হয়েছেন সেখানে আরও উদ্যোগ নিয়ে যাতে তারা এটা করতে পারেন।

গঙ্গার উভয় তীরে ভাঙ্গন রোধ

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৪।) **শ্রী রবীন্দ্রনাথ মন্ডল** ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) গঙ্গার উভয় তীরের ভাঙ্গনের বিষয়ে রাজ্য সরকার অবগত আছেন কি; এবং

(খ) অবগত থাকলে, ভাঙ্গন রোধের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ

(ক) হ্যাঁ, অবগত আছেন।

(খ) মালদহ জেলায় গঙ্গার ভাঙনরোধের জন্য ফরাক্কা ব্যারেজের উজানে ফারাক্কা হইতে মানিকচক পর্যন্ত গঙ্গার বামতীরে ভাঙন প্রতিরোধ স্কীমগুলি এবং মুর্শিদাবাদ জেলার অন্তর্গত গঙ্গার ডান তীর বরাবর ফারাক্কা ব্যারেজ হইতে জলঙ্গী পর্যন্ত ভাঙন প্রতিরোধ স্কীমগুলি এবারের এবং আগেরবারে "টেকনিক্যাল কমিটি অব

স্টেট ফ্ল্যাড কন্ট্রোল বোর্ড" অনুমোদন করিয়াছে। অর্থের সংস্থান হইলে কাজগুলি পর্যায়ক্রমে করা হইবে।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, সাধারণভাবে গঙ্গার ভাঙনে যে ক্ষতি হয় সেটার চেয়ে ব্যাপক ক্ষতি হয় বন্যার ভাঙনে। আপনি বললেন ভাঙন প্রতিরোধ স্কীম স্যাংশন হয়েছে। এখন সময় সীমা বেঁধে দিয়ে স্কীমগুলি কার্যকর করা হবে কি?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, গতবার বন্যায় বিশেষ করে মালদা জেলার কয়েকটি অঞ্চল ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। কালিয়াচক অঞ্চল এবং শিমূলতলা থেকে ফারাক্কার উজানে আপ স্ট্রিমে মানিকচক পর্যন্ত বিস্তীর্ণ এলাকা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। ১০, ২০, ২৪ এবং ২৫ নং স্পার ক্ষতিগ্রস্ত হয়েছিল। এই বিষয়টি চিন্তা করে আমরা মালদায় সবচেয়ে বেশি খরচ করবার কথা ভাবছি। ইতিমধ্যে মালদার স্কীমগুলি টেকনিক্যাল অ্যাডভাইসারি কমিটির অনুমোদন পেয়েছে। ২ কোটি ২৭ লক্ষ টাকার স্কীম। ১০ নং স্পারটি সম্পূর্ণভাবে ভেঙে গেছে, সেটা নতুন ভাবে তৈরি করার জন্য আমরা প্রায় ৪ কোটি ৮৮ লক্ষ টাকার একটা স্কীম টি.এ.সি-র মিটিং-এ রেখেছিলাম। সেটা জি.এফ.সি.-র কাছে পাঠিয়ে দিয়েছি। আর মুর্শিদাবাদ জেলার জন্যও আমরা স্কীম করেছি এবং আমি ইতিপূর্বেই সে সম্পর্কে খানিকটা বলেছি। আখেরিগঞ্জ ছাড়াও অন্যান্য ক্ষেত্রের জন্য ১৩৭ লক্ষ টাকার স্কীম করেছি এবং টি.এ.সি. তা অনুমোদন করেছে। সাঁকোপাড়া, দুর্গাপুর, বানিতপুর অঞ্চলের জন্য ২৭ কোটি ৩১ লক্ষ টাকার মাস্টার প্ল্যান তৈরি করেছি এবং তা অনুমোদিত হয়েছে। তাও জি.এফ.সি.-র কাছে গিয়েছে। এত স্কীম করা হয়েছে, এখন স্বভাবতই প্রশ্ন দেখা দিচ্ছে ফান্ডের। ফান্ডের অবস্থা জেনে প্রথমে মালদায় ১ কোটি ৮৩ লক্ষ টাকার এবং মুর্শিদাবাদে ৭২ লক্ষ টাকার টেন্ডার ইতিমধ্যেই অ্যাফলোট করে দেওয়া হয়েছে। সেই কাজ শীঘ্রই শুরু হবে। এরপর অর্থ বিভাগ থেকে আবার টাকা পাওয়া গেলে আরও বেশি করে টাকা বিনিয়োগ করতে পারব।

শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি যে পরিকল্পনার কথা বললেন তার বাইরের একটা প্রশ্ন আমি আপনার কাছে রাখছি। বহু জায়গায় গঙ্গার ভাঙ্গনে বহু বাড়ি ঘর, বহু বসতি নষ্ট হয়ে যাচ্ছে। আমাদের এদিকেও এই জিনিস ঘটছে, এ বিষয়ে আপনার কি পরিকল্পনা আছে?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ আমি এখানে দুটি জেলার কথা বললাম। অন্যান্য জেলাতেও ভাঙন হচ্ছে এবং অন্যান্য নদীও ভাঙছে। বিশেষ করে মালদা জেলায় অন্যান্য নদী যেগুলি আছে সেগুলিও ব্যাপকভাবে ভাঙছে। বিশেষ করে মালদা জেলায় অন্যান্য নদী যেগুলি আছে সেগুলিও ব্যাপক ভাবে ভাঙছে। ভাগীরথী-হুগলি ভাংছে এবং রূপনারায়ণ উলুবেড়িয়ায় ব্যাপকভাবে ভাঙছে। এই সমস্ত ভাঙন রোধের জন্য আমরা বিভিন্ন স্কীমে টাকা বরাদ্দ করছি। নদীয়া জেলাতেও বেশকিছু পরিকল্পনা আছে। সমস্ত জায়গায়ই টাকা বরাদ্দ করা হচ্ছে। সুতরাং আশঙ্কার কোনও কারণ নেই। তবে টাকার পরিমাণটাই কম, এটাই আসল কথা।

Starred Questions

(to which written answers were laid on the Table)

Achievements under the Pilot Project on Computer Literary and Studies in Schools in West Bengal

*51. (Admitted Question No. *249) **Quazi Abdul Gaffar and Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Education (Primary and Secondary) Department be pleased to state—

(a) the brief outlines of the achievements in West Bengal under the Pilot Project on Computer Literary and Studies in Schools (Class) during the period from 1987-88 to 1990-91;

(b) the number of Schools covered so far; and

(c) the expenditure incurred on the above project during the period mentioned above ?

Minister-in-charge of Education (Primary & Secondary) Deptt:

(a) Computer Literacy and School Studies (CLASS) is a project full controlled by the Ministry of Humen Recources Development. Govt. of India. As per their quota given in the State Every year schools are brought under the scheme. Three teachers of the Science subjects of the school were trained at the resource centres which provide the academic support of the project. Teachers teach the Literacy programme on Computer in the selected schools after the class hours. To maintain the project in the School, the Central Govt. sanction a sum of Rs.3,500/- per year per school. Usually students of Classes-IX & XI are covered.

b) 207

c) Rs.9.31 lakh

রামনগর কলেজে বিভিন্ন বিষয়ে নতুন অনার্স কোর্স চালু করার পরিকল্পনা

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩১০।) শ্রী মৃণালকান্তি রায় ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) মেদিনীপুর জেলার রামনগর কলেজে বর্তমানে কোন কোন বিষয়ে "অনার্স কোর্স" চালু আছে; এবং

(খ) উক্ত কলেজে নতুন কোন বিষয়ে "অনার্স কোর্স" চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কোনও বিষয়ে অনার্স নাই।

(খ) সরকারের নিকট কোনও প্রস্তাব নেই।

Amount received from the Centre under the Scheme for Improvement of Science Education in Schools

*59. (Admitted Question No. *264) **Shri Abdul Mannan :** Will the Minister-in-Charge of the Education (Primary and Secondary) Department be pleased to state—

(a) the brief outlines of the achievements under the Scheme for Improvement of Science Education in Schools during the period from 1987-88 to 1990-91;

(b) the total amount received from the Centre for this Scheme during the period mentioned above ?

The Minister-in-charge of the Education (Primary and Secondary) Department :

(a) 380 Junior High Schools, 499 High Schools and 133 Higher Secondary Schools of the district of Calcutta, Howrah, Cooch Behar, Darjeeling, Hooghly, Malda, Nadia and West Dinajpur have already been brought under the scheme. Scientific equipments and Library Books on Science subjects were provided to the schools. Teachers teaching science subjects were also oriented. During the year 1990-91 50 Higher Secondary Schools, 121 Secondary Schools and 126 Junior High Schools of the district of Purulia had also been brought under the scheme.

b) Rs.6,61,55,000/-

বাসন্তি, পাথরপ্রতিমা, কাকদ্বীপ-নামখানা ব্লকের খাল সংস্কার

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩০।) **শ্রী আবুল বাসার ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

দক্ষিণ ২৪-পরগনা জেলার বাসন্তি, পাথরপ্রতিমা, কাকদ্বীপ-নামখানা ব্লকের মজা খাল সংস্কার করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

পূর্বমন্ডল সেচ ও জলপথ দপ্তরের অধীনে দক্ষিণ ২৪ পরগনা জেলার বাসন্তী, পাথরপ্রতিমা, কাকদ্বীপ ও নামখানা ব্লকের মজাখাল সংস্কার করার কোনও পরিকল্পনা বর্তমানে নেই।

সরকারি কলেজগুলিতে শিক্ষকদের বদলি সংক্রান্ত নিয়মনীতি

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪০।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) সরকারি কলেজগুলিতে শিক্ষকদের বদলির কোনও নিয়মনীতি আছে কি; এবং

(খ) থাকলে, উহা কি কি ?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) আছে।

(খ) পশ্চিমবঙ্গে অবস্থিত সরকারি কলেজগুলিকে চারটি জোনে ভাগ করা আছে।

এ. জোন

১। গোয়েঙ্কা কলেজ অব কমার্স অ্যান্ড বি.এ.

২। মওলানা আজাদ কলেজ

৩। প্রেসিডেন্সি কলেজ

৪। বিধাননগর গভঃ কলেজ

৫। বি.ই. কলেজ

৬। সংস্কৃত কলেজ

৭। লেদার টেকনোলজি কলেজ

৮। সিরামিক টেকনোলজি কলেজ

বি. জোন

১। হুগলি মহসিন কলেজ

২। চন্দননগর গভঃ কলেজ

৩। বারাসত গভঃ কলেজ

৪। শ্রীরামপুর টেক্সটাইল কলেজ

সি. জোন

১। ঝাড়গ্রাম রাজ কলেজ

২। কৃষ্ণনগর গভঃ কলেজ

৩। হলদিয়া গভঃ কলেজ

৪। দুর্গাপুর গভঃ কলেজ

৫। টাকি গভঃ কলেজ

৬। বহরমপুর টেক্সটাইল কলেজ

ডি. জোন

১। দার্জিলিং গভঃ কলেজ

২। এ.বি.এন. শীল কলেজ

৩। জলপাইগুড়ি গভঃ ইঞ্জিনিয়ারিং কলেজ

সাধারণত এ.বি.সি. জোনের শিক্ষক। শিক্ষার্থিদের প্রতি চার বছর অন্তর

এবং

ডি. জোনের শিক্ষক। শিক্ষার্থিদের ক্ষেত্রে প্রতি তিন বছর অন্তর বদলি করা হয়।

তবে উক্ত দুটি ক্ষেত্রেই কখনও কখনও প্রশাসনিক কারণে অথবা কোনও শিক্ষক শিক্ষার্থির ব্যক্তিগত আবেদন বিবেচনায় উক্ত নীতির কিছু ব্যতিক্রম করা হয়ে থাকে।

কলকাতায় দুটি মহিলা কলেজ আছে। এই দুটি কলেজের শিক্ষার্থিদের সাধারণ একান্ত প্রয়োজন না হলে বদলি করা হয় না।

তবে মহিলা কলেজগুলি ছাড়া অন্য সকল কলেজের শিক্ষক। শিক্ষার্থিদের প্রত্যেক জোনে অবশ্যই বদলি করা হয় তবে "ডি" জোনে একবারের বেশি সাধারণত কোনও শিক্ষক শিক্ষার্থিকে পাঠানো হয় না, ব্যক্তিগত আবেদন এবং পদোন্নতির ক্ষেত্র ছাড়া।

বেলগাছিয়া অঞ্চলে উর্দু হাইস্কুল নির্মাণ

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৬।) **শ্রী রাজদেও গোয়ালা ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি ঃ—

বেলগাছিয়া অঞ্চলে উর্দু হাইস্কুল নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

না।

বাঁকুড়া জেলার কাদামাড়া আশ্রম হোস্টেলের জন্য অর্থ বরাদ্দ

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯১১।) **শ্রী অমিয় পাত্র ঃ শিক্ষা** (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার কাদামাড়া আশ্রম হোস্টেলের ছাত্র-ছাত্রিরা দীর্ঘদিন যাবত হোস্টেলের জন্য টাকা পাচ্ছে না;

(খ) সত্য হলে, উহার কারণ কি; এবং

(গ) কবে নাগাদ ঐ টাকা পাওয়া যাবে বলে আশা করা যায়?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সত্য।

(খ) এবং (গ) অবস্থা বিবেচনা করে শীঘ্র অর্থ প্রদানের বন্দোবস্ত করা হচ্ছে।

রাজ্যে নতুন মহাবিদ্যালয় স্থাপন

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৬।) **শ্রী সুশান্ত ঘোষ ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বৎসরের ৩১শে জানুয়ারি পর্যন্ত রাজ্যে কতগুলি নতুন মহাবিদ্যালয় স্থাপন করা হয়েছে; এবং

(খ) তন্মধ্যে, মেদিনীপুর জেলায় কত?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) উক্ত সময়ের মধ্যে একটি নুতন মহা বিদ্যালয় স্থাপন করা হয়েছে।

(খ) একটিও নেই।

পঞ্চম শ্রেণীতে পাঠিতব্য ইতিহাস বইয়ের বিষয়বস্তুর সঠিক মূল্যায়ন

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৫।) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) মাধ্যমিক বিদ্যালয়ে পঠিতব্য পঞ্চম শ্রেণীর ইতিহাস বইয়ের বিষয়বস্তুগুলি ছাত্র-ছাত্রিদের ক্ষেত্রে কতটা উপযোগি, তার কোনও মূল্যায়ন হয়েছে কি না; এবং

(খ) না হয়ে থাকলে, উক্ত বইটি বাতিল করার কোনও প্রস্তাব সরকারের আছে কি?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৭৯ সালে প্রাথমিক শিক্ষার শিক্ষাক্রম ও পাঠ্যসূচি হিসেবে প্রাথমিক শিক্ষা সিলেবাস কমিটি যে প্রতিবেদন সুপারিশ করেন তদনুযায়ী পঞ্চম শ্রেণীর জন্য ইতিহাস গ্রন্থটিও নির্ধারিত পাঠ্যসূচি অনুযায়ী লিখিত হয়। এ বছর একটি মার্জিত সংস্করণ প্রকাশিত হচ্ছে।

(খ) প্রশ্ন ওঠে না।

জোড়াসাঁকো ঠাকুরবাড়ির সংস্কার সাধন

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৭।) **শ্রীমতী কুমকুম চক্রবর্তী ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) রবীন্দ্রনাথের স্মৃতিবিজড়িত জোড়াসাঁকো ঠাকুরবাড়ির সম্পূর্ণ সংস্কার সাধনের জন্য কেন্দ্রীয় সরকার একটি পরিকল্পনা তৈরি করেছেন—এ সম্পর্কে রাজ্য সরকারের কাছে কোনও সংবাদ আছে কি না; এবং

(খ) থাকলে, এই প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে রাজ্য সরকারের ভূমিকা কি হবে?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ। আমাদের কাছে সংবাদ আছে যে কেন্দ্রীয় সরকার প্রকল্প প্রস্তুত করছেন।

(খ) কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা প্রস্তুতিতে রাজ্য সরকারের সমর্থন ও সহযোগিতা সব সময় ছিল। কেন্দ্রীয় সরকার পরিকল্পনা প্রস্তুত করার আগেই রাজ্য সরকার তার নিজস্ব উদ্যোগে একটি পরিকল্পনা তৈরি করেছিলেন। কেন্দ্রীয় সরকারের পরিকল্পনার বিস্তৃত তথ্য জেনে রাজ্য সরকার সেই পরিকল্পনার বিষয়ে যাবতীয় সাহায্য করতে প্রস্তুত।

দিল্লি বোর্ডের অনুমোদনের জন্য সংগঠিত বিদ্যালয়ের আবেদনপত্র

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮০।) **শ্রী মনোহর তিরকি ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) রাজ্যে কতগুলি সংগঠিত বিদ্যালয় দিল্লি বোর্ডের অনুমোদন পাবার জন্য আবেদন করেছে; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি আবেদনপত্র রাজ্য সরকার সুপারিশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে পাঠিয়েছেন?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

কালিয়াচক ৩ নং ব্লকের শিমূলতলায় ১০ নং রিটার্ড বাঁধ নির্মাণ

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫১।) **শ্রী আব্দুল মান্নান ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) ফারাক্কা ব্যারেজ প্রকল্প রক্ষা করতে এবং গঙ্গার ভাঙ্গন প্রতিরোধের জন্য কালিয়াচক ৩ নং ব্লকের শিমূলতলায় ১০ নং রিটার্ড বাঁধটি কবে নাগাদ তৈরি হয়;

(খ) উক্ত কাজে কত টাকা ব্যয় হয়;

(গ) ঐ বাঁধটি তৈরি করতে ফারাক্কা ব্যারেজ প্রকল্প থেকে

(১) প্রথমে কত টাকা চাওয়া হয়েছিল; এবং

(২) ঐ প্রকল্প কর্তৃপক্ষ মোট কত টাকা মঞ্জুর করেন; এবং

(ঘ) ঐ বাঁধটি বর্তমানে কি অবস্থায় আছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ফরাক্কা ব্যারেজ প্রকল্প রক্ষা করতে এবং গঙ্গার ভাঙ্গন প্রতিরোধের জন্য কালিয়াচক ৩নং ব্লকের শিমুলতলায় ১৩নং রিটার্ড বাঁধটি ১৯৯১ সালের জুন মাসের প্রথম সপ্তাহে ফরাক্কা ব্যারেজ প্রকল্প কর্তৃপক্ষের ডিপোজিট ওয়ার্ক হিসাবে জিলা পরিষদের মাধ্যমে শুরু করা হয়েছিল।

(খ) ৩৪.৩২ লক্ষ টাকা রিভাইজড এস্টিমেট ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষকে জমা দেওয়া হয়েছিল। ১৯৯১ সালে ১২ লক্ষ টাকার কাজ হয় এবং কাজটি অসমাপ্ত থাকে।

(গ) (১) সংশোধিত এস্টিমেট অনুযায়ী পুরো টাকা (৩৪.৩২ লক্ষ) ১৯৯১ সালের আগস্ট মাসে চাওয়া হয়েছিল।

(২) ঐ প্রকল্প কর্তৃপক্ষ ১৯৯১-৯২ তারিখে উক্ত কাজের জন্য ২০ লক্ষ টাকা বরাদ্দ করেন তাছাড়া জমি অধিগ্রহণের জন্য ৩ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। বর্তমানে পুরোনো কাজের পরিমাণ নির্ণয় করে এস্টিমেট পুর্ন-বিবেচনা করা হচ্ছে।

(ঘ) গত বর্ষার আগে ৪০% কাজ করা সম্ভব হয়েছিল।

নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৮।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে, ১৯৯১-৯২ আর্থিক বৎসরে রাজ্যে নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে; এবং

(খ) নেওয়া হলে

(১) তার সংখ্যা কত; এবং

(২) কোন কোন অঞ্চলে বিদ্যালয়গুলি স্থাপিত হবে?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সিদ্ধান্ত হয়েছিল কিন্তু কলকাতা হাইকোর্ট স্থগিতাদেশের জন্য কার্যকর হয়নি।

(১) ছয় শত

(২) নিয়মানুসারে জেলা ভিত্তিক জেলা প্রাথমিক বিদ্যালয় সম্পদ ঠিক করবেন।

মেদিনীপুর জেলার এবং পটাশপুর প্রভৃতি ব্লকে বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৯।) **শ্রী প্রবোধ পুরকাইত এবং শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) কেলেঘাই, কপালেশ্বরী ও বাগুই নদীর বিধ্বংসী বন্যায় মেদিনীপুর জেলার সবং,

পটাশপুর, নারায়ণগড়, ভগবানপুর প্রভৃতি ব্লক নিবাসী জনগণের দুরবস্থা সম্পর্কে সরকার অবহিত আছেন কি না;

(খ) থাকলে, উল্লিখিত ব্লকগুলিতে স্থায়ীভাবে বন্যা নিয়ন্ত্রণের জন্য সরকার কোনও পদক্ষেপ গ্রহণ করেছেন কি না; এবং

(গ) করে থাকলে, কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) কেলেঘাই অববাহিকা নিকাশি প্রকল্প তৈরির কাজ চলছে। প্রাথমিকভাবে জরিপের কাজ শেষ হয়েছে। প্রকল্পটির রচনার কাজ চলছে প্রকল্পটির প্রাথমিক রূপরেখা এই অঞ্চলের জনপ্রতিনিধিদের সঙ্গে আলোচনার জন্য বিতরণ করার অপেক্ষায় জনপ্রতিনিধিদের মতামত পাওয়ার পরেই প্রকল্পটির চূড়ান্তরূপ দেওয়া হবে।

বর্ধমান জেলার কুলটি ব্লকে উর্দু এবং হিন্দি প্রাথমিক বিদ্যালয় খোলার প্রস্তাব

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১।) **শ্রী মানিকলাল আচার্য ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) বর্ধমান জেলার কুলটি ব্লকে কিছু উর্দু এবং হিন্দি প্রাইমারি স্কুল খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তবে তাহা কতদিনের মধ্যে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ এ বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন। বর্তমানে সরকারের কাছে কোনও সংবাদ নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

গোবরডাঙ্গা কলেজে বায়ো-সায়েন্স বিভাগ খোলার প্রস্তাব

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৯।) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার গোবরডাঙ্গা কলেজে বায়ো-সায়েন্স খোলার জন্য অনুমোদন দেওয়া হয়েছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে তার কারণ কি?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এই বিষয়ে কোনও প্রস্তাব সরকারের নিকট আসে নাই।

(খ) প্রশ্ন আসে না।

ছাত্রদের বই সরবরাহের জন্য কর্পোরেশন গঠন

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৩।) **শ্রী লক্ষ্মনচন্দ্র শেঠ** ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে রাজ্য সরকার ছাত্রদের বই সরবরাহের কাজ উন্নত করার জন্যে কোনও কর্পোরেশন গঠন করছেন; এবং

(খ) সত্য হলে, উক্ত কর্পোরেশন কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ইহা এখনও আলোচনা পর্যায়ে আছে।

(খ) এখনই কিছু বলা সম্ভব নয়।

মধ্যশিক্ষা পর্ষদে নতুন বোর্ড গঠন

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭১।) **শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ঃ—

(ক) দীর্ঘদিন আগে মধ্যশিক্ষা পর্ষদের নির্বাচন হয়ে যাওয়া হয়ে সত্ত্বেও অদ্যাবধি নব নির্বাচিত সদস্যদের নিয়ে মধ্যশিক্ষা পর্ষদের নতুন বোর্ড গঠন না হওয়ার কারণ কি; এবং

(খ) নতুন পর্ষদ গঠন কবে নাগাদ হবে বলে আশা করা যায়?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বোর্ড একটি স্থায়ী সংস্থা। পুরাতন বা নূতন বোর্ড বলে কিছু নেই। বিভিন্ন শাখা থেকে নির্বাচিত। মনোনীত প্রতিনিধি নিয়ে এর সভা গঠিত হয়না। এইরকমই সদ্য অনুষ্ঠিত নির্বাচনে নব নির্বাচিত সদস্যদের নামের তালিকা জানুয়ারি, ১৯৯২-এ বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত হওয়ার পর ইতিমধ্যেই সংসদের বিভিন্ন কার্য নিয়ে সেই সব নব নির্বাচিত সদস্যদের নিয়ে সভা অনুষ্ঠিত হয়ে গিয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

[12-00 — 12-10 P.M.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day I have received one notice of Adjournment Motion from Dr. Manas Bhunia on the subject of irregular supply of electricity resulting in severe damage to Boro cultivation.

The subject matter of the Motion does not call for Adjournment of the business of the House. Moreover, the Member will get opportunity

to raise the matter during discussion on the Governor's Address which is continuing. He may also raise the matter through Calling Attention, question, Mention etc.

I, therefore, withhold my consent to the Motion.

The Member, may, however, read out the text of the Motion as amended.

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ের উপর আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতুবি রাখছেন। বিষয়টি হল -

পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় বর্তমান বোরো চাষের মরশুমে বিদ্যুৎ সরবরাহ সঠিকভাবে না হওয়ায় এবং কোনও কোনও ব্লকে একেবারে বেশ কয়েকদিন বন্ধ থাকায় বোরো ধানে সেচের জল দেওয়া হচ্ছে না। মাঠে জল নেই। বোরো চাষ নষ্ট হওয়ার মুখে। সরকার নীরব।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 4 notices of Calling Attention, namely :—

1.	Reported murder of a doctor in Murshidabad Health Centre, recently.	: Shri Saugata Roy
2.	Strike in Jute Industry	: Shri Sudip Bandyopadhyay
3.	Recent Bank dacoity in Indian Overseas Bank.	: Dr. Manas Bhunia.
4.	Reported dacoity in Mashaldaha P.H.C. Nurses' Quarter and Kaliachawk Market area of Malda district.	: Shri Birendra Kumar Moitra.

I have selected the notice of Dr. Manas Bhunia on the subject of 'Recent Bank dacoity in Indian Overseas Bank !.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, this statement will be made on the 20th March.

Laying of Ordinances

The West Bengal Motor Vehicles Tax (Amendment) Ordinance, 1991.

Shri Prabodh Chandra Sinha : Sir, with your permission I beg to lay the West Bengal Motor Vehicles Tax (Amendment) Ordinance, 1991 (West Bengal Ordinance No.IV of 1991) under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Additional Tax and one-Time Tax on Motor Vehicles (Amendment) Ordinance, 1991.

Shri Prabodh Chandra Sinha : Sir, with your permission I beg to lay the West Bengal Additional Tax and One Time Tax on Motor Vehicles (Amendment) Ordinance, 1991 (West Bengal Ordinance No.V of 1991) under Article 213(2)(a) of the Constitution of India.

Statement under Rule 346

Mr. Speaker : Minister-in-charge of Health and Family Welfare Department will now make a statement on Mayao Hospital.

শ্রী প্রশান্তকুমার শূর ঃ

মাননীয় বিধায়ক শ্রী সুব্রত মুখোপাধ্যায় মেয়ো হাসপাতাল প্রসঙ্গে একটি বিবৃতি দাবি করেছেন। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে,-

রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসাবে পরিচালনার নিমিত্ত চারশত শয্যাবিশিষ্ট কলকাতার মেয়ো হাসপাতাল, ইহার অন্তর্বিভাগের শয্যাদি এবং বহির্বিভাগের পরিষেবা ব্যবস্থা, ইহার শাখাসমূহ এবং ইহার ন্যস্ত ডিসপেনসারিসমূহ যথা ঃ কলকাতা-১৩ এর অন্তর্গত ৪ এবং ৫নং টেম্পল স্ট্রিটের চাঁদনি ডিসপেনসারি, ৬৫৬, রবীন্দ্র সরনি কলকাতা-৩ এ অবস্থিত চিৎপুর ডিসপেনসারি এবং হরিদাস সাহা 'অটোল্যারিংগোলজি' প্রতিষ্ঠান ও মেয়ো হাসপাতাল অধিগ্রহণ আইন ১৯৮২' বলে রাজ্য সরকার কর্তৃক অধিগৃহীত হয়েছিল। উক্ত অধিগ্রহণ আইনটি ২৭।৮।৮২ থেকে কার্যকর হয়েছিল। কিন্তু অধিগ্রহণকালে সরকারের সকল প্রচেষ্টা সত্ত্বেও প্রতিষ্ঠানের কাজকর্মে উল্লেখযোগ্য উন্নতি ঘটানো সম্ভবপর হয়নি।

বস্তুতপক্ষে প্রতিষ্ঠানটির বিপুল পরিকাঠামোটি বর্তমানে জীর্নদশাপ্রাপ্ত। কিছু অংশ মাত্র ব্যবহারের উপযোগী। সেইসব অংশেই বর্তমানে বহির্বিভাগের কাজ চলছে হাসপাতালটিকে ব্যবহারোপযোগী করে তুলতে। মেরামতি এবং পুনর্নবীকরণ দরকার এবং তারজন্য প্রয়োজন বিপুল অর্থব্যয়। কিন্তু রাজ্য সরকারের সীমিত আর্থিক সামর্থে সে ব্যয়ভার বহন করা সম্ভব নয়। তাই এই প্রতিষ্ঠানটির পরিপূর্ণ ব্যবহারের নিমিত্ত কিছু কার্যকর ব্যবস্থা গ্রহণের প্রস্তাব কিছুকাল যাবত এই বিভাগের বিবেচনাধীন রয়েছে। এই পরিপ্রেক্ষিতে কিছু সংখ্যক অনাবাসী ভারতীয়, আবাসী ভারতীয় বিশেষজ্ঞ ব্যক্তি এবং প্রতিষ্ঠান কর্তৃক চিকিৎসাকেন্দ্রটিকে উন্নত গুণমানসম্পন্ন প্রতিষ্ঠানে উন্নীত করার প্রস্তাব সরকারের কাছে আসে। এই প্রস্তাবের লক্ষ হল ন্যায্য খরচে উন্নততর চিকিৎসার সুযোগ নিশ্চিত করা এবং এই রাজ্যের অধিবাসীগণের উৎকৃষ্ট চিকিৎসার আশায় রাজ্যের বহির্ভূত বিশেষজ্ঞ চিকিৎসাকেন্দ্রগুলিতে যাওয়ার অসুবিধা লাঘব করা এই লক্ষে পৌঁছানোর উদ্দেশ্যে প্রয়োজনে হাসপাতালটিকে সরকার এবং বেসরকারি

প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে (জয়েন্ট ভেনচার) সুষ্ঠুভাবে চালানোর জন্য মেয়ো হাসপাতাল অধিগ্রহণ (সংশোধন) বিল, ১৯৯১ শীর্ষক বিলটি বিগত ১৯৯১ (ইং) সালের ৪ঠা সেপ্টেম্বর তারিখে এই বিধানসভায় গৃহীত হয়েছিল এবং বিলটি মহামান্য রাজ্যপালের সম্মতিক্রমে মেয়ো হাসপাতাল অধিগ্রহণ (সংশোধন) আইনে পরিণত হতে চলেছে।

উক্ত হাসপাতাল সংক্রান্ত তথ্যাবলি ঃ (১) প্রায় সাতবিঘা জমির উপর উক্ত হাসপাতাল ও তার বিভাগসমূহ বর্তমান। (২) বর্তমানে হাসপাতালটিতে শুধুমাত্র নিম্নে উল্লিখিত বহির্বিভাগ-গুলো কাজ করছে।

বিভাগের নাম ঃ	**দৈনিক গড় ও রোগির সংখ্যা ঃ**
১) ভেষজ বিভাগ	১৭ (সতের)
২) অস্থিরোগ বিভাগ	৭ (সাত)
৩) ধাত্রী ও স্ত্রীরোগ বিভাগ	৫ (পাঁচ)
৪) কান, নাক ও গলা বিভাগ	১৮ (আঠারো)

বর্তমান কর্মচারীর সংখ্যা প্রাক্তন প্রশাসনের কর্মচারী ঃ (১) চিকিৎসক -১ জন

২) সেবিকা ঃ (ক) শিক্ষণপ্রাপ্ত -৩, (খ) শিক্ষণপ্রাপ্ত নয় -৯, (৩) করনিক ইত্যাদি -৪ (৪) গ্রুপ-ডি কর্মচারী -৭৪ জন

সরকার নিযুক্ত কর্মচারী ঃ (১) চিকিৎসক -৩ জন। (২) সেবিকা (নার্স) -৪ জন (৩) করনিক -৪ জন (৪) অন্যান্য কর্মচারী -৪ জন।

শ্রী সুব্রত মুখার্জি ঃ স্যার, এর কপিটা সারকুলেট করার ব্যবস্থা করুন।

মিঃ স্পিকার ঃ কপি উইল বি সারকুলেটেড।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দার্জিলিংয়ের বর্তমান পরিস্থিতিকে কেন্দ্র করে যেখানে আমরা সবাই খুবই উদ্বিগ্ন যেহেতু মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় বিরোধী দলের নেতা এখানে উপস্থিত রয়েছেন- এটা শুধু মেনশন না করে আধ ঘন্টা বা এক ঘন্টা যদি ডিসকাশনের ব্যবস্থা করেন তাহলে আমার মনে হয় ভাল হবে। জিনিসটার গুরুত্ব উপলব্ধি করে মামুলি মেনশন না করে একটু আলোচনা করতে পারলে ভাল হয়। ব্যাপারটিতে রাজ্য সরকারের স্বার্থও জড়িত রয়েছে এবং মাননীয় মুখ্যমন্ত্রী ও মাননীয় বিরোধী দলের নেতা যখন উপস্থিত রয়েছেন তখন একটু ডিসকাশন করতে পারলে ভাল হবে।

মিঃ স্পিকার ঃ আমি রাজি। হাউসের যদি কনসেনসাস থাকে তাহলে মেনশন বন্ধ করে দিয়ে আলোচনা হতে পারে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তো উপস্থিত রয়েছেন ওনাকেই ডিসাইড করতে বলুন না।

শ্রী সুব্রত মুখার্জি ঃ আজকে আনন্দবাজারে পড়লাম যে সেখানে বাজি পোড়ানো হচ্ছে,

আনন্দ উৎসব চলছে। দুজন মুখ্যমন্ত্রী দেশের মধ্যে ঘোরাফেরা করবে এতো হতে পারে না। এইসব বদমাইসি বন্ধ করার একটা ব্যবস্থা করা উচিত। একটু আলোচনার দরকার।

মিঃ স্পিকার ঃ দার্জিলিংয়ের উপর ডিবেট করতে চাইছেন।

শ্রী জ্যোতি বসু ঃ ওনারা যদি আলোচনা চান তো আলোচনা হোক না।

মিঃ স্পিকার ঃ সুব্রত বাবু, আপনি আপনার বিষয়টা বলে ডিবেটটা ওপেন করুন।

[12-10 — 12-20 P.M.]

DISCUSSION ON DARJEELING ISSUE

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুবই গুরুত্বপূর্ণ একটা প্রশ্ন। আমি যখন মুখ্যমন্ত্রী ছিলাম, আমাদের মন্ত্রিসভা ছিল, তখন কোনওরকম গোলমাল ছিল না; খুবই হৃদ্যতাপূর্ণ অবস্থাতে আমরা চালাচ্ছিলাম। তারপর হঠাৎ গোলমাল শুরু হল। তাই সরকার কি করেছেন, না করেছেন, তা জানা দরকার, কারণ আমরা অনেক কিছু জানি না। এবং তারজন্য একটা ডিবেট আকারে না হয়ে মুখ্যমন্ত্রী বলুন, কি করেছেন। কারণ মনে হচ্ছে, এটা মিসহ্যান্ডেলিং অফ দার্জিলিং বাই দি মার্কসিস্ট গভর্নমেন্ট। দার্জিলিংয়ে আজ যা হচ্ছে সেটা ডিউ টু মিসহ্যান্ডলিং অফ দার্জিলিং বাই দি মার্কসিস্ট গভর্নমেন্ট। আমি অনেক দিন থেকে শুনছিলাম এটা সত্য মিথ্যা বিচার করবে ভবিষ্যৎ কিন্তু এটাই হচ্ছে সেখানকার পোজিশন। আপনাদের ক্যাডাররা দার্জিলিংয়ে যা আরম্ভ করেছিল তাতে সেখানকার সাধারণ মানুষ ক্ষুব্ধ হয়েছিলেন। আমরা জানতে চাইছি, মুখ্যমন্ত্রীর প্রস্তাবটা কি। একটা অ্যাকোর্ড সেখানে হয়েছে। অ্যাকোর্ড যখন হয় তখন আমি ছিলাম না। সেটা কি হল, না হল, জানতে চাই। তারা আমাদের কাছে আসেন না; মুখ্যমন্ত্রীর কাছে বা দিল্লিতে যান। তারজন্য জানতে চাইছি মুখ্যমন্ত্রীর কাছে যে, সমস্যাটা কি এবং সেখানকার সমস্যা সমাধানের জন্য কি করতে চাইছেন। সেটা জেনে তারপর আমরা বলতে পারি; তার আগে আমাদের বক্তব্য বলা শক্ত। ব্যাপারটা আমি জানতে চাই, কারণ ওরাই সেটা ডিল করেছেন, কাজেই বুঝবার নিশ্চয়ই আছে। মুখ্যমন্ত্রী বলবার পর আমাদের বক্তব্য থাকবে।

Mr. Speaker : Can I tell it that you are demanding a statement from the Chief Minister of Darjeeling. (মাননীয় মুখ্যমন্ত্রীকে উদ্দেশ্য করে) আপনি কি আজকে কোনও স্টেটমেন্ট দেবেন?

শ্রী জ্যোতি বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে খবর দেওয়া হয়েছে যে, আপনি অনুমতি দিয়েছেন আজকে ১২ টার সময় সুব্রত মুখার্জি দার্জিলিং সম্পর্কে কিছু বলবেন এবং তারজন্য আমাকে উপস্থিত থাকতে হবে, কারণ যদি কোনও প্রশ্ন ওঠে বা জানতে চান যেমন বিরোধী দলের নেতা বললেন আমি যতদূর জানি বলতে পারব। এখন আমি বুঝেছি ওরা বলছেন মুখ্যমন্ত্রী প্রথমে বলবেন যে, সেখানে কি দাঁড়িয়েছে, কি হয়েছে, কি প্রশ্ন উঠেছে, কি সমাধানের কথা বলেছি এবং তারপর ওরা বলবেন।

মিঃ স্পিকার স্যার, আমি বলতে পারি।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মিঃ স্পিকার স্যার, এটা একটা সিরিয়াস ব্যাপার, তাই আজ না পারলে আগামিকাল বা সোমবার উনি বলতে পারেন।

মিঃ স্পিকার ঃ গতকাল যেকথা হয়েছিল মিঃ মুখার্জি এই বিষয়ে আজকে ডিবেট করবেন। আমি বলেছিলাম যে, মেনশন আওয়ারে এ ডিবেট ক্যান হ্যাপেন। বলেছিলাম, আমি মেনশন আওয়ার সাসপেন্ড করব এবং উই এগ্রিড টু দ্যাট। তখন আমি মুখ্যমন্ত্রীর কাছে মেসেজ পাঠাই এবং তিনি বলেন যে, ডিবেট হলে তিনি অংশ গ্রহণ করবেন। কিন্তু এখন আপনাদের যে স্ট্যান্ড দেখছি, আপনারা মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটা স্টেটমেন্ট চাইছেন। দি হোল সিচুয়েশন হ্যাজ চেঞ্জড। নাউ দি কোয়েশ্চেন ইজ দ্যাট ইউ আর ডিমান্ডিং এ স্টেটমেন্ট ফ্রম দি চীফ মিনিস্টার ইনস্টেড অফ এ ডিবেট অন দিস ম্যাটার।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মিঃ স্পিকার স্যার, কোনও মন্ত্রীর স্টেটমেন্টের উপর কোন ডিবেট হয় না।

মিঃ স্পিকার ঃ তাই আমি বলছি, under the rules no debate can be allowed on the Statement of the Chief Minister. If Chief Minister makes a statement that will be circulated but no debate on the statement will be allowed.

Shri Siddhartha Sankar Ray : Mr. Speaker, Sir, I do not think so. I want that the Chief Minister should make a statement first narrating the situation of Darjeeling and what he intends to do about the situation. After the statement of Chief Minister we shall decide what measures we should take in this regard. We cannot say anything immediately about this matter. We are not saying that the Chief Minister should make a statement right now. He can make it tomorrow or any other day. It is a very serious and sensitive issue and there must not be any acrimony over it. So, our demand is that there must be a statement from the Chief Minister over the situation of Darjeeling and what steps deemed to have been taken on that. When we were in power there was no difficulty, everything was smooth. Therefore, we want to know from the Chief Minister about the present situation of Darjeeling and he proposes to do. No debate, nothing of that kind.

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুব্রতবাবু যে মেনশনের কথা বললেন, আমাদের বিরোধী দলের নেতাও বললেন যে এটা গুরুতর বিষয়, উনি যখন ছিলেন তখন কোনও গন্ডগোল ছিলনা। কিন্তু আমরা জানি এই গন্ডগোল কারা পাকিয়েছিল। আজকে ধন্যবাদ জানানো উচিত যে বামফ্রন্ট সরকার এবং মাননীয় মুখ্যমন্ত্রী এত গন্ডগোলের মধ্যেও এটার সুষ্ঠভাবে সমাধান করেছেন। আজকে দার্জিলিং সমস্যা সমাধান করার জন্য মুখ্যমন্ত্রী এবং আমাদের বামফ্রন্ট সরকারকে আন্তর্জাতিক ক্ষেত্রেও অ্যাপ্রিসিয়েট করেছে। এখন বিষয়টা খুবই গুরুতর। একটা বিষয় হচ্ছে, আমরা দেখছি যে বিরোধী দলের নেতা এবং মাননীয় সদস্য প্রাক্তন মন্ত্রী সুব্রত মুখার্জি যে বক্তব্য রেখেছেন, তাদের বক্তব্যের মধ্যে একটা

পার্থক্য দেখা যাচ্ছে, ঐক্যমত দেখছি না। আমি সে সম্পর্কে যাচ্ছি না। এখন কথা হচ্ছে, এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যদি স্টেটমেন্ট দিতে চান তাহলে দিতে পারেন। কিন্তু স্টেটমেন্টের উপরে কোনও ডিবেট হতে পারেনা, একর্ডিং টু রুলস এটা সম্ভবও নয়। এখন বিষয়টা আমাদের এমনভাবে দেখা দরকার যাতে উভয় পক্ষ সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ তাদের দলীয় মনোভাব নিয়ে না দেখেন। আপনাদের প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধীও যেভাবে জ্যোতিবসু এটাকে সমাধান করেছিলেন তাকে অ্যাপ্রিসিয়েট করেছিলেন। কেন্দ্র রাজ্যের বেলায় এই সম্বন্ধে একটা অ্যাডজাস্টমেন্ট হয়েছিল। কাজেই দলীয় মনোভাব না নিয়ে বিষয়টা দেখা দরকার। পশ্চিমবঙ্গের ভিতরে দার্জিলিং। সেখানে অতীতেও এমন শক্তি পিছন থেকে উস্কানি দিয়েছে, গন্ডগোল পাকিয়েছে, আমাদের দেশের অগ্রগতি বলুন, আর প্রগতি বলুন, সেগুলি বিঘ্নিত করা হয়েছে। সেজন্য দলীয় মনোভাব না নিয়ে বিষয়টা দেখা উচিত। মুখ্যমন্ত্রী যদি স্টেটমেন্ট দেন দিতে পারেন। কিন্তু আমাদের ভাবনা-চিন্তা করে স্পিকারের সঙ্গে আলোচনা করে একর্ডিং টু রুলস সিদ্ধান্ত নেওয়া উচিত।

[12-20 — 12-30 P.M.]

শ্রী দীপক সেনগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আজকে মেনশন আওয়ার অফ করে দিলে হাফ অ্যান আওয়ার ডিসকাশন অ্যাডমিট করেছিলেন এবং আমরা সেটা মেনে নিয়েছিলাম এবং যেটা সুব্রতবাবু বললেন, আমরা মনে করেছিলাম যে এটা আলোচনা হওয়া দরকার। কিন্তু লিডার অব দি অপোজিশন যেভাবে রেখেছেন যে মুখ্যমন্ত্রী একটা স্টেটমেন্ট করবেন, তারপরে সেটা নিয়ে ডিবেট করবেন। স্যার, এটা রুলসে পারমিট করেনা। মন্ত্রী সুযোগটা একটা বাড়িয়ে একটা স্টেটমেন্ট দিতে পারেন কিন্তু তার উপরে কোনও ডিবেট হতে পারেনা। যেহেতু আপনি একটা ডাইরেকশন দিয়ে দিয়েছেন সেখান থেকে আর সরে আসবেন না। আপনি মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে, লিডার অফ দি হাউসের সঙ্গে আলোচনা করে ঠিক করুন উনি স্টেটমেন্ট করবেন কিনা। স্টেটমেন্ট করার নিশ্চয়ই দরকার রয়েছে। দার্জিলিং-এর উপর স্টেটমেন্ট করার পর যে কোনও যুক্তিতে ডিসকাশন চলতে পারে না। আপনি রুল দয়া করে ফলো করবেন। ওদের নিজেদের মধ্যে গন্ডগোল রয়েছে। ওরা ম্যাটারটাকে যেভাবে তুলেছে এখন সেইভাবে তুলতে চায় না। ওদের নিজেদের মধ্যে গন্ডগোল রয়েছে সেটা মাননীয় মুখ্যমন্ত্রীর উপর চাপিয়ে দিতে চাইছেন। মুখ্যমন্ত্রী স্টেটমেন্ট করলে দেয়ার শ্যাল বি নো ডিসকাশন। দিস ইজ মাই পয়েন্ট।

Shri Siddhartha Shankar Roy : Mr. Speaker, Sir, my honourable friends have made their submissions. They have the right to make submissions and it is my duty to listen to them. I have listened to them. Sir, it is not my intention to introduce any politics in the sensitive matter. It is my intention only to have a statement from the Chief Minister describing the situation of Darjeeling as it is today and the steps he wishes to take. Thereafter, under Rule 319, it is not correct that there cannot be a discussion on a statement. Sir, after Calling Attention a statement was made. Under Rule 319, it says - "A motion that the policy of situation or statement or any other matter be taken

into consideration shall not be put to the vote of the House, but the House shall proceed to discuss such matter immediately after the mover has concluded his speech and no further question shall be put at the conclusion of the debate at the appointed hour unless a member moves a substantive motion in appropriate terms to be apporved by the Speaker and the vote of the House shall be taken on such motion." So let the Chief Minister make a statement tomorrow. Then we will file a motion but we will not demand any voting of the House. Let there be a discussion. On this issue there will be no voting. Nothing of the kind.

Mr. Speaker : But there is Rule 346.

Shri Siddhartha Shankar Roy : Sir, that is not applied. That has no effect. We are not asking for this rule. I am coming to Rule 346. Rule 346 is a different thing which read as- "A statement may be made by a Minister on a matter of public importance with the consent of the Speaker but no question shall be asked at the time the statement is made."

It is not this. He is not making a statement under Rule 346. The statement that we want is under this particular Rule, i.e. 319. On the statement we shall file a motion. If we file a motion after the statement is made, then we can also move a motion with the policy of the situation or statement or any other matter.

(Noise)

After the statement is made by the Chief Minister then immediately we will move a motion that the statement be taken into consideration. That motion, Sir, shall not be put to vote in the House but the House shall proceed to discuss such matter immediately after the mover has concluded his speech. That is all. Nothing more.

I would say further that if there is any difficulty whatsoever, although I see none. There will be no difficulty. The matter is of such importance and of such gravity, I think, you will feel justified in suspending all the rules for making a statement by the Chief Minister in the House. Thereafter we will decide.

Insofar as our Party is concerned, we are absolutely unanimous on this. There will be no difficulty on this.

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়টি আজকে হাউসে এসে গেল, বিশেষ করে সারা দেশের মধ্যে বিচ্ছিন্নতাবাদি শক্তি যে ভাবে মাথাচাড়া দিয়েছে, এই প্রেক্ষাপটে দাঁড়িয়ে এটি একটি অত্যন্ত স্পর্শকাতর বিষয়। এই বিষয়ের উপরে আমরা সংবাদপত্রে যা দেখছি, আমরা দেখছি যে লোকসভায় মাননীয় সাংসদ সোমনাথবাবু অভিযোগ তুলেছেন।

সুতরাং এর উপরে আলোচনা হওয়া দরকার। আমাদের বক্তব্য 'হেয়ার সে' যেন না হয়, বক্তব্য যেন অথেনটিক হয়। সেই হিসাবে মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্যর উপরে আজকে পরিস্থিতিটা, সমস্যাটা কোন জায়গায় দাঁড়িয়েছে, সমস্ত বিষয়টি সম্পর্কে আমরা কনসাস হতে চাই। আমরা সকলেই উদ্বেগ বোধ করছি। সুতরাং এই বিষয়ের উপরে আলোচনাটা হলে সমস্যাটার অনেকখানি নিরসন হবে। সুতরাং এর একটা ওয়েস অ্যান্ড মিন্স বার করা দরকার।

Mr. Speaker : Now, the question that arises here is, the matter here is, that the Minister can make a statement with the consent of the Speaker any point of time governed under rule 346. Now, if the Hon'ble Member, Mr. Subrata Mukherjee, mentions the matter and I request to make a statement and that statement is made—that will amount to a statement being made by the Minister with the consent of the Speaker. Rule 346 reads - "A statement may be made by a Minister on a matter of public importance with the consent of the Speaker but no question shall be asked at the time the statement is made."

Now, my attention has been drawn to rule 319 which governs the motion. It is described there how the motion shall be moved, in what form the motion shall be moved and who may move the motion. Rule 319 says "A motion that the policy or situation or statement or any other matter be taken into consideration shall not be put to the vote of the House, but the House shall proceed to discuss such matter immediately after the mover has concluded his speech and no further question shall be put at the conclusion of the debate at the appointed hour unless a member moves a substantive motion in appropriate terms to be approved by the Speaker and the vote of the House shall be taken on such motion."

If the mention has been discussed earlier, there will be no vote on it. They had been discussed and closed. There is no consensus, no decision which will be wanted of the House because of the Motion. But if there is the motion and the Chief Minister makes a statement, then the member who had moved the motion...(noise)... has to move a motion that the Chief Minister's statement be taken into consideration, not discussion, be taken into consideration...(noise)... The Rule says, there has to be a vote on that. Whether it is taken into consideration or not, if the House allows it to be taken into consideration, there will be no debate on that. The statement will be put to vote...(noise)... Are you going to follow the procedure on Darjeeling that is the question here. That's what the arrangement under rules. Mr. Mukherjee raised the question. Members make the statements and Chief Minister ultimately replies—this is in keeping conformity with the rules and the consensus of the House and everybody has said and expressed their

concern, that is the whole procedure...(noise)...

Shri Siddhartha Sankar Ray : Obviously, we cannot express, raise properly, what you have said clearly on yeaterday. When coming to the decision—Chief Minister will make a statement and then we shall move a motion for consideration and the House will agree and consider it for discussion. This was, what we wanted to do the Chief Minister.....

Mr. Speaker : But because the Chief Minister has been requested by Mr. Mukherjee. I am sorry.

Shri Siddhartha Sankar Ray : Perhaps, there was a lack of communication. I am making it clearly, let the Chief Minister make a statement tomorrow and we will discuss it in half an hour. Let the Chief Minister make a statement and then we shall immediately move a motion.

Mr. Speaker : The Chief Minister may make a statement. I will see other things later on.

[12-30 — 12-40 P.M.]

Shri Siddhartha Sankar Ray : Then I will move a motion. This is very serious. We are going to take a very strong exception. We want the Chief Minister be allowed. এটা তো কোনও ঝগড়ার কিছু নেই, মাননীয় মুখ্যমন্ত্রী স্টেটমেন্ট পড়বেন সঙ্গে সঙ্গে আমরা মোশন মুভ করব এবং আপনি এটা কনসিডার করলে পরে তার ওপরে ডিসকাশন হবে। এই ব্যাপারে আমাদের তো আর কিছু থাকতে পারে না। (মাননীয় মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে - তুমি স্টেটমেন্ট পড়বে, সুব্রত মোশন মুভ করবে, তার পরে ডিসকাসন হবে) এটাই তো আমরা চাইছি মিনিমাম। এটা একটা সিরিয়াস ব্যাপার, অ্যাজ এ পয়েন্ট অফ প্রসিডিওর ৩১৯ ধারা ফলো করুন, চীফ মিনিস্টার স্টেটমেন্ট করছেন, আমরা মোশন দিচ্ছি। আপনি আজকেই স্টেটমেন্ট দিতে পারেন অথবা কালকেও পড়তে পারেন। তারমধ্যে আমরা মোশন ফাইল করছি। আর আজকে যদি স্টেটমেন্ট করেন তাহলে আমরা আজকেই মোশন ফাইল মুভ করছি। আপনার ক্ষমতা আছে এটা রিজেক্ট করার, সেটা করবেন কিনা জানান।

মিঃ স্পিকার ঃ মিঃ রায়, আমার মানা, না মানায় কিছু এসে যায় না। হাউস মানলেই আমিও মানব। It is the consensus of the House. যদি হাউস এটা এগ্রি করেন, then it will be moved. We will have to ask the House. Why you ask it now ? Let the statement be made now.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ আপনি মোশনটা মুভ করতে দেবেন কি, দেবেন না সেটা আমরা জানতে চাই। দেয়ার ইজ নো কোয়েশ্চেন অফ ভোটিং।

Mr. Speaker : Mr. Ray, you will please understand that any

question now on a motion is premature, until the Hon'ble Chief Minister makes a statement. The question of a motion arises only after he had made a statement. If Mr. Subrata Mukherjee intends to move a motion, he has to file it, I will have to go through it and see whether it is technically in order or not; it will have to be examined by my Secretariat. It is a subsequent matter. I can't say anything on it now. Let the Chief Minister make the statement.

[12-40 — 12-50 P.M.]

শ্রী জ্যোতি বসু ঃ মাননীয় স্পিকার মহাশয়, যেহেতু আমাকে অনুমোদন করেছেন, আমি প্রথমেই কিছু বলব, স্টেটমেন্ট দেব এবং সংক্ষেপে আমি আমার বক্তব্য রাখছি। প্রথম হচ্ছে যে, আমি সদস্যদের মনে করিয়ে দিতে চাইছি যে, গোর্খাল্যান্ড আন্দোলন যখন সশস্ত্র এবং হিংসাশ্রয়ি আন্দোলন রূপ নেয় সেই সময়ে কি ঠিক তার আগে সুভাষ ঘিসিং জি এন এল এফের পক্ষ থেকে জাতীয়সংঘ বিভিন্ন রাষ্ট্রের কাছে, নেপালের সহ রাজ্যের কাছে চিঠি লিখেছিলেন যে, ওদের আন্দোলনকে যেন সমর্থন করা হয়। তখন প্রথমেই আমাদের কথা ছিল যে ওরা ভারতবর্ষের বাইরে চলে যাবেন এবং আমরা ওটা বিচ্ছিন্নতাবাদি আন্দোলন বলেছিলাম। তারপরে আমার এটা মনে আছে যে, কেন্দ্রীয় সরকারের সঙ্গে তখন রাজীব গান্ধী ছিলেন, আমার আলোচনা হয় এখানেও সব পার্টিকে আমরা ডেকেছিলাম, আলোচনা হয় এবং যখন জিজ্ঞাসা করা হয় ঘিসিংকে, জি.এন.এল.এফ.কে, আপনারা কিসের জন্য আন্দোলন করছেন? কারণ অনেকে বলেছিলেন, ওখানে বেকারি, ওখানে দারিদ্র ওখানে অবস্থার উন্নতি হয়নি ইত্যাদি। উনি বললেন, আমি ঐ সবের জন্য আন্দোলন করছি না। আমি আন্দোলন করছি, গোর্খা আইডেনটিটির জন্য, তার অর্থ কি তখনও বুঝিনি, এখনও জানিনা গোর্খা আইডেন্টিটিটি কি। তারপর আমার সঙ্গে প্রধানমন্ত্রীর আলোচনায় অন্য মন্ত্রীদের সঙ্গে আলোচনায় দিল্লিতে ঠিক হল যে আমরা কখনই এটা মানতে পারিনা। ভারতবর্ষের বাইরে চলে যাবার কোনও প্রশ্নই ওঠে না, পশ্চিমবাংলারও বাইরে চলে যাবে দার্জিলিং, এটাও আমরা মানতে পারিনা। আলাদা রাজ্য হবে এটাও আমরা মানতে পারিনা। একটু সময় লেগেছিল আলোচনা করে সিদ্ধান্ত নিতে, তারপর আমরা সাহায্য পেয়েছিলাম কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজনৈতিক দিক থেকেও এবং অন্য যে সাহায্য আমাদের দরকার ছিল তাও পেয়েছিলেন এবং সেইভাবে আপনারা জানেন পরবর্তীকালে একটা সমঝোতা হয়, চুক্তি হয়; আমরা সেটা সই করি, সেখানে কেন্দ্রীয় প্রতিনিধিরাও ছিলেন, স্বরাষ্ট্রমন্ত্রীও ছিলেন, সবাই মিলে আমরা সই করি। অর্থাৎ পশ্চিমবাংলার মধ্যে নির্বাচিত কাউন্সিল-এর ব্যাখ্যার মধ্যে আমাদের যাবার দরকার নেই, কারণ সবই চুক্তিতে আছে, সবই লিখিত আছে। আমরা যেটা চেয়েছিলাম এবং আমরা যেটা বলেছিলাম সেটা হচ্ছে কাউন্সিল যাতে সাফল্যমন্ডিত হয়। কারণ আমরা উভয়েই একমত ছিলাম কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের এটা শুধু পশ্চিমবাংলার সমস্যা নয়। এটা যদি আমরা করতে পারি একটা রাজ্যের মধ্যে একটা নির্বাচিত কাউন্সিল এবং আমরা মনে করেছি ওখানে ৯৫ ভাগ যারা বাস করেন তারা হচ্ছেন নেপালি ভাষি, এবং আমরা ওখানে বহুদিন ধরে মনে করেছি এবং বলেছি আমাদের লিখিত আছে যে তাদের কিছুটা স্বয়ংশাসন ব্যবস্থা করা দরকার। এটা ন্যায্য, তা যাইহোক, যেটা

হয়েছিল রাজনৈতিক দিক থেকে এটা ভালই হয়েছিল বলে আমাদের ধারণা এবং আমরা তখন থেকেই চাচ্ছি এটা সাফল্যমন্ডিত হোক এই কাউন্সিল। নূতন জিনিস একটা হয়েছে, সেটা সাফল্যমন্ডিত হোক। কিন্তু হঠাৎ আমরা দেখলাম এই কিছুদিন আগে নূতন একটা বিষয় আনা হয়েছে। আমরা আশ্চর্য হয়ে গেলাম ইন্দো নেপাল চুক্তিকে ধরে, আর্টিকেল এইট এটাকে ধরে চ্যালেঞ্জ করা হচ্ছে, শ্রী ঘিসিং চ্যালেঞ্জ করেছেন নেপালি সরকারের কাছে তারা চিঠি লিখেছেন, কেন্দ্রীয় সরকারের কাছে চিঠি লিখেছেন, আমাদের সঙ্গে কোনও আলোচনা হয়নি, তারা চিঠি লিখেছেন এটা ক্ল্যারিফাই করবার জন্য। এর ভর মতে উনি যা আইন টাইন বোঝেন, আর যা সংবিধান বোঝেন তার মতে এই দুইটি ব্যাখ্যা করে উনি বলেছেন দার্জিলিং ইজ নো ম্যানস ল্যান্ড যা বৃটিশের সঙ্গে চুক্তি হয়েছিল। তারপর স্বাধীন হলাম আমরা নেপালের সঙ্গে চুক্তি হয়েছে ১৯৫০ সালে সেই চুক্তি অনুযায়ী আর্টিকেল এইটের এইসব ব্যাখ্যা করে বললেন যে এটা হচ্ছে ওর মতে নো ম্যানস ল্যান্ড। যদি ভারতবর্ষেরই না পশ্চিমবাংলা তো আলাদা কথা। ভারতবর্ষের মধ্যে এটা নেই। এইসব তিনি বললেন বিবৃতি দিলেন। এবং তিনি সেখানকার মানুষকে আমার ধারণা বিপথে পরিচালনা করবার চেষ্টা করলেন একটা নন ইস্যু নিয়ে, এটা কোনও ইস্যু নয় আজকের ভারতবর্ষে। দার্জিলিং আমাদের এটা নেপাল বলে দেবে নাকি যে দার্জিলিং আমাদের? আমাদের কি আমাদের না, কোন টেরিটোরি আমাদের, কোন টেরিটোরি আমাদের নয় সেটা কি অন্য কোনও রাষ্ট্র আমাদের বলে দেবে, কিন্তু এই প্রশ্ন উনি তুলেছেন। এতো আত্ম মর্যাদার প্রশ্ন আমাদের। কিন্তু যেহেতু আমাদের সঙ্গে কিছু হচ্ছিল না তাই আমরা কেন্দ্রকে বলেছিলাম, স্বরাষ্ট্রমন্ত্রীকে আমি নিজে দেখা করে বলেছিলাম কিছুদিন আগেও, তাকে চিঠি লিখেছিলাম আমি, তারপরে প্রধানমন্ত্রীকেও একটা চিঠি লিখেছিলাম আমাদের যারা সদস্য আছেন, সোমনাথ চ্যাটার্জিকে বলেছিলাম আপনি প্রশ্নটা তুলবেন ওরা পরিষ্কার করে দিননা দুই লাইনে এর একটা বিবৃতি দেবেন, এতে অসুবিধার কি আছে। তা না হলে ওখানে যা হচ্ছে আলাদা ফ্ল্যাগ তৈরি হচ্ছে, বিভিন্ন লোক এখান থেকে ওখান থেকে সব আসছে, এমন কি ঝাড়খন্ডিরা যাচ্ছে যারা হিংসাশ্রয়ি আন্দোলন করতে চান সেই অংশটা ওরসঙ্গে কথা বলছেন। অন্য জায়গা থেকেও আসছে আমি শুনেছি, নেপাল থেকে এখান থেকে ওখান থেকে আসছেন কথাবার্তা বলছেন তাই জিনিসটা পরিষ্কার করে দিন একটা বিবৃতি দিয়ে পার্লামেন্টে। আমাকে স্বরাষ্ট্রমন্ত্রী ১৮ তারিখে গত মাসে উনি আমাকে বললেন যে আমাকে ওর সঙ্গে একটা কথা বলতে হবে কেন এইসব হচ্ছে বুঝতে পারছি না। আর আপনাকে আমি একটা চিঠি পাঠাব সেই চিঠি আমি জনগণের জন্য দেব এবং ওকেও একটা চিঠি পাঠিয়ে দেব পরিষ্কার করে দেব। আর আপনাদের প্রতিনিধি যে প্রশ্ন তুলেছেন পার্লামেন্টে এর জবাবও আমি দিয়ে দেব। কিন্তু পার্লামেন্টে এখনও সেইভাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেননি, অন্য একজন মন্ত্রী বলেছিলেম ঠিক ব্যাখ্যা করে পরিষ্কার ভাবে বলেননি। স্বরাষ্ট্রমন্ত্রীর বিবৃতি এখনও আসেনি, আজ অবধি আসেনি, কাল অবধি আসেনি, তবে আজকে উনি বলবেন কি না জানিনা। সে পার্লামেন্টে কি হবে জানিনা, সেইজন্য আপনাদের কাছে আমি এটা বলছি আমাদের মতে এটা হচ্ছে নন ইস্যু। কিন্তু যেভাবে মানুষকে বিপথে পরিচালিত করবার চেষ্টা হচ্ছে, ঐ বিগত দিনে ওদের আন্দোলন থেকে আমাদের সংশয় আছে। তখন ওরা যে বিষয়টা নিয়ে আন্দোলন করেছিলেন,—সেই কোথায় গেল ডেভেলপমেন্টের কথা, কোথায় গেল তাদের অগ্রগতির কথা। এইসব না করে এখন দার্জিলিং নিয়ে অন্য প্রশ্ন

উঠছে। সেই ব্যাপারটা আপনারাও বুঝতে পারছেন, আর এর অর্থটা কি সেটা আমরাও বুঝতে পারছি। তবে এটা আমরা বুঝেছি যে সেখানে মানুষকে বিপথে পরিচালিত করবার চেষ্টা হচ্ছে এবং আমাদের ভয় হচ্ছে সেখানে হিংসাশ্রয়ি আন্দোলন ইত্যাদি আবার যেন আরম্ভ না হয়ে যায়। তা আমি যে চিঠিটা লিখেছিলাম সেটা পড়ে দিচ্ছি, তাহলেই এটা পরিষ্কার হয়ে যাবে। আর আগেই আমি আপনাদের বলেছিলাম যে ১৮ তারিখে আমি ওনার সঙ্গে দেখা করেছিলাম। Dated 25th February, 1992 You are aware of the stand taken by Shri Subhas Ghising, Chairman, Darjeeling Gorkha Hill Council, regarding the status of Darjeeling. His contention appears to be that in view of Article VIII of the Indo-Nepal Agreement, 1950, Darjeeling is neither a part of India nor of Nepal. He has addressed communications, both to the Prime Minister of India and the Prime Minister of Nepal, seeking clarification, on the status of Darjeeling. He has given an ultimatum that, if the position is not clarified then 60 days ending March, 11, then Gorkhas of Darjeeling would be free to determine their status independently. এটাই হচ্ছে ওদের ভাষা, আমি কোট বলে বলছি। আজকে ১১ই মার্চ এটা শেষ হচ্ছে। সেইজন্য সুব্রত মুখার্জি প্রশ্নটা তুলে ভালোই করেছেন। এখন আইন-কানুনের ব্যাপার, সেইসব আপনি ব্যাখ্যা করবেন। ওদের মোশন কি হবে, সেটা আপনি দেখবেন। I have written to the Prime Minister on the subject. I have also subsequently held discussions with you, in Delhi on the 19th February, 1992, underlining the necessity to convey to Shri Ghising, in no uncertain terms that Darjeeling is legally and otherwise inalienable and integral part of India. By no stretch of imagination Article VIII of the Indo-Nepal Agreement 1950, imply any modicum of change in it status as part of our sovereign Indian nation.

The controversy raised by Shri Ghising thus relates to an absolute non-issue but it has great mischief potential. In our assesment, if immediate stops are not taken by you, then the peace in the Darjeeling hill areas will be vitiated through this false propaganda. It is strange that the Government of India have not reacted so far in the matter. আমি এটা প্রধানমন্ত্রীকে জানিয়েছি এবং আমি বলেছি, পরবর্তীকালে আমাদের যদি অন্যদিক থেকে সাহায্য করতে হয় সে আমি আপনাদের কাছে চাইব। আইনগত, বা সাংবিধানিক দিক থেকে আপনারা জিনিসটা পরিষ্কার করলে, বাকিটা আমরা করব। আমরা বলেছি আপনারা শুধু এই জিনিসটা পরিষ্কার করে দিন, বাকিটা আমরা দেখব। আমরা সেখানে আছি, আমরা প্রচার করছি, আমাদের বামপন্থী দল, সি.পি.এম দল সেখানে প্রচার করছে। এইরকম একটা ইস্যু নিয়ে কেন তিনি জলঘোলা করছেন বুঝছি না। ওখানে যদি আবার গন্ডগোল আরম্ভ হয়, হিংসাত্মক কার্যকলাপ আরম্ভ হয়, তাহলে আমরা সবাই মিলে খুব মুশকিলে পড়ে যাব। সেইজন্য আমি এর বেশি কিছু বলতে চাইনা। প্রাইম মিনিস্টারকে আমি একই চিঠি দিয়েছি, সেটা এখানে পড়বার দরকার নেই। কিন্তু আমি সবার সহযোগিতা চাই, যাতে কাউন্সিল যেটা হয়েছে সেটা যাতে আরও শান্তিপূর্ণভাবে চলতে পারে এবং সাফল্যমন্ডিত হয় এবং এর সঙ্গে

ওনারা হিসাব দিল কি দিল না, এইসব নিয়ে কথাবার্তা হয়, তা আমি পরিষ্কার করে দিয়েছি। শ্রী বিনয় চৌধুরিও ওদের সঙ্গে কথা বলেন, সবকিছু বলেন, আমাদের অন্য মিনিস্টাররাও গিয়েছিলেন। অ্যাডমিনিস্ট্রেশন চালাতে গেলে কি নিয়ম-কানুন সেসব আমরা ওদের বলে দিয়েছি। কেন্দ্রীয় সরকার যে টাকা দেওয়ার কথা সেই টাকা দিচ্ছেন, আমরাও টাকা দিচ্ছি এবং সেই টাকা যেভাবে যাওয়ার কথা সেইভাবে যাচ্ছে।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ অ্যাকর্ড অনুযায়ী যাচ্ছে।

শ্রী জ্যোতি বসু ঃ হ্যাঁ অ্যাকর্ড যা আছে সেই অনুযায়ী যাচ্ছে। সেগুলো অন্য ইস্যু তারসঙ্গে এটার কোনও সম্পর্ক নেই। সেই ইস্যুতো থাকছে না, ভারতবর্ষের মধ্যেই যদি দার্জিলিং না থাকে। ওরা বলছে দার্জিলিং ইজ এ নো ম্যান্স ল্যান্ড। ওরা ওদের ঝান্ডা তুলবে, গভর্নমেন্ট অফিসে ওরা ওদের নিজেদের ঝান্ডা তুলবে। ঝান্ডা তুলবে, এইসব হলে তো খুবই অসুবিধার সৃষ্টি হবে। আমার আবেদন মাননীয় সদস্যদের কাছে, ঘিসিং এবং জি.এন.এল.এফের কাছে আর যে দার্জিলিংয়ে অন্য দল আছে তাদের কাছেও আবেদন যে, ভুল পথে যাবেন না যার কোনও বেসিস নেই। ওইসব অঞ্চলের মানুষকে বিপথে পরিচালিত করলে ওই অঞ্চলের মানুষগুলিরই অসুবিধা হবে, ওই অঞ্চলের অসুবিধা হবে। ভারতবর্ষের আরও সমস্যা আছে আর নতুন করে যেন সমস্যার সৃষ্টি না হয় এটাই আমার আবেদন।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় সুব্রত মুখোপাধ্যায়ের নামে মোশন দিয়েছি আমরা কংগ্রেসের তরফ থেকে। এটা পরিষ্কার যে, আমরা ভারতবর্ষ যেমন আছে ঠিক তেমনই থাকবে, এক ইঞ্চিও কোথাও যাবে না। দু' নম্বর হচ্ছে, পশ্চিমবাংলা যেমন আছে ঠিক তেমনই থাকবে, এক ইঞ্চিও কোথাও যাবে না এটা পরিষ্কার। তিন নম্বর হচ্ছে, দার্জিলিং বহু আগে ভারতের অংশ হয়েছিল এবং এর ইতিহাসও আছে। আমাকে মামলা লড়তে হয়েছিল সিকিমে নেপালিদের হয়ে ভোটিং রাইট নিয়ে। সেইসব নথিপত্র আমার কাছে আছে। দার্জিলিং কি করে বাংলায় এল ইত্যাদি। যতদূর মনে পড়ছে ১৮৩৫ খ্রীষ্টাব্দে এসেছিল। কিন্তু কথাটা হচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রী যা বললেন, আমরা তার কোনও একটা সেন্টেন্সের বিরুদ্ধে কিছু বলছি না। এই জিনিসটা আমরা ডিপলি আলোচনা করতে চাই। আপনি আমাদের এই মোশনটা করলেন কি না?

Mr. Speaker : I will look into the motion whether technically it can be allowed or not. I will pass my ruling later on.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ কোয়েশ্চেনটা হচ্ছে খুবই সিরিয়াস। মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতি দিয়েছেন। নিয়ার ইউনিঅ্যানিমিট হবে এবং এখানে কোনও রাজনীতির ব্যাপার নেই। আমরা সবাই পশ্চিমবাংলার মানুষ, ভারতবর্ষের মানুষ। এখানে আমরা এইসব নিয়ে ঝগড়া করতে আসিনি। বক্তব্যটা বলতে দেবেন। বক্তব্য যাবে না কারুর বিরুদ্ধে। আর রুল ৩১৯এ আপনার অধিকার আছে। আপনি এই ল্যাঙ্গুয়েজটা দেখুন কোথাও ভুল নেই, সবই ঠিক আছে।

Mr. Speaker : There are procedures to be followed. Secretary has to examine it first.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ দুটো লাইনের ব্যাপার, একটু দেখে দিন।

Mr. Speaker : Mr. Ray, you see that in parliamentary practice there are certain procedures which we call nicely of the parliamentary practice, parliamentary etiquette. When a Member discusses something with the Speaker in his Chamber and when certain arrangements are made on that basis, it is expected that those arrangements would be carried out on the floor of the House. So, today the discussion would take place in the House on the basis of that arrangement. Now it is not proper to say that, that arrangement is not right and a new arrangement is to be made. It is not a fair practice. It is like hitting below the belt. It is a very bad practice. Mr. Subrata Mukherjee came to me and discussed with me on this issue. On the basis of that discussion, Chief Minister was informed by me that an agreement was made to discuss this matter in the House. We all agreed to it because in the past many such important discussions took place on the floor of the House as per previous discussion in my Chamber. Pursuant to such arrangement first in the morning, Mr. Gyan Singh Sohanpal came to me and requested me that it cannot be taken up today, it may be taken up tomorrow. then I understood that somewhere something had gone wrong. Then what happened. Today, you demanded that the Chief Minister should make a statement first. The Chief Minister agreed and has made the statement on the subject. Now you are demanding to move your motion. First, it was arranged that Mr. Subrata Mukherjee would make a mention of the matter in the House and then the Chief Minister will make a statement. You have changed that arrangement, which was made by Mr. Subrata Mukherjee. I do not understand whether Mr. Subrata Mukherjee has got any authority to finalise any arrangement on behalf of his party. But this arrangement has been made by him. Now, you intend to move a motion. You want it to be accepted by me right now. But I cannot accept it at this moment. I do not work in that fashion. There are certain methods of moving a motion. There are certain rules, certain formalities which are to be complied with. At least parliamentary nicely and parliamentary etiquette should be maintained. I request all the Members to keep it in their mind.

[12-50 — 1-30 P.M.] (including adjournment)

Shri Siddhartha Sankar Ray : With great respect Sir, I would say that this is a storm over a cup of tea. Yesterday Shri Subrata Mukherjee said something in your chamber. So far I understand that he requested you that this may be discussed in the House. Today the Chief Minister made a statement on the issue. We have heard the

statement. But no discussion is allowed on the statement under the rules. So I would request you to take up the motion which we have submitted to you. There is no question of challenge.

Mr. Speaker : I will not take it up right now. I will examine the motion first and then I will take it up another day. No more discussion on this matter. Shri Nani Kar, you please move your privilege motion.

(Noise and Interruption)

PRIVILEGE MOTION

শ্রী ননী কর ঃ আমার প্রিভিলেজ মোশনে যাওয়ার আগে একটা বিষয় জানতে চাইছি। [****]

Mr. Speaker : Nothing will be recorded.

শ্রী ননী কর ঃ আমি যে মোশনটা দিয়েছি সেটা হচ্ছে গতকাল গভর্নর অ্যাড্রেসের উপর যখন বক্তৃতা করছিলেন কংগ্রেস নেতারা, তারমধ্যে মাননীয় সদস্য সত্য বাপুলি তিনি একটা দীর্ঘ বক্তৃতা করেছেন। গভর্নর অ্যাড্রেসের বাইরে অনেক কথা বলেছেন, বলা অভ্যাস।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ ওরা আমাদের বলতে দেবেনা আমরা হাউস থেকে চলে যাচ্ছি।

[At this stage the members of the Congress-I benches walked out of the chamber]

শ্রী ননী কর ঃ কালকে সত্য বাপুলি যেকথা বলেছেন সেই বিষয়ে আমি তাকে নোটিশ দিয়েছি, তিনি উপস্থিত ছিলেন এবং বসে ছিলেন আমি যখন প্রিভিলেজ মোশন তুলছি। তাকে আমার কথা শুনতে হবে। জবাব দিতে হবে। আমার মোশনটা তোলার পর বেরিয়ে গেলেন। কালকে গভর্নর অ্যাড্রেসের উপর বক্তৃতা দিতে দিতে তিনি বক্তৃতা শুরুই করলেন। [**]

মিঃ স্পিকার ঃ দ্যাট হাজ বিন এক্সপাঞ্জ। ওটা আনরিভাইজড, কালকে অর্ডার দিয়েছি এক্সপাঞ্জের। ওটা এক্সপাঞ্জড।

শ্রী ননী কর ঃ দ্বিতীয় বিষয়টা হচ্ছে, আমাদের হাউসে ইচ্ছা করে তিনি অসত্য ভাষণ করেছেন। আমি তার ভাষণ থেকে পড়ে শোনাচ্ছি। সেখানে তিনি বলেছেন, 'কালকে সবে বই-টা পেয়েছি, আমি এই বই রেখে দেব' ইত্যাদি ইত্যাদি। কোন বই? বই-টা হচ্ছে, লেবার ইন ওয়েস্ট বেঙ্গল। স্যার, লেবার ইন ওয়েস্ট বেঙ্গল গতকাল, গত পরশু বা এবার এই বিধানসভা চলাকালীন সময় অ্যাসেম্বলি সেক্রেটারিয়েট থেকে দেওয়া হয়নি। সেক্রেটারিয়েটে আমি খোঁজ নিয়েছি এবং দেখেছি তারা কোনও বই পান নি। কিন্তু সেখানে একটা বই তুলে গতকাল অ্যাসেম্বলিতে দেওয়া হয়েছে বলে সেই বই থেকে তিনি তথ্য দিয়ে গেলেন। ইচ্ছাকৃতভাবে তিনি অসত্য ভাষণ দিয়ে হাউসকে মিসলিড করেছেন, হাউসের সম্মান তিনি নষ্ট করেছেন। গভর্নরের সম্মানও তিনি ইচ্ছাকৃতভাবে নষ্ট করেছেন। এইরকম অসত্য ভাষণ

NOTE : ******* Expunged as ordered by the chair

দেওয়ার অধিকার কোনও মেম্বারের নেই। তার নাম যেহেতু সত্য সেইহেতু অসত্য ভাষণ দেওয়ার অধিকার হয়ত তার আছে কিন্তু সেটা হাউসের বাইরে, হাউসের মধ্যে অসত্য ভাষণ দেওয়ার অধিকার কারুর নেই। সেই কাজ কালকে তিনি করেছেন। 'একটা কথা' আপনি বললেন যে এক্সপাঞ্জ করেছেন কিন্তু স্যার, এরমধ্যে আমরা দেখছি আরও অনেক ঐ ধরনের কথা আছে। এমন কি গভর্নরের সঙ্গে তার যে চিঠি বিনিময় হয়েছে সেখানে গভর্নরের মত না নিয়েই তাও তিনি এখানে উপস্থিত করেছেন। গভর্নর সম্পর্কে তিনি অনেক অশালীন মন্তব্যও করেছেন। গভর্নরের সম্পর্কে, মুখ্যমন্ত্রী সম্পর্কে তিনি মন্তব্য করেছেন। শুধু অশালীন মন্তব্য নয়, অসত্য ভাষণ তিনি করেছেন। এমন কি যে বইটা হাজির করেছেন সেটাও সত্য নয়। একটা পুরানো বই, যা অনেক আগে দেওয়া হয়েছে তা থেকে অনেক ফিগার দিয়ে দিয়ে হাউসকে মিসলিড করেছেন। সেই কারণে কনটেম্পট হয়েছে। সেইজন্য স্যার, আমি এই প্রিভিলেজের নোটিশ আপনাকে দিয়েছি। নিয়ম অনুযায়ী স্যার, আমি ওকেও নোটিশ দিয়েছিলাম। তিনি গতকাল সেই নোটিশ পেয়েছেন। আমি যখন বলতে উঠলাম তখন তিনি উপস্থিত থাকলেন কিন্তু যখন আমি বলতে উঠলাম তখন তিনি উইলফুলি এখান থেকে বেরিয়ে গেলেন। এটা স্যার, আরও একটা কনটেম্পট। কালকে তিনি একটা অপরাধ করেছেন, তারজন্য কনটেম্পট হয়েছে, আজকে আবার আপনি অ্যালাউ করার পর যখন বিষয়টা তার শোনার কথা তখন তিনি হাউস থেকে উইলফুলি চলে গেলেন। এটা আর একটা কনটেম্পট হয়েছে। আমি আমার প্রিভিলেজ মোশন উপস্থিত করলাম। আমি দাবি করছি এর বিচার হোক।

RULING FROM CHAIR

Mr. Speaker : I have gone through the unrevised portion of the Hon. Member Satya Ranjan Bapuli's speech yesterday. I have also seen the portion of his speech to which my attention has been drawn by Shri Nani Kar which relates to the book ''Labour in West Bengal''. Apparently it appears that he claimed that the book was delivered to him yesterday by the Assembly Secretariat. There are some mistakes in that book. But that mistakes will not form a breach of privilege. The rule of Privilege does not apply here. It has to be established that the purpose was intentional to denigrate the prestige of this House or of any member. As such, actually it is a mistake or rather a neglect and it is not an intent to denigrate the prestige of this House. That intent cannot be established here. As such, I find no case of breach of privilege is here and as such, the application is rejected.

(At this stage the House was adjourned till 1-30 P.M.)

[1-30 — 1-40 P.M.]

(After Adjournment)

STATEMENT UNDER RULE 346

Mr. Speaker : Now, Shri Satya Sadhan Chakraborty, Hon'ble Min-

ister-in-Charge of the Higher Education Department will make a statement.

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতিক্রমে আমি একটি নাতি-দীর্ঘ বিবৃতি মাননীয় সদস্যদের অবগতির জন্য পেশ করছি।

মাননীয় সদস্যদের নিশ্চয়ই স্মরণ আছে যে, এর আগের অধিবেশনে শিবপুর বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ সম্পর্কে আমি বলেছিলাম যে, কলেজটিকে ডিমড ইউনিভার্সিটি করার আমরা সিদ্ধান্ত নিয়েছি। আজকে আমি মাননীয় সদস্যদের জানাচ্ছি যে, কলকাতা বিশ্ববিদ্যালয় এ ব্যাপারে তাদের সম্মতি জানিয়েছেন এবং কেন্দ্রীয় সরকারও মেনে নিয়েছেন। তারা শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজকে ডিমড ইউনিভার্সিটি স্ট্যাটাস দিয়ে নোটিফিকেশন জারি করেছেন।

এই আনন্দ সংবাদটি আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানালাম।

Mr. Speaker : The Statement will be circulated.

শ্রী ক্ষিতি গোস্বামী ঃ স্যার, আমার একটা জরুরি ইনফরমেশন হাউসকে জানানোর আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় আর.এস.পি.-র নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের মানুষ মারা বাজেটের বিরুদ্ধে জনগণ আন্দোলনে নেমে এসেছে। বহু জায়গায় পথ অবরোধ হয়েছে। এই খবর আমার কাছে আছে। আমি রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি, কেন্দ্রীয় সরকারের বাজেটের বিরুদ্ধে মানুষ যে বিক্ষোভে ফেটে পড়ছে সেটা তারা কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দিন এবং কেন্দ্রীয় সরকার মানুষ মারা বাজেট প্রত্যাহার করুন।

Mr. Speaker : Now, I take up the notice of Shri Subrata Mukherjee under Rule 319. Today, the Chief Minister made a statement under Rule 346 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. After the statement was made, Hon'ble Member, Shri Subrata Mukherjee has given a notice under Rule 319. Rule 346 says - "A Statement may be made by a Minister on a matter of public importance with the consent of the Speaker but no question shall be asked at the time the statement is made." Rule 346 relates to a statement made by a Minister. Rule 319 is under the Chapter 'Motions' which begins from Rule 315 and ends at Rule 319. A motion that the policy or situation or statement or any other matter be taken into consideration, shall not be put to the vote of the House. but the House shall proceed to discuss such matter immediately after the mover has concluded his speech and no further question shall be put at the conclusion of the debate at the appointed hour unless a member moves a substantive motion in appropriate terms to the approved by the Speaker and the vote of the House shall be taken no such motion. Under rule 346, it is a convention established in this House that after a statement made by a Minister no debate takes place nor any discussion. It is a convention. I feel that rule 319 is not

attracted in this particular case. It has contradicted the provision of the rule 346 also. As such I reject the leave of permission to move this under the rule 319.

Mr. Speaker : Now discussion on Governor's Address.

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

[1-40 — 1-50 P.M.]

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং তার পরিপ্রেক্ষিতে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করছি। সাধারণভাবে আপনারা মনে করতে পারেন বিরোধিতা করার জন্যই বিরোধিতা করা, কিন্তু আমি তা মনেকরি না। কারণ এখানে এমন অনেক কথা আছে যেগুলি আমি মনেকরি বিরোধিতা না করলেও চলে, আবার এমন বহু কথা আছে যেগুলি গোপন করে যাওয়া হয়েছে। এমন বহু সত্য কথা আছে যেগুলি উল্লেখ করা হয়নি। রাজ্যপালের ভাষণ মানে কি? রাজ্যপালের ভাষণ মানে কনসেপ্টটা আগে জানতে হবে। রাজ্যের সমস্ত ব্যাপারের একটা প্রতিফলন হবে, ইট ইজ এ মিরর। প্রত্যেকটি ঘটনা, উপ-ঘটনা, প্রত্যেক দপ্তরের ভালমন্দর যদি প্রতিফলন হয় তাহলে রাজ্যপালের ভাষণকে বিরোধিতা করার কোনও প্রশ্ন ওঠে না। কিন্তু মহামান্য রাজ্যপালকে যে ভাষণ তৈরি করে দেওয়া হয়েছে তাতে এই সমস্ত ব্যাপারের কোনও প্রতিফলন হয়নি, যারজন্য আমি বিরোধিতা করছি। রাজ্যপাল তার ভাষণের মধ্যে কোনও নতুন কথা রাখেন নি। অতীতে আমি রাজ্যপালের অনেকগুলি ভাষণ এই বিধানসভায় উপস্থাপিত হতে দেখেছি। সেই সমস্ত রাজ্যপালের ভাষণগুলি মিলিয়ে দেখবেন একটা কথাও নতুন কথা নেই। গত বছরে যা বলেছেন, তার আগের বছর যা বলেছেন এবং তার আগের আগের বছর যা বলেছেন আমরা ধারাবাহিকভাবে দেখছি একই কথা, একইভাবে উনি পুনরাবৃত্তি করেছেন। ভাষণের মধ্যে কি থাকবে? নতুন কথা থাকবে। তা এখানে নেই। ভবিষ্যত সরকারের কর্মসূচি থাকবে। তা এখানে নেই। নতুন প্রতিশ্রুতির কথা থাকবে, তা এখানে নেই এবং মূল সমস্যা এড়িয়ে না গিয়ে সমস্ত লোকের সামনে তুলে ধরে তার মোকাবিলার কথা থাকবে। তা এখানে নেই। সেইজন্য আমি এখানে তীব্র বিরোধিতা করছি। আমি জানি, আপনারা সংখ্যাগরিষ্ঠ, তাই যা ইচ্ছা পাস করিয়ে নিতে পারেন। তারপর ফুটবল খেলায় রেফারি সঙ্গে থাকলে কিংবা ক্রিকেট খেলার সময় আম্পায়ার সঙ্গে থাকলে যেমন একটা অতিরিক্ত লাভ হয় তেমনি আপনাদের আম্পায়ার আছেন, ঐ আম্পায়ার যখন ইচ্ছা হাত তুলে দেয়। একটু আগে তো দেখলেন, ৩১৯ ধারায় যে মোশন দিয়েছিলেন, উনি অমনি হাত তুলে দিলেন আউট। আপনারা আম্পায়ারকে সঙ্গে নিয়ে খেলছেন। খেলুন। কিন্তু সরাসরি খেললে নির্বাচনের ফল আপনাদের ৪৩ হত আর আমাদের ২৪৩ হত। আর রেফারি সমেত খেললে আপনারা ২৪৩ হবেন আর আমরা শুধু ৪৩ হব। যাদের মূল বনিয়াদ একেবারে জোচ্চুরির মধ্যে সীমাবদ্ধ তাদের কাছ থেকে একটুও বেশি আশা করিনা। আমি একটা ভাল কথা আপনাদের শোনাচ্ছি। শনিবারদিন বৃটিশ স্পিকার মিঃ টমাস, তিনি একটা কোটেশন বলেছিলেন, বলেছিলেন "From now on you will get whatever ask for. So I advise you to be very careful about what you ask." অর্থাৎ

এর বাংলা করলে এই দাঁড়ায় যে, এখন থেকে তুমি যা চাইবে তাই পাবে। আপনারা সংখ্যাগরিষ্ঠ, আপনারা যা চাইবেন তাই পাবেন। সুতরাং আমি আপনাদের পরামর্শ দিচ্ছি যে তুমি কি চাও সেই সম্পর্কে সতর্ক হবে। আমিও ঠিক একই কথা বলছি যে, আপনারা যা চাইবেন, পাচ্ছেন, তবে কি চাইছেন সেই সম্পর্কে সতর্ক হবার দিন এসে গেছে। সম্প্রতি ইনফরমেশন ডিপার্টমেন্ট থেকে একটা বিরাট ক্যাপশন দেখেছিলাম, মাননীয় মুখ্যমন্ত্রী ১৫ বছর মুখ্যমন্ত্রী থেকে না'কি একটা রেকর্ড করেছেন। রেকর্ড করার পরিপ্রেক্ষিতে পার্কস্ট্রিটে বিশাল বড় একটা হোডিং পশ্চিমবঙ্গ সরকারের তথ্য দপ্তর থেকে দেওয়া হয়েছে। রবীন্দ্রনাথের একটা কোটেশন তুলে মাননীয় মুখ্যমন্ত্রীর ছবি দেওয়া হয়েছে। রবীন্দ্রনাথের 'আমি' কবিতার একটা কোটেশন "আমারি চেতনা রঙে পান্না হল সবুজ, চুনি উঠল রাঙা হয়ে, আমি চোখ মেললাম আকাশে, জ্বলে উঠল আলো।" এটা শুধু জ্যোতি বাবুর চামচা বৃত্তি করা হচ্ছে না, একটা অহংকারি মানুষে প্রতিষ্ঠিত করা হয়েছে। উনি যা বলবেন তাই হবে। যদি পূর্বে আলো জ্বলার কথা বলেন তাহলে পূর্বে জ্বলবে, যদি পশ্চিমে আলো জ্বলার কথা বলেন তাহলে পশ্চিমে জ্বলবে। একটা ছোট্ট বিষয়ে তার প্রমাণ পাই। আমি বলতে চাই এই কারণে যে, আপনাদের ব্যর্থতার কথাগুলি বললে আপনারা সেখানে ক্ষুণ্ণ হবেন। আমি এই কথা মনে করিনা যে, এই সরকার ১৫ বছরে একটা কিছুই করে নি, কিন্তু আমি এইটুকু আশা করেছিলাম যে, রাজ্যপাল, তিনি একটা বিদগ্ধ মানুষ তাকে দিয়ে কি একটাও সত্য কথা লেখাবেন না? একবারও কি বলাবেন না যে গ্রামে, শহরে, শহরতলিতে, পরিবহনে, শিল্পে, শিল্পের সাথে যুক্ত মানুষ আজকে কোন অবস্থার দিকে গেছে। পশ্চিমবঙ্গে আমরা খুবই সহনশীল মানুষ, তাই ভাবি অন্য কোথাও এরকম হলে সিভিল ওয়ার হয়ে যেত। এই ১৫ বছরের রাজত্বে আপনারা যা করেছেন, শুধু পশ্চিমবঙ্গে বা ভারতবর্ষে নয়, সারা পৃথিবীর ইতিহাসে দেখাতে পারেন? একটা কারখানার কথা বলি, শুধু একটা কারখানায় ৫৪ জন শ্রমিক আত্মহত্যা করে মরেছে, আমরা যারা ট্রেড ইউনিয়ন করি তারা সকলেই ঘটনাটা জানি, সেটা মেটালবক্স কোম্পানি। বলুন তো, ভারতবর্ষের অন্য কোথাও হলে, এমন কি এখানে আমরা সরকারে থাকলে যদি এই ঘটনা ঘটত তাহলে কি হত? আপনারা কংগ্রেসিদের বাড়ি পুড়িয়ে দিতেন, বাস পোড়াতেন, ট্রাম পোড়াতেন। আজও শিল্প হচ্ছে না। এক হলদিয়া, সেখানে সাইট ফর হলদিয়া লিখে রেখে দিয়েছেন। লজ্জা থাকলে সাইট ফর হলদিয়া তুলে ফেলে দিতেন। বার বার বলেছেন দপ্তর খুলে দেবেন, চাকরি হবে। মিথ্যারও একটা সীমা আছে। সি.পি.এমের চাকরি হবে। সি.পি.এমের বাঙালির ছেলের চাকরি হলে আমরা দুঃখ করব, কিন্তু আপত্তি করব না। কিন্তু তা হবেনা। হলদিয়ার কোনও সেক্টরে অ্যানসিলিয়ারির সঙ্গে মিলে দু-আড়াই লক্ষ চাকরি হতে পারে, কিন্তু মূল হলদিয়ায় ১০ হাজারের বেশি চাকরি হবে না। সেটা কেন বলছেন না? কিন্তু ক্রমাগতভাবে মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে কে শেঠ আছে, সবাই বলে যাচ্ছেন পাঁচ থেকে সাত লক্ষের চাকরি হবে। আজকে সেসব কথা লেখা হবে না? আজকে এম.এম.সি. ছেড়ে দেওয়া হয়েছে। যে বাটায় ১৪,০০০ লোক কাজ করতেন সেখানে বর্তমানে ৬,০০০ লোক কাজ করছেন। আজকে সেই বাটাকে নতুন লাইসেন্স দেওয়া হয়েছে ট্রেড করবার জন্য যাদের ট্রেড করবার কোনও অধিকার নেই। একটা মাল্টিন্যাশনাল প্রতিষ্ঠানকে সেই অধিকার আপনারা দিয়েছেন। আমি প্রথম যখন ১৯৭১ সালে আসি তখন জ্যোতি বসুর ভাষণ শুনেছি, আজকে তার আকাশ-পাতাল তফাত।

আজকে তিনি টাটাদের প্রশংসা করছেন। একটা কালভার্ট হয় না, কিন্তু টাটাদের তাজ হোটেলের জন্য যদি দরকার হয় তাহলে সরকারি পয়সায় নতুন করে একটা ব্রিজ বানিয়ে দেওয়া হয়। আজকে মেটাল বক্সের চারটি ইউনিট তাদের হাতে তুলে দিয়েছেন! আজকে গোয়েঙ্কাদের সঙ্গে আপনাদের যে সম্পর্ক সেটা ইকোনোমিক পলিসি বলে আনন্দিত হন। কিন্তু এই পলিসি কি আপনাদের মূল পথের সঙ্গে মেলে? মেলে না সেটা। সেসব কথা ভাষণের মধ্যে বলা উচিত ছিল, দরকার ছিল।

[1-50 — 2-00 P.M.]

মিঃ স্পিকার স্যার, আমি এবার গ্রামের দু'একটি কথা বলব এবং তারপর শিল্পের কথায় আসব। রাজ্যপালের ভাষণের সবচেয়ে দুঃখজনক দিক হল, এতে গ্রামের উন্নয়ন প্রকল্প যা গ্রামের সবচেয়ে বেশি উন্নয়ন করে সে সম্পর্কে কিছু বলা নেই। আপনারাই বলেন, গ্রামে পঞ্চায়েতিরাজ এবং ল্যান্ড রিফর্মস করেছেন, যারজন্য আপনারা সমর্থন পাবেন। এটা সম্পূর্ণ অসত্য কথা। এটা প্রচারের মধ্যে দিয়ে চলছে। আমি বলছি, এটা শুধু কৃষির ক্ষতি নয়, বাংলার সাত কোটি মানুষের ক্ষতি। এই মানুষগুলি বাঁচলে কংগ্রেস কমিউনিস্ট হবে। এই মানুষগুলিই যদি মরে যায় তাহলে কাদের দিয়ে কংগ্রেস কমিউনিস্ট হবে? আজকে গ্রামের সাফল্য কতদূর হয়েছে বা আদৌ হয়েছে কিনা সে সম্পর্কে প্রকৃত তথ্য জানতে সরকার ব্যর্থ হয়েছেন। আজকে জওহর রোজগার যোজনা চূড়ান্তভাবে অসফল হয়েছে, তার নজির দিচ্ছি। ৩১.৩.১৯৯০ পর্যন্ত এই প্রকল্পে প্রাপ্ত অর্থের পরিমাণ ছিল ৮৬ কোটি টাকা। এই ৮৬ কোটি টাকা যদি গ্রামের মানুষের কাজে লাগত, তবে কংগ্রেসই শুধু নয়, তার দ্বারা বাংলার মানুষের উপকার হত। ১৯৯০-৯১ আর্থিক বছরে ১.৪.১৯৯০ থেকে ৩১.৩.৯১ পর্যন্ত এক্ষেত্রে বরাদ্দ হয়েছিল ১৯৮ কোটি টাকা। কিন্তু এই টাকার অনেকটাই রাজ্য সরকার খরচ করতে পারেন নি। ১৯৮৯।৯০ এবং ১৯৯০।৯১, পর পর এই দুটি আর্থিক বছরে এই খাতে প্রাপ্ত অর্থের আনইউটিলাইজড অর্থের পরিমাণ দাঁড়িয়েছিল ১১৪ কোটি টাকা। আমি সমস্তটাই সরকারের পুস্তক থেকে গ্রহণ করেছি। এটা অসত্য হলে তার দায় দায়িত্ব থাকল আমার। তা হল, ১৯৯১।৯২ সালে এইখাতে ২৯১ কোটি টাকা যা চেয়েছিলেন তারমধ্যে মাত্র ৩ পারসেন্ট ব্যবহার করতে পেরেছেন জওহর যোজনার টাকা। সাধারণভাবে অভিযোগ করতে বলবেন যে, সময়ে টাকা পাইনি, সেজন্য ব্যবহার করতে পারিনি। কিন্তু আমি হিসাব করে বলছি। তিনটি ক্ষেপে এই টাকা পেয়েছিলেন, কিন্তু তবুও সেটা ব্যবহার করতে পারেন নি। আজকে গ্রামের মানুষের রাস্তা নেই, পানীয় জলের পর্যন্ত ব্যবস্থা নেই। গ্রামের মানুষের আজকে স্ট্যান্ডার্ড অফ লিভিং নেমে যাচ্ছে, কেন্দ্রীয় সরকারের টাকায় সেটা তুলবার ব্যবস্থা করতে পারেন নি। এরসঙ্গে রাজ্য সরকারের দেবার কথা ছিল ২০ শতাংশ টাকা, কিন্তু সেটাও তারা দেন নি। এরসঙ্গে আমি উল্লেখ করছি, ভাল করে বুঝতে পারবেন। গ্রামের দরিদ্র ছেলেমেয়েদের জন্য 'অপারেশন ব্ল্যাক বোর্ড' বলে একটি স্কীম আছে। বিনয়বাবু নিশ্চয়ই এটা জানেন, এই স্কীমে ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ আর্থিক বছরে কেন্দ্র যে টাকা দিয়েছিল সেই টাকা কিভাবে খরচ হয়েছিল তার কোনও হিসাব আজ পর্যন্ত কেন্দ্র পায়নি। এইভাবে আজকে জহর রোজগার যোজনার পরিকল্পনা শেষ হয়েছে। আপনারা খালি শাক দিয়ে মাছ ঢাকবার চেষ্টা করেছেন। আমরা চেষ্টা করেছিলাম সরকারের সঙ্গে সহযোগিতা করার। আমরা কখনও

কেন্দ্রকে বলিনি আপনাদের টাকা না দেবার জন্য। কারণ রাজ্য সরকারের আর্থিক ক্ষমতা থাকলে এই রাজ্য বাঁচবে। আমরা চাই আপনাদের আর্থিক ক্ষমতা আরও বৃদ্ধি হোক। কিন্তু কোথায় আমাদের সহযোগিতা নিচ্ছেন? একটু আগে একটা ঘটনা ঘটে গেল। মুখ্যমন্ত্রী বিবৃতি দিলেন দার্জিলিংকে কেন্দ্র করে। একটা অস্বস্তিকর অবস্থা। গতকাল সেখানে যা ঘটেছে ভারতবর্ষের সমস্ত মানুষের ঘুম ছুটিয়ে দিয়েছে। জি-এন-এল-এফ নতুন করে মুভমেন্ট শুরু করেছে। তারা কখনও কখনও একটা আলাদা রাজ্য চায়, কখনও একটা আলাদা স্বয়ংশাসিত ব্যবস্থা চায়। কিন্তু এটা আজকের ঘটনা নয়। জ্যোতিবসু, মুখ্যমন্ত্রী হিসাবে একটা স্টেটমেন্ট দিলেন। আমি আমাদের নেতার সঙ্গে একমত। একটা অক্ষরও তারসঙ্গে দ্বি-মত নই। কিন্তু সত্য ঘটনা কি? হিল কাউন্সিল উনি বললেন যে আমরা তৈরি করেছি। হিল কাউন্সিল প্রথম তৈরি হয় একটা একজিকিউটিভ অর্ডারের মধ্যে দিয়ে ১৯৭৬ সালে। আমরা যখন সরকারে ছিলাম, আমাদের মুখ্যমন্ত্রী ছিলেন সিদ্ধার্থশঙ্কর রায় তখন এটা তৈরি করা হয়েছিল। তখন দাবি ছিল যে এটা একজিকিউটিভ অর্ডারে হলে চলবে না, এটায় একটা স্ট্যাটিউটারি অধিকার দিতে হবে। সেই প্রশ্ন নিয়ে চলছিল। কিন্তু উনি হিল কাউন্সিল-এর একটা নুতন অভিনব কিছু তৈরি করে সারা ভারতবর্ষে চাইলেন দেখাতেন। এই টোটাল কনসেপ্টটা তৈরি করেছিলেন সিদ্ধার্থশঙ্কর রায়, দি দেন চীফ মিনিস্টার। ইতিহাস ভুললে চলবেনা। আমরা জানিনা, যখন এই প্যারসিয়াল অ্যাপ্রোচ শুরু হল, আপনাদের যারা প্রবীণ মানুষ আছেন তারাও জানেন, তখন কি শুরু হল? হিলে গোর্খা লিগের কোনও রাজনীতি ছিলনা। গোর্খা লিগ তার প্যারসিয়াল অ্যাপ্রোচ তৈরি হল। আপনারা তাদের দোসর করে ফুলিয়ে-ফাঁপিয়ে মন্ত্রী করলেন। তারপরে গোর্খা লিগ থেকে আরও কিছু মানুষ উচ্চ কথা শুরু করল। তারপরে গোর্খা লীগ থেকে তৈরি হল ভাষা সমিতি। গোর্খা লীগ ভেসে গেল, তার জায়গা নিল ভাষা সমিতি। ভাষা সমিতিও প্যারোসিয়াল অ্যাপ্রোচকে রক্ষা করতে পারল না, জন্ম নিল জি.এন.এল.এফ। আর এই জি.এন.এল.এফ-এর সঙ্গে সাময়িক সমঝোতা করে কিছু টাকা-পয়সা দিয়ে নয়-ছয় করা হল। এখন যেহেতু তাদের কোনও নির্দিষ্ট রাজনীতি নেই, তারা দাবি করছে আরও উগ্র কিছু। তখনই আমরা বলেছিলাম যখন আপনাদের মন্ত্রীরা বুদ্ধদেব বাবু আজকে নেই আমাদের সঙ্গে সেমিনারে বলেছিলেন, আপনারা দেওয়ালে লিখেছিলেন যে কলিজা দেব কিন্তু দার্জিলিং দেবনা। তখন আমাদের প্রধানমন্ত্রী আপনাদের সঙ্গে একমত হয়ে একাই দার্জিলিংয়ের পাহাড়ে দাঁড়িয়ে জ্যোতিবাবু থেকে আরম্ভ করে বা আপনাদের যারা রয়েছেন, তারা সেদিন কেউ যাবার সাহস করেন নি তিনি সেখানে মিটিং করে বলেছিলেন যে দার্জিলিংয়ে এই দাবি মানা যাবেনা। আপনারা কি চেয়েছিলেন? আমি একটু পড়ে শোনাচ্ছি। আজকে ঘিসিং যদি দানব হয়ে থাকে তাহলে সেই দানব আপনাদের তৈরি। আমি আপনাদের বলে দিচ্ছি যে আপনারা কি বলেছেন। কিভাবে বিচ্ছিন্নতাবাদের জন্ম নেয় সেটা দেখুন। স্টেটসম্যান-এর ৭.১.৯১ তারিখের পাতায় আপনারা বলছেন, উত্তরে শিখদের জন্য বিশেষ রাজ্যের ব্যবস্থা করা যেতেই পারে যেখানে তারা স্বতন্ত্র এবং স্বাধীনতার ফাদ পেতে পারবে এবং আমরা কমিউনিস্টরা এই বিশেষ অধিকার দেওয়াকে অন্যায় বলে মনে করিনা। তারপরে আর একটা জায়গায় কি লিখছে সেটাও বলে দিচ্ছি। তারপর এক জায়গায় লিখেছে গোর্খাদের জন্য আলাদা রাজ্যের দাবি জানিয়ে কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে ১৯৪৭ সালের ৬ই এপ্রিল কন্সটিয়ুয়েন্ট অ্যাসেম্বলিতে যে দাবি সনদ পেশ করা হয়েছিল তাতে বলা হয়েছিল "গোর্খাদের স্বার্থ রক্ষার জন্য নেপাল

সিকিম ও দার্জিলিং জেলাকে নিয়ে একটা স্বাধীন সার্বভৌম রাজ্য গঠন করে দিতে হবে এবং এর নাম হবে গোর্খাস্থান অর্থাৎ Sovereign State in the form of a single union out of the feudal states of Nepal and Sikkim and the British administratered district of Darjeeling. কিন্তু আনন্দের ব্যাপার তখনকার গোর্খারা বিচ্ছিন্ন হতে বা আলাদা হতে এ.আই.ডি.এল রাজি ছিল না। তারপর যখন অগ্নিগর্ভে পরিণত হল আমি মন্ত্রী থাকাকালীন অষ্টম শিডিউল নিয়ে যখন চিৎকার করেছিলাম তখন আমি সহকারি মন্ত্রী ছিলাম তখন আমার গায়ে থুতু ফেলা হয়েছিল, আমি তখন হোম মিনিস্টার, আমার গাড়ি পুড়িয়ে দেবার ব্যবস্থা করেছিল। এইসব কারা করেছে? আপনারাই ফ্রাংকেস্টাইন তৈরি করেছেন তারপর সেটাকে ধামা চাপা দেবার চেষ্টা করছেন। আপনাদের তৈরি দানব আপনাদেরই খাবার চেষ্টা করছে। আপনারা সহযোগিতার কথা বলেছেন। কি সহযোগিতা চান আপনারা? আপনারা বলেছেন কলিজা দেব তবু দার্জিলিং দেব না, আপনাদের সঙ্গে সুর মিলিয়ে আমরাও বলেছি কলিজা দেব তবু দার্জিলিং দেব না। আপনারা বলেছেন হিল কাউন্সিল গঠন করতে চাই আমরা কোনও বাধা দিই নি। আমাদের প্রিয়রঞ্জন দাসমুন্সী আমাদের দলের পক্ষ থেকে প্রতিনিধিত্ব করেছিলেন। তাকে জ্যোতিবাবু মিটিং-এ ডেকেছিলেন, তিনি গিয়েছিলেন। প্রিয়রঞ্জন দাসমুন্সি আমাদের দলের পক্ষ থেকে আপনারা যা বলেছেন সই করে দিয়েছেন। হিল কাউন্সিলের ব্যাপারে এগ্রিমেন্টের সময় দিল্লির সঙ্গে আমাদের সকলের একমত না হলেও আপনাদের সঙ্গে একমত হয়ে সবকিছু মেনে নিয়েছিলেন। কি সহযোগিতা চান আপনারা? ঘিসিংকে দ্বিতীয় চীফ মিনিস্টার করে কি ভাবে আপনারা চালিয়েছিলেন? আপনারা সেখানে মারামারি করেছেন। আমরা বারে বারে বলেছি, বিধানসভার বাইরে বিধানসভার ভেতরে বারে বারে বলেছি প্রশাসনিক ব্যবস্থা নিন, প্রশাসনিক মোকাবিলা করুন, রাজনৈতিক মোকাবিলা করুন। আপনাদের গুন্ডা লেলিয়ে দিলেন সেখানে। কোন সমস্যার সমাধান করা গেছে সেখানে? আমরা তো গুন্ডা লেলিয়ে দিই নি। আসামে কংগ্রেস গুন্ডা লেলিয়ে মোকাবিলা করেনি, প্রশাসনিক মোকাবিলা করেছে। সেখানে সরকার ইউ.এল.এফ মুভমেন্টের বিরুদ্ধে গুন্ডা লেলিয়ে দেয় নি, সরকার প্রশাসনিক মোকাবেলা করেছে। আপনারা কেন করবেন না? আপনাদের লজ্জা করে না ৩ জন এম.এল.এ আজকে বয়কট করেছে দার্জিলিং-এর দাবি নিয়ে? এই সমস্ত জিনিস আপনারা করেছেন। কি কি করেছেন মাননীয় স্পিকার মহাশয় আপনি যদি চান সব বলে দিতে পারি। আপনারা হাজার হাজার ভুল করেছেন। আপনারা নিজেরা হাজার হাজার ভুল করেছেন, মারাত্মক ভুল করেছেন। আপনারা একটা ম্যাপ তৈরি করেছেন, আমার কাছে সেই ম্যাপ আছে, চাইলে আমি দিয়ে দেব। এটা কংগ্রেসের মুখপত্র নয়। সেই ম্যাপে পরিষ্কার ভাবে দেখিয়েছে কমিউনিস্টরা, দার্জিলিংকে বাদ দিয়ে পশ্চিমবাংলার একটা ম্যাপ তৈরি করে ফেলেছে। মোটা অক্ষরে পশ্চিমবাংলাকে চিহ্নিত করা হয়েছে পশ্চিমবাংলার বাইরে থাকবে দার্জিলিং। এই বই যদি চান মাননীয় চেয়ারম্যান তাহলে আমি দিয়ে দিতে পারি। এক সময় আপনারা বলছেন দার্জিলিং চান না আবার এক সময় ওদের নেতা বলছেন পশ্চিমবাংলার এক ইঞ্চি জমি পশ্চিমবাংলার বাইরে যেতে দেব না। প্রতি বছর আপনারা কথা পাল্টাচ্ছেন, প্রতি বছর আপনাদের নিজেদের মত এবং পথ পরিবর্তন করছেন। প্রতি বছর আমাদের একমত হতে হবে। আগে আপনাদের নিজেদের মধ্যে ঠিক করুন আপনারা দার্জিলিং নিয়ে কি করবেন তারপর আপনারা সহযোগিতার জন্য আমাদের কাছে

মতামত চাইবেন। অনেক জায়গায় আপনাদের সঙ্গে একমত না হয়েও দেশের বৃহত্তর স্বার্থে আমরা একমত হয়েছি।

[2-00 — 2-10 P.M.]

দার্জিলিং নিয়ে যদি কোনও অগ্নিগর্ভ অবস্থা হয় তাহলে আমরা সরকারের সঙ্গে আছি। অনেক ব্যাপারে আমরা আপনাদের সঙ্গে নেই, কিন্তু এই ব্যাপারে আছি। অনেক পলিটিক্স হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় ভুল করলেন একটা মানসিকতা তৈরি হয়েছিল যে একযোগে আমরা দার্জিলিং নিয়ে, আমরা আশা করেছিলাম, এই হাউসে একটা ইউন্যানিমাস রেজোলিউশন হবে। কারণ ঘিসিংয়ের সমস্ত কাজকর্মকে আমরা সমর্থন করতে পারি না। কিন্তু আপনারা করেছিলেন। ঘিসিং যখন দার্জিলিং-এ হেট বেঙ্গল অবজার্ভ করেছিল সেদিন আপনারা কোনও প্রতিবাদ করেন নি। সেদিন কিন্তু আমরা প্রতিবাদ করেছিলাম। সুতরাং দার্জিলিংয়ের ব্যাপার নিয়ে কি হয়েছে তা এই বইটি পড়লে বুঝতে পারবেন আপনাদের স্ট্যান্ড কোথায়? কি ভয়ঙ্কর আগুন নিয়ে আপনারা খেলা করছেন! রাজ্যপালের ভাষণের সঙ্গে আমি একটা জিনিস উল্লেখ করছি, ১৯৯১-৯২ সালের আর্থিক বছরে পশ্চিমবঙ্গের জন্য ১৪৮৬ কোটি টাকা বরাদ্দ হয়েছিল পরিকল্পনায়। সরকার যোজনা খাতে চলতি আর্থিক বছরে কত টাকা সংগ্রহ করতে সক্ষম হয়েছে? সক্ষম হয়েছে মাত্র ৩৫০ কোটি টাকা। ধার্য হয়েছিল ১৪৮৬ কোটি টাকা আর সেই তুলনায় সংগ্রহ করেছেন মাত্র ৩৫০ কোটি টাকা। মার্চ মাসের আর ক'দিন বাকি আছে? বাকি হাজার কোটি টাকা এই ক'দিনে সংগ্রহ করতে পারবেন? অর্থনীতি তো আর শুধু কংগ্রেসের জন্য নয়। অর্থনীতি এমনই একটি বিষয়, সেখানে মানুষের নানা ইস্যু থাকে, অর্থনীতি হচ্ছে প্রো-পিপল একটি বিষয়। আপনারা সেই মানুষের কতবড় সর্বনাশ করেছেন এই টাকা সংগ্রহ না করে। এই ভাষণের মধ্যে এই প্রকৃত কথা যেটা সেটা উল্লেখ করেন নি। কোনও কোনও জায়গায় তো প্রতিবাদ করতে হয়। ভোট আপনারা দেবেন, দিন, কিন্তু ভোট দেওয়া আর সত্য কথা বলা এক জিনিস নয়। আমরা আপনাদের কাছে আশা করেছিলাম যে এই সম্বন্ধে বলবেন। রাজ্যপালের ভাষণের ১৬নং প্যারায় কো-অপারেটিভ, সমবায় সম্পর্কে খুব ছোট্ট করে কয়েকটি কথা লেখা আছে। গত বিধানসভার অধিবেশনে আমি বলেছিলাম এ সম্বন্ধে। বেনফেড'এর জেলা থেকে আরম্ভ করে কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন থেকে আরম্ভ করে একাধিক দুর্নীতির কথা আমি বলেছিলাম। হাউজিং কো-অপারেটিভ লুঠ হয়ে যাচ্ছে। আমি বলেছিলাম এই সংস্থার ডিরেক্টর, মিঃ নাগরের চুরির বিরুদ্ধে। আমি সরাসরি অভিযোগ করেছিলাম। মিনিস্টার বলেছিলেন তদন্ত করে দেখবেন। ১৬নং প্যারাতে একটা ছোট উল্লেখ আছে যে, কো-অপারেটিভ কি অবস্থায় চলছে। কো-অপারেটিভ যেহেতু ফরোয়ার্ড ব্লকের, সেজন্য সি.পি.এম. অত্যাচার করছে। বিশেষ করে হাউজিং কো-অপারেটিভে তারা কাজ করতে দিচ্ছে না। এ নিয়ে বহু তদন্ত হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত কোনও সুরাহা করছেন না। ভাষণের ২৪নং প্যারাতে শিক্ষার কথা বলা হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে উপস্থিত রয়েছেন। আপনারা প্রথমে চালু করেছিলেন একটা মেডিক্যাল শিক্ষা ব্যবস্থা। তখন প্রমোদ দাশগুপ্ত বেঁচে ছিলেন। তিনি বলেছিলেন যে খালি পায়ের ডাক্তার শুরু করতে হবে। কিছুদিন কয়েক হাজার সি.পি.এম. ক্যাডার দিয়ে শুরু করেছিলেন। খালিপদ ডাক্তার হল। তারপর তারা না হল 'খালিপদ' ডাক্তার, না হল

পুরোপদ। এখন আবার বাজারে চালু করেছেন সাক্ষরতা। সাক্ষরতা নিয়ে এখন অনেক কথা বলছেন। বর্ধমান জেলায় কয়েকটি লোককে নিয়ে তিন চারজন দিয়ে শুরু করে বলছেন যে বর্ধমান জেলা পুরো সাক্ষর জেলা। বর্ধমানে সাক্ষরতার নাম করে সর্বনাশ করেছেন। তিন, চার, পাঁচ জন করে সই করছেন। এই লজ্জা রাখবার জায়গা নেই। এর আগেও মাননীয় শিক্ষামন্ত্রী বলেছিলেন যে ডঃ অশোক মিত্রকে দিয়ে একটি কমিশন করবেন এবং সেই কমিশন করাও হয়েছিল কিন্তু তার রিপোর্ট কোথায়? এডুকেশনের উপরে যে কমিশন করা হল তার কোনও রিপোর্ট আজ অবধি পেলাম না। তারও আগে ডঃ ভবতোষ দত্তকে দিয়ে একটি কমিশন করানো হয়েছিল তারও কোনও রিপোর্টের হদিশ আমরা পাই নি। আবার শুনছি আরেকটা কমিশন করবেন। ৬ মাসের মধ্যে যে রিপোর্ট পেশ করবার কথা ছিল সেই রিপোর্ট না আসায় আজকে এই কমিশন করাটা একটা প্রহসনে দাঁড়িয়েছে। আপনারা শিক্ষাক্ষেত্রে দুমুখি শিক্ষাব্যবস্থা চালু করেছেন। গ্রামের গরিব মানুষরা বাংলায় পড়াশুনা করবে আর কলকাতার শহরের উচ্চবিত্তের ছেলে-মেয়েরা লরেটো কনভেন্ট, কে.জি. ডনবস্কো প্রভৃতি স্কুল পড়বে। আপনারাই শ্রেণীহীন সমাজব্যবস্থায় বিশ্বাস করেন। এই কি আপনাদের শ্রেণীহীন সমাজব্যবস্থা? আজকে গ্রামের ছেলেরা বাংলায় পড়ে কেবলমাত্র কেরানির চাকুরি করতে পারবে আর বড়লোকের বাড়ির ছেলে লরেটো, ডনবস্কো, কে.জি. কনভেন্টে পড়ে আই এ এস, আই পি এস হবেন। আপনারা তো গ্রামের এলাকার এম.এল.এ যারা আছেন তাদের তো এর বিরুদ্ধে রুখে দাঁড়ানো দরকার। বস্তুত আপনারাই তো দুমুখি শিক্ষা ব্যবস্থা চালাচ্ছেন, অথচ সমাজতান্ত্রিক মানসিকতা নিয়ে কাজ করেন আপনারা। অবশ্য সমাজতান্ত্রিক দেশে এখন কুকুর, বেড়ালে খাওয়া খাওয়ি হচ্ছে। আমরা চেয়েছিলাম রাজ্যপাল তার ভাষণে বলবেন যে আমাদের সরকার কতটা গতিপ্রদ হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী যখন পুনরায় মুখ্যমন্ত্রী হয়ে এলেন তখন বলেছিলেন, একটা স্বচ্ছ, সৎ ও সুষ্ঠ শাসনব্যবস্থা গড়ে তুলবেন। কিন্তু তিনি চেষ্টা করলেও কতটুকু রক্ষা করতে পেরেছেন তার এই উক্তি। রাজ্যপালের ভাষণ সম্বন্ধে বলতে গিয়ে অনেক সদস্য ইন্ডাস্ট্রিয়াল পলিসি নিয়ে বললেন। আমি গত তিন দিন ধরে এই ইন্ডাস্ট্রিয়াল পলিসি নিয়ে আলোচনা শুনছি। দয়া করে একটু নিউ ইন্ডাস্ট্রিয়াল পলিসিটা পড়ুন। আপনারা এত তো চিৎকার করেন অথচ ইন্ডাস্ট্রিয়াল পলিসি নিয়ে পড়াশুনাই করেন না। আমি নিজে ইন্ডাস্ট্রিয়াল সেক্টরে কাজ করি। আমি পড়েছি Import of Capital Goods, Broad Banding, Convertibility, Foreign Investment, Foreign Trading House, Empowered Board, Foreign Technology Agreements, Public Sector, Labour, MRTP Act, এই অ্যাক্টগুলো নতুন হয়েছে, এগুলো পড়ুন, এগুলো না জেনে সমালোচনা করলে কোনও গঠনমূলক সমালোচনাই হবে না। আমি তো নিজে কেন্দ্রীয় সরকারের ওই বিদায় নীতিতে বিশ্বাস করিনা। আমার এতে আপত্তি আছে, এটা কোনও সরকারেরই নীতি হতে পারে না, এই বিদায় নীতি এটা কখনোই চলতে পারে না। আমি অর্থনীতিবিদ নই, কিন্তু আমি নিজে ব্যক্তিগত ভাবে এই বিদায় নীতিতে কোনও কমপ্রিহেনসিভ দিক খুঁজে পাচ্ছি না। আমার চোখের সামনে এন জি সিতে এম এম সিতে ৩ হাজারের মতো লোক ছাঁটাই হয়েছে। এক্সপোর্ট কাউন্সিলে আড়াই হাজার মতো লোক ছাঁটাই হবে। এইসব দেখেও আমাকে কেন্দ্রের নীতিতে একমত হতে হবে আমি মনে করিনা। একটা ভয়ঙ্কর দিকের দিকে যাচ্ছে, সবাইকে এই নিয়ে ভাবতে বলি। এই নীতির ফলে একটা বিরাট

ডেবট ট্রাপে আমরা পড়ে যাব। ইন্টারন্যাশনাল ফান্ড এই বইটি লিখেছেন মিঃ ব্রন, একজন বিরাট অর্থনীতিবিদ এই বইটির ১৮৭ পাতা দেখুন, সেখানে তিনি লিখেছেন Effective adjustment in borrowing foreign countries required internal financial discipline and effective lending for productive investment or aid agencies. In the absence of both the factors or even one the never ending debts. আমরা আজকে শঙ্কিত, কোনও সিদ্ধান্তে পৌঁছাতে পারছি না। সবচেয়ে আশ্চর্যের বিষয় যে, এই বইতে লেখা আছে যে ব্রাজিল সবচেয়ে লোন বেশি নিয়েছিল এবং সেই ব্রাজিলের লোকেদেরই না খেয়ে রাস্তায় যেতে হয়েছিল। সুতরাং আজকে এই ঋণ নেওয়ার ব্যাপারে আমরা চিন্তিত, কি হতে পারে কে জানে। তারপরে ওই বইয়ের ২২৮ পাতায় দেখুন, সেখানে লেখা আছে যে, India is among the five countries which have the largest borrowings from IMF, even though the share is not relatively so high. The percentage of share of these countries in total drawings are; the U.K. 21.7, the USA 10.1, Italy 5.5, France 4.3, and India 3.7. আমরা জানি একটা গরিব মানুষ যখন ধার নেয় তখন সে ধার নেয় রুটি বা খাবার জোগাড় করার জন্য ধার করে।

[2-10 — 2-20 P.M.]

আর যখন টাটা বিড়লা ধার নেয়, সেই ধারের পরিমাণ যদি কোটি কোটি টাকা হয় সেই ধারে আরও মুনাফা করার জন্য আরও বিলাসবহুল জীবন যাপন করার জন্য ডেভেলপিং কান্ট্রি ধার নেয়। ৫টি বড় কান্ট্রির মধ্যে ৩টি হচ্ছে বড়লোক কান্ট্রি, তাই এই সমস্ত ধার আর গরিব দেশের ধারকে এক পর্যায়ে দেখলে চলবে না। কাজেই এইসব বিষয়ে আমরা শঙ্কিত আছি যে আমরা ডেথ ট্রাপের মধ্যে পড়ে যাব কিনা। আমরা ব্রাজিলের মতো অবস্থায় চলে যাব কিনা এবং প্রোডাকটিভ মানি যদি ঠিকমতো ধরতে না পারি এবং সর্বপরি মনে করি শুধু মোটিভেট করতে যদি আমরা না পারি বাকি অর্গানাইজড ওয়ার্কিং ক্লাশকে এবং সাধারণ মানুষের জন্য তাহলে এই সমস্ত ভূতপ্রেত যারা আছে তারা অপপ্রচার করে এর সর্বনাশ করে দেবে। তাই বলব সেন্ট্রালের সাকসেস আর আন সাকসেস এটা কিন্তু নির্ভর করে সেন্ট্রালের ওপর নয়। আমি একটা বই থেকে বলছি "স্টেট পলিটিক্স ইন ইন্ডিয়া" যেটা বাবুলাল ফাদিয়া লিখেছেন সেটা পড়ে শোনাচ্ছি" The day to day needs and requirements of a citizen are met by the State Governments. The State Governments provide for the safety of citizens. They enforce law and order and maintain the police force. They also serve as implementing agencies for national development plan. As a matter of fact, the effectiveness of national planing is always conditioned by the performance of the State Government which control a very large part of the administration of the country." সুতরাং মনে রাখবেন দায়িত্বটা শুধু সেন্ট্রালেরই নয় আর সমালোচনা করলেই শেষ হবে না। একজন অথার যিনি এ বিষয়ে দিকপাল তিনি বলছেন আমাদের একটা প্ল্যান ইকনমির টোটাল সাকসেস, আন সাকসেস এটা নির্ভর করবে আজকে স্টেট গভর্নমেন্টের সাকসেস আর আন সাকসেসের ওপর। স্বভাবতই রাজ্যকে এগিয়ে আসতে

হবে তাই রাজ্য যেমন সহযোগিতা চাইবে তেমনি কেন্দ্রও সহযোগিতা চাচ্ছে, কিন্তু কোথায় সেই সহযোগিতা? আপনারা তো সরকার ফেলে দেবার জন্য বি.জে.পি.র সাথে হাত মিলিয়েছিলেন, আবার সেই বি.জে.পি.কে গালাগালি দেবেন, তাই এই সুবিধাবাদি রাজনীতির আমি তীব্র বিরোধিতা করছি এবং রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে কাট মোশনের প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় ঃ আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে, আমরা কাগজে দেখেছি ফরওয়ার্ড ব্লক আলোচনায় অংশগ্রহণ করছেন না।

Mr. Chairman : This is not a point of order.

[2-20 — 2-30 P.M.]

শ্রী মোস্তাফা বীনকাশিম ঃ অনারেবল চেয়ারম্যান স্যার, মাননীয় রাজ্যপাল এই বিধানসভায় যে ভাষণ দিয়েছেন তার উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব মাননীয় সদস্য ননীকর মহাশয় এনেছেন এবং মাননীয় সদস্য কৃপাসিন্ধু সাহাকে সমর্থন করে আমি বক্তব্য রাখছি। রীতি নীতি মেনে মাননীয় রাজ্যপাল তার ভাষণে রাজ্য সরকারের প্রধান প্রধান নীতি তার রাজ্যের উন্নয়নের প্রধান প্রধান পদক্ষেপ সেইগুলি উল্লেখ করেছেন এবং অত্যন্ত সঙ্গতভাবে সঠিকভাবে কেন্দ্রীয় সরকারের নীতি এবং রাজ্য সরকারের কি দৃষ্টিভঙ্গি তার উল্লেখও আছে। এই প্রসঙ্গে একটি কথা আমি উল্লেখ করতে চাই, মাননীয় বিরোধী দলের সদস্য জয়নাল আবেদিন সাহেব তিনি এই বিতর্কের উদ্বোধনী বক্তা হিসাবে অংশ গ্রহণ করে একটা নতুন জিনিস আবিষ্কার করে ফেলার মতো বললেন, আমার স্মৃতিশক্তি যদি আমাকে বিপথে চালিত না করে, আমি যদি ঠিক শুনে থাকি—রাজ্যপালের ভাষণের প্রথম দুটি ছত্র ছাড়া আর সবই রাজ্য সরকারের ভাষণ। এটাইতো রেওয়াজ। রাজ্যপালের ভাষণে রাজ্য সরকারের নীতি কর্মসূচি থাকে সেই কথাইতো উল্লেখ থাকবে। আমি আপনাকে বিনীতভাবে একটি কথা বলতে চাই, রাজনীতির তফাত আছে ঠিকই কিন্তু দীর্ঘদিনের যোগাযোগ থাকার ফলে আপনার সম্পর্ক একটা সাদারণ স্বীকৃতি এই বিধানসভায় আছে যে সংসদীয় ব্যবস্থার রীতিনীতি সম্পর্কে আপনি ওয়াকিবহাল। কিন্তু অন্ধ বিরোধিতার নেশায় মেতে আপনার মতো ব্যক্তিও এই ধরনের অবিবেচনাপ্রসূত মন্তব্য করবেন, আমি অন্তত এটা ভাবতে পারিনি। কিন্তু অন্ধভাবে আপনারা বিরোধিতা করবেন, এটা ভাবতে পারিনা। আমি রাজ্যপালের ভাষণকে অভিনন্দন জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে তিনি ভাষণের মধ্যে রাজ্যের যে সমস্ত কর্মসূচি এবং উন্নয়নের জন্য যে সমস্ত পদক্ষেপ সরকার নিয়েছেন সেগুলো দেখানো হয়েছে। এটা একটা বাস্তব সম্মত চিত্র এবং সেটাই তিনি তুলে ধরেছেন। কোনও অতিরঞ্জিত বক্তব্য সেখানে নেই। মাননীয় সদস্য সুব্রত মুখার্জি বললেন কোনও প্রতিশ্রুতির কথা সেখানে নেই। সত্যিই নেই। বাস্তবের সঙ্গে সম্পর্কহীন, গালভরা কোন প্রতিশ্রুতির কথা সেখানে নেই। ওদের এটা ভালো লাগেনি। এখানে তিনদিন ধরে আলোচনা চলছে, রাজ্য সরকারের ভূমিকার ব্যাপারে তারা এখানে অনেক কথা উল্লেখ করলেন। কোনও রাজ্য যে ভারতবর্ষের বাইরে না একথা নতুন করে বলার অপেক্ষা রাখে না। পশ্চিমবাংলা ভারত যুক্তরাষ্ট্রের একটি রাজ্য। রাজ্যের সার্বিক পরিস্থিতির মধ্যে, দেশের সার্বিক পরিস্থিতির মধ্যে একটা রাজ্য সরকারকে কাজ করতে হয় এবং গোটা দেশের যে অর্থনৈতিক, রাজনৈতিক পরিস্থিতি সেটা রাজ্যকেও প্রভাবিত করে।

আজকে কেন্দ্রীয় সরকার যে সমস্ত জনবিরোধী ভয়ঙ্কর নীতি চালু করেছেন তাতে আজকে প্রতিটি রাজ্য সরকারের সামনে প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে এবং পশ্চিমবাংলাও তার থেকে কোনও ব্যতিক্রম নয়। আমি বিরোধী দলের সদস্যদের বলব এটা কোনও ডিবেটিং পয়েন্ট স্কোর করার ব্যাপার নয়। প্রেস গ্যালারির বক্তব্য নয়, দায়িত্ব নিয়ে আপনাদেরও ভাবতে হবে যে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য কি কঠিন অবস্থার মধ্যে রাজ্য সরকারগুলোকে পড়তে হয়েছে। পশ্চিমবাংলার সামনেও এইরকম একটা কঠিন অবস্থার সৃষ্টি হয়েছে এবং এই প্রতিবন্ধকতাগুলোকে এক এক করে মোকাবিলা করে আমাদের রাজ্য সরকার কাজের ধারাকে বজায় রাখতে চেষ্টা করেছেন। একটা দেশের মধ্যে যদি স্বাভাবিক পরিস্থিতি থাকে তাহলে সেই অবস্থার মধ্যে রাজ্য সরকারের কাজের উন্নতির একটা দিক, আর স্বাভাবিক পরিস্থিতি না থাকলে সেটা আরেকটা দিক। মাননীয় সুব্রতবাবু বললেন যে রাজ্যের যোজনার জন্য রাজ্যকে সম্পদ সংগ্রহ করতে হয়। কেন্দ্রের যোজনার জন্য কেন্দ্রীয় সরকারের সম্পদ সংগ্রহ করার একটা বিরাট সুযোগ আছে। ঘাটতি বাজেট হলে নোট ছাপিয়ে সেটা পূরণ করার ক্ষমতা কেন্দ্রীয় সরকারের আছে, কিন্তু রাজ্য সরকারের সে ক্ষমতা নেই। প্রশাসনিক আদেশে জোর করে জিনিসের দাম বাড়িয়ে সেই টাকা দিয়ে সম্পদ সংগ্রহ করতে পারেন, ভারতবর্ষের কোনও রাজ্যের হাতে এই ক্ষমতা নেই। ভারতবর্ষের সংবিধানে রাজ্যগুলির হাতে ক্ষমতা কম রাখা হয়েছে এবং তার একটা শ্রেণী দৃষ্টিভঙ্গি আছে এবং সেইসব কথা এখানে আলোচনা হয়েছে। যেমন রাজনৈতিক ক্ষমতা, অর্থনৈতিক ক্ষমতা এসব কেন্দ্রের হাতে আছে। আজ স্বাধীনতার ৪০-৪২ বছর ধরে কেন্দ্রীয় সরকার ক্ষমতায় আসীন থেকে খুব সুচতুরভাবে রাজ্য সরকারের সম্পদ সংগ্রহের ক্ষেত্রে অনুপ্রবেশ ঘটিয়েছেন। It is some sort of financial piracy of the Central Government to the areas of financial policies of State Government. আজকে রাজ্য সরকারের সম্পদ সংগ্রহের ক্ষমতা অত্যন্ত সীমিত। এটা কোনও নতুন কথা নয়, এটা বার বার আলোচনা হয়েছে। যোজনা খাত বাবদ কেন্দ্রীয় সরকার একটা ছোট্ট অংশ মাত্র রাজ্যকে সাহায্য করে। যার ৭০ ভাগ চলে যায় রাজ্যগুলিকে ঋণের সুদ শোধ করতে, মাত্র ৩০ ভাগ কেন্দ্র রাজ্যগুলিকে সাহায্য করেন। in a sense and in essence তাছাড়া সমস্ত সম্পদের দায়িত্ব রাজ্যের। এই ক্ষেত্রে রাজ্য সরকারের হাতে একটা সুযোগ ছিল। আপনাদের দল থেকে যিনি বলবেন এরপরে, আমি তাকে অনুরোধ করব এইগুলি ঠিকভাবে বলতে। রাজ্য সরকারগুলির মধ্যে পশ্চিমবাংলা কোনও আলাদা ব্যাপার নয়। একটা সুযোগ ছিল, একটা এলবো রুম ছিল, আঘাত ব্যবস্থা হিসাবে স্বল্প সঞ্চয় প্রকল্পে টাকা ব্যবহার করতে পারতেন কিন্তু বিগত দুই, তিন বছর ধরে এই স্বল্প সঞ্চয়ে একতরফা সিদ্ধান্ত করে আঘাত হানছেন। স্বল্প সঞ্চয়ে যে টাকাগুলি জমা পড়ত রাজ্য সরকার তার ৭৫ ভাগ উন্নয়নের কাজে ব্যবহার করতে পারতেন। কিন্তু কেন্দ্রীয় সরকার এখন অন্যান্য প্রকল্পে সুদ বাড়িয়ে উৎসাহ দিয়েছেন এবং এই উৎসাহ দেওয়ার ফলে স্বল্প সঞ্চয়ে জমা টাকার পরিমাণ ৫০০ কোটি টাকা কমে গেল এবং রাজ্য সরকার এই সুযোগ থেকে বঞ্চিত হলেন। এই চলতি বছরের জন্য পশ্চিমবঙ্গের বরাদ্দ হয়েছে ১৪৮৫ কোটি টাকা। এই যোজনা বরাদ্দের মধ্যে ৫০০ কোটি টাকা যদি আটকে যায় কেন্দ্রীয় সরকারের একতরফা নীতির মধ্যে দিয়ে তাহলে রাজ্য সরকারের প্রতি সুবিচারটা কোথায়? এইসবগুলো তা আজকে ভাবতে হবে। এবারের বাজেটে আরও যে ব্যবস্থা করেছেন তা হচ্ছে, বে-

সরকারি শিল্প সংস্থায় সঞ্চয়ে আরও উৎসাহ দিয়েছেন। সরকারি ঘরে স্বল্প সঞ্চয় কমে যাবে এবং এর ফলে স্বল্প সঞ্চয়ে ৫০০ কোটি টাকার বেশি ক্ষতি হবে। এইভাবে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারগুলিকে চরম অসুবিধার মধ্যে ফেলছেন। এক তরফা সিদ্ধান্ত নিচ্ছেন। কিন্তু প্রকৃত যুক্তরাষ্ট্রীয় নীতি এই কথা বলে যে, কোনও বিষয়ে কেন্দ্রীয় সরকারের হাত যদি থাকেও, সেই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করলে যদি রাজ্য সরকারগুলি সেই বিষয়ে সুপারিশ করে তাহলে রাজ্য সরকারগুলির সাথে কেন্দ্র আলোচনা করবে। কিন্তু ভারতের কেন্দ্রের কংগ্রেস সরকার যুক্তরাষ্ট্রীয় এই নীতি কখনও মেনে চলে না। ভারতবর্ষের কেন্দ্রের কংগ্রেস সরকার কখনও আলোচনা করেন না। এবারে আর একটা ব্যাপারে বলি, মূল্যবৃদ্ধি এবং মুদ্রাস্ফীতি সম্বন্ধে এই দুটি জিনিসের ফলে অর্থনীতির বিরূপ প্রতিক্রিয়া পড়ে এবং সেই বিরূপ প্রতিক্রিয়ার প্রতিফলন বা প্রচন্ড চাপ রাজ্য সরকারগুলির উপর পড়তে বাধ্য। মূল্যবৃদ্ধি এবং মুদ্রাস্ফীতিতে কোনও রাজ্য সরকারের ভূমিকা নেই। আমরা বার বার বলেছি, যে যে বড় কারণে গোটা দেশ জুড়ে মূল্যবৃদ্ধি হয়, মুদ্রাস্ফীতি হয় তারজন্য ভারতবর্ষের কোনও রাজ্য সরকার দায়ী নয়। বামফ্রন্টের কথা তো ছেড়েই দিলাম। আমরা বার বার তথ্য দিয়ে, এই বিষয়ে তথ্য বুঝিয়ে বলবার চেষ্টা করেছি। বছরের পর বছর গড়পড়তা ১২, ১৩ হাজার কোটি টাকার কেন্দ্রীয় বাজেটে ঘাটতি থাকছে। মাননীয় সদস্য অতীশবাবু নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন ঘাটতি মেটাবার একটা পন্থা হিসাবে ভারতবর্ষের একটি মাত্র সরকারের হাতে বিশেষ ক্ষমতা আছে সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকার, যারা নোট ছাপিয়ে মেটাতে পারেন। জিনিসের দাম কখন বাড়ে, যখন পরোক্ষ কর বেশি হয়। পরোক্ষ কর বেশি হলে মূল্যবৃদ্ধি হয়। এটা বোঝাবার জন্য অর্থনীতিবিদ হওয়ার দরকার হয়না, সাধারণ লোকও বুঝতে পারেন। রাজস্ব কর আদায় করেন কেন্দ্রীয় সরকার এবং তার বেশিরভাগই হচ্ছে পরোক্ষ কর। এই পরোক্ষ করের পরিমাণ প্রায় ৮০ ভাগ। এবারের বাজেটে কি করেছেন? ১৯৯২-৯৩ সালে ৭৬ হাজার ৪২৪ কোটি টাকার কর সংগ্রহের প্রস্তাব রেখেছেন। ৫৯ হাজার ৩৭৪ কোটি টাকা পরোক্ষ কর। প্রায় ৭৮ ভাগই পরোক্ষ কর। কেন্দ্রীয় সরকার প্রশাসনিক আদেশ জারি করে জিনিসের দাম বাড়ান। কোনও রাজ্য সরকারের ক্ষমতা নেই মূল্যবৃদ্ধি রোধ করবার। জিনিসপত্রের দাম বৃদ্ধি করে কেন্দ্রীয় সরকার যে বাড়তি অর্থ সংগ্রহ করেন তার কোনও অংশ রাজ্য সরকারকে দেবার জন্য কোনও বাধ্যতামূলক ব্যবস্থা নেই। কিন্তু কর রাজস্বের একটা অংশ রাজ্য সরকারের দেওয়া উচিত। এইভাবে রাজ্যগুলিকে বঞ্চিত করা হচ্ছে। উন্নয়ন ব্যাহত হচ্ছে। উন্নয়ন প্রকল্পে খরচ বাড়ছে। এরপর জিনিসের দাম বাড়লেই রাজ্য সরকার কর্মচারীদের ডিয়ারনেস অ্যালাউয়েন্স দিতে হয় কারণ ইট ইজ এ প্রিন্সিপ্যাল, ইট, ইজ এ ডিসিসন অফ দি লেফট ফ্রন্ট গভর্নমেন্ট। কারণ জিনিসের দাম বাড়লেই কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের গায়ে যেমন লাগে ঠিক তেমনি রাজ্য সরকারি কর্মচারীদেরও লাগে। এই অতিরিক্ত মহার্ঘভাতা রাজ্য সরকারকে মেটাতে হয়। কিন্তু যে কারণে এই দায় মেটাতে হয় তারজন্য রাজ্য সরকার দায়ী নয়। কেন্দ্রীয় সরকারের নীতির ফলেই জিনিসের দাম বাড়ে এবং তারজন্য অতিরিক্ত মহার্ঘভাতা দিতে হয়। জিনিসের দাম আপনাদের নীতির জন্য বেড়েছে এবং তার দায়ভার বহন করতে হচ্ছে প্রত্যেকটি রাজ্য সরকারকে। তার অর্থনীতির উপর চাপ পড়ছে। এই বছর প্রথম দিকে এক খেপে ১২০ কোটি টাকা অতিরিক্ত রাজ্য সরকারি কর্মচারীদের ডি, এর জন্য খরচ করতে হল। এইজন্য কি রাজ্য সরকার দায়ী? কেন্দ্রীয় সরকার নয়?

রাজ্য সরকার এরজন্য কোনওভাবেই দায়ী নয়। আপনাদের নীতির জন্য, কেন্দ্রীয় সরকারের নীতির জন্য রাজ্যের উপর চাপ সৃষ্টি হচ্ছে। সেই চাপ সহ্য করে রাজ্য সরকার কিভাবে এগিয়ে যাচ্ছেন রাজ্য সরকারের মূল্যায়ন করতে গেলে সেটা মনে রাখতে হবে। সেখানেই এই সরকারের সার্থকতা বোঝা যায়। পশ্চিমবঙ্গে অনেকদিন ধরে গণ বন্টন ব্যবস্থা গড়ে তুলেছি। এর অবশ্য কারণ আছে। রেশন ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন আয়ের মানুষ হাজার-হাজার, লাখ-লাখ গরিব মানুষ স্বল্প দামে জিনিস কিনবে। এই ব্যবস্থা চালু রাখলে কালোবাজারি কমবে। আপনারা নীতি নিয়েছেন, সিদ্ধান্ত গ্রহণ করেছেন রেশন ব্যবস্থা তুলে দেবেন। একটা একটা করে রেশনে জিনিসের দাম বাড়াচ্ছেন, আবার তাও তুলে নিচ্ছেন। কোন জায়গায় জিনিসটা দাঁড়িয়েছে, এই বিষয়টা ভেবে দেখতে হবে। কেন্দ্রীয় সরকার রেশন ব্যবস্থা রাখবেন না, এই অবস্থায় রাজ্য সরকারকে রেশন ব্যবস্থা চালু রাখতে হবে। কোন চাপ সহ্য করতে হচ্ছে, একটু ভেবে দেখুন। তারপর অত্যন্ত সুচিন্তিতভাবে পশ্চিমবঙ্গের রেশন ব্যবস্থায় একটা অঘোষিত, প্রচ্ছন্ন অবরোধ বজায় রেখেছেন। মাননীয় বিরোধী দলের সদস্যদের কাছে বলতে চাই, সহযোগিতার কথা বলেন, কিন্তু এই কি সহযোগিতার নমুনা? দি কনসেপ্ট ইজ রিপ্লেসড বাই কো-অপারেটিভ ফেডারিলিজম। কিন্তু এই সমবায়ি যুক্তরাষ্ট্রের নমুনা। এই কি নীতি—রাজ্য সরকারের সঙ্গে সংঘাতের পথে, সংঘর্ষের পথে যাবেন, সহযোগিতার হাত প্রসারিত করবেন না? রাজ্যপালের ভাষণের কথা বলতে গিয়ে অনেক কথা বললেন, বিশেষ করে রাজ্যের আইন-শৃঙ্খলার পরিস্থিতির কথা। বললেন, পশ্চিমবঙ্গ একটা রাজ্য যেখানে আইন-শৃঙ্খলা বলে কিছু নেই, পুরোপুরি বিপর্যস্ত হয়ে গিয়েছে। আমরা দাবি করি না এবং এখনও করছি না, পশ্চিমবঙ্গে কোনও অপরাধের ঘটনা ঘটে না, সামাজিক কোনও অন্যায় ঘটে না। এই দাবি আমরা কেউ করি না। দেশে যদি পুঁজিবাদি, সামন্ততান্ত্রিক ব্যবস্থা থাকে এবং সর্বোপরি কংগ্রেস দল থাকবে, তাদের মাস্তান থাকবে, গুন্ডা থাকবে আর আইন-শৃঙ্খলা জনিত পরিস্থিতির সমস্যা থাকবে না, কোনও ঘটনা ঘটবে না এটা তো হতে পারে না। গতকাল মানস ভুঁইয়া তার মতো স্ট্যাটিসটিক্স দিলেন। সেই স্ট্যাটিসটিক্স আমার কাছেও আছে। বর্তমানে সামাজিক, অর্থনৈতিক পরিস্থিতিতে দাঙ্গা, অগ্নিসংযোগ, ট্রেন ডাকাতি অন্যান্য রাজ্যে যেখানে ব্যাপকভাবে বাড়ছে, পশ্চিমবঙ্গে সেটা বছরের পর বছর কমছে। এই তথ্য আপনাদের সামনে উপস্থিত করতে চাই। ট্রেন ডাকাতি পশ্চিমবাংলায় কমেছে। ১৯৮৫ সালে ডাকাতির সংখ্যা ছিল ৭৯২, ১৯৮৭ সালে সে সংখ্যা দাঁড়ায় ৫৬৮ আর ১৯৯০ সালে ৫৬৪। ১৯৯০ সালে পশ্চিমবঙ্গে খুনের মোট সংখ্যা ছিল ১৬৩৪। ১৯৮৯ সালে এই সংখ্যা উত্তরপ্রদেশে ছিল ৭৫৯৪, মধ্যপ্রদেশে ২৭৪৭ এবং মহারাষ্ট্রে ২৭২৬। একটা একটা করে তথ্য দিয়ে বলতে পারি প্রত্যেকটি রাজ্যে এইসব ঘটনা বেড়েছে আর আমাদের পশ্চিমবাংলায় কমেছে। উত্তর ভারতের রাজ্যে দুর্বল শ্রেণীর মানুষ তফসিলি জাতি এবং হরিজনদের উপর সংগঠিত সন্ত্রাস হচ্ছে, পশ্চিমবাংলায় তা হচ্ছে না। একটা মোটামুটি সম্প্রীতির পরিবেশ বজায় রাখা যাচ্ছে। শুধু বিরোধী দল বলেছেন বলে নয়, পশ্চিমবাংলার যে কোনও মানুষ, তিনি সদস্য হন বা বাইরের কেউ হোন তাদের একটা কথা বুঝতে হবে। জয়নাল সাহেব একটা কথা বললেন, আর পারিষদ দলে বলে তার শতগুণ। মান্নান সাহেবও একই কথা বললেন। সেটা হচ্ছে জ্যোতি বসু মুখ্যমন্ত্রী থাকা কালে পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছে সবচেয়ে বেশি। পশ্চিমবঙ্গের সাম্প্রদায়িক অবস্থা নিয়ে কথা বলা আপনাদের সাজে না।

ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এবং বিশেষ করে আপনারা যেখানে আছেন এবং উত্তর ভারতে সাম্প্রদায়িক হানাহানি মানুষের জীবনকে অতিষ্ট করে তুলেছে।

[2-30 — 2-40 P.M.]

পশ্চিমবাংলা তো ভারতবর্ষের বাইরে নয় কাজেই সাম্প্রদায়িকতার বিষবাষ্প পশ্চিমবাংলার সীমানা টপকে এখানেও ঢোকার চেষ্টা করে। তা ছাড়া এই সমস্ত সাম্প্রদায়িক শক্তির যারা এজেন্ট তারা যে একেবারেই পশ্চিমবাংলায় নেই তা তো নয়। কিন্তু তা সত্ত্বেও বামফ্রন্ট সরকারের নীতি, পশ্চিমবাংলার সাম্প্রদায়িকতা বিরোধী, ধর্মনিরপেক্ষ ঐতিহ্য এবং সর্বোপরি পশ্চিমবাংলার মানুষের সহযোগিতা নিয়ে পরিস্থিতি তুলনামূলকভাবে শান্ত রাখা গিয়েছে। এটা তো গর্বের বিষয়। এটা তো আমাদের ঐতিহ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। আমাদের মধ্যে রাজনৈতিক বিরোধ থাকতে পারে কিন্তু পশ্চিমবাংলার মানুষ হিসাবে এ নিয়ে গর্ব করার অধিকার আমাদের মতন আপনারাও তো অনুভব করতে পারেন। কিন্তু তা না করে আপনারা পশ্চিমবাংলার মানুষের ঐতিহ্যকে ম্লান করে দিতে চাইছেন। শিক্ষা প্রসঙ্গে আপনারা অনেক কথা বলেছেন। শিক্ষা প্রসঙ্গে আমি মনেকরি আপনারা যত কম বলেন পশ্চিমবাংলার মানুষের পক্ষে ততই মঙ্গল। গতকাল মাননীয় সদস্য মানসবাবু শিক্ষা বিষয় বলতে গিয়ে বিদ্যাসাগরের বাংলা বলে অনেক কথা বললেন। আজকে তিনি উপস্থিত নেই, আমিও তার সেই কথা টেনে বলতে চাই যে আপনাদের সময় বিদ্যাসাগরের বাংলায় আপনারা শিক্ষার হাল কি করেছিলেন সেটা তো সারা দেশের মানুষই জানেন। সেই সময় পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়। সেই সময় পশ্চিমবাংলার আধা ফ্যাসিস্ট কায়দায় সন্ত্রাসের রাজত্ব কায়েম করা হয়েছিল। সেই সন্ত্রাসের বিরুদ্ধে পশ্চিমবাংলার ছাত্র ও যুব সমাজ যাতে প্রতিবাদ করতে না পারে তারজন্য অত্যন্ত সুচিন্তিত ভাবে ছাত্র, যুব সমাজকে পঙ্গু করার জন্য শিক্ষা ক্ষেত্রকে আপনারা বেছে নিয়েছিলেন। ৭-এর দশকে যে ধরনের আক্রমণ ও বিশৃঙ্খলা শিক্ষা ক্ষেত্রে আপনারা এনেছিলেন তার নজির ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে নেই। শিক্ষার অঙ্গনকে সেদিন আপনারা একেবারে কলুষিত করে দিয়েছিলেন। শিক্ষা বাজেট নিয়ে যখন আলোচনা হবে তখন বিস্তারিতভাবে সব বলব। সেদিন সব তথ্যও উপস্থিত করতে পারব। সেদিন শিক্ষাক্ষেত্রকে আপনারা একটা ধ্বংসস্তুপে পরিণত করেছিলেন। সেই অবস্থা আজকে কিন্তু আর নেই। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর স্কুল কলেজ কত হয়েছে সে আলোচনা পরে হবে কিন্তু আজকে শুধু এইটুকুই বলতে চাই যে সেদিনের সেই ধ্বংসস্তুপকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর আস্তে আস্তে বা ধাপে ধাপে সরিয়ে শিক্ষাকে তার আগের জায়গায় প্রতিষ্ঠিত করেছেন। সেদিন শিক্ষা ক্ষেত্রকে কলুষিত করার মধ্যে দিয়ে আপনারা পশ্চিমবঙ্গের সবচেয়ে ক্ষতি যেটা করেছিলেন সেটা হচ্ছে, শিক্ষার প্রতি মানুষের অনীহার সৃষ্টি করেছিলেন, অমর্যাদার মনোভাব সৃষ্টি করেছিলেন। সেই অনীহা দূর করে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আজকে মানুষের মনে শিক্ষা সম্পর্কে আগ্রহের সৃষ্টি করতে পেরেছেন এবং একটা মর্যাদার আসন শিক্ষাকে দিতে পেরেছেন। ঘটনা ঘটতে পারে। বামফ্রন্ট সরকার সেজন্য শিক্ষা কমিশন নিয়োগ করেছেন, তারা ব্যাপারটা খতিয়ে দেখবেন কাজেই সেদিক থেকে আপনারা সন্তুষ্ট থাকতে পারেন। এরপর একটা কথা বলার জন্য আপনাদের একটু অনুমতি নিয়ে নিচ্ছি, সেটা হচ্ছে, ভারতবর্ষের অর্থনীতি, শিল্পনীতি। আপনারা

খুব বড় গলায় বলছেন যে ভারতবর্ষের সার্বিক স্বার্থে নাকি এই নীতি নিয়েছেন। সঙ্গে সঙ্গে জোর দিয়ে বলছেন যে ভারতবর্ষের আর্থিক সঙ্গতি না থাকার জন্য বিশ্বব্যাঙ্ক, আই.এম.এফ থেকে ঋণ নেওয়া হচ্ছে। আপনারা বলছেন যে ভারতবর্ষ আর্থিক সঙ্কট থেকে পরিত্রাণ যাতে পেতে পারে তারজন্য বিশ্বব্যাঙ্ক থেকে ঋণ নিলে অন্যায় কোথায়? আমার প্রথম প্রশ্ন, এই সঙ্কট তৈরি করেছে কারা? ৪০ বছর বা তার বেশি সময় ধরে কেন্দ্রীয় সরকারে থেকে যে সমস্ত জনস্বার্থ বিরোধী নীতি আপনারা গ্রহণ করেছেন তার ফলেই সারা ভারতবর্ষ জুড়ে এই সঙ্কট সৃষ্টি হয়েছে। কাজেই এর সমস্ত দায়দায়িত্ব আপনাদের। আর ঋণের ব্যাপারে প্রধান আপত্তি যেখানে সেটা হল, কোন শর্তে ঋণ নিচ্ছেন? আপনারা যে শর্তে ঋণ নিচ্ছেন এবং তা নিয়ে পরিত্রাণ পাবার চেষ্টা করছেন তার ফল আরও ভয়ঙ্কর হবে বলেই আমরা মনে করি এবং সঙ্গে সঙ্গে এটাও আমরা মনেকরি যে এটা গোটা ভারতবর্ষের স্বার্থের পরিপন্থী। আপনারা বলছেন, রাজ্য সরকার মৎস্য দপ্তর, স্টেট ট্রান্সপোর্টে বিশ্বব্যাঙ্কের টাকা নিয়ে কাজ করছেন। এরমধ্যে কিছুই গোপনীয়তা নেই, তবুও আপনারা এক করে দেখলেন? কোনও রাজ্য সরকার সরাসরি কখনও কোনও বিদেশি সংস্থার কাছ থেকে ঋণ পায় না। কেন্দ্রীয় সরকারের মাধ্যমে তাকে ঋণ নিতে হয়। এবং তার শর্ত কি? সেখানে কেন্দ্রীয় সরকারই বা কি ভূমিকা পালন করে? শুধু ঐভাবে বললে তো হবে না। আপনাদের যে মাননীয় সদস্য এর পরে বক্তব্য রাখবেন তাকে আমি অনুরোধ করছি তিনি এটা একটু জেনে বলবেন। তিনি একটু বলবেন যে, রাজ্য সরকারের ঋণ নেওয়ার মধ্যে দিয়ে কোথায় জাতীয় স্বার্থ বা রাজ্যের স্বার্থ বিপন্ন হচ্ছে? রাজ্য সরকার যখন ঋণ নেয় তখন কোনও একটা নির্দিষ্ট প্রোজেক্টের জন্য ঋণ নেয়। সার্বিক অর্থনৈতিক প্রোজেক্টের জন্য ঋণ নিতে হয়। কোনও প্রকল্প ব্যয়ে যে ফরেন এক্সচেঞ্জ কমপোনেন্ট থাকে সেটা মেটাবার জন্য কেন্দ্রীয় সরকার যে সুদে টাকা নেয় তারসঙ্গে আরও কিছু সুদ বাড়িয়ে দিয়ে, রাজ্য সরকারের ঘাড়ে সেই সুদের বোঝা চাপিয়ে দিয়ে রাজ্য সরকারকে ঋণের টাকা দেয়। আপনারা এই দুটোকে এক করছেন! আজকে কেন্দ্রীয় সরকার যেভাবে এবং যে শর্তে বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিচ্ছে, আপত্তিটা সেখানেই। অর্থনৈতিক চাপে পড়ে যে অর্থনীতি এবং শিল্প নীতি চালু করছে, গোটা ভারতবর্ষের সামনে সেটা একটা বিপদ। শুধু অর্থনৈতিক স্বাধীনতাই নয়, জাতীয় সার্বভৌমত্ব বিপদের সম্মুখীন হয়ে পড়েছে। বিশ্ব অর্থনীতির সঙ্গে ভারতের অর্থনীতিকে যুক্ত করতে চাইছেন, এটা করতে গিয়ে ভারতবর্ষের অর্থনীতি, স্বাধীনতা, সার্বভৌমত্ব বিপর্যস্ত হয়ে পড়বে। এরফলে ভারতবর্ষের অর্থনীতিকে সম্পূর্ণভাবে আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলির কাছে, মাল্টি ন্যাশনালদের কাছে তুলে দিচ্ছেন। আজকে স্ট্রাকচারাল রিফর্মস-এর নাম করে এই জিনিস করতে যাওয়া হচ্ছে। অভিনন্দন জানাই মাননীয় সদস্য সুব্রত মুখার্জিকে, একটা জায়গায় তিনি ঠিক কথা বলেছেন। বিদায় নীতি সম্বন্ধে তিনি বলতে গিয়ে বলেছেন যে, এই নীতির লক্ষ্য হচ্ছে শ্রমিক শ্রেণী। এই নীতির ফলাফল হচ্ছে, শ্রমিক শ্রেণী এর দ্বারা আক্রান্ত হচ্ছে। ভারতবর্ষের সেই শ্রমিক মধ্যে পশ্চিমবাংলার শ্রমিকরাও আছে। এই নীতির ফলে ভারতবর্ষের যুব সমাজের কাছে কাজ পাওয়ার আশা হতাশায় পর্যবসিত হচ্ছে। পশ্চিমবাংলার যুব সমাজকেও সেই হতাশার কান্না কাঁদতে হবে, ঐ নীতির জন্য। মাননীয় মানস ভুঁইয়া মহাশয় আজকে এখানে উপস্থিত নেই, তিনি থাকলে তাকে জিজ্ঞাসা করতাম সুকান্তর বাংলার এর পরে কি হাল হবে? একটু অন্তত জবাব দিন। আজকে কোথায় আপনারা গোটা দেশকে নিয়ে যাচ্ছেন! দেশের স্বাধীনতা,

সার্বভৌমত্ব, সম্মান, মর্যাদাকে নিয়ে ছিনি-মিনি খেলছেন। কে আপনাদের এই অধিকার দিয়েছে? এ অধিকার আপনাদের নেই। ফলে আজকে গোটা দেশ বিক্ষোভে ফেটে পড়ছে। শুধু বামপন্থীরাই নয়। আপনারা এটা মনে রাখবেন যে, ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের মূল্যবোধকে যারা মর্যাদা দেন সেই দেশপ্রেমিক ভারতবাসীরা আপনাদের নীতির বিরুদ্ধে বিক্ষুব্ধ। এই অবস্থায় আপনারা দেশকে নিয়ে গেছেন। আপনারা সমালোচনা করতে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর বিদেশ ভ্রমণ নিয়েও সমালোচনা করলেন। এখানে আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে, মাননীয় মুখ্যমন্ত্রী গত বিদেশ ভ্রমণে যখন গিয়েছিলেন তখন তার সেই ভ্রমণের ক্ষেত্রে কংগ্রেস দলের সভাপতি এবং বর্তমান প্রধানমন্ত্রীর একটা বিশেষ ভূমিকা ছিল। তিনি মাননীয় মুখ্যমন্ত্রীকে বিদেশে আনাবাসী ভারতীয়দের সঙ্গে আলোচনা করতে অনুরোধ করেছিলেন, এন.আর.আই. ডিপোজিট ভারতবর্ষে বাড়াবার জন্য। মাননীয় মুখ্যমন্ত্রীর সেই ভ্রমণের ফল ফলেছে। এন.আর.আই. ডিপোজিট বেড়েছে। তবে আমরা জানি এন.আর.আই. ডিপোজিটস ম্যাকসিমাম হয়েছিল ১৯৯০ সালের সেপ্টেম্বর মাসে যখন শ্রী বিশ্বনাথপ্রতাপ সিং ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন। তারপর বর্তমানকালে বেড়েছে। এবারের বাজেট প্রস্তাবের ইকনমিক্স সার্ভে পার্ট।।-তে ভারতবর্ষের অর্থনীতি সম্পর্কে বলতে গিয়ে বলা হয়েছে ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ ১১,৪১০ কোটি টাকায় পৌঁছেছে এবং তারমধ্যে এন.আর.আই. ডিপোজিট ৫০০৫ কোটি টাকা। সুতরাং আজকে ঐসব কথা বলার আগে অন্তত বিভিন্ন দিকগুলি একটু ভেবে কথা বলবেন তো? বিভিন্ন দিক ভেবে কথা বলবেন এই ন্যূনতম প্রত্যাশাটুকু আপনাদের কাছে রাখি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গত দু'দিন ধরে খুবই মনোযোগ সহকারে এই বিতর্ক শুনেছি। বিরোধী দলে যখন ওরা আছেন তখন নিশ্চয়ই সরকারের ওরা সমালোচনা করবেন। কিন্তু সেই সমালোচনা গঠনমূলক হবে, এটাই আমাদের ওদের কাছে প্রত্যাশা। আমি ভেবেছিলাম ওদের বক্তব্যের মধ্যে রাজ্যের অগ্রগতি সম্বন্ধে, রাজ্যের বিভিন্ন স্বার্থ সম্বন্ধে কিছু সুপারিশ থাকবে। কিন্তু আমি অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম ওরা কোনও সুপারিশই করতে পারলেন না। মাননীয় জয়নাল আবেদিন সাহেব একটা কথা বললেন, যে কথা এই বয়সে ওর কাছ থেকে আশা করি নি। উনি বললেন, 'বিধানচন্দ্র রায় বিরোধী দলের সঙ্গে সব সময় আলোচনা করতেন। কিন্তু মাননীয় জ্যোতি বসু কখনই বিরোধী দলের সঙ্গে আলোচনা করেন না।' অথচ আমরা কতবার শুনেছি, খবরের কাগজগুলিতে দেখেছি যে, গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী বিরোধী দলের নেতার সঙ্গে আলোচনা করতে চেয়েছেন, কিন্তু তিনি তাকে পান নি, কারণ বিরোধী দলের নেতা দিল্লিতে বসে আছেন। মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের বিরোধী দলের সাংসদদের মিটিং ডেকেছিলেন আলোচনার জন্য, রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলি নিয়ে আলোচনা করার জন্য। অথচ বিরোধী দলের সাংসদরা সেখানে বিনা কারণে হৈ-চৈ করে বেরিয়ে গিয়েছিলেন, মিটিং করেন নি।

[2-40 — 2-50 P.M.]

এই তো হল ইতিহাস! আপনি বলতে বলতে বললেন বিরোধী দল সরকারের অংশ এবং এটাই উচিত এই কথা যখন বলছেন তখন আপনি ইংল্যান্ডের কথা মনে রাখুন, যেখানে সরকারকে বলা হয় "হার ম্যাজেস্টি গভর্নমেন্ট" আর অপোজিশনকে বলা হয় "হার ম্যাজেস্টি অপোজিশন"। সেই অপোজিশনকে দায়িত্বশীল অপোজিশন হতে হয়, আপনাদের

মতো অপোজিশন নয়। দায়িত্বশীল অপোজিশনই সরকারের অংশ। তারা সমালোচনার জন্য সমালোচনা করে না, তারা দায়িত্বশীল বিরোধী দল। তারা আপনাদের মতো রাজনৈতিক দেউলিয়াপনার পরিচয় দেয় না। আপনারা এই রাজনৈতিক দেউলিয়াপনা একটু বন্ধ করবেন। যাইহোক, সেটা আপনাদের ব্যাপার। মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণ বস্তু নিষ্ঠ ভাষণ। আমি আর একবার তার ভাষণকে এবং ধন্যবাদসূচক প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করি এবং আমার দলের পক্ষ থেকে যে বক্তব্য উপস্থাপিত করা হয়েছে স্বভাবতই সরকারপক্ষ খুবই উদ্বেলিত এবং আহ্লাদিত দেখে আমার ভাল লাগছে। দুঃখ হচ্ছে একটি কথা ভেবে, আগেরদিন সরকারপক্ষের তরফে একজন সদস্য, ফরওয়ার্ড ব্লক দলভুক্ত, এই রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ দিতে অস্বীকার করায় একটি দলকে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবে আলোচনা থেকে বিরত থাকতে হচ্ছে যেটা আমাদের সকলের কাছে অত্যন্ত ব্যথা এবং দুঃখের কারণ হয়ে দাঁড়িয়েছে। আমি আশা করব, এই বিধানসভার অভ্যন্তরে প্রতেকটি সদস্য তাদের নিজস্ব মতামত ব্যক্ত করুন। একটু আগে সরকারপক্ষের একজন সদস্য সুব্রত মুখার্জিকে ধন্যবাদ দিচ্ছিলেন যে তিনি বিদায়নীতির একটু সমালোচনা করেছেন বলে। আপনাদের সেই শিক্ষা আমি নিতে বলব। সরকারের মধ্যে থেকে কেউ সমালোচনা করলে তাকে যতীন চক্রবর্তী না বানিয়ে দিয়ে সেই সমালোচনাকে হজম করবার চেষ্টা করুন। সেই সমালোচনা যদি গঠনমূলক দৃষ্টিভঙ্গি দিয়ে হয় তাহলে মেনে নেবার চেষ্টা করুন। ১৫ বছর ক্ষমতায় থাকার পর বিরোধী দলের দিকে আঙ্গুল তুলে তাকিয়ে ওরা কিছু করতে পারেননি একথা বাংলার মানুষ জানতে চায় না। বাংলার মানুষ ১৫ বছর ক্ষমতায় থাকার পর সরকার কি করতে পারলেন তার বিস্তৃত হিসাব চায়। রাজ্যপালের ভাষণের উপর এবারে যে বিতর্ক করছি তাতে দেখলাম কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে অনেক কিছু বিষোদগার করা হয়েছে। সেখানে বলা হয়েছে আপনারা বিকল্প প্রস্তাব দিয়েছিলেন। এই সরকার এর বিকল্প প্রস্তাব দেওয়া অভ্যাসে দাঁড়িয়ে গেছে। ভি.পি. সিং সরকারকেও বিকল্প প্রস্তাব দিয়েছিলেন। ভি.পি.সিং সরকার বন্ধু সরকার হওয়া সত্ত্বেও সেই বিকল্প প্রস্তাবের জবাব দেওয়া তো দূরের কথা প্রাপ্তি স্বীকার করে ছেঁড়া কাগজের মতো টুকরো টুকরো করে ছেঁড়া কাগজের টুকরিতে ফেলে দিয়েছিলেন। আবার রাজ্যপাল মহাশয়ের বক্তব্যে আপনারা লিখেছেন আমরা অলটারনেটিভ প্রোপোজাল বা বিকল্প প্রস্তাব পাঠালে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী মনমোহন সিং বলেছেন বর্তমান সঙ্কটের মোকাবিলার ক্ষেত্রে এই সমস্যাগুলি সম্পর্কে আমরা ওয়াকিবহাল, কিন্তু এইগুলি সম্পর্কে সমাধানের কোনও বাস্তবমুখি প্রস্তাব আমরা দেখতে পাচ্ছি না যে বিকল্প প্রস্তাব হিসাবে গ্রহণ করে আমরা আমাদের পন্থাকে কিছুটা পরিবর্তন করব। আপনারা রাজ্যপালের বক্তব্যে অনেক বিষয়েই লিখেছেন, কিন্তু কেন্দ্রীয় সরকার লোহা, ইস্পাতের উপর থেকে যে মাসুল সমীকরণ নীতি প্রত্যাহার করে নিলেন সেই কথা মাননীয় রাজ্যপালের ভাষণে একবারের জন্যও বলার প্রয়োজন বোধ করলেন না। একবারের জন্যও প্রশংসা করলেন না। কেন্দ্রের মাননীয় মন্ত্রী শ্রী সন্তোষমেহান দেব সংবাদপত্রে বিবৃতি দিয়ে বললেন আমরা অপেক্ষা করে বসে আছি, রাজ্য

সরকারের মুখ্যমন্ত্রী এই বিষয়ে অন্তত একটা অভিনন্দন কেন্দ্রীয় সরকারকে জানাবেন, বলবেন যে কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্ত কিছুটা পরিবর্তন সাপেক্ষ। এই পরিবর্তনের কথা আপনারা বলতে পারতেন। আপনারা গঠনমূলক একটা কথা বলেছেন, কিন্তু কেন্দ্রীয় সরকারের এমন ঐতিহাসিক এবং বৈপ্লবিক সিদ্ধান্ত ও সত্য সেই উদাহরণ স্থাপন আপনারা করতে পারলেন না মাননীয় রাজ্যপালের এই ভাষণে। শুধু সংকীর্ণ দলবাজি ছাড়া মাননীয় রাজ্যপালের ভাষণে কিছুই উপস্থিত করলেন না। স্বল্প সঞ্চয়ের বিষয়ে যেখানে কিছু করার চেষ্টা করেছেন, তার প্রকৃত অর্থ আমাদের দলের নেতা শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় গতবারে এই সভায় দাঁড়িয়ে রাজ্য সরকারকে বলেছিলেন যে পশ্চিমবঙ্গের দাবি দাওয়ার জন্য প্রয়োজন হলে একসঙ্গে দিল্লি গিয়ে দরবার করব। এক বছর অতিক্রম করে গেল, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রীর কেন আমাদের দেওয়া প্রস্তাব গ্রহণ করলেন না? স্বল্প সঞ্চয় প্রকল্প নিয়ে সেদিন কেন্দ্র রাজ্য বৈঠকে রাজ্য সরকারের পক্ষ থেকে বলা হয়েছে যে ডিপ্রাইভ করা হচ্ছে। যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান প্রণব মুখার্জি বার বার বলেছেন যে দিল্লি এসে আলোচনা করুন। এতো বাস্তব সম্মত প্রস্তাব। এই দুইয়ের পার্থক্য তুলে ধরে যে প্রচার করা হচ্ছে সেটার মোকাবিলায় পরিস্থিতির পরিবর্তন যাতে করতে পারেন সেই জন্যই আমাদের বিরোধী দলের নেতা প্রস্তাব দিয়েছিলেন সেই প্রস্তাবের জন্য আমাদের দ্বার সব সময় উন্মুক্ত করা থাকল। স্বল্প সঞ্চয়ের প্রস্তাবের জন্য যদি আপনাদের রাজকোষে অর্থের অভাব হয় তাহলে আমাদের প্রস্তাব রইল দিল্লিতে দরবার করে যৌথ ডেপুটেশন নিয়ে গিয়ে কেন্দ্রীয় সরকারের মুখোমুখি হয়ে বাংলার স্বার্থে এই দাবি জানাব। আপনারা ১৯৯২-৯৩ আর্থিক বছরে রাজ্য সরকারের যে বরাদ্দ সেই বরাদ্দে রাজ্য সরকারের মাননীয় অর্থমন্ত্রী যোজনা পরিষদের বৈঠকে সন্তোষ প্রকাশ করেছিলেন। তিনি বলেছিলেন আমরা এর বিরুদ্ধাচারণ করব। ১৫০১ কোটি টাকার বরাদ্দ শুনে অসন্তোষ প্রকাশ করেছিলেন। আমি সেই কারণেই বলতে চাই যে, আজকে ভয়াবহ পরিস্থিতিতে পশ্চিমবঙ্গের অর্থনীতির ক্ষেত্রে এরজন্য কেন্দ্রীয় সরকারের দিকে অঙ্গুলি হেলন করে মুক্তি পাওয়া যাবে না। আপনাদের পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী ঘাটতিশূন্য বাজেটের ধাপ্পা দিয়ে চলবে না। আমরা আবার বাজেট বক্তব্যে আনব সেই হচ্ছে মূল পন্থা। এই ভয়াবহ ঘাটতিশূন্য জিরো ডেফিসিট বাজেটে একই ধরনের বরাদ্দ হচ্ছে। টাকা পাচ্ছে না। জেলায় জেলায় উন্নয়নের জন্য যে বরাদ্দ তার ৫০ পারসেন্ট রাজ্য সরকারের প্রশাসন থেকে জেলার প্রশাসনে গিয়ে পৌছাচ্ছে না। এইরকম একটা ভয়াবহ পরিস্থিতির দিকে রাজ্য সরকার নজর দিতে পারছেন না। ওয়ার্ক কালচার বলে একটা কথা আছে। সেই ওয়ার্ক কালচার নষ্ট হয়ে যাচ্ছে। পশ্চিমবঙ্গের যে মার্জিনাল এফিসিয়েন্সি ছিল সেই মার্জিনাল এফিসিয়েন্সি নষ্ট হয়ে গেছে। মাননীয় মুখ্যমন্ত্রী ফাইলের গভিরে যাবার মতো সময় দিতে পারেন না। পশ্চিমবঙ্গে এই ভয়াবহ পরিস্থিতির মুখোমুখি দাঁড়িয়ে আছে। আমি মনেকরি যে এই সরকার, সরকারি এবং আধা সরকারি কর্মচারীদের বেতন দেওয়া ছাড়া আর কোনও উন্নয়নমূলক কাজ করতে পারছেন না। বিভিন্ন কেন্দ্রে পরিবর্তনের জন্য ম্যাচিং গ্রান্ট যা রাজ্য সরকার দিয়েছেন তাতে প্রকল্পগুলি সম্পূর্ণ হতে পারছে না। ম্যাচিং গ্রান্টে টাকার অভাব। তাতে পশ্চিমবঙ্গের অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জরুরি শিল্প, পরিকল্পনা এবং প্রকল্প আজকে নষ্ট হয়ে গেছে। এরজন্য আমি এই রাজ্য সরকারের কাজ কর্মের সমালোচনা করছি এবং পশ্চিমবঙ্গে যে পরিস্থিতির মুখোমুখি আমরা দাঁড়িয়েছি তারজন্য আমি মাননীয় রাজ্যপালের বক্তব্যের বিরোধিতা করছি।

[2-50 — 3-00 P.M.]

পশ্চিমবঙ্গে আজকে বেকার সমস্যা সমাধানের কথা, আইন-শৃঙ্খলা অবনতির কথা, বিদ্যুৎ সঙ্কটের কথা, নারি নির্যাতনের কথা এসব কথা রাজ্যপালের বক্তব্যে নেই। নেই পক্ষপাতদুষ্ট প্রশাসনের কথা, স্বজনপোষণের কথা। নারী নির্যাতন সম্পর্কে সামান্য কিছু কথা বলে রাজ্যপাল তার দায়িত্ব পালন করেছেন। কিন্তু পশ্চিমবঙ্গে বানতলা, বিরাটি, মানিকচক, সিঙ্গুর খান্নানের মতো একটার পর একটা ঘটনা ঘটে গেছে। বানতলার ঘটনার পর মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, এমন ঘটনা কিছু ঘটেই থাকে। মুখ্যমন্ত্রী বক্তব্যের প্রতিধ্বনি করে তাই বাংলার বুকে ঐরকম ঘটনা একটার পর একটা ঘটেই চলেছে। তার সেই বক্তব্যের যথার্থতা প্রমাণ করেছে, সত্যিই তো বাংলার বুকে এমন ঘটনা ঘটেই থাকে। মানিকচক থেকে শুরু করে বানতলা, বিরাটি, সিঙ্গুর সর্বত্র যে ঘটনা ঘটেছে সেটা বাংলার লজ্জা, পশ্চিমবঙ্গের সংস্কৃতির লজ্জা। এই লজ্জা আমরা কোথায় রাখব?

আজকে দেখতে পাচ্ছি কলকাতা শহরকে অসাধু প্রমোটারদের স্বর্গরাজ্যে পরিণত করে দিয়েছেন। আমরা দেখছি টোডি, চামারিয়া, বাজোরিয়া, কাজোরিয়াদের কাছে আজকে কলকাতা শহরকে বিক্রি করে দিয়েছেন এবং তাদের হুকুমের দাসে পরিণত হয়ে যাচ্ছেন। আজকে কলকাতার তিনশ বছর পূর্তি উপলক্ষে কলকাতা শহর বিক্রি হয়ে গেছে এবং টোডি, নিক্কো, কুন্দলিয়ারা কলকাতা শহরের মালিকানা গ্রহণ করে ফেলেছেন। কিন্তু সে সম্পর্কে আপনাদের বক্তব্য এখানে উল্লেখিত হল না। এ সম্পর্কে এখানকার একজন মন্ত্রী মতীশ রায় যখন এর ন্যূনতম প্রতিবাদ করতে গিয়েছিলেন, মুখ্যমন্ত্রীকে বলতে শুনেছিলাম, 'কে মতীশ রায়।' তিনি এইভাবে ঔদ্ধত্যপূর্ণ উক্তি করেছিলেন নিজ সমকর্মির সম্পর্কে। সংসদীয় গণতন্ত্রে সহকর্মি সম্পর্কে সেদিন তিনি কি মন্তব্য করেছিলেন? আজকে এখানে প্রমোদকানন তৈরি হচ্ছে। এই প্রমোদকানন নিয়ে মমতা ব্যানার্জি আন্দোলন শুরু করলেন, সঙ্গে সঙ্গে সমস্ত রাজনৈতিক দল মার্কসবাদি কমিউনিস্ট পার্টিসহ বামফ্রন্টের শরিক দলগুলি সোচ্চার হয়ে উঠল। এখন আবার আমরা দেখতে পাচ্ছি, বাংলা বন্ধ ডাকবার প্রস্তুতি চলছে। ১৪ বছরের রাজত্বে রাজ্যকে সচল করতে পারলেন না, কিন্তু কয়েক দিনের নোটিশে তাকে অচল করে দিচ্ছেন। কলকারখানা সব বন্ধ হয়ে যাচ্ছে। আজকে চটকলে যে ধর্মঘট চলছে সে সম্পর্কে রাজ্যের মুখ্যমন্ত্রীকে এখনও একটা বৈঠক ডাকতে দেখলাম না। এই জিনিস কেন হবে? এর আগে সিদ্ধার্থশঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন চটকলে যে ধর্মঘট হয়েছিল সেই ধর্মঘট ত্রিপাক্ষিক বৈঠক ডেকে ভোর চারটা পর্যন্ত মিটিং করে তিনি মিটিয়ে দিয়েছিলেন। আজকে এতবড় একটা চটকল ধর্মঘট চলছে, কিন্তু মুখ্যমন্ত্রী নিষ্ক্রিয় হয়ে বসে থাকছেন। আজকে ১৫ বছর মুখ্যমন্ত্রী থাকাতে তারমধ্যে একটা স্ট্রাকচার তৈরি হয়েছে। চটকলের এই ধর্মঘট মেটাতে তার যে ভূমিকা, যে দায়িত্ব গ্রহণ করা উচিত ছিল সেটা হচ্ছে না বলে স্বভাবতই আমরা আতঙ্কিত, আমরা উদ্বিগ্ন, মর্মাহত। আজকে আমাদের এখানে উল্লেখ করতে হবে বিধাননগরের কথা। আজকে শিক্ষা, স্বাস্থ্য, পূর্ত কোন দপ্তরে আপনাদের সাফল্য রয়েছে? আমাদের পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে বর্তমানে রাস্তাঘাটের যে চিত্র, নিশ্চয়ই এমন কোনও বিধায়ক নেই যার নিজের এলাকার রাস্তাঘাট সম্পর্কে কোনও অভিযোগ নেই। কলকাতা শহরের রাস্তাঘাট চলাচল করা আজকে একটা ভয়াবহ অবস্থায় পৌঁছেছে। হকাররা সব রাস্তাঘাট দখল করে নিয়েছে। এর

উপর রাস্তায় ট্রাফিক জ্যাম সমস্যা কলকাতা শহরের মানুষকে আজকে প্রাণান্তকর অবস্থায় পৌঁছে দিয়েছে। আজকে হসপিটালগুলি মানুষের কাছে হয়ে গেছে নরককুন্ডের সামিল। হাসপাতালে যেতে মানুষ আজকে ভয় পায়। কারণ হাসপাতালে গিয়ে সেখান থেকে সে যে ফিরে আসবে সে বিষয়ে সে অনিশ্চিত হয়ে পড়ে। আজকে আমরা যেদিকে তাকাই রাজ্যের সর্বত্র এই ভয়াবহ চিত্র দেখতে পাচ্ছি। ১৯৭৭ সালে যখন পশ্চিবঙ্গে কংগ্রেস ক্ষমতা থেকে সরে গেল তখন এই রাজ্যে বেকারের সংখ্যা ছিল ১৭ লক্ষ। আর আজকে ডাইরেক্টোরেট অব এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যে রিপোর্ট দিয়েছে তাতে দেখা যাচ্ছে ১৯৮০ সালে ছিল ২৫ লক্ষ, ১৯৮১ সালে ছিল ৩০ লক্ষ, ১৯৮২ সালে ছিল ৩৪ লক্ষ এরকম করতে করতে আজকে বাংলার বেকারের সংখ্যা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ডাইরেক্টোরেটে প্রায় ৫০ লক্ষ পৌঁছে গেছে। আজকে একথা বলব যে পশ্চিমবঙ্গের অগ্রগতির ক্ষেত্রে, রাজ্যের সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে ১৫ বছর সময়টা অত্যন্ত বড় সময়। এই বড় সময়ের মধ্যে এই রাজ্যে যে কর্মযজ্ঞের প্রত্যাশা করেছিলাম, এই রাজ্যের উন্নতির জন্য কর্মযজ্ঞের ভিত্তি ভূমি হিসাবে যে প্রত্যাশা করেছিলাম, সেই কর্মযজ্ঞে কোনও উদ্যোগ শুরু হয়নি। পশ্চিমবঙ্গের অগ্রগতি, পশ্চিমবঙ্গের উন্নয়ন আজকে স্তব্ধ হয়ে গেছে। পশ্চিমবঙ্গ যে শুধু আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে, তা নয়। আইন-শৃঙ্খলার অবনতি এমন পর্যায়ে পৌঁছে গেছে যে বিভিন্ন থানাগুলিতে আজকে স্থানীয় পার্টি অফিসে রূপান্তরিত করা হয়েছে। বিভিন্ন থানাগুলিতে গিয়ে কোনও বিচার পাওয়া যায় না। আইন-শৃঙ্খলা সম্পর্কে থানায় রিপোর্ট করতে গেলে যতক্ষণ পর্যন্ত সি.পি.এম.-এর নেতারা সিগন্যাল দিচ্ছে ততক্ষণ থানা নীরব, তারা কোনও কাজ করতে পারেনা। আজকে থানাগুলি ব-কলমে পার্টি অফিসে রূপান্তরিত হয়েছে। তাই, মানুষ মনে করছে যে থানায় গেলে কোনও বিচার পাওয়া যাবেনা। কাজেই আমি মনেকরি যে রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, তাকে সমর্থন করার কোনও প্রশ্ন আসেনা। আমি এই প্রস্তাবের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 P.M.]

শ্রী মনোহর তিরকী : माननीय स्पिकर सर, मै राज्यपाल साहव ने जो भाषण रखे है ओर उसपर जो धन्यवाद प्रस्ताव आया है उसका समर्थन करता हूँ और इसपर दो-चार बातें कहना चाहता हूँ। माननीय राज्यपाल के भाषण में हमलोगों ने देखा है कि जो केन्द्रीय नीति है उसका विरोध किया गया है, रोप प्रकट किया गया है। अभी देश की क्या हालत है हम सभी जानते है। केन्द्रीय सरकार जन विरोधी नीति अपना रही है।

आजादी से लेकर अभी तक ३-४ वर्ष ही दुसरी पार्टी की सरकार रही है। हमेशा कंग्रेस की सरकार रही है। वी. पी. सिंह जव प्रधान मंत्री थे वो युवको के कर्मसंस्थान के लिए कुछ योजना चला रहे थे, शिल्प संचालन में श्रमिकों का योगदान को कार्यान्वित करना चाहते थे मगर पार्लियामेन्ट में विरोध किया गया। कांग्रेस और बी० जे० पी० ने मिलकर वी० पी०

सिंह सरकार को हटा दिया। दैश में २ करोड़ से ज्यादा बेकार है। इन नौजवानो को काम मिलना चाहिए, जबकि केन्द्रीय सरकार बिदाई नीति अपना रही है। काम के अधिकार को संविधान में दर्जा मिले, वी० पी० सिंह ने जो योजना बनाए थे उसको मूर्त रुप दिया जाए, लागू किया जाए। केन्द्रीय सरकार ने रेल का भाड़ा बढ़ा दिया। केन्द्र ने जो जनबिरोधी नीति अपनाई है इससे मंहगाई बढ़ती ही जा रही है। केन्द्र में काग्रेंस वी० जे० पी० गठजोड़ चल रहा है।

दार्जिलिंग समस्या पर जब हाउस मे चर्चा होने लगी हमारे कांग्रेसी बन्धु वांक आउट कर गए। आखिर वो बीलेगें भी तो कया इनडाइरेक्ट रुप से दार्जिलिंग मे जो आन्दोलन चल रहा है, उसमें शामिल हैं। कांग्रेस, जी० एन० एल० एफ० के साथ है। सुभाप घिसींगं बार-बार कहते है कि दार्जिलिगं भारत से बाहर रहा है। उसके भी हमारे कांग्रेसी बन्धु के कानीं पर जू नहीं रेंगते।

दुसरी बात मै कहना चाहता हूं कि मै भूटान के सीमाबर्ती इलाका का हूं। जिस तरह हमारे सदस्य बन्धु कहते है कि सामान बंगलादेश चला जाता है, उसतरह की समस्या हमारे इलाके मे भी है। सीमावर्ती होने के कारण खास पदार्थ एवं माल-जाल की काफी क्षति होती है। यहां से वस्तुएं भूटान चला जाता है। अतः इसपर केन्द्रीय सरकार एवं राज्य सरकार दोनो को ध्यान देने की आवशयकता है।

एक बात और मै कहना चाहूंगा, खासकर मै इस ओर लेबर डिपार्टमेन्ट का ध्यान आर्कषित करुंगा। डेड़ मास- दो माम से जूट मिल बन्द है, बाटा बन्द है, अतः ट्रिर्पाटाइट वार्ता हो और जल्द से जल्द बन्द कल-कारखानों को खुलवाणा जाए। क्येकि इससे और बेरोजगारी बढेगी, इसपर केन्द्रीय सरकार को भी ध्यान देना चाहिए। दार्जिलिंग मे आन्दोलन हिंसात्मक रुप ले रही है और केन्द्रीय सरकार इस और ध्यान नही दे रही है। उसका समर्थन कर रही है। कभी वो दार्जिलिंग का मामला हउस मे उठाते है और जब अभी इसपर चर्चा होने लगी तो इसपर इनको वक्तव्य देना चाहिए था तो वाक आउट कर निकल गए। सिर्फ हाउस में चिल्लाने से कोई समस्या का समाधान नही हो जाता है। इसपर अमल करने की जरुरत है। इसको राजनीतिक रंग नही देना जाहिए। जहां शान्ति नही है वहां शान्ति कायम

हो। इस ओर विशेष ध्यान देने की आवशयक्ता हैं। सुभाष घिसिंग वार-वार भड़काउ भाषण देते रहते। दार्जिलिंग इलाके मे भी जो वेरोजगार युवक हैं उसके कर्म संस्थान और उन्नति पर ध्यान देना चाहिए।

एक वात और कहना चाहूंगा कि वन इलाके के अधिकांश वासिन्दा मिडल कास्ट/सिडल ट्राइव जाति के है, जिन्हे सालो भर काम नहीं मिल पाता है। कुछ माह काम मिलता है कुछ माह वेकार वौठे रहते है। सरकार से मे अनुरोध करुंगा कि छोटे वड़े कुछ कल-कारखाना इस एरिया मे लगाया जाए जिससे कि युवको को सालो भर काम मिल सके। सर, मेरा इलाका चाय वगान है। यहां अभी भी श्रमिके के धरों मै रुरल इलेकट्रीफिकेशान नही हो पाया है। इसपर अनेक वार चाय वगान के श्रमिक प्रतिनिधियों और चाय वगान के मालिकों के वीच वार्ता हुई है लेकिन अभी तक इसकी व्यवस्था नही हो पायी है। इस एरिया में कारखाना स्थापन करने के लिए उपयुक्त कच्चा माल भरा पड़ा है।

सर, एक वात और कहना चाहता हूं, मेरा इलाका के मिडल कास्ट/ मिडल ट्राइव हिन्दी माध्यम मे पढ़ाई करते है। यहां ज्यादा हिन्दी भाषा-भाषी लोगों की ही वहुलता है। लेकिन हिन्दी स्कुल प्रयाप्त नही है, हिन्दी कालेज नही है। मै सरकार से इस ओर विशेष ध्यान देने का आग्रह करुंगा कि प्राइमरी स्कुल, हाईस्कुल, कालेज हिन्दी मे भी हिन्दी मे प्रशन पत्र हो। प्रश्न पत्र वंगला मे, नेपाली मे, अंग्रेजी मे रहता है लेकिन हिन्दी मे नही रहता है। अंग्रेजी मे प्रशन पत्र होने के कारण छात्र समझ नही पाते है और फेल हो जाते है। हिन्दी के माध्यम मे समस्त प्रश्न पत्र छपना चाहिए साथ ही हिन्दी के अलावा उर्दू मे भी प्रश्न पत्र दिया जाए।

सवसे वड़ी समस्या चाय वगानों में राशनिंग की है। चाय वगान के लोगो को राशन कार्ड नही मिल पाया है। सरकारी राशन मे सप्ताह मे ५० ग्राम चीनी, ५० ग्राम रेपसीड तेल दिया जाता है। जवकि इलाका काफी पिछड़ा है। अतः इसको वढ़ाया जाए। लोगों को राशन कार्ड वनवाने मे काफी परेशानी होती है। अतः कोइ ऐसा स्कीम चलाया जाए जिससे लोगों को परेशानी झेना न पड़े।

सर, इस इलाके मे प्राकृतिक सौन्दर्य पूर्ण अनेक पर्यटन स्थल है लेकिन

सरकार इस ओर ध्यान नही दे रही है। इन पर्यटन स्थल को आकर्षक बनाया जाए। जिससे विदेशी मुद्रा अर्जित होगी और कर्म संस्थान होगी। सरकार को परिवहन व्यवस्था व पर्यटको को रहने की समुचित व्यावस्था करनी चाहिए। सरकार का ध्यान मै वारवार इस ओर दिलाते रहा हूं।

मै सरकार से यहां की संस्कृति पर भी ध्यान देने का अनुरोध करुंगा। यहां की संस्कृति, यहां की सभ्यता काफी पुरानी है फिर भी इस ओर ध्यान नही दिया जा रहा है। मै चाहूंगा कि यहां कि सभ्यता के वारे मे संस्कृति के वारे में गवर्नमेन्ट टी० भी० के माध्यम से ओर रेडियो के माध्यम से प्रचार करे।

इन्ही चन्द शाव्दों के साथ गवर्नर एड्रेस पर जो धन्यवाद प्रस्ताव आया है उसका समर्थन करते हुए और विरोधी सदस्यो द्वारा जो शंसोधनी काट मोशन प्रस्ताव आया है उसका विरोध करते हुए मै अपना वक्तव्य शेष करता हुँ।

[3-10 — 3-20 P.M.]

श्री अतीशचन्द्र सिनहा : माननीय अध्यक्ष महाशय, राज्यपालের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করছি এবং যে সমস্ত সংযোজন আমাদের তরফ থেকে এসেছে সেগুলোকে সমর্থন করছি। মুস্তাফা বীন কাশেম সাহেব থাকলে ভালো হত, তিনি যে প্রশ্নগুলো করেছিলেন তার উত্তরগুলো শুনতে পেতেন। যাইহোক আশা করব তিনি পরে শুনে নেবেন। এইবার যে বাজেট কেন্দ্রীয় অর্থমন্ত্রী পেশ করেছেন সেটা তিনি ভালোভাবে পড়েন নি। তিনি যদি বাজেটটা পড়তেন তাহলে বুঝতে নিশ্চয় পারতেন যে, এইবারের যে বাজেট পেশ করা হয়েছে তাতে কেন্দ্রীয় সরকার এমনভাবে করের বিন্যাস করেছেন যে কেন্দ্রীয় সরকারের ভাগে কম টাকা হবে আর রাজ্য সরকারকে বেশি টাকা দেওয়া হবে। আপনারা সকলেই জানেন যে, কাস্টমস ডিউটিজ, যার আয়ভাগের সমস্তটাই কেন্দ্রীয় সরকার আদায় করে এবং তার সবটাই কেন্দ্রীয় সরকার পায়। আর একসাইজ ডিউটিজ অর্থাৎ উৎপাদন শুল্ক রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের মধ্যে ভাগাভাগি হয়। এইবারের বাজেটে সবথেকে বেশি কম করা হয়েছে কাস্টমস ডিউটিজ। কেন্দ্রের ভাগে যে টাকাগুলো যেত সেই টাকাগুলোকে কমানো হয়েছে আর এক্সসাইজ ডিউটিজ যেটা রাজ্যের ভাগে, সেখানে বেশি করে টাকা বাড়ানো হয়েছে। এরফলে দেখা যাচ্ছে যে, নতুন কর কাঠামোতে কেন্দ্রীয় সরকারের লোকসান ৫১৭ কোটি টাকা আর রাজ্যগুলির ভাগে বেশি বাড়ছে ১৫০০ কোটি টাকা। গতবারের বাজেটের তুলনায় এবারের যে বাজেট অর্থমন্ত্রী পেশ করলেন সেই বাজেটের কতখানি পার্থক্য সেটা সহজেই অনুমেয়। গতবারের বাজেটে দেখা যাচ্ছে যে রাজ্যগুলি পেয়েছিল ৫১২ কোটি টাকা সেখানে কেন্দ্র পেয়েছিল ২০০০ কোটি টাকা আবার এবারে প্রত্যক্ষ করের যে সমস্ত প্রস্তাব অর্থমন্ত্রী এনেছেন তাতে মোট আয় হচ্ছে

৭৯৫ কোটি টাকা এবং তারমধ্যে রাজ্যগুলি পেয়েছে ৪৩৫ কোটি টাকা অর্থাৎ অর্দ্ধেকেরও বেশি রাজ্যের সরকারগুলি পেয়েছে। এত করার পরেও এই বাজেটের সমালোচনা করা হচ্ছে। এই বাজেট বিরোধিতায় আজকেও একজন বললেন যে পথ অবরোধ করা হচ্ছে, আপনারা সরকারের পয়সা খরচ করে দিল্লিতে গিয়ে পার্লামেন্টে ধর্না দিলেন, এত সুন্দর বাজেট পেশ করার পরেও, আপনাদের লজ্জা হওয়া উচিত। যখন রাজ্যগুলির স্বার্থ সবচেয়ে আগে দেখা হয়েছে। এত করার পরেও সেই বাজেটকে আপনারা বিভিন্নভাবে সমালোচনা করছেন এবং তার বিরুদ্ধে নানাভাবে দলবাজি করছেন, যেমন করা উচিত সেইমতো এমন করছেন যে অর্থনীতিকে ভেঙে চুরমার করে দেওয়ার চেষ্টা করছেন এবং সরকারের পয়সা খরচ করে দিল্লিতে গিয়ে ধর্না দেবার চেষ্টা করলেন। কিন্তু আমরা কাগজে দেখেছি সেই ধর্না একেবারে ফ্লপ হয়ে গেছে। মাননীয় অর্থমন্ত্রী এবারে যে বাজেট পেশ করেছেন তাতে তিনি বাজেটের ঘাটতি কমিয়ে এনেছেন অন্যান্য বারের তুলনায়। যেখানে আগে ৭ হাজার, ৮ হাজার, ১০ হাজার কোটি টাকা ঘাটতি হত সেখানে এবারে তিনি বাজেট ঘাটতিকে কমিয়ে এনেছেন ৫ হাজার ৩৮৯ কোটি টাকায়। এমন কি ফিসক্যাল ডেফিসিট তাকেও কমিয়ে ৩৪ হাজার ৪০৮ কোটি টাকায় এনেছেন। আপনারা জানেন ফিসক্যাল ডেফিসিট মানে হচ্ছে সরকারের রাজস্ব অর্থাৎ যা আয় হয় এবং যা ব্যয় হয় তার তফাত, এই খরচ যদি কমানো না যায় তাহলে আগামি দিনে ভারতবর্ষের অর্থনৈতিক সঙ্কট আরও ঘনীভূত হবে। শুধু ধর্না নয় এই কয়েকদিন আগে বি.জে.পি.-র সঙ্গে হাত মিলিয়ে আপনারা পার্লামেন্টে ভোট দিয়েছিলেন, যে বি.জে.পি.কে আপনারা বলতেন সাম্প্রদায়িক দল সেই দলের সঙ্গে হাত মিলিয়ে কেন্দ্রীয় সরকারের পতন ঘটাবার জন্য আপনারা সেখানে ভোট দিয়েছিলেন। তাই আপনাদের সম্পর্কে আর কি বলার আছে! আমরা জানি বিদায় নীতি কি, বিদায় নীতির ব্যাপারে সুব্রত মুখার্জি যা বলেছেন সেই ব্যাপারে আমি সম্পূর্ণ একমত। আমরা কোনও লোককে কখনোই কারখানা থেকে চলে যেতে বলব না, এই ব্যাপারটা এখন কেন্দ্রীয় সরকারের আলোচনাধীনে আছে, অনেক কিছু ঠিক করতে হবে, হিসাবনিকাশ করে কত কি কমপেনসেশন দেওয়া যায় সবকিছু ক্যালকুলেশন করে ঠিক করতে হবে। সোনালি করমর্দন নিয়ে আলোচনা চলছে সেখানে দেখতে হবে যারা কাজ করছেন তাদের যাতে ভবিষ্যতে ক্ষতি না হয় এই পরিস্থিতি যেন বাস্তবায়িত না হয়, এইটা আমাদের দেখা উচিত। ২৪৪টি কেন্দ্রীয় সংস্থা আছে সেখানে কেন্দ্রীয় সরকারের বিনিয়োগ হচ্ছে ৫ লক্ষ কোটি টাকার ওপর। এরমধ্যে ১৩৩টি লাভজনক অবস্থায় চলছে, ৫৮টি খুবই খারাপ, এইগুলিতে লোকসান হচ্ছে ১০ হাজার কোটি টাকার প্রতি বছরে। তাদের শ্রমিকসংখ্যা হচ্ছে ৪ লক্ষ ৭৩ হাজার, এই ৫৮টি কারখানাকে যদি বাঁচাতে হয়, যদি সত্যিকারের আবার লাভজনক অবস্থায় আনতে হয়, তাহলে কম করে ১০-১৫ হাজার কোটি টাকা বিনিয়োগ করতে হবে। হলদিয়া, দুর্গাপুর সার কারখানায় সেখানে শ্রমিক ছাঁটাই না করে বিনিয়োগ করতে হবে। কিছুদিন আগে কেন্দ্রীয় মন্ত্রী সাংমা কলকাতায় এসেছিলেন তিনি পরিষ্কার ভাবে বলেছিলেন এই ১৫ হাজার কোটি টাকা না দিয়ে এদেরকে পুনরায় জীবিত করার চেষ্টা না করে যদি আমরা নূতন কারখানা করি তাহলে সেখানে ১৫ লক্ষ লোকের চাকরি হবে।

[3-20 — 3-30 P.M.]

কোনটা চান আপনারা। আপনারা কি বলতে চান একটা শিল্পসংস্থা স্থাপন করার পর

সে আজীবনকাল ধরে ভালো চলুক, না কোটি কোটি টাকা লোকসান করুক। লক্ষ লক্ষ টাকা খয়রাতি সাহায্য দিয়ে, সরকারি ভরতুকি দিয়ে আজীবনকাল ধরে চালাতে হবে। এটাই কি আপনারা চান। যদি তাই হয়, তবে বলব সেই নীতি চলতে পারে না, সেই নীতি ভ্রান্ত। যে শিল্প কমপিটিশনে যেতে পারছে না, তার জায়গায় নতুন শিল্পকে সুযোগ দেওয়া হোক। এই রুগ্ন শিল্পকে কোরামিন ইঞ্জেকশন দিয়ে বাঁচিয়ে রাখার কোনও অর্থ হয়না। বরং সেই জায়গায় নতুন শিল্প স্থাপন করলে আরও বেশি করে কর্মসংস্থানের ব্যবস্থা করা যাবে। এটাই হবে বুদ্ধিমানের কাজ এবং সেই পথেই কেন্দ্রীয় সরকার চলেছেন এবং আমরা আশা করি সেই পথকেই আপনারা আগামি দিনে সমর্থন করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব দুঃখিত যে কমলবাবু ফরোয়ার্ড ব্লকের সদস্য হয়ে যে বক্তৃতা এখানে দিয়েছেন যা নিয়ে তাদের দলের মধ্যে নানারকম কথা হচ্ছে — উত্তরবঙ্গের যে বঞ্চনার কথা এখানে তিনি বলেছেন, আমি তার সঙ্গে সম্পূর্ণ একমত। উত্তরবঙ্গেই যে শুধু বঞ্চনা হয়েছে তা নয় আমার জেলাতেও অনেক বঞ্চনা হয়েছে। অনেকদিন আগে সাগরদিঘিতে একটা থার্মাল পাওয়ার স্টেশন করবার প্রস্তাব এই সরকার করে এসেছেন, কিন্তু সে সম্বন্ধে একটি কথাও রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। না বক্রেশ্বরের মতো তারও পঞ্চত্বপ্রাপ্তি ঘটেছে। আমরা জানি বক্রেশ্বর যদি হত তাহলে ময়ুরাক্ষির সমস্ত জল সেখানে লেগেও যেত। যদিও বক্রেশ্বর হয়নি এবং হবে কিনা জানিও না। কোথায় গেল আপনাদের সেই কথা রক্ত দিয়ে বক্রেশ্বর করব। দেবব্রতবাবু প্রতিশ্রুতি দিয়েছিলেন বক্রেশ্বরের জন্য ময়ুরাক্ষীর জল চলে গেলে ময়ুরাক্ষী সাব-ডিভিসনে চাষের জন্য নতুন করে ডিপ-টিউবওয়েল বসানো হবে, যাতে চাষের কোনও ক্ষতি না হয়। কিন্তু রাজ্যপালের ভাষণে সেই সমস্ত কথা নেই। আমাদের জেলায় সিদ্ধেশ্বরী বলে একটা নদী আছে, কথা হয়েছিল সেখানে যদি বাঁধ তৈরি করা হয় তাহলে জলকে ধরে নিয়ে গিয়ে সেচের কাজে লাগানো যাবে ও বন্যার হাত থেকে মানুষ মুক্তি পাবে। কিন্তু সিদ্ধেশ্বরী নদীতে বাঁধ দেবার কোনও কথা রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা পেলাম না। আপনি জানেন কাঁদিতে একটা মাস্টার প্ল্যানের কথা হয়েছিল, অমল রায় মহাশয় থাকলে তিনি নিশ্চয় এটা সমর্থন করতেন, তিনি এই ব্যাপারে মিটিংও করেছেন। কাঁদি মহকুমাতে মাস্টার প্ল্যান করবার জন্য বার বার আমরা বিধানসভাতে বলেছি। কিন্তু ১৪ বছর ধরে তার কাজ এক ইঞ্চিও এগোয়নি। তার কোনও উল্লেখও রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। এইরকমভাবে বঞ্চনা করা হয়েছে আমাদের এবং তাই কমলবাবু উত্তরবঙ্গের কথা তুলে ধরেছেন। আপনারা আইন-শৃঙ্খলার কথা বলছেন, আমি এখানে আইন-শৃঙ্খলার একটা পরিসংখ্যান তুলে ধরছি ম্যানুয়াল ক্রাইম স্ট্যাটিসটিক্স থেকে। ১৯৯১ সালের এপ্রিল থেকে অক্টোবর, এই সাত মাসে ডাকাতির যে ফিগারটা দেওয়া হয়েছে সেটা হচ্ছে ৪৮০। ১৯৯০ সালে গোটা বছরে হয়েছিল ৫৪৪টি। সেখানে ৭ মাসে ৪৮০টি, আরও ৫ মাসে কতবেশি হবে তা নিশ্চয় এই সংখ্যাটা থেকে বুঝতে পারছেন। মার্ডার হয়েছে যেখানে আগের গোটা বছরে অর্থাৎ ৯০ সালে ১৫৩৪ সেখানে এই ৭ মাসে ১৪০০ মার্ডার হয়েছে। রেপ হয়েছে ১৯৯০ সালে ৫৩৭ সেখানে এই ৭ মাসে ৩৯০ এবং এটা আরও কয় মাসের মধ্যে বিভিন্ন ধরনের ঘটনা ঘটেছে, এ সংখ্যাটাও কোথায় গিয়ে পৌঁছাবে তা কে জানে। আপনারা বলছেন আইন শৃঙ্খলার পরিস্থিতি খুব ভালো আমি একটা প্রস্তাব আপনাদের সামনে তুলে ধরতে চাই, কি প্রস্তাব দেখুন মাননীয় অধ্যক্ষ মহাশয়, নবগ্রামে যিনি সি.ডি.পি.ও যিনি অঙ্গনওয়াড়ি বা আই.ডি.এস. প্রকল্পের

নিয়োগকর্তা, তিনি সেখানে যেহেতু ওখানকার স্থানীয় সি.পি.এমের. নেতৃ স্থানীয় তাদের কথা মতন অঙ্গনওয়াড়ি বা হেলপারদের নিয়োগ দেননি সে যাই হোক তারা কম নম্বর পেয়ে থাকুক লিখিত পরীক্ষায় কম নম্বর পাক বা নম্বর কম থাকা সত্ত্বেও, কারচুপি করে হোক, নম্বর বাড়িয়ে হোক তিনি সেইভাবে নিয়োগপত্র দেননি তখন তাকে মারা হল এবং তিনি সেখান থেকে পালিয়ে গেলেন, পালিয়ে গিয়ে ডি.এমের. আশ্রয় নিলেন। তিনি ওয়ান ইউনিট সি.পি.এমের. কথায় ওঠেন নি, বসেন নি। তাদের কথায় তিনি রাজি হননি। ডি.এম. আমাদের কাঁথিতে বদলি করলেন। কাঁথিতে সি.ডি.পি.ও. ছিলেন না। কি ভয়াবহ ঘটনা দেখুন স্যার। আইন শৃঙ্খলার কথা বলছেন? এইভাবে সরকারি অফিসারদের কাজে লাগাচ্ছেন। প্রাণনাশের হুমকি দেখাচ্ছেন, মারধোরের ভয় দেখাচ্ছেন। নিজের মনের মতো মানুষকে দিয়ে কাজ করিয়ে নিতে চাইছেন। এইভাবে আপনারা পুলিশকে কাজে লাগিয়েছেন। আর আপনারা এখানে বলেছেন আইন শৃঙ্খলার পরিস্থিতি খুব ভালো, প্রশাসনের পরিস্থিতি খুব ভালো। এইসব নিরপেক্ষ প্রশাসনের নমুনা মাননীয় জ্যোতিবাবুর রাজত্বে। আপনারা জানেন, আমরা এখন বিরাট অর্থনৈতিক সঙ্কটের মধ্যে দিয়ে চলেছি এবং এই অর্থনৈতিক সঙ্কট মূলত আরম্ভ হয়েছিল ভি.পি.সিংয়ের প্রধানমন্ত্রিত্বের আমল থেকে এবং ১১ মাসে সর্বনাশ করে গিয়েছিলেন। সেই সর্বনাশের বোঝা এখনও বইতে হচ্ছে। যে সমস্ত সোনা বিদেশে রাখা হয়েছিল সেই সমস্ত সোনা ফের নরসিমা রাওয়ের প্রধানমন্ত্রিত্বের সময়ে বিদেশ থেকে ফিরিয়ে নিয়ে এসেছেন। কই এরজন্য তো রাজ্যপালের ভাষণের মধ্যে ধন্যবাদ দেখলাম না। যখন নরসিমা রাও প্রধানমন্ত্রিত্বের আসনে বসেন তখন বিদেশি মুদ্রার ভাণ্ডার ছিল ২ হাজার কয়েকশো কোটি টাকা আর আজকে সেই বিদেশি মুদ্রার ভাণ্ডার প্রায় ১২ হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে। বিদেশ থেকে যে সমস্ত ঋণ ভারতবর্ষ নিয়েছিল এবং যে ঋণ প্রায় ডিফলটার হয়ে যাবার অবস্থা হয়েছিল এবং ভারতবর্ষ কোনওদিন ঋণ পেত না ওই সমস্ত ব্যাঙ্ক থেকে সেই অবস্থা থেকে পরিত্রাণ পাওয়া গেছে এবং এরজন্য তো কোনও ধন্যবাদ রাজ্যপালের ভাষণে দেখলাম না। সুতরাং মহামান্য রাজ্যপাল মহাশয়ের ওপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি সেই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 P.M.]

শ্রীমতী কুমকুম চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভায় মহতী অধিবেশনে মাননীয় রাজ্যপাল যে ভাষণ উপস্থাপিত করেছেন এবং সেই ভাষণের উপর মাননীয় সদস্য ননীকর মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন যাকে মাননীয় সদস্য কৃপাসিন্ধু মহাশয় সমর্থন করেছেন সেই ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কয়েকটি বক্তব্য এখানে উপস্থিত করতে চাই। স্বাধীনতার ৪৫ বছর পরে যখন ভারতবর্ষ একবিংশ শতাব্দীর দোর গোড়ায়, প্রযুক্তি, বিজ্ঞানে এগিয়ে যাচ্ছে এই দাবি যখন করা হচ্ছে, তখন এই নিদারুণ যে দুঃখ, সেই দুঃখের কথা আমাদের মেনে নিতে হয়, বেকারির যন্ত্রণা, দারিদ্রের যন্ত্রণা, অনাহারে, অর্ধাহারে শিশু মৃত্যুর সংখ্যা ভারতবর্ষে বাড়ছে, এই ব্যাপারে কারও কোনও সন্দেহ নেই। ভারতবর্ষের যে কোনও রাজ্যের মানুষ হতে পারেন, যে কোনও প্রান্তের মানুষ হতে পারেন এই কথা আমাদের মেনে নিতে হয়। আজকে এই কথা যখন আলোচনা করছি, নিশ্চয় বিরোধী দলে যারা বসে আছেন, এই দায়িত্ব অস্বীকার করতে পারেন

না, স্বাধীনতার এত বছর পরে, আমাদের ভারতবর্ষের অর্ধাহার, অনাহারে শিশু মৃত্যুর সংখ্যা বাড়ছে এবং প্রতি মুহূর্তে জিনিসের দাম বাড়ছে, কল-কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, এই সামাজিক অর্থনৈতিক অবস্থায় দাঁড় করিয়েছেন যারা তার দায়িত্ব কেন্দ্রীয় সরকার যারা আসীন সবচেয়ে বেশি সময় ধরে সেই রাজনৈতিক দল কংগ্রেস দল, এটা আমরা অস্বীকার করতে পারি না। কিন্তু এটা আশ্চর্যের বিষয়, আমরা যখন বিধানসভায় আলোচনা করছি, দীর্ঘ তিন দিন আলোচনা শুনলাম, বিরোধী সদস্য বন্ধুদের কাছে প্রত্যাশা ছিল, কিছু আলোচনা আনবেন, গঠনমূলক প্রস্তাব দেবেন। যখন পশ্চিমবঙ্গ বিধানসভার অভ্যন্তরে আলোচনা করছি তখন গোটা ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামো বাইরে রেখে পশ্চিমবঙ্গে স্বর্গরাজ্য তৈরি হয়ে যাবে, সোনার বাংলার যে প্রস্তাব দিচ্ছেন, সেটা নিতান্তই অবাস্তব, নিতান্তই অমূলক। ভারতবর্ষের রাজনৈতিক প্রেক্ষাপটকে বাদ দিয়ে কখনও পশ্চিমবঙ্গ একটা অঙ্গ রাজ্য, যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় দাঁড়িয়ে এই কাজ করা সম্ভব নয়। আপনাদের কাছে এই প্রশ্ন করতে চাই, নিশ্চয় এই মত বিবেচনা করবেন, অনেকগুলো রাজ্য আছে, যেখানে অর্থনৈতিক কাঠামোর পূনর্বিন্যাসের প্রশ্ন ছিল মানুষের আন্দোলনে, গণতান্ত্রিক আন্দোলনে। কেবল বামপন্থীদের নয়, কমিউনিস্টদের নয় সাধারণ মানুষের আন্দোলনে কেন্দ্র-রাজ্য পূনর্বিন্যাসের যে দাবি উত্থাপিত হয়েছিল সেই দাবির প্রতি সম্মান জানানোর কথা বলেছিলেন তদানিন্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী। সারকারিয়া কমিশন সেখানে তখন গঠিত হয়েছিল। সেই কমিশনের সুপারিশের একটা প্রস্তাব পর্যন্ত গ্রাহ্য করেন নি। অগ্রাহ্য করেছেন। যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় অর্থনৈতিক ব্যবস্থা লঙ্ঘন করে, পদদলিত করে একটা অঙ্গ রাজ্যের উন্নয়নের সে প্রস্তাব খাটে না। এটা নিতান্তই বাস্তববিহীন, ভিত্তিবিহীন আমাদের কাছে মনে হয়েছে। আমি এই কথা বলতে চাই, আজকে যখন এই গুরুত্বপূর্ণ আলোচনা করছি, আপনাদের স্মরণ করিয়ে দিই বেশি দিনের কথা নয় একাদশতম বিধানসভা নির্বাচনে এবং দশম লোকসভা নির্বাচনে আপনারা যে কেউ কংগ্রেস দলের নির্বাচনী প্রতিশ্রুতি বা ইস্তাহার পড়বেন মাননীয় বিরোধী দলের বন্ধুরা যারা আলোচনা করছেন, বক্তৃতা করছেন, তারা দেখতে পারেন বলা হয়েছিল, কংগ্রেসের কাটা হাতে ভোট দিলে ১০০ দিনের মধ্যে ১০ জিনিসের দাম কমিয়ে দেবেন। আমি বন্ধুদের প্রশ্ন জিজ্ঞাসা করি, ১০০ দিন অতিক্রান্ত, বাজেট অতিক্রান্ত দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখার জন্য কি ব্যবস্থা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে গ্রহণ করেছেন? যে প্রস্তাবের বিরুদ্ধে বামপন্থী দলগুলো, বামফ্রন্টের সদস্যরা দাঁড়িয়েছেন এইরকম কোনও নজির মাননীয় সদস্যরা, কংগ্রেস দলের বন্ধুরা আপনারা রাখতে পারবেন? দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখার জন্য যে মূল ব্যবস্থা, গণবন্টন ব্যবস্থা রক্ষা করার জন্য আপনারা কি কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন? এই যে মূল নীতি, সেই মূল নীতি আপনারা অগ্রাহ্য করেছেন।

[3-40 — 3-50 P.M.]

আমরা এতদিন ধরে যেটা দাবি করে আসছি বিধানসভার অভ্যন্তরে এবং বিধানসভার বাইরে সেটা হচ্ছে, বেশি কিছু চাই না, টাকা, বিড়লা, সিঙ্গানীয়া, বাজোরিয়া, কানোরিয়ার মতন বিত্তবান শিল্পপতিদের শিল্প গড়ে দিতে হবে না, গোটা ভারতবর্ষের মানুষ যাতে অন্ততপক্ষে ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিস—চাল, গম, ডাল, তেল, নুন, কেরোসিন ইত্যাদি এক দামে এবং ন্যায্য দামে পেতে পারেন তার ব্যবস্থা করা হোক। বিধানসভার ভেতরে বামপন্থীদের

দাবি ছিল এটা আর বিধানসভার বাইরে সারা পশ্চিমবাংলার মানুষের ও বামপন্থীদের দাবি ছিল এটা। এই দাবিকে আপনারা অগ্রাহ্য করেছেন। একদিকে আপনারা এই দাবিকে অগ্রাহ্য করেছেন অপর দিকে বিধানসভার অভ্যন্তরে এসে বলছেন দ্রব্যমূল্য হচ্ছে কেন বামফ্রন্ট সরকার জবাব দাও। কারা জবাব দেবে? পশ্চিমবঙ্গ তথা সারা ভারতবর্ষের মানুষ তো আপনাদের জবাবের জন্য অপেক্ষা করে আছে। প্রতিবার নির্বাচনের প্রাক্কালে আমরা দেখেছি মানুষকে বোকা বানিয়ে রাখার জন্য আপনারা নানান রকমের প্রতিশ্রুতি দেন। নিরক্ষরতার অন্ধকারে মানুষকে রেখে দিয়েছেন আপনারা এবং সেই অন্ধকারে তাদের জীবন যাপন করতে আপনারা তাদের বাধ্য করছেন। এইসবের মাধ্যমে আপনারা বেকার যুবকদের দারিদ্র নিয়ে ছিনিমিনি খেলছেন। মানুষের দারিদ্র, বেকারি, দুর্বলতার সুযোগে তাদের নানান প্রতিশ্রুতি দিয়ে আপনারা নির্বাচনে জেতবার চেষ্টা করছেন। আপনারা তো আজ আপনাদের দায়িত্ব অস্বীকার করতে পারেন না। আপনারা বলেছিলেন, যদি ক্ষমতায় ফিরে আসেন তাহলে প্রতি বছর এক কোটি বেকারকে আপনারা চাকরি দেবেন। কংগ্রেসের বন্ধুরা, যারা এখানে বিরোধী দলে বসে আছেন তারা তো রাজ্যপালের ভাষণ নিয়ে অনেক সমালোচনা করছেন, আমি কি তাদের জিজ্ঞাসা করতে পারি না যে এ ব্যাপারে তাদের বক্তব্য কি? আপনাদের হিসাবমতো রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ৩ কোটি ৭০ লক্ষ। এছাড়া গ্রাম ভারতের কথা যদি ধরা যায় তাহলে এই সংখ্যাটা কোথায় যাবে সেটা একটু হিসাব করে দেখুন। ঐ সমস্ত গ্রামের ক্ষেতমজুরদের সন্তান, যারা আজও এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাবার অধিকার অর্জন করে নি এর সঙ্গে তাদের সংখ্যাটা যদি ধরা যায় তাহলে আমরা মনেকরি এই সংখ্যাটা ১০ কোটিতে দাঁড়িয়ে যাবে। তারজন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন? এর উপর আবার কলকারখানা সব বন্ধ করে দিতে চলেছেন, শিল্পায়ন হচ্ছে না। রাষ্ট্রায়ত্ত শিল্পকে অলাভজনক আখ্যা দিয়ে সেগুলি তুলে দেবার ব্যবস্থা করছেন। তাহলে কি করে বেকার যুবকদের চাকরি হবে? আর এর দায়িত্ব তো রাজনৈতিক দল হিসাবে কেন্দ্রীয় সরকারে থেকে কংগ্রেস দল অস্বীকার করতে পারেন না। মাননীয় সদস্য শ্রী অতীশচন্দ্র সিনহা মহাশয়ের অভিজ্ঞতার কাছে নম্র, নত চিত্তে কয়েকটি প্রশ্ন করতে চাই। তিনি অনেক দিন ধরে রাজনীতি করছেন কাজেই অভিজ্ঞতার দিক থেকে তিনি অনেক পরিণত। তাকে বলব, হ্যাঁ, এটা ঠিকই যে ভারতবর্ষের বাজেটের উপর ভারতবর্ষের আপামর জনসাধারণের আর কোনও বিশ্বাস নেই, ভালবাসা নেই, আকর্ষণ নেই—একথা তাকে মানতে হবে। বাজেট পেশ হওয়ার পর যে গোষ্ঠীর নাম করছিলাম সেই ৭৫টি পরিবার এবং তাদের বণিক সংস্থা এ বাজেটকে সমর্থন করেছেন বটে কিন্তু ভারতবর্ষের ৮৫ কোটি মানুষ যারা আজকে নিদারুন যন্ত্রনা ভোগ করে চলেছেন তারা এই বাজেটের বিরোধিতা করেছেন। আজ তারা নতুন করে কেন্দ্রীয় সরকারের বাজেটের বিরুদ্ধে সংগ্রামে অবতীর্ণ হয়েছেন। কংগ্রেসিরা এবারের বাজেট ভাষণে অভিনবত্ব দাবি করেছেন। তার কারণ প্রাক্তন আই.এম.এফের কর্মচারী এবং এখনকার অর্থমন্ত্রী কংগ্রেস দলের—নিজের দলের মধ্যে আর কারুকে পাননি, ভেবেছেন ঐ অর্থ দপ্তরে ওকে নিয়ে আসলে বোধহয় অর্থনীতিকে সোনালি, রুপালি মোড়কে ভারতবর্ষের মানুষের কাছে উপস্থিত করতে পারবেন। তাই আমরা দেখেছি, অর্থমন্ত্রী, তিনি অত্যন্ত সুচতুরভাবে একে নতুন মোড়ক দেবার চেষ্টা করেছেন। কংগ্রেসের বন্ধু যারা পার্লামেন্টে আছেন তারা এই বাজেটকে সমর্থন করার প্রশ্নে দেখিয়েছেন যে আগেরবার ৭ হাজার ৮শো কোটি টাকার ঘাটতি ছিল এবারে সেটা কমিয়ে ৫ হাজার কিছু কোটি টাকা

ঘাটতি হয়েছে—অর্থাৎ ২ হাজার ৩শো কোটি টাকা ঘাটতি কমানো হয়েছে। অতএব বাজেটে অনেক ঘাটতি কমানো হয়েছে, মানুষের জন্য অনেক কিছু করা হবে! এই প্রসঙ্গে মাননীয় সদস্য বন্ধুদের কাছে আমার বক্তব্য, কেন্দ্রীয় বাজেটে বিদেশি দেশগুলি থেকে ৯৯৯ কোটি টাকা সাহায্য নেওয়া হচ্ছে রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিকে বিক্রি করে দেবার জন্য। কেন্দ্রীয় সরকার পরিকল্পনা নিয়েছেন বিদেশ থেকে সাড়ে তিন হাজার কোটি টাকা আনবেন। তারজন্য আজকে স্টেট ব্যাঙ্কের ইকুইটি সেয়ার পর্যন্ত বেঁচে দিচ্ছেন। সেটা লাভজনক সংস্থা, কোটি কোটি টাকা সেখানে লাভ হয়, ইকুইটি সেয়ার বিক্রি করে দিয়ে আড়াই হাজার কোটি টাকা সেখান থেকে নিয়ে আসবার পরিকল্পনা করেছেন। এই সমস্ত টাকার সংখ্যাগুলি যোগ করলে গত বছরের ঘাটতি বাজেটের তুলনায় কত গুণ ঘাটতি বেড়ে যাবে? কয়েক গুণ ঘাটতি যে বেড়ে যাবে তাতে কোনও সন্দেহ নেই। আমি প্রশ্ন করতে চাই, আপনারা বলছেন আমাদের কঠিন অর্থনৈতিক সঙ্কট চলছে। এই সঙ্কটের কারণ কি? আপনারা বলছেন, সঙ্কট, এই সঙ্কট কেন হল? কি করে হল? কারা স্বাধীনতার পর ভারতবর্ষের অর্থনীতি তৈরি করেছিলেন? এই প্রশ্ন ইতিপূর্বে আমাদের সরকার পক্ষের মাননীয় সদস্যরা অনেকেই রেখেছেন। তারা অনেক সুন্দরভাবে এই প্রশ্ন উপস্থাপিত করেছেন এবং এই প্রসঙ্গে তাদের বক্তব্য রেখেছেন। কিন্তু আমি বিরোধী সদস্যদের বলছি, আপনারা অনেকগুলি দেশের নাম করেছেন যারা ঐ আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে, আই.এম.এফ.-এর কাছ থেকে ঋণ নিচ্ছে। আপনারা চিনের নাম করেছেন। এখানে প্রশ্নটা হচ্ছে ঋণ নেবার পরে কোন দেশ কি ভাবে বা কোন খাতে সেই ঋণের টাকা খরচ করছে? নিজেদের দেশের বন্ধ কল-কারখানা খোলবার জন্য খরচ করছে কিনা, বেকার যুবকদের চাকরির জন্য শিল্পায়ন করার জন্য ঋণ নিচ্ছে কিনা, আমূল ভূমি সংস্কার করে কৃষকদের কিছু বেশি সুবিধা দেবার জন্য ঋণ করছে কিনা? উন্নয়নমূলক ব্যবস্থাকে সম্প্রসারিত করার জন্য, জন-কল্যাণের জন্য ঋণ করা এক, আর দেশের আত্ম-মর্যাদা বিক্রি করে দিয়ে ঋণ করার অর্থ আর এক। আজকে আপনারা শ্রমিকদের স্বার্থ বিপন্ন করে ঋণ গ্রহণ করছেন, যার ফলে মানুষের কাছে জবাব দেবার মতো কোনও বক্তব্যই আপনাদের থাকছে না। আপনাদেরই তদানীন্তন নেতা পন্ডিত জওহরলাল নেহেরু, ভারতবর্ষের প্রথম প্রধানমন্ত্রী বার বার এই কথা বলে গেছেন, আমাদের ভারতবর্ষকে মিশ্র অর্থনীতির মাধ্যমে বিকশিত করতে চাই, তৈরি করতে চাই। সেখানে রাষ্ট্রায়ত্ত শিল্প থাকবে এবং বেসরকারি মালিকানায়ও কিছু শিল্প থাকবে। শিল্প পরিচালনার ক্ষেত্রে এই ছিল তদানিন্তন জাতীয় কংগ্রেসের নীতি। আর স্বাধীনতার ৪৫ বছর পরে আজকের কেন্দ্রীয় সরকার কোন পথে চলেছে? যাঁরা স্বাধীনতার জন্য আত্ম-ত্যাগ করেছিলেন, যাদের স্বার্থ এবং আত্ম-ত্যাগের বিনিময়ে আমরা স্বাধীনতা অর্জন করেছিলাম তারা সবাই বামপন্থী ছিলেন না। কংগ্রেস দলের বহু বন্ধু স্বাধীনতার জন্য আত্ম-ত্যাগ করেছিলেন, অনেক কষ্ট স্বীকার করেছিলেন, সেই স্বাধীনতাকে আজকে বিক্রি করে দেওয়া হচ্ছে। আজকে আপনারা সার্বভৌমত্বকে বিকিয়ে দিয়ে রাষ্ট্রায়ত্ত শিল্পগুলিকে বেসরকারি মালিকানায় নিয়ে যাচ্ছেন। এই কাজ করছেন আন্তর্জাতিক অর্থ ভান্ডারের নির্দেশে। আই.এম.এফ.-এর নির্দেশ মেনে নিয়ে, তাদের কাছে আপনারা আত্ম সমর্পণ করেছেন, এ কথা আমরা নিশ্চিত জানি। এরপর স্যার, আজকে এখানে রাজ্যের আইন-শৃঙ্খলার প্রশ্ন তোলা হয়েছে। এই প্রসঙ্গে আমরা নিশ্চয়ই দাবি করি না যে, পশ্চিমবাংলায় কোনও অপরাধমূলক কাজ সংঘটিত হয়না। নারীদের সম্মান এবং মর্যাদা নিয়ে যখন প্রশ্ন করা হয় তখন নিশ্চয়ই

আমরা স্বীকার করি যে, এই জাতীয় ঘটনা লজ্জার, অপমানের, এই ধরনের ঘটনা রোধ করতে হবে। সেইজন্য আমরা এই সমস্ত অবস্থার মোকাবিলায় আপনাদের সকলের সমর্থন, সহযোগিতা চাই। কিন্তু সেইসঙ্গে আমি আপনাদের বলতে চাই যে, যখন ত্রিপুরার উজানি ময়দানে অতগুলি মহিলার ওপর নির্যাতন হয়েছিল—নারী নির্যাতন হয়েছিল—তখন তার বিচারের কোনও ব্যবস্থা করা হল না কেন? কেন্দ্রীয় সরকারকে বার বার বলা সত্ত্বেও কোনও বিচার হল না কেন? পরিশেষে আমি রাজ্যপালের ভাষণের ওপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে পূর্ণ সমর্থন করে, বিরোধী দলের বন্ধুদের বক্তব্যের চরম বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

12th Report of the Business Advisory Committee

Mr. Speaker : I now present the 12th Report of the Business Advisory Committee as follows :

Friday, 13.3.92 - (i) Motion under rule 185 regarding price rise on essential commodities—notice given by Shri Manabendra Mukherjee, Shri Kshiti Goswami, Shri Kripasindhu Saha and Shri Sakti Bal. - 2 hrs.

(ii) Motion under rule 185 regarding molestation of eleven women at Manikchak, Malda—notice given by Shri Saugata Roy - 2 hours.

There will be no questions for oral Answers and mention cases on the day.

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the 12th Report of the Business Advisory Committee, as presented in the House, be agreed to.

The motion was then put and agreed to.

[3-50 — 4-00 P.M.]

শ্রী নাসিরউদ্দিন খান ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপালের ৯ পাতায় বক্তৃতা বেশ কয়েকবার ধরে পড়েছি। স্বভাবতই রাজ্য সরকারের ইচ্ছামতো রাজ্যপালকে সই করতে হয় তার বক্তৃতা। রাজ্য সরকার এই বক্তব্য তৈরি করে দেয় আর রাজ্যপাল এমনই অবোধ এবং গো-বেচারা যে না দেখেই সই করে দিয়েছেন। আমি এক এক করে আসছি। তবে কুমকুম দিদির কথা প্রথমেই আসতে হয়। উনি সমাজতন্ত্রের কথা, শ্রেণীহীন সমাজের কথা এতই আস্ফালনের সঙ্গে বললেন যে সত্যিই বাস্তবে তা তো হয়নি। পরশুদিন স্টেটসম্যানে বেরিয়েছে, রাশিয়াতে কুকুর এবং বিড়ালের মাংস বিক্রি হচ্ছে। লজ্জা করে না? আমাদের মিক্সড ইকনমিতে তবু তো আমরা আলু খেতে পাচ্ছি। আপনারা রাজ্যপালকে দিয়ে কত অসত্য, অলীক এবং অবাস্তব কথা যে বলিয়ে নিয়েছেন তার ইয়ত্তা নেই। রাজ্যপাল তার ৩, ৪ এবং ২৫ নম্বর অনুচ্ছেদে সেই ভারত সরকারকে নিয়ে লিখেছেন। বেচারা জানে না

যে, ভারত সরকারের দয়াতেই উনি এখানে এসেছেন? উনি এই কথা ভুলে গেছেন, বেহুঁশ লোকের কাজ। এবার কুমকুম দিদির এই কমিউনিজম কি করে তাই দেখুন। রিজার্ভ ব্যাঙ্ক বিহীন, কোনও ব্রাঞ্চ নেই, ব্রাঞ্চ হয়না। ৩টি ব্যাঙ্কের ব্রাঞ্চ ছিল তারমধ্যে দুটি চলে গেছে। রিজার্ভব্যাঙ্ক যখন আর নেই পশ্চিমবঙ্গ এখানে একটি ব্রাঞ্চ হয়ে আছে, কমিউনিজমের রিজার্ভ ব্যাঙ্ক নেই, একটা ব্যাঙ্কের শুধু এখানে নয়, সারা পৃথিবীতে আপনাদের কিছু নেই। বাঁচবার এবং রাখবার তাগিদে এখানে কমিউনিজমের কথা বলছেন। আমি বলব যে গরবাচেভ বুদ্ধিমান, তাই আগে থেকে সব ছেড়ে ছুড়ে দিয়ে জান বাঁচিয়েছেন। আমি নেক্সট পয়েন্টে আসছি। আপনাকে ধন্যবাদ না দিয়ে আর পারলাম না। আমাদের মাননীয় স্পিকার মহোদয় উনি আম্পায়ারের ভূমিকা নিয়েছেন। আম্পায়ার কাউকে জেতাবেন, কাউকে হারাবেন, উনি মনে করলে করতে পারেন। আমরা জানতাম উনি ইতিপূর্বে তার পার্টির নমিনেশন নিলেন এবারে খুব স্পষ্ট হল, উনি সত্য সত্যই ভাল কাজ করেছেন। রাজ্য কমিটির মেম্বারশিপ নিয়েছেন এতদিনে আমাদের দাবাবার প্রয়াস আসছে। এতদিন উনি যা করতেন, আমরা উঠলেই উনি নো নো নো করতেন, এবারে কি করবেন ভাবতে পারছি না। স্পষ্ট হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে কি সাংঘাতিক রকম ঝামেলা চলছে, আমি মুসলমান, না বলে পারছি না, শুধু বলবই না, তিন খানা জিনিস আমি দেখাব, তিনখানা জিনিস আমি নিয়ে এসেছি। এই সরকারের কথা ভাবতেও আমার ভয় লাগে। এই যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের একটা বিরাট কাহিনী নিয়েছেন তার ফিরিস্তি আপনার কাছে দাখিল করব। মাননীয় জ্যোতিবাবুর সরকার কি সাংঘাতিক বলে কৌশলে আইডেনটিটি কার্ড দিচ্ছেন এবং তাতে ইসলাম কিংবা মুসলমান লিখে দিচ্ছেন। এই দেখুন একটা আধটা নয় রীতিমতো নিয়ে এসেছি, যা ভাবতেও লজ্জা লাগে, এই দেখুন পরিষ্কার মুসলমান বলে লেখা আছে। আমি বললে বলবেন যে মুসলমান বলে বলছে। কিন্তু আমি না বলে পারছি না। আপনারা যারা রয়েছেন তারা দেখুন। আমার নেক্সট পয়েন্ট হচ্ছে, মাননীয় সিদ্ধার্থ বাবু মুখ্যমন্ত্রী থাকাকালীন সময়ে অনেক ঘটনা ঘটেছে, আমরা বলেছি, সঙ্গে সঙ্গে অ্যাকশন নেওয়া হয়েছে, আর এই মুখ্যমন্ত্রী মহাশয়কে বললে উনি ভাবেন না, বলেন যে ওসব হতে পারে। আমার কাছে মুসলমান ধর্ম সংক্রান্ত হদিশ এই বইটি রয়েছে, নাম হচ্ছে ধর্ম ও তার সমীক্ষা এর লেখন হচ্ছেন শ্রী চিত্তরঞ্জন মুখোপাধ্যায় উনি বলেছেন আমি মুসলমান ধর্ম সংক্রান্ত বইটি পড়ে এই বিষয়ে হতবাক হয়েছি যে ঐগুলি দেড় হাজার বছর ধরে এই মতবাদ গ্রহণ করতে পারে কি করে তা আমি বুঝতে পারি না। কি করে লিখেছে জানেন, যেমন খ্রিস্টান জাতি কুকুর পুষতে ভালবাসে। এখন খ্রিস্টান কুকুর পুষতে, বলে যদি ছেড়ে দিই তাহলে খ্রিস্টান জাতিকে কুকুর বলা হচ্ছে। এটা ঠিক এখানে প্রস্রাব করিবেন, না এইরকম ভাব হচ্ছে। এখানে কোরাণকে বিকৃত রূপ দেওয়া হচ্ছে, সোলেমান রুশদির, আমি আপনার কাছে দাখিল করব। তারপর আছে আর একটি জিনিস পদ্মাপুরাণ বা মনসামঙ্গল এর লেখক হচ্ছেন শ্রী রাধানাথ চৌধুরি আপনি মুসলমান, আপনি ইসলাম মানুন আর নাই মানুন এটা যদি পড়েন তাহলে আপনার শরীরে একটা শিহরণ দেখা দেবে। একটা লোক কি করে এসব লেখে, এই সরকারের কি কোনও গোয়েন্দা বিভাগ নেই। ফতেমা অনেক বিপদে পড়ে এই কথা বলছে-

"বিপদে পড়িয়া করে পদ্মারে স্মরণ।
বলে মাগো, রক্ষা কর দাসের জীবন।।
পরিচয় দাও মোরে তুমি কোন জন?
আমরা অবোধ অতি না চিনি তোমারে।
অবশ্য করিব পূজা সাধ্য অনুসারে।"

তখন ফতেমাকে দেবি যে কথা বলেছিলেন সেটা পড়ছি -

"দেবী বলে উঠ উঠ চলে যাও ঘরে।
অবিলম্বে গিয়া আজি পূজা কর মোরে।।"

ইসলাম নিয়ে কি বিকৃতি করা হয়েছে ভাবলে শিহরণ ওঠে। এই সরকারের আমলেই এটা হওয়া সম্ভব।

এরপর আসছি বুদ্ধদেববাবুর প্রসঙ্গে। বুদ্ধদেববাবু বসে আছেন আমাদের মহতী এই বিধানসভায়। এই মহতী বিধানসভায় বুদ্ধদেববাবু, মাননীয় মন্ত্রী, এখানে বসে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, থানায় থানায় মন্দিরগুলি ভেঙে দেবেন। প্রতিশ্রুতি ভঙ্গকারি মন্ত্রী, একে কাঠগড়ায় তোলা দরকার। তিনি কৌশল করে বললেন যে, সব মন্দির ভেঙে দিতে হবে, মসজিদ ভেঙে দিতে হবে। আমি আপনাকে বলতে চেয়েছিলাম, থানায় থানায় মন্দির কেন আপনি রাখবেন? আমি মন্দির হবার বিরোধী নই। হাজার হাজার মন্দির হোক। আমি ধর্মপ্রাণ মানুষ; আমি মন্দিরকে যেমন বিশ্বাস করি, তেমনি মসজিদকে বিশ্বাস করি। আমি শুধু আপনাকে বলেছিলাম, পুলিশের কবলে মন্দির রাখবেন না, কারণ মহাপূজার নামে তারা সাধারণ মানুষের কাছ থেকে লক্ষ লক্ষ টাকা সংগ্রহ করছেন। আমার বক্তব্য ছিল তাই। আপনি কৌশল করে বললেন, সব মন্দির মসজিদ ভেঙে দাও। আমি কি বলেছিলাম, সব মন্দির ভেঙে দাও? ইভন আপনি কৌশল করে বললেন, রাইটার্স বিল্ডিং এর মন্দির ভেঙে দাও। আপনার পরের দিন এই কৌশল করা ছাড়া আর কোনও উপায় ছিল না, কারণ ভাবলেন, তা না হলে সব মুসলিম ভোটগুলি হাতছাড়া হয়ে যাবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশ মূলত কৃষি-প্রধান। এই কৃষিতে এই সরকার যে সর্বনাশ ডেকে এনেছেন তার চরম দৃষ্টান্ত হচ্ছে আমি যে সাবজেক্ট কমিটির সদস্য সেই কমিটির চেয়ারম্যান হচ্ছেন আপনাদেরই এক প্রাক্তন মন্ত্রী, তার নেতৃত্বে তিনটি জেলা ঘুরে দেখেছি, কোনও এগ্রিকালচারাল ফার্মে একটা কোদাল পর্যন্ত নেই এবং ট্রাক্টর পর্যন্ত ভাড়া দেওয়া যাচ্ছে না। ২০।৩০ হাজার টাকায়। সমস্ত জমি সেখানে ব্যারেন্ড হয়ে গেছে। কৃষি-ব্যবস্থায় কেমন উন্নতি করেছেন সেটা গেলেই বোঝা যাবে। (লালবাতি) আমাকে একটু টাইম দিন.....

(এখানে মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

[4-00 — 4-10 P.M.]

শ্রী শক্তি বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর মাননীয়

সদস্য ননী কর কর্তৃক যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এবং কৃপাসিন্ধু সাহা যে সমর্থন প্রস্তাব এনেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে তার সমর্থনে দু'চারটি কথা বলতে চাই। বলবার আগে বিরোধী দলের নেতাদের কাছে কিছু বলে আমি বক্তব্য বলে যাব। আমি শুধু আবেদন করব পাঞ্জাবে ইন্দিরা গান্ধী যে কমিউনাল আগুন লাগিয়েছিলেন সেই আগুন এখনও নেভেনি ওদের এক বক্তা এখানে কমিউনাল সব কথাবার্তা যা বলছিলেন ঐ ধরনের কথা না বলে দয়া করে ঐ আগুন যাতে না বাড়তে পারে তারজন্য চেষ্টা করবেন। কারণ এটা পশ্চিমবাংলা। পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক সম্প্রীতি লোহার মতো, ইস্পাতের মতো শক্ত আছে। এটা আমাদের গর্বের বিষয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে উঠে খুব সংক্ষেপে দু'একটি কথা বলব। আমাদের এই মহতী সভায় রাজ্যপাল যখন ভাষণ দিচ্ছেন তখন আমাদের অর্থনীতি একটা মারাত্মক মোড় নিয়েছে। আমাদের দেশের অর্থনীতি, তার স্বয়ম্ভরতা, তার সার্বভৌমত্ব, তার নৈতিক আত্ম সম্মানবোধ হারিয়ে আজকে আই.এম.এফ-এর উপরে নির্ভরশীল হয়ে পড়েছে। শুধু একথা বললেই সব বলা হবেনা, আজকে আই.এম.এফ-এর নির্দেশে ভারতবর্ষের অর্থনীতি পরিচালিত হচ্ছে, শুধু তাই নয়, দিল্লির বুকে আই.এম.এফ-এর এখন অফিস খুলেছে, সেই অফিসে বসে আই.এম.এফ-এর কর্তারা প্রতিনিয়ত ভারতবর্ষের অর্থনীতিকে পরিচালিত করছে। আজকে এটা হচ্ছে আমাদের দেশের দুর্ভাগ্যজনক ইতিহাস। আজকে প্রধানমন্ত্রী অর্থমন্ত্রীর সিদ্ধান্তের ফলে ভারতবর্ষের অথনীতিতে একটা বিপদজনক মোড় নিতে চলেছে শিল্প ও বাণিজ্যনীতি ঘোষণা করার পরে। পন্ডিত নেহেরুর কথাও আপনারা ভুলতে আরম্ভ করেছেন। পন্ডিত নেহেরুর সময়ে যে রাষ্ট্রায়াত্ত শিল্প নীতি এবং মিশ্র অর্থনীতি চালু ছিল তাকে বর্তমান নরসিংহ রাও সরকার বিদায় দিয়েছেন এবং তার নাম দিয়েছেন বিদায় অর্থনীতি, যা আজকে শিল্প জগতে একটা বিরাট মোড় নিতে যাচ্ছে। শুধু টাকার অবমূল্যায়ন নয়, বিদেশের বাজারে সোনা বন্ধক দিয়েছেন, শুধু তাই নয়, ভারতবর্ষের অর্থনীতি আজকে আই.এম.এফ-এর নির্দেশে রূপায়িত হচ্ছে। প্রতিটি জিনিসের দাম বাড়ানো হচ্ছে তা লোকসভাকে এড়িয়ে একজন কি দিল্লিতে জাতীয় পরিষদের সভা চলছিল সেই সভার সমস্ত সদস্যরা, বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা, সভা চলাকালীন তাদের না জানিয়ে, কোনও ইনফর্মেশন না দিয়ে প্রতিটি জিনিসের দাম বাড়ানো হয়েছে। রেলের ভাড়া বাড়ানো হয়েছে, এমন কি রেলের যে যাত্রীনিবাস আছে তাকেও বিক্রির প্রস্তাব করা হয়েছে। আমি বিস্তারিত পরিসংখ্যান দিয়ে এখানে বলতে পারতাম কিন্তু সময় কম থাকার জন্য তা বলতে পারছিনা। আজকে যে সমস্ত শিল্পে এখনও লাভ হচ্ছে সেগুলিকে কি ভাবে রুগ্ন করা যায় তার প্রচেষ্টা চলছে ও চক্রান্ত চলছে। এই হচ্ছে অবস্থা। আমাদের দেশের অর্থনীতি প্রতিনিয়ত একটা ভাঙ্গা অর্কেষ্ট্রা বাজিয়ে যাচ্ছেন যে দেশে ভয়ঙ্কর সঙ্কট, দেশে ভয়ঙ্কর সঙ্কট। তিনি ভারতবাসীকে বলেছেন যে আপনারা প্রস্তুত থাকুন, আমরা দুই বছরের মধ্যে এই সঙ্কট কাটিয়ে উঠব। এই কথা শুনে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ঈশপের একটা গল্পের কথা মনে পড়ছে। গল্পটা হচ্ছে এক রাখাল ছিল। সে চিৎকার করত যে আমার পালে বাঘ পড়েছে, বাঘ পড়েছে। লোকে এসে দেখত যে রাখাল মিথ্যা কথা বলেছে, তারা ফিরে যেত। একদিন সত্যিকারের বাঘ এল। সেদিন আর কেউ এলনা। তখন বাঘ বলল এবারে তোকে আমি খাব। তেমনি ভারতবর্ষের অর্থনীতিতে একটা বাঘ এসেছে এবং সে আমাদের কাছে এসে বলছে যে এবারে তোদের সকলকে আমি গিলে খাব। সেই বাঘের নাম হচ্ছে আই.এম.এফ। এই আই.এম.এফ-

এর কাছে ভারতবর্ষের অর্থনীতি, তার আত্ম-সম্মান, তার সার্বভৌমত্ব সমস্ত কিছু বিসর্জন দেওয়া হয়েছে। আমাদের ভাবতে অবাক লাগে যে ২৬শে জানুয়ারি রাষ্ট্রপতি যখন দিল্লিতে ভাষণ দিলেন তখন সেই ভাষণে তিনি বলেছিলেন যে ধর্মঘট এবং লক আউট নিষিদ্ধ করুন। এইভাবে আমাদের অর্জিত অধিকার কেড়ে নিতে চান। ওনাদের নেতারা বলছেন যে ধর্মঘট নিষিদ্ধ করতে। আমাদের দেশের মধ্যে প্রতিষ্ঠিত যে অধিকার সেটা হরণ করতে চান। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে এই ধরনের একটা রাজ্যপালের ভাষণ দিয়ে সাহসিকতার পরিচয় দেওয়া হয়েছে। যেমন কিনা শিল্পনীতি। বৃহত শিল্প ফাইন্ড আউট করার ক্ষমতা আমাদের নেই। আমরা ক্ষুদ্র এবং কুটির শিল্পে সাফল্য অর্জন করেছি। সাফল্যের কথা রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লিখিত হয়েছে সপ্তম পৃষ্ঠায়। মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা দেখে নেবেন, সেখানে পরিসংখ্যান দেওয়া হয়েছে। সেখানে বলা হয়েছে ১৯৯০-৯১ সালে ১৮,০০৫টি নূতন ইউনিট স্থাপন করা হয়েছে, তার ফলে ৪৩,৫৮৬ জনের কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া হয়েছে। ১৯৯১-৯২ সালের আর্থিক বছরে ৬,৫৩৯টি নূতন ইউনিট স্থাপন করা হয়েছে, তার ফলে ১৫,৫১৯ জনের কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া হয়েছে। এটা কি সাহসিকতার পরিচয় নয়?

(এ ভয়েস ঃ— এসব কিছুই কাগজে কলমে হয়েছে)

এগুলি কাগজে কলমের ব্যাপার নয় দয়া করে একটু ভেবে দেখবেন।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

আমি সব বিষয়ে বলতে চাই না, আমার সময় খুব সংক্ষেপ। রাজ্যের বাজেট নির্ভর করে কেন্দ্রের বাজেটের উপর। কেন্দ্রকে বাদ দিয়ে যেমন রাজ্য চলতে পারে না, রাজ্যকে বাদ দিয়ে কেন্দ্র চলতে পারে না। আমরা একটা ফেডারেল স্টেট হিসাবে আছি। ভারতবর্ষ একটা যুক্ত রাষ্ট্রীয় কাঠামো, তারমধ্যে পশ্চিমবাংলাকে চলতে হচ্ছে। পশ্চিমবাংলার ভূমি সংস্কার এবং পঞ্চায়েত ব্যবস্থা আমাদের কাছে একটা গর্বের বিষয়। আজকে আমাদের রাজ্যে গণমুখি প্রকল্প রূপায়ণ করতে গিয়ে কোথায় কোথায় ত্রুটি-বিচ্যুতি থেকে যাচ্ছে। বামফ্রন্ট-এর ঘোষিত নীতি কোথায় কোথায় বাধাপ্রাপ্ত হচ্ছে। বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি কোথায় কোথায় লঙ্ঘিত হচ্ছে এটা আমি সবিনয়ে বলতে চাই। বামফ্রন্টের সাফল্য এবং ইতিবাচক দিকগুলি যাতে কালিমালিপ্ত না হয় সেই সম্পর্কে বিশেষভাবে লক্ষ রাখতে হবে। খুব সাহসিকতার সঙ্গে রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হয়েছে মহিলাদের সম্ভ্রম আজকে পশ্চিমবাংলায় কিছুটা আঘাতপ্রাপ্ত হয়েছে। এই ব্যাপারে জয়নাল আবেদিন সহ অন্যান্য বিরোধী দলের সদস্যরা এমন করছেন যেন সব গেল গেল। অন্য রাজ্যের সঙ্গে তুলনা আমি করতে চাই না। উত্তরপ্রদেশ সহ অন্য রাজ্যের কথা বলতে গেলে দেখা যাবে সেখানে প্রতি মিনিটে ১০০ করে খুন হচ্ছে। যেমন সমাজতন্ত্রের বিকল্প নেই তেমনি বামফ্রন্টের বিকল্প নেই। বামফ্রন্ট সরকারের উপর আঘাত আসছে এই কথা ঠিকই। কিন্তু আমাদের যে ঘোষিত নীতি তাতে বিন্দুমাত্র কালিমালিপ্ত হোক সেটা আমরা কেউ চাইব না। সঠিকভাবে রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হয়েছে যে পশ্চিমবাংলার সাফল্য সকলের উর্ধ্বে। দু-একটা ঘটনা ঘটেছে। যাতে এই ধরনের ঘটনা আর না ঘটতে পারে সেই দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। মাননীয়

সদস্যদের সবিনয়ে বলি এটা কোনও ব্যক্তিগত ব্যাপার নয় পশ্চিমবাংলার সমস্ত মানুষের গর্ব। আগামি দিনে যাতে করে আইন-শৃঙ্খলাকে দৃঢ়ভাবে সঙ্গে এগিয়ে নিয়ে যেতে পারে সেই ব্যাপারে সাহায্য করার জন্য আবেদন জানাচ্ছি। আমি আবেদন করব আমাদের বামফ্রন্ট সরকারের যে ঘোষিত নীতি ছিল যে পরিচ্ছন্ন প্রশাসন করা, প্রশাসন গণমুখি করা, ইতিবাচক প্রশাসন তৈরি করা, সেটা যেন পালিত হয়। সেইদিক থেকে আমাদের ঘোষিত নীতি বাধাপ্রাপ্ত হচ্ছে এবং মানুষের মনে সংশয় দেখা দিয়েছে। বলা হয়েছিল গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশের হস্তক্ষেপ হবে না। কিন্তু তা হচ্ছে। কিভাবে হচ্ছে এটা সঠিকভাবে ভেবে দেখতে হবে। তারফলে আমাদের ইতিবাচক দিকগুলি চাপা পড়ে যাচ্ছে। আমাদের ঘোষিত নীতি বাধাপ্রাপ্ত হচ্ছে বলে এই ঘটনা ঘটছে। পরিচ্ছন্ন প্রশাসনের কথা ভাবতে হবে। আমলাতান্ত্রিক নির্ভরতা কাটিয়ে উঠেছি এটা ছিল আমাদের গর্ব।

[4-10 — 4-20 P.M.]

আমি মাননীয় সদস্যদের কাছে আবেদন করব বামফ্রন্টের ঐক্যবদ্ধ নেতৃত্বে এই রাজ্য যেভাবে এগিয়ে যাচ্ছে, এই পরিপ্রেক্ষিতে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করুন। আগামি দিনে বামফ্রন্টকে আরও গণমুখি করার জন্য, ইতিমধ্যে বামফ্রন্ট মানুষের কাছে অনেক এগিয়ে গেছে, আগামি দিনে নিশ্চয়ই আরও এগিয়ে যাবে। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই রাজ্যপালের ভাষণকে তীব্র বিরোধিতা করে কিছু বলতে চাই। এই ভাষণে কতকগুলো সাজানো কথা বসানো হয়েছে। এই ভাষণের মধ্যে কোথাও দেখতে পাচ্ছি না উদ্বাস্তু সমস্যা সম্বন্ধে বলা হয়েছে। উদ্বাস্তু সমস্যা পশ্চিমবাংলার একটি ভয়াবহ সমস্যা। এই সমস্যার কথা এক বিন্দুও উল্লেখ নেই। পশ্চিমবঙ্গে মঞ্জুষা বলে একটা দোকান আছে, সেখানে অনেক লাভ হয়। এই লাভের মূলে যে তাঁতি, সেই তাঁতিদের কথা এই ভাষণের মধ্যে নেই। অথচ মঞ্জুষার অ্যাডভার্টাইজমেন্ট হয় গভর্নমেন্টের পয়সায়। তন্তুজের অ্যাডভার্টাইজমেন্ট হয় গভর্নমেন্টের পয়সায়। শান্তিপুরের তাঁতিদের কথা আমরা সকলেই জানি। তাদের কথা এখানে লেখা নেই। ওপারের উদ্বাস্তুরা এখানে এসেছেন। মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর মহাশয় বলেছিলেন পাট্টা বিলি করা হয়েছে। গতকাল ধুবুলিয়ায় উদ্বাস্তু কুপার্স ক্যাম্প, ফুলিয়ার উদ্বাস্তুদের কথা বলেছি। কিন্তু আজ পর্যন্ত সেখানে উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়নি বা কোনওরকম পাট্টা দেওয়া হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভাষণের ৮নং প্যারায় লিখেছেন যে, 'জাতিয় প্রেক্ষাপটে দেখা যাচ্ছে দেশের কোনও কোনও অংশ এখনও ধর্মীয় গোঁড়ামি ও সন্ত্রাস কবলিত হয়ে পড়েছে। কিন্তু আমি সানন্দে জানাতে পারি, আমাদের রাজ্যে সাধারণভাবে শান্তি ও সাম্প্রদায়িকতা বজায় রাখা গেছে।' পশ্চিমবঙ্গে যেখানে মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু একাধিক ক্রমে রেকর্ড করে গেছেন, সেই পশ্চিমবঙ্গের কল্যাণীতে আর.এস.এস.'এর সর্ব ভারতীয় সম্মেলন হয়ে গেল। সেখানে আর.এস.এস.'এর বাল থ্যাকারে সাহেব কি বক্তব্য রেখেছেন? ওদের মিটিংয়ে আমাদের ঢুকতে দেয় না, ডি.আই.বি.র গোপন রিপোর্টে এটা জানা গেছে যে তিনি সেখানে ঘোষণা করেছিলেন, আর.এস.এস.'এর নেতা ঘোষণা করেছিলেন যে এটাকে হিন্দু রাষ্ট্র করতে হবে।

মাননীয় মুখ্যমন্ত্রী এই ধরনের সম্মেলনে সম্মতি দিয়েছেন কল্যাণীতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে জানাতে চাই, এরা নকশালদের হিংসাত্মক কার্যকলাপ নিয়ন্ত্রণের কথা বলেছেন। নকশাল নেতা রমেন সাহা কৃষ্ণনগরে সি.পি.আই.(এম) পার্টি অফিসের সামনে খুন হয়েছেন। নকশাল নেতা অসীম সাহা শক্তিনগর হাসপাতালের সামনে খুন হয়েছেন। কিন্তু আজ পর্যন্ত তদন্ত করে কোনও আসামি ধরা পড়েনি। কেন? অসীম চ্যাটার্জি, নকশাল নেতা তো সি.পি.এম.'এর কাছে আত্মসমর্পণ করে অবাধে চলাফেরা করতে পারছে। কিন্তু নকশালদের মধ্যে যারা সি.পি.এম. দলকে বিরোধিতা করবে তাদের বেঁচে থাকার কোনও অধিকার নেই। রাজ্যপালের ভাষণের মধ্যে অনেক ভাল ভাল কথা লেখা হয়েছে। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সম্মুখে ১২নং প্যারা থেকে একটু পড়ে শোনাচ্ছি। 'একদিকে সাধারণ আইন-শৃঙ্খলার পরিস্থিতি যখন ভাল আর অপরাধের ঘটনাও নিয়ন্ত্রণাধীন রয়েছে তখন মহিলাদের উপর অপরাধের দুর্ভাগ্যজনক ঘটনায় সরকার উদ্বিগ্ন।' কৃষ্ণনগরে গত ১৭ই জানুয়ারি থেকে ৫ দিন বন্ধ হয়ে গেল। নদীয়া জেলায় বন্ধ হল। সমস্ত জনজীবন বিপর্যস্ত হয়ে গেল। ব্যবসায়িরা ব্যবসা করতে পারলেন না। প্রতিটি কাগজে আনন্দবাজার, আজকাল, টি.ভি.র মাধ্যমে আমরা এই সংবাদ দেখেছি। একটা ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার কৃষ্ণনগর এবং নদীয়াতে জনজীবন বিপর্যস্ত হয়ে গেল। মাননীয় মুখ্যমন্ত্রী স্বরাষ্ট্র দপ্তর নিয়ে বসে আছেন। সাধারণ প্রশাসন দিয়ে, পুলিশ দিয়ে চুরি, ডাকাতি এবং ছিনতাইকারি আসামিদের ধরা যাচ্ছে না। ব্যবসায়িরা ব্যবসা করতে পারে না। ব্যবসায়িদের ব্যবসা করতে গেলে প্রতিদিন তোলা দিতে হয়। জুলুমবাজি চলে। এইসব যখন দমন করতে পারেন না, তখন বলেন আইন-শৃঙ্খলার অবস্থা ভালো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের ১৫ নং প্যারাগ্রাফ লেখা আছে সেচ-সামর্থ সুসংবদ্ধ করা, বৃদ্ধি করা এবং বন্যার বিপর্যয় থেকে সংরক্ষার ব্যবস্থা করার ওপরও আমার সরকার জোর দিচ্ছেন। আমি এই ব্যাপারে দায়িত্ব নিয়ে বলতে পারি যে, কৃষির ক্ষেত্রে ডিপ টিউবওয়েল, রিভার লিফট প্রভৃতি যে বিদ্যুৎ চালিত মেশিন ছিল সেগুলো তখন আর চলে না। ঠিকমতো বিদ্যুৎ না পাওয়ার ফলে চাষিরা মার খাচ্ছে। নদীয়ার বুকে ব্যাঙ্ক থেকে যে সমস্ত চাষিরা লোন নিয়ে স্যালো টিউবওয়েল প্রভৃতি ক্রয় করেছিল, বিদ্যুৎ না পাওয়ার ফলে ধান পেকে গেলেও তারা চাষে জল দিতে পারছে না। তারই নমুনা আমি দেখতে পেয়েছি নদীয়া এবং শান্তিপুরের মাঝখানে বাঁক দিয়া বলে একটি এলাকায়। ওখানকার চাষিরা বিদুৎ চেয়েছিল বলে তাদের ওপরে গুলি চালানো হয়েছিল, ১০-১৫ জন আহত হয়েছিল এবং কয়েকজন ওই গুলির আঘাতে মারাও গিয়েছিল। এইসব কথা কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে বিন্দুমাত্র উল্লেখ নেই। আমি জানি যে, নদীয়া জেলার কৃষ্ণনগরে একটি কৃষি গবেষণা কেন্দ্র আছে একটা জুট সীড ফার্ম, সেই জুট সীড ফার্মটি কো-অর্ডিনেশন কমিটির অত্যাচারে বন্ধ হয়ে রয়েছে। অথচ এই নদীয়া জেলা পাট চাষের একটা উৎকৃষ্ট জায়গা এবং এখানে প্রায় সাড়ে ৫০০ একর জমি পড়ে রয়েছে, কোনও পাট চাষ হচ্ছে না। সেখানকার কর্মচারীদের অত্যাচারে অফিসাররা অফিস ছেড়ে চলে গেছে। তারপরে নদীয়াতে একটি হর্টিকালচার ফার্ম আছে, এই ফার্মটি লক্ষ লক্ষ টাকা খরচ করে করা হয়েছিল, কিন্তু আজকে এটা ধ্বংসের পথে চলে যাচ্ছে। এইভাবে রাজ্য সরকারের সম্পত্তি নষ্ট হয়ে যাচ্ছে। সেখানে বন্ধু বৎসল সদস্যদের নজরে আসছে না।

[4-20 — 4-30 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের মধ্যে ১৯ প্যারাগ্রাফ লেখা আছে যে, ১৯৯১-৯২ সালে নবদ্বীপে ভূগর্ভস্থ পয়ঃপ্রণালিবাহিত জল ব্যবহার করে মৎস্য চাষের কাজ এবং আলমবাড়িতে নোনাজল মৎস্য চাষের কর্মসূচি সম্পূর্ণ করা হয়েছে। এই কথাটি যে কতবড় মিথ্যা কথা লেখা হয়েছে সেটা আমি জানি। আমি দায়িত্ব নিয়ে বলছি যে, নবদ্বীপে এইসব জিনিস হচ্ছে না। সবথেকে মাছ চাষের জায়গা হচ্ছে নদীয়া জেলার কৃষ্ণনগরে অঞ্জনা ফিশ ফার্ম। এই অঞ্জনা ফিশ ফার্ম বন্ধ হয়ে রয়েছে, এখানে চাষ হচ্ছে না। এই ফিশ ফার্মটি তৎকালীন মুখ্যমন্ত্রী শ্রী বিধানচন্দ্র রায় করেছিলেন এবং তার পরবর্তীকালে ফজলুর রহমান সাহেব লক্ষ লক্ষ টাকা অর্থব্যয় করেছিলেন এই ফিশ ফার্মটির জন্য। সেখানে আজকে আর মাছ চাষ হচ্ছে না, বন্ধ হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে রাজ্যপালের ভাষণের ২৪ নং অনুচ্ছেদ এখানে বলা আছে যে, অনুরূপভাবে বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং আই টি আইনগুলির উন্নয়নের লক্ষ্যে কিছু কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। নদীয়া জেলার বুকে কৃষ্ণনগরে বিপ্রদাস পাল চৌধুরি আই টি আই স্কুলের নাম কে না শুনেছে। এখানে আই টি আই এবং জুনিয়ার টেকনিক্যাল স্কুল এই দুটি স্কুলই বন্ধ হয়ে রয়েছে। কারা এই স্কুল দুটি বন্ধ করে দিয়েছে এই বন্ধ করার মূলে হচ্ছে সি. পি. এম। লক্ষ লক্ষ বেকার ছেলে এখান থেকে পাশ করে টি ভি মেরামতির কাজ পেত, মটর মেরামতির কাজ পেত আজকে এই বৃত্তিমূলক শিক্ষা বন্ধ করে দেওয়া হল। ওইসব জুনিয়ার স্কুলগুলো থেকে পাশ করে বহু বেকার ছেলের কিছু কর্মসংস্থানের ব্যবস্থা হত তার থেকে তারা বঞ্চিত হচ্ছে। এখানে পৌরমন্ত্রী বসে আছেন, তিনি ভাবছেন যে, কৃষ্ণনগর পৌরসভাতে অর্থ না দিয়ে পৌরসভাকে ভেঙে দেবেন এবং সেই চেষ্টাই করছেন। কৃষ্ণনগর থেকে কোনও লোক নেওয়া হল না। বহু উদ্বৃত্ত কাজ পড়ে রয়েছে তাতে কোনও লোক না নেওয়ার ফলে ঠিকমতো কাজ হতে পারছে না। আজকে সেখানে কো-অর্ডিনেশন কমিটির চাপে এবং মার্কসবাদি কমিউনিস্ট পার্টির চাপে কর্মচারীরা কাজ করতে পারছে না। এই কংগ্রেস চালিত পৌরসভাটি ভেঙে দেবার জন্য একটা চক্রান্ত চলছে। পৌরসভাতে যখন কিছু লোক দিয়ে আমরা কাজ করার চেষ্টা করছি ঠিক সেই সময়ে মাননীয় বুদ্ধদেব বাবু পৌরসভার সমস্ত ব্যয় বন্ধ করে দিলেন। কর্মচারীরা যাতে মাসে মাসে মাইনে না পায় তারজন্য চক্রান্ত চলছে এবং এইভাবে তিনি চেষ্টা করছেন যে কৃষ্ণনগর পৌরসভাটিকে ভেঙে নতুন করে তৈরি করার। আমার অনুরোধ কৃষ্ণনগর পৌরসভাকে যাতে সমস্তরকম টাকা দেওয়া হয়, অর্থ দেওয়া হয় তার ব্যবস্থা করুন। আজকে কর্মচারীরা ৩ মাসের মাইনে পাচ্ছে না, স্থায়ী কর্মিদেরও পর্যন্ত মাইনে দেওয়া হচ্ছে না। ১৯৮৬ সাল থেকে প্রাথমিক শিক্ষকদের তৃতীয় বেতন কমিশনের যে টাকা দেওয়ার কথা ছিল তা আজ পর্যন্ত তারা পায়নি, উদ্বৃত্ত কোনও টাকাও দেওয়া হয়নি। অথচ এই তৃতীয় বেতন কমিশন নিয়ে সরকার গালভরা বুলির কথা বলেন কিন্তু নদীয়া জেলার কোনও শিক্ষকই '৮৬ সাল থেকে '৯২ সাল পর্যন্ত এরিয়ারের কোনও টাকা পায়নি। শিক্ষকদের জন্য আপনারা গালভরা বুলির কথা বলেন, আবার এই শিক্ষকদের জন্য নাকি অনেক কিছু করেছেন! সত্যপ্রিয় বাবু যখন শিক্ষামন্ত্রী ছিলেন তখন তিনি বলেছিলেন শিক্ষকদের অধিকার দিতে হবে কিন্তু আপনারা কিছুই করছেন না, যাইহোক আমার সময় শেষ হয়ে যাওয়ার এখানেই আমি বক্তব্য শেষ করছি।

শ্রী সুনির্মল পাইক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনদিন ধরে মাননীয় বিরোধী দলের সদস্যদের ভাষণ শুনলাম এবং মাননীয় রাজ্যপাল তিনি যে বক্তব্য উত্থাপন করেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। রাজ্যপালের ভাষণকে কেন সমর্থন করছি তার কারণ কি সেই কথাও নিশ্চয় বলা দরকার। তাই প্রথমেই বলি মাননীয় বিরোধী দলের সদস্য যারা বললেন তাদের কথা শুনে মনে হচ্ছে 'তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে' অর্থাৎ মহারাজটা এখানে হচ্ছেন কেন্দ্রীয় সরকার, তারা আজকে আমাদের সামনে মহারাজ হয়ে বসে আছেন। কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন তাদের যে বক্তব্য বা কার্যকলাপ সেই কার্যকলাপ যেন অত্যন্ত সুন্দর এবং খুবই উন্নয়নমূলক ও উন্নয়নমুখী। কিন্তু আমাদের রাজ্য সরকারের যে বাজেট সেটা উন্নয়নমুখী নয় এবং সমর্থনও করা যায়না; এটা তারা প্রমাণ করাতে চেয়েছিলেন। কিন্তু যে পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আজকে মাননীয় রাজ্যপালকে তার ভাষণ এই বিধানসভায় রাখতে হয়েছে সেটা হচ্ছে সারা ভারতবর্ষে একটা বিরাট অর্থনৈতিক বিপর্যয়ের অবস্থা সৃষ্টি হয়েছে এবং সেই অর্থনৈতিক বিপর্যয়ের মধ্যেও আজকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সাধারণ মানুষের স্বার্থে, খেটে খাওয়া মানুষের স্বার্থে কিভাবে তাদের সেই উন্নয়নমুখি চিন্তাধারাকে বাস্তবে রূপায়িত করতে পারবে তারই প্রতিফলন এই ভাষণে হয়েছে। প্রথমে বলি, মাননীয় সদস্য কুমকুম চক্রবর্তীকে লক্ষ্য করে বিরোধী দলের এক সদস্য মুসলিম ভাই তিনি বললেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ব্যাপারে ওরা একটা বিপদ সৃষ্টি করেছে তারফলে চাকরি দেওয়ার ব্যাপারে একটা বিপর্যয় সৃষ্টি হয়েছে। আমরা যারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মেম্বার তারা প্রতিনিয়ত অনুভব করি, ইন্ডিয়ান লেবার অ্যাক্ট, অর্থাৎ কেন্দ্রীয় শ্রম আইন যেটা আছে সেটা যেন পরিবর্তিত হয়। এই আইন যতদিন না পরিবর্তিত হচ্ছে ততদিন আমাদের কোনও কিছু জানার ক্ষমতা নেই। সিনিয়ারিটি অনুযায়ী এক্সচেঞ্জ থেকে নাম পাঠানো হচ্ছে কিনা, তার সিনিয়ারিটি কতদিনের এসব দেখার কোনও অধিকার আমাদের নেই এবং অফিসাররাও এগুলো আমাদের জানাতে বাধ্য নন। কেন্দ্রীয় শ্রম আইন যদি সংশোধন না হয় তবে এগুলো আমরা কিছুই জানতে পারব না। আমরা শুধু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের দ্বারাই রক্ষা করব। এক্সচেঞ্জের ভেতরে ঢোকবার কোনও ক্ষমতা আমাদের নেই। মাননীয় মুখ্যমন্ত্রী চিঠি দিয়ে বার বার কেন্দ্রকে এই ব্যাপারটা বলেছেন, কারণ শ্রম আইনকে পরিবর্তন করবার ক্ষমতা কেবল কেন্দ্রেরই আছে, রাজ্যের সেটা নেই। আরেকটা কথা আমি বলব—আমুল ভূমিসংস্কারের দাবি আমরা করেছি এবং এরজন্য আমরা যথেষ্ট এগিয়ে গেছি। আজকে ৯.২০ লক্ষ একর উদ্বৃত্ত জমি, খাস জমি ভূমিহীনদের মধ্যে বিতরণ করা হয়েছে। আজকে খুব আনন্দের কথা, এই ভূমিহীন কৃষকদের মধ্যে ৫৮ শতাংশই হচ্ছে তফসিলি জাতির। আজকে এই পিছিয়ে পড়া শ্রেণীর জন্য কেন্দ্রীয় সরকার কিছু চেষ্টা করছেন না, কিন্তু এখানে আমরা তাদের জন্য চেষ্টা করে যাচ্ছি এবং তারজন্যই রাজ্য সরকার এগিয়ে যাচ্ছেন। সর্বশেষে রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 P.M.]

শ্রী সুকুমার দাস ঃ মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় রাজ্যপালের সমর্থনে যে আলোচনা এখানে চলছে, আমি সেই আলোচনাকে সমর্থন করতে পারছি না। কারণ এই রাজ্যপালের

ভাষণকে ধন্যবাদ দেওয়ার কোনও কারণ এখানে আমরা দেখতে পাচ্ছি না। তাই আমি এখানে কতগুলি মৌলিক প্রশ্ন তুলে ধরতে চাই। এই মৌলিক প্রশ্নগুলি কংগ্রেস, কমিউনিস্ট বা সি.পি.এম দলের নয়, এই মৌলিক প্রশ্নগুলি শুধু ভারতবর্ষের নয়, এই প্রশ্নগুলি সমাজতান্ত্রিক দুনিয়া থেকে আরম্ভ করে সারা বিশ্বের। আজকে কেন্দ্রীয় বাজেটের সমালোচনা সি.পি.এম বন্ধুরা করেছেন, আমি তাদের বলি রাষ্ট্রীয় মালিকানার মাধ্যমে চিরকাল কি কোটি কোটি টাকা লোকসান দিয়ে দেশ চলবে, না শুধু ভরতুকির মাধ্যমে দেশ চলবে? সমাজতান্ত্রিক দুনিয়া থেকে আজকে এই যে মৌলিক প্রশ্নগুলো ছুঁড়ে দেওয়া হয়েছে এর থেকে আমরা দুরে সরে থাকতে পারিনা। কিন্তু ওরা এখানে বলছে রাষ্ট্রীয় মালিকানাকে জোরদার করবার কথা। পন্ডিত জওহরলাল নেহেরু এক সময় রাষ্ট্রীয় মালিকানাকে জোরদার করেছিল, কিন্তু এখন সময়ের পরিবর্তন হয়েছে। মাননীয় সদস্যা এখানে বক্তব্য রাখার সময় ১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যকে সাবসিডিয়ারি রেটে দেওয়ার কথা বললেন। রাশিয়া থেকে শেষ হয়েছে। হয়ে গেছে। দুনিয়া কেঁপে গেছে। তাহলে আজকে এই বাতাবরণে থেকে আলোচনা করবার দরকার ছিল। কিন্তু আপনারা করলেন না। আপনারা কি করলেন? কানা বালকের মতন বক্তব্য রাখলেন। কানা বালককে প্রশ্ন করেছিল একজন, না আমাকে গৌরবাবু পাঠিয়েছে, তুমি কোথায় যাবে? না আমাকে গৌরবাবু পাঠিয়েছে। কি খাও তুমি, না আমায় গৌরবাবু পাঠিয়েছে। আপনারাও কানা বালকের ভূমিকা পালন করছেন এখানে। প্রতিটা কথায় আই.এম.এফ.আর ওয়ার্ল্ড ব্যাঙ্ক। আর বিশ্ব ব্যাঙ্ক যদি কোথাও ঢুকে থাকে তাহলে, এখানে মাননীয় মন্ত্রী যারা আছেন আমার প্রশ্নের উত্তর দেবেন। বিশ্ব ব্যাঙ্ক ১৯৭৮ সাল থেকে পশ্চিমবাংলাকে গ্রাস করেছে। ১৯৭৮ সালে কলকাতার বস্তি উন্নয়নে ১৮ কোটি ৭০ লক্ষ ডলার ব্যয় করা হয়েছে। ১৯৮৩তে বস্তি উন্নয়নের কাজে ব্যয় করা হয়েছে ২০ কোটি ৭৩ লক্ষ ডলার। ১৯৮০ সালে ৫.৬০ লক্ষ ডলার ব্যয় করা হয়েছে পরিবহনের ক্ষেত্রে। বিশ্ব ব্যাঙ্কের টাকায় ফিশারিজ হয়েছে। বিশ্বব্যাঙ্ক মাইনর ইরিগেশনের ক্ষেত্রে ব্যয় করেছে। পলিউশন দূর করবার জন্য বিশ্বব্যাঙ্ক ব্যয় করেছে। পি.এইচ.ইতে খরচা করেছে বিশ্ব ব্যাঙ্ক। কোথায় ঢোকেনি পশ্চিমবাংলায়? আমাকে বলতে পারেন কোথায় ঢোকেনি? আমার সময় কম। আমি চ্যালেঞ্জ নিয়ে বলতে পারি যে, কোথায় আসেনি বিশ্ব ব্যাঙ্ক? আজকে সি.পি.এমের. বন্ধুরা এই প্রশ্নের কি উত্তর দিতে পারবেন? এই প্রশ্ন আপনাদের কাছে রাখছি, আমি চ্যালেঞ্জ করছি। ফিরে যান ১৯৬৬ সালে, সেদিন আপনারা চিৎকার করেছিলেন আই.এম.এফের. বিরুদ্ধে, আমেরিকার বিরুদ্ধে, পি.এল.-৪৮০র বিরুদ্ধে। ইন্দিরা গান্ধী যখন মাইলো নিয়ে এসেছিলেন সেদিন আপনারা চিৎকার করেছিলেন। সেদিন অশ্রাব্য ভাষায় গালিগালাজ করেছিলেন দেশের মানুষকে। আজকে এটাই প্রমাণ করে যে, আমেরিকার কাছে দাসত্ব বিক্রি করিনি আর করবও না। ভবিষ্যতেও করব না। ১৯৭২ সালে বিপ্লব হয়েছিল। আজকে তাই আপনাদের আরও বলি, যেদিন রাজীব গান্ধী প্রধানমন্ত্রী হলেন আমেরিকায় গিয়ে কড়া বক্তব্য রেখে এসেছিলেন বুশের সামনে পাকিস্তানকে অস্ত্র দেওয়ার ব্যাপারে। আমেরিকার কাছে দাসত্ব বিক্রি কংগ্রেস কখনও করবে না। মূলত কংগ্রেসের জন্ম সংগ্রাম করে। জাতিয়তাবাদকে এবং আর একটা হচ্ছে, চিনের দাসত্ব করে ভারতবর্ষের কমিউনিস্টরা জন্ম নিয়েছে। এই কথা অস্বীকার করতে পারেন? আজকে কম সময়ের জন্য আমার বক্তব্যকে ছোট করতে হচ্ছে, আমি আপনাদের কাছে বলি আজকে ভারতবর্ষের প্রেক্ষাপটে রাজীব গান্ধী বিদেশ থেকে লোন নিয়েছিলেন দেশের স্বার্থে।

দেশের খাদ্যের পরিমাণ আজকে ৪ কোটি মেট্রিক টন থেকে ১৮ কোটি মেট্রিকটন। আজকে শিল্পে পৃথিবীর মধ্যে সপ্তম স্থান, প্রযুক্তিবিদে ভারতবর্ষের দ্বিতীয় স্থান। কয়েকটা পুঁজিতান্ত্রিক দেশ ছাড়া ভিক্ষার ঝুলি নিয়ে প্রত্যেকেই যেতে হয়। যখন অর্থের অভাব হয় তখন রিজার্ভ ব্যাঙ্ক ছাড়িয়ে অন্য ব্যাঙ্কে যেতে হয়। এশিয়ান ব্যাঙ্কের কাছে যেতে হয়, ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে যেতে হয়। এই পারস্পরিক লেনদেন সারা পৃথিবীতেই চলে। এই পৃথিবীতে যদি চিন চলে অপরাধ হচ্ছে না? রাশিয়া যদি চলে অপরাধ নয়? এই নিয়মে যদি ভিয়েতনাম চলে অপরাধ নয়? আর ভারত সরকার নিলেই অপরাধ হয়ে যাচ্ছে? আমরা সাম্রাজ্যবাদিদের কাছে মাথা নিচু করবার জন্য, দাসত্বগিরি করবার জন্য জাতীয় কংগ্রেস তৈরি হয়নি। আপনারা উপহাসের বস্তু হয়ে উঠছেন। আপনাদের বিবেক বলে কিছু নেই, আপনাদের বিবেক মৃত। কারণ দ্বিতীয় বিশ্বযুদ্ধের দাসত্ব করে, জনযুদ্ধের নাম করে যারা জাতীয় সংগ্রাম করে কলুষিত করেন, কলঙ্ক অধ্যায় রচনা করেন তাদের মুখে সাম্রাজ্যবাদিদের কথা বলাটা শুধু একটা প্রহেলিকা। সিরাজদৌল্লার নাটক যেটা পশ্চিমের আকাশে ঘনঘটা কালো মেঘ। আজকে সেই নাটকের মধ্যে যেতে চাই না। এই প্রস্তাবনা যারা সমর্থন করছেন, তারা আজকে যেমন কানে কালা, তেমনি চোখে কানা। এইগুলোর উত্তর দিতে হবে। ঘাটতিশূন্য বাজেট অসীম দাশগুপ্ত পেশ করেছিলেন, দায়িত্ব নিয়ে কথা বলেছিলেন। কয়েকদিন আগে কয়েকজন অর্থনীতিবিদ এই পশ্চিমবাংলার একটা প্রস্তাবনা করেছিলেন। সেই প্রস্তাবনায় কি আছে? সেই প্রস্তাবনায় নূতন কিছু আছে কি? মনমোহন সিং যা বলছেন তার বাইরে? মনমোহন সিং-এর বাইরে কে সেই অর্থনীতিবিদ। তারা হলেন, ডঃ ভবতোষ দত্ত, ডঃ অশোক মিত্র, ডঃ অশোক রুদ্র, দেবব্রত বসু আর আমাদের অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত। তারা কি বলেছেন ১৩টি প্রস্তাবের বাইরে যা মনমোহন সিং বলছেন না? তাহলে আজকে আপনারা বলেছেন এই প্রস্তাবনার মধ্যে যদি কেন্দ্রীয় সরকার ভাবে তাহলে পাঁচশো কোটি টাকা বেশি লগ্নি হবে। আমি জানি না, এটা ঠিক কিনা। আমি অসীমবাবুকে সসীমভাবে বলতে চাই, এই পরিকল্পনা আপনি নিজে করেন নি। কিন্তু ঘাটতিশূন্য বাজেট করে কি করেছেন। ১৯৯১-৯২ সালে ৬শো কোটি টাকা ঘাটতি হতে চলেছে। আর ৮ম যোজনায় শুধু সরকারি কর্মচারীদের জন্য ৫শো কোটি টাকা দিতে হবে। সেটা কোথা থেকে দেবেন জানি না। ৮ম যোজনায় শুধু গাড়ি পরিবহনের জন্য ৩১৪ কোটি টাকা ঘাটতি দিতে হবে। আর পি, ডব্লিউ, ডিতে ১৪৫ কোটি টাকা দিতে হবে। এইরকম আরও বলি পশ্চিমবঙ্গে গ্রামীণ অর্থনীতিবিদ যারা আছেন তাদের কাছ থেকে জানতে চাই এবং জানাতে চাই, গ্রামীণ অর্থনীতি সমবায়ের উপর দাঁড়িয়ে থাকে। পশ্চিমবাংলায় কি সমবায় আছে? কে সমবায় করছে। গরিব দেশে সমবায় না থাকলে দেশ কখনও দাঁড়াতে পারে না। কে এগিয়ে যাচ্ছে—মহারাষ্ট্র, গুজরাট, তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ। কে পিছিয়ে যাচ্ছে—অসীমবাবুর পশ্চিমবাংলা, জ্যোতিবাবুর সোনার বাংলা কাঙালের কান্না কাঁদছে। আজকে পশ্চিমবাংলায় সমবায় নেই। লেলিনের কথায় বলতে গেলে সমবায় জোরদার হলে ভারতবর্ষে গ্রামীণ অর্থনীতি জোরদার হবে। আজকে চুরি, বাটপাড়ি করে সমস্ত ক্ষেত্রে বিপর্যয় নিয়ে এসেছেন। নিরক্ষরতা দূরীকরণের ক্ষেত্রে বিপ্লব করছেন বলছেন। প্রভঞ্জনবাবু শিক্ষক। আজকে বলুন তো, প্রাইমারি স্কুলে যতজন অ্যাডমিশন নেয় তাদের কতজন ফ্লোরে থাকে। আজকে লক্ষ লক্ষ টাকা চুরি হচ্ছে। আজকে ১০০ জন ছাত্র ভর্তি হলে ৭৫ জন চলে যায়, ২৫ জন পড়ে। এই কথা বলে আমি বলতে চাই যে, আমি এই রাজ্যপালের ভাষণ সমর্থন করতে পারছি না। এই বিরোধিতা করছি।

[4-40 — 4-50 P.M.]

শ্রী শেখ জাহাঙ্গীর করিম ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব মাননীয় সদস্য ননী কর এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি সংক্ষেপে দু-একটা বিষয় উত্থাপন এখানে করছি। প্রথমেই বলি আমি গত পরশু দিন থেকে বিরোধীদের বক্তব্য শুনছিলাম, তবে ভীষণ এক ঘেঁয়েমির মধ্যে আজকে বিপক্ষের এক বন্ধু, আমার সম্পর্কে চাচা হবেন কিনা জানি না, তিনি যে কমেডিয়ান রোল করলেন, তাতে মোটামুটি একঘেঁয়েমি রোল একটু কমল। পরবর্তীকালে আমি যা শুনলাম সে সম্পর্কে বলি। আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্যবৃন্দ যে আলোচনা করেছেন সে সম্পর্কে ওরা বাস্তবে জানেন বিরোধিতা করতে হয় তাই করেছেন। কেন্দ্রীয় সরকারের যে ভ্রান্ত অর্থনীতি, ভ্রান্ত শিল্পনীতি এই সবের বিরোধিতা করার ইচ্ছা ওদের থাকলেও তারা বিরোধিতা করতে পারছেন না। এই কারণে পারছেন না যে এখনও তাদের দলের নির্বাচন হয়নি। কারণ এটা পরিষ্কার যে দিল্লির যে দিল্লিশ্বর তাদের যে প্রধান নেতা তাদের রাজ্যের বা তাদের পার্টির নির্বাচনের দিন ঘোষণা করা সত্ত্বেও সেই নির্বাচন তারা এখনও করতে পারেন নি। তাদের দিল্লির দিল্লিশ্বর তার পায়ের বুড়ো আঙ্গুলটি যার মাথায় ছোঁয়াবে তিনি হবেন প্রাদেশিক সভাপতি, না হয় রাজ্যের মুখ্যমন্ত্রী। এই হচ্ছে ঘটনা। এইজন্য বিরোধিতা করার ইচ্ছে থাকলেও, তারা বিরোধিতা করতে পারছেন না। স্বাধীনতার ৪৫ বছরের অধিকাংশ সময় ধরে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারে যারা ক্ষমতায় আসীন আছেন, আমরা লক্ষ্য করছি ভারতবর্ষের অর্থনৈতিক ভান্ডারের অবস্থা। আজকে আই.এম.এফ লোনের প্রশ্ন উঠছে। শুরু কিন্তু আজকে নয়। আমি যে পরিসংখ্যান দিচ্ছি তা থেকে পরিষ্কারভাবে বোঝা যাবে যে ঋণ নিতে শুরু হয়েছে ১৯৫০ সাল থেকে। —১৯৫০ সালে বৈদেশিক ঋণ ছিল ৩২ কোটি টাকা, ১৯৬০ সালে সেটা দাঁড়ায় ৭৫০ কোটি টাকা, ১৯৬৫ সালে ২,৫৯০ কোটি টাকা, ১৯৮০ তে ১১,২৯৮ কোটি টাকা, ১৯৮১তে ১১,৩২৮ কোটি টাকা, ১৯৮২তে ১৩,৬৮২ কোটি টাকা। ১৯৮৩তে ১৫,১২০। ১৯৮৪তে ১৬,৬৩৭। ১৯৮৫তে ৩৯,৬১৯। ১৯৮৬তে ৪৫,৬৩৪। '৮৭তে ৫৬,৯৫০। '৮৮তে ৬৪,৯০৭। '৮৯তে ৮৩,৮৩৫। '৯০তে ৯৯,১৩২। এই হিসাবের পরে চন্দ্রশেখর সরকার আমলে ৩,২৭৫ কোটি ছোটখাট ঋণ। মোট ঋণ, ১,২৫ হাজার কোটি টাকা। বিশ্বব্যাঙ্কের সর্বশেষে হিসাবে অধমর্ন দেশের তালিকায় ব্রাজিল ও মেক্সিকোর পরেই ভারত। স্যার, জাতীয় উৎপাদনের একটা বিরাট অংশ ঋণ পরিশোধের জন্য লাগছে। আমাদের ভারতবর্ষে জাতীয় সরকার যেহেতু কংগ্রেসের সরকার সেইহেতু তাদের এ ব্যাপারে ভাবনা চিন্তা করতে হবে। স্যার, টাকার অঙ্কে ঋণ পরিশোধের অবস্থাটা কি সেটা একটু বলছি।

টাকার অঙ্কে ঋণ পরিশোধ

বছর	নতুন ঋণ	আসল, সুদ পরিশোধ
১৯৮৪/৮৫	১৯,০৯৮	২,৫২৩
১৯৮৫/৮৬	৩,৯৯৬	৩,২৯৪
১৯৮৬/৮৭	৮,৬৫৭	৪,৭৩১
১৯৮৭/৮৮	৬,০৬১	৬,০৮৯
১৯৮৮/৮৯	১৪,৩২২	৭,০৩৬

এর সূত্র হচ্ছে কন্ট্রোলার অব এইড অ্যাসিস্ট্যান্স। দেখা যাচ্ছে যে ঋণ নেওয়া হচ্ছে সেই ঋণ নেবার পর গতবারের সুদ এবং ঋণের অংশ মেটাতে গিয়েই সবটা চলে যাচ্ছে। স্যার, আমরা দেখছি যে দেশের বৈদেশিক ঋণের পরিমাণ ক্রমশ বাড়ছে। এরফলে ভারতবর্ষের আপামর জনসাধারণকে সেই ঋণের দায় বহন করতে হচ্ছে। আবার অনেক সময় দেখা যায় যে, যে ঋণ নেওয়া হচ্ছে তার একটা অংশ দিয়ে বৈদেশিক প্রতিরক্ষা সরঞ্জাম কিনতে হচ্ছে। যেমন ১৯৮১ সালে ইন্দিরা গান্ধীর সময় আই.এম.এফ থেকে ঋণ নেওয়া হয়েছিল ৫৪০০ কোটি টাকা। আর পশ্চিম জার্মানি থেকে সাবমেরিন ও ফ্রান্স থেকে যুদ্ধ বিমান কিনতে ৫০০০ কোটি টাকা খরচ করা হয়। এরপর আমি আমাদের দেশের বৈদেশিক মুদ্রার ভান্ডারের অবস্থাটা বলতে চাই। আমরা দেখছি, বৈদেশিক মুদ্রার ভান্ডার আস্তে আস্তে নিঃশেষ হয়ে যাচ্ছে। এ সম্পর্কে আমি কিছু পরিসংখ্যান দিচ্ছি। ১৯৮৬/৮৭ সালে আমাদের বৈদেশিক মুদ্রার ভান্ডারে ছিল ৭,৮২০ কোটি টাকা। ৮৭.৮৮ সালে সেটা ছিল ৮,১৫১ কোটি টাকা। ১৯৮৮/৮৯ সালে ছিল ৭,৬৮৭ কোটি টাকা, ৮৯/৯০ সালে ৭,০৪০ কোটি টাকা, ১৯৯০ সালের জানুয়ারিতে ছিল ৫,৩৩১ কোটি, ডিসেম্বরে ছিল ২,৪৪৪ কোটি আর ১৯৯১ সালের মার্চে সেটা ছিল ১,৭৬১ কোটি টাকা। আস্তে আস্তে দেখা যাচ্ছে যে ভারতবর্ষের বৈদেশিক মুদ্রার ভান্ডার নিঃশেষ হয়ে যাচ্ছে। বৈদেশিক মুদ্রার সঞ্চয় কমতে কমতে এমন জায়গায় এসে দাঁড়িয়েছে যে ভিক্ষা পাত্র নিয়ে বিদেশে ঘুরতে হচ্ছে। এরপর কেন্দ্রীয় সরকারের আমদানি রপ্তানি নীতি নিয়ে কিছু বলতে হয়। ভারতবর্ষের আমদানি-রপ্তানি নীতির ফলে ভারতবর্ষের যে বাণিজ্যিক ঘাটতি হচ্ছে তার পরিমাণটাও একটু বিশ্লেষণ করা দরকার। স্যার, ১৯৪৯-৫০ সালে আমদানি-রপ্তানি বাণিজ্যে ঘাটতি ছিল ১৩২ কোটি টাকা, সেটা বেড়ে ১৯৫৯-৬০ সালে হয়েছিল ৩২১ কোটি টাকা, ১৯৬৯-৭০ সালে হয়েছিল ৯৬৯ কোটি টাকা, ১৯৭৯-৮০ সালে হয়েছিল ২৭২৫ কোটি টাকা, ১৯৮০-৮১ সালে হয়েছিল ৫৮৩৮ কোটি টাকা, ১৯৮১-৮২ সালে হয়েছিল ৫৮৩২ কোটি টাকা, ১৯৮২-৮৩ সালে হয়েছিল ৫৪৯০ কোটি টাকা, ১৯৮৩-৮৪ সালে হয়েছিল ৬,০৩০ কোটি টাকা, ১৯৮৪-৮৫ সালে হয়েছিল ৫,৩৯০ কোটি টাকা, ১৯৮৫-৮৬ সালে হয়েছিল ৮,৭৬৩ কোটি টাকা, ১৯৮৬-৮৭ সালে হয়েছিল ৭,৬৪৪ কোটি টাকা, ১৯৮৭-৮৮ সালে হয়েছিল ৬,৬৫৮ কোটি টাকা, ১৯৮৮-৮৯ সালে হয়েছিল ৭,৮৯৯ কোটি টাকা এবং ১৯৮৯-৯০ সালে ঘাটতি হয়েছিল ৭,৭৩১ কোটি টাকা। এই বিরাট অঙ্কের বানিজ্য ঘাটতি উদার আমদানি নীতির ফল এবং রাজীব গান্ধী যার সবচেয়ে জোরদার প্রবক্তা ছিলেন। আগে খাদ্য দ্রব্য, সার, তৈলবীজ, ও পেট্রোলিয়াম আমদানির জন্য আমদানি বাণিজ্যের সিংহ-ভাগ টাকা ব্যয় করা হত। রাজীব গান্ধীর আমল থেকে মুষ্টিমেয় ধনি মানুষের বিলাস-বহুল জীবন যাত্রার জন্য বিভিন্ন বিলাস দ্রব্য এবং বিলাস দ্রব্য প্রস্তুত করার যন্ত্রপাতি আমদানি করতে ক্রমশ আমদানি-রপ্তানি বাণিজ্যে ঘাটতি বাড়ছে। এরই ফলশ্রুতি হিসাবে স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার যে ৪৩'টি বাজেট পেশ করেছেন সেই বাজেটগুলিতে ক্রমাগত ঘাটতি থেকে গেছে। আর সে ঘাটতির বহন করতে হচ্ছে আপামর জনসাধারণকে। আমরা দেখছি ১৯৮৮১ সালে বাজেট ঘাটতি ছিল ১,৬৪০ কোটি টাকা, ১৯৮১-৮২ সালে ছিল ১,৫৩৯ কোটি টাকা, ১৯৮২-৮৩ সালে ছিল ১,৩৬৫ কোটি টাকা, ১৯৮৩-৮৪ সালে ছিল ১,৫৬৫ কোটি টাকা, ১৯৮৪-৮৫ সালে ছিল ১,৭৮২ কোটি টাকা, ১৯৮৫-৮৬ সালে ছিল ৫,৩১৫ কোটি টাকা, ১৯৮৬-৮৭ সালে ছিল ৮,২৬১

কোটি টাকা, ১৯৮৭-৮৮ সালে ছিল ৫,৮১৬ কোটি টাকা, ১৯৮৮-৮৯ সালে ছিল ৭,৯৪০ কোটি টাকা, ১৯৮৯-৯০ সালে ছিল ১০,৫৯২ কোটি টাকা, ১৯৯০-৯১ সালে ছিল ১০,৭৭২ কোটি টাকা, ১৯৯১-৯২ সালে ছিল ৯,৯৭৭ কোটি টাকা এবং ১৯৯২-৯৩ সালের বাজেট ঘাটতির পরিমাণ হচ্ছে ৫,৩৮৯ কোটি টাকা। বাজেট ঘাটতির প্রত্যক্ষ বিপদ হল ঘাটতি মেটাতে জনগণের ওপর পরোক্ষ ভাবে কর বসান, এবং প্রত্যক্ষ ভাবে কর বসান, এবং নোট ছাপান। যারফলে ক্রমশ মুদ্রাস্ফীতি বাড়ছে এবং বাজারে জিনিস-পত্রের দাম বাড়ছে। আর একটা বিপদ হল উন্নয়ন কর্মকান্ডে সম্পদের অভাব দেখা দিচ্ছে। স্যার, ইতিপূর্বে শিল্প সঙ্কট নিয়ে এখানে অনেক আলোচনা হয়েছে। আমি শুধু বলছি যে, কল-কারখানা বন্ধ হওয়ার যে সমস্যা সেটা সারা দেশেরই সমস্যা। আমরা লক্ষ্য করছি ৮০-র দশকে, বিশেষ করে রাজীব গান্ধীর আমলে এই সঙ্কট আরও বৃদ্ধি পেয়েছে। তথাকথিত উদার নীতির ফলে রাজীব আমলেই ১ লক্ষ ২০ হাজার কারখানা নতুন করে বন্ধ হয়েছে। আমরা আরও লক্ষ্য করছি ১৯৮৫ সালে কেন্দ্রীয় সরকার নতুন বস্ত্র নীতি ঘোষণা করার পর থেকে গোটা দেশের বস্ত্র শিল্পে সঙ্কট তীব্র হয়েছে। পরের তিন বছরে ১.৭৫ লক্ষ শ্রমিক বেকার হয়েছে। এন.টি.সি পরিচালিত ১০৭টি মিলের মোট ক্ষতির পরিমাণ দাঁড়িয়েছে ১০৬৯ কোটি টাকা। আমরা দেখলাম বিরোধী বন্ধুরা এখানে তিন দিন ধরে বেকার যুবকদের শোকে কুম্ভীরাশ্রু ত্যাগ করলেন। আমি তাদের বলছি, বেকার শুধু পশ্চিমবাংলাতেই নেই, গোটা ভারতবর্ষেই বেকার আছে। আমি ওদের প্রশ্ন করছি এই বেকারদের কারা তৈরি করেছে? স্বাধীনতার পর থেকে ৪৩ বছর ভারতবর্ষের শাসনে থেকে ওরাই এই বেকার সৃষ্টি করেছেন। ১৯৫৩ সালে গোটা দেশে নথিভুক্ত বেকার ছিল ৩.২৯ লক্ষ, ১৯৫১ সালে তা বেড়ে হয় ৫১.০০ লক্ষ, ১৯৮১ সালে হয় ১৬৫.৮৪ লক্ষ, ১৯৮৬ সালে তার বৃদ্ধি পেয়ে হয় ২৮২.৮২ লক্ষ, ১৯৮৭ সালে হয় ৩০৫.৫৯ লক্ষ, ১৯৮৮ সালে কিছুটা কমেছিল, তখন ছিল ২৯৭.৭১ লক্ষ, ১৯৮৯ সালে তা আবার বেড়ে হয় ৩২৫.৪৭ লক্ষ, ১৯৯০ সালে হয় ৩৩১.২৬ লক্ষ, এটা ১৯৯০ সালের জানুয়ারি মাসের হিসাব, তারপর ফেব্রুয়ারি মাসে হয় ৩৩২.২৭ লক্ষ এবং ১৯৯০ সালেরই মার্চ মাসে বেড়ে হয় ৩৩৩.৫৩ লক্ষ। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সময়ের গৃহিত নীতির ফলেই এই অবস্থার সৃষ্টি হয়েছে এবং বর্তমান গৃহীত নীতির ফলে এই সমস্যা আরও তীব্র আকার ধারণ করবে। আমরা একটা যুক্ত-রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে থেকে গোটা দেশের সঙ্কটের প্রভাব মুক্ত হয়ে থাকতে পারি না। সুতরাং গোটা দেশের কথা সামগ্রিকভাবে আমাদের সকলেরই চিন্তা ভাবনা করা উচিত। এই কয়েকটি কথা বলে রাজ্যপালের ভাষণের ওপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 P.M.]

শ্রী সঞ্জীবকুমার দাস ঃ মাননীয় স্পিকার স্যার, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে, পশ্চিমবাংলার প্রকৃত চিত্র রাজ্যপালের ভাষণে নেই বলে আমি ধন্যবাদসূচক প্রস্তাবের বিরোধিতা করছি। আমি স্যার, আরও কয়েকবছর আগের রাজ্যপালের ভাষণ পড়লাম। আপনি নিশ্চয়ই অবগত আছেন, এই কয়েক বছর ভাষণের মধ্যে কোনও নতুনত্বের বালাই

নেই, একই কথা বারবার একইভাবে লেখা হয়েছে। এই সরকার রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে কেন্দ্রীয় সরকারের সমালোচনা আর বামপন্থী ভাইদের দিয়ে এই বিধানসভায় কংগ্রেসের সমালোচনা ১৯৭৭ সাল থেকে এই যে পরিকল্পনা নিয়েছেন সেই পরিকল্পনা ১৯৯২ সালেও চলছে, একই কথা বারবার চলছে। এই সরকার জড় পদার্থ। বিজ্ঞানে জড় পদার্থ বলে একটা বড় কথা আছে, A material has been in a tendency to remain static in a place where it stays. একটা বস্তু, একটা জড় পদার্থ সেখানেই থাকতে চায়, ল অফ ইনারসিয়া। বামপন্থী ভাইদের ইনারসিয়া অফ থিংকিং চিন্তার জড়তা সৃষ্টি হয়েছে বলে একই কথা বারবার বলে যাচ্ছে। আমি বিনীতভাবে আমার পূর্ববর্তী বক্তাকে বলতে চাই, তিনি যে বক্তব্য রেখেছেন তারমধ্যে পশ্চিমবাংলার নাম কি একবারও উচ্চারণ করেছেন? উইথ ডিউ রেসপেক্ট আমি বলছি, গ্যালারিতে যারা প্রবেশ করে বক্তৃতা শোনেন, তারা ফিরে গিয়ে বুঝতে পারবে না যে পশ্চিমবাংলায় কংগ্রেসের সরকার চলছে, না সি.পি.এমের দ্বারা চলছে। এটা আপনাদের বোঝা দরকার। এই সরকারকে জড় পদার্থ বলছি এই কারণে, এই সরকার কেন্দ্রীয় সরকারের দেয় টাকা-গ্রাম বাংলার জন্য রুরাল ডেভেলপমেন্টের টাকা-খরচা করতে পারেনি, ফেরত দিয়ে দিয়েছে। এটা সরকারের লেখা নয়। আমি যে কেন্দ্র থেকে এসেছি সেখানকার পঞ্চায়েত সমিতির একটা রিপোর্ট আপনাদের সামনে দাখিল করতে চাই। ১৯৯২ সালের জানুয়ারি মাস পর্যন্ত একটি পঞ্চায়েত সমিতির ১৯ লক্ষ ৮ হাজার ৮৮১ টাকা ১৯ পয়সা পড়ে আছে। গ্রাম বাংলার কোনও কাজ করা হয়নি। সারা পশ্চিমবাংলার রিপোর্ট দিয়ে দিচ্ছি। তারপরও কি রাজ্যপালের ভাষণকে আমাদের সমর্থন করতে হবে? মাননীয় সরকারপক্ষের সদস্যগণ জিনিসপত্রের দাম বেড়েছে বলে সবসময় চিৎকার করছেন। কেন্দ্রীয় সরকার আই.এম.এফের কাছে মাথা বিক্রি করে দিয়েছে। আমি বেশি দূর যাব না, গত অধিবেশনে যে সদস্যরা ঐ লবিতে দাঁড়িয়ে ২৫ টাকা ঘিয়ের বোতল কিনেছিলেন আর এই কয়েক মাসের মধ্যেই ঐ ঘিয়ের বোতল ৪০ টাকা দিয়ে কিনছেন। অঙ্কের ভাষায় ৬০ পারসেন্ট বেড়েছে। আপনারা কার কাছে মাথা বিক্রি করে দিয়েছেন? কি করে এই কয়েক মাসের মধ্যে ৬০ পারসেন্ট দাম বেড়ে যায় তা দয়া করে বলবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল তার ভাষণে ১৩ নম্বর অনুচ্ছেদে লিখেছেন ভাগচাষিদের অধিকার রক্ষা করা হয়েছে। আমি কোনও বাইরের বই থেকে নয়, পশ্চিমবাংলার কোনও বই থেকে নয়, আমি ফোরম্যান কমিটির রিপোর্ট থেকে বলছি। এতে ৪ জন আছে, একজন পঞ্চায়েত সমিতির সভাপতি, শ্রী জগন্নাথ ঘোষ। দুনম্বর হচ্ছে বি.এল.আর.ও. শ্রী কাশীনাথ সাহা বি.ডি.ও. শ্রী সুদীপ্ত চক্রবর্তী আর তিন নম্বর হচ্ছেন শ্রী মধু নাথ, যিনি চুরির দায়ে সাসপেন্ড হয়ে আছেন। একটা জায়গার রিপোর্ট মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখতে বলুন, উক্ত মৌজায় অনেকগুলি মৌজা আছে, সব বলতে গেলে সময় লাগবে বলে বলছি না এক নম্বর হচ্ছে যে ৯৫ নং দাগের শালি জমি, সেই জমিতে শ্রী গোষ্ঠবিহারি মাইতি রেকর্ডেড বর্গাদার, তার উপরে কি করা হয়েছে, মালিককে পুলিশি সাহায্য দিয়ে তার ঘরে ধান তুলে দেওয়া হয়েছে। আপনি দয়া করে সেটা দেখে নিতে বলুন। এরই ৪ নম্বর লেখা আছে, আবুল হোসেন খাঁ এও একজন রেকর্ডেড বর্গাদার এরও এই অবস্থা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিনীতভাবে আপনার কাছে অনুরোধ করব, যেটা আমি জানতে চাইছি যে এঁর গোষ্ঠবিহারি মাইতি ও আবুল হোসেন খাঁর অবস্থা কি হবে? আমি এইসব রেকর্ডেড বর্গাদারদের প্রতিনিধি হয়ে এখানে এসেছি কিন্তু এদের কথা

মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে না থাকায় আমি তা সমর্থন করতে পারলাম না। তারজন্য আমি দুঃখিত। ভাগচাষি রেকর্ডেড হওয়া সত্ত্বেও তাদের উপর পুলিশ দিয়ে মালিকের ঘরে ধান তুলে দেওয়া হয়েছে। তারপর এই রাজ্য সরকারের যে একটা পরিবহন বিভাগ আছে বলে রাজ্যপালের ভাষণের মধ্যে কোথাও উল্লেখ নেই। দয়া করে দেখবেন। মাননীয় পরিবহনমন্ত্রী উঠে গেছেন, কিনা আমি জানিনা, তার বোধহয় মনে নেই, আমি গতবারেও বলেছি যে বাগনান স্টেশন থেকে যে বাগনান কমলপুর বাস যায় সেই বাসে উঠলে মাননীয় পরিবহনমন্ত্রী শ্যামল বাবু ঐ নরদেহটি নিয়ে পশ্চিমবঙ্গের রাজভবনে যাওয়া আসা করতে পারতেন না। সেই বাসে মানুষ মানুষের মতো যেতে পারে না, যখন বাস যায় তখন বাসের রং দেখা যায় না। তারপর পশ্চিমবাংলায় যে পানীয় জলের সমস্যা এর কথা কোথাও উল্লেখ নেই। গ্রাম বাংলার মা-বোনেরা পানীয় জলের জন্য হাহাকার করছেন। আমি সেইসব মানুষের প্রতিনিধি হয়ে এখানে এসেছি। তাই আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে পারলাম না। আমি তার বিরোধিতা করে এবং আমাদের দলের আনীত সমস্ত কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-08 P.M.]

শ্রী জটু লাহিড়ী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণই প্রমাণ করে দিচ্ছে যে সি.পি.এমের গুন্ডাদের তান্ডবে শহর এবং গ্রামের মানুষ তাদের প্রতিবাদ করার ভাষা হারিয়ে ফেলেছেন। কারণ যেখানে রাজ্যপাল মহাশয় নিজেই লোভ ভয়ের কাছে আত্মসমর্পন করেছেন এবং যে ভাষণ এখানে পাঠ করেছেন সেই ভাষণ আলিমুদ্দিন স্ট্রিটের অফিসে লেখা। ভয় কিসের? না যদি তিনি এই ভাষণ পাঠ না করেন তাহলে এই সি.পি.এমের গুন্ডারা তার দরজার সামনে আন্দোলন করবে, তার গাড়ি, বাড়ি ভোগ বিলাস চলে যাবে তাই তিনি এই ভাষণ পাঠ করেছেন। মাননীয় রাজ্যপাল একজন বিশিষ্ট শিক্ষাবিদ, কেন্দ্রের মন্ত্রীও ছিলেন, রাষ্ট্রদূত ছিলেন, তিনি তার বিবেককে বাঁধা রেখেছেন। তাহলে দেখুন পশ্চিমবঙ্গের অবস্থা কোথায় গেছে। আই.এম.এফের লোনের কথা নিয়ে আমাদের সরকার পক্ষের অনেক সদস্য চেঁচামেচি করলেন, দেশ রসাতলে যাচ্ছে, দেশকে না কি বিদেশের বাজারে বিক্রি করা হচ্ছে। আমার বন্ধু বললেন 'বণিকের মানদন্ড নাকি শোষণের রূপ নিয়ে দেখা দিতে পারে। আপনারা তো বারবার তাই ঐ বিশ্বাসঘাতকতা করেছেন। স্বাধীনতা আন্দোলনের আগে বিশ্বাসঘাতকতা করেছিলেন। ভেবেছিলেন বৃটিশ সাম্রাজ্যবাদের হাত ধরে ভারতবর্ষের ক্ষমতায় আসবেন। ক্ষমতায় আসতে পারে নি, তাই তখন বলেছিলেন, এই আজাদি ঝুটা হায়। আমাদের নেতাজি সুভাষচন্দ্র বোস, আজকে তাকে নিয়ে আপনাদের দরদ উথলে উঠেছে। কিন্তু সেদিন সেই সুভাষচন্দ্র বোস যখন মিত্রশক্তি জার্মানের সঙ্গে হাত মিলিয়েছিলেন দেশের স্বাধীনতার জন্য, তাকে বলেছিলেন দেশদ্রোহী। আজকে বলছেন দেশপ্রেমিক তবে আমরা জানি, যখন কেউ আপনাদের স্বপক্ষে যায়, সে হয় দেশপ্রেমিক, কিন্তু বিপক্ষে গেলে হয়ে যায় দেশদ্রোহী। ১৯৭২ থেকে ১৯৭৭-ঐ সময়ে সিদ্ধার্থশঙ্কর রায় যখন ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রেসিডেন্টকে কলকাতায় এনেছিলেন, কি করেছিলেন সেদিন? সেদিন আন্দোলন করেছিলেন, নগ্ন গালাগাল করেছিলেন, মানুষকে বিভ্রান্ত করেছিলেন এবং তারজন্য সিদ্ধার্থশঙ্কর রায়কে বলেছিলেন দুরাচারি। আজকে সেই ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রেসিডেন্টকে নিজের ঘরে বসিয়ে জ্যোতিবাবু যখন ঘন্টার পর

ঘন্টা আলোচনা করেন তখন তিনি হয়ে যান ব্রহ্মচারি! আপনারা ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নেন নি তাদের শর্ত মেনে? আপনারা করেন নি সেল্ফ এমপ্লয়মেন্টের জন্য কেউ টাকা নিলে তাকে চাকরি দেওয়া হবে না। আপনারা তাদের শর্ত মেনেই এই সেল্ফ এমপ্লয়মেন্ট স্কীম করেছেন। কিন্তু আপনারা সেই শর্তও খেলাপ করেছেন; তাদের চাকরিও দেন নি, টাকাও দেননি। আজকে এর জবাব আপনাদের দিতে হবে। আপনারা ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে ১৯৭৮ সালে কলকাতার উন্নয়নের জন্য ৮ কোটি ৭০ লক্ষ ডলার নিয়েছিলেন, ১৯৮২ সালে এই খাতে ১৪ কোটি ৭০ লক্ষ ডলার নিয়েছেন। সেই টাকা আপনারা কিভাবে খরচ করেছেন এবং কি শর্ত মেনে এনেছেন? সেই টাকা যখন নিয়েছিলেন তখন একবারও তো বলেন নি যে, ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা খারাপ টাকা, এই টাকা আমরা নেব না! আপনারা কলকাতার ট্রান্সপোর্ট ডেভেলপমেন্টের জন্য ১৯৮০ সালে ওয়ার্ল্ড ব্যাঙ্কের ৮০ কোটি ৬০ লক্ষ ডলার নিয়েছেন। বর্তমানে এখানে অনেক উন্নয়নমূলক কাজে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা খাটছে। ১৯৬০-৬২ সালে ভারতের খাদ্য সঙ্কটকালে আমেরিকার কাছ থেকে পি.এল.৪৮০ চুক্তি বলে যেদিন গম আমদানি করা হয়েছিল সেদিন প্রচার করেছিলেন যে, মার্কিন সাম্রাজ্যবাদিদের কাছে দেশটাকে নাকি বিকিয়ে দেওয়া হচ্ছে এবং তা নিয়ে দেয়ালে দেয়ালে কত কথা লিখেছেন। সেদিন যে গম আনা হয়েছিল সেটা খেয়েই কিন্তু আজকে আপনারা এখানে বিচরণ করছেন। আজকে আমাদের দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। আজকে মনমোহন সিং দোষ স্বীকার করেছেন; বলেছেন, বর্তমানে আমাদের দেশ একটা ভয়ঙ্কর সঙ্কটজনক অবস্থার মধ্যে রয়েছে। কিন্তু আমাদের সৎ সাহস রয়েছে, এই সঙ্কট আমরা কাটিয়ে উঠবই। আপনারা ভাবেন, শশকের মতো মাটিতে মুখ গুঁজে থাকলে কেউ দেখতে পাবে না। আপনারা ভাবছেন, পার পেয়ে যাবেন, কিন্তু পাবেন না। আজকে স্বাস্থ্যের কথা ভাবুন! কলকাতার মেডিক্যাল কলেজ, পি.জি. হসপিটাল, এগুলো আমাদের গর্ব ছিল। আমার এলাকার একজন লোক গত ১৪।১২।৯১ তারিখে কলেজে ভর্তি হয়েছিল। তার আত্মীয় এসে আমাকে বললেন যে মেডিক্যাল কলেজের সুপারিনটেনডেন্ট বলেছেন যে ১২ ঘন্টার মধ্যে এই রুগীকে পি.জি. হসপিটালে ট্রান্সফার না করলে সে মারা যাবে। তখন তিনি সেই সুপারিনটেনডেন্টকে বলেছিলেন যে আপনি ট্রান্সফার করার ব্যবস্থা করে দিন। তখন সুপারিনটেনডেন্ট বলেছিলেন, অত সহজে হবেনা, মন্ত্রী লিখে না দিলে এটা ভর্তি করা যাবেনা। তখন তিনি আমাকে এসে বললেন, আপনি চলুন, মন্ত্রীকে বলে তাকে ভর্তি করার ব্যবস্থা করে দিন। মেডিক্যাল কলেজ থেকে বলেছে যে ১২ ঘন্টার মধ্যে পি.জি. হসপিটালে ট্রান্সফার না করলে রুগি মারা যাবে। কারণ মেডিক্যাল কলেজে তার কোনও ব্যবস্থা নেই। পশ্চিমবঙ্গের গর্ব যে মেডিক্যাল কলেজে এই Respiratoy ইউনিট সেখানে নেই। তারপরে রাইটার্স বিল্ডিংসে গিয়ে কোনও মন্ত্রীর দেখা পেলাম না। হেলথ সেক্রেটারি লীনা চক্রবর্তীর খোঁজ করায় জানানো হল যে তিনি জন্ডিসে আক্রান্ত বলে রাইটার্সে আসেন নি। পশ্চিমবাংলার স্বাস্থ্য দপ্তরটাই জন্ডিসে আক্রান্ত। শেষে একজন সার্জেন্ট বললেন যে একজন মন্ত্রী আছেন, তিনি হচ্ছেন মতীশ রায়। আমি মতীশ বাবুকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি পি.জি.তে টেলিফোন করে বলেছিলেন যে আপনারা এই রুগিকে ভর্তি করে নিন তা নাহলে এই রুগি ১২ ঘন্টার মধ্যে মারা যাবে কারণ মেডিক্যাল কলেজ থেকে বলেছে যে সেখানে এর কোনও ব্যবস্থা নেই। তার উত্তরে বলা হল যে আমাদের কোনও উপায় নেই, কাল বিকালের আগে ভর্তি করা যাবেনা। এই হচ্ছে অবস্থা। মন্ত্রীর কথায়ও

তাকে ভর্তি করা গেলনা। আসলে ওখানে কোনও স্টাফ ছিলনা, কো-অর্ডিনেশন কমিটি না বললে কোনও কাজ হবেনা। নিরপেক্ষ ভাবে কোনও কাজ সেখানে হবেনা। সেজন্য বারে বারে বলছি যে এই অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করুন। রাজ্যপাল যে অসত্য ভাষণ করেছেন তার বিরুদ্ধে প্রতিবাদ করুন, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করুন। তারপরে বলা হয়েছে যে জ্যোতিবাবু নাকি রেকর্ড করেছেন, তিনি একনাগাড়ে ১৪/১৫ বছ মুখ্যমন্ত্রী হয়েছেন। তিনি একজন মুখ্যমন্ত্রী যিনি ১৪/১৫ বছর ধরে বাংলাকে লুঠ করেছেন। বিধানচন্দ্র রায় বাংলার যে উন্নতি করেছেন তিনি সেই রেকর্ড ভাঙতে পারেন নি, বিধানচন্দ্র রায় কল্যাণী, হলদিয়া, দিঘা গড়েছিলেন তিনি সেই রেকর্ড ভাঙতে পারেন নি, বিধানচন্দ্র রায় যে শিল্প গড়েছেন তিনি সেই রেকর্ড ভাঙতে পারেন নি। তিনি সুলতান মামুদের মতো রেকর্ড করেছেন। সুলতান মামুদ ১৭ বার ভারতবর্ষকে লুঠ করেছিলেন। তিনি ৩৬৫ দিন ধরে ১৫ বছর বাংলাকে লুঠ করেছেন। কাজেই রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের প্রতিবাদ করে এবং আমাদের সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 5.08 p.m. till 11.00 a.m. on Thursday, the 12th March, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 12th March, 1992 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 20 Ministers, 9 Ministers of State and 163 Members.

[1-00—1-10 P.M.]

Starred Questions

(to which oral answers were given)

Alleged incidence of rape in Manikchak, Malda

***79.** (Admitted Question No. *198.) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether any F.I.R. has been lodged in the Manikchak Police Station of Malda district during January, 1992 regarding the alleged gang-rape of women; and

(b) if so,

(i) the date of incident and the date on which the F.I.R. was lodged; and

(ii) the steps taken or proposed to be taken in the matter?

Shri Jyoti Basu :

(a) On 26-1-92 at 16.35 hrs. Shri Suresh Mahato S/o Shri Kashi Mahato of Rajkumartola, P.S. Manikchak, submitted a written complaint at the Manikchak P.S. The fact of the rape was reportedly not believed at the initial stage and therefore not recorded. On the basis of the written complaint Manikchak P.S. Case No. 7 dt. 26-1-92 was started convering the attack, assault and looting of property by some miscreants on 24-1-92 Later, on 28-1-92 the SI of Police of Manikchak P.S. submitted a prayer to SDJM, Malda for inclusion of suitable sections under IPC to cover the charge of rape, and with his permission Section 376 I.P.C. was added.

(i) Already mentioned in Part-A.

(ii) The Dist. Police and a team of the CID under the leadership of superior officers supervised the case locally and held repeated raids to apprehend the miscreants. As a result 4 persons have been arrested so far. Further raids are being conducted to apprehend the remaining culprits whose names have been determined during the course of investigation. Joint raids alongwith the Bihar Police are being conducted across the interstate border. Raids were held simultaneously at Rajmahal, Kathihar area under Bihar, Dhulian, Bhutnichar and other places in West Bengal. Warrant of arrest and Proclamation and Attachment Orders have been obtained and executed.

The statements of the victim women were recorded judicially. Action to apprehend the remaining accused is continuing.

A temporary police camp has been set up in addition to the existing out-post at Bhutnichar. The investigation of the case has been taken over by the CID.

Relief in the form of GR, Clothing, blankets, etc. was given to the victims. Subsidy and bank loan assistance under IRDP has been provided to 10 of the 13 women passengers. The project cost of each case is Rs. 11,500/-.

Some negligence on the part of the duty officer, Manikchak P.S. came to light in connection with this case and as such he has been placed under suspension and a departmental enquiry has been initiated against him.

Shri Saugata Roy : Sir, as you have already noted that there is a time lag of two days between the actual acceptance of FIR and the incident that took place. It has been alleged by a CPI M.P. that the supporters of CPI(M) were allegedly involved in the matter. Would the Hon'ble Chief Minister kindly state whether this is correct and if so whether this was the reason for the delay?

Shri Jyoti Basu : It is absolutely incorrect and therefore, I have already stated how the criminal action in regard to rape was included.

Shri Saugata Roy : Sir, it has been alleged that some of the miscreants were from West Bengal and some were from Bihar. Would the Chief Minister be pleased to state the names of the miscreants

(whose names have been lodged in the F.I.R.) from West Bengal as also from Bihar, if it is available?

Shri Jyoti Basu : The following names were mentioned in the F.I.P.

(1) Shri Mohan Singh, leader of the Thia party operating on the Ganges (2) Shri Panchanan Chowdhury of Gangaramtala, P.S. Manikchawk, Jyotish Mahato of Rajkumartola, P.S. Manikchawk and 14 others.

During investigation the following names transpired :

1) Narsing Mahato 2) Sri Kailash Mahato 3) Shri Tunlal Mahato
4) Bawna Mahato 5) Sri Mahendra Mahato 6) Sri Ramdev Mahato
7) Banku Mahato 8) Sri Gokali Mahato 9) Sri Mohansing Mahato
10) Jani Mahato

Shri Saugata Roy : Any political affiliation?

Shri Jyoti Basu : There is no political affiliation found for any of these persons.

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ আপনার রিপ্লাইতে দেখলাম যে প্রথমে যে অভিযোগ দায়ের হয়েছিল তাতে ধর্ষণের অভিযোগটা যুক্ত হয়নি। যেটা অভিযোগ যে, স্থানীয় থানার অফিসার ধর্ষণের অভিযোগ গ্রহণ করতে চায়নি। এই রকম অভিযোগ শোনা যাচ্ছে। এটা তদন্ত করে দেখা হচ্ছে কি?

Mr. Speaker : He has already replied that action has been taken. The Proceeding has already been started.

Shri Gyan Singh Sohanpal : Will the Hon'ble Chief Minister be pleased to state the avocation of the persons named in the F.I.R.

Shri Jyoti Basu : I have no report about their occupation.

Dr. Manas Bhunia : Will the Hon'bel Chief Minister be pleased to state what was the observation of the Bihar Police when their opinion was sought by the Govt. of West Bengal.

Shri Jyoti Basu : Bihar Police is cooperating with us. Raids have been conducted in Bihar along with our Police.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় যদি অনুগ্রহ করে জানান যে

সাম্প্রতিককালে রেপের ঘটনা আমরা অনেকে জানতে পারছি যে ইন্সিডেন্ট অব রেপ বেড়ে গেছে এটা, না মানুষের মেন্টালিটি চেঞ্জ হয়ে গেছে, না, যেটা নলেজে আসছে, রেকর্ড হচ্ছে—এটা যদি আপনি ফ্যাক্টস্ দিয়ে আমাদের বোঝাতে পারেন, আলোকপাত করতে পারেন—এটা বলুন।

Mr. Speaker : How can he answer?

Dr. Zainal Abedin : If he cannot answer, let him not answer. Whether as per records the incidents of rape in the State has lately increased or whether recordings and registering of the cases have increased?

Shri Jyoti Basu : The Police budget is yet to come and after the budget is placed in the House I will be in a postition to reply.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় মুখ্যমন্ত্রী দয়া করে জানাবেন—বিভিন্ন সংবাদপত্রে বিভিন্ন রকম সংবাদ বেরিয়েছে, কোথাও বেরিয়েছে ৫ জন, কোথাও ৭ জন, আবার কোথাও বা ১১ জন রেপ হয়েছে—সঠিক ঘটনাটা কি? এই ব্যাপারে আপনার দলের কেউ আছে কি?

মিঃ স্পিকার ঃ উনি তো অলরেডি বলেছেন।

[11-10—11-20 A.M.]

শ্রী জ্যোতি বসু ঃ স্পিকার যেটা বললেন এরমধ্যে তো অনেকেই আছেন। এক আধজন এরমধ্যে এভিডেন্স দেননি, তারা ডাক্তারের কাছে যাননি। ১০ থেকে ১২ জন মতো ওয়ার রেপড্।

শ্রী সৌগত রায় ঃ ১০ থেকে ১২ এইরকম তো কোনও সংখ্যা হতে পারে না। আপনি একজ্যাক্ট ফিগারটা বলুন।

শ্রী জ্যোতি বসু ঃ পুলিশের রিপোর্টে দু'জন—কিন্তু যেটুকু জানা গেছে তাতে হচ্ছে যে ১-২ জন ডাক্তারের কাছে যেতে অস্বীকার করেন।

বার্ণপুর "ইসকো" কারখানা আধুনিকীকরণ

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৯।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিককালে বার্ণপুরের 'ইসকো' কারখানার আধুনিকীকরণের ব্যাপারে রাজ্য সরকারের সাথে কেন্দ্রীয় সরকারের আলোচনা হয়েছে কি; এবং

(খ) হয়ে থাকলে, আলোচনার বিষয়বস্তু এবং বিষয়টি বর্তমানে কি পর্যায়ে আছে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :

ক) বিগত কয়েক বৎসর যাবৎ রাজ্য সরকার বার্নপুরের 'ইস্‌কো' কারখানায় আধুনিকীকরণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়ে যাচ্ছেন।

খ) কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে কোনও চূড়ান্ত সিদ্ধান্ত এখনও জানাননি। বিষয়টি ত্বরান্বিত করার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে ক্রমাগত অনুরোধ জানিয়ে যাচ্ছেন।

শ্রী দিলীপ মজুমদার : মাননীয় মন্ত্রী নিশ্চয় জানেন যে, এটি পশ্চিমবঙ্গের একটা খুব বড় শিল্প এবং শুধু বড় শিল্প নয়, অন্যতম একটা স্তম্ভ এবং ১৯৭৩ সালে কেন্দ্রীয় সরকার এই শিল্পটিকে অধিগ্রহণ করেন। তখন এই কারখানাটির জরাজীর্ণ অবস্থা ছিল, তারপরে এই কারখানাটির কিছুটা উন্নত হয় কিন্তু আবার এই ইসকো কারখানাটি জরাজীর্ণ অবস্থায় পড়েছে এবং কেন্দ্রীয় সরকার এই কারখানাটির এক্সপ্যানসনের কোনও রকম স্কীম নেননি। যার ফলে ২৪ হাজার শ্রমিক কর্মচারী আজকে আশঙ্কার মধ্যে দিয়ে দিন কাটাচ্ছে। এই কারখানাকে কেন্দ্র করে অসংখ্য মানুষ, বিভিন্ন কলকারখানা, ব্যবসা-বাণিজ্য, জীবিকা নির্বাহ করে, তারা আজকে বিপর্যয়গ্রস্ত। সুতরাং আজকে পশ্চিমবঙ্গের স্বার্থে কেন্দ্রীয় সরকারের কাছে মাননীয় মুখ্যমন্ত্রী বিষয়টি জানিয়েছেন কিনা এবং জানিয়ে থাকলে কেন্দ্রীয় সরকার এই কারখানাটির জন্য কি ব্যবস্থা নিচ্ছেন এবং তা কোনও পর্যায়ে আছে মাননীয় মন্ত্রী একটু জানাবেন কি?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি : গত ২-৩ বছর যাবৎই মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের ইস্পাত মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করে আসছেন এবং মাননীয় সদস্য যে বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন, রাজ্য সরকারও সেটার সম্পূর্ণরূপে একমত পোষণ করেন। এই কারখানার গুরুত্ব সম্পর্কে যোগাযোগ করার পরেও বহুদিন টালবাহনা করা হয়েছে। তবে সম্প্রতি ওরা জানিয়েছেন যে, পাবলিক ইনভেস্টমেন্ট বোর্ডের কাছ থেকে পাশ হয়েছে, কিন্তু কিভাবে করবে সেটার বিনিয়োগ এখনও চূড়ান্তভাবে হয়নি, চূড়ান্তভাবে হলেই জানাবে।

শ্রী দিলীপ মজুমদার : এই ইসকো কারখানাটিকে পুনরুজ্জীবিত করার জন্য, এর এক্সপ্যানসন করার জন্য কি নির্দিষ্ট স্কীম ভারত সরকারের বিবেচনাধীন আছে? কারণ আমরা শুনেছিলাম যে, রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখনই এই স্কীমটি ফাইনাল স্তরে এসে গেছিল। মাঝখানে কয়েক মাস কংগ্রেস সরকার ছিল না। আবার চন্দ্রশেখর সরকার এবং কংগ্রেস সরকার ফিরে এসেছে। এখন যথার্থভাবে এই পিরিয়ডের মধ্যে কোনও নির্দিষ্ট স্কীমের পরিকল্পনা ভারত সরকার নিয়েছেন কিনা সেটা মাননীয় মন্ত্রী নির্দিষ্টভাবে জানাবেন কি?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি : স্কীমের বিস্তারিত বিষয় এখনও আমাদের জানায়নি। তবে কারিগরি বিষয়ক কাজ করেছেন এবং এটা যে সংস্থা অনুমোদন করেন, তারা অনুমোদন করে দিয়েছেন। তবে এটা কার্যকর করার ব্যাপারে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার গ্রহণ করতে পারেননি, পারলে জানাবেন।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর উত্তরে যেটা বললেন তিনি যদি এখানে পরিষ্কার করে বলেন বামফ্রন্ট সরকার যা বলছেন তারা প্রাইভেটাইজেশনের বিরুদ্ধে ইন্ডাস্ট্রিয়াল পলিসির ক্ষেত্রে—এই ব্যাপারে তাদের পদক্ষেপ খুব দৃঢ়। ইসকো আধুনিকীকরণের ব্যাপারে আমরা জানতে চাইছি—রাজ্য সরকারের পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের কাছে, প্রধানমন্ত্রীর কাছে বা ইস্পাত মন্ত্রীর কাছে, কোনও একজন ব্যক্তিগত মালিকের হাতে দিয়ে দেবার জন্য, একজন বিখ্যাত শিল্পপতি অনাবাসী ভারতীয়কে দেবার জন্য, কোনও চিঠিপত্র লিখেছেন কি?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ আমি আগেই বলেছি বিভিন্ন পর্যায়ে গত তিন বছর যাবৎ প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রী অনেকবার আলাপ--আলোচনা করেছেন। এবং সর্বশেষ আলাপ-আলোচনা যা হয়েছে সেই পরিপ্রেক্ষিতে চিঠি দিয়ে এটার গুরুত্ব উপলব্ধি করে এটাকে আধুনিকীকরণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানানো হয়েছে। এই ব্যাপারে প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী এবং পরিকল্পনা কমিশন বলেছেন অর্থ সঙ্কটের জন্য এখন টাকা বিনিয়োগ করা সম্ভব নয়। এটার জন্য প্রায় ৬ হাজার ৭৭ হাজার কোটি টাকা লাগবে, তাই এখুনি বিনিয়োগ করা সম্ভব নয়। পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী তিনি বারে বারে কেন্দ্রীয় সরকারকে এই কারখানা পুনরুজ্জীবনের জন্য এগিয়ে আসতে বলেছেন এবং টাকা বিনিয়োগ করতে বলেছেন। কিন্তু ওরা বলেছেন টাকা নেই, এখন কিছু করতে পারবেন না। এমন কি মুখ্যমন্ত্রীর চিঠিপত্র নিয়ে আমরা আলোচনার ফলোআপ করার জন্য যখন গিয়েছি, তখন পরিকল্পনা কমিশনের উপাধ্যক্ষ প্রণব মুখার্জি, কেন্দ্রীয় অর্থমন্ত্রী মনমোহন সিং এরা গুরুত্ব স্বীকার করেছেন কিন্তু অর্থ দিতে পারবেন না বলেছেন। সেইজন্য অনাবাসী ভারতীয় একজন তিনি বলেছেন নিজে চিঠি লিখে আগ্রহ প্রকাশ করে যে, তিনি লৌহ বিশেষজ্ঞ, তিনি এই বিষয়ে আগ্রহী। তিনি এই চিঠি লিখেছেন প্রধানমন্ত্রীর কাছে, এই ব্যাপারে আমরা তখন রাজ্য সরকারের পক্ষ থেকে ঠিক করি, কেন্দ্রীয় সরকার যদি একদম বিনিয়োগ না করেন তাহলে সেই ক্ষেত্রে অনাবাসী ভারতীয়ের প্রস্তাবের ব্যাপারটা বিবেচনা করা যেতে পারে।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ স্যার, উনি যেভাবে আলোচনা উত্থাপন করলেন তাতে করে এটা আমাদের কাছে পরিষ্কার হচ্ছে না—কেন্দ্রীয় সরকার নির্দিষ্ট ভাবে যদি এই সাহায্য করতে রাজি না থাকেন, তাহলে সেক্ষেত্রে তারা কি বিরাষ্ট্রীয়করণের কোনও প্রস্তাব করছেন, না অনাবাসী ভারতীয় যিনি সাহায্য করতে রাজি হচ্ছেন, সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকার কোনও গ্রীন সিগন্যাল দিচ্ছেন? এবং সেই অনাবাসী ভারতীয়ের যদি নাম করে বলতে পারেন তাহলে ভাল হয়। নাম করলে মহা অপরাধ হবে না, আপনি একটু খোলতাই করে বলুন।

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ স্বরাজ পাল মহাশয় যে চিঠি লিখেছেন, সেই ব্যাপারে তিনি ওদের সঙ্গে কথা বলেছেন, দেখা করেছেন, আমরা এই ব্যাপারে কিছু জানি না।

শ্রী সৌগত রায় ঃ স্যার, প্রথমে ঠিক ছিল রাজীব গান্ধীর আমলে জাপানীর সহায়তায় ইসকো আধুনিকীকরণ করা হবে। তার পর ভি. পি. সিং-এর আমলে সেটা বাতিল হয়ে যায়, একটা ইভোলিউশন কমিটি হয়। বর্তমানে এটা ঠিকই যে, দেশে একটা আর্থিক সঙ্কট

চলছে, এই অবস্থায় ইসকোর অধুনিকীকরণের জন্য টাকা দেওয়া সম্ভব হচ্ছে না। তাই অনাবাসীকে দিয়ে দেওয়া হোক বলে মুখ্যমন্ত্রী যে চিঠি লিখেছেন, তাতে তিনি কি লিখেছেন, তা আমরা জানি না। মুখ্যমন্ত্রী বলবেন কি—তিনি কি টেকনিক্যাল এক্সপার্টাইজ দেবেন, নাকি টেক ওভার করবেন।

[11-20—11-30 A.M.]

শ্রী জ্যোতি বসু ঃ আমি বুঝছি না, এখানে জটিলতা কোথায় আছে। ছ'হাজার কোটি টাকা ইসকো আধুনিকীকরণের জন্য লাগবে এবং এটাই শেষ অবধি কথা হয়েছে। তারপর আমি কেন্দ্রীয় অর্থমন্ত্রী ও প্রণব মুখার্জি মহাশয়কে জিজ্ঞাসা করি এটা কিভাবে হবে, না হবে। তখন ওরা আমাকে বলল, এত টাকা আমাদের পক্ষে দেওয়া সম্ভব নয়। তবে আমরা দেখছি কি করা যায়। তারপর আমি ওদের চিঠি লিখলাম যে আপনারা নিজেরা করলে আমি খুব খুশি হব, আর তা যদি না করতে পারেন তাহলে অন্য কথা ভাবতে হবে। তবে আধুনিকীকরণ করতেই হবে, তা না--হলে কারখানাটি টিকবে না। তারপর আমি যখন লণ্ডনে গিয়েছিলাম তখন আমি স্বরাজ পাল মহাশয়কে বলেছিলাম, তখন উনি আমাকে বলেছিলেন যে কেন্দ্র যদি এটা দেন তাহলে আমি এটা নিতে পারি। তারপর, আমি তখন কেন্দ্রীয় সরকারকে বললাম, করেসপন্ডেন্স করুন। তারপর বর্তমানে কি ব্যাপার হল, কি দাঁড়াল আমরা জানতে পারলাম না। স্বরাজ পাল এখানে এসে ইস্পাত মন্ত্রীর সাথে কথা বলে তারপর বিলেতে চলে যান। তারপর থেকে আমরা আর কিছুই জানি না, আমরা এখন অপেক্ষা করছি।

শ্রী গৌতম রায়চৌধুরি ঃ মাননীয় শিল্পবাণিজ্য মন্ত্রী মহাশয় জানাবেন কি গত পাঁচ বছর ধরে এটা নিয়ে অনেক টালবাহানা করা হচ্ছে। এটা কি কেন্দ্রীয় সরকারের শিল্পনীতির অঙ্গ হিসাবেই করা হচ্ছে? দ্বিতীয়ত এতদিন ধরে এটা চলছে, এই আধুনিকীকরণের কোনও সময়সীমা আছে কি?

মিঃ স্পিকার ঃ একটা প্রশ্নের উত্তর দেবেন।

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ এটা ঠিকই যে এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কেন্দ্রীয় সরকার অনেক দেরি করেছেন, মাননীয় সদস্যের সঙ্গে এ বিষয়ে আমরাও একমত।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মুখ্যমন্ত্রী ঠিকই বলেছেন, যে দুর্গাপুর স্টিল প্ল্যান্টের আধুনিকীকরণের জন্য কেন্দ্রীয় সরকার যখন ব্যর্থ হয়েছেন তখন উনি স্বরাজ পালের সঙ্গে কথা বলেছেন। পাবলিক সেক্টর আন্ডারটেকিংকে ব্যক্তিগত মালিকানায় দেওয়ার ব্যাপারে বর্তমান রাজ্য সরকার এতদিন বাধা দিয়েছেন, তাহলে বর্তমানে কি রাজ্য সরকারের শিল্পনীতির পরিবর্তন হয়েছে?

মিঃ স্পিকার ঃ এই প্রশ্ন হয় না।

শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ এইটথ্ ফাইভ ইয়ার প্ল্যান আগামী এপ্রিল মাস থেকে শুরু হতে চলেছে। এই এইট ফাইভ ইয়ার প্ল্যানের মধ্যে যদি আধুনিকীকরণের বিষয়টা না থাকে

তাহলে আরও পাঁচ বছর দেরি হয়ে যাবে। মেমোরেন্ডামের মধ্যে এই বিষয়টা আছে কিনা, একটু জানাবেন কি?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ ওরা চূড়ান্ত সিদ্ধান্ত এখনও জানাননি।

"আজকাল" সংবাদপত্র অফিসে হামলা

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭০।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) "আজকাল" সংবাদপত্র অফিসে কর্মী ও সাংবাদিকদের উপর হামলাকারী একটি দলের কতজন কর্মী/সমর্থককে গ্রেপ্তার করা হয়েছে; এবং

(খ) উক্ত দলের বে-আইনি কার্যকলাপ সম্পর্কে কোনও তথ্য রাজ্য সরকারের কাছে আছে কি?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) ৩৭ জনকে।

(খ) হ্যাঁ, একটি ঘটনার খবর আছে।

শ্রী প্রশান্ত প্রধান ঃ সংবাদপত্রের অফিসে যে হামলা হয়েছে তা আমরা কাগজে দেখেছি এবং হামলাকারীদের প্রধান তিনি নাকি নির্দেশ দিয়েছেন যে অ্যাকশন করতে হবে। এই রকম আরও অন্যান্য অ্যাকশনের খবর আপনার কাছে আছে কিনা?

শ্রী জ্যোতি বসু ঃ এই রকম খবর আমি সংবাদপত্রে দেখেছি। পুলিশ রিপোর্টে যে আছে সেটা এখনও প্রমাণিত হয়নি। আমরা বলেছি যে, এর মামলা হবে, মামলা রুজু হয়েছে এবং সেখানে সাক্ষীদের কাছ থেকে এই খবর পাওয়া যায় যে ওই নেতা ওইরকম করতে বলেছিলেন তাহলে ব্যবস্থাবলম্বন করতে হবে।

শ্রী আব্দুল মান্নান ঃ যে সংবাদপত্র অফিসে হামলা হয়েছে সেখান থেকে থানা মাত্র কুড়ি গজ দূরে। কিন্তু নির্দিষ্ট সময়ে খবর পাওয়ার পর পুলিশ অফিসাররা সেখানে যেতে পারেননি। এবং প্রোটেকশন দিতে পারেননি। ওই দোষী পুলিশ অফিসারদের বিরুদ্ধে শাস্তি দেবার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

মিঃ স্পিকার ঃ পুলিশ অফিসাররা যে দোষী ছিলেন সেটাই তো এখনো প্রমাণিত হয়নি। এই প্রশ্ন উঠতে পারে না এবং এইভাবে হয় না।

শ্রী জ্যোতি বসু ঃ ওরা থানাকে বলে যাননি। কুড়ি মিনিট পরে থানা খবর পেয়েছিল এবং পুলিশ গিয়েছিল।

Export Electronic Teleprinters

***83.** (Admitted Question No. *194.) **Shri Deoki Nandan Poddar** and **Shri Saugata Roy** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the present position of the Orders for supply/export of Electronic disintegration of the Republic; and

(b) the steps, if any, taken/proposed for procuring orders for supplying Electronic Teleprinters to the breakaway republics?

Shri Bidyut Ganguly :

(a) Two orders for the supply of Electronic Teleprinters were received from an organisation of erstwhile U. S. S. R. One of the orders has been executed. Against the second order, prior advance before execution of the order is awaited.

(b) Steps will be taken in due course after receipt of details of new trade protocols.

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, রাজ্য সরকার জয়েন্ট সেক্টারে সিমেন্সের সঙ্গে কারখানাটি করেছিলেন ইলেকট্রনিক টেলিপ্রিন্টার তৈরি করবার জন্য কিন্তু এর মধ্যে ইলেকট্রনিক টেলিপ্রিন্টার ব্যাক ডেটেড হয়ে গেছে এবং লোকে ব্যবহার করছে না। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ওই কারখানাটিতে ইলেকট্রনিক টেলিপ্রিন্টার আর তৈরি হবে কি না এবং হলে কোন জায়গাতে সেগুলি বিক্রি করা হবে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ ওই কারখানাতে ইলেকট্রনিক টেলিপ্রিন্টার তৈরি হবে না এইরকম কোনও সিদ্ধান্ত হয়নি। তবে আধুনিক প্রযুক্তি যুক্ত করবার প্রচেষ্টা চলছে।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ওই কারখানাতে অত্যাধুনিক ফ্যাক্স মেশিন তৈরি করবার কোনও পরিকল্পনা আছে কিনা?

মিঃ স্পিকার ঃ নোটিশ দিতে হবে। আই কান্ট অ্যালাও, আই অ্যাম সরি।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, কত টাকার অর্ডার হয়েছে এবং বিনিময় মুদ্রাটা টাকায় ছিল না কি রুবলে ছিল।

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ প্রথম অর্ডারটা এক্সিকিউট হয়ে গেছে এবং সেটা ১ কোটি ৮৯ লক্ষ টাকার ছিল। দ্বিতীয়টা হয়নি অ্যাডভান্স না দিতে পারার জন্য। সেটা রুবলে না টাকায় হয়েছে সেটার ব্যাপারে নোটিশ দিতে হবে।

মিঃ স্পিকার ঃ এটা মন্ত্রী মহাশয় পরের দিন আপনি জেনে জানিয়ে দেবেন ভ্যালু অফ দি অর্ডারস কত? পরে কালকে অথবা পরশু জানিয়ে দেবেন এটা।

কুলটি ব্লকে পানীয় জল সরবরাহ

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২।) **শ্রী মানিকলাল আচার্য ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার কুলটি ব্লকে পানীয় জল সরবরাহ বৃদ্ধির জন্য কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি; এবং

(খ) হয়ে থাকলে,

(১) কি কি ব্যবস্থা; এবং

(২) ঐগুলি কবে নাগাদ রূপায়িত হবে বলে আশা করা যায়?

[11-30—11-40 A.M.]

শ্রী গৌতম দেব ঃ

(ক) কুলটি ব্লকে পানীয় জল সরবরাহ বৃদ্ধির একটি প্রকল্প সম্প্রতি পাওয়া গেছে—ইহা বিবেচনাধীন আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

Drug addicts in Calcutta

*85. (Admitted Question No. *209.) **Dr. Tarun Adhikari** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the number of cases of Drug addicts switching over to Intravenous Drugs have increased in Calcutta during the past three years; and

(b) if so,

(i) the reasons thereof; and

(ii) the steps taken or proposed to be taken to check/prevent the lethal menace of Intravenous Drug Abuse?

Shri Jyoti Basu :

(a) There is no such information.

(b) (i) and (ii) Does not arise.

ডাঃ তরুণ অধিকারী ঃ মাননীয় মুখ্যমন্ত্রী জানেন পশ্চিমবাংলায় ড্রাগ অ্যাডিকশন একটা

সমস্যা হয়ে দাঁড়িয়েছে। লোকে সুইচ ওভার করে ইন্ট্যারভেনাস নিচ্ছে বা অ্যাডিকশন করছে এবং বৃহত্তর কলকাতার বিপদ খুব বেড়ে গিয়েছে। তাই কলকাতায় কোনও সেন্টার করেছেন কিনা বা চিকিৎসার ব্যবস্থা করেছেন কিনা জানাবেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান দু-তিনটে আমাদের কাছে জমি চেয়েছে এই কাজটা করার জন্য, এদের ট্রিটমেন্ট করার জন্য। সেটা আমরা বিবেচনা করছি। আমাদের হাসপাতালে যা হয় তার থেকে আলাদা করে কিছু করা হয়নি।

শ্রী সৌগত রায় ঃ স্যার, আমি জানি না, মুখ্যমন্ত্রীর কাছে কি করে খবর নেই। দি স্টেটসম্যানের ২রা ফেব্রুয়ারি হেড লাইন নিউজ বেরিয়েছে অ্যাডিক্টস সুইচ ওভার টু ইন্টারভেনাস ড্রাগস। কিন্তু মুখ্যমন্ত্রী বললেন তাঁর কাছে কোনও খবর নেই। In fact বেরিয়েছে, Injecting has become widespread during the past four to five years. But it is only with the admission of patients indulging in intra-venous drug abuse during the past two years that has led Dr. Basu and others to realize that intervenous drug abuse is here to stay.

তাঁর খবর না থাকার কোনও কারণ ছিল না। হয়তো দপ্তর খবরের কাগজে যে রিপোর্ট বেরোয় তাও পড়ে না। মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই যেটা মূল সমস্যা হয়ে দাঁড়িয়েছে, ইন্ট্রাভেনাস ড্রাগ অ্যাবুস হচ্ছে। এডস এপিডেমিক হিসাবে স্টার্ট হতে পারে, ইনফ্যাক্টেড হতে পারে। এইভাবে ইন্ট্রাভেনাস ইনজেকশন নেওয়ার ফলে এইডস এপিডেমিক হিসাবে কলকাতায় না ছড়িয়ে পড়া ইন্ট্রাভেনাস ড্রাগ অ্যাডিকশনের ব্যাপারে কি ব্যবস্থা নিচ্ছেন?

শ্রী জ্যোতি বসু ঃ সৌগত রায়ের কাছে যখন খবর আছে ইনজেকশন নিচ্ছে, আমাদের কাছে তার নাম পাঠিয়ে দেবেন। দি স্টেটসম্যানে যা বেরিয়েছে তাই ধ্রুব সত্য। কি গবেষণা করে তারা জানতে পারলেন আমার কাছে তার দু-চারটে নাম গবেষণা করে যা পেয়েছে তা পাঠিয়ে দিলে উপকৃত হব।

শ্রী ইউনুস সরকার ঃ ড্রাগ অ্যাফেক্টেডের প্রশ্ন উঠেছে। ড্রাগ আমাদের এখানে আসছে কোন দেশ থেকে বা কোন রাজ্য থেকে?

মিঃ স্পিকার ঃ নোটিশ দিতে হবে, অফেন হয় না।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন পুলিশ দপ্তরের অধীনে একটা বিশেষ ড্রাগ ন্যারোটিক সেল তৈরি করেছেন। গত এক বছরে এই ধরনের ড্রাগ অ্যাডিক্ট, ড্রাগ পেডলার বের করার জন্য ড্রাগ ট্রাফিসিং সেন্টারে ডিটেক্ট করার জন্য বা এইগুলো চেক করার জন্য ড্রাগ ন্যারোটিক সেল কি কি পদক্ষেপ নিয়েছে।

শ্রী জ্যোতি বসু ঃ আমরা সেল একটা তৈরি করেছি মাননীয় সদস্য তা জানেন এবং তারা চেষ্টাও করছেন খবর নিতে যে কোথায় কোথায় এইসব ঘটনা ঘটছে। এখনই তার ডিটেলস আমি বলতে পারব না, বোধহয় বলা উচিতও নয়, কারণ এগুলি গোপনীয়ভাবে করতে হয়, ব্যবস্থা সব নিতে হয়—এইটুকু আমি বলতে পারি।

ছেন্দাপাথর উলফ্রাম খনি

**৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৭।) শ্রীমতী আরতি হেমব্রম : শিল্প ও বাণিজ্য* ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য, বাঁকুড়া জেলার ছেন্দাপাথর উলফ্রাম খনি দীর্ঘদিন যাবৎ বন্ধ আছে; এবং

(খ) সত্য হলে, উক্ত খনি চালু করার কোনও পরিকল্পনা আছে কি?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :

(ক) হ্যাঁ।

(খ) খনি চালু করার সম্ভাবনা খতিয়ে দেখা হচ্ছে।

শ্রীমতী আরতি হেমব্রম : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, উক্ত ছেন্দাপাথর উলফ্রাম খনি কতদিনের মধ্যে চালু হবে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি : কবে চালু করা হবে সেটা এখনই বলা যায় না। তবে চালু করার সম্ভাব্যতা খতিয়ে দেখা হচ্ছে।

শ্রীমতী আরতি হেমব্রম : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, উক্ত উলফ্রাম খনি বন্ধ হবার কারণ কি?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি : এটা যে কোম্পানি—গৌরীপুর ইন্ডাস্ট্রি করেছিলেন—ওরা প্রযুক্তিগত দিক থেকে ভুল পদ্ধতি গ্রহণ করার জন্য এর কাজ ভালভাবে হয়নি। এখন আধুনিক পদ্ধতিতে কি করা যায় সেটা খতিয়ে দেখা হচ্ছে।

শ্রী সুরেন্দ্রনাথ মাঝি : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে উলফ্রাম খনিটি বন্ধ হয়ে আছে এতে কতজনের কর্মসংস্থানের ব্যবস্থা ছিল যারা এখন বসে আছেন, কাজ পাচ্ছেন না?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি : এটা অনেকদিন আগে বন্ধ হয়ে গিয়েছে। নোটিশ দিলে সংখ্যাটা বলতে পারব।

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প

***৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৬।) **ডাঃ মোতাহার হোসেন :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯০-৯১ সালে বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য বাজেটে অর্থ বরাদ্দের পরিমাণ কত ছিল; এবং

(খ) ঐ আর্থিক বছরে উক্ত প্রকল্পে কত টাকা ব্যয় হয়েছে?

ডঃ শঙ্করকুমার সেন ঃ

(ক) ১৯৯০-৯১ সালে বাজেটে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্পের জন্য অর্থ বরাদ্দ ছিল ১৩৪ কোটি টাকা। পরে সংশোধিত টাকার পরিমাণ ৫৫ কোটি টাকা করা হয়।

(খ) ঐ আর্থিক বছরে উক্ত প্রকল্পে ৫২.৫৮ কোটি টাকা ব্যয় হয়েছে।

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই প্রকল্পের গুরুত্ব কমে গেল কি করে? যে প্রকল্প এক সময় ওরা রক্ত দিয়ে গড়ার শপথ নিয়েছিলেন সেই প্রকল্পের জন্য টাকা ১৩৪ কোটি থেকে সংশোধন করে ৫৫ কোটি টাকা করলেন কেন এবং যেটুকুও বরাদ্দ করলেন সেটুকুও খরচ হল না কেন?

[11-40—11-50 A.M.]

ডঃ শঙ্করকুমার সেন ঃ আপনারা জানেন যে এই প্রকল্পটি নিয়ে একটি বিদেশি রাষ্ট্রের সঙ্গে কথাবার্তা হয়েছিল এবং তারা ১০০ শতাংশের মধ্যে কতটা সাহায্য সহযোগিতা করবেন তা ঠিক হবার আগেই তাদের সঙ্গে যোগাযোগ বাতিল হয়ে যায়। ফলে কোন্ কোন্ লাইনে অর্থ বরাদ্দ করা হবে তা ঠিক করা যায় না। যে কোনও একটা প্রকল্পে কিছু ক্রিটিক্যাল এরিয়া থাকে এবং কিছু নন-ক্রিটিক্যাল এরিয়া থাকে। অবশ্যই ক্রিটিক্যাল এরিয়াতে বৈদেশিক সাহায্যের প্রয়োজন হয়। এ ক্ষেত্রেও সেইভাবে প্রকল্পটি রচিত হয়েছে এবং যেহেতু এখন পর্যন্ত ঐ এরিয়ায় কোনও রকম অর্থ ব্যয় করার প্রশ্ন দেখা দেয়নি সেহেতু ব্যয় কম হয়েছে।

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, প্রথম যখন প্রকল্পটি মঞ্জুর করা হয়েছিল তখন প্রথম ইউনিটটি কোন্ সময়ে চালু করার কথা ছিল এবং এখন কবে চালু হবে বলে আশা করছেন?

ডঃ শঙ্করকুমার সেন ঃ ১৯৯৫ সালে প্রথম ইউনিটটি চালু হবার কথা ছিল। কিন্তু আমার মনে হয় এখন যা পরিস্থিতি দাঁড়িয়েছে তাতে এরপর যদি সব ঠিকমতো চলে তাহলেও ১৯৯৭ সালের আগে প্রথম ইউনিটটি আসবে না।

শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্পটি রূপায়িত করার জন্য বিদেশি সাহায্যের প্রয়োজনে নতুন করে কোনও বিদেশি রাষ্ট্রের সঙ্গে যোগাযোগের সিদ্ধান্ত নিয়েছেন কি?

ডঃ শঙ্করকুমার সেন ঃ আগে একটা বিদেশি রাষ্ট্রের সঙ্গে যোগাযোগ করা হয়েছিল, তারপর গত বছর জুলাই-আগস্ট মাসে সেটা ডি-লিঙ্ক করা হয় এবং এখন আর একটা বিদেশি রাষ্ট্রের সঙ্গে কথাবার্তা বলার জন্য ভারত সরকারের অনুমতি পেয়েছি। তবে এখন পর্যন্ত বিদেশি রাষ্ট্রের সঙ্গে কোনও কিছুই ফাইনালাইজ হয়নি।

শ্রী তপন হোড় ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, রুশ সাহায্যের পরিবর্তে এখন জাপানি সাহায্য নেওয়ার কথা শুনছি এবং এই মুহূর্তে' আরও শুনছি যে, জাপানীরা নাকি এ বিষয়ে এখন কিছুটা দ্বিধাগ্রস্ত। এ বিষয়ে প্রকৃত তথ্য কি?

ডঃ শঙ্করকুমার সেন ঃ জাপানের ও. ই. সি. এফ.-এর সঙ্গে আলাপ-আলোচনা চলছে। প্রাথমিক স্তরে একবার আলোচনা হয়েছে। আমরা আশা করছি যে, আগামী এপ্রিল মাসে ওঁরা আবার আসবেন। এখন পর্যন্ত যা অবস্থা তাতে মনে হয় না যে, আগামী জুন মাসের আগে ওঁদের কাছ থেকে কোনও ফাইনাল সে পাব। তবে দিল্লিতে বিস্তারিতভাবে একটা প্রাথমিক আলোচনা হয়েছে। সেখানে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন ডিপার্টমেন্টের অফিসাররা ছিলেন, আমাদের অফিসাররাও ছিলেন। কথা-বার্তা হয়েছে এবং আমি বলছি, কথা-বার্তা সুষ্ঠুভাবেই হয়েছে।

শ্রী সাধন পাণ্ডে ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, বক্রেশ্বর নিয়ে অনেক জল গড়িয়েছে। যে বিদেশি ঋণের ব্যাপারে আপনাদের দল কন্ডিশন্যালিটিস-এর কথা তোলে, সেই বিদেশি ঋণ এ ক্ষেত্রে নেবার ব্যাপারে আপনারা পশ্চিমবঙ্গের ঘাড়ে কি কি কন্ডিশন চাপিয়ে দিয়ে ঋণ নিচ্ছেন?

মিঃ স্পিকার ঃ নট অ্যালাউড।

শ্রী ধীরেন সেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—যদি আমরা বৈদেশিক সাহায্য না পাই তাহলে কি প্রকল্প করা যাবে না?

ডঃ শঙ্করকুমার সেন ঃ আমরা একটা অল্টারনেটিভ ব্যবস্থার জন্য কথাবার্তা বলে রেখেছি। একটা ব্যবস্থা করা আছে এবং আমার মনে হয় যদি বৈদেশিক সাহায্য নাও পাই তাহলে নিশ্চয়ই করা যাবে, হয়ত একটু বেশি সময় লাগবে।

(গোলমাল)

(অনেক মাননীয় সদস্য বক্তব্য রাখতে উঠে দাঁড়াল।)

(গোলমাল)

মিঃ স্পিকার ঃ প্লিজ টেক ইওর সিট।

(গোলমাল)

(অনেক মাননীয় সদস্য বক্তব্য রাখতে উঠে দাঁড়ান।)

Mr. Speaker : Please take your seat. I am on my legs.

শ্রী রাইচরণ মাঝি ঃ আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করছি যে, বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র তৈরি করার সময়ে পশ্চিমবঙ্গের অনেক খেটে খাওয়া মানুষ থেকে শুরু করে বেশিরভাগ লোকই এগিয়ে এসেছিলেন। কিন্তু আজকে যাঁরা ঐ প্রকল্পের জন্য বসে চোখের জল ফেলছেন—আমরা জানি যে তৎকালীন দিল্লির রাজীব গান্ধী মহাশয়ের কাছে

যাতে এ প্রকল্প গড়ে না ওঠে তার জন্য বিরোধিতা করেছিলেন—তাঁদের কোনও অবস্থা ছিল কিনা এই তাপ বিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলার জন্য?

ডঃ শঙ্করকুমার সেন ঃ না, আমার কাছে সেরকম কোনও খবর নেই।

মফস্বল শহরাঞ্চলে আবাসন প্রকল্প

*৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৭।) **শ্রী সুশান্ত ঘোষ ঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জেলার মফস্বল শহরাঞ্চলে নিম্ন আয়ের মানুষের আবাসন সমস্যা সমাধানের জন্য আবাসন প্রকল্প তৈরির কথা সরকার বিবেচনা করছেন কি?

শ্রী গৌতম দেব ঃ হ্যাঁ।

শ্রী মহঃ আবুল করিম চৌধুরি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—এই প্রকল্পগুলি কোন কোন জেলায় আপাতত করার সিদ্ধান্ত নিয়েছেন?

শ্রী গৌতম দেব ঃ আমরা সারা রাজ্যে সব জেলায় সদরে যাতে নিম্নবিত্ত মানুষদের জন্য বাড়ি করা যায় তার জন্য জমির অনুসন্ধান করছি। আমাদের যে হাউসিং বোর্ড আছে তার মাধ্যমে আসানসোল, কৃষ্ণনগর এবং শ্যামনগরে এই তিনটি জায়গার প্রস্তাব এসেছে এবং আমরা সেটা বিবেচনা করছি। এ ছাড়া দুর্গাপুর, বিধাননগরে ১৬২ এবং দক্ষিণ ২৪ পরগনায় শম্পা মির্জা নগরে ১১২টি এই জাতীয় ফ্ল্যাট রেডি করছি, এবং ২-১ মাসের মধ্যে এটা দিয়ে দিতে পারব। আর শিলিগুড়ির ডাকগ্রামে একটা বড় প্রকল্প করার কথা বিবেচনা করা হচ্ছে।

[11-50—12-00 A.M.]

শ্রী জাহাঙ্গীর করিম ঃ মাননীয় মন্ত্রী জানাবেন কি, এই আবাসন প্রকল্পের জন্য কি ধরনের এস্টিমেট করা হয়েছে, অর্থাৎ খরচ হবে কত টাকা?

শ্রী গৌতম দেব ঃ এস্টিমেট কি হবে বলা যাবে না, তবে নিম্ন আয়ের মানুষের জন্য সেটা এক এক জায়গায় এক এক রকম হবে। শিলিগুড়িতে যা হবে, নিশ্চয়ই কলকাতার পাশে তা হবে না। সেটা প্রজেক্টওয়াইজ ভ্যারি করবে।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় মন্ত্রী বলছিলেন যে, এই আবাসন প্রকল্প পশ্চিমবঙ্গের সমস্ত জেলা এবং জেলা শহরে করার বন্দোবস্ত হবে। কিন্তু তিনি যা বললেন তারমধ্যে কোনও ডিস্ট্রিক্ট টাউনের উল্লেখ নেই। আমি বর্ধমান জেলা শহরে কি পরিকল্পনা নিয়েছেন সেটা জানতে চাইছি।

শ্রী গৌতম দেব ঃ আমি আগেও বলেছি যে, প্রতিটি জেলা সদরে জমি পাবার জন্য আলোচনা শুরু হয়েছে। যেমন জেলা সদর কৃষ্ণনগর। বর্ধমান শহরেও কিছুদিনের মধ্যে

দিয়ে দেওয়া হবে। আসানসোলের জন্যও দিয়ে দেব। বর্ধমানে একটি হয়েছে এবং সেখানে আর একটি করব। তারজন্য জমি চেয়েছি। আলোচনা চলছে।

শ্রী শিবদাস মুখার্জি ঃ কৃষ্ণনগর শহরের কথা উনি বলেছেন। আমার প্রশ্ন এই প্রস্তাব কতদিন আগে এসেছিল এবং কেন সেটা আজ পর্যন্ত কার্যকরি করা গেলে না?

শ্রী গৌতম দেব ঃ একজাক্ট কবে প্রস্তাব এসেছে সেটা বলা যাচ্ছে না, তবে একটি প্রস্তাব এসেছে। আমি বলছি, আসানসোল, কৃষ্ণনগর এবং শ্যামনগর—এই তিনটি প্রস্তাব হাউসিং বোর্ডের বিশেষ বিবেচনায় রয়েছে। অ্যাক্যুইজিশনের ব্যাপার রয়েছে। তবে কিছু জমি পাওয়া গেছে।

শ্রী পদ্মনিধি ধর ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, তিনি কয়েক মাস পূর্বে বেলুড় স্টেশন সংলগ্ন ন্যাশনালাইজড ফ্যাক্টরি নিসকো কারখানার জমি নিজ অফিসারদের সঙ্গে নিয়ে দেখে এসেছিলেন। ঐ জমির থেকে ১ মিনিটের মধ্যেই বেলুড় স্টেশন। যাতায়াতের সুবিধা আছে। কিন্তু সেটা তিনি উল্লেখ করলেন না। সেটার ব্যাপারে জানতে চাই।

শ্রী গৌতম দেব ঃ নিসকোর জমি দেখে এসেছি। সঙ্গে আপনিও ছিলেন। সঙ্গে ইঞ্জিনিয়ারও গিয়েছিলেন। জায়গাটা নিম্নবিত্ত এবং মধ্যবিত্তদের জন্য বাড়ি করবার পক্ষে ভাল জায়গা কিন্তু প্রস্তাবটি নিসকোর বোর্ড অফ ডাইরেক্টরস আনুষ্ঠানিকভাবে জমিটা হাউসিং ডিপার্টমেন্টকে ট্রান্সফার না করায় আটকে রয়েছে। সেটা হয়ে গেলেই এটা করা হবে।

শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ আমি জানতে চাইছি, এই নিম্ন আয়ের উর্দ্ধসীমা কত এবং সেগুলো ডিস্ট্রিবিউশনের পদ্ধতিটিই বা কি?

শ্রী গৌতম দেব ঃ যেসব ফ্ল্যাটের দাম ৬২ হাজার পর্যন্ত করা হয় সেটা এল. আই. জি.। এ-ব্যাপারে ন্যাশনাল হাউসিং পলিসি রয়েছে এবং তাতে এল. আই. জি., এম. আই. জি. এবং এইচ. আই. জি.—এই তিনভাগ রয়েছে। ৬২ হাজার টাকা পর্যন্ত এল. আই. জি. ধরা হয়। আর ডিস্ট্রিবিউশন যেটা করা হয় সেটা লটারির মাধ্যমে করা হয়।

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে হুগলি জেলার চুঁচুড়া শহর বর্ধমান বিভাগের প্রধান শহর, সেখানে কোনও বিশেষ পরিকল্পনা আছে কি না?

শ্রী গৌতম দেব ঃ হুগলিতে ইতিমধ্যে কয়েকদিন আগে আমাদের মুখ্যমন্ত্রী এবং আমরা গিয়েছিলাম। উত্তরপাড়ায় একটা বিরাট প্রকল্পের চাবি আমরা দিয়ে এসেছি। ডানকুনির প্রথম ফেজ এবং দ্বিতীয় ফেজের কাজ কমপ্লিট হয়ে গেছে। শ্রীরামপুরে আমাদের প্রোজেক্টের কাজ চলছে। সেই রকম নতুন জায়গার সাজেশন পেলে চুঁচুড়ায় নিশ্চয়ই আমরা বিবেচনা করতে পারব।

মুর্শিদাবাদ জেলায় থানা বাড়ানোর প্রস্তাব

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৪।) **শ্রী তোয়াব আলি ঃ** স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও

প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা প্রশাসনের পক্ষ থেকে সরকারের কাছে জেলায় থানার সংখ্যা বাড়ানোর কোনও প্রস্তাব এসেছে কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, মোট কটি এবং কোথায় কোথায় নতুন থানা গঠনের প্রস্তাব পেয়েছেন; এবং

(গ) নতুন থানা গঠনের বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) হ্যাঁ।

(খ) দৌলতাবাদে একটি থানা বাড়ানোর প্রস্তাব সরকারের কাছে আছে।

(গ) দৌলতাবাদ থানা গঠন বিজ্ঞপ্তি জারির পর্যায়ে আছে।

শ্রী তোয়াব আলি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে প্রশ্ন ওঠে না। আমার প্রশ্ন হচ্ছে, থানা বাড়ানোর প্রশ্নে কোন কোন মানদণ্ডের ভিত্তিতে নতুন থানা বাড়ানোর প্রস্তাব গ্রহণ করা হয় জানাবেন কি?

(নো রিপ্লাই)

Starred questions
(to which written answers were laid on the Table)

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের কাছে কোল ইন্ডিয়ায় প্রাপ্য টাকার পরিমাণ

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৭।) **শ্রী আব্দুল মান্নান ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১ সালের ৩০শে সেপ্টেম্বর তারিখে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের কাছে কোল ইন্ডিয়ার প্রাপ্য টাকার পরিমাণ কত;

(খ) এ পর্যন্ত উক্ত টাকার মধ্যে কত টাকা শোধ করা হয়েছে; এবং

(গ) টাকা বাকি থাকার জন্য কোল ইন্ডিয়া কর্তৃক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে কয়লা সরবরাহ বন্ধ করে দেওয়ার কোনও ঘটনা ঘটেছিল কিনা এবং ঘটলে কবে ঘটেছে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) টাকা ৫২,১১,২৬,০৭৭-৮৫ (বাহান্ন কোটি এগারো লক্ষ ছাব্বিশ হাজার সাতাত্তর টাকা পঁচাশি পয়সা)।

(খ) সম্পূর্ণ পাওনা শোধ হয়ে গেছে, উপরন্তু ৫ কোটি টাকার মতো কোল ইন্ডিয়ার কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের পাওনা আছে।

(গ) না।

জাল ও অশ্লীল ছবির ভিডিও ক্যাসেট আটক

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৭।) **ডাঃ দীপক চন্দ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

বিগত বছরে (১৯৯১) জাল ভিডিও ক্যাসেট এবং অশ্লীল ছবির ভিডিও ক্যাসেট আটকের সংখ্যা কত?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ ৩,৩৪২টি।

বেসরকারি উদ্যোগে বিদ্যুৎ উৎপাদন

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮১।) **শ্রী অমিয় পাত্র ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির জন্য বেসরকারি উদ্যোগকে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত হয়েছে; এবং

(খ) সত্য হলে, তাহা কিভাবে, কাহাদের মাধ্যমে এবং কবে থেকে কার্যকর হবে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবঙ্গে বেসরকারি উদ্যোগে বিদ্যুৎ উৎপাদন বহুকাল হতেই হচ্ছে—সি. ই. এস. সি. লিঃ-র মাধ্যমে।

(খ) ঐ।

হোমগার্ড

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৪।) **শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে কতজন ব্যক্তি হোমগার্ডের চাকুরিতে নিযুক্ত আছেন

(খ) হোমগার্ড পরিচালনা করার জন্য কেন্দ্রীয় সরকার কোনও আর্থিক সাহায্য দেন কিনা; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, ঐ আর্থিক সাহায্যের পরিমাণ কত?

স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ২০,০৫৭।

(খ) হ্যাঁ।

(গ) সর্বশেষ কিস্তির টাকার পরিমাণ ১,০২,০০,০০০ (এক কোটি দুই লক্ষ) টাকা ১৯৮৮-৮৯ আর্থিক বছরের জন্য।

সমসেরগঞ্জ এবং সুতি থানার নিজস্ব ভবন

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৭।) **শ্রী তোয়াব আলী ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সমসেরগঞ্জ এবং সুতি থানার নিজস্ব বাড়ি তৈরির কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা;

(খ) ঐ থানা দুটির নিজস্ব কোনও জমি আছে কিনা; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে,

(১) কিভাবে ঐ জমি সংগৃহীত হয়েছে;

(২) সংগৃহীত জমি দুটির পরিমাণ কত?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) না।

(গ) প্রশ্নই ওঠে না।

*৯৭ হেল্ড ওভার।

তেঘরিয়ায় সরকারি আবাসন প্রকল্পের জমি

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৩।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সরকারি আবাসন প্রকল্পের জন্য ভি. আই. পি. রোডের পাশে তেঘরিয়ায় নভেম্বর ১৯৯২ মাসে ২৭ একর জমি দখল নেওয়ায় জমি অধিগ্রহণের বিরুদ্ধে স্থানীয় অধিবাসীদের আপত্তির ব্যাপারে কোনও তথ্য সরকারের আছে কি; এবং

(খ) থাকলে,

(১) আপত্তির কারণগুলি কি কি; এবং

(২) এ ব্যাপারে সরকারের সিদ্ধান্ত কি?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, তবে স্থানীয় কতিপয় মানুষের।

(খ) যেহেতু প্রধানত স্বার্থান্বেষী কিছু প্রমোটারদের জমি অধিগ্রহণ করা হয়েছে তাঁরা স্থানীয় অল্প কিছু মানুষকে প্ররোচিত করছেন সরকারি উদ্যোগকে বানচাল করার জন্য।

এছাড়া অধিগৃহীত জমির মধ্যে অল্প কিছু গরিব মানুষের সামান্য কিছু জমি থাকায় তাঁরা সরকারের কাছে আবেদন করেছেন এবং সরকার এই আবেদন সহানুভূতির সাথে বিবেচনা করছেন।

সরকার এখানে প্রধানত মধ্যবিত্ত এবং নিম্নবিত্ত মানুষের জন্য আবাসন প্রকল্প অনতিবিলম্বে রূপায়িত করার ব্যাপারে বদ্ধপরিকর।

*৯৯, *১০০, *১০১ হেল্ড ওভার।

বান্দোয়ানে খনিজ পদার্থের অনুসন্ধান

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭২।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বান্দেয়ানে স্বর্ণ, প্লাটিনাম ইত্যাদি খনিজ পদার্থ অনুসন্ধানের কাজ আরম্ভ হয়েছে কি; এবং

(খ) উক্ত স্থানে কাজ আরম্ভ হলে কতজন বেকার যুবকের চাকুরির স্থান হতে পারে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) প্রাথমিক পর্যায়ে অনুসন্ধানের কাজ চলছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্র

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৬।) **শ্রী আবুল বাসার ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণের বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ বজ বজ তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের বিষয়টি

বর্তমানে কেন্দ্রীয় বিদ্যুৎ দপ্তরের আনুষ্ঠানিক ছাড়পত্রের জন্য উক্ত দপ্তরের বিবেচনাধীন আছে। প্রকল্পটির 'ফিনান্সিং প্যাকেজ' কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের অধীনে ইকোনোমিক অ্যাফেয়ার্স দপ্তরের বিবেচনাধীন আছে এবং এ বিষয়ে উক্ত দপ্তরের চূড়ান্ত অনুমোদন পাওয়া যায় নাই।

পুলিশ কর্মচারিদের রেশন

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৪।) **শ্রী প্রবোধ পুরকায়েত এবং শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এই রাজ্যে সাধারণ পুলিশ কর্মচারী থেকে সাব-ইন্সপেক্টর পদাধিকারি পর্যন্ত অফিসার এবং তাদের পরিবারের সদস্যদের রেশনে কোন কোন সামগ্রী কিভাবে সরবরাহ করা হয়; এবং

(খ) এই উদ্দেশ্যে বিগত তিন বছরে ভর্তুকি বাবদ রাজ্য সরকারের বার্ষিক ব্যয় কত হয়েছে?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) চাল, গম, চিনি, ডাল ও সরিষার তেল। চাল, গম ও চিনি ভারতীয় খাদ্য নিগম থেকে এবং ডাল ও সরিষার তেল খোলা বাজার থেকে টেন্ডারের মাধ্যমে সংগ্রহ করা হয় এবং পুলিশি রেশন দোকান মারফৎ সরবরাহ করা হয়।

(খ) ১৯৮৮-৮৯ ঃ টাকা ২৫,০০,০০,০০০
১৯৮৯-৯০ ঃ টাকা ২৬,৪২,৪০,০০০
১৯৯০-৯১ ঃ টাকা ২৭,১২,০০,০০০

দূরপাল্লার বাসে ডাকাতিরোধে ব্যবস্থা

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৩।) **শ্রী মনোহর তিরকি** ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের অভ্যন্তরে চলাচলকারী দূরপাল্লার সরকারি ও বেসরকারি বাসে ডাকাতিরোধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ দূরপাল্লার বাসের যাত্রী পথে সাধারণত পুলিশি নজর রাখা হয়। কলকাতায় অবস্থিত এসপ্ল্যানেড, বাবুঘাট ও উল্টাডাঙ্গায় যাত্রীস্থলগুলি স্থানীয় পুলিশের পাহারায় থাকে। যাত্রায় ছদ্মবেশে অপরাধীদের বাসে ওঠা রোধ করার জন্য প্রায়শই পুলিশি তল্লাসী চালানো হয়। ভ্রাম্যমাণ পুলিশি বেতার যান কলকাতার রাস্তায় ও জাতীয় রাজ্য সড়ক পথগুলিতে ২৪ ঘন্টা টহলদারি করে। সম্ভাব্য বিপদ সঙ্কুল এলাকায় দূরপাল্লা বাসে বিশেষত রাত্রে পাহারাদারের ব্যবস্থা করা হয়।

Power Station

***106.** (Admitted Question No. *214.) **Dr. Tarun Adhikari and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether some private sector organisations approached State Govt. for renewal of the Gouripore Power Station near Naihati in North 24-Parganas district; and

(b) if so, the details thereof ?

Minister-in-charge of the Power Department :

(a) Yes.

(b) M/s. Birla Technical Services & M/s. CESC Ltd. have approached the State Government for renewal of Gouripore Thermal Power Station. The Government is studying the feasibility of both the proposals.

বড়জোড়ায় "পলিয়েস্টার তন্তু" কারখানা

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮।) শ্রী অমিয় পাত্র ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বড়জোড়ায় প্রস্তাবিত 'পলিয়েস্টার তন্তু'র কারখানাটির নির্মাণকার্য বর্তমানে কোন পর্যায়ে আছে;

(খ) উক্ত কারখানায় কবে নাগাদ বাণিজ্যিক উৎপাদন শুরু হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত প্রকল্পটিতে কত সংখ্যক মানুষের কর্মসংস্থানের সুযোগ হবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) প্রস্তাবিত পলিয়েস্টার তন্তুর কারখানার নির্মাণকার্যের জন্য দরকারি জমি অধিগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে, এবং আবশ্যকীয় কনট্যুর সার্ভে ও মাটি পরীক্ষার কাজ শেষ হয়েছে।

(খ) কারখানার নির্মাণকার্য শুরু হওয়ার তিন বছরের মধ্যে বাণিজ্যিক উৎপাদন শুরু হবে বলে আশা করা যায়।

(গ) উক্ত প্রকল্পে প্রত্যক্ষভাবে আনুমানিক ৫০০ জন লোকের কর্মসংস্থান হবে বলে আশা করা যায়।

*১০৮ হেল্ড ওভার।

স্বাধীনতা সংগ্রামী পেনশনের আবেদন

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭২। **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার স্বাধীনতা সংগ্রামীদের কতগুলি পেনশনের আবেদন বিগত তিন বছরে অর্থাৎ ১৯৮৯-৯০, ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ (জানুয়ারি, '৯২) পর্যন্ত কেন্দ্রের কাছে সুপারিশ করে পাঠিয়েছেন; এবং

(খ) জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কতগুলি আবেদন মঞ্জুর করেছেন?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রী ঃ

(ক) রাজ্য সরকার বিগত তিন বছরে নিম্নলিখিত পেনশনের আবেদন কেন্দ্রের নিকট সুপারিশ করে পাঠিয়েছেন ঃ

১৯৮৯-৯০	২১৫৭টি
১৯৯০-৯১	৪১০টি
১৯৯১-৯২ (জানুয়ারি '৯২)	২৩৫টি
মোট ঃ	২৮০২টি

এপ্রিল, ১৯৮৯ থেকে জানুয়ারি '৯২ পর্যন্ত সর্বমোট ৪১২টি আবেদন কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেছেন।

(খ) এই প্রকল্পের শুরু থেকে জানুয়ারি '৯২ পর্যন্ত মোট ১২,৮৮৮টি আবেদন কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেছেন।

Progress of Bakreshwar Power Plant

***110.** (Admitted Question No. *239.) **Shri Sailaja Kumar Das and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the progress of works at the Bakreshwar Power Plant Site during 1991-92 (up to January, 1992);

(b) the funds released by the State Government for the Bakreshwar Power Plant Project and the Budgetary Commitments during—

(i) 1989-90;

(ii) 1990-91;

(iii) 1991-92; and

(c) the reasons for shortfall(s), if any, in the release of funds during the above period?

Minister-in-charge of the Power Department :

(ক) i) ১ নং ও ২ নং ইউনিটের বয়লারের ফাউন্ডেশনের কাজ শেষ এবং ৩ নং ইউনিটের কাজ শুরু করা হয়েছে।

ii) রেলওয়ে সাইডিং-এর কাজ আনুমানিক চল্লিশ শতাংশ শেষ হয়েছে।

iii) Raw water reservour stores shed ও কলোনির কাজ আনুমানিক ২০ শতাংশ হয়েছে। বাকি অন্যান্য কিছু কিছু কাজের অর্ডার দেওয়া হয়েছে।

(খ) ১৯৮৯-৯০

বাজেটে বরাদ্দকৃত অর্থ ৯৩ কোটি টাকা। সংশোধিত দেয় অর্থ ৬৫.৪০ কোটি টাকা।

১৯৯০-৯১

বাজেটে বরাদ্দকৃত অর্থ ১৩৪ কোটি টাকা। সংশোধিত অর্থ ৫৫ কোটি টাকা। দেয় অর্থ ৩০ কোটি টাকা।

১৯৯১-৯২ (জানুয়ারি ১৯৯২ পর্যন্ত)

বাজেটে বরাদ্দকৃত অর্থ ৮৩ কোটি টাকা। সংশোধিত বরাদ্দ ব্যয় ৬ কোটি টাকা। এখনও পর্যন্ত এই বাবদ কোনও অর্থ রাজ্য সরকার মঞ্জুর করেনি। তবে অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহ থেকে উক্ত ৭.৫৮ কোটি টাকা খরচ করা হয়েছে।

(গ) এই বাবদ বৈদেশিক সাহায্য স্থির না হওয়ায় এই আর্থিক বছরে কোনও অর্থ মঞ্জুর করা যায়নি।

কর্মবিমুখ সরকারি কর্মচারিদের বিরুদ্ধে ব্যবস্থা

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৬।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে প্রশাসনে গতিশীলতা আনার জন্য রাজ্য সরকার কাজে ফাঁকি দিলে সরকারি কর্মচারিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়ে

সম্প্রতি এক সার্কুলার জারি করেছেন; এবং

(খ) সত্য হলে, এই সার্কুলার কবে জারি হয়েছে এবং উল্লিখিত সার্কুলারের মূল বক্তব্য বিষয় কি?

স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) গত ৪ঠা অক্টোবর ১৯৯১ তারিখে মুখ্য সচিব একটি সার্কুলার জারি করেছেন যাতে কর্মচারিদের সময়ানুবর্তিতা, কাজের উৎকর্ষতা, গতিশীলতা, নিয়মিত তত্ত্বাবধান প্রভৃতির উল্লেখ করা হয়েছে। এখানে উল্লেখ্য যে কাজে ফাঁকি দিলে সংশ্লিষ্ট কর্মচারিদের বিরুদ্ধে ওয়েস্ট বেঙ্গল সার্ভিসেস (ক্লাসিফিকেশন, কন্ট্রোল অ্যান্ড অ্যাপিল) রুলস ১৯৭১ অনুসারে ব্যবস্থা নেওয়া হয়ে থাকে।

*১১২ হেল্ড ওভার।

গ্রুপ সাপ্লাই-এ বিদ্যুতের অনাদায়ি বিল

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৭।) **শ্রী সুশান্ত ঘোষ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গ্রুপ সাপ্লাই এলাকায় লক্ষ লক্ষ টাকার বিদ্যুতের অনাদায়ী বিল পড়ে আছে; এবং

(খ) সত্য হলে ঐ টাকা আদায়ের জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা, এবং হয়ে থাকলে, কি কি ব্যবস্থা?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ইহা সত্য যে বিভিন্ন গ্রুপ সাপ্লাই এলাকায় পর্যাপ্ত পরিমাণ টাকার বিদ্যুতের অনাদায়ি বিল পড়ে আছে। বিভিন্ন সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানের কাছে বিল অনাদায়ি আছে। এর মধ্যে আদালতে বিচারাধীন থাকার জন্য ৬ কোটি টাকার উপরে বিল অনাদায়ি হয়ে আছে।

(খ) এই সমস্যা সমাধানের জন্য প্রশাসনিক স্তরে আলাপ-আলোচনা চলছে। আদালতে বিচারাধীন মামলাগুলি যাতে সময়মতো নিষ্পত্তি করা যায় সেই ব্যবস্থাও করা হচ্ছে। প্রয়োজনে বিভিন্ন সংস্থার বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দেবার নির্দেশ দেওয়া হয়েছে, তবে হাসপাতাল এবং জল সরবরাহের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে এই নির্দেশ কার্যকর হবে না।

ডায়মণ্ডহারবার মহকুমায় খুনের ঘটনা

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭১।) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৮৭ সালের মার্চ মাস হতে ১৯৯১ সালের মার্চ মাস পর্যন্ত ডায়মণ্ডহারবার মহকুমায় কতগুলি খুনের ঘটনা ঘটেছে—

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ ১০৭টি।

রামনগর ২ নং ব্লকের মান্দার গ্রামে পানীয় জল সরবরাহ প্রকল্প

***১১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৩০৫।) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রামনগর ২ নং ব্লকের মান্দার গ্রামে 'পাইপ ওয়াটার সাপ্লাই স্কীমের' জন্য প্রয়োজনীয় (১) জমি অধিগ্রহণ এবং (২) আর্থিক বরাদ্দ করা হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত প্রকল্পটি কবে নাগাদ রূপায়িত হবে বলে আশা করা যায়; এবং বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) (১) জমি পাওয়া গেছে। (২) না।

(খ) প্রয়োজনীয় অর্থ সংস্থান সাপেক্ষে প্রকল্পটি রূপায়ন করিতে বছর দুই সময় লাগতে পারে।

(গ) এখনও পর্যন্ত কোনও অর্থ বরাদ্দ হয় নাই।

বক্রেশ্বর ও কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্পে আর্থিক বরাদ্দের পরিমাণ

***১১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৭।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প ও কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য আর্থিক বরাদ্দের পরিমাণ কত; এবং

(খ) ঐ প্রকল্পগুলির কোনটিতে ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত সময়ে কত টাকা করে ব্যয় হয়েছে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে বক্রেশ্বর ও কোলাঘাট তাপ বিদ্যুৎ প্রকল্পের জন্য পশ্চিমবঙ্গ সরকারের বরাদ্দের পরিমাণ যথাক্রমে ৮৩ কোটি এবং ১৪৮ কোটি টাকা।

(খ) ৩১শে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত মোট ব্যয়ের হিসাব—

বক্রেশ্বর — ১২৫.৭৩ কোটি টাকা।

কোলাঘাট — ১৩২৫.১৪ কোটি টাকা।

পুরুলিয়া জেলার পাহাড়পুর সিলেমিনাইট খনিজের অনুসন্ধান

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৪।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি** ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) পুরুলিয়া জেলার কাশীপুর থানার পাহাড়পুর গ্রামে প্রাপ্ত সিলেমিনাইট খনিজ পদার্থ অনুসন্ধানের কাজ কোন পর্যায়ে আছে; এবং

(খ) উৎপাদন শুরু হলে, কতজন লোকের কর্মসংস্থান হতে পারে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বর্তমানে সিলেমিনাইট খনিজ পদার্থ অনুসন্ধানের কাজ শেষ পর্যায়ে আছে।

(খ) বাণিজ্যিক উৎপাদন শুরু হলে আনুমানিক ৪০ (চল্লিশ) জনের বৎসরের ৮-৯ মাস কর্ম সংস্থান হতে পারে। বর্ষার সময় উৎপাদনের কাজ চালানো সম্ভব হবে না।

*১১৮, *১২০, *১২১ হেল্ড ওভার।

শিল্পবিকাশ কেন্দ্র

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৬।) **শ্রী প্রবোধ পুরকাইত ও শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম এই রাজ্যে কতগুলি জায়গায় শিল্পবিকাশ কেন্দ্র গড়ে তুলেছেন; এবং

(খ) এই কেন্দ্রগুলি গড়ে তুলতে ইতিমধ্যে কত টাকা ব্যয় হয়েছে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়নে নিগম এই রাজ্যের ১০টি জায়গায় ১২টি শিল্পবিকাশ কেন্দ্র গড়ে তুলেছেন।

(খ) এই কেন্দ্রগুলি গড়ে তুলতে প্রায় ২৯৩১ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

Adjournment Motion

Mr. Speaker : I have received three notices of Adjournment

Motion. The first is from Shri Abdul Mannan on the subject of reported crisis of drinking water in the State. The second one is from Dr. Manas Bhunia on the subject of reported crisis of life saving drugs in the Hospitals of the State and the last one is from Shri Prabir Banerjee on the subject of allegation against the History Book of Class V.

The subject matters of the Motions do not merit Adjournment of business of the House. Members may call the attention of the concerned Ministers through Calling Attention, Question, mentions etc.

One member may, however, read out the text of the motion as amended.

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

পশ্চিমবঙ্গের বিভিন্ন হাসপাতালগুলিতে জীবনদায়ী ঔষধের অভাবে রোগীদের জীবন সংশয় দেখা দিয়েছে। ডাক্তার এবং নার্সরা রোগীদের এড়িয়ে চলেছেন। এমন কি কুকুরে কামড়ানো রোগী এবং সাপে কাটা রোগীদের চিকিৎসার ভ্যাক্সিন ভেনাস পাওয়া যাচ্ছে না। সরকার নীরব।

[12-00—12-10 P.M.]

CALLING ATTENTION

Mr. Speaker : I have received six notices of Calling Attention namely :

1. Reported road blockade on E.M. Bypass yesterday	:	Shri Saugata Roy
2. Reported order of the Superintendent Malda Sub-Divisional Hospital to stop all operations except the urgent cases.	:	Shri Birendra Kumar Moitra
3. Reported firing by the B. S. F. Jawans in Bansbihari Village under P.S. Gaighata, North-24 Pgs. on 10-3-1992	:	Dr. Manas Bhunia
4. Reported procrastination in transfering the Sealdah Court in the New Complex by the authority	:	Shri Tapan Hore
5. Strike in Jute Industry	:	Shri Sudip Bandyopadhyay

6. Reported adverse remarks against the State Government by the High Court Judge : Shri Abu Ayes Mondal

I have selected the notice of Dr. Manas Bhunia on the subject of reported firing by the B. S. F. Jawans in Bansbihari Village under P.S. Gaighata, North 24 Parganas on 10-3-92.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : On 26-3-1992.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now, the Minister-in-charge of Home (Police) Department will make a statement on the subject of reported attack on the Aajkal Office by some 'Santandal' supporters, recently (Attention called by Shri Sudip Bandyopadhyay on the 10th March, 1992.)

Shri Jyoti Basu :

Mr. Speaker, Sir,

I rise to make the following statement in connection with the Calling Attention Notice from Shri Sudip Bandyopadhyay regarding the attack on the Office of the newspaper 'Aajkal' on the 3rd February, 1992, by some followers of the Santan Dal.

On the 3rd February, 1992, the Aajkal Patrika published a letter in the 'Letters to the Editor' column which allegedly contained defamatory remarks against Balak Brahmachari of the Santan Dal. Two members of the Santan Dal went to the office of the Aajkal at 96, Raja Ram Mohan Sarani, Calcutta-9, at 2.00 P.M. on the 3rd February, 1992 to protest against the letter. The office staff of the newspaper explained to them that the views expressed in the letter were not the views of the management of the newspaper. These persons then wanted to know the address of the writer of the letter, which was refused to them by the staff. These followers of the Santan Dal, then threatened the office staff and left the place.

Later at 6.00 P.M., about 150 members of the Santan Dal came to the Aajkal office again and staged a demonstration. Following this, they suddenly became aggressive, entered the office en mass and broke the glasspanes and wantonly and broke and damaged furniture, tele-

phones and other articles of the office. They violently attacked and assaulted the staff with fists and blows, created pandemonium and brandished fire-arms. Eleven members of the staff of the newspaper sustained injuries in this incident. They were later treated in Calcutta Medical College and Calcutta Pay Clinic and Hospital.

On receipt of report about the incident police intervened and arrested 34 miscreants on the spot including the two persons who had been to the newspaper office earlier in the day. A case was registered in Amherst Street Police Station. The arrested persons were produced before the Addl. Chief Metropolitan Magistrate at Bankshall Court on the 4th February, 1992. Two more members of the Santan Dal were arrested later by the police in connection with the aforesaid case. In all 37 members and supporters of Santan Dal have been arrested. All have been released on bail. Investigation in the case is proceeding for prosecuting those involved in the incident. A strong police picket has been posted at the office of newspaper.

শ্রী দিলীপকুমার মজুমদার ঃ মাননীয় স্পিকার স্যার, আমি অভিনন্দন জানাতে চাই এই সভায় মাননীয় সদস্য এবং এই সভার নেতা শ্রী জ্যোতি বসুকে যিনি একাধিকক্রমে ৪ বার স্বাধীন ভারতবর্ষের একটি রাজ্যের একটানা মুখ্যমন্ত্রী হিসাবে অতিবাহিত করেছেন। তিনি স্বাধীন ভারতবর্ষের অনন্য কৃতিত্বের অধিকারী, এই রকম আর কোনও ব্যক্তি নেই। পশ্চিমবাংলার ডাঃ বিধানচন্দ্র রায় ছিলেন যিনি একটানা অনেক দিন মুখ্যমন্ত্রী ছিলেন। মাননীয় সদস্য শ্রী জ্যোতি বসু মহাশয় তাঁর রেকর্ডকেও অতিক্রম করে গেছেন। ৪৬ বছর ধরে এই প্রবীণতম ব্যক্তি সংসদীয় রাজনীতির সঙ্গে যুক্ত। আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি, আমরা সবাই তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তিনি আরও দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রিত্ব করুন। তিনি পর পর চার বার মুখ্যমন্ত্রী পদে আসীন হয়েছেন, ১৯৭৭ সালে, ১৯৮২ সালে, ১৯৮৭ সালে, ১৯৯১ সালে মুখ্যমন্ত্রী পদে আসীন হয়েছেন। কেউই এই রকম কৃতিত্বের অধিকারী হননি। আসামের বিমলাপ্রসাদ চারিয়া এবং বিহারের শ্রীকৃষ্ণ সহায় অনেক দিন ধরে মুখ্যমন্ত্রিত্ব করেছেন কিন্তু জ্যোতিবাবু তাঁদেরকেও ছাড়িয়ে গেছেন। আমি আশা করব তিনি আরও দীর্ঘদিন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী হিসাবে আসীন থেকে গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলাকে সমস্ত দিক থেকে উন্নততর রাজ্য হিসাবে তুলে ধরবেন।

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now, the Minister-in-charge of Home (Police) Department will make a statement on the subject of reported death of a Professor of I. I. T. Kharagpur.

(Attention Called by Shri Gyan Singh Sohan Pal on the 9th March, 1992.)

Shri Jyoti Basu :

Mr. Speaker, Sir,

I rise to make the following statement in response to the Calling Attention Notice from Shri Gyan Singh Sohanpal, regarding the death of professor Sambhu Rakshit of I. I. T., Kharagpur.

On the 24th February, 1992, a written complaint was received from Public Relations Officer, I.I.T., Kharagpur intimating the death of Professor Sambhu Rakshit by hanging in his office.

A police case was registered in Kharagpur Town Thana and investigation was taken up. The investigating team visited the spot and found the dead body of Professor Rakshit hanging from the window bar of the office. During visit of the investigating team, the Head of the Deptt. of Electronics and Electronic Communication Engineering, I.I.T., Kharagpur and some other faculty members were also present. An inquest was held and the dead body was sent for post mortem examination at Kharagpur General Hospital. During the inquest, the signs and symptoms on the body were suggestive of hanging. No suicidal note was found. Examination of available witnesses at the I.I.T. campus reveal that the deceased was suffering from mental depression for the last two months.

It also came to light that Professor Rakshit was assigned a scheme on 'Fibre Optic System Appreciation Programme'. This scheme was earlier looked after by Professor S. L. Maskara, Head of the Department. Investigation of the case is continuing.

Mr. Speaker : The statements will be circulated. Now, the Chief Minister will make a statement.

শ্রী জ্যোতি বসু ঃ স্পিকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়েছি। কালকে দার্জিলিং সম্বন্ধে যে আলোচনা হয়েছিল সে সম্বন্ধে আজকে সকাল বেলা আমি হোম মিনিস্ট্রি থেকে, শ্রী চৌহানের কাছ থেকে একটা চিঠি পেয়েছি, সেটা আমি পড়ে দিচ্ছি,—

Letter from Home Minister, Govt. of India

II-18014/8/91/IS-DI(A) dated 11-3-92.

Dear Shri Jyoti Basuji,

This has reference to your D.O. Letter No. 53-CM, dated 25-2-92, regarding the statements of Shri Subash Ghisingh on Article VIII of

Indo-Nepal Treaty of 1950. I appreciate your views in the matter. I have got the matter examined in consultation with the Ministry of External Affairs. The Treaty of Sagauli (1815) and the Indo-Nepal Treaty of Peace and Friendship (1950) do not deal in their entirety with the same subject. Under the Treaty of Sagauli, Nepal had ceded certain territories to the East India Company. The Agreement further stated in Article III that the territories listed therein were ceded 'in perpetuity'. As soon as the Treaty was ratified, the boundaries were demarcated and the posseession of the territories was handed over. Thus, provisions of the treaty were implemented and the title to the ceded territories vested in the East India Company in perpetuity, i.e., indefinitely without any time limit and without being subject to any conditions. The Indo-Nepal Treaty of Peace and Friendship, 1950, does not deal with the territories of the parties concerned, and therefore, not being a Treaty on the same subject, it cannot operate to terminate the earlier Treaty of Sagauli of 1815. The only common element in the two Treaties is the reference to perpetual peace and friendship. A detailed note in this regard is enclosed.

Shri Ghisingh called on me on 5-3-92. During this meeting, I have explained to him the correct position in the matter. I hope that these issues will not lead to any agitation in Darjeeling.

[12-10—12-20 P.M.]

Motion Cases

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং বুদ্ধদেববাবু তথা তথ্য ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে, আমাদের সর্ব বরেণ্য পরিচালক শ্রী সত্যজিৎ রায় প্রচণ্ড অসুস্থ অবস্থায় বেল ভিউ নার্সিং হোমে রয়েছেন এবং তাঁর অবস্থার অবনতি ঘটছে। আজকের সকালেই খবরে শুনেছি যে তাঁর অবস্থার অবনতি ঘটেছে। আমরা সকলেই সভার পক্ষ থেকে এইরকম মহান মানুষের, পরিচালকের স্বাস্থ্যের হানিতে বিশেষ উদ্বেগ প্রকাশ করছি। আমরা জানি আপনাদের তরফ থেকেও যথেষ্ট উদ্বেগ প্রকাশ করেছেন এবং খবরাখবর নিচ্ছেন। মাননীয় তথ্য মন্ত্রী যেহেতু তাঁর স্বাস্থ্যের প্রতি নিয়মিত খোঁজখবর নিচ্ছেন, সেইজন্য আমার অনুরোধ সভাকে অবহিত করার জন্য তিনি যদি সর্বশেষ পরিস্থিতি কি পর্যায়ে আছে জানান তাহলে আমরা একটু আশ্বস্ত হতে পারি।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় সদস্য যে উদ্বেগ প্রকাশ করেছেন তাতে আমরা সকলেও উদ্বিগ্ন। কিন্তু ঠিক অবস্থাটা কি, এটা বলা বোধ হয় ঠিক হবে না। একমাত্র ডাক্তারদের পক্ষেই এটা বলা সম্ভব। তবে এটুকু বলতে পারি যে উদ্বেগজনক অবস্থায় আছেন। সেখানে ডাক্তারদের একটা মেডিক্যাল টিম হয়েছে, তাতে ডাঃ বক্সী আছেন, ডাঃ ছেত্রী আছেন এবং আরও অনেক ডাক্তার আছেন। অনেক ডাক্তার আছেন অনেক মতামত

নিয়ে, শুধু এদেশে নয়, বিদেশেও আমেরিকা ও লণ্ডনের কয়েকজন ডাক্তারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখে তাদের পরামর্শ নিয়ে চিকিৎসা করা হচ্ছে। দেশ-বিদেশ থেকে ওষুধ আনা হচ্ছে। গতকালই আমরা বিদেশ থেকে ওষুধ এনেছি। তবে এটুকু বলতে পারি যে, কয়েকদিন তিনি উদ্বেগজনক অবস্থার থেকে একটু ভাল ছিলেন। আবার গতকাল ইনটেনসিভ কেয়ার ইউনিটে রাখা হয়েছে। আমাদের দিক থেকে যতখানি করা সম্ভব এবং যতখানি করা দরকার তা করছি এবং প্রতি মুহূর্তে সতর্ক আছি। আপনারা যে উদ্বেগ প্রকাশ করেছেন এবং সভাতে আলোচনা হয়েছে সেই খবর আমি তাঁর পরিবারের কাছে জানিয়ে দেব।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলায় কয়েক মাস যাবৎ ডাকাতির সংখ্যা ক্রমে বৃদ্ধি পেয়েছে। মালদহতে বাসে ডাকাতি, জীপে ডাকাতি হচ্ছে এবং পুলিশের যে পরিমাণ অফিসার থাকার দরকার সেই পরিমাণ অফিসার ওখানে নেই। তাছাড়া ওখানে যে পুলিশের জীপ আছে অধিকাংশ ক্ষেত্রে দেখা যাচ্ছে সেগুলো খারাপ। আমি একটি ঘটনার কথা বলছি যে, মালদহ প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্রে একটি ডাকাতি হল। ঠিক ডাকাতি বললে হয়তো ভুল হবে, ওখানকার লোকেরাই এর সঙ্গে জড়িত ছিল। তাদের এখনো থানার থেকে ধরার কোনও ব্যবস্থা হয়নি। এবং এই ব্যাপারে ওই থানার মাধ্যমে যদি তদন্ত করা হয় তাহলে হবে না, কলকাতার থেকে সি আই ডি পাঠিয়ে তদন্ত করলে তবেই এর বিচার হবে। কেননা একটি প্রয়োজনীয় হাসপাতাল গত ৩ দিন এই কারণে বন্ধ হয়ে গেল, আর দোষীদের ধরার কোনও ব্যবস্থা হল না। গত কয়েক মাস যাবৎ মালদহ জেলাতে অস্বাভাবিকভাবে ডাকাতি বেড়েছে, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে উপযুক্তভাবে এর ব্যবস্থা নেওয়া হয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আবাসনমন্ত্রী তথা গৌতমবাবুর দৃষ্টি আকর্ষণ করছি। সল্ট লেকে যে জমি হস্তান্তর চলছে দিনের পর দিন ধরে, তাতে ওখানকার চেয়ারম্যান জানিয়েছেন যে, প্রতি মাসে অভিযোগ আসছে এবং তারমধ্যে ১০টির মধ্যে ৮টি অভিযোগই সত্য। ১৯৮৮ সালে মাননীয় মুখ্যমন্ত্রী এবং অনেক মন্ত্রীই সভা করে বলেছিলেন যে এর বিরুদ্ধে তারা লড়াই করবেন এবং এই ধরনের বেআইনি কাজ বন্ধ করবেন। কিন্তু আমরা দেখছি গত মাসে সেখানে মাননীয় চেয়ারম্যান নারায়ণবাবু জানালেন যে, এই যে ১০টি অভিযোগ আসছে তারমধ্যে ৮টি অভিযোগই সত্য এইসব জমিগুলো তৈরি হয়েছিল মধ্যবিত্ত, গরিব মানুষদের জন্য। কিন্তু আমরা দেখছি যে, জমিগুলো প্রচুর বড় বড় শিল্পপতি, ব্যবসায়ী নিয়ে নিচ্ছে। আজ প্রায় ৩০০র বেশি জমি হস্তান্তর হয়েছে এবং এই বিষয়ে মাননীয় আবাসন মন্ত্রী সভার কাছে জানান বিষয়টি। আমরা জানি মাননীয় মুখ্যমন্ত্রীর একান্ত সচিব, তিনিও এই ব্যাপারে জড়িত আছেন। এমন কি মাননীয় মুখ্যমন্ত্রীর সন্তান যেখানে থাকেন সেখানেও প্রায় ৫০টির বেশি প্লটের জমি হস্তান্তরিত হয়ে গেছে। সেই সেক্টর যাতে থাকে সেটা দেখা দরকার। আমি অনুরোধ করব এই ব্যাপারটি অবিলম্বে দেখার জন্য—কারণ গোটা ব্যাপারটি ব্যবসাদারদের হাতে চলে গেছে।

শ্রী কৃষ্ণধন হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে—দুইজন অধ্যাপক, যারা আমলাদের চক্রান্তের ফলে কিছু সুবিধা পাচ্ছেন না। এঁরা হচ্ছেন, বর্ধমান বিবেকানন্দ মহাবিদ্যালয়ের দুইজন অধ্যাপক—একজন হচ্ছেন হরিশঙ্কর বেতাল (ইংরাজির অধ্যাপক) আর একজন হচ্ছেন, মৃণালকান্তি ঘোষ (রসায়ন)এর ১-১-৮৬ তারিখ থেকে প্রাপ্য নতুন পে স্কেল অনুযায়ী ফিক্‌সেশন পাননি। তাঁরা এখনও ৭০০ থেকে ১৬০০ সেই পুরনো স্কেলেই রয়েছেন। এই ব্যাপারে বহুবার সমস্ত কাগজপত্র শিক্ষা দপ্তরে পাঠানো হয়েছে এবং আমলাদের টালবাহানার জন্য দুইজন অধ্যাপক তারা আর্থিক ক্ষতিগ্রস্ত হচ্ছেন। '৮৬ সাল থেকে '৯২ সাল পর্যন্ত এই ৬ বছরে নতুন যে পে স্কেল পাওয়ার কথা, তা তাঁরা পাচ্ছেন না। অধ্যাপকদের ব্যাপারে উচ্চ শিক্ষা দপ্তরের আমলারা যদি এই রকম আচরণ করেন তাহলে শিক্ষা এগুবে কি করে? আমি সেইজন্য আপনার মাধ্যমে উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন করছি এই দুইজন অধ্যাপক যেন ১-১-৮৬ তারিখ থেকে নিউ পে স্কেল অনুযায়ী টাকা পান সেটা দেখবেন।

শ্রী রাজকুমার মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পি. ডব্লিউ. ডি. মন্ত্রীর কাছে আবেদন রাখতে চাইছি, বিষয়টি হচ্ছে ৬ নং জাতীয় সড়ক থেকে যে লিঙ্ক রোড বেরিয়েছে সেটা উলুবেড়িয়ার ২ নং-এর অধীনে এই লিঙ্ক রোড পীরতলা, অভিরামপুর, পাইখোলা এবং শ্রীরামপুর হয়ে তুলসীবেড়িয়া হসপিটাল রোডে যুক্ত হয়েছে। এখানকার রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত খারাপ। গত বিধানসভার অধিবেশনে আমি এই রাস্তার সম্পর্কে এখানে বলেছিলাম কিন্তু গত বছর বর্ষার আগে কোনও কাজ হয়নি ফলে এই রাস্তাটিতে হাজার হাজার ছোট বড় গর্ত হয়ে গেছে। এটা যাতায়াতের সম্পূর্ণ অকেজো হয়ে গেছে। এই রাস্তা দিয়ে বিভিন্ন পেশার মানুষ কুলগাছিয়া স্টেশনে আসেন। এই রাস্তায় বহু যানবাহন চলাচল করে, এখানে এমন অবস্থা দাঁড়িয়েছে যে এই বছরে বর্ষার আগে এই রাস্তা মেরামত না করা হলে রাস্তায় যাতায়াত সম্পূর্ণ বন্ধ হয়ে যাবে।

ডাঃ হৈমী বসু ঃ মাননীয় স্পিকার মহাশয়, গতকাল আমার এলাকায় সাহানগর বার্নিং ঘাটে যেটাকে আমরা কেওড়াতলা বলি, সেখানে শ্রী ধর বলে একজন সমাজবিরোধী ১১টি বোমা মেরে সেখানকার মানুষদের ইনজিওর করেছে। এমন কি কেওড়াতলার ইলেক্ট্রিক ক্রিমেটোরিয়ামও নষ্ট করেছে। ওখানে বিগত কয়েক বছরে ৭টি তাজা প্রাণ বলি হয়ে গেছে, এই ছেলেটি সমস্ত এলাকাকে অশান্ত করে রেখেছে; কালকে এর জন্য কেওড়াতলা শ্মশান বন্ধ হয়ে গিয়েছিল। পুলিশ এতদিন হয়ে গেল সেই সমাজবিরোধীকে ধরছে না, সবচেয়ে বেদনার কথা এমন কি সেখানকার মেয়র, লোকাল কাউন্সিলার স্বদেশ দাস এবং আমি পুলিশের সঙ্গে কথা বলেছি, তারা ওখানে ফাঁড়ি হবে বলে অ্যাসিওর করেছে।

ওখানে জায়গা দেওয়া সত্ত্বেও সেখানে কোনও ফাঁড়ি করা হল না। একটা সভ্য দেশে একটা লোক বছরের পর বছর এই রকম গুণ্ডামী চালাবে, আর পুলিশ নিষ্ক্রিয় হয়ে, ঠুঁটো জগন্নাথ হয়ে থাকবে এর বিহিত হওয়া প্রয়োজন। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে তাই আবেদন করছি এই ব্যাপারে দৃষ্টি দেওয়ার জন্য।

[12-20—12-30 P.M.]

শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা বিশেষ ঘটনার প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি কেন্দ্রীয় সরকারের নীতি ও নির্দেশ রাজ্য সরকার পালন করে থাকে এবং রাজ্য সরকারের নির্দেশ স্বায়ত্ত শাসিত সংস্থা, পৌরসভা পালন করে থাকে। কিন্তু গতকাল আমরা কাগজে দেখলাম যে বনগাঁ পৌরসভা সার্কুলার দিয়ে পৌর প্রাথমিক স্কুলে ইংরাজি পড়াচ্ছেন এবং এটা পশ্চিমবঙ্গ সরকারের পলিসি বিরোধী আমার কাছে সেই সার্কুলার ও স্কুলের বুকলিস্ট আছে। তাছাড়া গত ৩-২-৯২ তারিখে বিভাগীয় একটা সার্কুলার দিয়ে পৌরসভাগুলোকে লোক নিয়োগ বন্ধ রাখতে বলা হয়েছিল। কিন্তু সেই আদেশ অমান্য করে গোবরডাঙা পৌরসভা ৬৪ জন লোক নিয়োগ করেছেন। রাজ্য সরকারের আদেশ অমান্য করা ও একটা বিশৃঙ্খলা করবার প্রচেষ্টা ওরা করছে। উল্লেখ্য উক্ত পৌরসভাটি কংগ্রেস পরিচালিত। সুতরাং এই দুটি ঘটনার মধ্যে দিয়ে দেখা যাচ্ছে যে এই পৌর বোর্ড সরকারের আদেশকে মানেন না। তাই এই ঘটনার ব্যাপারে আমি বিভাগীয় মন্ত্রীকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

শ্রী সঞ্জীবকুমার দাস ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র শ্যামপুর থানায় আপনি যে কোনওদিন গেলে দেখতে পাবেন যে হোমগার্ডরা সেখানে সেন্ট্রি ডিউটি করছে। এলাকাটি ১০৫ বর্গ মাইল জুড়ে, সেখানে তিনজন এস. আই. আছে, তার মধ্যে একজন আবার চুরির দায়ে সাসপেন্ড হয়ে আছে, তিন এ. এস. আই. আর কন্সস্টেবল মিনিমাম নাম্বার এবং তাদের অধিকাংশই ক্যাম্পে আছে। তাই ওখানে অধিক সংখ্যায় অফিসার ও অধিক সংখ্যায় পুলিশ নিয়োগ করার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি।

শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্বাধীনতা সংগ্রামী এবং বীর বিপ্লবী রাসবিহারী বসু চন্দননগরে তার বৈপ্লবিক কর্মকাণ্ড করেছিলেন। চন্দননগরের সঙ্গে বহু স্মরণীয় ব্যক্তির নাম জড়িত আছে, তাদের অমর করে রাখার জন্য অনেক ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে। রাসবিহারী স্মৃতি রক্ষা কমিটি ও চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশন ১৯৮৯ সালেই ১২ই জানুয়ারি তদানীন্তন উচ্চ শিক্ষামন্ত্রী ও তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রীর কাছে একটি প্রস্তাব পাঠান।

প্রস্তাব দুটি ছিল নিম্নরূপ। একটা হচ্ছে যে, সেখানে যে গভর্নমেন্ট কলেজ অর্থাৎ চন্দননগর গভর্নমেন্ট কলেজ আছে সেই কলেজের নামটা পরিবর্তন করে রাসবিহারী মহা বিদ্যালয় রাখা এবং দ্বিতীয় প্রস্তাব হচ্ছে, তার যে পৈতৃক ভিটা সেই পৈতৃক ভিটা জনস্বার্থে অধিগ্রহণ করা। আজকে ৩ বছর হয়ে গেছে কিন্তু সেই সম্পর্কে আমাদের সরকার থেকে কোনও রকম পদক্ষেপ গ্রহণ করা হয়নি। আমার অনুরোধ উনি যেন এই বিষয়টা দেখেন এবং এই বিষয়ে তিনি যেন যা করণীয় সেই ব্যবস্থা যেন আমাদের সরকারের পক্ষ থেকে করা হয়।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী মহাশয় যিনি আছেন এখানে তার দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলায় লক্ষ লক্ষ লোক জলে আর্সেনিকের দূষণে বিপন্ন। বিকল্প হিসাবে উনি পরিশ্রুত পানীয় জল দিতে পারছেন না। যার ফলে গ্রামাঞ্চলে পানীয় জলের খুবই অসুবিধা হচ্ছে। জনস্বাস্থ্য কারিগরি দপ্তর জল সরবরাহ না করতে পারবার জন্য নদীয়া জেলার প্রতিটা গ্রামে যে চর্মরোগ দেখা দিয়েছে তা মহামারীর আকার ধারণ করেছে। আমি দায়িত্ব নিয়ে বলছি, কালিগঞ্জের ডোমপুকুর অঞ্চলে জলে আর্সেনিক থাকার ফলে কিছু লোক মারা গেছে। কেন্দ্রীয় তদন্ত ব্যুরো এবং এখান থেকে যে তদন্ত করা হয়েছে এবং তদন্ত করে দেখা গেছে এই জলে আর্সেনিক থাকবার জন্য শুধুমাত্র যে চর্মরোগ হচ্ছে তাই নয় পেটের অসুখও দেখা দিচ্ছে। গ্রাম, গ্রামান্তরে পেটের অসুখ হচ্ছে। শান্তিপুরে রামনগর বলে একটা জায়গা আছে সেখানে ৫০০ লোক আক্রান্ত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে, একদিকে রোগাক্রান্ত লোকের চিকিৎসা হচ্ছে না আর অন্যদিকে মানুষ ঠিকমতন পানীয় জল পাচ্ছেন না। গত কয়েকদিন আগে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, কোথায় কোথায় আর্সেনিক আছে তার ব্যাপারে ম্যাপ তৈরি করবেন। এটা আমরা সংবাদপত্রে দেখেছি। নদীয়া জেলাতে সাড়ে সাত লক্ষ লোকের বাস এবং এই আর্সেনিকের দূষণ রোধ করতে আমি অনতিবিলম্বে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি রাখছি।

শ্রী গৌতম দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর্সেনিকের বিষয়ে মাননীয় সদস্য যেটা বললেন তথ্যের বিষয়ে যাই থাকুক কিন্তু মূল বিষয়ে উদ্বেগ প্রকাশ করলেন। এই বিষয়ে রাজ্য সরকার যথেষ্ট উদ্বিগ্ন। সেদিক থেকে তিনি সঠিকভাবে উদ্বেগ প্রকাশ করেছেন। এই বিষয়ে বলবার আছে যে, কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় এই পানীয় জলের ব্যাপারে ৪টে টেকনোলজি সাবমিশন আমাদের রাজ্যে কাজ করছে। একটা আর্সেনিকের ব্যাপারে, দ্বিতীয় হচ্ছে ব্যাকটেরিয়ার ব্যাপারে, তৃতীয় হচ্ছে আয়রন এলিমিনেশনের ব্যাপারে আর চতুর্থ হচ্ছে ডি-স্যালাইনেশনের ব্যাপারে। আর্সেনিকের ব্যাপারে আমরা যে কমিটি করেছিলাম তাঁরা তাদের ফাইনাল রিপোর্ট দিয়ে দিয়েছেন। সেই রিপোর্টের ভিত্তিতে নদীয়া, মুর্শিদাবাদ এবং দুটো ২৪ পরগনার ব্যাপারে আমাদের কাছে কিছু চিত্র আছে কিন্তু সমগ্র রাজ্যের চিত্র আমাদের কাছে নেই। আমরা সিদ্ধান্ত নিয়েছি এবং কিছুদিন আগে বিজ্ঞানী এবং ইঞ্জিনিয়ারদের সাথে বসেছি। কেন্দ্রীয় সরকারের যে স্কীম সেই স্কীম ডিজলভ হয়ে গেছে, আমরা নতুন করে আর্সেনিকের ব্যাপারে টিম করেছি, আগামী ১ বছরের মধ্যে কোথায় কতটুকু আর্সেনিক আছে সেটা তন্ন তন্ন করে খুঁজে সেই ব্যাপারে ম্যাপ তৈরি করা হয়েছে এবং তা নতুন কমিটিকে য়া হচ্ছে। এ ছাড়া প্রত্যেকটা জেলাতে আর্সেনিকের পরিমাণ মাপবার জন্য স্ট্রেপটোফটোমিটার কেনবার পরিকল্পনা নিয়েছি যে মেশিনগুলির দাম ৩০ হাজার টাকা করে। এই যন্ত্রগুলি কিনে আমরা ১৬টা জেলাকে দিয়ে দেব যে যন্ত্র সরাসরি আইডেন্টিফাই করে দেবে যে কোন জলে কতটা আর্সেনিক আছে।

[12-30—12-40 P.M.]

ডাঃ গৌরীপদ দত্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় তথ্য সংস্কৃতি মন্ত্রীর দৃষ্টি

আপনার মাধ্যমে আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আমরা সবাই জানি বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে অসংখ্য পুরাকীর্তি আছে, মন্দিরে পড়ে আছে। টি.ভি.তে রেডিওতে বহুবার বলা হয়েছে। আমাদের ওখানে গোকুলনগরে গোকুলচাঁদের মন্দিরে লেটারাইট গাত্রের উপর খোদাই করা। অপূর্ব সব মন্দির আছে। অনেক লোক আর্কিওলজিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়াকে নিয়ে নেওয়ার জন্য অনুরোধ করেছিল। কিন্তু তদানীন্তন সরকার আর্কিওলজিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়াকে না দিয়ে ১৯৭০ সালে অধিগ্রহণ করেন। অধিগ্রহণের পর মন্দিরকে রক্ষা করার কোনও ব্যবস্থা হয়নি। ফলে অসাধু ব্যবসায়ীরা মন্দিরের গাত্র থেকে সব খুলে নিয়ে বিক্রি করছে এবং মন্দির অচিরে নষ্ট হয়ে যাবে। আপনার মাধ্যমে মন্ত্রীকে একটা করে গার্ড তিন শিফ্‌টে দেওয়ার জন্য অনুরোধ করছি। সরকারের টাকার অভাব আছে, তদানীন্তন সরকারও বলেছিলেন তাঁদের টাকা নেই, সংস্কারের ব্যবস্থা করতে পারব না। মন্দির রক্ষা করার ব্যবস্থা করার জন্য আর্কিওলজিক্যাল অফ ইন্ডিয়াকে দিয়ে দেওয়া হোক। অপূর্ব নিদর্শন এটা, রক্ষা করার ব্যবস্থা করা উচিত। উপস্থিত তিনটে গার্ড দেওয়া উচিত তিন শিফটের জন্য। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি এই রকম অপূর্ব মন্দির পশ্চিমঙ্গে হয়নি বা খুব কমই আছে।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী ছিলেন, উনি এখন চলে গিয়েছেন, থাকলে ভাল হত। আমরা খুব গণতন্ত্রের কথা বলি, নির্বাচনের কথা বলি। কিন্তু একটা আশ্চর্য ঘটনা ঘটে গিয়েছে। হুগলি জেলার শেওড়াফুলি-বৈদ্যবাটি কো-অপারেটিভ ব্যাঙ্ক নির্বাচন হল এবং নির্বাচনে যারা জয়লাভ করল, তারা জয়ী হওয়ার পরে সেখানে তাদের ক্ষমতা নিতে দেওয়া হল না। নির্বাচনে কোনও গাফিলতি থাকলে, নির্বাচনকে ন্যাল অ্যান্ড ভয়েড করার অধিকার আছে। সেই কো-অপারেটিভ ব্যাঙ্কে কংগ্রেসের লোকেরা ১২টি অসনের মধ্যে ১২টিতেই জয়লাভ করে। কিন্তু নির্বাচন হয়ে যাওয়ার পরে জয়ী প্রার্থীদের ক্ষমতা না দিয়ে পরাজিত প্রার্থীদের দিয়ে বোর্ড চালানো হচ্ছে গত তিন বছর ধরে। ১৯৮৯ সালে নির্বাচন হয়েছে, নির্বাচনে জয়লাভের পর জয়ী প্রার্থীদের কাজ করতে দেওয়া হয়নি। সেখানে মনোনীত ব্যক্তিদের দিয়ে কো-অপারেটিভ চালানো হচ্ছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি, অবিলম্বে নির্বাচনে জয়ী প্রার্থীদের কাজ করতে দেওয়া হোক।

শ্রী রাইচরণ মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পি. এইচ. ই. দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার কেতুগ্রাম থানার দুটি ব্লকে পাইপ লাইনে ওয়াটার সাপ্লাই করার জন্য জমি-জায়গা দেখা হয়েছে এবং সেখানে ঘরবাড়িও তৈরি হয়েছে। দীর্ঘ তিন-চার বছর ধরে সেই ঘরবাড়ি এবং পাইপ পড়ে আছে। কিন্তু জল সরবরাহ হচ্ছে না। একটা স্কীম স্যাংশন হবার পর নিশ্চয় তার একটা সময় সীমা থাকে যে ৩/৪/৫ বছরের মধ্যে তা শেষ হবে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন, তিনি যদি আমাদের জানান তাহলে ভাল হয় যে কতদিনের মধ্যে এর সুফল মানুষ পাবে।

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র কান্দিতে গত কয়েক সপ্তাহে ডাকাতি প্রচণ্ড বেড়ে গিয়েছে। কান্দি বাজার একটা অত্যন্ত ঘিঞ্জি এলাকা,

সেখানে পর পর দুটি দুঃসাহসিক ডাকাতি হয়ে গিয়েছে সোনার দোকানে। একটি ডাকাতি হয়েছে বিশ্বনাথ চন্দ্রের দোকানে—সেখানে ৪ লক্ষ টাকা ডাকাতি হয়েছে এবং আর একটি সাঁতরা বলে একজনের দোকানে ডাকাতি হয়েছে—সেখানে ৫০ হাজার টাকার মতন ডাকাতি হয়েছে। স্যার, সেখান থেকে থানা হাঁটা পথে দু'মিনিটের রাস্তা। স্যার, সেখানে নানা রকমের কমপ্লেন করার পর দেখা যাচ্ছে যে পুলিশ এলোপাথাড়ি ধরপাকড় করছে। যারা আদৌ ডাকাতির সঙ্গে জড়িত নয় পুলিশ তাদের ধরছে। সেখানে পুলিশের ইনটেলিজেন্স বলে কিছু আছে বলে মনে হচ্ছে না। তা থাকলে এতদিনে নিশ্চয় ডাকাতদের তারা ধরতে পারতেন। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীকে আমি অনুরোধ করব যে পুলিশের ইনটেলিজেন্স বাড়াবার দিকে আপনি নজর দিন। এই রকম একটা ঘিঞ্জি এলাকায় যারা ডাকাতি করেছে তাদের অবিলম্বে গ্রেপ্তার করা হয় এবং ডাকাতির মালপত্র যাতে উদ্ধার করা হয় তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের আমি দাবি জানাচ্ছি।

শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সারের দাম মেট্রিক টন প্রতি আগে যা ছিল এবং এখন যা হয়েছে সেটা প্রথমেই বলছি। ১৯৯১ সালে ইউরিয়ার দাম ছিল মেট্রিক টন প্রতি ২৩০০ টাকা, '৯২ সালে হয়েছে ৩০৬০ টাকা। পটাশ ছিল ১৩০০, '৯২ সালে হয়েছে ১৭০০ টাকা। সুপার ফসফেট ছিল ৯৬০ টাকা, '৯২ সালে হয়েছে ১২৫৫ টাকা। এর উপর ট্যাক্স হচ্ছে ৪.৬ পারসেন্ট। তারপর স্যার, ফার্টিলাইজার কর্পোরেশন অব ইন্ডিয়া ২৭-৯-৯১ তারিখের পত্রে ডিলারদের বলেছেন যে ২৩৫০ টাকা দরে সার বিক্রি আর নয়, ডিলারদের কাছে যে সার আছে তা ৩৩৫০ টাকা দরে বিক্রি করতে হবে এবং বাড়তি টাকাটা কোম্পানির ঘরে জমা দিতে হবে। স্যার, কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ভাগচাষী, প্রান্তিক চাষী, দরিদ্র চাষীদের পুরানো দামে সার দেওয়া হবে এবং সেখানে দু'হেক্টর পর্যন্ত যারা জমির মালিক তাদের তালিকা তৈরি করতে হবে। পঞ্চায়েত সেই তালিকা ৭ দিনের মধ্যে প্রস্তুত করেছেন। তালিকা হলে টাকা দেওয়া হবে বলা হয়েছিল, সেই টেলিগ্রামের নং হচ্ছে, ৪৭৬৭, তাং ৬-৯-৯১। আজ পর্যন্ত স্যার, কৃষকরা ঝুলছেন। এই দরিদ্র অসহায় কৃষকদের কলা দেখিয়ে রাখা হয়েছে। আমি চাই, এর একটা ব্যবস্থা হোক, এর একটা এন্ড হোক। কেন্দ্রীয় সরকারের প্রতারণা বন্ধ হোক।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সভায় একটি তথ্য জানাচ্ছি। সম্প্রতি বনগাঁর সাব ডিভিসনাল কন্ট্রোলার ৪ থেকে ৫ হাজার রেশনকার্ড সই করে ব্ল্যাঙ্ক রেশনকার্ড—চাঁদপালা সি. পি. এম. পার্টি অফিসে পাঠিয়ে দিয়েছেন।

[12-40—12-50 P.M.]

এবং সমস্ত রেশন কার্ড বাংলাদেশের নাগরিকদের দিয়ে দেওয়া হয়েছে। এর কারণ হচ্ছে গত ভোটার লিস্ট সংশোধনের সময় বনগাঁ মহকুমায় ১০,০০০ বাংলাদেশি নাগরিকদের নাম ভোটার লিস্টে অন্তর্ভুক্ত করা হয়েছিল। ডি. এম. এবং চীফ ইলেকশন অফিসারকে

জানিয়েও কোনও ফল হয়নি, তাঁরা কোনও অ্যাকশন নেননি। তারপর আমি ব্যক্তিগতভাবে দিল্লিতে গিয়ে মুখ্য নির্বাচনী কমিশনারকে বিষয়টি জানিয়েছিলাম। স্যার, আপনি নিশ্চয়ই জানেন যে, বর্তমান বামফ্রন্ট সরকার ভারতবর্ষের চীফ নির্বাচনী কমিশনারকে যমের মতো ভয় করেন। ভয় করেন বলেই তাড়াতাড়ি সে সমস্ত ভোটারদের মধ্যে রেশন কার্ড বিলি করে তাদের রেগুলারাইজ করে নিচ্ছেন। কারণ যদি মুখ্য নির্বাচনী কমিশনার তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করেন, তাই আগে থাকতে জেলা অফিসাররা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সহযোগিতায় ওই কাজ করছেন। আমি রাজ্য সরকারের কাছে আবেদন করছি, অবিলম্বে এ ব্যাপারে একটা পূর্ণ তদন্ত করা হোক।

শ্রী দীপক মুখার্জি ঃ স্যার, পশ্চিমবঙ্গের আড়াই লক্ষ ইঞ্জিনিয়ারিং শ্রমিক ১৫ মাস অপেক্ষা করে বসে আছেন কবে তাঁদের আর একবার ত্রিপাক্ষিক চুক্তি হবে। অথচ এ ব্যাপারে মালিক পক্ষ অনমনীয়। তারা বলছে, কেন্দ্রীয় সরকার নিজেদের শ্রমিকদের ছাঁটাই করছে এবং দেশে বহুজাতিক কোম্পানিগুলিকে ঢুকতে দিচ্ছে লাইসেন্স প্রথা বাতিল করে দিয়ে, আমাদের শিল্প আর টেকবে না। অতএব কোনও দাবি মানা যাবে না। মনমোহন সিং-এর বাজেট বলছে, আর. ডি. এ. দেওয়া যায় না, ডি. এ. ফ্রিজ করতে হবে। এই অপমানজনক কথাবার্তা আই. এন. টি. ইউ. সি.ও শুনছে, কিন্তু তারা কেন্দ্রীয় সরকারের ভয়ে প্রতিবাদ করতে পারছে না। আমরা বলছি কেন্দ্রীয় সরকার শ্রমিক মারা নীতি গ্রহণ করেছেন। ফলে আজকে আমাদের রাজ্যের ঐতিহ্যশালী ইঞ্জিনিয়ারিং শিল্পের আড়াই লক্ষ শ্রমিক এবং তাঁদের পরিবার পরিজন ধরে প্রায় ১২/১৩ লক্ষ মানুষ বিপদের সম্মুখীন। তাদের বাঁচার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর এবং তাঁর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকার অবিলম্বে এ বিষয়ে সঠিক পদক্ষেপ গ্রহণ করুন এবং তাঁদের মানুষ মারা শিল্প নীতি অবিলম্বে প্রত্যাহার করে নিন।

ডাঃ তরুণ অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্রমমন্ত্রী শান্তিবাবুর দৃষ্টি আকর্ষণ করছি। নৈহাটি বিধানসভা কেন্দ্রের অধীন 'কন্টেনার অ্যান্ড ক্যাপ' নামে একটি কোম্পানি আছে এবং সেখানে ৬০০ শ্রমিক কর্মে নিযুক্ত আছে। দুর্ভাগ্যের বিষয় হচ্ছে, গত বছর আগস্ট মাস থেকে মালিকদের অনমনীয় মনোভাবের জন্য কারখানাটি বন্ধ হয়ে আছে। সরকারের কাছে তথা শান্তিবাবুর কাছে বহু আবেদন নিবেদন করা সত্ত্বেও কোনও বলিষ্ঠ পদক্ষেপ সরকারের পক্ষ থেকে নেওয়া হয়নি বন্ধ কারখানাটির দরজা খুলে দেবার জন্য। আমি শান্তিবাবুর কাছে অনুরোধ করছি, তিনি আর ঘুমিয়ে থাকবেন না, তিনি জেগে উঠে দেখুন যে, নৈহাটির 'কন্টেনার অ্যান্ড ক্যাপ' কারখানাটি খোলা যায় কিনা। ৬০০ শ্রমিক ওখানে রয়েছেন, তাঁদের মুখে একটু অন্ন যোগাবার ব্যবস্থা করুন। এই দাবি আমি তাঁর কাছে করছি।

শ্রী নিতাইচরণ আদক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার কেন্দ্রে দীর্ঘদিন ধরে শান্তিপূর্ণ অবস্থা বিরাজ করছিল, কিন্তু গত কয়েক মাস ধরে কংগ্রেস থেকে বিভিন্ন ঘটনাকে কেন্দ্র করে একটা অশান্তির পরিবেশ সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে। গত ৮ই মার্চ হাওড়া জেলার

কংগ্রেস সভাপতি আমার কেন্দ্রে একটা মিটিং করে অত্যন্ত অশালীন বক্তব্য রেখে এসেছেন। স্যার, ওখানে ১৯৮৩ সালে একজন চাষীকে একটা জমির পাট্টা দেওয়া হয়েছিল। সেই জমির পাশে কংগ্রেসেরই একজন ভদ্রলোক একটা বিরাট বিল্ডিং করবার জন্য চাষীর পাট্টাপ্রাপ্ত জমিটি দখল করার চেষ্টা করছে।

সেখানে আমাদের বাধা দেওয়া হচ্ছে এবং সেদিন তিনি এক জনসভায় বলে এসেছেন যে কোনও বাধার ব্যাপার নেই পাট্টা দেওয়া জায়গায় যিনি আছেন তাঁর বাড়ি ঘর ভেঙে ধূলিস্যাৎ করে দিয়ে যিনি পিছনে বিল্ডিং করেছেন তাঁকে সহায়তা করা হোক। গত ৯ তারিখে সকাল থেকে কংগ্রেসি গুণ্ডারা সেখানে মারধোর করে এবং যেসব দোকান ছিল সেই সব দোকানে লুঠপাট করে। থানায় জানানো হয়েছে, প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে গেলে সেখানেও বাধা দেওয়া হচ্ছে। শুধু সেদিন নয়, আগেও আমাদের গ্রামে বাড়ি ঘর ভেঙে দিয়ে মেয়েদের প্রতি অশালীন আচরণ করা হয়েছে। তাই আমি এ ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে উপযুক্ত ব্যবস্থাদি গ্রহণ করা হয়, তা না হলে গ্রামাঞ্চলে অশান্তির সৃষ্টি হবে।

শ্রী সুকুমার দাস ঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে একটি মারাত্মক ঘটনা পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের কাছে তুলে ধরতে চাই। মেদিনীপুরের পিংলা কলেজে গত ৭ তারিখে একটি রজত জয়ন্তী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছিল। মেদিনীপুরের চারটি কলেজেই এস. এফ. আই. সংগঠন আছে, সেই কলেজে এস. এফ. আই. সেই অনুষ্ঠানে লেলিনের একটি ছবি টাঙিয়েছিল, সেই অনুষ্ঠানে পশ্চিমবঙ্গ সরকারের একজন মাননীয় মন্ত্রী উপস্থিত ছিলেন, কিন্তু সেই অনুষ্ঠান হয়নি, গণ্ডোগোল এবং মারামারি হয়েছে। ছাত্রপরিষদের ২০ জন ছেলে গুরুতর আহত হয়ে হাসপাতালে রয়েছে অনশন চলছে, দোষীদের গ্রেপ্তার করা হচ্ছে না, আজও এস. পি.র সঙ্গে আমার কথা হয়েছে, এখনও অনশন চলছে। স্যার, লেলিনকে তো আমরা কেউই অসম্মান করি না, কাজেই এই ব্যাপারে দোষীদের অবিলম্বে গ্রেপ্তার করার ব্যবস্থা করা হোক।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ সমস্যাসঙ্কুল এলাকার ব্যাপারে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি এর আগে এই সভায় কয়েকবার বলেছি। ভাগীরথী নদীর ভাঙন কাটোয়া মহকুমার কালনার বিস্তীর্ণ অঞ্চল নদীগর্ভে চলে যাচ্ছে। কাটোয়ার দাঁইহাট ও কালনার দামপাল, জালুইডাঙ্গা, অগ্রদ্বীপ বিভিন্ন এলাকা ভাঙনের ফলে বিস্তীর্ণ অঞ্চল নদীগর্ভে চলে যাচ্ছে। সম্প্রতি কাটোয়া--ব্যান্ডেল লাইনের সমুদ্রগড়ের জালুইডাঙ্গায় নদীর জল একেবারে রেল লাইনের ধারে চলে এসেছে, যে কোনও সময়ে ভয়াবহ দুর্ঘটনা ঘটতে পারে। রাজধানী কলকাতার সঙ্গে যোগাযোগের ঐ একমাত্র রেল লাইনটি বাঁচাবার জন্য মাননীয় সেচমন্ত্রী কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলে যাতে ঐ রেল লাইনটি এবং ঐ সব অঞ্চলকে রক্ষা করা যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রী অজয় দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামীকাল থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। প্রায় ৪ লক্ষ ৮৩ হাজার পরীক্ষার্থী রয়েছে, বিদ্যুতের অবস্থা অত্যন্ত শোচনীয়। কিছু

কিছু জায়গায় এবারে অবশ্য সরকার কিছু বিধি নিষেধ আরোপ করেছেন, কিন্তু কলকাতার বাইরে ২,৬৩,২৫৩ জন পরীক্ষার্থী রয়েছে। তাদের ঘরে বিদ্যুৎ নেই, আংশিক রেশন এলাকায় সপ্তাহে ১০০-২০০ গ্রাম কেরোসিন দেওয়া হয়। আমি আবেদন করছি পরীক্ষার সময়ে পরীক্ষার্থীদের অ্যাডমিট কার্ড দেখে কিছু বাড়তি কেরোসিন বরাদ্দ. করা হোক।

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গরম পাড়ার সঙ্গে সঙ্গে লোডশেডিং এবং লো--ভোল্টেজের জন্য জনজীবন বিপর্যস্ত। গোঘাট এবং আরামবাগে ডি. ভি. সি.র থেকে বিদ্যুৎ সরবরাহ করা হলে আমরা ভেবেছিলাম যে অবস্থায় উন্নতি হবে, কিন্তু উত্তরোত্তর আরও অবনতি হচ্ছে। একদিকে বিদ্যুতের বেহাল অবস্থা অপরদিকে বোরো চাষ এবং লো--ভোল্টেজের ফলে ও লোডশেডিংয়ের জন্য ছাত্রছাত্রীদের পড়াশোনার খুবই অসুবিধা হচ্ছে। আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সময়ে অন্তত বিদ্যুৎ পরিস্থিতির একটু উন্নতি ঘটানো যায়।

[12-50—1-30 (including adjournment)]

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিসভার সদস্যদের মাধ্যমে, মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং একটি প্রস্তাব এই সভায় গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করছি। পশ্চিমবঙ্গে তিনটি রেল প্রকল্প—তমলুক-দিঘা, লক্ষ্মীকান্তপুর-নামখানা এবং বালুরঘাট-একলাখী, এই তিনটি রেল প্রকল্প গত তিনটি আর্থিক বছরে অতি সামান্য আর্থিক সাহায্য পেয়েছে রেলমন্ত্রক থেকে। প্রয়াত নেত্রী ইন্দিরা গান্ধীর এগুলো স্বপ্ন ছিল, রাজীব গান্ধীর ঘোষণা ছিল। কিন্তু ক্ষোভের কথা, এদিকে ঠিকমতো দৃষ্টি দেওয়া হচ্ছে না। কংগ্রেস-কমিউনিস্টের ব্যাপার নয়, রাজনীতির ব্যাপারও নয়, আজকে পশ্চিমবাংলার স্বার্থে এই সভা থেকে একটা সর্বদলীয় দলকে কেন্দ্রীয় সরকারের রেলমন্ত্রীর কাছে পাঠানো হোক এবং দাবি করা হোক এই তিনটি প্রকল্পের জন্য বেশি পরিমাণ অর্থ বরাদ্দের জন্য পশ্চিমবঙ্গের অর্থনীতিতে জোয়ার আনতে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেদিনও বলেছি এবং আজও বলছি, আমাদের এই হাউসের তরফ থেকে—একটু ট্রান্সপোর্ট মিনিস্টারকে আসতে বলুন—একটি সর্বদলীয় কমিটি গঠন করুন এবং তারা যাতে কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে যেতে পারেন তার ব্যবস্থা করে দিন। আমার ধারণা আগামী ১৬ তারিখে বাজেট প্রেজেন্টেশনের পর আপনি হাউস অ্যাডজোর্নড করে দিচ্ছেন সাবজেক্ট কমিটির বাজেট স্ক্রুটিনির জন্য। সেই সময় সর্বদলীয় কমিটি যেতে চায় দিল্লিতে, কারণ পশ্চিমবঙ্গের রেল প্রকল্পগুলির জন্য ব্যয় করা হচ্ছে না, বঞ্চনা করা হচ্ছে। তাই সর্বদলীয় কমিটি সেখানে যেতে চায়।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানস ভুঁইয়া প্রস্তাব এনেছেন এবং ডাঃ জয়নাল আবেদিন যা বললেন আমি তার সঙ্গে একমত। এখানে পরিষ্কার করে বলতে চাই, এটা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে হলেও যায়-আসে না। কারণ রাজ্যের স্বার্থ আমাদের দেখতে হবে। যেহেতু কংগ্রেস, সেজন্য এই রাজ্যের স্বার্থ দেখব না তা নয়। আমাদের কাছে

রাজ্যের স্বার্থ বড় এবং এই রাজ্যের সবকিছু করতে হবে। আপনি ছোট করে একটা কমিটি করে দিন। লক্ষ্মীকান্তপুর-নামখানা প্রভৃতির মতো রেল প্রকল্পগুলিতে খুবই কম টাকা দেওয়া হয়েছে। প্রকল্পগুলি নর্থবেঙ্গল, সুন্দরবন এবং মেদিনীপুর রয়েছে। এই প্রকল্পগুলির স্বার্থে কমিটি করে দিন। ট্রান্সপোর্ট মিনিস্টারের নেতৃত্বে এটা হলে সকলে খুশি হবেন। আপনি গেলে আরও ভাল হয়।

মিঃ স্পিকার ঃ একটি অল পার্টি ডেলিগেশন দিল্লিতে যাবার কথা ছিল, কিন্তু সেই ডেলিগেশনে কোনও কারণে যেতে পারেননি। তাঁরা অ্যাপয়েন্টমেন্ট করতে পারেননি দিল্লিতে সেই কমিটি ফ্রেশ গঠন করে অ্যাপয়েন্টমেন্ট করে দিল্লিতে যেতে হবে।

শ্রী ত্রিলোচন দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার নলহাটি ২ নং ব্লকের অধীনে পশ্চিম ব্রাহ্মণী নদীর বামতীরে প্রসাদপুর, পূর্ব গোপালপুর মৌজায় বাঁদগাছি বাবলাতলা নামক স্থানটির ৩টি সাইড বাঁধ বিরাট ধ্বস নেমে ব্রাহ্মণী নদীতে পড়ে গেছে। ফলে প্রবল বন্যার জলে বীরভূম এবং মুর্শিদাবাদ জেলার শত শত গ্রাম এবং হাজর হাজার একর জমির ফসল ধ্বংস হয়ে মরুভূমিতে পরিণত হবে। এই বাবলাতলা নামক স্থানটির ১২ চেন পরিমাণ জায়গায় বড় বড় পাথর বা বোল্ডার দিয়ে খুব ভালভাবে বাঁধার জন্য সেচমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি।

শ্রী সাধন পান্ডে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতায় এন্টারটেইনমেন্ট পার্কের ব্যাপারে যে সমস্যা হচ্ছে, আমরা তার বিরোধিতা করছি না, কিন্তু আমরা জানতে চাই যে এটা লুকিয়ে কেন হচ্ছে? আমাদের সরকার এটা জানান, বিধানসভায় তথ্য দিয়ে আমাদের জানান। এই পার্কগুলি নিয়ে টোডিদের সঙ্গে বা অন্যান্যদের সঙ্গে কি সব ব্যাপার চলছে সেটা আমরা জানতে চাই। আমরা খবর পেয়েছি যে গতকাল টোডিরা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন। টোডিদের সঙ্গে কি কথা হচ্ছে সরকারের সেটা এই হাউসকে জানানো হোক। আজকে যখন হাউস চলছে তখন এটা আমাদের জানা দরকার আছে। টোডিদের এইসব ব্যবসায়ে কি লেনদেন চলছে সেইসব ব্যাপারে আমরা জানতে চাই।

শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এবং অর্থ মন্ত্রী মহাশয়ের একটা গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলায় বর্তমানে ক্ষেত-মজুরদের কোনও কাজ নেই। চাষীর বাড়িতে একমাত্র আমন ধানের মরশুমে ক্ষেতমজুররা কাজ পায়। এই ফলনের সময় ছাড়া অন্য সময়ে তাদের কোনও কাজ থাকে না। বর্তমানে যদিও কিছু কিছু এলাকায় সামান্য বোরো ধানের চাষ হয় কিন্তু তাতে ক্ষেতমজুর সামগ্রিকভাবে কোনও কাজ পান না। আমার জেলা খরা প্রবণ জেলা। এখানে গ্রাম পঞ্চায়েত কোনও কাজ নেই। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ যাতে পুরুলিয়া জেলার গ্রাম পঞ্চায়েতগুলিকে টাকা বরাদ্দ করা হয় এবং গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে ক্ষেতমজুরদের কাজের ব্যবস্থা করা হয়।

শ্রী রঞ্জিত পাত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকারের একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গত বাজেটের সময় কেন্দ্রীয় সরকার কৃষক স্বার্থ বিরোধী যে নীতি গ্রহণ করেছিলেন তার ফলে কৃষকদের সারের ভর্তুকি হ্রাস করে কৃষকদের সর্বনাশ করেন। তার ফলে সারা ভারতবর্ষে কৃষকদের গণ-আন্দোলনের জোয়ার সৃষ্টি হয়। সেই গণ-আন্দোলনের চাপে এবং বামপন্থী সরকারের সাংসদদের প্রচেষ্টায় তৎকালীন কেন্দ্রীয় সরকার সেই নীতির কিছুটা সংশোধন করতে বাধ্য হন এবং ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের পূর্বের দামে ভর্তুকির কথা ঘোষণা করেন। পশ্চিমবঙ্গ সরকার সেই নীতি কার্যকর করার জন্য দীর্ঘদিন ধরে বলে আসছে কিন্তু কেন্দ্রীয় সরকার সেই নীতি আজও কার্যকর করছেন না, সেটা কথার কথা হয়ে আছে। পশ্চিমবঙ্গ বামপন্থী সরকারের কাছে দাবি করছি তারা যেন কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করে এবং ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের সর্বনাশের হাত থেকে রক্ষা করেন।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। আমি আশা করেছিলাম মুখ্যমন্ত্রী এখানে থাকবেন। আপনি জানেন যে গত আগস্ট মাসের অধিবেশনের সময় কাঁথিতে একটা ধর্ষণকে কেন্দ্র করে সেখানকার লোকেরা প্রতিবাদ করেছিল। সেই প্রতিবাদ করতে গিয়ে দুটি কিশোর প্রাণ হারিয়েছিল। সেই সময়ে মুখ্যমন্ত্রী বিদেশে ছিলেন। তখন তাব দায়িত্বে ছিলেন বিনয়কৃষ্ণ চৌধুরি। তিনি এই হাউসে দাঁড়িয়ে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে শীঘ্রই ঐ দুটি নিহত যুবকের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হবে। কিন্তু আজ ৬ মাস অতিবাহিত হল, বিধানসভায় দাঁড়িয়ে মুখ্যমন্ত্রীর দায়িত্বে থেকে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল আজ পর্যন্ত তা পালন করা হল না। আমার দাবি অবিলম্বে এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী মহঃ ইয়াকুব ঃ অনারেবল স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে ক্রীড়া মন্ত্রীর একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। সর্বভারতীয় ক্ষেত্রে আমাদের বাংলার খেলাধূলার মান অনেক বেশি পিছিয়ে যাচ্ছে। আমরা দেখেছি যে গত সন্তোষ ট্রফিতে পরপর তিনবার সেমি ফাইনাল থেকে তারা ফিরে এসেছে এবং অন্যান্য খেলাধূলার ক্ষেত্রেও বাংলার মান অনেক বেশি পিছিয়ে গেছে। সেজন্য অবিলম্বে এই খেলাধূলার মান উন্নত করার ব্যবস্থা গ্রহণের জন্য আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বাংলা দেশের সুটিয়া গ্রামে কোদালিয়া খালে একটা বাঁধ দেওয়া হয়েছে। সেই বাঁধ দেওয়ার ফলে আমাদের পশ্চিমবাংলার এই সমস্ত জায়গায় তিন-চারটি অঞ্চল যা আছে সেই সমস্ত অঞ্চলে প্রায় প্রতি বছর কোটি কোটি টাকার ফসল নষ্ট হয়ে যাচ্ছে। আমরা একটা প্রস্তাব রেখেছিলাম ইরিগেশন মন্ত্রীর কাছে, যে ইন্ডিয়ান টেরিটোরির মধ্যে যেন--ভাগা খাল আছে সেটাকে যদি মেন্টেন করা হয়, যদি তার জন্য টাকা দেওয়া হয় তাহলে ঐ এলাকার কোটি কোটি মানুষের ফসল বেঁচে যেতে পারে।

প্রতি বছর ঘাটতি শূন্য বাজেট দেখানো হচ্ছে আর দেখা যাচ্ছে ডিপার্টমেন্টে টাকা

নেই। আমি তাই বলতে চাই এবারের বাজেটে অন্তত ন-ভাগা খাল মেরামতের জন্য টাক রাখা হোক। ইন্দো বাংলাদেশ কমিশন হয়েছে, কোদালিয়ায় ওরা কি করেছে না করেছে বলতে চাই না, ইন্ডিয়ান টেরিটরির মধ্যে ন-ভাগা খাল পড়ে। এই ন-ভাগা খাল মেন্টেনেন্সে জন্য অন্তত ৪-৫ লক্ষ টাকা বাজেটে রাখুন, এই টাকা দিয়ে এই খাল খনন করুন। এ খাল মেরামত করে সংস্কার করে যেটা বুঝে গেছে সেটা ইছামতীর সঙ্গে যুক্ত করে দিন তাহলে অনেক ফসল বাঁচতে পারে। আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর কাছে অনুরো জানাচ্ছি, কোনও নতুন খাল রিনোভেশন করতে বলছি না ওই খালকে সংস্কার করুন। এ খাল সংস্কার করার জন্য মন্ত্রিসভা যদি অনুমোদন না দেন তাহলে মন্ত্রিসভা সাধারণ মানুষে কাছে কি জবাব দেবেন। আমি ওই এলাকার বিধায়ক, আমি আপনার মাধ্যমে বিশেষভা সেচ মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি, ৩-৪ লক্ষ টাকা একটা মাইনর থিং, এই টাকা দিলে ৩ ৪টি অঞ্চলের গ্রামপঞ্চায়েতে কোটি কোটি টাকার ফসল হবে। রাজ্যপালের কাছে মেমোরান্ডা দিয়ে দাবি করেছিলাম। রাজ্যপাল ওয়াজ প্লিজড টু পাস অ্যান ওর্ডার টু দি মিনিস্টার মাননীয় রাজ্যপালকেও পাত্তা দিচ্ছেন না। আমি তাই আপনার মাধ্যমে ইরিগেশন মিনিস্টারে অনুরোধ জানাতে চাই যাতে এই ন-ভাঙ্গা খালটি সংস্কার হয় তার জন্য।

শ্রী ইউনুস সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী এব কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ফেব্রুয়ারির ৭ তারিখে মুর্শিদাবাদে ভয়াবহ শি বৃষ্টি হয়েছে। এই শিলা বৃষ্টিতে জলঙ্গী, নওদা, রানীনগর, সাগরদীঘি, ভগবানগোলা এব মুর্শিদাবাদ ভেসে গিয়েছে এবং ধান যা ছিল নষ্ট হয়ে গিয়েছে। আপনারা জানেন কেন্দ্রী সরকার কিভাবে সারের দাম বাড়িয়ে দিয়েছে। তার উপর এই বৃষ্টির ফলে চাষীদের সম ফসল নষ্ট হয়ে গিয়েছে, ফলে চাষীরা একেবারে নিঃস্ব হয়ে গিয়েছে। এই মুহূর্তে চাষীদে ক্ষতিপূরণ দেবার জন্য ত্রাণমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। কৃষিমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি বিক ব্যবস্থা হিসাবে চাষীরা যাতে চাষ করতে পারে তার জন্য লোন এবং ধানের বীজ দেও দরকার। সাগরদীঘিতে এমন বৃষ্টি হয়েছে যে সেখানকার গাছের পাতা নেই। সাগরদী ব্লকের দাস্তুর গ্রামে বৃষ্টির মধ্যে নদী পার হতে যাবার সময় একজন চাষী নদীতে মা গেছে। তদন্ত করলে ঘটনা জানা যাবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে তদন্ত করে উপযুক্ত ব্যব গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : There will be no further mention, no furth question. Now recess. We shall meet at 1.30 p.m.

(Accordingly the House was then adjourned till 1.30 p.m.)

[1-30—1-40 P.M. (After adjournment)]

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ স্যার, আজকে রেলওয়ের ব্যাপারে যে প্রস্তাব এখানে এসে আমিও তাকে সমর্থন করছি। কারণ এর সঙ্গে ভারতবর্ষের সমস্ত মানুষের স্বার্থ জড়ি রয়েছে। বজবজ-নামখানা রেল লাইন; যাত্রী ভাড়া ১০ টাকা থেকে বেড়ে ১৪ টাকা হ

গিয়েছে; সিজন টিকিটের ভাড়া ১১৩ টাকা থেকে বেড়ে ১৬৫ টাকা হয়ে গেছে; রেলওয়ের ফ্রেইট সাত পারসেন্ট বেড়ে গেছে; কয়লার দাম চার ভাগ বেড়ে গেছে; মুদ্রাস্ফীতিও বেড়ে গেছে এবং এর জন্য আজকে সমস্ত জিনিসের দাম বেড়ে যাবে। তাই পশ্চিমবঙ্গ বিধানসভার পক্ষ থেকে, পশ্চিমবঙ্গের মানুষের হয়ে যে সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লিতে তাদের বক্তব্য বলতে যাবেন, সেই ব্যাপারটাকে আমি সমর্থন করছি।

Discussion on Amendments to Rules Committee's Reports

Mr. Speaker : I have received two noticces. One from Shri Partha Dey requesting to allow a discussion on the amendment on the report of the Rules Committee, for the purpose of reducing the number of persons required to support a motion of no-confidence in the Council of Ministers and also in the Speaker.

I have received another notice from Shri Nani Kar seeking amendment on the recommendations of the report of the Rules Committee. In ordinary course the report was laid on the Table of the House. After seven days it becomes a part of the rules. There is no provision for any discussion. But I feel that if any hon'ble member wants to have a discussion it can be discussed. I should not debar any member from a discussion. The amendment of Shri Nani Kar seeks that the report be taken into consideration by the House for discussion. I do not know whether it would be a healthy practice or not. If I allow discussion on the report of one committee of the House then I will have to open the door of all other committees.

Anyway now I am asking Shri Nani Kar to move his amendment and let us see what is the view of the House.

Shri Gyan Singh Sohanpal : Sir, I have no objection for discussing the recommendation of the Rules Committee. But one thing must be kept in mind that the Rules Committee is presided over by the Speaker of the House and any decision taken otherwise will indirectly reflect the Chair.

Mr. Speaker : I entirely agree with you Mr. Sohanpal. There is no provision for discussion of the report of a Standing Committee in the House except the report of the Select Committee. The rule provides that the report of the Committee would be placed on the Table of the House. But if a member seeks discussion I should not debar the member from that. He should be heard. Shri Nani Kar's amendment seeks to demand that the report of the Rules Committee be taken into consideration. Now if I allow discussion on the report of the Rules Com-

mittee then I shall have to allow discussion of the report of all the Committees.

Shri Nani Kar you please move your amendment and let us see the situation.

শ্রী ননী কর ঃ মিঃ স্পিকার স্যার, আমি আমাদের যে রুলস্ অব প্রসিডিওর আছে তার ২১০(১) যে আইন আছে, সেই আইন অনুযায়ী আমার অ্যামেন্ডমেন্ট আমি মুভ করছি। বিরোধী পক্ষের চীফ হুইপ অবশ্য বলেছেন, রুলস্ কমিটি যেহেতু চেয়ার্ড হয় আপনার দ্বারা, আপনি যেহেতু তার চেয়ারম্যান, সেই কারণে অলোচনাটা করা যায় না। আমার কথা হচ্ছে, আমাদের যে রুলস্ আজকে আছে তা আপনার দ্বারা পরিচালিত হয়। সেখানে ২১০ ধারায় আছে, যদি কোনও রিপোর্ট আসে তাহলে তার সংশোধনী আমরা দিতে পারি। আমি সেই আইনের মধ্যে থেকে এই সংশোধনী দিয়েছি। আপনি জানেন যে, আমাদের রাজ্য বিধানসভার সদস্য সংখ্যা যখন কম ছিল তখন ৫৬ জন সদস্যের দরকার হত একটা নো কনফিডেন্স মোশন মুভ করার জন্য। ইট ওয়াজ ৫৬। এরপর বিরোধী দলে যখন কংগ্রেস গেলেন এবং আপনার ঐ চেয়ারে প্রয়াত নেতা বিজয় ব্যানার্জি যখন ওখানে বসতেন, যখন কংগ্রেস ছোট হয়ে গেল, বিজয় ব্যানার্জি তখন তৎকালীন যুক্তফ্রন্ট নেতাদের সঙ্গে কথা বলে সেই সংখ্যা কম করে করেছিলেন ৪৮। আজকে ৪৮ চালু আছে। আজকে রুলস্ কমিটি বলছে সংখ্যাটা ৩০০ হলেও চলবে। এই কথা ঠিক যে, আপনি বিরোধী পক্ষকে ভালবাসেন। ওদের সংখ্যা কমে যাচ্ছে, আরও কমে যাবে। যদি আরও কমে যায় তাহলে হয়ত এটা ১০ বা ২ করতে হবে। কিন্তু কথাটা হচ্ছে, এই রকম গুরুত্বপূর্ণ একটি বিষয়, যেখানে বিরোধী পক্ষ ক্রমেই ছোট থেকে ছোট হয়ে যাচ্ছে, এই অবস্থায় তাদের অধিকার রক্ষা করার জন্য যে প্রশ্নটা উঠছে, আজকে যদি এটা নিয়ে ডিসকাশন হয়, তাহলে নিশ্চয়ই যেকোনও রিপোর্ট ডিসকাশনে যেতে পারে। আমি বলবো এটা যেন ডিসকাশন হয়। ওরা চাইছেন ডিসকাশনটা যেন না হয়। আমরা এই বিধানসভায় দেখেছি যে, ওরা আপনার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন, গভর্নমেন্টের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন এবং তারপর সেই অনাস্থা প্রস্তাবে ভোট দেননি। সেজন্য এত কম সংখ্যায় নিয়ে যাওয়া ঠিক হবে কিনা, বিশেষ করে এই সমস্ত ফিল্মজি গ্রাউন্ডে, সে সম্পর্কে রুলস্ কমিটির কি চিন্তা এবং সে সম্পর্কে আমরা বিধানসভার সদস্য, আমাদের মতামত দেওয়ার সুযোগ দেওয়া হোক। আপনার প্রতি ওদের একটু ভরসা, আপনি সংখ্যাটা কমিয়ে ৪০ থেকে ৩০ করে দেবেন। হয়ত সংখ্যাটা ৩০ থেকে কমিয়ে ১০ করার দরকার হতে পারে। সেজন্য আমার এই অ্যামেন্ডমেন্টটা আশা করব, আপনি গ্রহণ করবেন। এটাই আমার সাবমিশন।

[1-40—1-50 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দলের চীফ হুইপ তার সাবমিশন রেখেছেন। সেখানে রুলস্ কমিটিতে আমাদের চীফ হুইপ তার সাবমিশন দিয়েছেন। আপনার নেতৃত্বে এখন অনেকগুলো কমিটি হয়েছে, যথা ২৪টি কমিটি হয়েছে। সেই কমিটিগুলো এখন কাজ করছে কিন্তু কোনও কমিটির রিপোর্ট নিয়ে ডিসকাশন হয়নি। সেইসব কমিটিতে

ইভেন চেয়ার বাই অর্ডিনারি মেম্বারস এবং একমাত্র রুলস্ কমিটিতে স্পিকার চেয়ারম্যান। এই রুলস্ কমিটি ছাড়া আরও একটি কমিটিতে স্পিকার চেয়ারম্যান আছেন। ননীবাবু তো এসব জানবেন না, উনি তো আর বেশিদিন আসেননি, জানবেন কি করে? প্রোপরশনেটলি আগে হাউস অফ কমন্সে ৭১৫ জন মেম্বার ছিলেন এখন সেই মেম্বার্সের সংখ্যা কমে দাঁড়িয়েছে ৫৩৫ জন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে আপনি আমার চেয়ে ভাল জানবেন, কেননা আপনি সম্প্রতি ওখানে গিয়েছিলেন, আমি তো সত্তরের দশকে গেছিলাম। তারপরে অনেক নিয়ম পাল্টেছে। এবং এখন আমার যা মনে হয় ওখানে এই সংখ্যা করে গেছে, ওনলি ৪০ ইজ নেসেসরি লোকসভাতে ৫৪ জন মেম্বার সেখানেও স্ট্রেনথ কমানো হয়েছে এবং কমিয়ে ওনলি ৫০ করা হয়েছে। অর্থাৎ লেস দ্যান ১৫ পারসেন্ট। হাউসে রুলস কমিটি যেটা প্রোপোজ করবেন সেটাই তো স্থির হবে। কিন্তু আপনারা এখানে একটা ট্রাডিশন করতে চাইবেন। কমিটির রিপোর্ট ডিসকাশ হবে। কবে কমিটির রিপোর্ট ডিসকাশ হয়েছে বলুন তো? নো কনফিডেন্স মোশন আনার ব্যাপারে আপনারা বলছেন। নো কনফিডেন্স জানা তো একটা সভার ঐতিহ্য। পৃথিবীর যেকোনও দেশে এটা একটা চরিত্র। এই জিনিস আপনি হাউস অফ কমন্সে যান দেখবেন, সেখানে নো-কনফিডেন্স প্রস্তাব আনা হয়। লোকসভাতে এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে এই প্রস্তাব আনা হয়। আসলে বাইরে ঘোরেন না তো, জানবেন কি করে? আজকে ইউ. এস. আর. দেখুন—অবশ্যি এখানকার চরিত্রটা অন্যরকম। ওখানকার কন্ডিশন এখন অন্যরকম। এখন যদি এর উপরে আলোচনা হয় তাহলে বুঝতে হবে নতুন করে প্রেসিডেন্ট তৈরি হবে এবং আপনি এই রুলস্ কমিটির চেয়ারম্যান, আপনি এর বিচার করবেন। তবে গোটা পৃথিবীতে এনসেন্ট পার্লামেন্ট, ওল্ডার পার্লামেন্ট, সিনিয়র পার্লামেন্ট এবং অল অ্যাসেম্বলিজ থ্রু দি কান্ট্রি এই চরিত্র। হাউস অফ কমন্সেও এই চরিত্র এবং লোকসভাতেও এই চরিত্র। আর ওঁরা আজকে তার সমালোচনা করতে যাচ্ছেন! আপনাদের বিরুদ্ধে আমরা নো-কনফিডেন্স আনব বাই এ সাবস্টানসিভ মোশন, এবং সেই ব্যবস্থাই তো এখানে করা আছে। এ ক্ষেত্রে ওঁদের এত কেন আতঙ্ক? স্যার, আপনার কাছে আমার সাজেশন হচ্ছে যে, ননীবাবু তো এটা এনেছেন, ওঁকে ফ্লাড গেটটা খুলে দিন। আরও তো ২৬টা কমিটি হবে, তখন উনি কি করবেন?

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ স্যার, আমি সবই শুনলাম, আমি এতে কি বলব, আপনি রয়েছেন, আপনি বিচার করবেন। এখানে কথা হচ্ছে যে, আমরা আমাদের সময়ে দেখেছি যে কমিটিতে আমাদের ঘরের দু'জন ছিলেন—জ্ঞান সিং সোহনপাল এবং ডাঃ জয়নাল আবেদিন। তাঁদের উপরে আমাদের কনফিডেন্স ছিল। এখন ননীবাবু যেটা বলছেন তাতে আমার মনে হচ্ছে ওঁনার পার্টির উপর নিশ্চয় কনফিডেন্স হারিয়ে ফেলেছেন।

সবাই যদি বলতে থাকেন তাহলে তো আর হবে না এবং এক্ষেত্রে একটা প্রিসিডেন্ট থেকে যাবে। আমি আপনি তো প্রিসিডেন্টের মানুষ, একবার প্রিসিডেন্ট তৈরি হলে সেটা তো আর বন্ধ করা যাবে না। ১৩ জনের সবাই যদি ডিসকাস করেন তাহলে তো আর চলবে না। এবং এই জিনিসই তাহলে পরবর্তীকালে চলতে থাকবে। সুতরাং আপনিই বিচারক, আপনি এর বিচার করবেন।

মিঃ স্পিকার ঃ ডাঃ জয়নাল আবেদিন, ননীবাবু আমাদের এখানে একটু বলতে চাইছেন, উনি একটু বেশি বলতে চান বলতে দিন।

এটা আমি বলছি না, উনি এই সুযোগটা চাইছেন। এখানে টেকনিক্যালি যেটা, সেটা হচ্ছে, উনি যে কন্টেন্টসটা বলতে চাইছেন নাম্বার অফ মেম্বারস বি রিডিউসড সেটা উনি সংশোধন করতে চান। উনি ৩৮ থেকে ৪০ বলছেন না, উনি বলছেন ইট শুড বি ডিসকাশড, বি কনসিডারড ইন দি হাউস, রুলস কমিটি রেকমেন্ড করেছে; মেম্বাররা তাদের কিছু ভিউস দিতে পারে বক্তব্য রাখতে পারে, এটা শুধু সুযোগ চাচ্ছে।

শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ স্যার, রুলস্ কমিটি যে রেকমেন্ডেশন করেছে সেটা আমাদের এখানে ৪৮টা দেখে করেনি এটাও আপনার বলা দরকার। বিকজ ইন আদার স্টেটস টেন পারসেন্ট স্ট্রেন্থ যেটা রয়েছে সেটা হচ্ছে নো কনফিডেন্স। অন্য স্টেটে যা আছে, বিভিন্ন স্টেটে যা সিস্টেম রয়েছে উই শুড অলসো ফলো দি সেম সিস্টেম, সেটা দেখেই আপনি করেছেন। দ্যাট ইজ নট দি কারেক্ট পজিশন।

মিঃ স্পিকার ঃ এটা ঠিকই যে আমরা রুলস কমিটিতে রাজি হয়েছি, ননী কর বোধহয় সুযোগটা খুঁজতে চাইছেন, আদার স্টেটসে আগেও ছিল এটা বলেননি কেন, এই সুযোগটা চাচ্ছে। অ্যাকর্ডি টু দি রুলস অফ প্রসিডিওর অ্যান্ড কনডাক্ট অফ দি হাউস এটা অ্যামেন্ডমেন্ট হলে আমাদের রুলস কমিটিতে ফেরৎ পাঠিয়ে দিতে হয়। I am sending it back. I have kept my mind open. I am not very happy that the matter he discussed in such a fashion. Let us go there—consider mean voting and discuss means discussion. এটা শুধু একটা কমিটির রেকমেন্ডেশন কেন, অল কমিটির সঙ্গে পার্থক্য আছে। কনসিডারেশন মিনস ভোটিং এবং ডিসকাশন মিনস শুধু ডিসকাশন মেম্বারদের এটা দিতে হবে।

শ্রী সুব্রত মুখার্জি ঃ স্যার, আমার যা মনে হচ্ছে এটা আপনি পাস করা সত্ত্বেও এই সেশনে আনতে দেবেন না। এমন একটা ভাব দেখাচ্ছেন দয়া করছেন যেন। স্যার, এই সেশনে যাতে আসে সেই ব্যবস্থাটা আপনি করবেন, এই প্রসঙ্গে বলে রাখি এখন রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা আরম্ভ হবে অথচ আপনি বার বার বলেছেন মন্ত্রীদের উপস্থিতি থাকা দরকার, কিন্তু এখানে দেখছি একজন মন্ত্রী ঘুমাচ্ছেন, আর একজন মন্ত্রী আছেন, এই অবস্থায় আমাদের উচিত রাজ্যপালের ভাষণের উদ্বোধনী বয়কট করা। উই ওয়ান্ট প্রটেকশন ইন দি হাউস, ডিগনিটি ইন দি হাউস, কোথায় যাচ্ছে, ইজ ইট এ হাউস? হোয়ার উই আর?

Mr. Speaker : Mr. Mukherjee, I have instructed the Chief Whip of the Ruling party that a good number of Ministers should be present in the House when the Hon'ble members are mentioning the matters of urgent public importance or drawing the attention of the concerned Minister. But during the debates it is the option of the Ministers whether they will be present or they will go through the recorded proceedings and give back a reply. It is nowhere in the world—neither in the Lok

Sabha, Rajya Sabha nor in the House of Commons—that the Minister must be present during the debates. Everywhere it is their choice to be present in the House or to go through the copies of the proceedings sent to them.

Discussions on Governor's Address

শ্রী সৌগত রায় ঃ স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমাদের সংশোধনীগুলিকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমরা জানি যে ঐতিহ্যগতভাবে বিরোধী দলের ভূমিকা টু অপোজ, টু এক্সপোজ অ্যান্ড টু ডিপোজ, আমরা এই সরকারের বিরোধিতা করি। আমাদের দায়িত্ব তাদের মুখোস খুলে দেওয়ার, ক্ষমতা থাকলে তাদের ফেলে দেওয়া আমাদের দায়িত্ব।

[1-50—2-00 P.M.]

গত পাঁচ বছর ধরে আমি এই হাউসে আছি। এই সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুও অনেকদিন ধরে এখানে আছেন, আমরা তাঁর মুখোস খুলে দেবার চেষ্টা করেছিলাম এবং আশা করি আমরা কিছু কিছু ক্ষেত্রে সফলও হয়েছি। এই হাউসে আমরা মাটি কেলেঙ্কারি, বেঙ্গল ল্যাম্প কেলেঙ্কারি, ট্রাম কেলেঙ্কারির কথা তুলেছি। কিন্তু এই সমস্ত কেলেঙ্কারির কোনও তদন্ত হয়নি। কারণ তদন্ত করার সাহস ওদের ছিল না। আমরা এই হাউসে রডন কেলেঙ্কারি, বাজার কেলেঙ্কারির কথা বলেছি, স্টেট বাস, গ্যাস টারবাইন কেলেঙ্কারির কথা বলছি, কিন্তু এবারে সেই কেলেঙ্কারির কথায় যাচ্ছি না। তাই এবারে আমি দায়িত্বশীল বিরোধী দল হিসাবে সরকারের কাছে কিছু কথা বলতে চাই। কিন্তু তার আগে আমি একটা কথা বলে রাখি, সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী রাজ্যপালের বক্তৃতা প্রায় একটা পরিহাস হয়ে দাঁড়িয়েছে। রাজ্যপালকে নিয়োগ করেন কেন্দ্রীয় সরকার। রাজ্যপাল হবার জন্য তারা কেন্দ্রের কাছে সুপারিশ করেন, তারপর ধরেটরে রাজ্যপাল হয়ে আসেন, কিন্তু তারপর তাদের বলতে হয় রাজ্য সরকারের কথা। রাজ্য সরকার রাজ্যপালের মুখ দিয়ে এইসব কথা বলিয়ে নেন। তাই আমাদের বোধ হয় এই ব্যাপারটা ভাববার সময় এসেছে যে, এই কেন্দ্রের নিযুক্ত রাজ্যপালকে দিয়ে কেন্দ্র বিরোধী কথাবার্তা বলানো চলবে না। স্যার, আমি রাজ্যপালের বক্তৃতা খুব ভাল করে পড়েছি। রাজ্যপালের বক্তৃতা কোনও ভাবনাচিন্তা করে তৈরি করা হয়নি। এমনকি রাজ্য সরকার কেন্দ্রের বাজেট শোনা পর্যন্ত অপেক্ষা করেনি। রাজ্যপালের বক্তৃতা ড্রাফ্ট করার আগে অন্তত তাদের উচিত ছিল কেন্দ্রের বাজেট শোনা, তারপরে বক্তৃতাটি ফাইনাল করা। কাবণ অনেক ভুল রাজ্যপালের বক্তৃতায় আছে, সেগুলো এর মধ্যে ইনক্লুডেড হত না। আমি একটি উদাহরণ দিচ্ছি, রাজ্যপালের ভাষণের ৫ নং প্যারাগ্রাফে বলা হয়েছে কেন্দ্রীয় সরকার সার ও খাদ্যে ভর্তুকি কমাতে চেয়েছেন। গত বছরের বাজেটে এটা কমাতে চাওয়া হয়েছিল, কিন্তু এবারের বাজেটে সার ও খাদ্যে ভর্তুকি একই রাখা হয়েছে। কেন্দ্রীয় বাজেট শোনার পর রাজ্যপালের ভাষণ তৈরি করলে এটা হত না। জ্যোতিবাবু রবিবার কোনও মিটিং করবে না তাই একটা ফাঁকিবাজি কথা রাজ্যপালের ভাষণের মধ্যে ঢুকিয়ে দেওয়া হল। রাজ্যপালের বক্তৃতার চার থেকে সাত নং প্যারাগ্রাফে কেন্দ্রীয় সরকারের

আর্থিক নীতির সমালোচনা করা হয়েছে। এইসব সমালোচনা কেন্দ্রীয় বাজেট না পড়ে করা হয়েছে বলে আমি মনে করি। রাজ্যপালের বক্তৃতায় কোথাও পাঞ্জাবে যে নির্বাচন করা হল, সে ব্যাপারে কোনও সন্তোষ প্রকাশ করা হয়নি। রাজ্যপালের ভাষণে কোথাও আসামের কথা বলা হয়নি। আসামে যে আলফাদের দমন করা হয়েছে এবং যারজন্য আজকে তারা দিল্লির সঙ্গে আলোচনা করতে বাধ্য হয়েছেন, সেই ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোনও কথা বলা হয়নি। ভি. পি. সিং-এর সময়ে আদবানীর রথযাত্রা সারা দেশে একটা উত্তেজনা সৃষ্টি করেছিল, কিন্তু বর্তমানে যোশীর রথযাত্রা যে একটা ফ্লপ যাত্রায় পরিণত হয়েছে এবং এটা যে নরসিমার কৃতিত্ব, সে ব্যাপারে আপনারা কোনও কথা বললেন না। আজকে সারা দেশে ইকনমিক রিফর্মস হয়েছে, সাম্প্রদায়িক দাঙ্গা হচ্ছে না, communalism has been pushed to the background. কিন্তু এইসব কথা রাজ্যপাল তার ভাষণে উল্লেখ করেননি। কেন্দ্রীয় সরকার একটা কঠিন পরিস্থিতিতে আজকে কিভাবে অর্থনীতিকে মোকাবিলা করছেন তার উল্লেখ পর্যন্ত রাজ্যপালের ভাষণে নেই। দেশ জুড়ে বৈদেশিক মুদ্রার সঙ্কট ছিল, সেখানে আজকে বৈদেশিক মুদ্রার ভাণ্ডারের পরিমাণ ১০ হাজার কোটি টাকায় গিয়ে পৌঁছেছে, তারও উল্লেখ তিনি করেননি। ইনফ্লেশনকে আজকে ১৬ পারসেন্ট থেকে কমিয়ে ১২ পারসেন্ট করা হয়েছে ফিসক্যাল ডেফিসিটের প্রতি বছর যে ঘাটতি ছিল সেটা ৮.৪ পারসেন্ট থেকে কমিয়ে ৬.৫ পারসেন্ট করা হয়েছে। এটা একটা অ্যান্টি-ইনফ্লেশনারি স্টেপ। এই ব্যাপারেও রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই।

সি. পি. এম.-এর একটা পলিটিক্যাল রেজোলিউশন নেওয়া হয়েছিল মাদ্রাজে। স্যার, রাজ্যপালের ভাষণের এক একটি লাইন মাদ্রাজে সি. পি. এম.-এর নেওয়া পলিটিক্যাল রেজোলিউশনের সঙ্গে মিলে যাচ্ছে। এটা অত্যন্ত লজ্জার বিষয়, লজ্জার কথা। আমরা বলেছি যে, রাজ্যপাল মুখ দিয়ে এ কথা বললেন, যেখানে তিনি কেন্দ্রের নিযুক্ত, সেখানে আই. এম. এফ. আনফরচুনেট কন্ডিশনালিটি দিয়েছে এই কথা মাননীয় রাজ্যপাল মহাশয় বলতে পারলেন। যেখানে পার্লামেন্টে দাঁড়িয়ে প্রধানমন্ত্রী বার বার বলেছেন যে, কোনও রকম দেশের সভারেন্টি, কোনওভাবে দেশের সার্বভৌমত্বকে বিকিয়ে দেবার প্রশ্ন ওঠে না। মাননীয় রাজ্যপাল মুখ দিয়ে এই কথা বলতে পারলেন—আনফরচুনেট কন্ডিশনালিটি অফ দি আই. এম. এফ. লোন? আসলে এই যে বামফ্রন্ট সরকার—এঁরা ভারতবর্ষ এবং পৃথিবীর পরিবর্তনশীল অর্থনৈতিক যে চিত্র, সেটা আসলে তুলে ধরতে পারছে না। সারা পৃথিবীতে যে কম্যান্ড ইকনমি আছে সেগুলি এখন ফেল করছে। কম্যান্ড ইকনমি ফেল করছে। সোভিয়েত ইউনিয়ন ভেঙে পড়েছে অর্থনৈতিক ব্যর্থতার জন্য। আজকে ভারতবর্ষের কেন্দ্রের কংগ্রেস সরকারকে দুটো অর্থনৈতিক সমস্যার মোকাবিলা করতে হচ্ছে, এক হচ্ছে বৈদেশিক মুদ্রার সঙ্কট, আর দুই হচ্ছে মুদ্রাস্ফীতির সঙ্কট। এই দুটোকে সমাধান করবার জন্য কেন্দ্রীয় সরকার এবারকার বাজেটে নতুন অর্থনীতির দৃষ্টিভঙ্গি রেখেছেন। বৈদেশিক মুদ্রার সঙ্কট কাটাবার জন্য শিল্পনীতিতে একটা পরিবর্তন আনা হয়েছে। কারণ দীর্ঘদিন আই. এম. এফ.এর লোন নিয়ে সমস্যার সমাধান করা যাবে না। তার মানে শেষ পর্যন্ত আমাদের রপ্তানিকে বাড়াতে হবে। আজকে সারা পৃথিবীতে ইন্টিগ্রেটেড গ্লোবাল মার্কেট হয়েছে। সারা পৃথিবীতে একটা বাজার তৈরি হয়েছে। সেখানে ভারতবর্ষকে প্রতিযোগিতা করতে হবে। প্রতিযোগিতায়, আমাদের জিনিসগুলির দাম এবং তার মান—এই দুটোকেই আন্তর্জাতিক বাজারে সমতা আনতে হবে। স্যার, আমি এখানে ফার ইস্ট ইকনমি

রিভিউ থেকে একটা ফিগার বলছি, আমরা এখন কোথায় আছি দেখুন। এঁরা অনেক কিছু কথা বলছেন, স্যার, সেখানে দেখা যাচ্ছে যে, ইকনমিক ইন্ডিকেটারস অফ সাম এশিয়ান কান্ট্রিজ—আমাদের এখানে এক্সপোর্ট কত কম রয়েছে। যেখানে চিন গত তিন মাসে এক্সপোর্ট করেছে ১৯ বিলিয়ান ইউ. এস. ডলার, হংকং করেছে ২৮ বিলিয়ন ইউ. এস. ডলার, আর সেখানে ভারতবর্ষ করেছে মাত্র ৪ বিলিয়ন ইউ. এস. ডলার। সিঙ্গাপুর করেছে ১৫ বিলিয়ন ইউ. এস. ডলার। তাহলে আমরা কোথায় আছি? আন্তর্জাতিক বাজারে কেন আমাদের এই অবস্থা সে কথায় আমি পরে আসব। এই রকম অবস্থা কেন হল? স্যার, ইন্টারন্যাশনাল রিজার্ভ যেখানে চিনের আছে ৪০ বিলিয়ন ইউ. এস. ডলার, জাপানের আছে ৭০ বিলিয়ন ইউ. এস. ডলার সেখানে ভারতের ২.৭৫ বিলিয়ন ইউ. এস. ডলার। এমন কি সিঙ্গাপুরের আছে ৩১ বিলিয়ান ইউ. এস. ডলার ইন্টারন্যাশনাল রিজার্ভ। ভারতবর্ষ এমন একটা খারাপে পৌঁছেছে। তার কারণ, এই অর্থনীতি ওভার দি পিরিয়ড অফ টাইম একটা হাই কস্ট ইকনমিতে এসে দাঁড়িয়েছে। আমাদের এখানে যে কোনও জিনিস তৈরি করতে অনেক বেশি খরচ হয় এবং তার মান যথেষ্ট উন্নত হচ্ছে না। একে সামনে রেখে শিল্পে আধুনিকীকরণের কথা বলা হয়েছে। শিল্পে পরিবর্তনের কথা বলা হয়েছে। এর জন্য খুব বড় পদক্ষেপ নিয়েছেন কেন্দ্রীয় সরকার। বিদেশি পুঁজিকে আনবার জন্য, বিদেশি নো হাউকে আনবার জন্য, বিদেশি প্রযুক্তিকে ওয়েলকাম করেছে। বিদেশ থেকে বিনিয়োগ আনবার জন্য নতুন পদক্ষেপ গ্রহণ করেছেন। কিন্তু মহামান্য রাজ্যপাল, কেন্দ্রের এই নতুন পদক্ষেপ নেবার জন্য, কেন্দ্রীয় সরকারের বাজেটে নতুন শিল্পনীতিকে সুযোগ নেবার জন্য রাজ্য সরকার কি পদক্ষেপ নিয়েছেন সেই কথা বলেননি। মনোপলি রেসট্রেকটিভ ট্রেড অ্যান্ড প্র্যাকটিসেস অ্যাক্ট তুলে দিয়েছেন। ফরেন ইনভেস্টমেন্ট যাতে বাড়ে তার সুযোগ করে দিয়েছেন। এম. আর. টি. পি. তুলে দিয়েছেন যেমন আই. টি. সি.র ওপর থেকে তুলে দিয়েছেন। ফরেন ইনভেস্টমেন্ট কেনবার জন্য। ৫১ পারসেন্ট ইক্যুইটি শেয়ার বিদেশিরা কিনতে পারবেন, কন্ট্রোলিং শেয়ার রাখতে দেওয়া হবে। মাননীয় মুখ্যমন্ত্রী তো প্রতি বছরই আমেরিকা যান, অন্যান্য জায়গাতেও যান—কিন্তু বিদেশি পুঁজি কেনবার জন্য এখানে কি ব্যবস্থা করেছেন? আগে ওঁরা বলতেন লাইসেন্সের ব্যাপারে। এখন তো লাইসেন্স তুলে দেওয়া হয়েছে। আগে এই লাইসেন্সের ফলে পশ্চিমবঙ্গের প্রতি বৈষম্য করা হত, কিন্তু আজকে লাইসেন্স প্রায় তুলে দেওয়া হয়েছে, কিন্তু আপনারা তো বললেন না যে, লাইসেন্স তুলে দেবার পর কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

[2-00—2-10 P.M.]

ওরা বলল না। পুরো একটা নেগেটিভ প্রচার রাজ্য সরকারের থেকে। এতে রাজ্যের ভবিষ্যৎ নিমগ্ন করে দিচ্ছে এবং আমার এইখানেই আপত্তি। এই হাউসে আমাদের সদস্যরা আগে বলেছেন, আমি রিপিট করতে চাই না যে, রাজ্য সরকারের ওয়ার্লড ব্যাঙ্কের লোন বার বার নিতে কোনও আপত্তি নেই। রাজ্যের মন্ত্রী শঙ্কর সেন আজকে দাঁড়িয়ে বললেন বক্রেশ্বরের জন্য রাশিয়া ফেল করবার পর, ওঁরা জাপানে গিয়েছে, ও. এ. সি. পি. থেকে লোন নেওয়ার জন্য। তাঁরা আজকে বিদেশি ঋণ নেওয়ার জন্য চিৎকার করছেন, যাঁরা মাছ তোলার জন্য, বস্তী উন্নয়নের জন্য ল্যাট্রিন বানানোর জন্য বিশ্ব ব্যাঙ্কের লোন নেন, যাঁরা বিশ্বব্যাঙ্কের লোন নিয়ে পচা খারাপ হয়ে যাওয়া দোতলা বাস কেনেন তাঁরাই আজকে

কেন্দ্রীয় সরকারকে, কংগ্রেসের মতো জাতীয় ঐতিহ্যের দলের বিরুদ্ধে অভিযোগ করছেন, আমরা সার্বভৌমত্ব বিক্রি করে দিচ্ছি। বলতে খারাপ লাগছে না যেখানে চিন একটা ৬৫০ বিলিয়ন ইউ. এস. ডলার চিনে ইনভেস্ট করেছেন, চিনে এক একটা এলাকার পুরো খুলে দিয়েছে যে যত ইচ্ছে তোমরা এখানে বিনিয়োগ করো, আমরা ট্রেড ইউনিয়ন করব না। কোনও আধুনিকীকরণের কথা বললেন না ওঁরা, শিল্প কিভাবে কমপিটিটিভ করা যাবে, রাজ্যপালের বক্তৃতায় এত আলোচনা হল অর্থনৈতিক নীতির তাতে তাঁরা বললেন না। আসলে এঁরা ১৯ শতাব্দীর চশমা পরে আধুনিক পৃথিবীকে দেখতে চান। হ্যাঁ, আধুনিকীকরণের সমস্যা আছে। যখন প্রথম স্টীম ইঞ্জিন বের হয়েছিল, গরুর গাড়ির লোকেদের বেকার হবার সম্ভাবনা ছিল। পৃথিবীটা একটা দ্বিতীয় শিল্প বিপ্লবের মধ্য দিয়ে চলছে। যাকে বলা হয় ইনফরমেশন রেভোলিউশন, কম্পিউটর, স্যাটেলাইট নিয়ে বিপ্লব। তাতে কিছু ব্রিদিং প্রবলেম হবে এবং কেন্দ্রীয় সরকার সেখানে বলেছেন যে যদি আধুনিকীকরণ করতে কোথাও কোনও মানুষের চাকরি যাওয়ার সম্ভাবনা হয় তাহলে তাদের যাতে একটা টোট্যাল সিকিউরিটি নেট দেওয়া যায় তারজন্য একটা ন্যাশনাল রিনিউয়্যাল ফ্যান্ড তৈরি করছেন। এক হাজার কোটি টাকা ওয়ার্লড ব্যাঙ্ক দেবে, এক হাজার কোটি টাকা আমরা দেব। এই দু'হাজার কোটি টাকা সোস্যাল সিকিউরিটি নেট এত বড় এর আগে করা হয়েছিল? পশ্চিমবঙ্গে একটার পর একটা কারখানা বন্ধ হয়েছে, ৫০ টাকা দিতে পেরেছেন। এই অপদার্থ রাজ্য সরকার? যে কারখানা বন্ধ হয়েছে তার শ্রমিকদের কিছু দিতে পেরেছেন? আজকে কেন্দ্রীয় সরকার বলছেন আমরা সোস্যাল সিকিউরিটি নেট করলে এক জনেরও যদি কাজ যায় তাহলে তাকে রিট্যায়ারমেন্ট পর্যন্ত পুরো মাইনে দেব। আপনারা পেরেছেন মেটাল বক্স কারখানার একজন কর্মীকেও ৫০ টাকা দিতে? অপদার্থ সরকার পারেননি। আজকে যখন বলা হচ্ছে ন্যাশনাল রিনিউয়্যাল ফান্ডের কথা, তখন আপনারা বলছেন না কোন পরিস্থিতিতে এইটার কি পরিবর্তন করা যায়, কি করে শ্রমিকদের উপর কম ঝড়ঝাপটা আসে, তা নিয়ে এখানে আলোচনা করলেন না, বললেন না, প্রাইভেট সেক্টর যেগুলো লস করছে কিভাবে সেগুলো লাভজনক করা যায়, কি পদ্ধতিতে হতে পারে তা বললেন না। ওঁদের কয়েকজন অর্থনীতিবিদ, ১৮ জন অর্থনীতিবিদ একটা বিকল্প পরিকল্পনা দিয়েছেন, যাদের অর্থনীতি কেউ মানে না। আজকে মনমোহন সিং ছিল বলে আমরা সঙ্কটটা কাটিয়ে উঠেছি। অসীম দাশগুপ্ত বা বিপ্লব দাশগুপ্তের হাতে থাকলে ভারতবর্ষ বিক্রি হয়ে যেত ফলেন এক্সচেঞ্জের দেনার দায়ে। আর এদের অর্থনীতি আমাদের শুনতে হবে? আর রাজ্যপাল যিনি অক্সফোর্ডে শিক্ষা পেয়েছেন বলছেন, The State Government has presented an alternative plan. এই অল্টারনেটিভ প্ল্যানটা কি। এই অল্টারনেটিভ প্ল্যান প্রতি বছর দেন। ওদের প্ল্যান কেউ পড়ে না, ডাস্টবিনে চলে যায়। প্রশ্ন তা নয়। প্রশ্ন অন্যদিকে আরও ভাবতে হবে যে আজকে ভারতবর্ষের একটা বড় সমস্যা, গভর্নমেন্ট এক্সপেন্ডিচার—এটা কেন্দ্র এবং রাজ্য উভয়েরই। রাজ্যপাল এই নিয়ে কিছু বলেননি। গভর্নমেন্ট এক্সপেন্ডিচারের ক্ষেত্রে দেখা যাচ্ছে কেন্দ্রের চারটি খাতে ৮০ ভাগ টাকা চলে যাচ্ছে—একটা ডিফেন্স, একটা ইন্টারেস্ট পেমেন্ট, একটা সাবসিডিস এবং একটা নন-প্ল্যান এক্সপেন্ডিচার। সরকারি কর্মচারিদের মাইনে দিয়ে প্ল্যানের জন্য উন্নয়নের জন্য কোনও টাকা থাকছে না। গভর্নমেন্ট এক্সপেন্ডিচার না কমালে ডেফিসিট বা ঘাটতি কমবে না। ডেফিসিট বা ঘাটতি না কমালে আপনি মুদ্রাস্ফীতির উপর ইনফ্লেশনের উপর নিয়ন্ত্রণ আনতে পারবেন

না। আজকে মনমোহন সিং একটা লক্ষ্য করে পদক্ষেপ নিচ্ছেন যে কি করে গভর্নমেন্ট ডেফিসিট কমানো যায়, কি করে ৫ পারসেন্টের মধ্যে আনা যায়। তার একটা চিন্তা আপনাদের রাজ্যপালের ভাষণে দেখলাম না যে কি করে ডেফিসিট কমানো যায়। অর্থনীতির একটা দাবি আছে যে ভর্তুকির উপর দেশ চলতে পারে না। হ্যাঁ, দেশের মানুষের দাবি আছে ফার্টিলাইজারের উপর সাবসিডি দেওয়ার। দেশের মানুষের দাবি আছে, পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমের, তাই পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে আড়াই হাজার কোটি টাকা দেওয়া হয়েছে। এই বছর ফুডে আড়াই হাজার কোটি টাকা দেওয়া হয়েছে, পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে দেওয়া হয়েছে। কিন্তু গভর্নমেন্ট এক্সপেন্ডিচার কিভাবে কমানো যায় তার ওয়েজ অ্যান্ড মিনস বার করতে হবে। এইটা না বার করলে শুধু পপুলিস্ট কথা বললে এই ওয়েস্ট বেঙ্গলের গভর্নমেন্টের মতো অবস্থা হবে। ভাঁড়ে মা ভবানী। প্রত্যেকটা গভর্নমেন্ট এক্সপেন্ডিটার বন্ধ হয়ে গিয়েছে। প্রত্যেকটা ডিপার্টমেন্টে অ্যামবারগো। এম. এল. এ.রা বলছেন, বীরেন মৈত্র সেদিন লেফ্‌ট ফ্রন্টের মিটিংয়ে চিৎকার করেছেন যে কোনও ডেভেলপমেন্ট কাজ করতে গেলে বলছে অর্থমন্ত্রী অ্যামবারগো করে দিয়েছেন। ভাঁড়ে মা ভবানী, গলায় মা সরস্বতী।

আজকে তাই স্যার, দেশে একটা নতুন আলোচনা শুরু হয়েছে এবং এটা স্বাস্থ্যকর। মনমোহন সিংরা আলোচনাটাকে পুরো ইকনমিক রিফর্মসের জায়গায় নিয়ে গিয়েছেন। রাজ্যপাল বলেছেন যে সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স নাকি কমেছে। কিন্তু সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স ফর স্টেট প্ল্যান এ বছর বেড়ে গিয়েছে কেন্দ্রীয় বাজেটে। সেখানে ১৪০০ কোটি টাকর উল্লেখ করলেন না তো রাজ্যপাল? তারপর স্টেট শেয়ার অব ট্যাক্স গত বছরের তুলনায় ১২৯৩ কোটি টাকা বেড়ে গিয়েছে। এসব কথা একবারও তো বললেন না রাজ্যপাল? আজকে ওরা বলছেন যে স্মল সেভিংস রাজ্যে কমে গিয়েছে। এটা ঠিকই যে এখানে নানান রকমের মিউচুয়াল ফান্ড তৈরি হয়েছে। তাতে লোকে আরও বেশি ইন্টারেস্ট পায়। তার ফলে লোকে স্মল সেভিংস থেকে সেখানে চলে যাচ্ছে। কিন্তু এই প্রসঙ্গে একটা জিনিস বুঝতে হবে স্মল সেভিংসের যে, এই স্মল সেভিংস থেকে কি হয়? এতে ৮০ পারসেন্ট স্টেট লোন নিতে পাবে। তার মানে এটা রিয়েল রিসোর্স মবিলাইজেশন নয়। এই লোনের উপর আপনাকে ইন্টারেস্ট দিতে হবে। প্রতি বছরের বাজেটে দেখবেন, এবারের বাজেটেও দেখবেন যে একটা বড় অংশের টাকা চলে যাচ্ছে এই ইন্টারেস্ট দিতে। তাই যে কথাটা ডঃ মনমোহন সিং বার বার বলবার চেষ্টা করেছেন রাজ্য সরকার বুঝছেন না যে, ডিপেন্ডেন্স অন বরো ফান্ড কমান। যদি তা না করেন এবং নিজস্ব ডাইরেক্ট রিসোর্স মবিলাইজেশন না করেন এবং পাবলিক সেক্টারের লস যদি না কমান তাহলে ইন্টারেস্ট দিতে দিতেই প্রতি বছর গভর্নমেন্টের খরচ বেড়ে যাবে। এরা এই মূল কথাটা বুঝছেন না। স্যার, আজকে ওরা স্মল সেভিংস কমছে বলে বলছেন। আপনি জানেন স্যার, পশ্চিমবাংলায় ২৭১ কোটি টাকা ছোট ছোট চিট ফান্ড কোম্পানিগুলি তুলে নিয়ে যায়। সম্প্রতি স্টেটসম্যান কাগজে তিন পার্টে লেখা বেরিয়েছিল যে গ্রামে কিভাবে চিট ফান্ডগুলি লোকদের ঠকাচ্ছেন। কই, রাজ্যপালের ভাষণে তো এই বিপদের কথার উল্লেখ পর্যন্ত নেই। গরিব মানুষগুলিকে কিভাবে ঐ সমস্ত চিট ফান্ডগুলির হাত থেকে বাঁচাবেন এবং কি করে তাদের সরকারের স্মল সেভিংসে নিয়ে আসবেন তার কথা তো বলা নেই। অথচ এখানে রাজ্যপাল ঠক্কা-নিনাদে বলেছেন যে সেন্ট্রাল গভর্নমেন্টের জন্য রাজ্যের স্মল সেভিংস

কমে যাচ্ছে। যারা নিজেদের ন্যূনতম দায়িত্বটুকু পর্যন্ত পালন করেন না তারা এই সমস্ত কথা বলছেন। রিসোর্স মবিলাইজেশনের ক্ষেত্রে রেগুলেটারি মেকানিজম আনার ক্ষেত্রে তাদের কোনও দরকার আছে। ওরা বলছেন যে কেন্দ্র থেকে বঞ্চিত হচ্ছেন। কংগ্রেস নাকি কেন্দ্রের বঞ্চনার কথা বলে না ইত্যাদি। স্যার, কেন্দ্রের বঞ্চনা নিয়ে বলার হিম্মত আমাদের কংগ্রেসে আছে। আমাদের দলের সদস্য মানস ভুঁইয়া এখানে দাঁড়িয়ে বলেছেন যে কেন্দ্রের কাছে আমরা তিনটি রেল প্রকল্প দাবি করছি—একলাক্ষী-বালুরঘাট, দিঘা-তমলুক, কাকদ্বীপ-নামখানা। এই রেল লাইনগুলি দরকার। আমরা এগুলি দাবি করছি। এ ছাড়া হলদিয়া এবং বক্রেশ্বরের ব্যাপারেও আমরা সমর্থন করছি। আপনারা করতে পারছেন না সেটা অন্য ব্যাপার। আমরা আপনাদের মতন ক্ষুদ্রমনস্ক নই। পার্টির হুইপই আমাদের কাছে শেষ কথা নয়। আমাদের কাছে আগে দেশ তারপর দল। আর আপনাদের কাছে ঠিক উল্টো—আগে দল তারপর দেশ। আপনাদের সঙ্গে আমাদের তফাৎ এখানেই। স্যার, আমি তাই আবার বলছি, রাজ্যপালের ভাষণ পড়ে আমি আশ্চর্য হয়ে গেলাম। কি করে এটা হতে পারে? ২৩ নং প্যারাতে উনি বলছেন, এখানে লেবার রিলেশন ভাল। একবারও বললেন না যে রাজ্যের দেড় লক্ষ চটকল শ্রমিক মালিকদের অনমনীয় মনোভাবের বিরুদ্ধে ধর্মঘট করছেন। এই শ্রমিক দরদি সরকার একবারও তো চট শ্রমিকদের প্রতি কোনও সিম্প্যাথি দেখালেন না। তারপর বাটা কোম্পানির শ্রমিকরা ধর্মঘট করছেন, লড়াই করছেন, রাজ্য সরকার কি তাদের পাশে আছেন? নেই। তার কারণ মুখ্যমন্ত্রী একটাও চটের ব্যাপারে মিটিং ডাকছেন না। উনি এসব ব্যাপারে নিজেকে জড়াতে চান না। আর শ্রমমন্ত্রী, তিনি তো কেন্দ্রীয় মন্ত্রী সম্মেলনে গিয়ে ঘুমিয়ে পড়েন। তাই মুখ্যমন্ত্রী আজকে চীফ সেক্রেটারিকে দায়িত্ব দিয়েছেন। চীফ সেক্রেটারি রোজ আমাদের ট্রেড ইউনিয়নদের নিয়ে বসছেন। শ্রমমন্ত্রীকে তিনি দায়িত্ব দিচ্ছেন না। এই যেখানে অবস্থা সেখানে রাজ্যপাল বলছেন যে এখানে লেবার রিলেশন ভাল, আমরা সব সমাধান করে দিচ্ছি। ২১ নং প্যারাতে বলেছেন যে my government is taking steps to open sick and closed industry. কোন স্টেপস নিয়েছেন? মেটাল বক্স বন্ধ, হাওড়ার স্যাংকি ইন্ডিয়া মেশিনারি এখনও বন্ধ, এম. এম. সি. বন্ধ, রিষড়ার জে. কে. স্টিল এখনও বন্ধ, ক্যালকাটা কেমিক্যাল এখনও বন্ধ। একটা অল্টারনেটিভ মেকানিজম কি বলেছেন? সাংমা কিছুদিন আগে বলছিলেন যে, যে কারখানাগুলি বন্ধ তার শ্রমিকরা যদি কো-অপারেটিভ করে তাহলে আমরা সমস্ত পাস্ট ডিউস মাফ করে দেব। কো-অপারেটিভ মানে সি. পি. এম.এর কন্ট্রোলে কো-অপারেটিভ নয়, শ্রমিকদের কো-অপারেটিভ। তাই নিয়ে কারখানা খোলার একটা উদ্যোগ সরকার নিয়েছেন কি? রাজ্যপালের ভাষণেও সে সব কথা বলতে পারলেন না যে আমরা বন্ধ কারখানা খোলার জন্য এই ধরনের উদ্যোগ নেবার ব্যাপারটা সমর্থন করছি।

[2-10—2-20 P.M.]

আপনারা কোনও পজিটিভ কথা বলবেন না, কেবল কেন্দ্রের বিরোধিতা করে রাজ্যপালকে দিয়ে কতগুলো অসত্য কথা বলাবেন? আপনারা এখন পর্যন্ত রাজ্যকে কোনও নতুন রাস্তা দেখাতে পারলেন না। আপনারা বলছেন, কেন্দ্র জিনিসপত্রের দাম বাড়াচ্ছে। আপনাদের লজ্জা করে না, যে দুধ বাচ্চারা, বৃদ্ধরা, রুগ্ন অসুস্থ লোকেরা খায় সেই দুধের দাম এখানে বাড়িয়েছেন?

অথচ রাজ্যপালের ভাষণে সে কথার কোনও উল্লেখ নেই! রাজ্যপাল তার জন্য একটুও দুঃখ প্রকাশ করেননি। রাজ্যে বিদ্যুতের দাম তো আপনারা বছরের পর বছর বাড়িয়ে চলেছেন, অথচ তার জন্য রাজ্যপাল একটুও দুঃখ প্রকাশ করেননি। যে পাউরুটি শিশুরা, রুগীরা খায়, সেই পাউরুটির দাম বাড়িয়ে দিয়েছেন, বেকারি মালিকদের অতি মুনাফার সুযোগ করে দিয়েছেন। অথচ রাজ্যপাল তার ভাষণে এ কথার উল্লেখ করলেন না। তিনি তাঁর ভাষণের মধ্যে দিয়ে রাজ্যের আসল চেহারাটা তুলে ধরার কোনও চেষ্টা করলেন না। স্যার, আপনি দেখবেন রাজ্যপাল এক জায়গায় বলেছেন, "জেনারেল ল' অ্যান্ড অর্ডার সিচ্যুয়েশন কন্টিনিউস টু বি স্যাটিসফ্যাক্টরি।" এবং তিনি আরও বলেছেন, "ক্রাইম সিচ্যুয়েশন ইজ আন্ডার কন্ট্রোল।" স্যার, আপনি দেখেছেন এর আগে আমার বন্ধু মানস ক্রাইম স্ট্যাটিসটিক্স থেকে ফিগার্স দিয়েছেন। আমি তার স্ট্যাটিসটিক্স-এর মধ্যে যাচ্ছি না। আমি কয়েকটি সংবাদপত্র থেকে মাত্র দু'মাসের মধ্যের কয়েকটা ঘটনার কথা এখানে পড়ে শোনাচ্ছি। স্যার, বাইরে আপনি সি. পি. এম.এর রাজ্য কমিটির সদস্য, আপনি পার্টি করেন, কিন্তু ভেতরে যখন আপনি চেয়ারে বসে আছে। তখন আপনি নিউট্রাল, সুতরাং আপনি বিচার করবেন যে, আমি যেগুলো পড়ছি সেগুলো ঠিক কিনা। স্যার, ১৪-১-৯৯২ তারিখে বি. ই. কলেজে হাঙ্গামা হয়েছে। ২২-১-৯২ মহিলা বি. ডি. ও.র ওপর সি. পি. এম.এর হামলা। ২৯, ৩০, ৩১-১-৯২—মানিকচকে মহিলাদের ওপর ধর্ষণ। ৩-২-৯২—মুর্শিদাবাদের ব্লক মেডিক্যাল অফিসার গুলিতে নিহত। ৯-২-৯২—কলকাতায় 'আজকাল' অফিসে ভাঙচুর। ৯-২-৯২ বারুইপুর বন্‌ধ, লাঠি, গ্রেপ্তার, বিধায়ক আহত। ১০-২-৯২—ধর্ষণের অভিযোগে অভিযুক্ত সি. পি. এম. নেতা। ১১-২-৯২—বর্ধমানের গ্রামে গণ-ধর্ষণ; ধৃত ২ জন। ২১-২-৯২—পুলিশের গুলিতে ড্রাইভার খুন, কন্সটেবল গ্রেপ্তার। ২৫-২-৯২—স্বরূপ চৌধুরি নিখোঁজ; অন্ডালে তাঁর মৃত দেহ পাওয়া গেল। ৫-৩-৯২—গ্রে স্ট্রিটে ব্যাঙ্ক ডাকাতি। আর কি হয়েছে? খেজুরিতে পুলিশ বয়কট, তাদের বাজারে কেউ জিনিস দিচ্ছে না। এরপর স্যার, আজকের কাগজে কি আছে? গতকাল শ্মশানে বোমাবাজি হয়েছে। শ্মশান বন্ধ। দু'দলে বোমাবাজির পর গতকাল সি. পি. এম.এর লোকেরা ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাস অবরোধ করেছে, ফলে মুখ্যমন্ত্রীর গাড়ি ঘুরে এসেছে। গতকাল ক্লাশ ফোরের একটি মেয়ের শালীনতাহানির জন্য সি. পি. এম.এর লোক খড়দায় গ্রেপ্তার হয়েছে। স্যার, এরপর কি রাজ্যপাল বলবেন, law and order situation continues to be satisfactory.

এই বৃদ্ধ লোকটাকে দিয়ে আপনারা আর কত অসত্য কথা বলাবেন? সরকারের কি একটুও চোখের চামড়া থাকবে না? এরপরেও রাজ্যপালের ভাষণ পড়ে মানুষের কি মনে হবে? আমি মুখ্যমন্ত্রীর কথা বলতে চাই না। তার কারণ মুখ্যমন্ত্রীকে নিয়ে আমার মনে অনেক কনফিউসন আছে। এর আগে বার বার তাঁকে ঘিরে নানান দুর্নীতির কথা বেরিয়েছে। এর আগে তাঁর ছেলের সম্বন্ধে এখানে অভিযোগ উঠেছে। সম্প্রতি কাগজে দেখলাম তাঁর—মুখ্যমন্ত্রীর—আপ্তসহায়ক নিজের জন্য এবং পরিবারের লোকেদের জন্য সল্ট লেকের সমস্ত জমি নিয়ে নিয়েছেন। মুখ্যমন্ত্রী টোডিদের রবীন্দ্র সরোবর দিয়ে দিচ্ছেন এবং টোডিদের চাকদার সুপ্রিম পেপার মিলকে ২০ লক্ষ টাকা নিয়ম ভঙ্গ করে লোন দিয়ে দিয়েছেন। গতকালই সেই টোডিদের রাইটার্স বিল্ডিং-এ দেখা গেছে। ওঁকে মুখ্যমন্ত্রীকে—অভিনন্দন জানাচ্ছি,

উনি অনেক দিন মুখ্যমন্ত্রী রয়েছেন। কিন্তু উনি মুখ্যমন্ত্রী হয়ে মানিকচকে নারী ধর্ষণ হল - একবার সেখানে দেখতে যেতে পারলেন না। পশ্চিমদিনাজপুরে, মালদায় বন্যা হল, একবার দেখতে যেতে পারলেন না। বেহালায় রেপসিড খেয়ে মানুষ পঙ্গু হয়ে যায় মুখ্যমন্ত্রী তাদের একবার দেখতে যেতে পারেন না।

বানতলার যারা ভিকটিম মাননীয় মুখ্যমন্ত্রী তাদের দেখতে যেতে পারেন না। মাননীয় মুখ্যমন্ত্রী টোডির সঙ্গে রাইটার্সে দেখা করেন, বড় লোকদের আর্ট অকশনে ভিক্টোরিয়া মেমোরিয়ালে দু'ঘন্টা কাটান, এঁরা বামপন্থীর কথা বলেন। কোথায় মাননীয় মুখ্যমন্ত্রী? যে মুখ্যমন্ত্রী হেলিক্যাপ্টারে উড়ে যান, সড়কপথে ৪০ কিলোমিটারও যেতে পারেন না। তিনি খড়গপুরে টাটার কারখানায় উড়ে যান, তাঁর মালদার ইটাহারে বন্যার সময়ে বন্যার্তদের পাশে দাঁড়াবার সময় আছে? কিন্তু সেখানে ওয়াটার ইজ ফ্লোইং। এ বছরের গোড়ার দিকে তিনি ৮ দিন মাদ্রাজে থাকলেন, ১৬ দিন পলিটব্যুরোর কনফারেন্সে থাকলেন, হি হ্যাজ দি টাইম অনলি ফর পার্টি ফাংশনস অ্যান্ড ফর দি ফাংশনস অফ দি রিচ, বাট নট ফর দি পিপল অফ দি স্টেট। এটাই আমাদের অভিযোগ। তাই আজকে তাঁকে ঘিরে নানা কুয়াশা ঘনিয়ে উঠছে, আমি আশা করি মাননীয় মুখ্যমন্ত্রী যদি কোনওদিন সেগুলি পরিষ্কার করতে পারেন তাহলে মানুষ আরও নিশ্চিন্ত হবে। ১৫ বছর ধরে রেখে দিয়েছেন। রাজ্যের দু-একটি চিত্র দেখিয়ে আমি আস্তে আস্তে আমার বক্তব্যকে গুটিয়ে আনব। এগ্রিকালচার ডেভেলপমেন্টের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে বলা হয়েছে এবং কৃতিত্ব নেওয়া হয়েছে। আমি ফুড গ্রেন দিয়ে শুরু করছি। অবস্থা কি, গত বছরে তিনি বলেছিলেন চাল, গম ৩৮ লক্ষ মেট্রিক টন ডেফিসিট। ১৫ বছর ধরে তিনি সরকার চালাবার পর এখন ৩৮ লক্ষ মেট্রিক টন চাল, গমে ডেফিসিট। আর কিসে কিসে ডেফিসিট? সেগুলি হল—স্পাইসেস, মাস্টার্ড অয়েল, এডিবিল অয়েল ইত্যাদি ইত্যাদি—এই সবেতেই ডেফিসিট। আমার কাছে ফিগার আছে। মাননীয় রাজীব গান্ধী টেকনোলজি মিশন করেছিলেন এডিবিল অয়েলের জন্য সমস্ত রাজ্যকে টাকা দেওয়া হয়েছিল, পশ্চিমবঙ্গে যে এডিবিল অয়েলের জন্য টাকা দেওয়া সেটা সবচেয়ে মিনিমাম। তার ফলে কিছু করতে পারা যায়নি। এবারে পাওয়ার প্রসঙ্গে আসছি, আমার কাছে অনেক পেপার আছে—হাউসে উপস্থিত রয়েছে—এবং মাননীয় বিদ্যুৎ মন্ত্রী সম্বন্ধে আমার একটা অভিযোগ আছে, আপনি তুলতে দিচ্ছেন না, [*****]

মিঃ স্পিকার ঃ ওটা বাদ যাবে। দ্যাট উইল নট বি রেকর্ডেড।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় বিদ্যুৎ মন্ত্রী সম্বন্ধে আমার অভিযোগ আছে, সেটা আমি বাইরে বলব। কিন্তু এই বিদ্যুৎ মন্ত্রীর আমলে পশ্চিমবঙ্গে পি. এল. এফ. চুরি যাচ্ছে। আপনি জানেন স্যার, আজ পি. এল. এফ.এর ব্যাপারে ভারতবর্ষে অষ্টম স্থানে আছে এবং পশ্চিমবঙ্গ দশম স্থানে আছে। এস. ই. বি.তে উৎপাদন হচ্ছে বিলো ৪০ পারসেন্ট। কোলাঘাট শুধু একটু বেশি উৎপাদন করছে, কিন্তু কোলাঘাট ৫৫ পারসেন্ট, যাঁরা বলছেন, পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনে তা ৯ ভাগেরও কম। সুতরাং পি. এল. এফ.এর অবস্থা ভাল নয়। এই রাজ্যে ২১ পারসেন্ট ট্রান্সমিশন লস হয়ে যাচ্ছে।

Note : [*Expunged as ordered by the chair]

আপনি শিল্প আনবেন। শিল্প কিছু আসেনি, সব আটকে আছে। এখানে যে ক্যাপাসিটি আছে তা শহরে জেনারেট করতে পারেননি। যা জেনারেট করেছেন তার ২১ পারসেন্টের বেশি ট্রান্সফরমার লস হচ্ছে ও কেবল চুরি যাচ্ছে। ট্রান্সমিশন টাওয়ার চুরি যাচ্ছে, নতুন নতুন পেপার দিচ্ছে, যা নিয়ে তর্ক উঠছে। রুরাল ইলেকট্রিফিকেশন কোথায় রয়েছে? ভারতবর্ষে ৮টি রাজ্যে সমস্ত গ্রামকে ইলেকট্রিফায়েড করার কথা ছিল। আপনারা নাকি গ্রামের লোকের জন্য ৭৩ পারসেন্ট ইলেকট্রিফিকেশন করতে পেরেছেন এবং গ্রামের বন্ধুরা বলছেন ওটা বানানো হিসাব। আজকে এই কলকাতা শহরের কথা বলে আমি শেষ করব। ওঁরা কলকাতা শহরকে বিক্রি করে দিচ্ছেন। বাঙ্গুরের বাড়ি ভেঙে যাবার পর ওঁরা এই হাউসে ভাঙা গড়ার নতুন আইন করেছেন পুকুর বুজিয়ে। ৫০০ স্কোয়ার মিটার পুকুর বুজিয়ে বাড়ি করা যাবে বলছেন। শুধু ভারতবর্ষের মধ্যে নয়, সারা পৃথিবীর মধ্যে কলকাতা সবচেয়ে বেশি পলুটেড সিটি। এখানে সবচেয়ে বেশি সাসপেন্ডেড পার্টিকিল্‌স বাতাসে রয়েছে। যে শহরে আমরা রয়েছি সেটা হচ্ছে পৃথিবীর মধ্যে ওয়ান অফ দি লার্জেস্ট সিটিজ। এই কলকাতা শহরের ওয়েস্টল্যান্ডগুলি আপনারা এক এক করে ধ্বংস করে দিচ্ছেন। এই ওয়েস্টল্যান্ডগুলি সল্ট লেকের আশে পাশেই বেশি। কলকাতায় মডার্ন ট্রেড সেন্টার করে এনভায়রনমেন্টাল ব্যালেন্স ইকোলজিক্যাল ব্যালেন্স আপনারা আপসেট করতে পারেন না।

আজকে এই নিয়ে মামলা হয়েছে। আজকে রবীন্দ্রকাননকে প্রমোদকানন করতে চাচ্ছেন। সেখানে টোডিরা প্রমোদকানন করতে যাচ্ছে। আপনারা পশ্চিমবঙ্গকে বিক্রি করে দিয়েছেন। তাই এই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি এবং আমাদের প্রস্তাবকে সমর্থন করছি।

[2-20—2-30 P.M.]

শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্মানীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাব উঠেছে। আমি এই প্রস্তাবের সমর্থনে কিছু বক্তব্য উপস্থাপন করছি। সৌগতবাবু বলছিলেন যে, আমাদের পার্টি কংগ্রেসের রেজলিউশনে গৃহীত বক্তব্যই নাকি রাজ্যপালের ভাষণের সঙ্গে যুক্ত হয়ে রয়েছে। আমি প্রশ্ন করছি, আজকে রাজ্যপালের ভাষণে যদি কংগ্রেসের ম্যানিফেস্টোর বক্তব্য জুড়ে দেওয়া হত যে, ১০০ দিনের মধ্যে জিনিসপত্রের দাম কমিয়ে দেব, এটা কি শোভন হত? তাহলে কি রাজ্যপালের ভাষণকে আপনারা সমর্থন করতেন? প্রশ্ন উঠেছে, জ্যোতিবাবু নাকি যেতে পারেননি, জনগণের সঙ্গে নাকি যোগাযোগ নেই। আমি বলি, জ্যোতিবাবু জনগণের সঙ্গে ছিলেন, আছেন এবং থাকবেন। প্রশ্ন সেটা নয়; প্রশ্ন হল, আজকে তাঁর সম্পর্কে একটা অ্যাসপারশন করা হয়েছে। আমি প্রশ্ন করি, কংগ্রেসের কেন্দ্রীয় কমিটির নেতৃত্বে তৎকালীন এক মন্ত্রী ভারতবর্ষের গরিব মানুষের কথা চিন্তা না করে মাচাংবাবার আশীর্বাদের জন্য গিয়েছিলেন; জ্যোতিবাবু কি সেইভাবে মাচাংবাবার আশীর্বাদের জন্য যাবেন? যাবেন না। তিনি জনগণের সঙ্গে ছিলেন, আছেন এবং থাকবেন। সৌগতবাবু বলছিলেন যে, ভারতবর্ষ রপ্তানি করতে পারছে না, রপ্তানির পরিমাণ কমে গেছে। ভারতবর্ষ কি কি জিনিস রপ্তানি করবে—গাড়ি, ইলেকট্রনিক্‌স গুড্‌স। কিন্তু সব জায়গাতেই ক্রস। ভারতবর্ষ আজকে যে গাড়ি উৎপাদন করছে তা বিদেশে চলছে না। আর ইলেকট্রনিক্‌স গুড্‌স! সেক্ষেত্রে অন্য দেশ যেটা ছেড়ে দিয়েছে সেটাই তাঁরা গ্রহণ করছেন।

আজকে রাজ্যপালের ভাষণের মূল সুর কি? আমরা একে একটা দিক নির্দেশ বলে মনে করছি। এটা একটা মামুলি ভাষণ নয়, একটা দিক নির্দেশ। আগামী দিনে পশ্চিমবঙ্গে রাজনীতি, সমাজনীতি, অর্থনীতি কিভাবে চলবে সেটা তিনি সারা ভারতবর্ষের কাছে দৃষ্টান্ত হিসাবে তুলে ধরেছেন। এই সরকার কাদের জন্য কাজ করবেন—গণতন্ত্রের জন্য। ডেমোক্রেসি ফর দি পিপল, ডেমোক্রেসি অফ দি পিপল অ্যান্ড বাই দি পিপলই যদি হয় তাহলে বলুন, জনগণকে বাদ দিয়ে ভারতবর্ষের রাজনীতি, অর্থনীতি, কিছুই দাঁড়াতে পারে না। আজকে এই চরম সত্যটা অস্বীকার করবেন কি করে? তাহলে কেন আপনারা ১৮ বছর পঞ্চায়েত এবং পৌরসভার কোনও নির্বাচন করেননি? এই বিধানসভায় বার বার এই প্রশ্ন উঠেছিল এবং সেদিন আপনারা ক্ষমতায় ছিলেন, মুখ্যমন্ত্রী ছিলেন সিদ্ধার্থশঙ্কর রায়।

সেখানে তিনি বললেন যে গ্রামের মানুষের হাতে ক্ষমতা দেব তেমন মানুষ কি তৈরি হয়েছে? অর্থাৎ মানুষকে ভয়, জনগণকে ভয়। আপনাদের দৃষ্টিভঙ্গিকেও সেই জায়গায় নিয়ে গেছে। যার ফলে দিনের পর দিন আপনারা সেইভাবে জিনসগুলিকে দেখেছেন। এই যে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল এবং শুধু গতবার নয়, আমরা ৫ বছর অন্তর নির্বাচন করছি, এটা কি সাফল্য নয়? যদি আইন-শৃঙ্খলর কথা বলেন তাহলে আমি জিজ্ঞাসা করব যে একথা কারা বলছেন? আমি একটা ছোট উদাহরণ দেব, তার উত্তর দেবেন কি? কি লেখা আছে? দিল্লির বাসে বাসে কি লেখা আছে? লেখা আছে, "বোমা পাওয়া গেলে খবর দেবেন।" আরও লেখা আছে, সিটের নিচে খোঁজ করুন, বাসের মধ্যে বোমা পাওয়ার খবর দিলে পুরস্কার দেওয়া হবে। এটা দিল্লির আইন-শৃঙ্খলার নমুনা। আপনারা আবার আইন-শৃঙ্খলার কথা বলছেন। আইন-শৃঙ্খলার প্রশ্নে আর একটা কথা বলি। হাজি মহঃ মহসীন স্কোয়ারে কিসের হেড অফিস আছে? রাজ্য কংগ্রেসের প্রধান অফিস সেখানে। সেখানে কি হল? নির্বাচন হয়নি। নির্বাচনের পূর্বে শুরু হয়ে গেল গণ্ডগোল। বিভিন্ন জায়গা থেকে আপনাদের যারা সেখানে এসেছেন তারা কি বলেছেন? চোর, জোচ্চোর, এমন কি মেয়ে পাচারকারীদের টিকিট দেওয়া হল কেন তার জবাব চাই। তারপরে বেলতলার একটা জায়গায় কি হল? বেলতলার একটা জায়গায় অ্যালসেসিয়ান কুকুরে তাড়া করেছিল কংগ্রেস কর্মীদের উপরে। তারপরে পথচারীরা চেষ্টা করে তাকে বাঁচায়। এই হচ্ছে ঘটনা। আর এই জায়গায় দাঁড়িয়ে আপনারা বলছেন যে আইন-শৃঙ্খলা নেই। আইন-শৃঙ্খলার কিছু কিছু প্রশ্নে আপনারা মানিকচকের কথা বলেছেন। কিন্তু আপনাদের সময়ে কি হয়েছে? সোনারপুরে গীতা চ্যাটার্জির স্বামীকে খুন করা হল। জ্যোতিবাবুর সঙ্গে সিদ্ধার্থশঙ্কর রায়ের ডিফারেন্স কোথায়? গীতা চ্যাটার্জির স্বামী খুন হল সোনারপুরে। মহিলা সমিতির তরফ থেকে, গীতা চ্যাটার্জির তরফ থেকে তৎকালীন মুখ্যমন্ত্রীর কাছে দাবি উঠেছিল যে বিচার চাই। কিন্তু সেদিন নেতাজী ইন্ডোর স্টেডিয়ামের সভায় তিনি ফুলের মালা পরিয়েছিলেন সেই খুনীর গলায় আপনাদের কংগ্রেসের যেসব নেতা আছেন, তারা পুলিশের গালে চুন লাগাবেন, আলকাতরা দেবেন, চেয়ারে জোর করে বসে থাকবেন, বি. ডি. ও.কে থাপ্পড় মারবেন, আইন-শৃঙ্খলার অবনতি ঘটাবেন, আর এখানে এসে বলবেন যে আইন-শৃঙ্খলার অবনতি ঘটছে, সাম্প্রদায়িক দাঙ্গা বেড়ে গেছে। আজকে আপনারা নিজেদের অন্তরে বিশ্লেষণ করে দেখুন, সারা ভারতবর্ষের কোথাও যদি সাম্প্রদায়িক সম্প্রীতির মহান ক্ষেত্র থাকে তাহলে সেটা হচ্ছে এই পশ্চিমবঙ্গ। এই পশ্চিমবঙ্গের মুখে দাঁড়িয়ে আপনারা সাম্প্রদায়িক সম্প্রীতিকে নষ্ট করার চেষ্টা করেছে বাবরি মসজিদকে

কেন্দ্র করে। সেই চক্রান্তকে ব্যর্থ করে দিয়ে পশ্চিমবঙ্গের সাম্প্রদায়িক সম্প্রীতির উল্লেখযোগ্য অবদান রক্ষা করা হয়েছে এবং সেটা সারা ভারতবর্ষের মানুষকে দেখিয়ে দিয়েছে। আমরা কাগজে দেখেছি যে বিহারে মুসলীমদের কচুকাটা করা হয়েছে। Statesman পত্রিকায় পড়েছি—Silence in the grevies—সেখানে কি লেখা আছে?

[2-30—2-40 P.M.]

কি লেখা ছিল স্টেটসম্যান পত্রিকায়? উত্তর দিচ্ছেন না? সেই দিন একটার পর একটা ঘটনা ঘটে গেছে বিহার থেকে শুরু করে আলিগড় পর্যন্ত মন্দির হবে না মসজিদ হবে তাকে কেন্দ্র করে। আপনারা কোথায় ছিলেন সেই দিন? জনগণের কাছে গিয়েছিলেন আপনারা। কারা তাদের উত্তেজিত করেছে? সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করতে এগিয়ে এসেছিলেন সেই দিন? বাইরে থেকে গলাবাজি করলে সাম্প্রদায়িক সমস্যার সমাধান হবে না। মানুষের সঙ্গে যোগাযোগ রাখতে হবে, মানুষের সঙ্গে মানুষের যাতে সম্প্রীতি গড়ে উঠতে পারে সেই চেষ্টা করতে হবে। গতকাল ভাষণ দিয়েছেন নাসিরুদ্দিন সাহেব—তিনি তো মুসলিম লিগের সদস্য থেকে ক্যাবিনেটের মন্ত্রী ছিলেন—তিনি যে ভাষণ দিয়েছেন তা কি সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার পক্ষে না সাম্প্রদায়িক সম্প্রীতি লংঘনের পক্ষে? আমি মনে করি এই জিনিস হওয়া উচিত নয়। এখনও পর্যন্ত আপনারা মৌলবাদের পক্ষে। বাইরে আপনারা নানা রকম কথাবার্তা বলতে পারেন কিন্তু ভেতরে ভেতরে আপনারা মৌলবাদকে সমর্থন করছেন। এই জিনিস চলতে পারে না, জনগণকে আপনারা বেশি দিন ভুল বুঝিয়ে রাখতে পারবেন না। দেওয়াল লিখন আপনারা দেখতে পাচ্ছেন না। আপনারা শিল্প নীতির কথা বলছেন। আগামী দিনের প্রজন্ম আপনাদের ক্ষমা করবে না, ইতিহাস আপনাদের ক্ষমা করবে না। ওয়ার্ল্ড ব্যাঙ্কের একজন কর্তাব্যক্তিকে এনে বসিয়ে দিয়েছেন কংগ্রেস সরকারের অর্থমন্ত্রী করে। বাইরে থেকে আমদানি করা হয়েছে অর্থমন্ত্রী করার জন্য। ভারতবর্ষের অর্থনৈতিক বুনিয়াদ একেবারে সর্বশান্ত করে দিচ্ছেন। দেওয়ালে লিখন আপনারা দেখতে পাচ্ছেন না? একদিন আসবে যে দিন আপনারা কেউ রেহাই পাবেন না। অর্থমন্ত্রী বলছেন ২-৩ বছরের মধ্যে সব ঠিক হয়ে যাবে। ২-৩ বছর কেন ২-৩ যুগেও কিছু হবে না। ৪২ বছরে দেখাতে পারেনি, কোনও দিনও পারবেন না। ইতিহাসের পাতায় কি লেখা আছে, Tomorrow and tomorrows and that tomorrow will never be today.

কোনও দিন ফিরে আসেনি। আগামী দিনে কোনও দিন অর্থনৈতিক বিকাশের নতুন জোয়ার আসবে না। দেওয়াল লিখন দেখুন, ইতিহাস আপনাদের কোনওদিন ক্ষমা করবে না। উই আর নট অনলী বেঙ্গলী, উই আর ইন্ডিয়ান, ভারতবাসী হিসাবে ভারত রক্ষার প্রশ্নে ভারতের সার্বভৌম রক্ষার প্রশ্নে, রাজনৈতিক স্বাধীনতা রক্ষার প্রশ্নে অর্থনৈতিক স্বাধীনতা রক্ষার প্রশ্নে আগামী প্রজন্ম আপনাদের দেশদ্রোহী বলবে, তারা আপনাদের ক্ষমা করবে না। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Ms. Gillian Rosemary D'costa Hurt : Respected Speaker, and honourable members of the Assembly,

As a representative of the Anglo-Indian community in West Bengal

it has become very hearty for me to learn from the Address of the Hon'ble Governor that there is a lot of peace and communal harmony in our state. Hon'ble Governor has stated and assured in paragraph 8 of his Address that instructions have been issued to all the departments to see that unnecessary harassment should not be made to any minority community as well,. Some of our honourable members here have made allegations that the State Government and the members of the Ruling Party are very much interested in their party interest only. I think that this is an unsound allegation. It is natural that any one belonging to any party whether he is in the ruling party or whether he is in the Opposition will be interested in their own party. As a nominated member of my community naturally I am interested of my own community.

Now, Sir, I wish to say on education. as for as education is concerned, I was very pleased to read in the Governor's Address that special attention is being given on physical education. Facilities are being given to the handicapped children. Special attention is also being given on technical education. As far as my community is concerned the latter is very important to us. There are many parents who cannot afford their children for higher education. Now, if they are given technical education, they can establish themselves sooner and will be able to become self-sufficient and of course, they will be able to take the burden of their family as well. There are many schools where technical grants are extended to the students which help them to improve their capabilities. I know there are some trust funds which were set up many years back for the education of the Anglo-Indian children. Unfortunately, many of them are not functioning now. I would request you to take up this matter with the Education Department. Sir, this morning, I was very pleased to read in the newspaper that the Central Government and the State Government in collaboration with each other have set up a coaching centre at the Moulana Azad College which will give coaching to the students of my Community so that they can become successful in the Public Service Commission Examination as well as in the Joint Entrance Examination. I hope that the Anglo-Indian youths will be much benefitted by this coaching centre and they will avail of all sorts of studies there. The Government's literacy programme is also very commendable. However, I would like to make a submission on this programme. It is my humble submission to the Government that they can start a programme in every school by which every student will make one or more illiterate people literate. In that way they will be able to bring a lot of illiterate people under the literacy umbrella. As mentioned by me earlier that my Community is a microscopic commu-

nity which in years past was accused of having leaning towards the British. Perhaps, this is the reason why we have still got certain amount ictimisation. I will say, Sir, since Independence we, the Anglo-Indian Community have fully indentified as Indians. Now, in order to help this the Government can encourage our community to learn the regional languages—the language of this State. If it is done, then this afternoon, perhaps I could speak in Bengali and not in English. Anyhow, my community has got some problems. One of the main problems is housing. It is prohibitive to get a home for anybody of my community—whether it is rented or whether they want to buy it. The people of my community who are staying here now want to put their roots here. I would ask the Government to introduce a cheap housing scheme for my community so that the lower and middle income group of my community would be able to avail themselves and get their own homes within the State. Another problem is, of course, unemployment. In this connection I would say that my community has always brought laurels to the State as well as to the country in the field of sports, games and of course, in the fore front of defence. If the Government give encouragement to them, I am sure, they will continue to shine and do well. Unfortunately, because of the bureasucratic red tapism it becomes difficult to get foothold in these spheres. Just to encourage them, more doors should be opened to enable the people of my community to take part, to join the Armed Forces, Army, Navy and Airforce. It is a very sad state of affairs that crimes are increasing in our State as well as in other parts of the country. There are certain incidents of which we have been taking–Maham, Manickchak, Bantala which caused a slur on our Government. They have ordered for enquiry. But I would tell the government that prevention is better than cure. Perhaps we could ask the Government to be more aware and to be more cautious so that such incidents do not recur. I welcome the assurances of the Governor that instructions have already been given that effective action would be taken against any crime on women. I heartily welcome the proposal to introduce a bill in this House of setting up of a Women's Commission. Once that Commission is set up, West Bengal will lead the country in ensuring the rights of the women as it had been in the past.

Before conclusion, I once again thank our Governor for his address and particularly for assurances given for the betterment of the weaker sections of the society—women, children as well as minorities like my own Anglo-Indian Community.

এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 P.M.]

শ্রী সাধন পাণ্ডে ঃ মাননীয় স্পিকার মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করছি এবং আমাদের কাটমোশনগুলিকে সমর্থন করছি। রাজ্যপাল প্রত্যেকবার যে বইটি পড়েন, যেটি রাজ্য সরকার তৈরি করেন সেই ভাষণের প্রতি আমাদের বিরোধিতা। কিন্তু রাজ্যপালের প্রতি আমাদের কটাক্ষ করার কোনও ইচ্ছাই নেই। তবে তাঁর গোপন রিপোর্টগুলো, যেগুলো কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছেন রাজ্য সরকারের সম্বন্ধে, সেগুলো যদি এখানে পেশ হত তাহলে রাজ্যপালের আসল মতামতটা কি জানতে পারতাম। কিন্তু দুঃখের বিষয় যে এই রাজ্যপালের ভাষণ, এটা তো লিখে দেওয়া এবং উনি শুধু পড়ছেন। আমি আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে, আমাদের ভবিষ্যৎ কি আমরা জানি না। সারা ভারতবর্ষে যেখানে জানলাগুলো খুলে গেছে, নতুন হাওয়া ঘরের মধ্যে এসে প্রবেশ করছে। সেখানে এই সরকার পশ্চিমবঙ্গে কোনও দরজা, জানলা খুলতে চাইছেন না। তাই আমাদের এখানে ৫০ লক্ষ বেকার, আমাদের এখানে পচে যাওয়া শিল্পগুলো পচে রয়েছে। আমাদের এখানে যে সমস্ত মানুষ আছে, তাদের গরিবীয়ানা আমরা দূর করতে পারছি না। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কোনও অর্থনৈতিক বিপ্লব দেখাতে পারছেন না। সেইজন্য আমি মনে করি যে, আমরা দুর্ভাগ্যের মধ্যে এই রাজ্যে বাস করছি। ভারতবর্ষের অন্যান্য যে প্রগতিশীল রাজ্যগুলি আছে তারা এগিয়ে যাবে এই নতুন শিল্পনীতিতে এবং আমরা তাদের পায়ের তলায় পড়ে থাকব। আমি জানি আপনাদের দলের বহু সদস্য গোপনে আমাদের এই শিল্পনীতিকে মনে মনে সমর্থন করেন।

আজকে পার্টি রাখবার জন্য এঁরা বিরোধিতা করছেন, না হলে এরা আমার বিরুদ্ধে এখানে কথা বলতেন না, এরা মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করত আপনি কি করে টাটা বিড়লা গোয়েঙ্কা টোডিদের সঙ্গে বিভিন্ন সভায় মিটিংয়ে কথা বলেন; তখন আপনি আপনার বামপন্থী মুখোস খুলে ফেলে হাসতে হাসতে শিল্পনীতিকে ভালভাবে সমর্থন করে বক্তৃতা দিচ্ছেন, যখন ইন্ডাস্ট্রিয়াল পেপারগুলি পড়ি, বিজনেস ম্যাগাজিনগুলো পড়ি তখন তো দেখি জ্যোতিবাবু সেখানে প্রাগমেটিক আর পরে কন্টেসা গাড়িতে, ফিয়েট গাড়িতে চড়ে বসে মুখোস খুলে নেন আর বলেন আমি হলাম বিপ্লবী বামপন্থী। স্যার, শিল্প নীতি নিয়ে কি বলব, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে নেই, ঘরে বসে হয়তো উনি বক্তৃতা শুনছেন, তাঁকে জিজ্ঞাসা করতে চাই, তিনি তো বড় বড় কথা বলেছিলেন হিন্দুস্থান মোটর নিয়ে, সেই হিন্দুস্থান মোটর কার সঙ্গে হাত মেলাচ্ছে জেনারেল মোটরের সঙ্গে হাত মেলাচ্ছে, নতুন কারখানা করবে, ইনভেস্টমেন্ট করবে কোথায়—ব্যাঙ্গালোরে, অন্ধ্রপ্রদেশে। পশ্চিমবঙ্গের বুকে কেন নয়? নতুন শিল্প করার জন্য এইসব শিল্পপতিরা এগিয়ে আসছেন না তারা বলছেন আমরা মুখ্যমন্ত্রীর সঙ্গে কফি খাব, বিড়লার মন্দির করব, কিন্তু পশ্চিমবঙ্গে নতুন শিল্প করব না। কেননা কোনও ওয়ার্ক কালচার নেই। ওয়ার্ক কালচার নিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন, বার বার বলছি, ওরা আমাদের কথা শুনছে না, আমি কাজ করতে বলেছি, ওরা কাজ করে না। তাই শিল্পপতিরা যারা আসছেন তারা ভাবছেন, এই রাজ্যে শিল্প করতে যাব কিনা, কারণ যেখানে মুখ্যমন্ত্রী বলছেন, কাজ করার কথা সেখানে এরা পিছন থেকে উস্কে দিয়ে বলছেন, কাজ করো না। শিল্প করতে গেলে যে ইনফ্রাস্ট্রাকচার দরকার, কিন্তু এই রাজ্যে কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই। উত্তরোত্তর

রাস্তাগুলি নষ্ট হচ্ছে। মুখ্যমন্ত্রীকে অনুরোধ করেছিলাম ওনার কোমড় ব্যথা ওনার রাস্তাতে যেতে কষ্ট হয় গাড়িতে যেতে কষ্ট হয়, তাই উনি হেলিকপ্টারে যান, দয়া করে একজন মন্ত্রীকে রাস্তা দিয়ে পাঠান দেখুন না গিয়ে রাস্তার কি অবস্থা। আপনারা বাইরে গিয়ে জনসাধারণকে বলতে পারবেন এই রাস্তাগুলি ভাল আছে, চ্যালেঞ্জ জানাচ্ছি বলতে পারবেন না। আজকে রাস্তা নেই, আলো নেই, এমনই অবস্থা হয়েছে এই পশ্চিমবঙ্গের। আজকে পশ্চিমবঙ্গের এই কলকাতা শহরের পুঁজিপতিদের হাতে বিদ্যুৎকে দিয়ে আপনারা একটার পর একটা রেট বাড়িয়ে দিয়েছেন। তাই বস্তির মায়েরা আলো পায় না, সি. ই. এস. সি. অক্টোপাসের মতো সাধারণ মানুষের টুঁটি টিপে ধরেছে। আর আপনারা ঝরনার আলো ভিক্টোরিয়া মেমোরিয়ালের সামনে বসিয়েছেন আর মুখ্যমন্ত্রীর প্রশংসা করছেন। কে দেখবে? মানুষ খেতে পায় না, মানুষের ঘরে আলো নেই, লোকের কাছে আলো নেই, আর আপনারা বড় বড় কথা বলছেন। দুঃখ হয় আজকে, কতদূর আপনারা চলে গেছেন সমাজতন্ত্রের পথ থেকে তাই আজকে বলছি সমাজতন্ত্র ধ্বংস হয়ে গেছে ওখানেও আর এখানেও পারবেন না। কিন্তু আমরা ভারতবর্ষের বুকে ক্যাপিটালিজিমকে আসতে দেব না। সোস্যাল সিকিউরিটি দিয়ে সোস্যালিজমকে প্রতিষ্ঠিত করব, আমরা আপনাদের মতো সৎ কমিউনিজম আনতে দেব না। এখানে একজন একটা কথা বলেছেন সবচেয়ে দীর্ঘতম মুখ্যমন্ত্রী হচ্ছেন জ্যোতিবাবু, আমি একটা প্রশ্ন করি হাউসে ডিবেট হোক, এই মুখ্যমন্ত্রীর আমলে কতগুলো ধর্ষণ হয়েছে, ক'টা ব্ল্যাক মার্কেটিয়ারের জন্ম হয়েছে, কতকগুলি লুণ্ঠন ঘটেছে, আর কত দুর্নীতি ঘটেছে নিজেকে কেন্দ্র করে, আর পশ্চিমবঙ্গে এর আগে যারা মুখ্যমন্ত্রী ছিলেন তাঁদের আমলে কি হয়েছে স্যার, আমি চ্যালেঞ্জ জানাচ্ছি এই হাসে একটা ডিবেট হোক ওনার নেতৃত্বে কি হয়েছে আর ওনার পূর্বে যারা মুখ্যমন্ত্রী ছিলেন তাদের নেতৃত্বে কি হয়েছে, আলোচনা হোক। সাহস আছে আপনাদের, আমরা জানি সব ব্যাপারে আপনারা আটকে দেবার চেষ্টা করছেন আমাদের।

[2-50—3-00 P.M.]

আপনারা আজকে সব প্রোমোটারদের হাতে দিয়ে দিয়েছেন। আপনারা আজকে একটা থিয়োরী নিয়েছেন, সেই থিয়োরী হল লিভ অ্যান্ড লেট লিভ। আমি যা করব করতে দাও, আমার পরিবার যা করতে চায় করতে দাও। আর পার্টি কমরেডরা তোমরা যে যা খুশি লুণ্ঠন কর। সেইজন্য আজকে চারিদিকে নারী ধর্ষণ হচ্ছে, লুণ্ঠন হচ্ছে। এদিকে গভর্নরের বক্তৃতায় বলা হয়েছে ১২ নং প্যারাগ্রাফে—মহিলাদের উপর কয়েকটি অপরাধমূলক ঘটনা ঘটেছে এবং তার জন্য পুলিশকে কড়া ব্যবস্থা নিতে বলা হয়েছে। আজকে আমি মাননীয় সদস্যদের কাছে বলতে চাই যে পার্টি আজকে পুলিশকে চাকর-বাকর তৈরি করেছে, পুলিশকে আজকে পার্টির ক্যাডারে পরিণত করা হয়েছে। তাই সেই পুলিশ কি করে কাজ করবে, কাকে রক্ষা করবে? আমরা জানি ই. এম. বাইপাশের ধারে রাত্রিবেলায় পুলিশরা লক্ষ্য করে কার গাড়ি আসছে, তারা ওখানে লুণ্ঠন করে। পুলিশ আজকে লুটেরা বাহিনীতে পরিণত হয়েছে, তাই এই পুলিশকে দিয়ে সাধারণ মানুষকে রক্ষা করা যাবে না। আপনারা সকলেই জানেন হলদিয়া পেট্রো-কেমিক্যালসের ব্যাপার, এই হলদিয়া হচ্ছে জোকস অফ দি ইয়ার। ভারত সরকার ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়েছে বলে আপনারা বলেন এবং অনেক প্রশ্ন তোলেন। কিন্তু আপনার ওয়ার্ল্ড ব্যাঙ্কের একটি সংস্থা ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশনের

কাছ থেকে টাকা ভিক্ষা চেয়েছেন এবং তারা যে কন্ডিশনে টাকা দেবে সেই কন্ডিশন রাজ্য সরকারকে মানতে হবে। তারা বলেছে হলদিয়া পেট্রো-কেমিক্যালের শেয়ারের ভ্যালু কমাতে হবে ও একজন বিদেশি পুঁজিপতিকে নিতে হবে। এইচ. পি. সি. সি. যে কন্সট্রাকশন বোর্ড আছে তাদের একথা বলা হয়েছে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া যদি এই ব্যাপারে গ্যারান্টি দেয় তবেই তারা রাজ্য সরকারকে টাকা দেবে। সুতরাং আমাদেরকে অ্যাকিউজ করবেন না, আমরাই রেভলিউশন আনব। কতগুলো লোক যেভাবে এই রাজ্যকে ইন্ডাস্ট্রিয়ালিস্টদের হাতে বেচে দিচ্ছেন তাতে আমরা চিন্তিত। এবারের রাজ্যপালের ভাষণে নতুন কিছু নেই তাই আমরা তা সমর্থন করতে পারছি না, আমরা এর আপোষ করছি। আমরা চাইব আমরা যে কাজ করছি সেই ব্যাপারে আপনারা আমাদের সঙ্গে সহযোগিতা করবেন। ভেতরে এক রকম, আর বাইরে এক রকম করা ছেড়ে দিন, এই মুখোস খুলে ফেলে দিন, আসুন এক সঙ্গে আমরা সবাই দেশকে গড়ে তুলি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধী দলের পক্ষ থেকে যে সমস্ত সংশোধনী প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি তার বিরোধিতা করছি। আমরা সকলেই জানি এবং কিছুক্ষণ আগে আমাদের বিরোধী দলের একজন সদস্য বললেন যে তারা সমাজতন্ত্র আনবেন। হ্যাঁ, নিশ্চয় তারা সমাজতন্ত্র আনবেন এবং সেই সমাজতন্ত্রের নমুনা হচ্ছে আপনাদের বিদায় নীতি। আজকে এই ক'দিন ধরে এখানে বক্তৃতা চলছে কিন্তু কেউ একবারও বিদায় নীতি নিয়ে বললেন না। নির্বাচনের সময় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে কয়েক লক্ষ মানুষকে আপনারা কাজ দেবেন। ছ'মাস হল আপনারা দেশ শাসন করছেন, আমাকে বলবেন যে কত লোককে আপনারা চাকরি দিয়েছেন।

আপনারা এখানে বলছেন যে, দরজা, জানলা সব খুলে দিয়েছেন। হ্যাঁ, নিশ্চয় খুলে দিয়েছেন। কিন্তু সেটা সমাজতন্ত্র প্রতিষ্ঠার জন্য নয় সেটা সমাজতন্ত্র লুণ্ঠন করবার জন্য। আপনাদেরকে বলে রাখছি, আপনারা যেভাবে চলছেন, বিরোধী দলের নেতাও বলেছেন যে ডঃ মনমোহন সিং আছেন বলে নাকি রক্ষা পেলেন। জানবেন ডঃ মনমোহন সিং সর্বনাশ করবে না। আমরা সাম্রাজ্যবাদীদের রূপ দেখেছি যখন তাঁরা এই দেশে বাণিজ্য করতে এসেছিল। এই প্রসঙ্গে একটা কথা মনে পড়ে, "যে বণিকের মানদণ্ড পোহালো শর্বরী, দেখা দিল রাজদণ্ড রূপে"। সেই অবস্থাই করছেন। আপনারা এতকাল ধরে সমাজ লুণ্ঠনের ব্যবস্থা করেছেন। আপনারা রাজত্ব করে যেভাবে পাঞ্জাব, আসাম, কাশ্মীরকে জ্বালিয়েছেন তা প্রত্যেকেই জানেন। আপনাদের জিগরী দোস্ত বি. জে. পি.—তাঁদের সাথে যুক্ত হয়ে আপনারা এবং আমেরিকার সাম্রাজ্যবাদীদের সাথে হাত মিলিয়ে আগামী দিনে ভারতবর্ষকে লুণ্ঠন করবার জন্য ভারতবর্ষকে নয়া ঔপনিবেশিক বানানোর জন্য আপনারা যে নতুন ধরনের সমাজতন্ত্র কায়েম করবার চেষ্টা করছেন যা আসলে সাম্রাজ্যবাদীদেরই পৃষ্ঠপোষক। তাকে প্রতিরোধ করতে হবে। প্রতিরোধ করবার জন্য আমরা চেষ্টা করছি। আমাদের এই রাজ্যের মানুষ—আমরা সেটাকে যে কোনও মূল্যে প্রতিহত করব। এটা আমাদের প্রতিজ্ঞা। আপনারা যেভাবে কেন্দ্রের বাজেট এনেছেন সেই বাজেট প্রকৃতপক্ষে জনবিরোধী বাজেট। এতে কোনও শিল্পায়ন হবে না। দ্রুত সব বন্ধ হয়ে যাবে। আগামীদিনে ভারতবর্ষের গরিব মানুষের অবস্থা কোথায়

যাচ্ছে? আপনারা সাধারণ মানুষকে মেরে ফেলবার চক্রান্ত করছেন। গোটা ভারতবর্ষতেই আপনাদের চক্রান্ত চলছে। দারিদ্র্যসীমার নিচে বাস করে ৫০ ভাগ মানুষ কিন্তু আপনারা এমন ব্যবস্থা করেছেন যে, আজকে ৪০ ভাগ মানুষই ফালতু হয়ে গেছে। আপনারা এমন অবস্থা করছেন—যে ভারতবর্ষের শতকরা ১০ জন মানুষের জন্য সমাজতন্ত্র করতে চাইছেন। দশজন মানুষের সমাজতন্ত্র করে আর বাকি ৯০ জনের সর্বনাশ করতে চাইছেন। রাজ্য সরকার চেষ্টা করছেন, সীমিত ক্ষমতার মধ্যে, সাংবিধানিক সীমাবদ্ধতার মধ্যে অর্থনৈতিক সীমাবদ্ধতার মধ্যে দিয়ে কাজ করছেন, কাজ করবার চেষ্টা করছেন। সীমাবদ্ধতা আছে। কেন্দ্রীয় যে বাজেট বিখ্যাত অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং পেশ করেছেন তা আসলে সাধারণ মানুষের বাজেট নয়। দু'বার টাকার ডিভ্যালুয়েশন করা হয়েছে। এই তো আপনাদের সমাজতন্ত্রের নমুনা। তাঁরা বলছেন যে ১ লক্ষ কোটি টাকা কালো টাকা ধরা হবে, উদ্ধার হবে। কিন্তু ডঃ মনমোহন সিং বা পি. ভি. নরসিমা রাওয়ের হিম্মত হবে না। ওই কালো টাকা সাদা করবার চেষ্টা করা হচ্ছে। বিদেশ থেকে সোনা আনবার ব্যবস্থা করছেন। এইভাবে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা যায় না। বিরোধী দলের নেতা পদলেহন করে রাজ্যপাল হয়েছিলেন, রাজ্যপাল হয়ে সেখানে আগুন লাগিয়ে এসেছিলেন। এখানেও সেই রকম করবার চেষ্টা করছেন। ওই কেন্দ্রীয় সরকারের আজকে জিগরী দোস্ত বি. জে. পি. এবং সাম্রাজ্যবাদী শক্তি হাত মিলিয়েছে। আজকে আমেরিকান সাম্রাজ্যবাদীদের কাছে ভারতবর্ষকে বিক্রি করে দেবার পথ প্রশস্ত করে দেওয়া হচ্ছে। জানবেন আগুন জ্বলবে। একে যে কোনও মূল্যে ভারতবর্ষের মানুষ প্রতিহত করবে। পশ্চিমবাংলার মানুষ প্রতিহত করবে। ওই তিস্তা প্রকল্পে কেন্দ্রীয় সরকার মাত্র ৫ কোটি টাকা দিয়েছেন। ৩৪৭ কোটি টাকা খরচা হয়েছে। কই, একটা কথাও বললেন না। কেন্দ্রীয় সরকার তিস্তা রূপায়ণে যাতে অবিলম্বে ব্যবস্থা নেন তার জন্য দাবি জানাচ্ছি। অথচ কেন্দ্রীয় সরকার বলেছিলেন যে এই প্রকল্প আর্থিক দায়িত্বের ক্ষেত্রে সমান সমান ভাগ নেবেন। কিন্তু আমরা দেখলাম মাত্র ৫ কোটি টাকা দিয়েছেন। এর পর শিল্পায়নের জন্য যে ব্যবস্থা করা দরকার সেই ব্যবস্থা করা হয়নি। পশ্চিমবঙ্গকে বঞ্চিত করা হয়েছে। এর জন্য তো একটা কথাও বললেন না। স্যাবোটেজ করবার চেষ্টা করা হচ্ছে। রাস্তাঘাটের ক্ষেত্রেও একই অসুবিধা, রাস্তা সারাই করা যাচ্ছে না, সেন্ট্রাল রোড ফান্ডস থেকে টাকা দেওয়া হচ্ছে না। এইসব ক্ষেত্রে সহযোগিতা না পেলে জেনে রাখবেন, পশ্চিমবঙ্গের মানুষ ক্ষমা করবে না।

ডাঃ অনুপম সেন ঃ মাননীয় স্পিকার মহোদয়, পশ্চিমবঙ্গ বিধানসভায় আমাদের মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, আমি উত্তরবঙ্গের মানুষ হিসাবে সেটা কিছুতেই সমর্থন করতে পারি নাই। তার কারণ এত বড় একটা ভাষণ উনি দিয়েছেন, কিন্তু তাঁর লেখার মধ্যে আমাদের উত্তরবঙ্গের অবহেলিত মানুষ সামান্যতম আশার আলো দেখতে পাচ্ছে না। একটু আগে আমাদের উত্তরবঙ্গের একজন এম. এল. এ. তিস্তা প্রকল্পের কথা বলছিলেন। প্রথম দিন আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় প্রাক্তনমন্ত্রী কমল গুহ মহাশয় তিনিও তিস্তা প্রকল্পের কথা উল্লেখ করেছিলেন। তিনি উত্থাপন করে যে সমস্ত স্ট্যাটিস্টিক্স আমাদের দিয়েছিলেন তিনি তাতে বলেছিলেন পশ্চিমবঙ্গ সরকার তিস্তা প্রকল্পকে জাতীয় প্রকল্প হিসাবে কখনও তুলে ধরতে চায়নি। এটাকে তাঁরা বলেছিলেন জাতীয়

গুরুত্বপূর্ণ প্রকল্প হিসাবে দেওয়ার জন্য। কিছুদিন আগে আমরা খবর পড়েছি কেন্দ্রীয় মন্ত্রী যখন এসেছিলেন তিস্তা প্রকল্প হিসাবে কথা হয়েছিল এবং তিস্তা প্রকল্পকে জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা করা হয়েছিল। কিন্তু আমাদের প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান আমাদের সবাইকে জানিয়েছেন পশ্চিমবঙ্গ সরকার থেকে তিস্তা প্রকল্পকে আজ পর্যন্ত জাতীয় প্রকল্প হিসাবে গ্রহণ করবার কথা বলা হয়নি। তাই তিস্তা প্রকল্প জাতীয় প্রকল্প হতে পারেনি। ১৯৭৪ সালে আমাদের তৎকালীন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে আমি তখন এই বিধানসভার সদস্য ছিলাম এই তিস্তা প্রকল্প শুরু হয়েছিল। প্রথমবার ৮০ কোটি টাকা বরাদ্দ করেছিলেন। সেটা শেষ হওয়ার কথা ছিল ১৯৮৪ সালে সাত বছরের মধ্যে। আজকে ১৮৮ বছর অতিক্রান্ত হয়ে গেল আজ পর্যন্ত তিনশো কোটি টাকা নাকি পশ্চিমবঙ্গ সরকার খরচ করেছেন, কিন্তু আজকে দেখতে পাচ্ছি এমন অবস্থায় আছে যে রূপায়িত হতে আরও একশো বছর লাগবে। তিনশো কোটি টাকা এখন ৯শো কোটি টাকায় গিয়ে দাঁড়াবে। এই প্রকল্পে উত্তরবঙ্গের ৫টি জেলার এক কোটি মানুষ উপকৃত হত যে মানুষের ৮০ ভাগ লোকই হল কৃষিজীবী। এই তিস্তা প্রকল্প যদি রূপায়িত হত, তাহলে আমাদের যে খাদ্য সঙ্কট পশ্চিমবঙ্গে, যার সম্বন্ধে এই বিধানসভায় অনেক কথা হয়েছে, সেন্ট্রাল গভর্নমেন্ট নাকি আমাদের খাদ্য দিচ্ছে না, তাহলে অতিরিক্ত ৬৫ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন হত।

[3-00—3-10 P.M.]

আপনারা নিশ্চয় জানেন যে উত্তরবঙ্গের ৫টি জেলাতে যে এক কোটি লোক বাস করেন তাদের বেশিরভাগই কৃষিজীবী। যদি এই তিস্তা প্রকল্প আমরা রূপায়িত করতে পারতাম তাহলে প্রায় ৪ কোটি শ্রম দিবস সৃষ্টি হত এবং তাতে সাধারণ খেটে খাওয়া মানুষদের উপকার হত। মানুষ কাজ পেলে তাদের মুখে হাসি ফুটতো। তাছাড়া প্রায় দেড় হাজার কোটি টাকা বাড়তি আয় হত যেটা উত্তরবঙ্গের ৫টি জেলার কৃষকদের ঘরে যেতে পারত। সেটা তাদের ঘরে গেলে তাদের আর্থিক অবস্থার উন্নতি হতে পারত। এটা কাদের জন্য হয়নি যে প্রশ্ন না তুলেও বলা যায় যে এটাই বাস্তব সত্য যে সেটা শেষ করতে পারা যায়নি। এই বাস্তব সত্যের উপর দাঁড়িয়ে বলতে চাই যে পশ্চিমবঙ্গ সরকার এই তিস্তা প্রকল্পের ব্যাপারটাকে যথার্থ ইম্পর্টেন্স দিয়ে কেন্দ্রের কাছে পাঠাননি এবং জাতীয় প্রকল্প হিসাবে গ্রহণ করার কথা বলেননি। তাই তিস্তা প্রকল্প এমনভাবে চলছে যাতে আমাদের মনে হচ্ছে এই তিস্তা প্রকল্প শেষ হতে উত্তরবঙ্গের মানুষরা আর বেঁচে থাকবেন কিনা সন্দেহ। এর পর আমি একটি অত্যন্ত জরুরি বিষয় উত্থাপন করছি। মাননীয় মুখ্যমন্ত্রী কিছুদিন আগে ইন্ডিয়ান টি প্ল্যান্টার্স অ্যাশোসিয়েশনের মিটিং-এ গিয়েছিলেন এবং তিনি বলেছিলেন যে উত্তরবঙ্গের এখানে সেখানে নানান জায়গায় টি প্ল্যান্টেশন হচ্ছে। স্যার, আমরা জানি যে এগ্রিকালচারাল ল্যান্ডকে কনভারশন করতে গেলে সরকারের পারমিশন লাগে এবং এটা করতে গেলে নানান দিক বিচার বিবেচনা করতে হয়। এরজন্য কতকগুলি গাইড লাইনও ফলো করতে হয়। কিন্তু তিস্তার কমান্ড এরিয়ায় তিস্তার ক্যানেল যেখানে তৈরি হচ্ছে প্রায় এক হাজার কোটি টাকা খরচ করে আমার কাছে খবর আছে যে সেখানে ওয়েস্ট দিনাজপুর, জলপাইগুড়িতে জায়গা কিনে নিয়ে সম্পন্ন লোকরা সেখানে টি প্ল্যান্টেশন করছে এবং টি প্লাকিং করে বিভিন্ন বাগানের কাছে সেগুলি বিক্রি করছে। কিছুদিন আগে আমাদের অ্যাসেম্বলি কমিটি গিয়েও তা দেখে এসেছেন এবং

নিশ্চয় তারা আপনার কাছে সে রিপোর্ট দিয়েছেন। তারপর স্যার, আপনি জানেন, নিয়ম আছে যে, আদিবাসীদের জমি কখনও কেনা যায় না, সেখানে আদিবাসীদের জমি সরকারের পারমিশন ছাড়া হস্তান্তর হয়ে যাচ্ছে। সেই জমিতে টি প্ল্যান্টেশন হচ্ছে। সরকার এ বিষয়ে খোঁজ করলে নিশ্চয় সবকিছু জানতে পারবেন। মুখ্যমন্ত্রী, জ্যোতিবাবুও জলপাইগুড়িতে এ সম্পর্কে বলে এসেছেন। উত্তরবঙ্গে কোনও শিল্প নেই। এখন হঠাৎ করে দেখছি সুন্দরবনের মন্দিরবাজারে যে সার কারখানা লোকের প্রতিরোধের জন্য হতে পারেনি সেই কারখানা উত্তরবঙ্গের রায়গঞ্জে নিয়ে যাওয়া হয়েছে। সেখানে প্রতিরোধ চলছে। এই বলে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাবের বিরোধিতা করে শেষ করছি।

[3-10—3-20 P.M.]

শ্রীমতী মমতা মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে রেখেছেন এবং তার ওপর যে ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে সর্বতঃভাবে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। স্যার, রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে দিয়ে কয়েকটি বিষয়ে নিজস্ব দৃষ্টিভঙ্গি আমাদের কাছে উপস্থিত করেছেন। আজ তিন দিন ধরে আমি এখানে রাজ্যপালের ভাষণের ওপর সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের কয়েকজন বক্তার আলোচনা এবং সমালোচনা শুনলাম। বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা এখন পর্যন্ত যে সমস্ত সমালোচনা করলেন তাতে আমি গঠনমূলক কোনও কিছুই পেলাম না। গঠনমূলক কোনও কথাই ওঁরা বলতে পারলেন না। ওঁরা প্রথম দিন থেকে আজ পর্যন্ত আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকে তথা রাজ্য সরকারকে কুৎসিত ভাষায় গালাগাল করে কতগুলি অসাড় বক্তব্য পেশ করলেন। অবশ্যই ওঁরা তা করতে পারেন, গণতান্ত্রিক পরিবেশে ভোটে জিতে এসে ঐসব বলার ওঁদের অধিকার আছে।

স্যার, রাজ্যপাল তাঁর ভাষণের ৪ এবং ৬ নং অনুচ্ছেদে বলেছেন, দেশের সমস্ত কালো টাকা উদ্ধার করে, প্রত্যক্ষ কর আদায়ের মাধ্যমে কেন্দ্রীয় সরকার তাঁদের বাজেটের ঘাটতি কমাতে পারেন। স্যার, আমরাও এটা বিশ্বাস করি যে, কেন্দ্রীয় সরকার ঐভাবে ইচ্ছে করলেই তাঁদের বাজেট ঘাটতি কমিয়ে আনতে পারেন। অর্থাৎ ইচ্ছে করলেই তাঁরা দেশের সাধারণ মানুষের জন্য কিছু চিন্তা ভাবনা করতে পারেন। কিন্তু আমরা কি দেখছি? আমরা দেখছি, আমাদের বিরোধীদের নেতা, দেশের প্রধানমন্ত্রী দেশের সমস্ত বিরোধী দলগুলিকে প্রায় হাত জোড় করে অনুরোধ জানাচ্ছেন যে, তাঁর দলের তথা সরকারের গৃহীত জন-বিরোধী নীতিগুলিকে যেন তাঁরা সমর্থন করেন। বিরোধী দলের সাংসদদের তিনি বার বার এই অনুরোধ করছেন। সেদিন খবরের কাগজে দেখলাম, আই. এম. এফ.-এর লোনের বিরুদ্ধে যে জনমত ইতিমধ্যেই সারা ভারতবর্ষে তৈরি হয়ে গেছে, সেই লোনের ব্যাপারে বিশেষ করে বিরোধীদের মধ্যে বামপন্থী যাঁরা আছেন তাঁদের অনুরোধ করছেন যে, তাঁরা যেন লোনের বিষয়টি সাধারণ মানুষের মধ্যে প্রচার না করেন, প্রকাশ না করেন। আমাদের অবাক লাগছে। তিনি ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং আই. এম. এফ.-এর ঋণের জঘন্য শর্তগুলি ভারতবর্ষের কোটি কোটি মানুষের কাছে গোপন করতে চাইছেন। যদিও সেগুলি এখন আর কারও কাছে গোপন নেই। অথচ তিনি এখনও তাকে ঢাকতে হাত জোড় করছেন। এর ফলে তিনি তাঁর অর্থনৈতিক ক্ষেত্রে

ব্যর্থতারই পরিচয় দিচ্ছেন। আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে বিভিন্নভাবে কেন্দ্রীয় সরকারকে কিছু পরামর্শ দেওয়া হয়েছে যাতে আমাদের দেশের অর্থনীতি একটু চাঙ্গা হয়। অথচ কংগ্রেস(ই) দলের নেতারা এবং কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্য সরকারের পরামর্শগুলির ধারে কাছে না গিয়ে নিজেদের ইচ্ছেমতো কাজ করতে গিয়ে দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব আই. এম. এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে বিপজ্জনক শর্তে বিকিয়ে দিয়ে ঋণ গ্রহণ করছেন। সাম্রাজ্যবাদী শক্তির অপচেষ্টা সফল হতে চলেছে, তাদের কাছে দেশকে সম্পূর্ণভাবে বিকিয়ে দেওয়া হয়েছে।

আমার ভাবতে অবাক লাগে যে, দেশ যখন গভীর অর্থনৈতিক সঙ্কটের জন্য সাম্রাজ্যবাদীদের পদানত হবার মতো এমন একটা জায়গায় এসে দাঁড়িয়েছে এবং দেশের প্রতিটি দেশপ্রেমিক মানুষ প্রতিবাদ জানাবার জন্য সোচ্চার হচ্ছেন, তখন ব্যক্তিগতভাবে হোক, সমষ্টিগতভাবে হোক এবং পার্টিগতভাবেই হোক ওঁরা মানুষের মনকে বিভ্রান্ত করে অন্য দিকে নিয়ে যাবার জন্য চেষ্টা করছেন। আমাদের বেশি অবাক লাগে এইজন্য যে, যখন কেন্দ্র রাজ্যের প্রশ্ন নিয়ে রাজ্য সরকারগুলির তরফ থেকে আবেদন, নিবেদন এবং বক্তব্যের মধ্যে দিয়ে কেন্দ্র-রাজ্য সম্পর্কে সঠিক জায়গায় নিয়ে যাবার চেষ্টা করছেন তখন ওনারা তার বিরোধিতা করছেন। মিটিং, সেমিনার হচ্ছে, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী উপস্থিত থেকে তাঁর বক্তব্য রাখছেন, বলছেন যে আমাদের রাজ্যের জন্য কি কি করা দরকার, কিন্তু কেন্দ্রীয় সরকার তাঁদের চরিত্র একটুও অদল বদল না করে দেশটাকে বিদেশের কাছে বিকিয়ে দেবার চেষ্টা করছেন। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে পেয়েছি যে, কেন্দ্রীয় সরকার আমাদের যা পাওনা, অর্থাৎ রাজ্যের যা পাওনা তা দেওয়ার ক্ষেত্রে হাত না বাড়ালেও রাজ্যের কাছ থেকে তাদের পাওনা নেবার ক্ষেত্রে অনেক বেশি সজাগ আছেন এবং তা নেবার জন্য চেষ্টা করে যাচ্ছেন, কিন্তু আমাদের চিন্তা-ভাবনার মধ্যে আমরা দেখছি যে, দেবার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার দ্বিধা বিভক্ত মন নিয়ে কথা বলেন এবং সেভাবেই দেবার চেষ্টা করেন। তখন আমাদের এখানকার বিরোধী দলের বন্ধুরা একবারও বলেন না যে, পশ্চিমবঙ্গের পাওনা টাকা পাইয়ে দেবার ক্ষেত্রে কেন্দ্রের কাছে দরবার করা দরকার। ওঁরা রাজ্য সরকারের দিকে সহযোগিতার হাত বাড়ান না। আমার অবাক লাগে যখন দেখতে পাই যে, রাজ্য সরকারের উন্নয়নমূলক কাজগুলিকে পরিচালনা করার ক্ষেত্রে বাধা সৃষ্টি করার মধ্যে দিয়ে আমাদের যুক্তরাষ্ট্রীয় কাঠামোর ধ্যানধারণা থেকে সরে এসে দেশটাকে গণতান্ত্রিকতার পথে না নিয়ে গিয়ে তার থেকে সরে এসে দেশটাকে অগণতান্ত্রিকতার পথে নিয়ে যাবার জন্য অনেক বেশি সচেষ্ট হন। সেই সময়ে বিরোধী দলের তরফ থেকে কোনও রকম গঠনমূলক বক্তব্য বেরিয়ে আসে না। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ অনেক বেশি সচেতন, তাই কেন্দ্রীয় সরকারের কোনও দায়িত্বজ্ঞানহীন কাজের জন্য তার খেসারত দিতে গিয়ে দেশটাকে টুকরো টুকরো করার প্রশ্নে এই রাজ্যের মানুষ এগিয়ে আসতে পারে না। কেন্দ্রীয় সরকারের অবিচার, বঞ্চনার বিরুদ্ধে মানুষে মাথা চাড়া দেবার চেষ্টা করছে তারই ফল স্বরূপ বিভিন্ন রাজ্যে বিচ্ছিন্নতাবাদী শক্তিগুলি মাথা চাড়া দিচ্ছে। মাননীয় রাজ্যপাল ঝাড়খণ্ডদের সম্বন্ধে বলেছেন এবং স্বচ্ছ দৃষ্টিভঙ্গি নিয়ে সঠিকভাবে তা আমাদের সামনে উপস্থিত করেছেন, সেজন্য আমি আমাদের দলের অন্যান্য সকলের মতো তাঁকে আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ জানাচ্ছি।

আর পাশাপাশি এটাও আজকে বলতে বাধ্য হচ্ছি যে ঝাড়খণ্ড দলটাকে একটা অ-আদিবাসী সংস্থা পরিচালনা করছিল, নেতৃত্ব দিচ্ছিল এবং সেই নেতৃত্ব দিয়ে দেশটাকে টুকরো টুকরো করার কাজে এগিয়ে এসেছিল। এদের দমন করার ব্যাপারে রাজ্য সরকারের যেমন স্ট্যান্ড আছে ঠিক তেমনভাবে ওদের খুন এবং সন্ত্রাসের বিক্ষিপ্ত ঘটনার জন্য ঐ দলকে আমরাও জনগণের কাছ থেকে বিচ্ছিন্ন করতে পেরেছি, বিগত লোকসভার নির্বাচনে আমাদের পুরুলিয়া জেলায় তার নজির আছে, ওদের অবাক করে দিয়েছি, ঐ কংগ্রেস(আই) দল এই ঝাড়খণ্ড এবং আনন্দমার্গীদের সঙ্গে হাত মিলিয়ে বার বার দেশটাকে টুকরো টুকরো করার দিকে নিয়ে যাচ্ছে। যখন দেখা যায় যে, রাষ্ট্রসংঘ আনন্দমার্গীদের স্বেচ্ছাসেবী সংগঠন হিসাবে স্বীকৃতি দিচ্ছেন সেই সময়ে—আমার অবাক লাগে—ভারতবর্ষের কংগ্রেস(আই) দল একটি মাত্র শব্দের মধ্যে দিয়েও তার প্রতিবাদ জানাচ্ছেন না। আমি মনে করি যে এই বিচ্ছিন্নতাবাদী দলগুলির মদতেই দেশটাকে টুকরো টুকরো করার কথা বলছে।

[3-20—3-30 P.M.]

তাই আমি আপনাদের বলব, এই হাউসের স্বার্থে, দেশকে টুকরো টুকরো করবার হাত থেকে বাঁচাবার জন্য আসুন, ঐসব বিচ্ছিন্নতাবাদীদের আমরা বিচ্ছিন্ন করি। এই কথা বলে বক্তব্য শেষ করবার আগে বলি, এখানে বি. আই. এফ. আর.এর আওতায় পড়ে না যেগুলো সেগুলো নিয়ে রাজ্য সরকার চেষ্টা করছেন। এই সংস্থা কেন্দ্রীয় সরকারের সৃষ্টি এবং বলা হয়েছিল, এদের কাজ হবে রুগ্ন শিল্পকে বাঁচিয়ে তোলা। কিন্তু বি. আই. এফ. আর. সেটা না করে রুগ্ন শিল্পগুলি যাতে একেবারে মরে যায় তার চেষ্টা করছে। এ-বিষয়ে বি. আই. এফ. আর.-এর উপর চাপ সৃষ্টি করতে আসুন আমাদের সঙ্গে সহযোগিতা করুন। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে শেষ করছি।

শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। রাজ্যপালের এই ভাষণে রাজ্যপালের মুখ দিয়ে এই সরকার যে কথাগুলি বলিয়েছেন সেই কথাগুলির মাধ্যমে পশ্চিমবঙ্গের বাস্তব অবস্থার প্রকাশ ঘটেনি, বরং দেখা গেছে, পশ্চিমবঙ্গের বাস্তব অবস্থাকে পাশ কাটিয়ে যাবার চেষ্টা করা হয়েছে। পশ্চিমবঙ্গের বাস্তব অবস্থা হচ্ছে, এখানে বেকার সমস্যা বাড়তে বাড়তে ৫৫ লক্ষে পৌঁছে গেছে এবং আগামী দিনে সেটা আরও বাড়বে। পশ্চিমবঙ্গের বাস্তব অবস্থা হচ্ছে, পশ্চিমবঙ্গে শিল্পক্ষেত্রে ক্রমাগত রুগ্ন শিল্প জন্ম নিচ্ছে। আইন-শৃঙ্খলার প্রশ্নে বলেছেন যে, অবস্থাটা খুব ভাল আছে, কেবলমাত্র দুই-একটি বিচ্ছিন্ন ঘটনা ঘটেছে। কিন্তু আইন-শৃঙ্খলার প্রশ্নে পুলিশকে আজকে শাসক দলের আজ্ঞাবহ দাসে পরিণত করেছেন। পুলিশের সংখ্যা, থানার সংখ্যা, ফাঁড়ির সংখ্যা বেড়েছে, কিন্তু দিন দুপুরে চুরি হচ্ছে, ডাকাতি হচ্ছে, রাহাজানি হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলার অবস্থা কোথায় গেছে সেটা কিছুদিন আগে মালদার মানিকচকের ঘটনা থেকেই বোঝা যায়। সেখানে সংঘবদ্ধভাবে নারী ধর্ষণের ঘটনা এটাই প্রমাণ করে যে, পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। বানতলা, বিরাটির ঘটনা, তারপর আবার এই ঘটনাই তার প্রমাণ। আজকে পুলিশের সঙ্গে সি. পি. এম.

কিভাবে আঁতাত করেছে সকলের জানা। আমার নির্বাচন কেন্দ্রের অন্তর্গত কিশোরীমোহনপুরে গিয়েছিলাম। সেখানে ভি. ডি. ও. চলছিল। আমি ১১টার সময় পৌঁছাই। ঐ ভি. ডি. ও. শো সি. পি. এম. পুলিশের সঙ্গে রক্ষা করে চালাচ্ছিল। কাছেই পুলিশ ক্যাম্প। কিন্তু টাকা নিয়ে গোলমাল হওয়ায় সি. পি. এম. পুলিশকে পেটায় এবং সেখানে একজন পুলিশের চারটি দাঁত ভেঙে দিয়েছে। আজকে পশ্চিমবঙ্গে এই অবস্থাই চলছে। তাই রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে এখানে পশ্চিমবঙ্গের যে চিত্র তুলে ধরা হয়েছে সেটা পশ্চিমবঙ্গের চিত্র নয়। পশ্চিমবঙ্গের চিত্র হল, বেকারত্ব, কলকারখানা বন্ধ হয়ে যাওয়া, নারী ধর্ষণের ঘটনা বেড়ে যাওয়া, দুর্নীতি। এই পরিস্থিতিতে রাজ্যপালের এই ভাষণ এবং তার ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব তার বিরোধিতা করছি এবং মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন করে শেষ করছি।

শ্রী সমর হাজরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহোদয় বিধানসভায় ভাষণে যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্যকে আমি সমর্থন জানিয়ে ২/১টি কথা বলতে চাই। রাজ্যপাল মহোদয় তার ভাষণে যে পশ্চিমবাংলার অগ্রগতির ছবি এবং পশ্চিমবঙ্গে যে পরিকল্পনাগুলি গ্রহণ করা হয়েছে সেগুলি সঠিকভাবে অগ্রগতির পথে এগিয়ে চলেছে তার উল্লেখ করেছেন। তিনি তার ভাষণে পশ্চিমবঙ্গের সাক্ষরতার কথাও বলেছেন। পশ্চিমবঙ্গে যে ৬টি জেলাকে সাক্ষরতা হিসাবে ঘোষণা করা হয়েছে তারও নাম উল্লেখ করেছেন। তিনি তার ভাষণের পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলার কথাও বলেছেন। কংগ্রেস রাজত্ব যেমন—আসাম, ত্রিপুরা, পাঞ্জাব, অন্ধ্রপ্রদেশ এবং সঙ্গে সঙ্গে রাষ্ট্রপতি শাসিত অঞ্চলগুলির সঙ্গে পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলার অবস্থা পরিষ্কারভাবে বলেছেন। পশ্চিমবাংলায় নানা ভাষাভাষীর মানুষ বর্ণহীন, ধর্মহীন সকলে সুস্থ্যভাবে বসবাস করতে পারছে। এটা আমাদের গর্বের বিষয়। পশ্চিমবাংলার মানুষের কোনও নিরাপত্তার অভাব নেই। মাননীয় রাজ্যপাল মহোদয় সেই সম্পর্কে পরিষ্কারভাবে বলেছেন। এই রাজ্যে সত্যিকারের নারী ও শিশুদের কল্যাণের জন্য যে সব প্রকল্প গ্রহণ করা হয়েছে সেগুলির উপরে নজর রাখা হয়েছে এবং এই প্রকল্পগুলি চালু করার জন্য পশ্চিমবঙ্গের পিছিয়ে পড়া মানুষ এবং সমাজের অবহেলিত মানুষেরা আজকে স্বাস্থ্য সম্পর্কে সচেতন হয়েছে। আজকে এটা আমাদের কম গর্বের বিষয় নয়। মাননীয় রাজ্যপাল মহোদয় তার ভাষণে পশ্চিমবঙ্গের ভূমি সংস্কারের কথাও বলেছেন। আজকে লক্ষ লক্ষ ক্ষুদ্র, পদোন্নতি চাষী তারা যে জমি পেয়েছে তার ফলে তাদের ছেলেমেয়ের মুখে দু'মুঠো অন্য তুলে দিতে পেরেছে। এটাও আমাদের কম গর্বের বিষয় নয়। তাই, মাননীয় রাজ্যপাল মহোদয় যে ভাষণ এখানে দিয়েছেন সেই ভাষণকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং স্পিকার মহাশয়, আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করছি এবং আমাদের তরফ থেকে যে সমস্ত সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তার সমর্থন করতে উঠে দু'একটি কথা এখানে বলছি। আমি খুব পরিষ্কারভাবে জানি যে আমার বক্তব্য হয়তো আমি ভালভাবে বলতে পারব না। কারণ অনেক ব্যাঙ্গ হবে, ঠাট্টা হবে, অনেক রকম তামাশা হবে, অনেক বাধা আসবে। কিন্তু তা সত্ত্বেও আমাকে আমার বক্তব্য রাখতে হবে। কারণ আজকে ভারতবর্ষ দারুণ একটা

সমস্যার সম্মুখীন হয়েছে। আমাদের বাংলা আজকে দারুণ সঙ্কটের মধ্যে পড়েছে সেটা পরিষ্কারভাবে আমি আপনাদের জানিয়ে দিতে চাই। রাজীব গান্ধীর সরকারের যখন পতন হল তখন দেশের পরিস্থিতি কি ছিল, আর ভি. পি. সিং, চন্দ্রশেখর সরকারের যখন পতন হল তখন দেশের অবস্থা কি হয়েছিল এবং নরসিংহ রাও উত্তরাধিকারী হিসাবে কি পেয়েছেন এগুলি আপনাদের জানা দরকার। এগুলি না জানলে কোনও তর্কের ভিত্তি থাকতে পারে না। গ্রস ন্যাশনাল প্রোডাক্ট রাজীব গান্ধীর সরকারের যখন পতন হল তখন ছিল ১০.৫ পারসেন্ট ইনক্রিজ। আর চন্দ্রশেখর, ভি. পি. সিং যখন চলে গেলেন, যখন নরসীমা রাও এলেন তখন সেই ১০.৫ যা ইনক্রিজ ছিল সেটা কমে নামল ২.৫ পারসেন্ট গ্রস ন্যাশনাল প্রোডাক্ট।

[3-30—3-40 P.M.]

গ্রস ডোমেস্টিক প্রোডাক্ট—একই ব্যাপার, ১০.৫ থেকে নামিয়ে ২.৫ আনা হল। এগ্রিকালচারাল প্রোডাকশন ২১ পারসেন্ট বেড়েছিল আগেরবারের বছরের থেকে রাজীব সরকারের পতনের সময়ে। আজকে নরসিমা রাও কত পেয়েছে? ০.০ পারসেন্ট। ২১ থেকে নামিয়ে ০.০তে এসে দাঁড়াল। ফুডগ্রেন প্রোডাকশন ২১ পারসেন্ট রাজীব গান্ধীর সরকার বাড়িয়ে গিয়েছে, মাইনাস ১.৫ পারসেন্ট পেয়েছে নরসিমা রাও উত্তরাধিকার সূত্রে। ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন রাজীব গান্ধীর আমলে ৮.৭ পারসেন্ট ইনক্রিজেস। নরসিমা রাও কত পেয়েছে? গ্রোথ রেট ইনক্রিয়েস ৮.৭ পারসেন্ট থেকে কত পেয়েছে? ০.৮ পারসেন্ট। এপ্রিল টু অক্টোবর ১৯৯১-এর এই পরিসংখ্যান। মুখ্যমন্ত্রীকে চিঠি লিখে জানিয়ে দিয়েছি কোথা থেকে কি বলব, সোর্স সমস্ত জানিয়ে দিয়েছি চিঠি লিখে। আমি তার থেকেই বলছি। ইলেক্ট্রিসিটি জেনারেটেড ৯.৫ পারসেন্ট, রেখে গিয়েছিল রাজীব গান্ধী ইনক্রিজ করে। সেটা কমিয়ে আনা হল ৭.৮ পারসেন্টে। হোলসেল প্রাইস ইন্ডেক্স রাজীব গান্ধীর সময় ৫.৭ পারসেন্ট। বাড়ল ওঁদের আমলে, ভি. পি. সিং এবং চন্দ্রশেখর সরকারের আমলে। স্যার, এটা বেড়ে হল ১২.১ পারসেন্ট। কনজিউমার প্রাইস ইন্ডেক্স ৮.৫ পারসেন্ট ছিল রাজীব গান্ধীর সময়, ভি. পি. সিং চন্দশেখরের সময় বেড়ে ১৩.৬ পাবসেন্ট হল। ৬৬০৫ কোটি ক্রোক টাকা ছিল, ওঁরা সেটা কমিয়ে ৪ হাজার কোটি টাকায় আনল। ক্রোক টাকা যেটা ৬ হাজার কোটি টাকা থেকে কমিয়ে ৪ হাজার কোটি টাকাতে আনা হল, আজকে নরসিমা রাও সেটা বাড়িয়ে ১১,৪১০ কোটি টাকায় পরিণত করেছেন। এটা আমি ২০শে ফেব্রুয়ারি ১৯৯১-এর কথা বলছি। সোনা দেশ থেকে চলে গিয়েছিল, দেশ থেকে সোনা চলে গিয়েছিল ভি. পি. সিং এবং চন্দ্রশেখরের সময়, সেইগুলি সমস্ত ফিরিয়ে আনা হচ্ছে।

(এ ভয়েস ঃ আপনারা তো সোনা বাইরে পাঠিয়ে ছিলেন)

আপনারা তো বললে হবে না। আমি ইকনমিক সার্ভে ১৯৯১-৯২ থেকে বলছি। আপনারা বললে কি হবে? ফরেন কারেন্সি অ্যাসেটস ৪২২৬ মিলিয়ান ডলার থেকে অর্ধেক কম করা হল, নরসিমা রাও সেটা আবার বাড়িয়ে ৪৩৯৫ মিলিয়ান ডলার করেছেন। আমি এটা ২০শে ফেব্রুয়ারি ১৯৯২ সালের কথা বলছি। এইসব নিয়ে তর্ক করতে গেলে এইসব জানতে হবে, তর্ক করতে গেলে এই সব সামনে রাখতে হবে, এইসব সামনে না রাখলে তর্ক করা যায় না। ইনফ্লেশন ১৬.৭ পারসেন্ট ছিল। ইনফ্লেশন ৭.৭ পারসেন্ট ছিল যখন

রাজীব গান্ধী সরকারের পতন হয় ১৯৮৯ সালে, সেটা ভি. পি. সিং এবং চন্দ্রশেখর নিয়ে গেলেন ১৬.৭ পারসেন্টে। আজকে সেটা নামিয়ে ১১.৭২ পারসেন্ট করা হয়েছে, আরও কমবে, সিঙ্গেল ডিজিটে আসবে আমার বিশ্বাস আছে, আমরা সেইভাবে লড়ছি। কেউ কেউ বুঝতে পারবে না। আপনাদের ভেতর ভাল ভাল লোক আছে আমি দেখেছি কয়েকজন অনেস্ট মার্কসিস্ট, ডেডিকেটেড মার্কসিস্ট, ডিভোটেড মার্কসিস্ট।

আমি নাম করব না। আমি চারজনের নাম করেছিলাম, তাতে অনেকে বলেছিলেন, কেন খালি চারজনের নাম করেছেন? আরও নাম করা উচিত ছিল। নিশ্চয়ই আরও অনেকে আছেন। কিন্তু তাদের মাথায় এবং মনে মার্কসিজম এবং লেনিনিজম ঢুকিয়ে তালাচাবি দিয়েছেন। তারমধ্যে বাতাস আসবে না, আলো আসবে না বাইরে থেকে। কোনও নতুন চিন্তা তাদের আসবে না। একজন বাঙালি গয়া কংগ্রেসের প্রেসিডেন্ট ছিলেন যিনি কংগ্রেসের প্রেসিডেন্সিয়াল স্পিচে অনেক কথা বলেছিলেন। যেমন, ইংরেজ যদি আজ আমাকে বলে যে আমি মধ্যবিত্ত, উচ্চ মধ্যবিত্তের হাতে ক্ষমতা দিয়ে যাচ্ছি, আমি সেই ক্ষমতা গ্রহণ করব না। আমি ক্ষমতা চাই সবচেয়ে দরিদ্রতম মানুষের জন্য। কারণ সেই ক্ষমতা যদি মধ্যবিত্ত, উচ্চ মধ্যবিত্তরা পায় তবে চিরকাল সেই মধ্যবিত্ত, উচ্চ মধ্যবিত্তরা ক্ষমতা হাতে রাখবে। সাধারণ মানুষের হাতে সেই ক্ষমতা আসবে না। তাঁর সেই ভবিষ্যৎ বাণী ঠিক হয়েছিল। তাই আজকে যে কোনও তন্ত্রে—সি. পি. এম.-এর নেতা জ্যোতি বসু ব্যারিস্টার অ্যাট ল্য, কংগ্রেসের নেতা সিদ্ধার্থ রায় ব্যারিস্টার অ্যাট ল্য, সি. পি. এম.-এর নেতা সোমনাথ চ্যাটার্জি (কেমব্রিজ) ব্যারিস্টার অ্যাট ল্য, সি. পি. এম.-এর নেতা ইন্দ্রজিৎ গুপ্ত ব্যারিস্টার অ্যাট ল্য, ডঃ ভূপেশ গুপ্ত ব্যারিস্টার অ্যাট ল্য, জনতার রাজা, এঁরা আছেন। যাইহোক, বিষয়টা ভুল। কারণ লড়াই আমরা করব, ওরাও করবে। তবে এটা সাধারণ মানুষের কাছে আসা উচিত। কিন্তু তিনি আর একটা কথা বলে গিয়েছিলেন, তাঁর সেই ভবিষ্যৎ বাণীর কথা অনেকে জানেন না। ভবিষ্যৎ বাণীতে কি ছিল? তিনি বলে গিয়েছিলেন, আপনার অনুমতি নিয়ে দেশবন্ধু চিত্তরঞ্জনের ভাষণ থেকে আমি পড়ছি। "The recent revolution in Russia is very interesting state. The shapes which it has now assumed is due to the attempts to force Marxian doctrines and dogmas on the unwilling genius of Russia. Violence will again fall. If I have read the situation accurately I expect a counter revolution. The soul of Russia must struggle to free herself from the socialism of Carl Marx. It may be an independent movement, or it may be that the present movement contains within itself the power of working out that freedom."

গর্বাচভ, ইয়েলেৎসিনের কথা তিনি ১৯২২ সালে বলে গেছেন। ইন দি মিনটাইম দি ফেট অব রাশিয়া ইজ ট্রেম্বলিং ইন দি ব্যালান্স। ১৯২২ সালে তিনি বলে গিয়েছেন, যেমন বিবেকানন্দ ১৯০৫ সালে বলে গিয়েছিলেন চিন আসবে। যেমন, চিন একটা দেশ হবে, সকলে তার দিকে তাকাবে ভক্তির সঙ্গে শ্রদ্ধা সহকারে। সেই রকম ১৯২২ সালে দেশবন্ধু বলে গিয়েছিলেন, এই রাশিয়ান রেভোলিউশন চলতে পারে না। ইট মে বি দ্যাট দি প্রেজেন্ট মুভমেন্ট কনটেন্স উইদিন ইটসেল্ফ দি পাওয়ার অব ওয়ার্কিং আউট দ্যাট ফ্রিডম। এই মুভমেন্টের ভেতরে এমন লোক আছে তারা ওয়ার্ক আউট করবে ফ্রিডম। ইয়েলেৎসিন

আসবে, গর্বাচভ আসবে। তিনি ১৯২২ সালে বলেছিলেন আর আজকে এটা '৯২ সাল। কিন্তু দেখুন আপনারা আমাকে ক্ষমা করবেন, লেনিন-এর আপনাদের মতো অহঙ্কার ছিল না, ঔদ্ধত্য ছিল না। এই বক্তৃতা দেবার পরেও লেনিন চিঠি লিখেছে— তুমি মস্কোতে এসো। তোমার বিষয়ে জানতে পেরেছি। তোমার আমার সঙ্গে কথাবা— ত হবে। আপনাদের সঙ্গে লেনিনের সেটাই হচ্ছে তফাৎ। তাঁকে চিঠি লিখে গিয়েছিলে— লেফ্‌ট কমিউনিজম ইজ অ্যান ইনফ্যান্টাইল ডিসঅর্ডার।' আমি, ডঃ ভূপেশ গুপ্ত, ইন্দ্রজি— প্ত, রেণু চক্রবর্তী '৭১ সালে আপনাদের বন্ধুদের নির্বাচনের সময়ে কি হয়েছিল তা — বার জন্য কেন্দ্রে কেন্দ্রে সেই বইটা একসঙ্গে পড়েছি। 'লেফ্‌ট কমিউনিজম ইজ অ্যান ইনফ্যান্টাইল ডিসঅর্ডার'এর জন্য লেনিন এই কথা বলেছিলেন। কিন্তু যাক, লেনিন, দেশবন্ধুর এইসব নিয়ে আলোচনা করা উচিত নয়। লেনিনকে আমি শ্রদ্ধা করি। আমি লেনিনের বিরুদ্ধে কেউ বিষোদ্‌গার করলে কখনই সহ্য করব না। কেননা, আমার মনে আমার প্রাণে লেনিন সম্বন্ধে একটা স্থান আছে, কেউ সেই স্থান দূর করতে পারবে না। কিন্তু তাই বলে সব মেনে নেব তা নয়।

[3-40—3-50 P.M.]

যাইহোক ছেড়ে দিন তথ্য, ছেড়ে দিন থিয়োরী। ফ্যাক্টসে আসুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সময় পাল্টেছে, আপনারাও পাল্টেছেন, কিন্তু আপনারা স্বীকার করছেন না। আমি যদি বলি, সময় পাল্টেছে আপনারাও পাল্টেছেন, তাহলেও আপনারা স্বীকার করবেন না। জ্যোতিবাবু স্বীকার করবেন না। বলবেন, কেন পাল্টেছি? কেন পাল্টেছেন তাহলে বলি, ১৯৭২ সালে আমি যখন মুখ্যমন্ত্রী হিসাবে এসেছিলাম, এক মাসের মধ্যে চিঠি পেলাম—৭২ সালে এক মাসের মধ্যে চিঠি পেলাম, জ্যোতি বসুর কাছ থেকে বজ্র গম্ভীর চিঠি—ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনকে এখনই জাতীয়করণ করতে হবে। জাতীয়করণ করতেই হবে। আমি বললাম না, করব না, এক্সটেনশন দেব। আমাকে কি বলা হল? বিলেতের দালাল, ক্যাপিটালিস্টদের দালাল, ধনিক শ্রেণীর দালাল, শিল্পপতির দালাল। কত রকম কথা বলা হল। তবু আমি করিনি। আপনারা তখন বললেন, ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনকে ন্যাশনালাইজ করতে হবে। আর আজকে কি হল? গৌরীপুর থার্মাল পাওয়ার প্ল্যান্ট কাদের ছিল? স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের। ওটা কাদের দিয়েছেন, কাদের দেবেন ভাবছেন? ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনকে, না বিড়লাকে, কাকে দেবেন স্থির করতে পারছিলেন না। শেষকালে ১৯৮৮ সালের ১লা ডিসেম্বর সিদ্ধান্তে এলেন যে, বিড়লাকে দিয়ে দেবেন। অথচ আজকে আপনারা ভুলে গেলেন এই সি. ই. এস. সি.কে নিয়ে কি বলেছিলেন। কিন্তু আপনারা লোকেদের কাছে গিয়ে কি স্বীকার করবেন যে, আপনারাই এটা বিড়লাকে দিয়েছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের মুখোস খুলে দিতে হয়, গ্রামে গঞ্জে গিয়ে এদের মুখোস খুলতে হয়। গ্যাস টারবাইনের দুটি ইউনিটই কসবায় ছিল। এই গ্যাস টারবাইনগুলো স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের ছিল। এগুলো কাদের দিয়েছেন? এগুলো দিয়েছেন ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনকে। অথচ আপনারাই সিদ্ধার্থ রায়কে বলেছিলেন ন্যাশনালাইজ করতে। আর আপনারাই সেটা দিয়ে দিলেন ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনকে। আরও কত আছে, কত বলব, বলতে গেলে একটার পর একটা বলতে হয়। ১৯৭২ সালে আমি শ্রীমতী ইন্দিরা গান্ধীর কাছে গিয়েছিলাম এবং কুমার মঙ্গলমের কাছেও গিয়েছিলাম। আমাদের যে

নীতি আমরা বলি, সেই নীতি অনুসারে ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল কোম্পানিকে জাতীয়করণ করার কথা বলি। তিনি বললেন, সে কি, এই অবস্থায় কি করে হবে? যাইহোক ১৯৭২ সালে আইন পাস হল। মোহন কুমারমঙ্গলমের সঙ্গে আমারও খুব বন্ধুত্ব ছিল এবং তিনি জ্যোতিবাবুরও খুব বন্ধু ছিলেন। তিনি তখন মিনিস্টার ছিলেন, তিনি বিলে সই করে দিলেন এবং ম্যানেজমেন্টটা অধিগ্রহণ করলেন। এই ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি যখন ন্যাশনালাইজ হল তখন স্যার, বীরেন মুখার্জি জীবিত ছিলেন। তাঁদের তিন পুরুষদের কোম্পানি এবং আমাদেরও বহুদিনের আলাপ। স্যার, বীরেন মুখার্জির সঙ্গে ছেলেবেলায় স্কুলে কলেজে একসঙ্গে থেকেছি এবং ৩০-৩৫ বছর ধরে ক্যালকাটা ক্লাবে ওঁর সঙ্গে টেনিস খেলেছি। বহুদিন ওঁর সঙ্গে চেনাশুনো। সেই স্যার বীরেন মুখার্জির কারখানা যখন অধিগ্রহণ করার কথা বললাম তখন তিনি বললেন যে, মানুষ, হোয়াট ইউ হ্যাভ ডান? তুমি কি বলছ, এতো হতে পারে না। এ কি করছো? আমি বলেছিলাম, আমাদের নীতি অনুসারে এটা করতে হবে। আর আজকে সেই ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি যেটা আমরা স্যার বীরেন মুখার্জির হাত থেকে কেড়ে নিয়েছিলাম সেই কোম্পানিকে আপনারা সরাজ পালকে দিতে চাইছেন।

সরাজ পাল খুব বড় লোক, তাঁকে দিন, কোনও আপত্তি নেই। কিন্তু লোকের সামনে গিয়ে বলুন, এটা আমরা করছি। লোকের সামনে বলবেন না, এটা আপনারা কিছুতেই বলবেন না। তারপরে ওয়ার্ল্ড ব্যাঙ্কের চেয়ারম্যান রবার্ট ম্যাকনামারাকে আমি অতি কষ্টে সেন্টারকে বুঝিয়ে নিয়ে এসেছিলাম কলকাতায়।

ক্যালকাটা মেট্রোপলিটান ডেভেলপমেন্টের জন্য কোটি কোটি ডলার পাওয়া যাবে বলে তাঁকে এনেছিলাম, কিন্তু কি হল কলকাতায় তাঁকে আপনারা লাল পতাকা, কালো পতাকা দেখালেন, আর বললেন—"গো ব্যাক ম্যাকনামারা, গো ব্যাক ম্যাকনামারা, গো ব্যাক ম্যাকনামারা"। তখন আমি কেন্দ্রীয় মন্ত্রী পশ্চিমবঙ্গ বিষয়কের, হল না কিছুই, ১৪টা ট্রাম পুড়ল আর আপনারা বললেন—ম্যাকনামারা দূর হও, ম্যাকনামারার দালাল সিদ্ধার্থ রায় দূর হও'। ম্যাকনামারা চলে গেলেন, হল না সাহায্য। তারপর ১১ই জানুয়ারি ১৯৯২, এই সেদিন, মিঃ ডি. জি. উভ ভাইস প্রেসিডেন্ট ওয়ার্ল্ড ব্যাঙ্কের তিনি কলকাতায় এসেছিলেন, যেহেতু জ্যোতিবাবু এখানে তাই তার বাড়িতে কথা হল—কি কথা হল তা জানতে চাই? আপনারা কেউ কালো পতাকা দেখালেন না, কেউ লাল পতাকা দেখালেন না। **(এ ভয়েস ঃ ঠিক করেছে)** আমিও বলব ঠিক করেছে, কিন্তু মানুষের কাছে গিয়ে বলছেন না, বলবার সাহস নেই। ১৯৭১ সালে আপনারা যখন ম্যাকনামা কে কালো পতাকা দেখিয়ে ছিলেন তখন কিন্তু আমার সাহস ছিল, তাই আমি তখন দেখাতে চেয়েছিলাম কলকাতার অবস্থাটা, কিন্তু ওঁরা ম্যাকনামারাকে দেখাতে দেননি। ১১ই জানুয়ারি ৯২ উডের সঙ্গে দেখা হল জ্যোতিবাবুর, সেখানেই কিন্তু শেষ হল না, ৯ই ফেব্রুয়ারি ১ মাসের ভিতরে আবার মিঃ ভিক্টর ফেন এলেন। এশিয়ান ডেভেলপমেন্টের ব্যাঙ্কের হয়ে মিঃ ভিক্টর ফেন একটা ডেলিগেশন নিয়ে এলেন, কিন্তু কি কথা হল, কি চাওয়া হল তা জানতে চাই? দুর্গাপুর প্রোজেক্টে কি দেখছি—ডি. পি. এল. এ আমরা যখন ছিলাম ৬ কোটি টাকা লাভ করেছিলাম, অতীশ সিন্‌হা আমার চেয়ারম্যান ছিলেন, জয়নাল আবেদিন আমার মন্ত্রী ছিলেন, সেই দুর্গাপুর প্রোজেক্টকে আপনারা

কি করতে চাইছেন? এই সেইদিন দুর্গাপুর প্রোজেক্টে ২০০ কোটি টাকা আপনারা ইনভেস্ট করেছেন, সেটাকে আপনারা জি. পি. বিড়লাকে ধরেছেন দেবার জন্য। খালি জি. পি. বিড়লাকে নয়, ডি. পি. এল.-র চেয়ারম্যান মিঃ এ ঘটক একটা এগ্রিমেন্ট করেছে টিসকোর সঙ্গে ফর কনভারশন অফ কোকিং কোল ইনটু কোক গ্যাস—অ্যানাদার ডাইমেনশন টু ইস্যু,—এটা কেন আপনারা করতে পারলেন না? আমি দোষ দিচ্ছি না, ঠিকই করেছেন টিসকোর কাছে গিয়ে, এবারে কাজ হবে, জি. পি. বিড়লার কাছে গিয়ে কাজ হবে, আপনারা পারবেন না। আমাদের সময়ের একটু হিসাবটা দেখুন ৫ কোটি টাকা লাভ হয়েছিল, আপনাদের সময় কেন লাভ হল না? আপনারা পারবেন না। আপনারা দিতে যাচ্ছেন জি. পি. বিড়লাকে—বি. এম. বিড়লার ছেলে; ভাল লোককেই দিচ্ছেন। আপনারা টিসকোকেও অনেক জিনিস দিচ্ছেন, আমি সব বলব না। এখন কথা হচ্ছে, দিচ্ছেন ভালো কথা, কিন্তু মানুষের কাছে গিয়ে বলছেন না কেন? কেন একথা বলছেন না 'হ্যাঁ দিচ্ছি'? এইসব কথাগুলি তো বলবেন না। ইসলামপুরে জলপাইগুড়িতে জমি আছে, চাষের জমি; ব্রিটিশ আমল থেকে আছে। ওখানে একটা নিয়ম আছে, কমিশনারের অনুমতি ছাড়া কোনও চাষের জমি কাউকে বিক্রি করা যাবে না। ডাঃ রায় সেই আইন মেনেছিলেন, অনেক চা কোম্পানি এসেছিল ডাঃ রায়ের কাছে, তারা বলেছিলেন জমিগুলো দিয়ে দিতে, চা-বাগান করা হবে, অনেক টাকা হবে। কিন্তু ডাঃ রায় বলেছিলেন যে এস. সি., এস. টি.দের জমি দিতে পারবেন না। উত্তরবঙ্গ থেকে এখানে যারা এসেছেন তারা জানেন বারন করা আছে, পারা যায় না, ডাঃ রায় দেয়নি। আমিও যখন মন্ত্রী ছিলাম তখনও তারা এসেছিলেন, আমি বলেছিলাম হবে না, আমি পারব না। কেন্দ্রীয় মন্ত্রী হিসাবে ১ বছর এবং ৬ বছর ২ মাস মুখ্যমন্ত্রী হিসাবে আমি ছিলাম।

(এ ভয়েস ঃ জালিয়াতি করেছেন)

(গোলমাল)

হ্যাঁ, আমি জালিয়াত, সেই জমি আমি বলেছিলাম দিতে পারব না, এই জমি এস. সি., এস. টি.দের এই জমি দেবো কেন?

[3-50—4-00 P.M.]

এই জমি শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের, এই জমি কেন দেবো? আজকে যান, দেখুন জ্যোতিবাবু কোনও কোনও কোম্পানিকে দিয়ে কাজ করাচ্ছেন, আর যে যে কোম্পনির সঙ্গে জড়িত আছে—আমি তাদের নাম করব না। এখানে ইসলামপুরের এম. এল. এ.রা আছেন, পশ্চিমদিনাজপুরের এম. এল. এ.রা আছেন, চোপড়ার এম. এল. এ.রা আছেন, ফরোয়ার্ড ব্লক থেকেও এসেছেন—বলুন এটা কি হচ্ছে? **(ভয়েস ঃ ভাল করেছে)**। জ্যোতিবাবু ভালোই করেছে। ব্যক্তিগতভাবেও বলেছি ঠিকই করেছে। কিন্তু লোকের কাছে বলছেন না কেন? **(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)**। **[আরে জ্যোতিবাবুর সঙ্গে অনেক কথা হয়, আপনারা ঘাবড়াবেন না। মতামত আমাদের এক না, কিন্তু অন্য কিছু জিনিসে, ব্যক্তিগত জিনিসে আমরা একমত]**। তাঁর কোনও আত্মীয়র নাম আমার মুখ থেকে পাবেন না। যাই হোক, এখন

প্রশ্নটা হচ্ছে, ভালোই কাজ করেছেন। ওঁনার পরিকল্পনাটা কি? ওখানে টি এরিয়া হবে। পশ্চিমবঙ্গে—আর যাদের যাদের জমি নেওয়া হয়েছে তাদের চাকরি দেওয়া হবে ইত্যাদি ইত্যাদি। ভাল কথা, কিন্তু বলুন লোকের কাছে। মার্কসবাদ, টার্কসবাদ বাজে—আমরা এইগুলি করেছি। রাশিয়া শেষ হয়ে গেছে, ইস্ট ইউরোপও শেষ হয়ে গেছে, পশ্চিমবাংলায়ও আমরা শেষ করে দিলাম। এর পরে আসছি রাস্তাঘাটের বিষয়ে—ইটালিতে যান সেখানে আছে, ফ্রান্সে যান সেখানে আছে—টোল পদ্ধতি আছে। এখানে মতীশবাবুকে, আমি ঠিক চিনি না, ওঁনার সঙ্গে কথাবার্তা চলছে, বোম্বের একটা প্রাইভেট ফিনান্সিয়াল ইনস্টিটিউশনের সঙ্গে কথাবার্তা চলছে রাস্তাঘাটের ব্যাপারে। শীঘ্র দেখবেন, টোল বসানো হবে। উনি এখন রাজি হননি। কিন্তু হয়তো চাপ আসবে। ওঁর ইচ্ছে নেই। সুতরাং এইসব বড় বড় কথা বলে তো কোনও লাভ নেই। দেশবন্ধু ঠিকই বলেছিলেন, বলুন হ্যাঁ গোরবাচেভ ঠিক করেছে, ইয়েলেৎসিন ঠিক করেছে, আমরা যে পথে যাচ্ছি সেই পথ ঠিক নয়। মাথায়, মনে তালাচাবি দিয়ে বন্ধ করে রেখেছেন, একটু হাওয়া ঢুকতে দিন, বাতাস ঢুকতে দিন, আলো ঢুকতে দিন। আপনারা ক্ষমতায় এসেই ভুলে গেছেন যে, ৭৮ সনে একটা ইন্ডাস্ট্রিয়াল পলিসি অ্যানাউন্স করেছিলেন, সেই ইন্ডাস্ট্রিয়াল পলিসির কথা একদম ভুলে গেছেন। ইন্ডাস্ট্রিয়াল পলিসিতে কি কি বলেছিলেন—আমাদের লক্ষ্য কি? আমাদের লক্ষ্য হচ্ছে, রিভিশন অফ দি কনস্ট্রেন্ট টুওয়ার্ডস ইন্ডাস্ট্রিয়াল স্ট্যাগনেশন—ইন্ডাস্ট্রিয়াল স্ট্যাগনেশন বন্ধ করতে হবে। দু'নম্বর হচ্ছে, অ্যারেস্টিং দি গ্রোথ অফ প্রভাইডিং আনএমপ্লয়মেন্ট অ্যান্ড ফর ইন্ডাস্ট্রিয়াল এমপ্লয়মেন্ট। এই আনএমপ্লয়মেট বন্ধ করতে হবে। গ্রোথ বন্ধ করতে হবে, আরও যাতে চাকরি পায় তারই ব্যবস্থা। তিন নম্বর হচ্ছে, এগ্রিকালচার অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল সেক্টারে বড় গ্রোথ করবেন বা এক্সপানশন করবেন। আপনার পাবলিক সেক্টার আন্ডারটেকিংয়ের অ্যাকুমুলেটেড লস ছিল ১৫০ কোটি টাকা, আমরা যখন চলে যাই তখন আমরা ১৫০ কোটি টাকা অ্যাকুমুলেটেড লস রেখে গিয়েছিলাম, জয়নাল আবেদিন আমার মন্ত্রী ছিল, আর এখন কত? এখন ১১০৩ কোটি ২৮ লক্ষ টাকা, এই তো অবস্থা। তখন আপনারা কি বলেছিলেন, ১৫০০ কোটি টাকা লস থাকতে দেব না, এটা বন্ধ করতে হবে। আর খুব বড় একটা কথা বলেছিলেন, আজকে ভারত সরকারের ইন্ডাস্ট্রিয়াল পলিসিতে এবং আজকে মনমোহন সিংয়ের বক্তব্য, সেখানে সেই একই কথা আছে। আপনারা কি বলেছিলেন, আপনারা ভুলে গেছেন, আপনারা বলেছিলেন লেফ্‌ট গভর্নমেন্ট মাস্ট ক্রিটিক্যালি রিভিউ দি পারফরমেন্স অফ দিজ আন্ডারটেকিংস। যারা লস খাচ্ছে বছরের পর বছর তাদের র‍্যাশানালাইজ এবং রি-স্ট্রাকচার করতে হবে। মনমোহন সিংয়ের ভুল হয়ে গেছে, ধাপ্পাটা দিতে পারেননি।

আপনার র‍্যাশনালাইজড আর রিস্ট্রাকচার্সের কথা বলে ছাঁটাই করেছেন। বলুন কত কারখানা বন্ধ করেছেন। বলুন আপনারা পাবলিক সেক্টর পশ্চিমবঙ্গে বন্ধ করেননি? ছাঁটাই করেছেন। আরে মশাই রেকর্ড আছে। কি বলবেন, ছাঁটাই করছেন না, বিদায় দিচ্ছেন না। র‍্যাশনালাইজড অ্যান্ড রিস্ট্রাকচারস হোয়ার নেসেসারি এবং বলছেন Put them in provisional management. Their accountability must be established. বলছেন অ্যাকাউন্টেবিলিটি করতে হবে, নয় তো তাড়িয়ে দেব। not by bureacratic control but by setting clear financial goals and physical targets and continuing

of the performance against targets. এই ছিল আপনাদের নীতি। বন্ধ কল-কারখানার ক্ষেত্রে সিক ইউনিটের ক্ষেত্রে তিন নম্বর অনুচ্ছেদে বলছেন, One simple policy prescription follows from the above.

কি বলছেন আজকে মনমোহন সিং, নরসিমা রাও? আপনারাও বলেছেন একই কথা। In the case of all sick units proposal for re-opening should be only considered if these are found to be viable under normal condition of demand. কটা সিক ইউনিট খুলেছেন আপনাদের জিজ্ঞাসা করি। কটা বন্ধ হতে দিয়েছেন চিরকালের জন্য। এইসব বলে লাভ কি? আমি তো বলছি মানুষের কাছে গিয়ে বলুন। বড় বড় কথা বলছেন, কিন্তু প্যারা টুতে কি বললেন, বিগ হাউসেস চলবে না, টাটা, বিড়লা চলবে না, Big houses have utilized the profits realised from West Bengal's industries either for supporting the lavish style of living of owners and top executives or of setting up elsewhere or for remitting funds abroad. বিগ হাউসেস সম্বন্ধে বলছেন, They have been either diverting their profits elsewhere or utilizing these for trade and speculation with deleterious consequences on the State's economy.

খুব ভাল কথা। ১৯৭৮ সালে এই কথা বললেন আর ১৯৯১, ৯২তে সব বিগ হাউসেস এসে গেল। কে আসেনি, সব আসছে। আম্বানী এসেছে বাঁকুড়াতে, টাটা এসেছে, বিড়লা এসেছে, কানোরিয়া এসেছে, চাপোরিয়া এসেছে। আর এইসব বড় বড় কথা বলছেন। ওঁকে দোষ দিচ্ছি না। উনি নেই, বক্তৃতা শুনলেন না। উনি বলুন লোকের কাছে গিয়ে যা বলেছিলাম, ভুল করেছিলাম। বলুন, এখন সাহায্য নিচ্ছি, নিতে হবে। সময় বদলে গিয়েছে, আমরাও পাল্টে গিয়েছি। একই কথা বলছেন। আপনাদের মুখোস খুলে দিতে এসেছি। আমি জ্যোতিকে গালাগাল দিতে আসিনি। I have come here not to criticize Shri Jyoti Basu. I have come to unveil him. He is wearing a musk, I have come to tear off, reap off that musk.

এবারে আসুন মিঃ ভিক্টর ফ্রাঙ্ক-এর ব্যাপারে। এত তো গালাগাল দিচ্ছেন ইন্ডাস্ট্রিয়াল পলিসি সম্বন্ধে, এত তো বক্তৃতার পর বক্তৃতা হচ্ছে যে এত টাকা নেওয়া হচ্ছে এবং বলা হচ্ছে যে, 'বণিকের মানদণ্ড দেখা দেবে রাজদণ্ড রূপে'-এ ব্যাপারে আসি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, চিন আমাদের থেকে বহু বহু কোটি কোটি বেশি নিয়েছে ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে, আমেরিকার কাছ থেকে, সেখানে 'বণিকের মানদণ্ড রাজদণ্ড রূপে দেখা দেয় না, রাশিয়া নিয়েছে, রাশিয়ায় হয় না, 'আমার নাম তোমার নাম ভিয়েতনাম' সেই ভিয়েতনাম নিয়েছে, সেখানে হয় না, সমস্ত বেশি নিয়েছে, আর ভারত নিলেই হবে? আমি বলব, এই বলে আপনারা ভারতবাসীকে অপমান করছেন, মডার্ন ইন্ডিয়াকে অপমান করছেন। তাদের কিনতে পারে এমন শক্তি জগতে নেই। আপনারা ধরে নিয়েছেন যে চিনকে টাকা দেওয়া যায়, তা দিলে তাদের কিনতে পারা যাবে না, রাশিয়াকে টাকা দেওয়া যায়, তা দিলে তাদের কিনতে পারা যাবে না, ভিয়েতনামকে টাকা দেওয়া যায়, তা দিলে তাদের কিনতে পারা যাবে না, আর ভারতকে দিলেই একেবারে সব খসে পড়বে। এইসব কথা বলে আপনারা ভারতবাসীকে

অপমান করছেন।

(গোলমাল)

কার সাহস আছে আমাকে কেনে? কার সাহস আছে জ্যোতিকে কেনে? কার সাহস আছে সিদ্ধার্থ রায় বা জ্যোতি বোসকে কেনার—দেখুক তো একবার চেষ্টা করে? আসল কথা হচ্ছে সাহস নেই, বিশ্বাস নেই নিজেদের উপরে।

(গোলমাল)

ভারতবাসীর উপর আপনাদের বিশ্বাস নেই, বাংলার প্রতি আপনাদের বিশ্বাস নেই। নেই, সেইজন্যই এইসব আজেবাজে কথা বলছেন। আমরা ধার নিলে ধার শোধ দিই। দিই না শোধ? একটা দেশও বলেছে যে আমাদের ইন্টারেস্ট ডিফল্ট হয়েছে? একটা দেশও বলেছে যে আমাদের প্রিন্সিপ্যাল পেমেন্টে ডিফল্ট হয়েছে? একদিনও হয়নি এবং হবে না—আপনারা এটা জেনে রাখবেন। আসল কথাটা হচ্ছে যে আপনারা চান না আমাদের উন্নতি হোক। আপনারা চান না যে সত্যি সত্যি প্রসপারিটি আসুক ভারতবর্ষের এবং বাংলার। এবারে জিজ্ঞাসা করতে পারি কি ৯ই ফেব্রুয়ারি, ১৯৯২ সালে—একটু আগে বলছিলাম যে কথা, মিঃ ভিক্টর ফ্রাঙ্ক ৬ জনের ডেলিগেশন নিয়ে এলেন এবং জ্যোতি বসুর সঙ্গে তার দেখা হল এবং কথা হল। কি কথা হল? কথা হল যে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন একটা করতে হবে তার টাকা দাও, আমরা আই. ডি. সি. করব। কি কথাবার্তা হল, কত টাকা চাইলেন, কি শর্ত? কথা হয়নি কি সেখানে যে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে বজবজ প্রোজেক্টের জন্য টাকা দাও? হয়নি কথা? যে কর্পোরেশনকে বলেছিলেন আমার সময় ন্যাশনালাইজ করো, হয়নি কি তার সম্বন্ধে কথা? হলদিয়া পেট্রো-কেমিক্যালস সম্বন্ধে কি কথা হয়নি? আপনারা কি টাকা চাননি? প্রাইভেটাইজেশন অফ পাওয়ার সেক্টর করবেন, তারজন্য কি কথা হয়নি? হলদিয়াতে আপনাদের লাগবে কত জানেন? ৩ হাজার কোটি টাকা। গভর্নর তার বক্তব্যের ৭-এর পাতায় ২০ নং অনুচ্ছেদে বলেছেন যে, রুপি, টাকার অ্যারেঞ্জমেন্ট হয়ে গিয়েছে কিন্তু ৭শো কোটি টাকা ডলার লাগবে। সেই ৭শো কোটির ডলার আসবে কোথা থেকে? এটা বলছি তিন বছর আগের কথা। তারপর কি এসকালেশন হয়নি? তিন হাজার কোটিই কি আছে? এসকালেশন হয়ে সেটা এখন সাড়ে তিন থেকে ৪ হাজার কোটি হয়েছে। ৭শো কোটি টাকার ডলারের দরকার ছিল, এখন সেটা এক হাজার কোটি টাকার ডলার হয়েছে। কোথা থেকে আসবে? চাননি আপনারা এই ভদ্রলোকের কাছে—মিঃ ভিক্টর ফ্রাঙ্কের কাছে, মিঃ উডের কাছে? পাওয়ার সেক্টার প্রাইভেটাইজেশন করবেন—এই তো মন্ত্রী মহাশয় এখানে বসে আছেন, ভাল লোক উনি, বোঝেন, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের ডিরেক্টার ছিলেন—তাই না? উনি ডিরেক্টার ছিলেন, মন্ত্রী হবার আগে সি. ই. এস. সি.র ডিরেক্টার ছিলেন।

[4-00—4-10 P.M.]

আমি অনেকের কাছেই শুনেছি, উনি খুব বিচক্ষণ মানুষ। উনি প্রাইভেট সেক্টর ভাল বোঝেন। প্রাইভেট সেক্টর অত্যন্ত পছন্দ করেন। আমি সব মানুষের কাছে ওঁর প্রশংসা করব। গ্রামে গ্রামে গিয়ে ওঁর কথা বলব। অবশ্য গ্রামের মানুষ এখন এ সব কথা বুঝবে না। তবে

আমি জানি উনি একজন (বিদ্যুৎ মন্ত্রী) ফার্স্ট ক্লাশ ম্যান। খুব ভাল লোক ধরেছে জ্যোতি। এ রকম আরও কিছু ধরুক, মন্ত্রী বানাক, দেশের চেহরাই পাল্টে যাবে।

তারপর ঐ উড্ সাহেবের সম্বন্ধে যা বলছিলাম—এগুলো ঘটনা, একটাও বানানো নয়। ওয়ার্ল্ড ব্যাঙ্কের ভাইস প্রেসিডেন্ট মিঃ ডি. জে. উড্-এর সঙ্গে মুখ্যমন্ত্রী তাঁর সল্ট লেকের বাড়িতে ১১ই জানুয়ারি, ১৯৯২ আলোচনা করেছিলেন। কি চেয়ে ছিলেন? ইনভেস্টমেন্ট চেয়ে ছিলেন। কোথায়? এনার্জি অ্যান্ড পাওয়ারে, ট্রান্সপোর্টে, পেট্রো-কেমিক্যাল, ইরিগেশনে। ওরা কি শর্ত দিয়েছে? নরসিমা রাও, মনমোহন সিং তো সব শর্ত প্রকাশ করে দিয়েছে। তা আপনারাও শর্তগুলো সব এখানে টেবল করুন। ভবিষ্যতে যে ঋণ নেবেন তার শর্ত নয়। ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে ইতিমধ্যে যে টাকা ট্রান্সপোর্ট, ইরিগেশন ইত্যাদির জন্য পেয়েছেন, সে টাকা কি শর্তে নিয়েছেন, তা টেবল করুন। কেন্দ্র যে শর্তে নিয়েছে, আপনারাও সেই একই শর্তে নিয়েছেন। এটা সকলেই জানে, নিশ্চয়ই জানে। তাহলেও আপনারা বলবেন না কেন? কি আলোচনা হল মিঃ ডি. জে. উডের সঙ্গে? মিঃ ডি. জে. উড--এর সঙ্গে পেট্রো-কেমিক্যাল প্রোজেক্ট সম্পর্কে আলোচনা হয়েছিল। তিনি কি বলেছিলেন? তিনি বলেছিলেন, পেট্রো-কেমিক্যাল প্রোজেক্টে ৫১ শতাংশ প্রাইভেট পার্টিসিপেশন করতে। এতে আপনারা রাজি হয়েছেন কিনা বলুন? আপনাদের বলতে হবে। আমি যে প্রশ্নগুলো রাখছি এগুলোর আপনাদের উত্তর দিতে হচ্ছে। খালি গালাগাল দিয়ে বক্তৃতা দিলে হবে না। ঐ যে মন্ত্রী মহাশয় এখানে বসে আছেন, (বুদ্ধদেব ভট্টাচার্য) উনি আমার কলেজ, প্রেসিডেন্সী কলেজের লোক। ওঁকে আমি বলছি, উনি শুনুন। কি বললেন ঐ ভদ্রলোক, মিঃ ডি. জি. উড? উনি বললেন, পেট্রো-কেমিক্যাল ৫১ শতাংশ প্রাইভেট পার্টিসিপেশনে কবতে হবে। আর কি বলেছেন? হ্যাঁ, আপনারা টাটাকে নিয়েছেন, আর আপনাদের যাকে খুশি নিন, কিন্তু ৬১ শতাংশ প্রাইভেট পার্টিসিপেশন পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্সে নিতে হবে। তা নিলে ক্ষতি কি? আমার মনে হয় সেভাবে করলে কিছুই খারাপ করবেন না, ঠিকই করবেন। বিপদে পড়েছেন, তাই মরণকালে হরিনাম করবেন। বহু যুগ আগে আপনাদের আমি বলেছিলাম যে দরজা জানলা বন্ধ থাকলে আলো বাতাস ঢোকে না। জ্যোতিবাবু অবশ্যই দরজা জানলা খুলে দিয়েছেন। এমন কি টোডিদের মতো লোকেরাও সে দরজা দিয়ে ঢুকে যাচ্ছে! কোথাও কোনও হাঙ্গামা নেই। আমি আগেই বলেছি, এনার্জি,। পাওয়ার, ট্রান্সপোর্ট, পেট্রো-কেমিক্যাল, ইরিগেশন ইত্যাদিতে আপনারা প্রাইভেট ইনভেস্টমেন্ট ইতিমধ্যেই ঢুকিয়ে দিয়েছেন।

রাজ্যপালের ভাষণের ২২ নং অনুচ্ছেদে বলেছেন যে, আপনারা ইনভেস্টমেন্ট চান। তা ইনভেস্টমেন্ট কি হচ্ছে? আমি আপনাদের একেবারে লেটেস্ট ফিগার দিচ্ছি। গতবারও দিয়েছিলাম এবং কিছু প্রশ্নও রেখেছিলাম, কিন্তু কোনও উত্তর পাইনি। এপ্রিল টু ডিসেম্বর, ১৯৯০ রেজিস্টার্ড কোম্পানির সারা ভারতবর্ষে মোট ইনভেস্টমেন্ট হচ্ছে ৩,৪৯৫ কোটি ৮ লক্ষ টাকা। এটা ঐ ৬ মাসে সারা ভারতবর্ষে নতুন ইনভেস্টমেন্ট। এর শতকরা কত ভাগ এখানে হয়েছে? যেখানে দিল্লিতে ২৩ শতাংশ হয়েছে, কর্ণাটকে ১৮ শতাংশ হয়েছে, গুজরাটে ১১ শতাংশ হয়েছে, সেখানে পশ্চিমবাংলায় কত হল, না ৮ শতাংশ। অন্যান্য সব স্টেটেই পশ্চিমবাংলার চেয়ে বেশি নতুন ইনভেস্টমেন্ট এলো। ৩,৪৯৫ কোটি ৮ লক্ষ টাকাব নত্ ইনভেস্টমেন্টের মধ্যে পশ্চিমবাংলা আনল মাত্র ৮ শতাংশ।

[4-10—4-20 P.M.]

ইনভেস্টমেন্ট হচ্ছে কি? আপনারা কি সুযোগ হারালেন, কি সুযোগ হারিয়েছেন তা আপনারা জানেন না। মনোপলি কমিশন রিপোর্টটা পড়েছেন? যদি কেউ মনোপলি কমিশনের রিপোর্টটা পড়ে থাকেন তো বুঝতে পারবেন। ২২টা লার্জ হাউস ছিল, সেই ২২টা লার্জ হাউসের ভিতরে ১৬টার হেড অফিস, রেজিস্টার্ড অফিস সমস্তই কলকাতায় ছিল, কলকাতা, হুগলি, হাওড়ার মানুষেরা চাকরি পেত, বাংলার মানুষেরা চাকরি পেত, ২২টা লার্জ হাউসের ভিতরে ১৬টা কলকাতায়। তারা সমস্ত নীতি দেখে বেরিয়ে গেছে, তারা আমাকে বলেছে এই ইন্ডাস্ট্রিয়াল পলিসি নতুন হয়েছে, এটা যদি পশ্চিমবঙ্গ সরকার মেনে নেন, তাহলে আমরা সবাই আবার ফিরে আসব। আপনারা বলেছেন ভিতরে ভিতরে, কিন্তু আমরা তো দিল্লি গিয়ে বলে আসিনি—বাইরে আমাদের অপোজ করতে হবে, ভিতরে কিছু করব না বললে হবে না, ওপেনলি বলতে হবে আমরা আই. এম. এফের লোন চাইনি। কন্ডিশনালি আমাদের অল্টারনেটিভ কিছু করতে হবে, অমুক করতে হবে এ সব বললে হবে না। কে আসবে মশায় টাকা নিয়ে? আপনি আসবেন? আপনার যদি এক লক্ষ টাকা থাকে আপনি আসবেন? সরকার কি বলছেন ঠিক নেই, ভিতরে ভিতরে যাই বলুক এই অপারচুনেটি মিস করেছেন ইনভেস্টমেন্ট হচ্ছে না। দিল্লি, কর্ণাটক, গুজরাট এইসব ছোট ছোট জায়গায় চলছে। গ্রোথ রেটের অবস্থা কি হয়েছে পশ্চিমবঙ্গে, তা জানেন? আমাদের সময়ে ইন্ডাস্ট্রিয়াল আউটপুট আমরা যা রেখে গেছি তা হল ৩.৩ পারসেন্ট, আজ কত? ১৯৮৯-৯০তে—আপনাদেরই ২৮শে আগস্ট অ্যাসেম্বলি কোয়েশ্চেনের উত্তরে দেখা গেছে আজকে হচ্ছে মাইনাস ১.১ পারসেন্ট। আমরা ১৯৭৬-৭৭ সালে রেখে গেলাম ৩.৩ পারসেন্ট আপনারা ১৫ বছর পরে—নিশ্চয়ই রেকর্ড, এ বিষয়ে কোনও সন্দেহ নেই—১৫ বছর পরে আসছে ১.১ পারসেন্ট, রিটন কোয়েশ্চেনে স্বীকার করেছেন ২৮শে আগস্ট, ১৯৯১ সালে। মান্থলি ইনডেক্স অফ ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন সারা ভারতবর্ষে ৮.৪ পারসেন্ট বেড়েছে, গত বছর থেকে ১৯৯০-৯১ থেকে পশ্চিমবঙ্গে বেড়েছে—যেখানে ভারতবর্ষে বেড়েছে প্লাস ৮.৪ পারসেন্ট সেখানে পশ্চিমবঙ্গে মাইনাস ২.৮ পারসেন্ট, কোথা থেকে বলেছেন, এটা রিটন কোয়েশ্চেনের উত্তর, আপনাদের ২৯শে আগস্ট ১৯৯১ সালে। অ্যানুয়েল গ্রোথ রেট অফ ইন্ডাস্ট্রির পাঞ্জাবে ৮.৫ পারসেন্ট, বিহারে ৮.১ পারসেন্ট, মহারাষ্ট্রে ৮.২ পারসেন্ট, অন্ধ্রে ৬.৩ পারসেন্ট, কর্ণাটকে ৮.২ পারসেন্ট সব বেড়ে গেছে, আর ওয়েস্টবেঙ্গলে, আপনাদের কত, ৩ পারসেন্ট। কোথায় আছেন? কোথায় যাবেন? চাকরি-বাকরি কি করে হবে? মানুষের চাকরি--বাকরি কি করে দেবেন?

যুবকদের চাকরি দেবেন! কি করে দেবেন, কোথা থেকে দেবেন? কেউ আসবেন না এগিয়ে। ফলে কি হচ্ছে? ১৯৯০ সালের কথা বলছি, সেদিন যেখানে ৪৮,২০,৩৩১ ছিল আনএমপ্লয়েডের সংখ্যা, আজকে সেটা ৫৩ লক্ষ হয়েছে। দেখুন, ব্যাপারটা কোথায় গেছে! কংগ্রেস রাজত্বে আমরা যখন ১৯৭২ সালে আসি তখন এই সংখ্যা ছিল ১৩,৭৮,৯০০। আমরা যখন ১৯৭৭ সালে চলে যাই সেই সময় সেটা কমিয়ে এনেছিলাম ১২,১০,০০০এ। আমরা বেকার সংখ্যা—১ লক্ষ ৬৮ হাজার কমিয়েছিলাম। আপনারা ১৯৯০ সালে ৪৮ লক্ষ ২০ হাজার ৩৩১ জন আনএমপ্লয়েডের জন্য ভ্যাকান্সী ডিক্লেয়ার করলেন। ভ্যাকান্সী নোটিফায়েড

হল। এটা আপনাদের ইকোনোমিক সার্ভে থেকে পড়ছি। ভ্যাকান্সী ডিক্লেয়ার হল ১৭,৫০০ এবং তারজন্য নোটিফিকেশন হল। কিন্তু চাকরি পেল কত জন? ১৯৯০ সালে যেখানে ৪৮ লক্ষ ২০ হাজার ৩৩১ জন বেকার, সেখানে চাকরি পেল ৯,৪৮৪ জন্য তাঁর মানে হল, বছর বছর আপনারা যদি ৯,৪৮৪ জন বেকারকে চাকরি দেন তাহলে ৪৮ লক্ষ পূরণ করতে আপনাদের লাগবে ৫০৮ বছর অর্থাৎ ২৫৮০ এ.ডি.। এটাই আপনাদের আনএমপ্লয়মেন্ট প্রবলেম সল্‌ভ করবার চিত্র! কাজেই এক্ষেত্রে বড় একটা কিছু করতে হবে; সেটা শ্যাকরার ঠুকঠাকে চলবে না, কামারের ঘা মারতে হবে এবং তাহলে ২৫০০ এ. ডি. তে আপনারা হয়তো খানিকটা করতে পারবেন।

এবার আমি 'লেবার ইন ওয়েস্ট বেঙ্গল' থেকে পড়ছি। অর্গানাইজড সেক্টরে এমপ্লয়মেন্টের সংখ্যা ছিল ১৯৮০-৮১ সালে ২৫,৬৭,০০০। ১৯৯০ সালের মার্চে সেটা ১,৯০,০০০ কমে গেছে। এই রকমভাবে এটা কমেছে। সবচেয়ে দুঃখের কথা—মুসলিম, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদেরও এই ৯,৪৮৪এর মধ্যে হিসেব করা দরকার। এই যে ৯,৪৮৪ জন চাকরি পেল তারমধ্যে মুসলিম কতজন চাকরি পেয়েছেন জানেন? মুসলিম পেয়েছেন ৪৩৯ জন, এক বছরে। পারসেন্টেজ হচ্ছে ৪.৬২। পপুলেশনের যাঁরা ২৫ পারসেন্ট সেখানে চাকরি হয়েছে ৪.৬২ পারসেন্ট! শিডিউল্ড কাস্টদের জন্য এই ৯,৪৮৪ জনের ভেতর ২২ পারসেন্ট রিজার্ভেশন থাকবার কথা; পেয়েছেন ১,২৮৬ জন। এরমধ্যে শিডিউল্ড ট্রাইবদের ৬ পারসেন্ট রিজার্ভেশন থাকবার কথা; পেয়েছেন মাত্র ২৯৬ জন। সবটার ৩ পারসেন্ট মাত্র। এর মধ্যে মেয়েরা পেয়েছেন হাজার জনের মতো, অনলি ওয়ান পারসেন্ট। যা বললাম, সোর্সটা একই। ইউ হ্যাভ গ্রেড উইথ দি আন এমপ্লয়েড ইউথ। এই যে ৯,৪৮৪ জনের পবিসংখ্যান দিলাম এইরকমভাবে ৩ বছরে এমপ্লয়মেন্ট দেবার জন্য পোস্ট স্যাংশন হয়েছে ২৫,২৩৬, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে চাকরি হবার কথা ছিল। কিন্তু চাকরি হয়েছে মাত্র ১৯,১১২ জনের। বাকি ৬,১২৪টি নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ স্যাংশন করেছিল, কিন্তু পেল না তারা।

[4-20—4-30 P.M.]

কেবলমাত্র ১৯,১১২ পেল। এই ৬,১২৪ আলাদা হয়ে গেল। আপনারা কি পেয়েছেন? আপনারাও পাননি, সি. পি. আই.ও পাননি। ওখানে যারা বসে আছেন তার নিজেদের মধ্যে ভাগ করে নিয়েছেন। এই ৬,১২৪ সব ওরা ভাগ করে নিয়েছেন। সি. পি. আই.ও পাননি, আর. এস. পি.ও পাননি, ফরোয়ার্ড ব্লকও পাননি, সব ওরা ভাগ করে পকেটে পুরে দিয়েছে। এরপরে আমি পাওয়ারে আসছি। আমি আগেও বলেছি যে প্ল্যান্ট লোড ফ্যাক্টর হচ্ছে ৩০.৯। কোলাঘাটে হচ্ছে ৫৭.৩। ওখানে ৩টি ২১০ মেগাওয়াট আছে কিন্তু প্ল্যান্ট লোড ফ্যাক্টর হচ্ছে ৫৭.৩। আমরা অন্য জায়গায় কি দেখছি? অন্ধ্রতে—৬৫.৮, কর্ণাটকে—৭৬.৩, নেওয়ালি লিগনাইট কর্পোরেশনে ৬৯.৬, এস. ই. বি.তে ৩০.৯, আর কোলাঘাটে ৩টি নতুন ইউনিট হয়েছে সেখানে মাত্র ৫৭.৩। নতুন ইউনিটে ৫৭ হচ্ছে কেন যেখানে অন্যান্য জায়গায় এত বেশি? আপনারা বলেছেন যে আমাদের সময়ে ১০.৫৬ ট্রান্সমিশন লস ছিল। আপনাদের রিপোর্টে বলেছেন যে ১৯৬৬-৬৭ সালে আমাদের সময়ে ট্রান্সমিশন লস ছিল ১০.৫৬।

আজকে কত লস হচ্ছে? আজকে লস হচ্ছে ২৩.৪৭। আপনার ১,৪৬৯.৮২ মিলিয়ন কে. এম. লস করছেন। সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটি বলছে খালি ১৫ পারসেন্ট হওয়ার কথা। কিন্তু আপনাদের ২৩.৪৭ হয়ে গেছে। এর কারণ কি? আমাদের সময়ে যদি ১০.৫৬ হতে পারে তাহলে আপনাদের সময়ে এত বেশি কেন হচ্ছে? কেন ২৩.৪৭ হবে? এটা কিসের জন্য হচ্ছে, কারা চুরি করছে? তারপরে পাম্প সেটে আপনারা কি করেছেন? এখানে অর্থমন্ত্রীকে দেখছি না। সেচ মন্ত্রী আছেন, আপনি দেখুন। এটা শুনলে বুঝতে পারবেন যে কোথায় আপনারা আছেন। পাম্প সেটে কি অবস্থা? এটা আপনাদের দেওয়া পরিসংখ্যান। এই পরিসংখ্যান কোথা থেকে পেয়েছি সেটা মুখ্যমন্ত্রীকে জানিয়ে দিয়েছি। ডিপার্টমেন্ট অব পাওয়ার-এর রিপোর্টে পাম্প সেট ৪.৩ মাইনাস। এগ্রিকালচার হবে কি করে? অন্যান্য জায়গায় কি আছে? অন্ধ্রপ্রদেশে পাম্প সেট এবং ডীপ টিউবওয়েল আছে ১১ লক্ষ ৬৫ হাজার, বিহারে আছে ২ লক্ষ ৫৫ হাজার, গুজরাটে আছে ৪ লক্ষ ৬০ হাজার, কর্ণাটকে আছে ৭ লক্ষ ২৩ হাজার, কেরলায় আছে ২ লক্ষ ২১ হাজার, মধ্যপ্রদেশে আছে ৮ লক্ষ ৭৯ হাজার, মহারাষ্ট্রে আছে ১৬ লক্ষ ৮ হাজার, তামিলনাড়ুতে আছে ১৩ লক্ষ ১৯ হাজার, উত্তরপ্রদেশে আছে ৬৬ লক্ষ ৪৯ হাজার, আর পশ্চিমবঙ্গে মাত্র ৮৯ হাজার। কে এর উত্তর দেবে? আর এটাও যা ছিল সেটা আমাদের সময়ে ছিল। আপনারা একটুও বাড়াতে পারেননি, একই রয়ে গেছে। আজকে এই অবস্থার সম্মুখীন হয়েছি আমরা। আমার আরও অনেক কিছু বলার ছিল, কিন্তু সময়ের অভাবে আমি বলতে পারছি না। যাই হোক, বাজেটের সময়ে বলব। আজকে আপনারা দেশকে এইভাবে নিয়ে যাচ্ছেন। এডুকেশনে যা আপনারা করেছেন, আমি পার্টিকুলারলি টিচার ট্রেনিং প্রোগ্রাম সম্পর্কে বলব। টিচার ট্রেনিং প্রোগ্রামে ১৯৮৭-৮৮ সালে ১ কোটি ৩২ লক্ষ ৬৯ হাজার টাকা এসেছিল এবং তারপরে ১৫ লক্ষ টাকা। এখন ১ কোটি ৪৭ লক্ষ ৬৯ হাজার টাকা টিচার ট্রেনিংয়ের জন্য এসেছে। এর ভিতরে আপনারা একটি পয়সাও খরচ করতে পারেননি। ১ কোটি ৪৭ লক্ষ ৬৯ হাজার টাকার সমস্ত ফিরে গেছে। এটা কেন হল, কিসের জন্য হল? আর আপনারা বলছেন যে আমাদের ট্রেইনড টিচার যথেষ্ট নেই। ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইন্সটিটিউটের জন্য আপনারা আবার ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে গেছেন এবং ১৩ কোটি ৭৭ লক্ষ টাকা ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে চেয়েছেন স্কীমগুলি ডেভেলপমেন্ট করার জন্য সব জিনিসেই ওয়ার্ল্ড ব্যাঙ্ক।

ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইউনিট আসলে মাত্র ৬৬৭৩টির কাজ চলছে। স্যার, আর সময় নেই, আমার লালবাতি জ্বলছে। লিটারেসীতে যা ছিল তাই আছে। ১৭ ছিল, ৮ বছর বাদে ১৭তেই আছে। ভদ্রলোকের এক কথা, ১৭ই আছে ১৭ই থাকবে। তারজন্য আমি একটা কথা বলে শেষ করতে চাই মেডিক্যাল কলেজ হয়নি, ইঞ্জিনিয়ারিং কলেজ হয়নি। ল অ্যান্ড অর্ডার সম্বন্ধে কিছু বলতে চাই না, মুখ্যমন্ত্রী স্বয়ং ইন্দিরা ভবনে আছেন। আমি এবং ভোলাবাবু যেতাম মাঝে মাঝে, জানি ইন্দিরা ভবন সম্বন্ধে, সেটা ফাইভ স্টার পুলিশ স্টেশন। ফাইভ স্টার পুলিশ স্টেশনের চারিদিকে পুলিশ দ্বারা বেষ্টিত, সেখানে তিনি বসে আছেন। রবীন্দ্রনাথ বুঝে গিয়েছে, রবীন্দ্রনাথের "রাজ ব্যবস্থা" কবিতায় লেখা আছে, "রাজ ব্যবস্থা"-র কথায় জ্যোতিবাবু সম্পর্কে আছে।

মহারাজা ভয়ে থাকে পুলিশের থানাতে,
আইন বানায় যত পারে না তা মানাতে।
চর ফিরে তাকে তাকে,
সাধু যত ছাড়া থাকে,
খোঁজ পেলে নৃপতিরে হয় তাহা জানাতে--
রক্ষা করিতে তাকে রাখে জেলখানাতে।।

সাধু লোক জেলে গিয়ে ছাড়া বাঁচার রাস্তা নেই, আইন-শৃঙ্খলার যা অবনতি তার থেকে বাঁচবে। এই অবস্থা আমরা মানি না মানছি না। তারজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করছি এবং আমাদের যেগুলি আনা হয়েছে সংশোধনী সেইগুলি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জ্যোতি বসু ঃ স্পিকার মহাশয়, রাজ্যপালের বক্তব্যের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য এখানে রাখছি, আর যে সব সংশোধনী এসেছে তার বিরোধিতা করছি। প্রথমত আমাকে আপনি সময় কম দিয়েছেন, যাই হোক আমি চেষ্টা করছি। প্রথমত সাধারণভাবে বলতে চাই যে আমি রাজ্যপালের বক্তৃতা পড়েছি। উনি বলেছেন—কেন্দ্রের যে অর্থনীতি তার সমালোচনা করে কিছু বক্তব্য রেখেছেন। আমি সেটা বলতে চাই প্রথমে যে, কেন্দ্রের যে অর্থনীতি আমরা সেইগুলি সব মানতে পারছি না। আর আমি আগেই বলেছি, কেন্দ্রীয় সরকারকে লিখিতভাবে জানিয়েছিলাম যে দীর্ঘ মেয়াদী স্বল্প মেয়াদী কি কি করার প্রয়োজন আছে দেশকে বাঁচাতে হলে, দেশের অগ্রগতি করতে হলে। ডঃ মনমোহন সিং এই সব নিয়ে বলেছিলেন আপনার সঙ্গে আলোচনা করতে রাজি আছি। কিন্তু দুর্ভাগ্যের বিষয় ছোট ছোট আলোচনা ছাড়া দীর্ঘ সময় ধরে কোনও আলোচনা হয়নি। প্রধানমন্ত্রীকে বলেছিলাম, তিনি বলেছিলেন যে আলোচনা হতে পারে। কিন্তু সেই সব কিছু হয়নি। যার জন্য যা দাঁড়িয়েছে সেটা আমরা এখন দেখতে পাচ্ছি। পরের কথা হচ্ছে আই. এম. এফ. থেকে যে ঋণ নেওয়া হয়েছে বা বিশ্ব ব্যাঙ্ক থেকে,—ডঃ মনমোহন সিং তখন মন্ত্রী ছিলেন না, তখন তিনি অর্থনীতিবিদ। তিনি বলেছিলেন যে আই. এম. এফ. থেকে ঋণ নিয়ে কোনও দেশ বাঁচতে পারে না, বাধ্য হয়ে অনেক সময় নেয়, কিন্তু দেশ বাঁচতে পারে না। আমার সঙ্গে ওনার যখন দেখা হয়েছিল তখনই সেই কথা তাঁকে মনে করিয়ে দিয়েছিলাম। তখন উনি বলেছিলেন এমন দেউলিয়া অবস্থা আজকে এ ছাড়া পথ নেই। পথ আছে, সেই সম্বন্ধে যেতে চাচ্ছি না।

[4-30—4-40 P.M.]

তার সঙ্গে নতুন যে অর্থনীতি ঘোষিত হয়েছে তাতে আমরা কি দেখছি? তার সঙ্গে একটা ভয়ঙ্কর শব্দ ব্যবহৃত হয়েছে—একজিট, একটিজ নীতি। এটা আমি ডঃ মনমোহন সিংকে বলেছিলাম যে, ভারতবর্ষের বাইরে গিয়ে হঠাৎ এই কথাটা কেন বললেন? এমনিতে তো দেশে চাকরিবাকরি নেই, ভারতবর্ষে সাড়ে চার কোটি রেজিস্টার্ড বেকার আছে আর

আপনি 'একজিট' বলে দিলেন? আপনি কি করে ঠিক করলেন যে, শুধু এত সংখ্যক শ্রমিক আছে বলে কারখানাতে লোকশন চলছে? তিনি এই কথা বলে দিলেন। আমি এই কথা বলিনি। তারমধ্যে অন্য কথাবার্তাও ছিল। কিন্তু যাই হোক, এখন দেখছি সমস্ত ভারতবর্ষে রাষ্ট্রায়ত্ত শিল্পে, ব্যক্তিগত মালিকানাধীন শিল্পে, সমস্ত জায়গায় একটা প্যানিক সৃষ্টি হয়ে গেছে, ভয়ভীতি দেখা দিয়েছে। চারিধারে প্রতিবাদ ধ্বনিত হচ্ছে। এটা আমরা সংবাদপত্রে দেখছি। তাই এটা হতে বাধ্য--নতুন কেউ চাকরি পাচ্ছে না, বিশেষ করে যে যুব সম্প্রদায়ের পাওয়ার কথা তারা পাচ্ছে না। তার উপরে এক একটা করে পরিকল্পনা হয় আর দেখা যায় বেকার বাড়ে। এর উপরে যদি একজিট নীতি গৃহীত হয় তাহলে কাদের জন্য, কিসের জন্য আমরা পরিকল্পনা করছি? পরিকল্পনা হলে তো বেকারের সংখ্যা কমবে। জিনিসপত্রে দাম কমবে। দেশের অর্থনীতি স্বনির্ভরশীল থাকবে। আত্মনির্ভরশীলতার নামগন্ধ কেউ করলেন না। এখন আমরা এটা দেখছি যে সমস্ত বিপরীত দিকে আমাদের দেশ চলছে। বাইরের নির্দেশ মতো, তাদের আজ্ঞাবহ হয়ে আমাদের চলতে হচ্ছে। বিশ্ব ব্যাঙ্কের বা আই. এম. এফ.এর ঋণের ব্যাপারে আমরা বলেছিলাম, আমাদের দেশ সার্বভৌম, পার্লামেন্টে বা সংসদে তো এই ব্যাপারে আলোচনা করা উক্তি যে কি শর্তে ঋন নিয়েছেন। এটা হলে আমরা সংশোধনী দিতে পারতাম। কিন্তু ওঁরা বললেন, এটা গোপন ব্যাপার, পার্লামেন্টকে বলতে পারব না। আমরা বলেছিলাম বিলেতের অনেক দেশ তো লোন নিয়েছিলেন, অন্য আরও কয়েকটা দেশ লোন নিয়েছিলেন, তাঁরা তো পার্লামেন্টে আলোচনা করেছিলেন? কিন্তু এখানে তা হল না। কাজেই সার্বভৌমত্ব কোথায় যাচ্ছে এটা আমরা সবাই বুঝতে পারছি। তার উপরে এখানে খানিকটা শুনলাম, বিরোধী দলের নেতা বলছিলেন। আমি তারমধ্যে একটা শুনছিলাম আমার ঘরে বসে, রাজীব গান্ধীর সময়ের কথা। আমাদের একটা হিসাব আছে। সেই সময়ে বিদেশি ঋণ ছিল ১৮ লক্ষ কোটি টাকা। সেই সময়ে ১.৫ লক্ষ কোটিতে গিয়ে দাঁড়ায়। তাহলে কোথায় নিয়ে যাওয়া হয়েছে আমাদের দেশকে? এই যে ঋণগুলো করলেন, এগুলো কি করে শোধ দেবেন? সুদের টাকাটা কি করে শোধ দেবেন? ব্যাঙ্কক্রাপ্সি হয়ে গেছে। ডঃ মনমোহন সিং যেটা বলেছেন—কংগ্রেস সরকার ব্যাঙ্কক্রাপ্সির পথে নিয়ে যাচ্ছে। সেজন্য ভারতবর্ষকে আজ্ঞাবহ হয়ে চলতে হবে। সেজন্য এটা তো ঠিক, এটা উইক ডিফেন্স। **(ভয়েস—ভি. পি. সরকারের আমলেই তো লোন বেড়ে গেছে।)** ভি. পি.র কথা বলছেন কেন? আমি এখানে বলছি রাজীব গান্ধীর সময়ের কথা। আপনারা তো ৪০ বছর রাজত্ব করেছেন-- তার জবাব তো দেননি? ভি. পি. সিং তো দেড় বছর রাজত্ব করেছেন। অল্প সময়ের মধ্যে সবগুলোর উত্তর দেওয়া সম্ভব নয়। এই রকম ইনফ্লেশন, যে রকম জিনিসপত্রের দাম বাড়ছে, মুদ্রাস্ফীতি হয়েছে, এই রকম কোনদিন হয়েছে? এই রকম কোনওদিন হয়নি। তারও প্রশংসা করতে হবে আমাদের? এটা করেও যদি দেখতাম, যা ওঁরা ঘোষণা করেছিলেন সেই অনুযায়ী রপ্তানি বাড়ছে তাহলে না হয় বুঝতাম। কিন্তু বাড়েনি তো। কিছুই বাড়েনি। বরং আমরা দেখলাম টাকার অবমূল্যায়ন করতে হয়েছে এবং এর ফলে এক্সপোর্ট করাটা আরও কঠিন হয়ে গেল। কাজেই, ঘোষিত নীতিতে সবই ব্যর্থ হয়েছে। তারপরে, এই যে গ্রোথ রেট সম্বন্ধে এখানে বলা হল, এই মুহূর্তে আমরা দেখছি, ১৯৯০-৯১ সালে ন্যাশনাল ফ্রন্ট যখন অল্পদিন সরকারে ছিলেন তখন ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ রেট ছিল প্লাস ৮.৫ পারসেন্ট।

আর এই বছর .৮ পারসেন্ট হয়ে গেছে। কত কমে গেল তা কিছু বলা নেই, শুধু মাইনাস হয়ে গেল। অল ইন্ডিয়া রেট অফ গ্রোথ ১৯৯০-৯১ সালে ফুড গ্রেনসের ক্ষেত্রে প্লাস ৩.০ পারসেন্ট ছিল, পরে ৩.৩ পারসেন্টও হয়েছিল। কিন্তু এইবার সেটা হয়ে গেল। মাইনাস ১.৫ পারসেন্ট। এই ফুডগ্রেন্সের ফুডগুলো বিদেশ থেকে আনতে হয়। আমেরিকা সরকার বলে দিয়েছেন যে তোমাদের দেশে আর আমরা দেব না। আমরা তো ওঁদের আজ্ঞাবাহক, আমাদের তো চাকরবাকরের মতো দেখেন, তাই যা বলবেন আমাদের শুনতে হবে। সুতরাং এইসব কথা আমাদের শুনতে হচ্ছে। এইসব জিনিস আগে তো কখন হয়নি, এখন যা হচ্ছে সব নজিরবিহীন ব্যাপার। সেইজন্য আমি বলছি এই হিসাবগুলি, যতটুকু আমার কাছে আছে সেগুলো দিয়ে দিলাম। তারপরে আমি এটাই আশ্চর্য হয়ে দেখলাম, অবিশ্যি হবার কিছু নেই বরাবরই হয়ে থাকে, সেটাই হচ্ছে, রাজ্যপালের ভাষণে যেসব ইতিবাচক দিক আছে তার কোনওটাই ওঁনারা বললেন না। এগুলো অন্তত ভাল হয়েছে এইটুকুও তো বলতে পারতেন, কিন্তু কোনও কিছুই বললেন না। আমি স্বীকার করছি কিন্তু দুর্বলতা আছে, নেতিবাচক দিকও আছে। এবং এটা ঠিকই যেকোনও সরকারে যত ভাল কাজই করুক না কেন, নেতিবাচক দিক কিছু থাকবেই এবং সেগুলোর দিকে নজর দিতে হবে। কিন্তু আমার খালি বিরোধী দল নেতার সব কথা শুনে মনে হচ্ছিল যে, উনি ওঁনার সরকারের সময়ের তুলনা করেছেন। হাস্যকর সব ব্যাপার। তিনি বললেন আমাদের সময়ে সরকার এত কাজ করেছেন, এত দৃষ্টান্ত দিলেন, এত চমৎকার সব কংগ্রেস সরকার ২৮ বছর রাজত্ব করলেন। কিন্তু মানুষ তাঁদের তাড়িয়ে দিলেন। সিদ্ধার্থবাবু বললেন, "আমরা যখন চলে গেলাম ১৯৭৭ সালে". আমরা যখন চলে গেলাম এর ভাষাটা কি দাঁড়ায়? আপনারা জেনে রাখুন, আপনারা চলে যাননি, আপনাদের পাপের বোঝা এত বেশি হয়ে গেছিল যে মানুষ বিতাড়িত করেছে। এবার বিরোধীদল নেতা হয়ে ভাবলেন মুখ্যমন্ত্রী হয়ে যাবেন এবং বললেন, আমি যখন পাঞ্জাব থেকে এসে গেছি তখন আর তোমাদের কোনও ভাবনা নেই। কাদের কাদের মন্ত্রী করবেন তাও ঠিক হয়ে গেল। বেচারা সিদ্ধার্থশঙ্কর রায়। যাই হোক কতগুলি পজিটিভ জিনিস তার ২-৩টি দৃষ্টান্ত, ইতিবাচক দিক যা রাজ্যপালের ভাষণের মধ্যে আছে, আমি সেগুলো মনে করিয়ে দেবার জন্য বলছি—যেমন ধরুন ম্যানুফ্যাকচার এবং জয়েন্ট প্রোজেক্ট ম্যানুফ্যাক্চার অর্থাৎ বিত্তপিপ বড়জোলায় বাঁকুড়ায় যা হয়েছে তাতে ৪১ কোটি টাকা লাগছে। নিক্কো পার্ক অ্যান্ড রিসোর্সের জন্য ৯ কোটি টাকা লাগবে। তারপরে জয়েন্ট সেক্টরে যেটা চলছে হলদিয়া পেট্রো-কেমিক্যালস লিমিটেড, ওটাও হাজার কোটি টাকার। এটাও আবার একটা অদ্ভুত ব্যাপার, এই ৩ হাজার কোটি টাকার প্রোজেক্টে এমন আর্থিক নীতি হল যে, এর দেড় হাজার কোটি টাকা বেরিয়ে গেল খরচে। তখন আমাদের কেন্দ্রীয় সরকার ডেকে বললেন যে, দেড় হাজার কোটি টাকা তো বেরিয়ে গেল খরচে, আপনারা একটা ছোটখাট কিছু করতে পারেন কিনা দেখুন। তবে ডঃ মনমোহন সিং বললেন, আমরা এটাকে সমর্থন করছি কিন্তু এটা রিভাইজ করুন, কারণ এই যে দেড় হাজার কোটি টাকা বেরিয়ে গেছে এর কি হবে? ব্যাঙ্কের থেকে যে টাকা পাওয়া যাবে তাও নয়, তারা ইতিপূর্বেই অনুমোদন করেছেন ৩ হাজার কোটি টাকার, এই ৩ হাজার কোটি টাকার উপরে তারা যাবেন না। যাইহোক আমরা কোনওরকম রিভাইজ করে সব কেন্দ্রে পাঠিয়ে দিয়েছি। তাছাড়া কনসোলিডেটেড ফাইবার্স লিমিটেড, অ্যাক্রিলিক ফাইবার্স লিমিটেড যা হচ্ছে হলদিয়াতে তাতে ১৫০ কোটি টাকার কাজ চলছে।

কল্যাণী সোপ অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড এতে ৩৫ কোটি টাকার কাজ চলছে। তারপরে অ্যাসিস্টেড সেক্টরে শতকরা ১১ ভাগ ১২· ভাগ টাকা টেলিম্যাটিক্স লিমিটেডের জন্য ৫২ কোটি টাকা ধরা হয়েছে। এটি খড়গপুরে হয়েছে এবং কিছু দিন আগেই এর উদ্বোধন হয়েছে। **(ভয়েস ঃ কংগ্রেস পক্ষ থেকে কিছু মন্তব্য করা হয়।)** আমাদের সময়েই হবে, আপনারা তো আর আসতে পারবেন না। সুতরাং এদিক, ওদিক হলে কি আর এসে যায়।

[4-40—4-50 P.M.]

ঠিক সেই রকম, এখানে এত সমালোচনার মধ্যেও আমি একটি কথা বলব, একটু স্বার্থপর মনে হবে, সেটা হচ্ছে লাইসেন্স প্রথা উঠে গেছে প্রত্যেকটি জায়গায়—এটা কিন্তু আমি সমর্থন করছি না, ডঃ মনমোহন সিংকে বলেছিলাম উনিও ঠাট্টা করে বলেছিলেন এই যে, লাইসেন্স তুলে দিচ্ছি এই ব্যাপারে তো আপনাদের সমর্থন করা উচিত। কারণ আপনারা তো বারে বারে বলেছেন যে ডিসক্রিমিনেশন হচ্ছে পশ্চিমবাংলার বিরুদ্ধে। এখান থেকে কেউ লাইসেন্সের জন্য গেলে—এটা তো প্রাইভেট সেক্টারে হবে—সে লাইসেন্স পায় না, বলে মধ্য প্রদেশে যাও, উত্তরপ্রদেশে যাও, অন্যান্য প্রদেশে যাও। আমরা বলেছিলাম from the self-complacent point of view I am really happy. এতগুলোতে করা উচিত হয়েছে কিনা সেটা নিয়ে আমি আপনার সঙ্গে পরে আলোচনা করব। এখানে যারা লাইসেন্স-এর জন্য দরখাস্ত করেছেন ইস্পাত কারখানা করবার জন্য তাদের ক্ষেত্রে এখানে আর লাইসেন্স দরকার হবে না। এখন আমাদের উপর বিষয়টা নির্ভর করছে আমরা কি ইনফ্রাস্ট্রাকচার দিতে পারব, কি সুবিধা তাদের দিতে পারব। দুটো বড় কোম্পানি থেকে অ্যাপ্লিকেশন পড়েছে এবং আমরাও তাদের সাহায্য করছি কিভাবে কি হতে পারে এবং এটার অগ্রগতিটা খুব ভাল হবে আমাদের মনে হচ্ছে। তারপরে জমি বিতরণের কথা বা ল্যান্ড রিফর্মস-এর কথা বলেছেন। ওরা বললেন বাংলাদেশের পাশে বলে এটা হতে পারে না। যাই হোক এখন অবস্থা পাল্টেছে, অনেকগুলি ইউনিট হয়েছে, স্ট্যান্ডার্ড ডিজাইন ফ্যাক্টরি হয়েছে, কেন্দ্রীয় সরকার খানিকটা সাহায্য করেছেন। তাই সেদিক থেকে এটা ভাল দিক। আমি শুনেছিলাম প্রতি ৫ জন ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারের মধ্যে ভারতবর্ষের একজন হচ্ছেন পশ্চিমবাংলার। অথচ এটা আমাদের আগে হয়নি। এখানে দুইজন বলেছেন তিস্তা প্রকল্পের ব্যাপারে, এটা ১৯৭৫ সালে প্ল্যানিং কমিশনে অনুমোদন পেয়েছিল, তারপরে '৭৭ সালে কাজ আরম্ভ হয়েছিল। এখন যে অবস্থায় আছে, আপনারা জানেন আমরা ৩০০ কোটি টাকার উপর খরচ করেছি এবং কেন্দ্রকে সেজন্য আমরা বলেছিলাম—শ্রীমতী ইন্দিরা গান্ধীর সময় থেকেই বলছি, প্রত্যেকটি প্রধানমন্ত্রীকে বলেছি, প্ল্যানিং কমিশনকে বলেছি, এবারেও যখন ল্যান্ডের ব্যাপারে প্ল্যানিং কমিশনের কাছে গিয়েছিলাম তখন বলেছিলাম—আমরা তো সাড়ে ৩০০ কোটি টাকা বা তার উপরে হতে পারে খরচ করেছি, কিন্তু আপনারা কেন এটাকে অ্যাসিস্ট করছেন না? ইন্দিরা গান্ধীকে বলাতে উনি ৫ কোটি টাকা দিয়েছিলেন অনুদান হিসাবে, তারপরে আর কিছু আসেনি। অথচ আমি খবর নিয়ে দেখেছি পাঞ্জাবে শতকরা ৯০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা আছে, এটা তো শুধু ওদের পাঞ্জাবের পয়সায় হয়নি।

পাঞ্জাব সরকারের পয়সায় হয়নি। এতে কেন্দ্রীয় সরকারের অনেক অনুদান আছে। অনেক সাহায্য আছে। তাহলে আমাদের এখানে এটা হল না কেন? সেন্ট্রাল অ্যাসিস্টেন্সে সর্দার সরোবর প্রোজেক্ট গুজরাটে, হীরাকুঁদ প্রোজেক্ট ওড়িশাতে, তারপর নাগার্জুন সাগর অন্ধ্রপ্রদেশে, তুঙ্গাভদ্রা রিভার প্রোজেক্ট তামিলনাড়ুতে—এইগুলি সবই কেন্দ্রের সাহায্য পেয়েছে। ওরা যথেষ্ট সাহায্য পেয়েছে। কিন্তু আমাদের এখানে এতবড় একটা প্রোজেক্ট, এখানকার বেলায় কিছু নয়। এমন কি প্ল্যানিং কমিশন আমার সঙ্গে রাজি হয়েছিল, আমাকে প্রণববাবু বলেছিলেন যে আপনাদের টাকা আসবে, ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে আসবে।

ওঁরা বলবার চেষ্টা করছেন যে, সবাই বলছেন যে টাকা নেই, এই অসুবিধাটা আছে। এটা আমরা লক্ষ্য করছি। ৫টি জেলা উত্তরবঙ্গের সেখানে চাষীরা উপকৃত হবেন। চাষের দিক থেকে, সমস্ত দিক থেকে এবং একজন মাননীয় সদস্য বলেছেন যে, শুধু উত্তরবঙ্গের কথা বলা হয় কেন? উত্তরবঙ্গের চাষীদের অনেক সুবিধা হয়। যদি বর্ধমানে ভাল চাষ হয় তাহলে সমস্ত পশ্চিমবাংলাই তার থেকে উপকৃত হয়। যদি পশ্চিমদিনাজপুরে হয় তাহলে সেই চাল সবটাই কি পশ্চিমদিনাজপুরের মানুষরাই খায় না কি?

আমাদের এখানে এখন ভারতবর্ষের মধ্যে চালের ব্যাপারে, চালের উৎপাদনের ব্যাপারে আমাদের প্রথম স্থান। আমরা চাচ্ছিলাম যে, এটা যদি হয়ে যেত তাহলে ভাল হত। কিন্তু আমরা কোথায় এত টাকা পাব? টাকার অভাবের জন্য আটকে আছে। সেইজন্য দেরি হচ্ছে এটা আমরা দেখছি। কাজেই এই ব্যাপারে আমি অন্তত আশা করেছিলাম যে কংগ্রেসের পক্ষ থেকে ওঁরা বলবেন যে হ্যাঁ, এটা আমরা জোর দেব। এটা আপনারা বলুন এবং এটা হলে পশ্চিমবাংলার চেহারা বদলে যাবে। কিন্তু ওঁরা নিজেরা সেই পথে গেলেন না। খালি সমালোচনা, সমালোচনা এইসব করে গেলেন। এইসব করে চলেছেন।

তারপর হচ্ছে, অনেক খুচরো-খাচরা ব্যাপার আছে কিন্তু আমি অতোর মধ্যে যেতে পারছি না। আর একটা কথা উঠেছে, কংগ্রেসের অন্তত চিন্তা করা উচিত ছিল, সেটা হচ্ছে যে, এঁরা বলেন দ্বিতীয় হুগলি সেতু—এটা তো দু'দিক থেকে এইরকম হয়ে আছে, জোড়া লাগছে না। সেখানে আমি খবর নিলাম এইমাত্র এবং আগেও খানিকটা জানা ছিল যে, ১৯৭২ সালে কাজ আরম্ভ হয়েছিল তারপর চার বছর ১৯৭৪-৭৮ সেই কাজ বন্ধ হয়ে যায়। সেটা অবশ্য সমস্তটা সরকারের দোষ নয়, এটা আমি অনেক মিটিংয়ে বলেছি। ওঁদের যাঁরা অ্যাডভাইসরি ছিলেন, কনসালটেন্ট, ফরেন কনসালটেন্ট—জার্মানী, ইউ. কে. ইংল্যান্ড—তাঁরা ঝগড়াঝাঁটি আরম্ভ করেন, ওঁরা তাঁদেরকে এক করে আনতে পারেননি। আমরা ১৯৭৭ সালে ক্ষমতায় এসেই ১৯৭৮ সালের মধ্যে ওঁদের কাছে লোক পাঠাই, এবং ডেকে এনে কেন্দ্রের সঙ্গে বসেছিলাম আমরা। বসে সব মিটমাট করে নিয়েছি। ডিজাইন কি হবে, না হবে, কারা করবেন ইত্যাদি এই সমস্ত। এই এফোর্টটা ওঁরা আগে করলেন না কেন? এটা মানুষ প্রশ্ন করবে। আর এখন মানুষকে বলছেন যে, কেন হচ্ছে না? তবে যখন মানুষ দেখবেন যে এটা হচ্ছে এবং হবে। আর এটার ব্যাপারেও আমরা বলেছিলাম কেন্দ্রীয় সরকারকে যে, এটা একটা জাতীয় প্রকল্পের মতন। এটা যাতে হয় তারজন্য আপনারা কিছু দিন। ওঁরা বললেন

যে আমরা ঋণ দেব, এতে আমরা কিছু অনুদান দিতে পারব না, দেব না। এটাতেও তো আপনাদের উচিত আমাদের সঙ্গে থাকা। যে কেন দেবেন না? এতে এখন খরচা অনেক বেড়ে গেছে আর কংগ্রেসের জন্যই তো খরচা বেড়ে গেছে। কেন চার বছর ফেলে রাখলেন? দেরি না হলে তো এতদিনে হয়ে যেত। কিন্তু সেই পথে ওঁরা গেলেন না, যাবেন না। তারপর একজন হঠাৎ বলেছেন—রেলওয়ে ধরুন, কংগ্রেস সরকারের মন্ত্রীদের কি অবস্থা এখন। রেলওয়ে বাজেট আমি দেখেছি, এখন দেখছি যে অন্ধ্রপ্রদেশের দিকে ঝোঁকটা বেশি। তারপর কর্ণাটকের দিকেও বেশি ঝোঁক। আমাদের যিনি মন্ত্রী—রেলওয়ের, জাফর শরিফ, তিনি এসেছিলেন, আমি অনেক আগে তাঁকে একটা চিঠি লিখেছিলাম যে, আপনাদের যখন বাজেট হবে, বা আসবে—আমাদের কোনও নতুন-টতুন কিছু দরকার হবে না, যেগুলি আছে সেগুলি অনুমোদন করে পয়সা দিন তাতে। অনুমোদিত আছে পয়সা দিন। টাকা দিন। টাকা না দিলে ২৫ বছর লেগে যাবে এই সমস্ত রেলওয়ে হতে। লিস্ট পাঠিয়েছিলাম—তমলুক-দিঘা থেকে শুরু করে, আমি আর সবগুলো পড়ে শোনাচ্ছি না। তারপর উনি বাজেটের কিছুদিন আগে আমার সঙ্গে দেখা করেছিলেন, আমি বললাম আপনার ওটা মনে আছে তো, উনি বললেন হ্যাঁ, চিঠি তো অনেকদিন আগেই পেয়েছিলাম। আমি পরে আবার চিঠি দিয়েছিলাম মনে করিয়ে দিয়ে যে টাকা বরাদ্দ করুন যেমন একলাখি, বালুরঘাট, ১ টাকা দিয়ে রেখে দিলেন আপনি এবং আমি দেখেছি আগেকার দিনে ওটা গ্রহণ করা হয়েছিল জরুরি প্রকল্প হিসাবে। কিন্তু সেটা কি হল জানি না। ওই টাকাটা দেওয়া হয়েছিল কিন্তু পরে আবার তুলে নেওয়া হল ১ টাকা, সেখানে এটা আমরা দেখেছিলাম। কাজেই এই কতকগুলি বিষয় আছে যেগুলির সম্বন্ধে আমার ধারণা ছিল যে, কিছু ব্যাপারে অন্তত কংগ্রেস একমত হবেন, এবং একসঙ্গে আসা উচিত কিছু ব্যাপারে।

[4-50—5-00 P.M.]

আমরা দেখলাম কাগজে এই কতকগুলো বিষয়। আমার ধারণা ছিল, কংগ্রেসিদের শিক্ষা হয়েছে। আগে করতেন না। একসঙ্গে আসা উচিত। কিন্তু এখন দেখছি সেসব নেই। গতবারের আলোচনার সময় বিরোধী দলের নেতা ক্রাইম ইন ইন্ডিয়া বলে একটা বই থেকে একটা ফিগার দেন। তা আমি বলেছিলাম, এটা ঠিক নয়, বইটা যেটা লেখা আছে, ক্রাইম ইন ইন্ডিয়া বইটাতে যা লেখা আছে। আমাদের কোনও খবর নেই, কে রিপোর্ট দিল, এটা বেশি বেশি মনে হচ্ছে। সেটাতে ছিল, সেইটা উনি পড়েছিলেন। তারপর ওরা কারেকশন করে দিয়েছে। তারপর একে এসে দাঁড়িয়েছে। সকালে উত্তর দিলাম, ইসকো সম্বন্ধে আবার সে কথা উঠছে, আমার সেই চিঠি নিয়ে। ডি. এস. পি.র লোকেরা আমার সঙ্গে দেখা করেন, বলেন টাকা নেই। ডি. এস. পি. বলল আমাদের যে টাকার প্রয়োজন তাই দিচ্ছে না। আমি প্রণববাবুকে জিজ্ঞাসা করলাম, কি হচ্ছে, বুঝতে পারছি না। উনি বললেন, এই টাকা কখনও পাবে না। ৬ হাজার কোটি টাকা কখনও পাবে না। জাপানের সাথে করেছিল, হবে না। তখন স্বরাজ পালের সঙ্গে কথা বলি। প্রধানমন্ত্রীও বলেছেন। আমি স্বরাজ পালকে বললাম আপনি তো লণ্ডনে একটা বড় ইস্পাত কারখানা করেছেন আমাদের ওখানে যদি করতে পারেন। উনি বোধ হয় এক মাস আগে টেলিফোন করেছিলেন আমাকে এবং বললেন চিঠিপত্র দিয়েছেন, ইস্পাতমন্ত্রীর সাথে কথা হয়েছে। কি পথে করতে চাই, তার রিপোর্ট

চেয়েছে দিল্লি। কি হয়েছে এখন বলতে পারব না। এটা আমাদের করতে হবে, হাজার হাজার শ্রমিক তা না হলে চাকরি হারাবে।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ আমি স্বরাজ পালকে দেওয়ার কথা সমর্থন করেছি।

শ্রী জ্যোতি বসু ঃ সমর্থন করছেন। কি উল্টোপাল্টা কথা বলছেন। আমি নাকি প্রাইভেটাইজেশন করছি, অমুক করছি, তমুক করছি বলছেন। পশ্চিমবাংলা মরে যাবে না, এটা কখনও হয় না। তারপর বিরোধী দলের নেতা ম্যাকনামারার ব্যাপারে কথা বলেছেন। আমার মনে আছে ম্যাকনামারা যেদিন এসেছিলেন কলকাতায় সেদিন বন্ধ ছিল। বন্ধের কারণটা কি? তিনি কারণটা বললেন না। ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রেসিডেন্ট হিসাবে নয়। ভিয়েতনামের যুদ্ধে তিনি ছিলেন আমেরিকান পক্ষের নেতা। ওনার অর্ডারে বিমানবাহিনী ন্যাপাম বোমা ফেলেছে, হাজার-হাজার নারী-পুরুষ খুন হয়েছে। সেইজন্য প্রতিবাদ জানিয়েছিলাম। আর একটা গোপন খবর দিলেন। সব সংবাদপত্রে বেরিয়েছে। মিঃ উড, ভাইস প্রেসিডেন্ট অফ দি ওয়ার্ল্ড ব্যাঙ্ক নাকি গোপনে আমার বাড়িতে গিয়ে দেখা করেন। আমরা এইসব করি না, মানুষকে ধোকা আমরা দিই না। এইটুকু সৎসাহস আছে।

(সরকার পক্ষের সদস্যদের হর্ষধ্বনি।)

মিঃ উড যখন কলকাতায় এলেন, তার আগে খবর পাঠান, যেদিন তিনি কলকাতা ছেড়ে যাবেন সেদিন আমি দেখা করতে পারব কিনা। এরকম অনেকেই করেন। আমি বলেছিলাম, সেদিন আমি তো রাইটার্সে যাব না, আমার বাড়িতে আসতে পারেন। উনি এলেন, কথা হল। একটা কথা ওনাকে আমি জিজ্ঞাসা করেছিলাম, এই যে একজিস্ট কথাটা বুঝতে পারছি না, এই গোল্ডেন হ্যান্ড সেক ইত্যাদি। এই টাকা কোথায় পাওয়া যাবে একজিস্ট পলিসির ক্ষেত্রে। প্রেসিডেন্ট অফ দি ওয়ার্ল্ড ব্যাঙ্ক নাকি বলেছেন একটা থোক টাকা দেবেন। সেই স্কীম আমাদের কেউ দেয়নি। This very word is frightening. This just not exit. It involves so many other things.

এক টেবিল থেকে আর এক টেবিলে যাবে, রিট্রেনিং হবে, অমুক করবে। আমি বললাম, আপনি জানেন তো আপনাদের দেশে এসব আছে, আপনাদের মন্দা চলছে—বিলেতে মন্দা চলছে, আমেরিকায় মন্দা চলছে, অনেক জায়গায় মন্দা চলছে এখন, অনেক কারখানা বন্ধ হচ্ছে। কিন্তু পরের দিন থেকে তারা উপবাসে থাকেন না পরিবারবর্গ নিয়ে। আপনাদের কিছু স্কীমস আছে এদের সাহায্য করবার জন্য। তা আমাদের তো এসব কিছু নেই। উনি বললেন, হ্যাঁ, সে তো আমি খানিকটা জানি। কিন্তু ঐ 'একজিট' বলাতে এটা ঠিক হচ্ছে না কথাটা—ওর মতে। উনি যা আমাকে বলেছিলেন সেটা আমি জানিয়ে দিলাম। কিন্তু আমাদের সঙ্গে কোনও আলোচনা—রাজনৈতিক দলের সঙ্গে করছেন না ডঃ মনমোহন সিং। একটা মিটিং বোধহয় ডেকেছিলেন প্রধানমন্ত্রী আমি যতদূর কাগজে দেখেছি কিন্তু কিছু আউটকাম হয়নি, ট্রেড ইউনিয়নরা সব রিজেক্ট করেছেন। আর চারিধারে ধর্মঘট, হরতাল, বন্ধ এইসব হচ্ছে, প্রতিবাদ হচ্ছে কারণ এটা স্বাভাবিক যে চাকরি-বাকরি হারালে তারা কি করবেন? তারপর ওরা বলছেন যে ডি. পি. এল. কাকে বিক্রি করছি, কি করছি ইত্যাদি। এরকম

কোনও সিদ্ধান্ত আমাদের হয়নি। যে এটা প্রাইভেটাইজ করে দেব। কাজেই এর উত্তর দিয়ে কোনও লাভ নেই। তারপর ঐ চা-বাগান সম্পর্কে বলি। আমার মতে একটা ভাল জিনিস হচ্ছে। চায়ের চাহিদা এত, এতে লাভ হচ্ছে, এর ভিতরে বাজার আছে, বাইরে বাজার আছে সেইজন্য ওরা এক্সপান্ড করতে চাইছেন। তারজন্য বহু আগে—২/৩ মাস আগে একটা গাইড লাইন আমরা দিয়েছিলাম যে চাষের জমি বিশেষ করে তিস্তার জল যেসব জায়গায় আসবে উত্তরবঙ্গের সেইসব জমি কেনা উচিত নয়। এখন কৃষক বেচারা, তাদের যদি বেশি টাকা অফার করে দেয় যা তারা ভাবতেও পারে না তাহলে তারা বিক্রি করে দেয়। আমরা বলেছি যে এ করলে আপনাদের রেজিস্টার্ড করব না, আপনাদের বিরুদ্ধে অন্য অ্যাকশন নেওয়া হবে। কিন্তু আমাদের কথা মতন যদি করেন তাহলে আমরা রিজিউম ল্যান্ড যা আছে—ওরা বলছিলেন আমরা সেগুলি দিতে চাই না কিন্তু আমি বলছি, আমরা চাচ্ছি দিতে। রিজিউম ল্যান্ডে কিছুই হয় না, পড়ে আছে। ফরেস্ট নেই, কিছু নেই, পড়ে আছে, সেখানে এনক্রোচমেন্ট হচ্ছে—এইসব হচ্ছে। আমরা বলেছি, জলপাইগুড়িতে ৯ হাজার একর রিজিউম ল্যান্ড আমরা খুঁজে বার করেছি। এখন কত লোক কোথায় কিভাবে বসে আছে সেটার হিসাব আমরা করছি। আমরা বলেছি যে আপনারা যদি এক্সপান্ড করতে চান চা-বাগান এবং আমাদের গাইড লাইন মেনে চলেন তাহলে নিশ্চয় আমরা সে জমি আপনাদের দেব। কিন্তু এখানে ওখানে গিয়ে জমি আপনারা নেবেন না। বিশেষ করে জলপাইগুড়িতে এই ঘটনাটা হচ্ছে। পশ্চিমদিনাজপুরে ঠিক অতোটা হচ্ছে না ঐ ভাবে। ওরা এমন জমি নিচ্ছেন যেখানে অন্য কোনও চাষবাস হবে না। আমরা বলেছি, আমাদের সঙ্গে যোগাযোগ রেখে যা করবার আপনারা করবেন এখানে। রাজগঞ্জ থানাতে, সেখানে বিশেষ করে জল আসবে তিস্তার। সেখানে যদি মাঝখান থেকে কিনে নেয় জমি—তারপর সেখানে ট্রাইবাল ল্যান্ড কিনে নিল যেটা নিয়ম নেই কেনার। তাহলে এর বিরুদ্ধে তো আমাদের ব্যবস্থা করতেই হবে সে যত বড় কোম্পানিই হোক বা যা কিছু হোক। একটা সিস্টেমেটিক ওয়েতে, অর্ডারলি ওয়েতে এই জিনিসটার এক্সপানশন করা উচিত বলে আমার মনে হয়। তারপর শেষ কথা হচ্ছে যে, আমাদের এখান থেকেই একজন সদস্য বলেছেন তিনবিঘা সম্পর্কে। আমি আবার বলছি, রাজ্যপালের বক্তৃতায় যেটা আছে সেটার পুনরুল্লেখ আমি করছি যে আমাদের আগের সরকারের সময় ক্যাবিনেটে সিদ্ধান্ত হয়। এটা আন্তর্জাতিক একটা চুক্তি এবং সেই নেহেরু-নুনের পরে, ইন্দিরা-মুজিব চুক্তি হয় আর বেরুবাড়ীর বিনিময়ে—বেরুবাড়ী আমাদের থেকে যায় এবং কথা হয়, আচ্ছা ঠিক আছে আমরা তাহলে ঐ করিডোর দিয়ে আপনাদের ছিটমহলে আমরা যেতে দেব—তিন বিঘা দিয়ে। এটা ঠিক হয়। এটা আন্তর্জাতিক চুক্তি, আমরা মনে করি এটা মেনে নেওয়া উচিত। কিন্তু তার কিছু হয়তো আমাদের বিকল্প আছে যেগুলি আমি সবগুলি এখন বলতে চাইছি না যাতে ওখানকার মানুষদের কোনও অসুবিধা না হয়। ইতিমধ্যে আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি এবং কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিরা বাংলাদেশে গিয়েছিলেন, তাদের সঙ্গে প্রথম আলোচনা হয়েছে, আরও এক/দু রাউন্ড আলোচনা হবে এবং আমরা বলেছি আমাদের এই কথাগুলি ওদের বলবেন। এটা মেনে নিলে ওদের কোনও অসুবিধা নেই, আমাদের সুবিধা আছে, আমাদের অসুবিধা হবে না। এটা আমরা দেখছি। কিন্তু এটা সবাই এর সমর্থন পাওয়া উচিত এ ব্যাপারে। একজন সদস্য বলেছেন যে বাংলাদেশের সঙ্গে বন্ধুত্ব করে আমাদের কি হবে? আমরা মনে করি হবে, ভাল হবে। আমাদের প্রতিবেশীদের

সঙ্গে ভাল সম্পর্ক আমাদের গড়ে তুলতে হবে, বিশেষ করে বাংলাদেশের সঙ্গে। আমাদের এখনই নানান সংস্কৃতির ক্ষেত্রে বিনিময় আছে। গান, বাজনা, আর্ট ইত্যাদি এইসব ব্যাপারে আছে, সংস্কৃতির ব্যাপারে।

[5-00—5-10 P.M.]

আমাদের সংস্কৃতির ব্যাপার আছে। ওদের সঙ্গে আমাদের অনেক বিষয়ে মিল আছে। আমরা চাইছি, ব্যবসা-বাণিজ্য, সমস্ত কিছুর ব্যাপারেই ওদের সঙ্গে আমাদের কেন্দ্রীয় সরকারের চুক্তি হোক। সে চুক্তি যদি হয় তাহলে আমরাই সব চেয়ে বেশি লাভবান হব। ওদের নতুন ফরেন মিনিস্টার আমার সঙ্গে দেখা করেছিলেন, আমি তাঁকে বলেছিলাম, আপনারা ওখান থেকে বাধা দিচ্ছেন কেন? আমাদের পরিবহন মন্ত্রী বলেছিলেন—এখান থেকে বাস চলে যাবে ঢাকায়, ঢাকা থেকে বাস এখানে আসবে। সেটা হল না। এইসব বাধা কতগুলো আছে। ট্রেনের ব্যাপারেও আছে। বিভিন্ন রকমের মাল সরবরাহের ব্যাপার আছে। আমাদের যেমন ইঞ্জিনিয়ারিং দ্রব্য আছে, ওদের তেমন গ্যাস আছে। ওরা গ্যাস পেয়েছে, কিন্তু কোথায় বিক্রি করবে? ওদের ওখানকার ঐ কানাডিয়ান কোম্পানি আমাকে বলে গেছে যে, ওদের বিক্রি করবার লোক নেই। ওয়ার্ল্ড ব্যাঙ্কের মাধ্যমে এটা ওদের সঙ্গে আপনাদের একসঙ্গে করলে একটা চমৎকার ব্যাপার হবে। সত্যি কথা, তা করতে পারলে শিল্প ক্ষেত্রে আমাদের নিশ্চয়ই সুবিধা হত এবং ওদেরও সুবিধা হত। এটা ছাড়াও আমি বলছি যে, প্রতিবেশির সঙ্গে যে ছোটই হোক, আর বড়ই হোক—ভাল সম্পর্ক বজায় রাখা দরকার। ভারতবর্ষ চায় প্রতিটি প্রতিবেশির সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। এটাই আমাদের নীতি। এই নীতি নিয়েই আমাদের চলতে হবে। আমি আশা করি এটাতে কেউ বাধা দেবেন না। কারণ তা ঠিক হবে না। শান্তিপূর্ণভাবে এই সমস্যার সমাধান হয়ে যাক, এটাই আমরা চাইছি। কিছু অদলবদল তো সব সময়ই হয়। এ বিষয়ে আমি আইনজ্ঞদের সঙ্গে কথা বলেছি। আমার মনে হয় এটার সুরাহা ভালভাবেই হবে। এই হচ্ছে আমার মূল কথা।

আরও অনেক ছোটখাট ব্যাপার আছে, সেগুলো আমি আর বলছি না। খালি একটা কথা বলতে ভুলে গেছিলাম বলে বলছি। সেটা হচ্ছে, বিগত কংগ্রেস সরকারের সঙ্গে কিছু তুলনা এখনকার করা হয়েছে, বিশেষ করে উৎপাদন ইন্ডেক্সের ব্যাপারে। তা সেখানে আমি দেখছি যে, ১৯৬০ সালে উৎপাদন ইন্ডেক্স যেখানে ছিল ১২০ সেখানে সেটা ১৯৯০-৯১ সালে হয়েছে ১৪০। তার মানে উৎপাদন বেড়েছে। তাহলে কমল কি করে? আর আমাকে এখন আমাদের মন্ত্রী বলছেন, সেটা নাকি ১৯৭০ সালে হয়ে গেছিল ১০০। এখন, ১৯৯০-৯১ সালে হয়েছে ১৪০। ইন্ডেক্স ওপরের দিকে উঠেছে। তবুও আমি শেষ করার আগে এটা বলতে চাই যে, কতগুলি বিষয় আছে যেগুলিতে আমাদের মতপার্থক্য আছে, বিরাট মত পার্থক্য বিরোধীদের সঙ্গে এবং সেটা জনগণও জানে। কিন্তু আমরা সবাই জানি রাজনীতির ক্ষেত্রে এমন কতকগুলি বিষয় আছে, যেমন পাঞ্জাব, কাশ্মীর, আসাম, বিচ্ছিন্নতাবাদী আন্দোলন, সাম্প্রদায়িকতা ইত্যাদি, এই ব্যাপারগুলিতে অন্তত কিছু সহযোগিতা হওয়া উচিত, যাই আমাদের নীতি হোক না কেন। অর্থনীতি এবং অন্যান্য সব ক্ষেত্রে অন্য ব্যাপার, কিন্তু এ সব বিষয়গুলিতে কিছু সহযোগিতা হওয়া উচিত। এসব বিষয়ে যদি আমরা সহযোগিতার মধ্যে

দিয়ে চলতে না পারি তাহলে ভারতবর্ষের কোনও কল্যাণই হবে না। আর এই যে অর্থনৈতিক বিপদের মধ্যে আমাদের ফেলে দেওয়া হয়েছে, এর বিরুদ্ধে আমাদের লড়তে হবে। মাঠে, ময়দানে লড়তে হবে, কলে-কারখানায় লড়তে হবে এই নীতির পরিবর্তনের জন্য। এটা আমাদের ঠেকাতেই হবে। নাহলে দেশের সর্বনাশ হয়ে যাবে। আমি বার বার বলেছি যে, আমরা বিদেশ থেকে কারিগরি প্রযুক্তি আনতে পারি। দেশকে নিজেদের মধ্যে আবদ্ধ করে রাখতে চাই না, খুলে নিশ্চয়ই দিতে চাই। কিন্তু আমাদের যাতে সুবিধা হবে তাই তো আমরা করব! অথচ যা হতে যাচ্ছে তাতে দেখা যাচ্ছে যে, যেখানে বাইরের কারুর প্রয়োজন নেই সেখানেও ওরা এসে ঢুকে পড়ছে। এর ফলে আমাদের যাঁরা শিল্প গড়েন, যাঁরা উৎপাদন করেন তাঁরা সব শেষ হয়ে যাবেন, তাঁরা সব দ্বিতীয় শ্রেণীর নাগরিক হয়ে যাবেন ওদের সঙ্গে প্রতিযোগিতা করে। যে সব ক্ষেত্রে এই জিনিস হবার সম্ভাবনা রয়েছে সেসব ক্ষেত্রে আমরা ওদের আনতে পারি না। আর ওরাই বা কেন আসছে বাইরে থেকে? আসছে এই জন্য যে, ওদের ওখানেও মন্দা দেখা দিয়েছে। আমেরিকায় জেনারেল মোটর কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। গত বছর আমি বিলেতে গিয়েছিলাম, দেখে এসেছি কারখানার পর কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। আন-এমপ্লয়মেন্ট হাইয়েস্ট পীগে গিয়েছে। জাপানের সঙ্গে গোলমাল, ই. ই. সি.র সঙ্গে গোলমাল, ওরা সব এক নয়। আমি আমাদের শিল্পপতিদের বলি—আপনারাও বাইরের দিকে নজর দিন, আমরা আরও বেশি করে যাতে আমাদের ইঞ্জিনিয়ারিং গুড্‌স বাইরে পাঠাতে পারি। শুধু কাঁচা মাল পাঠালেই হবে না। আমাদের ইন্ডাস্ট্রিয়াল গুড্‌সও পাঠাতে হবে।

আমাদের সেখানে সুবিধা, আপনারা খোঁজ করুন ই. ই. সি.র জুট মার্কেট সেখানে আছে কিনা, আমাদের চায়ের মার্কেট সেখানে আছে কিনা, আমাদের ইন্ডাস্ট্রিয়াল গুড্‌স মার্কেট সেখানে আছে কিনা? আমরা এমন গহ্বরে পড়িনি যে খোঁজ না করে, এখানে আমাদের সুবিধা আছে, বড়লোকদের সঙ্গে করলে প্রফিট বাড়বে, সেল্‌ফ রিলায়েন্স নেই, রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট নেই, এই জিনিস করলে দেবো বাঁচবে না। আমি বলি যে এর বিরুদ্ধে লড়াই করতে হবে, এমন কি প্রয়োজন হলে সুব্রতবাবুদের সঙ্গে নিয়ে এই সব এক্সপোর্ট পলিসির বিরুদ্ধে আমাদের লড়াই করতে হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Siddhartha Shankar Roy : Mr. Speaker Sir, on a point of personal explanation. Sir, the Chief Minister says—we are not cooperating with them. I shall be grateful if he looks into his file. I wrote a letter to him on 6th August, 1991 which is as follows :

আমি ১৯৯১ সালের ৬ই আগস্ট তারিখে এবং ১৩ই আগস্ট তারিখে দুটি চিঠি দিয়েছি এবং তাঁকে বলেছি, We intend to take matters concerning West Bengal seriously and not flippantly and I, therefore, request you earnestly to be more detailed in your reply and give me all the materials so that we can really and sincerely take these things up along with you, with the Central Government. Repeated reiteration of vague proposals can

never be a substitute for a proper and detailed representation mentioning specific matters with all particulars.

এটা বার বার করেছি, কিন্তু কোনও উত্তর আসেনি। মাননীয় মুখ্যমন্ত্রী নোট করে নিন ৬ই এবং ১৩ই আগস্ট, ১৯৯১, আমাকে উত্তর দিন।

মিঃ স্পিকার ঃ নাউ শ্রী ননী কর।

শ্রী ননী কর ঃ মিঃ স্পিকার স্যার, আমাদের মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন আমি তার ধন্যবাদ সূচক প্রস্তাব উত্থাপন করেছিলাম। ১৬ ঘন্টা ধরে তার উপর আলোচনা হয়েছে, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী আজকে তার জবাবও দিয়েছেন। আমি দু-একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে এই যে আমি গতবারও বিরোধী দলের বক্তব্য শুনেছিলাম। গতবার তাঁরা যেসব অ্যামেন্ডমেন্ট দিয়েছিলেন এবারও তাঁদের অ্যামেন্ডমেন্টগুলি আমি দেখেছি, এর মধ্যে পার্থক্য নেই, ভাষার একটু এদিক, ওদিক হতে পারে কিন্তু একই কথা বলার চেষ্টা করেছেন। দোষ নেই, ওঁদের চিন্তা অনুযায়ী ওঁরা একই রকম করেছেন। অভিযোগ করেছেন, মাননীয় রাজ্যপাল একই কথা বার বার বলছেন। সেজন্য আমি আপনাকে বলতে চাই যে, মাননীয় রাজ্যপাল তো রাজ্য সরকারের কথাগুলিই বলেছেন। রাজ্য সরকার তাঁর নীতি নিষ্ঠভাবে একটি নির্দিষ্ট জায়গায় রাজ্য এবং জনগণকে পৌঁছে দিতে চান, তা একই রকম হবে, পরিবর্তন হবে না। সেই কারণে রাজ্যপালের ভাষণ একই রকম আছে। তিনি যা বলেছেন তার একটা ভিত্তি আছে। এবারে মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে বলেছেন যে কিছু মেয়েদের উপর ঝামেলা হয়েছে, তিনি তা স্বীকার করেছেন, গোপন করেননি। ওঁরা তাঁদের ধর্ষণ করা হয়েছে বলে কথাটা ব্যবহার করতে চান, আমরা তা চাই না, তফাৎ আছে। এটা মাননীয় বিরোধী দলের নেতা যদি বলতেন যে মাননীয় রাজ্যপাল স্বীকার করেছেন তাঁর ভাষণের মধ্যে দিয়ে তাহলে ঠিক হত। তখনকার দিনে উনি যখন মুখ্যমন্ত্রী ছিলেন এর আগে আর আজকের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু মহাশয়ের সঙ্গে এখানেই তফাৎ। আমার মনে আছে গীতা চ্যাটার্জির স্বামীকে খুন করে মৃতদেহ সৎকারের আগেই সেই মহিলার উপরে বলাৎকার করা হয়েছিল।

যে করেছিল, গণা না কি ঐরকম একটা তার নাম, শ্রীমতী চ্যাটার্জি পরে এই ব্যাপার জানিয়েছিলেন, কিন্তু কেউ গ্রেপ্তার হয়নি। এ নিয়ে একটা মামলা পর্যন্ত হয়নি। কয়েকদিন আগে একটা ঘটনা ঘটেছে, একটি প্ররোচনামূলক ব্যাপারে সকলের সামনে দাঁড়িয়ে ওঁদের এক নেত্রী ও. সি.কে মারেন, কালী মাখিয়ে দেন, খারাপ খারাপ কথা বলেন। কিন্তু যখন তাঁর মিছিলের উপর হামলা হয়েছিল, সেই হামলাকারীর বিরুদ্ধে মামলা হয়েছিল, শুধু তাই নয়, তাদের মধ্যে যারা বামপন্থী কর্মী ছিল তাদের দল থেকে বিতাড়িত করা হয়েছে। সেই গণা এখনও মাননীয় সিদ্ধার্থবাবুর সঙ্গে ঘোরেন এটাই তফাৎ ওঁদের নেত্রী আইন-শৃঙ্খলার কথা বলেছেন, মাননীয় সিদ্ধার্থবাবু রাজ্যপাল ছিলেন, ওঁরতো ব্ল্যাক ক্যাট থাকবেই, পাঞ্জাবেই, পাঞ্জাবে এখনও কেউ যেতে পারেন না, কিন্তু এখানে? মাননীয় বিরোধী দলের নেতা বলুন না, ওঁর কোথাও যেতে অসুবিধা হচ্ছে?

[5-10—5-19 P.M.]

উনি একটু বলুন না, কোথায় তাঁদের অসুবিধা হচ্ছে? রাজীব গান্ধী যখন এখানে আসতেন তখন খোলা জীপে ঘুরতেন, বলতেন এখানে খোলামেলা ঘোরা যায়। কিন্তু দেখা গেল, মাদ্রাজে ঘুরতে গিয়ে কি শোচনীয় ঘটনা ঘটল। একথা যদি তুলনা করতেন, ভাল হত।

এখানে ধর্ম নিয়ে কথা উঠেছে। আমি একটি কথা বলি, আমরা কি ত্রিশঙ্কু? আমরা কি নিরাবলম্ব হয়ে রয়েছি? তাতো নয়! আমরা ভারতবর্ষের মধ্যেই রয়েছি। আজকে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় বিচ্ছিন্নতাবাদী, ধর্মীয় এবং সাম্প্রদায়িকতাবাদী যেসব ঘটনা ঘটছে তার একটু আঁচ এখানে আসবেই। অযোদ্ধায় যা হয়েছে সেটা আজও মেটেনি। উনি বেড়াচাপার ঘটনার কথা বলেছেন, কিন্তু তা নিয়ে যে মামলা হয়েছে সেটা ওরা দেখতে পাচ্ছেন না। তবে আমাদের জ্যোতিবাবু যে গভর্নমেন্ট চালান তাঁরা মৌলিক পরিবর্তন করবেন, এই দাবি কখনই করেননি। যেটা দাবি করেচেন সেটা হচ্ছে, সকলের জন্য কিছু করার, সকলের উন্নয়নের জন্য ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে নিচে থেকে পরিকল্পনা আসার ব্যবস্থা। কারণ তাঁরা মানুষ গড়তে চান। আমি একটি প্রচলিত কথা বলতে চাই। সেটা হচ্ছে—এক বছরের জন্য যদি পরিকল্পনা করতে চাও তাহলে শস্য লাগাও, দশ বছরের পরিকল্পনা করতে চাইলে সেখানে গাছ লাগাও, যদি শত বছরের পরিকল্পনা করতে চাও তাহলে মানুষ তৈরি করো। সেই মানুষ তৈরি করবার কাজই জ্যোতিবাবু করছেন। তাই ওদের দুঃখ থাকবেই। আমি বলতে চাই, জ্যোতিবাবু আমাদের আছেন, জনগণের আছেন এবং তাঁকে বার বার ফিরিয়ে এনে এটাই তারা প্রমাণ করেছেন যে তাঁর নীতি ঠিক। আজকে ভারতবর্ষের অর্থনীতির যে অবস্থা আপনারা করেছেন—রেলের ভাড়া বেড়েছে, জিনিসপত্রের দাম বেড়েছে, সর্বত্র একটা বিক্ষোভ, পশ্চিমবঙ্গেও সেই বিক্ষোভ থাকবেই। সেই কারণে যে নীতি দেশের সর্বনাশ করছে তার বিরুদ্ধে রাজ্যপালকে দিয়ে বলাতেই হবে। তাই ওদের সংখ্যা কমেছে এবং আরও কমবে এবং সেইজন্যই ওরা এখানে অভিযোগ তুলছেন। সমস্ত কথা এত খোলামেলা এখানে কোনওদিন কেউ কখনও বলেননি। আজকে আমাদের নেতা জ্যোতিবাবু সবকিছু খোলামেলা বলেছেন। সেই কারণে বলছি, অ্যামেন্ডমেন্ট যা এনেছেন ওগুলো অসার, প্রত্যাহার করা উচিত। প্রত্যাহার যদি না করেন তাহলে প্রতিটি অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করছি এবং মূল যে প্রস্তাব উত্থাপিত হয়েছে সেটা সকলের কাছে গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

Mr. Speaker : There are 328 motions. All the motions are in order and taken as moved.

The following motions excepting 4, 5, 6, 14, 16, 23, 31 and 32 of Shri Subrata Mukherjee, 37 of Shri Nurul Islam Chowdhury, 60 and 71 of Shri Satya Ranjan Bapuli, 82, 216, 217, 224 and 245 of Shri Prabir Banerjee, 142, 143, 145, 150, 151, 156, 157, 159, 179 and 180 of Dr. Manas Bhunia 301 to 308 and 311 of Shri Gyan Singh Sohan Pal :

দি মোশন অফ **শ্রী সুব্রত মুখার্জি** ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ -

কিন্তু দুঃখের বিষয় যে,—

১। কৃষি উৎপাদন ভাল হওয়া সত্ত্বেও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি ঘটেছে। সারা রাজ্যে চালের দর ৮ টাকার নিচে নয়, গমের দরেও ভীষণভাবে বৃদ্ধি ঘটেছে—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২। রাজ্যের পাট চাষীরা উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য পায় না; কিন্তু পাট চাষীদের সুরক্ষা করার কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৩। পাইকারি হারে খুন-জখম, দাঙ্গা-হাঙ্গামা, চুরি-ডাকাতি, উগ্রপন্থীদের হামলাসহ নারী নির্যাতনের ঘটনাসমূহ ও পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতির বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৭। পশ্চিমদিনাজপুর জেলা ভাগ করা নিয়ে যে বিরোধ সে সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৮। সীমান্তবর্তী জেলাগুলিতে ব্যাপকভাবে চুরি, ডাকাতি, লুঠ, রাহাজানি চলছে, চোরাই কারবার বৃদ্ধি পেয়েছে দমন এবং বন্ধ করার পদক্ষেপ সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৯। অনুপ্রবেশ বন্ধ করতে রাজ্য সরকারের ব্যর্থতার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১০। হাওড়ার ট্রাকচালকের মৃত্যু নিয়ে বিচার বিভাগীয় তদন্ত করার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১১। রাজ্যের সবুজ জমিগুলি প্রমোটাররা ও নামকরা ব্যবসায়ীরা গ্রাস করছে সারা রাজ্য এতে কংক্রিটের জঙ্গালে পরিণত হবে। এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১২। প্রাথমিক স্তরে পরীক্ষাপদ্ধতি তুলে দিয়ে বামফ্রন্ট সরকার গত ১৪ বছরে এই রাজ্যের শিক্ষার মানকে নষ্ট করেছে—তার প্রতিকারের কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১৩। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও কলেজ-বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা ক্রমশ বৃদ্ধি হওয়া সত্ত্বেও নতুন করে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় নির্মাণ করতে রাজ্য সরকারের ব্যর্থতার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১৫। রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলি ওভার ড্রাফ্‌ট-এ জর্জরিত হয়েছে। এর প্রতিকার সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১৭। ১৯৮৯-৯০-এর আর্থিক বছর হতে রাজ্যের শিক্ষকদের আয়কর প্রদান সংক্রান্ত বিবরণ রাজ্যের শিক্ষা-প্রতিষ্ঠানগুলিতে না পাঠানোর জন্য তাঁরা হয়রান হচ্ছেন—এই অবস্থার প্রতিকারের কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১৮। রাজ্যের বড় বড় হাসপাতালগুলি বর্তমানে গ্রামের স্বাস্থ্যকেন্দ্রের চেয়েও খারাপ হয়েছে। ঐ বড় বড় হাসপাতালগুলিতে লক্ষ লক্ষ টাকার অভ্যন্তরীণ ওষুধ কেনা হচ্ছে কিনা রোগীরা পাচ্ছেন না। রোগীরা ওষুধ, ইন্‌জেকশন প্রভৃতি বাইরে থেকে কিনতে বাধ্য হচ্ছেন। এই অবস্থার প্রতিকার সম্পর্কে কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১৯। রাজ্যে পরিবারকল্যাণকে বাস্তবায়িত করার কোনও রূপরেখা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২০। যন্ত্রপাতি কেনার জন্য অর্থ মঞ্জুর থাকা সত্ত্বেও রাজ্যের বড় বড় হাসপাতালগুলি উক্ত যন্ত্রপাতি কিনতে ব্যর্থ হয়েছে—এ বিষয়ে কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২১। সারা রাজ্যে বিদ্যুৎ সঙ্কট প্রকট হচ্ছে। রাজ্যের বিদ্যুৎ সঙ্কট দূর করে শিল্প ও কৃষির উন্নতি করার কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২২। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ-এ প্রশাসনিক ব্যর্থতার জন্য পর্ষদের বহু নিরপরাধ কর্মচারী ব্যাপকভাবে বদলি ও ছাঁটাই হচ্ছেন। এ ব্যাপারে প্রতিকারের কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৪। রাজ্য শিক্ষিত ও অশিক্ষিত বেকারের সংখ্যা প্রায় এক কোটির মতো হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোনও উল্লেখ নেই;

২৫। রাজ্যের বিপুল সংখ্যক বেকার যুবক-যুবতীদের জন্য প্রয়োজনীয় কর্মসংস্থানের ব্যবস্থা করতে ১৪ বছরেও বামফ্রন্ট সরকার ব্যর্থ। কাজের অভাবে বেকার যুবক-যুবতীরা হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। রাজ্যের বেকার যুবক-যুবতীদের বেকারত্ব অবসান করে স্থায়ী প্রকল্প গ্রহণে রাজ্য সরকারের ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৬। গ্রামাঞ্চলে বসবাসকারী ক্ষেতমজুর, দিনমজুর ও ভূমিহীন মানুষদের অর্থনৈতিক অবস্থা দিন দিন শোচনীয় হচ্ছে এবং তারা অর্ধাহারে ও অনাহারে দিন কাটাচ্ছে—মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

২৭। রাজ্যে সরকারি বনভূমি হতে হাজার হাজার গাছ চুরি হচ্ছে, বনসৃজনের নামে প্রতি

বছর লক্ষ লক্ষ টাকা খরচ করেও বনের এলাকা বৃদ্ধি করতে রাজ্য সরকারের ব্যর্থতা ও তার প্রতিকারের বিষয়ে কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৮। রাজ্যের বনভূমি নষ্ট করে পরিবেশকে দূষিত করা হচ্ছে তা বন্ধ করার জন্য রাজ্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেন নাই—এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৯। রাজ্যের ধার্য বিক্রয় কর আদায়ে সরকারের ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৩০। পশ্চিমবঙ্গের খেটে-খাওয়া মানুষের কর্ম ও অন্নসংস্থানের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের দেওয়া কোটি কোটি টাকাসহ গম, চাল ইত্যাদি বামফ্রন্ট সরকারের বৃহত্তম শরিকদল পরিচালিত গ্রাম পঞ্চায়েতগুলির মাধ্যমে প্রধানসহ, সদস্য ও ক্যাডাররা লুট করে খাচ্ছেন—এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৩৩। রাজ্যে প্রতি বছর বন্যপ্রাণী সপ্তাহ পালন করা হয় কিন্তু বন্যপ্রাণী সংরক্ষণকল্পে কোনও সুনির্দিষ্ট নীতি ও কার্যক্রম গ্রহণে রাজ্য সরকারের ব্যর্থতার বিষয়ে কোথাও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৩৪। এই রাজ্যে বর্তমানে সাক্ষরতা অভিযান, চলছে। সাক্ষরতার অন্যতম প্রবক্তা বিদ্যাসাগরের সব বসতবাটীগুলি অধিগ্রহণে রাজ্য সরকারের ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপারে ভাষণে নেই; এবং

৩৫। রাজ্যে বাসভাড়া, ট্রামভাড়া অন্য রাজ্যের তুলনায় বৃদ্ধি পেয়েছে—এ সম্পর্কে কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motions of

শ্রী নুরুল ইসলাম চৌধুরি ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ —

কিন্তু দুঃখের বিষয় যে,—

৩৬। রাজ্যে ক্ষুদ্র সেচ প্রসারে ব্যাপক কর্মপন্থা গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৩৮। রাজ্য পুলিশের মধ্যে যে শৃঙ্খলা, সততা ও কর্মনিষ্ঠা একেবারে নাই। পুলিশ আজ শাসক দলের আজ্ঞাবহ দাসে পরিণত হয়েছে। পুলিশের নিরপেক্ষতা ও কর্তব্যপরায়ণতা রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৩৯। রাজ্যে পল্লী বিদ্যুতায়নের কাজ আশানুরূপ না হওয়ায় কেন্দ্রের প্রদত্ত অর্থ খরচ করতে না পারায় ফেরত যাচ্ছে। পল্লী বিদ্যুতায়নের জন্য সঠিক ব্যবস্থা গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৪০। রাজ্যে নারী-নিগ্রহ, নারী-নির্যাতন প্রভৃতি ঘৃণ্য অপরাধ অসম্ভব বৃদ্ধি পেয়েছে। উক্ত অপরাধ দমনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৪১। রাজ্যে সংস্কৃতির নামে অপসংস্কৃতি বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৪২। রাজ্যের জাতীয় সড়কগুলির অবস্থা আজ এতই শোচনীয় যে, প্রতি মুহূর্তে দুর্ঘটনাজনিত কারণে অসংখ্য লোকের প্রাণহানি ঘটেছে। কিন্তু রাস্তাঘাট মেরামত করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৪৩। রাজ্যে বাধ্যতামূলক শিক্ষা প্রসারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৪৪। রাজ্যে মুরগিচাষ (Poultry) উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের উন্নয়ন কর্মসূচি গ্রহণের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৪৫। রাজ্যে ভাগচাষীদের অধিকার রক্ষার জন্য প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কোনও উল্লেখ মানীয় রাজ্যপালের ভাষণে নাই;

৪৬। রাজ্যে গ্রামীণ অর্থনীতি অর্থবহ করতে আমূল ভূমিসংস্কারের পরিকল্পনা রূপায়ণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৪৭। রাজ্যের সীমান্ত এলাকাগুলি থেকে বাংলাদেশে ধান, চাউল, গবাদি পশুর পাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৪৮। সমাজবিরোধীদের দৌরাত্ম্যে শান্তিপ্রিয় নাগরিকদের জীবন ধারণ আজ দুর্বিষহ হয়ে উঠেছে। সমাজবিরোধীদের দমন তথা সাধারণ নাগরিকগণের জীবনে নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৪৯। রাজ্যে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য প্রশমনে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৫০। রাজ্যে সার্বিক সাক্ষরতা অভিযানে প্রচারের নিমিত্ত অপ্রয়োজনীয় ব্যয় বৃদ্ধি রোধে কার্যকরি ভূমিকা গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৫১। রাজ্যে শত্রুর সম্পত্তি (Enemy Properties) সঠিকভাবে রক্ষণাবেক্ষণে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৫২। রাজ্যে পশুপালন আধিকারিকের অধীনে পশুখাদ্য উৎপাদনের জন্য অধিগৃহীত পতিত জমি উৎপাদনমুখী করার পরিকল্পনার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৫৩। রাজ্যের সংরক্ষিত বনাঞ্চল থেকে গাছ কাটা বন্ধ করতে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহনের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই; এবং

৫৪। রাজ্যে জনস্বার্থে জমি অধিগ্রহণ করে বেসরকারি প্রতিষ্ঠানকে লীজ দেওয়া বা বিক্রয় করা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

The Motions of :

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ--

কিন্তু দুঃখের বিষয় যে,—

৫৫। উত্তর ২৪ পরগনা জেলার ১৮২২টি গ্রামের মধ্যে ১১২৬টি গ্রামে বিদ্যুৎ আছে। বাকি গ্রামগুলিতে আজও বিদ্যুৎ নেই। গ্রামে বিদ্যুৎ দেওয়ার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৫৬। সল্টলেক, দমদম, লেকটাউন, রাজারহাট এলাকাতে জল-নিকাশি ব্যবস্থা এতই খারাপ যে সামান্য বৃষ্টি হলে রাস্তাগুলি জলে ডুবে যায়। এইসব এলাকার জল-নিকাশি ব্যবস্থা সম্বন্ধে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৫৭। রাজ্যের সর্বত্র গ্রামীণ হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, সহায়ক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলির অবস্থা দিন দিন খারাপ হচ্ছে। ঐসব হাসপাতালসহ স্বাস্থ্যকেন্দ্রগুলিতে রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে কিন্তু রোগী ভর্তির কোনও সুব্যবস্থা নেই। ওষুধপত্র ও খাদ্য সরবরাহও নিম্ন মানের। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

৫৮। এই সরকারের আমলে নীলরতন সরকার হাসপাতালে সাধারণ রোগীরা ভর্তির সুযোগ পাচ্ছেন না। তাছাড়া শাসক দলের এক প্রয়াত নেতার চিকিৎসার জন্য ঐ হাসপাতালে ভর্তির সময় বেশ কয়েক লক্ষ টাকা ব্যয়ে অত্যাধুনিক ইনটেনসিভ কেয়ার ইউনিট চালু করা হয়েছিল। কিন্তু ঐ নেতার মৃত্যুর পরই তা বন্ধ হয়ে যায়। রাজ্য সরকার আজও সেটি খোলার কোনও ব্যবস্থা করেন নাই। হাসপাতালটির অব্যবস্থা ও ঐ ইউনিটটি খোলার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৫৯। রায়গঞ্জ শহরে সন্ত্রাস সৃষ্টিকারী দুষ্কৃতকারীদের আজও গ্রেপ্তার করা হয়নি। ফলে রায়গঞ্জে আইন-শৃঙ্খলার ক্রমশঃ অবনতি হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

৬১। রাজ্যের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলির ছাত্রছাত্রীদের ষান্মাসিক পরীক্ষার খাতা বাড়িতে অভিভাবকদের দেখানোর নির্দেশ রাজ্যের বিদ্যালয়গুলিতে ঠিকমতো না পৌঁছনোর জন্য বহু বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষিকারা ষান্মাসিক পরীক্ষার

খাতা বাড়িতে নিয়ে যেতে দিচ্ছেন না। শিক্ষার প্রসার ও শিক্ষার মান উন্নয়নের জন্য সরকারের ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৬২। কলকাতা পুরসভার জলের মেন পাইপে অসংখ্য ছিদ্র থেকে জল পড়ে গত কয়েক বছরে হেমন্ত সেতুর নিচের মাটি ক্রমশ বসে যাচ্ছে। হেমন্ত সেতুর এই ভয়াবহ অবস্থার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৬৩। ১৯৮৯ সালের জুন মাসে ভবানীপুরে ডাঃ রাজেন্দ্র রোজের অভিশপ্ত পাঁচতলা ফ্ল্যাটবাড়ির মর্মান্তিক দুর্ঘটনা সম্পর্কিত তদন্ত কমিটির পূর্ণ রিপোর্ট পেশ করে বাড়ির ডেভেলপারের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়নি ও ১৭ জন মৃত ব্যক্তির পরিবারগুলিকে আর্থিক সাহায্য আজও পুরোপুরি দেওয়া হয়নি। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

৬৪। পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার আইনের ৪৯ ধারা অনুযায়ী যোগ্য পাট্টাদারকে ফসল কাটার সময়ে ও সমস্ত ফসল ঘরে তোলার ব্যাপারে সর্বপ্রকার নিরাপত্তার ব্যবস্থা করতে আজও রাজ্য সরকার ব্যর্থ হয়েছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

৬৫। রাজ্যে ১৯৫৫ সালের ভূমি-সংস্কার আইনের নতুন সংশোধন হওয়া সত্ত্বেও ১৯৯১ সালের মে মাস হতে কৃষি জমির খাজনা কমিয়ে দেবার প্রস্তাবসহ যে সমস্ত জমি সেচপ্রাপ্ত নয়, বিশেষতঃ বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম প্রভৃতি জেলায় খাজনা আদায়ের নোটিশ আজও দেওয়া হচ্ছে কিন্তু ভূমি সংস্কার আইনের সংশোধনে ১৯৬৯ সালের স্তরে ফিরিয়ে নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি এবং তিন একর পর্যন্ত সেচ এলাকাতে জমির খাজনা মকুব কার্যকর করতে রাজ্য সরকার ব্যর্থ হয়েছেন। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

৬৬। পশ্চিমবঙ্গে পথ দুর্ঘটনার সংখ্যা সর্বভারতীয় হিসাবে দ্বিতীয় স্থানে থাকলেও এই রাজ্যে দুর্ঘটনা রোধের জন্য এবং দুর্ঘটনাজনিত বিভীষিকা থেকে জনসাধারণ তথা পথচারীদের মুক্ত করার জন্য স্কুল-কলেজে পথনীতি সংক্রান্ত ব্যাপারে প্রাথমিক ধারণা ও কর্তব্য শিক্ষার সঙ্গে যুক্ত করে তা সমস্ত রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে অবগত করতে রাজ্য সরকার ব্যর্থ হয়েছেন—মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

৬৭। রাজ্যে যানবাহন সংক্রান্ত পথ দুর্ঘটনা রোধের জন্য গণমাধ্যমগুলিসহ পথচারী, চালক, শিক্ষার্থী চালকদের অবশ্য পালনীয় কর্তব্য ও সর্বাধুনিক ও বিজ্ঞানসম্মত বাস্তব নিয়ম-কানুন সম্বন্ধে অবহিত করতে শিক্ষামূলক প্রচার, বিশেষজ্ঞ দ্বারা অবশ্য পালনীয় কর্তব্যগুলি আলোচনা, বিশ্লেষণ এবং সচল ও স্থিরতথ্যচিত্র, ও অনুপ্রেরণামূলক বিভিন্ন উন্নতমানের কলাকৌশল সম্বলিত ভিডিও ক্যাসেট প্রদর্শনে রাজ্য সরকারের অগ্রণী ভূমিকার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৬৮। রাজ্য সরকারের যেখানে আর্থিক বছরগুলিতে বিক্রয় কর আদায়ে ব্যর্থ হচ্ছেন, সেখানে নতুন করে আবগারি শুল্কের জন্য বিভিন্ন এলাকায় বার স্থাপনের অনুমতি দিচ্ছেন। ফলে মাদক দ্রব্যের ব্যবহার ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে। রাজস্ব সংগ্রহে রাজ্য সরকারের এই উদ্যমকে প্রতিহত করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৬৯। পশ্চিমদিনাজপুর জেলার বাংলাদেশ সীমান্ত এলাকায় অপ্রীতিকর ঘটনা দৈনন্দিন ব্যাপার। সীমান্তবর্তী এলাকার অপরাধমূলক কাজ বন্ধ করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৭০। পশ্চিমবঙ্গের উপকূলে ভাসমান তেল সমগ্র বঙ্গোপসাগরে ছড়িয়ে পড়ে রাজ্যের সমুদ্রোপকুল এলাকার পরিবেশকে দূষিত করার সম্ভাবনা ক্রমশ বেড়েই চলেছে—মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

৭২। রাজ্যে এখনও তফসিলি ও আদিবাসী নারীদের নিগ্রহ চলছে। বালুরঘাটে এই ঘটনায় পুলিশের গুলি চালনায় নারিকাঝোরা গ্রামের ৩ জন আদিবাসী আহত হয়েছেন। গোটা নারিকাঝোরা গ্রামটি আগুনে ভস্মীভূত হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

৭৩। গত পাঁচ বছরে প্রকাশ্য দিবালোকে বৃহত্তর কলকাতার বিভিন্ন এলাকাতে কয়েকশত ফ্লাটে ডাকাতি হয়েছে এবং বহু মূল্যবান জিনিসপত্র চুরি হয়েছে ও জীবনহানিও ঘটেছে কিন্তু তার কোনও প্রতিকার আজও হয়নি। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই; এবং

৭৪। উত্তর ২৪ পরগনা জেলার বহু শিল্প প্রতিষ্ঠান রুগ্ন ও বন্ধ হয়ে আছে। কয়েক লক্ষ শ্রমিকের ভবিষ্যৎ এই শিল্পগুলির সঙ্গে জড়িত। বন্ধ কারখানা চালু করা সহ রুগ্নশিল্পগুলিকে পুনরুজ্জীবিত করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

The motions of :

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ--

কিন্তু দুঃখের বিষয় যে,—

৭৫। উত্তর ২৪ পরগনার ঠাকুরনগরে "বারাউনির মেলাকে" "জাতীয় মেলার" স্বীকৃতি দানের কোনও ঘোষণা মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৭৬। উত্তর ২৪ পরগনার ঠাকুরনগরে শাসকদল, সমাজবিরোধী এবং পুলিশের অত্যাচারে বহু সাধারণ মানুষ এবং কংগ্রেস কর্মী ঘরবাড়ি ছাড়া; এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৭৭। উত্তর ২৪ পরগনা জেলার ঠাকুরনগরে স্বর্গীয় প্রমথরঞ্জন ঠাকুরের নামে একটি ডিগ্রি

কলেজ স্থাপনের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৭৮। উত্তর ২৪ পরগনা জেলার বেড়ী গোপালপুর থেকে বারাসত (ভায়া গোবরডাঙ্গা) পর্যন্ত দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস চালু করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৭৯। উত্তর ২৪ পরগনার গোবরডাঙাতে ৩০ শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতাল নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে সে বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৮০। উত্তর ২৪ পরগনার গোবরডাঙাতে নতুন আই. সি. ডি. এস. প্রকল্প চালু করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৮১। উত্তর ২৪ পরগনা জেলার গোবরডাঙায় যমুনা নদীর উপর একটি পাকা সেতু তৈরির জন্য জনগণের দাবির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

৮৩। রাজ্যের পরিবহন সমস্যার প্রতিকারের বিষয়ে রাজ্য সরকার উদাসীন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

৮৪। পশ্চিমবঙ্গে প্রতিটি কর্মসংস্থান বিনিয়োগ কেন্দ্রে যে চূড়ান্ত নৈরাজ্য এবং শাসক দলের দলবাজি চলছে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৮৫। পশ্চিমবঙ্গে প্রায় সব সরকারি গ্রামীণ হাসপাতালগুলিতে ডাক্তারের উপস্থিতি কম, অ্যাম্বুলেন্স ও ঔষধ অপ্রতুল। এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৮৬। পশ্চিমবঙ্গে ভয়াবহ বেকার সমস্যার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৮৭। রাজ্যে ব্যাপক লোড্‌শেডিং-এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৮৮। রাজ্যের শিক্ষাক্ষেত্রে চরম নৈরাজ্য এবং শাসক দলের দলবাজি চলছে, তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৮৯। পশ্চিমবঙ্গে হাজার হাজার অবসরপ্রাপ্ত বিদ্যালয় শিক্ষকদের দ্রুত পেনশন দেওয়ার ব্যবস্থা করতে সরকারি অক্ষমতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৯০। রাজ্যের চলকল ধর্মঘটের মীমাংসার জন্য রাজ্য সরকারের ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৯১। পশ্চিমবঙ্গের সীমান্তবর্তী জেলাগুলিতে রাজ্যের শাসকদলের কর্মীদের মদতে যে ব্যাপক চোরাচালান হচ্ছে এর ফলে জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৯২। রাজ্য সরকারের ব্যর্থতার অত্যাবশ্যক পণ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি ঘটছে ফলে সাধারণ মানুষ প্রচণ্ড দুর্দশার সম্মুখীন হয়েছেন—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৯৩। পশ্চিমবঙ্গে পঞ্চম শ্রেণীর ইতিহাস বইটি সরকারের বৃহত্তম শরিক দলের রাজনৈতিক দলিলে পরিণত হওয়ায় ছাত্রছাত্রীরা অসুবিধায় পড়ছে—এর প্রতিকারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৯৪। গাইঘাটা বিধানসভা এলাকায় গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচির চূড়ান্ত অবহেলার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৯৫। উত্তর ২৪ পরগনা জেলার হাবড়া থেকে বনগাঁ পর্যন্ত (ভায়া ঝাউডাঙা) দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস চালু করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৯৬। উত্তর ২৪ পরগনা জেলার বারাসত থেকে চাঁদপাড়া পর্যন্ত দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস চালু করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৯৭। গত ডিসেম্বর এবং জানুয়ারি মাসে ('৯১-'৯২) ভোটার তালিকা প্রণয়নকালে গাইঘাটা এলাকায় বহু প্রকৃত ভোটারের নাম এবং কংগ্রেস দলের সমর্থনকারী বহু ভোটারের নাম ইচ্ছাকৃতভাবে বাদ দেওয়া হয়েছে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৯৮। গত ডিসেম্বর এবং জানুয়ারি মাসে ('৯১-'৯২) ভোটার তালিকা তৈরির সময় গাইঘাটা এলাকায় সরকারের সমর্থনকারী বহু অপ্রাপ্ত বয়স্ক ভোটারের নাম এবং বাংলাদেশি নাগরিকদের নাম সংযোজন করা হয়েছে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

৯৯। উত্তর ২৪ পরগনার গাইঘাটা এলাকায় কংগ্রেস কর্মীদের জমিজমা রাজ্যের শাসক দলের কর্মীরা প্রশাসনের মদতে জোর করে দখল করছে, এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১০০। গাইঘাটা বিধানসভা এলাকার রাস্তাঘাটের বেহাল অবস্থা এবং এর ফলে জনগণের অশেষ দুর্গতির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১০১। উত্তর ২৪ পরগনার গাইঘাটা বিধানসভার এলাকাধীন বিভিন্ন গ্রামে গরিষ্ঠ শাসকদল ক্রমাগত সমাজবিরোধীদের দিয়ে মারদাঙ্গা, বোমাবাজি এবং খুন ও ডাকাতির ঘটনা ঘটিয়ে গ্রামগুলিতে যে ভয়াবহ অবস্থা সৃষ্টি করেছে তার প্রতিকারার্থে ও খুন, ডাকাতি বন্ধ করতে সরকারি ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১০২। উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা ব্লকে জলেশ্বর, ইছাপুর এবং তেঁতুলবেড়িয়া

গ্রামে কংগ্রেস কর্মীদের উপর শাসকদলের অত্যাচার এবং বয়কট চলছে, তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

১০৩। উত্তর ২৪ পরগনা জেলায় সাক্ষরতা অভিযানে শুধুমাত্র সরকারের প্রধান শরিক দলের দলবাজির জন্য এই অভিযানে আশানুরূপ ফল পাওয়া যাচ্ছে না, এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motions of :

শ্রী আব্দুল মান্নান ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ--

কিন্তু দুঃখের বিষয় যে,—

১০৪। রাজ্যে পঞ্চায়েত-এর দুর্নীতির জন্য গ্রামবাংলার সামগ্রিক উন্নতি যেভাবে ব্যাহত হয়েছে তাতে সমস্ত দিকে সঙ্কট দেখা দিয়েছে। কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

১০৫। নির্দিষ্ট সময়ে প্রাথমিক বিদ্যালয়গুলিতে সরকারের পক্ষ থেকে পাঠ্যপুস্তকের সরবরাহের অভাবে গত বছর কয়েক লক্ষ ছাত্রছাত্রী কোনও পাঠ্যপুস্তক পায়নি। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১০৬। রাজ্যের শিক্ষা ব্যবস্থায় চরম নৈরাজ্য চলছে। গত বছর উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশের সময় এই বিভাগের ব্যর্থতার ফলে কয়েক হাজার ছাত্রছাত্রীর ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলা হয়েছে। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১০৭। রাজ্যের রাস্তাঘাটগুলি দীর্ঘকাল মেরামতের অভাবে বহু রুটে বাস চলাচল বন্ধ হয়ে গেছে। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১০৮। রাজ্যে বিদ্যুৎ সঙ্কট সমাধানে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

১০৯। রাজ্য মহিলা নিগ্রহের ঘটনা দিনের পর দিন বেড়ে চলেছে। পুলিশের মধ্যেও কতিপয় ব্যক্তি এই জঘন্য অপরাধের সহিত জড়িত। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নাই;

১১০। সম্পূর্ণ অগণতান্ত্রিকভাবে কংগ্রেস পরিচালিত বৈদ্যবাটি পুরসভার বোর্ড থেকে কংগ্রেস দলের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানকে অপসারিত করে শাসক দলের লোককে ঐ দুটি পদে বসানো হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নাই;

১১১। স্টান্ডার্ড ফার্মাসিউটিক্যাল ওষুধের কারখানাটি দীর্ঘদিন যাবৎ বন্ধ আছে। সেটি খোলার

ব্যাপারে রাজ্য সরকারের কোনও প্রচেষ্টার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১১২। রিষড়ার জে. কে. স্টিল কারখানাটি খোলার ব্যাপারে সরকারের কোনও প্রচেষ্টার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১১৩। ভূমিহীন ক্ষেতমজুরদের ন্যায্য মজুরি দেবার ব্যবস্থা সুনিশ্চিত করতে সরকারি ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১১৪। বেকার সমস্যা সমাধানে রাজ্য সরকারের ব্যর্থতা ও বেকারত্ব দূর করার জন্য ব্যাপক কোনও পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১১৫। রাজ্যের বন্ধ কলকারখানাগুলি খোলার ব্যাপারে রাজ্য সরকারের কোনও প্রচেষ্টার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১১৬। কলকাতা শহরে উগ্রপন্থীরা নিশ্চিন্তে ঘুরে বেড়ায়। রাজ্য সরকারের স্বরাষ্ট্র দপ্তর এ ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১১৭। রাজ্যের কয়েক লক্ষ চটকল শ্রমিক তাদের ন্যায্য দাবি আদায়ের জন্য গত ২৮শে জানুয়ারি ১৯৯২ থেকে লাগাতার ধর্মঘট চালিয়ে যাচ্ছেন। রাজ্য সরকার এ ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১১৮। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ডের টাকা যেভাবে রাজ্য সরকার সরকারি কর্মচারিদের বেতন দিতে ব্যবহার করেছেন তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১১৯। শিক্ষা জগতে নৈরাজ্য, অসমতা, শিক্ষামানের অবনতিসহ শিক্ষা-সঙ্কোচন নীতির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১২০। এই রাজ্যে শিল্প সঙ্কট ও শ্রমিক অসন্তোষের জন্য যেভাবে উৎপাদন ব্যাহত হচ্ছে এবং ক্লোজার, লক-আউট, লে-অফ যেভাবে বেড়েছে তাতে বেকারত্ব বেড়েই চলেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নাই;

১২১। মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীরা ১৯৯১ সালের শিক্ষাবর্ষে পুরা বই সরকারের নিকট হতে পায়নি, ছ'মাস অতিক্রান্ত হবার পরও সরকারি বই বিদ্যালয়গুলিতে পৌঁছায়নি ফলে ছাত্রছাত্রীরা বই-এর অভাবে শিক্ষার সুযোগ হতে বঞ্চিত হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নাই;

১২২। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাথমিক শিক্ষা পর্ষদে অ্যাড হক-এর বদলে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন করতে গত ১৪ বছর রাজ্য সরকার ব্যর্থ হয়েছেন। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১২৩। রাজ্যের বিভিন্ন জেলাতে বিশেষত বাঁকুড়া, মুর্শিদাবাদ, পুরুলিয়া, হুগলি, হাওড়া, বীরভূম

প্রভৃতি জেলায় লক্ষ লক্ষ বিড়ি-শ্রমিক ন্যুনতম মজুরিসহ চিকিৎসার সুযোগ ও সারা বছর কাজ পাচ্ছেন না। বহু বিড়ি কারখানা গত ১৪ বছরে বন্ধ হয়ে গেছে। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১২৪। এই রাজ্যে পুলিশ কর্মচারিদের মধ্যে যে পে-স্কেল চালু আছে তাতে আজও বৈষম্য বজায় রয়েছে। সিনিয়র ও জুনিয়র-এর কোনও পে-স্কেল নেই। অভিজ্ঞ কর্মচারিদের জন্য অন্য কোনও সুব্যবস্থা নেই। এই বৈষম্য দূর না করার জন্য তাদের মধ্যে বিভিন্ন রাজনৈতিক দলের সংগঠন গড়ে উঠেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নাই;

১২৫। ১৯৮৯-৯০ আর্থিক বছর হতে শিক্ষকরা আয়কর দিয়ে আসছেন কিন্তু আয়কর সংক্রান্ত বিবরণ (Returns) রাজ্য সরকার না পাঠানোর জন্য শিক্ষকরা নানা ঝামেলাতে পড়ছেন। শিক্ষাদপ্তরেও কোনও Guidelines নেই সুতরাং সুনির্দিষ্ট তথ্যপঞ্জীসমৃদ্ধ ফর্ম শিক্ষকদের দেওয়া হয় না। এই সমস্যা সমাধানের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১২৬। রাজ্যে বধূ নির্যাতনের ঘটনা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। আইন থাকলেও তা যেভাবে পুলিশ দপ্তর প্রয়োগ করেন তাতে ফাঁক থাকে। আজও ঠিকমতো আইন প্রয়োগ হয় না। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১২৭। খড়গপুরের আই. আই. টি. হোস্টেলে অত্যাচারিত ও নির্যাতিত ছাত্র হাসপাতালে চিকিৎসাধীন থাকাকালীন টি. আই. প্যারেডে অপরাধীদের সনাক্ত করেছিলেন কিন্তু কোনও প্রতিকার হয় নাই। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১২৮। রাজ্যে চুরি, ডাকাতি, নারীনিগ্রহ প্রভৃতি অপরাধের প্রতিকারের জন্য কোনও সুব্যবস্থা করার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১২৯। গমের বীজ খোলাবাজারে পৌনে ছয় টাকায় পাওয়া যাচ্ছে কিন্তু সরকার পৌনে এগারো টাকাতে গমবীজ কিনছেন। এইভাবে সরকারি টাকার অপচয় চলছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৩০। বৃহত্তর কলকাতার রাস্তার কল হতে প্রতিদিন গড়ে ৪ কোটি ৮০ লক্ষ গ্যালন পানীয় জলের অপচয় হচ্ছে। উক্ত জলের বিক্রয়মূল্য ৭ লক্ষ ২০ হাজার টাকা। এইভাবে প্রতিদিন সরকারের টাকা নষ্ট হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এই অর্থ অপচয়ের কোনও উল্লেখ নাই;

১৩১। সরকারের বিভিন্ন দপ্তরের অসহযোগিতার জন্য সমবায় আন্দোলনের ক্ষতি হচ্ছে। স্বাস্থ্যদপ্তর 'কনফেড'কে পাওনা ৫০ লক্ষ টাকা আজও দেয়নি। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৩২। সরকার বিশ্ব ব্যাঙ্কের দেওয়া অর্থ যথাযথভাবে খরচ করতে পারছেন না। মাননীয়

রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৩৩। কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্যাম্পাসে মহিলাদের যে ব্যাপকভাবে নিগ্রহ করা হচ্ছে, তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৩৪। মুর্শিদাবাদ, মালদা, পশ্চিমদিনাজপুর-এর সীমান্তে যে ব্যাপক চোরাচালান চলছে তাতে এই রাজ্য হতে চাল, নুন, চিনি, সার বাংলাদেশে যাচ্ছে। এছাড়া বেবিফুড, সাইকেল, কাপড়, ডিজেল, মাদকদ্রব্যও যে হারে যাচ্ছে তাতে এই রাজ্যে এইসব জিনিসের সঙ্কট দেখা দেবে। সীমান্ত এলাকায় জোরদার পুলিশি ব্যবস্থার জন্য কড়া সুপারিশের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৩৫। হুগলির খন্যানে পুলিশের ব্যর্থতার ফলে জনৈক গৃহবধূর মৃত্যু হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৩৬। প্রাথমিক স্তরে পাশ-ফেল প্রথা চালু করার ব্যবস্থা করতে আজও রাজ্য সরকার ব্যবস্থা নেননি, মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৩৭। রাজ্য সরকার সীমান্তবর্তী এলাকাগুলি দিয়ে ৯.৯ কুইন্টাল পণ্য সীমান্তের একদম শেষ পর্যন্ত নিয়ে যাবার যে নির্দেশ দিয়ে রেখেছেন তা কঠোরভাবে প্রয়োগ করা হচ্ছে না—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই; এবং

১৩৮। রাজ্যে সাক্ষরতা অভিযানে বাঁকুড়া, হুগলি, বর্ধমান, বীরভূম, কুচবিহার জেলার জন্য ২৫ কোটি ৩৫ লক্ষ টাকার কর্মসূচির মাধ্যমে ৬৮ লক্ষ ৪১ হাজার নরনারীকে সাক্ষর করার জন্য ১৯৯১ সালের ৩১শে মার্চের মধ্যে সম্পন্ন হবার কথা ছিল কিন্তু তা কার্যকরি হয় নাই। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

The motions of :

ডাঃ মানস ভুঁইয়া ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ--

কিন্তু দুঃখের বিষয় যে,—

১৩৯। রাজ্যে ফসল কাটার হিংসাশ্রয়ী ঘটনা বন্ধ করার জন্য ভূমি সংস্কার আইন বলে ব্লক পর্যায়ে যে কমিটি হয়েছে তাতে সরকারের বৃহত্তম শরিকদল যথেচ্ছচার করছেন। এর প্রতিকারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৪০। ভূমি-সংস্কার আইনের সংশোধন হওয়া সত্ত্বেও পূর্বতন জমির মালিককে বর্গাদারের নিজের খরচে চাষের ক্ষেত্রে ২৫ ভাগ এবং জমির মালিকের খরচে ভাগচাষীর চাষের ক্ষেত্রে ৫০ ভাগ ফসল দেওয়া যে প্রথা আছে তা আজও কোনওভাবেই রাজ্য সরকার কার্যকর করতে পারেন নাই। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৪১। মেট্রো রেলের সম্প্রসারণের জন্য কেন্দ্রীয় সরকার জমির ক্ষতিপূরণ বাবদ টাকা দেওয়া সত্ত্বেও রাজ্য সরকার মেট্রো রেলকে জমি হস্তান্তর করতে ব্যর্থ হয়েছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৪৪। পশ্চিমদিনাজপুর জেলা ভাগ নিয়ে যে কোন্দল সরকারের শরিক দলগুলির মধ্যে শুরু হয়েছে তা প্রতিকারের জন্য রাজ্য সরকার জেলা বিভাজনের জন্য গঠিত সর্বদলীয় প্রস্তাবকে বাস্তবমুখী করেন নাই। এই বিভাজনে সমবন্টন নীতি ঠিকমতো কার্যকর না হওয়ার জন্য বালুরঘাটের ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা দেখা দিয়েছে। জেলাটির বিভাজনে যে অসাম্যতা এসে গিয়েছে তার প্রতিকারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৪৬। পশ্চিমবঙ্গে প্রত্যেক বছরে যেভাবে বিদ্যুতের দাম বাড়ান হচ্ছে তা ভারতবর্ষের অন্য রাজ্যে ঘটে নাই। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৪৭। রাজ্যে গত ১৪ বছরে সাগরদ্বীপসহ বিভিন্ন নদ-নদীতে যে নৌকাডুবি হয়েছে এবং তাতে যে কয়েক হাজার যাত্রীর মৃত্যু ঘটেছে, তার পূর্ণ তদন্ত রাজ্য সরকার আজ পর্যন্ত করতে সক্ষম হন নাই। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৪৮। রাজ্য সরকারের অনুমোদনপ্রাপ্ত উদ্বাস্তু কলোনিগুলিতে কেন্দ্রীয় সরকারের যে জমি আছে সেগুলি কলোনির অনুকূলে বৈধকরণের ব্যাপারে অবিলম্বে কেন্দ্রের হস্তক্ষেপের কথা রাজ্য সরকার আজও জ্ঞাত করেন নাই। মাননীয় রাজ্যপালের ভাষণে উদ্বাস্তুদের এই সমস্যার কোনও উল্লেখ নাই;

১৪৯। ১৯৯২ সালের ৩রা জানুয়ারি গভীর রাতে কালীঘাটে ট্রামডিপোর কাছে এক বিধ্বংসী অগ্নিকাণ্ডে গণেশ কাঁটরা ও লক্ষ্মী কাঁটরা মার্কেটের ১৮০টি স্টল ভস্মীভূত হয়। রাজ্য সরকার এই ঘটনার কারণ নিরূপণে ব্যর্থ হয়েছেন। সরকারের এই গাফিলতির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৫২। বৃহত্তর কলকাতায় ও শিল্পাঞ্চল এলাকাগুলিতে বিধিবদ্ধ রেশন ব্যবস্থা চালু থাকা সত্ত্বেও বিধিবদ্ধ রেশন এলাকা ও আংশিক রেশনিং এলাকাগুলিতে সঙ্কট ঘনীভূত হয়েছে। রাজ্য সরকার নিজস্ব খাদ্যনীতি গ্রহণ করে কেন্দ্রীয় খাদ্যনীতিকে উপেক্ষা করে কেন্দ্র-বিরোধী আন্দোলন গড়ার জন্য অসত্য তথ্য আজও পরিবেশন করে চলেছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৫৩। গ্রামের গরিব মানুষদের স্বার্থে ভূমি-সংস্কারের কাজে সরকারি অফিসারদের উদ্বুদ্ধ করা এই আইনের যথাযথ প্রয়োগে সরকারি ব্যর্থতার জন্য আজও ভূমি-সংস্কার কার্যকর হয় নাই। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৫৪। পৃথক ঝাড়খণ্ড রাজ্যের দাবি প্রসঙ্গে বিহার সরকার এবং কেন্দ্রীয় সরকার যেভাবে

আলোচনা করছেন পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রের সঙ্গে, এমনকি বিহার রাজ্যের সঙ্গেও এ ব্যাপারে কোনও আলোচনা করেন নাই। ঝাড়খণ্ড আন্দোলন প্রসঙ্গে সরকারের মতামতের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৫৫। মেদিনীপুর জেলার সবং ব্লকে দরিদ্র মৎস্যজীবী মানুষদের অর্থনৈতিক উন্নয়নের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৫৮। মেদিনীপুর জেলার সবং-এ সাধারণ শান্তিপ্রিয় মানুষের উপর গরিষ্ঠ শাসক দলের সমর্থনপুষ্ট সমাজবিরোধীদের তাণ্ডবের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৬০। মেদিনীপুর জেলার বন্যাপ্লাপিত সবং-এ প্রাথমিক বিদ্যালয়গুলির বাড়ি ভেঙে পড়েছে—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৬১। মেদিনীপুর জেলার সবং ব্লকে বিভিন্ন খুনের ঘটনায় চিহ্নিত আসামীদের গ্রেপ্তার করা হচ্ছে না। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৬২। মেদিনীপুর জেলার সবং ব্লকের স্বাস্থ্যকেন্দ্রগুলির অবস্থা ভীষণভাবে শোচনীয়, ঔষধ অপ্রতুল। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;.

১৬৩। মেদিনীপুর জেলার সবং ব্লকের বিভিন্ন গ্রামে পানীয় জলের সঙ্কটের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৬৪। মেদিনীপুর জেলার সবং ব্লকের সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের জন্য সার্বিক অর্থনৈতিক কর্মসূচির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৬৫। মেদিনীপুর জেলার সবং ব্লকে তফসিলি জাতির দরিদ্র মানুষদের জন্য কোনও সার্বিক উন্নয়নের কর্মসূচির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৬৬। মেদিনীপুর জেলার সবং ব্লকে আদিবাসী সম্প্রদায়ের দরিদ্র মানুষদের জন্য সার্বিক অর্থনৈতিক কর্মসূচির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৬৭। মেদিনীপুর জেলার সবং ব্লকে জুনিয়র স্কুলগুলিকে হাইস্কুল করার কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৬৮। মেদিনীপুর জেলার সবং ব্লকে তেমাথানী ও সবং-এ দুটি সুপার বাজার এবং গ্রামীণ কৃষি বাজার করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৬৯। মেদিনীপুর জেলার সবং ব্লকের ৪ নং অঞ্চলের কোলন্দা গ্রামে গরিষ্ঠ শাসক দলের সমর্থকেরা যে ঘরবাড়ি লুঠ করেছে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৭০। মেদিনীপুর জেলার সবং ব্লকে গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচি গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ একেবারে থেমে আছে—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৭১। মেদিনীপুর জেলার সবং ব্লকে আমছাখালি, সতীর খাল, কালচিনির খাল, দেবী খালের পূর্ণাঙ্গ সংস্কারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৭২। মেদিনীপুর জেলার সবং ব্লকের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কুকুরে কামড়ানো রোগীদের চিকিৎসার জন্য অ্যান্টি-রেবিজ ভ্যাকসিন পাওয়া যাচ্ছে না—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৭৩। মেদিনীপুর জেলার সবং ব্লকে বড়চারা থেকে আদা সিমলা-ঘড়িকা হয়ে ভূয়ারঘাটের রাস্তাটি পঞ্চায়েত সমিতি ও জেলাপরিষদের দলাদলির জন্য মেরামত হচ্ছে না—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৭৪। মেদিনীপুর জেলার সবং ব্লকে পঞ্চায়েত সমিতির স্বেচ্ছাচারিতা এবং পঞ্চায়েতের কাজে চূড়ান্ত দলবাজির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৭৫। মেদিনীপুর জেলার সবং ব্লকে ক্রমবর্দ্ধমান নারী নির্যাতন এবং বধূ হত্যার ঘটনার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৭৬। মেদিনীপুর জেলার সবং ব্লকের তেমাথানী, মোহাড় এবং বিষ্ণুপুরে পানীয় জলের নলবাহী প্রকল্প স্থাপনের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৭৭। মেদিনীপুর জেলার সবং ব্লকের প্রায় ২০০ কে.এম. পুরানো জমিদারি বাঁগুলি সংস্কারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৭৮। মেদিনীপুর জেলার সবং ব্লকের মধ্য দিয়ে প্রবাহিত কপালেশ্বরী-কেলেঘাই নদীর সংস্কার এবং সংলগ্ন মৌজার জল-নিকাশি প্রকল্পের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৮১। মেদিনীপুর জেলার সবং ব্লকে কুষ্ঠ রোগীদের চিকিৎসার যে চরম দুরবস্থা চলছে তার কোনও উল্লেখ মাননীয় রজ্যপালের ভাষণে নাই;

১৮২। মেদিনীপুর জেলার সবং ব্লকে সবং সজনীকান্ত মহাবিদ্যালয়-এর উন্নয়ন পরিকল্পনার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৮৩। রাজ্য সরকার হাওড়া ময়দানের পশ্চিমবঙ্গ অসামরিক প্রতিরক্ষাবাহিনীর প্রধান অফিসটি শিবপুরে তুলে নেওয়ার ব্যবস্থা করাতে আদিবাসীদের মনে প্রচণ্ড ক্ষোভের সৃষ্টি হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৮৪। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের খাতা দেখার অনীহা ক্রমেই বেড়ে চলেছে। শিক্ষকরা বেশির ভাগ প্রাইভেট টিউশন-এর কাজে ব্যস্ত থাকছেন। ১৪৭ একর

জমির উপর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস অবস্থিত। ৪৭ একর জমির বিশ্ববিদ্যালয় এখনও দখল নিতে পারে না। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যথাসময়ে পরীক্ষার ফলাফল প্রকাশ করতে পারছেন না। উক্ত বিশ্ববিদ্যালয়ের বহুমুখী সমস্যা সমাধানের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৮৫। সেন্ট্রাল কাউন্সিল অফ হোমিওপ্যাথির প্রতিনিধি দল রাজ্যের হোমিওপ্যাথিক কলেজগুলির বর্তমান পরিস্থিতি সরেজমিনে তদন্ত করলেও রাজ্যের হোমিওপ্যাথি কলেজ ও হাসপাতালগুলির সমস্যা সমাধানের কোনও প্রতিকার আজও হয়নি। রাজ্যের হোমিওপ্যাথি কলেজ ও হাসপাতালগুলির দুরবস্থা ও অসহায় পরিস্থিতির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৮৬। জমির ক্ষতিপূরণের টাকা না পাওয়ায় স্থানীয় মানুষ হাড়েয়া-কুলটি গাং বেসিন ড্রেনেজ প্রকল্পের কাজ করতে দিচ্ছে না। ৮ কোটি টাকার প্রকল্পের ভবিষ্যৎ নষ্ট হতে চলেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৮৭। কলসুর-বাগজোলা লার্জ-সাইজড কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি লিমিটেডের সার বিভাগের ১৮ লক্ষ টাকার হিসাব পাওয়া যায়নি। লক্ষ লক্ষ টাকার সার ক্রয়-বিক্রয় বা যা কিছু হোক না কেন সে সম্পর্কে উর্ধ্বতন কর্তৃপক্ষকে এখনও কোনও চূড়ান্ত রিপোর্ট দেওয়ার ব্যবস্থা সমবায় প্রতিষ্ঠানটি করেনি। মাননীয় রাজ্যপালের ভাষণে এই দুর্নীতির কোনও উল্লেখ নাই;

১৮৮। বজবজে প্রস্তাবিত ৫০০ মেগাওয়াটের তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য প্রয়োজনীয় জমি রাজ্য সরকার অধিগ্রহণ করাতে ব্যর্থ হওয়ায় প্রস্তাবিত তাপবিদ্যুৎ কেন্দ্রটি বন্ধ হবার উপক্রম হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৮৯। রাজ্যের বাসস্থানের সুব্যবস্থা ও চাহিদার তুলনায় ফ্ল্যাট নির্মাণ ব্যাপারে আবাসন দপ্তরের যে গাফিলতি চলছে তার প্রতিকারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপারে ভাষণে নাই;

১৯০। রাজ্যের মহানগরীতে ব্যাপকভাবে নারী নিগ্রহের ঘটনা ঘটেই চলেছে, তার প্রতিকারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৯১। পশ্চিমবঙ্গের সবকটি বিশ্ববিদ্যালয়ের দু-বছর পাশ কোর্সের ছাত্রছাত্রীরা সর্বভারতীয় শিক্ষাবর্ষ অনুযায়ী স্বীকৃত না হওয়াতে হাজার হাজার ছাত্রছাত্রী অসহায়ভাবে উচ্চশিক্ষার সুযোগ হতে বঞ্চিত হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৯২। রাজ্যে অন্যান্য জিনিসপত্রের তুলনায় গম ও চালের দর যেভাবে বৃদ্ধি পেয়েছে তাতে সাধারণ মানুষসহ দরিদ্র ও খেটে খাওয়া মানুষেরা অর্ধাহার ও অনাহারে দিন কাটাচ্ছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৯৩। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের স্মৃতি বিজড়িত বাড়িটি ধ্বংসের হাত হতে রক্ষা করার

ব্যবস্থা রাজ্য সরকার আজও করেন নাই। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নাই;

১৯৪। রাজ্যের শোচনীয় আর্থিক অবস্থার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৯৫। নিম্নমানের কয়লা সরবরাহের ফলে রাজ্যের তাপবিদ্যুৎ কেন্দ্রগুলিতে বিদ্যুতের উৎপাদন ব্যাহত করছে তার প্রতিকারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই; এবং

১৯৬। ব্যবসা ও ঘরবাড়ি তৈরির জন্য রাজ্যের ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলি হতে অর্থ সাহায্যের পরিকল্পনা এই রাজ্যে কার্যকর হয় নাই। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই।

The motion of :

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ--

কিন্তু দুঃখের বিষয় যে,—

১৯৭। এই রাজ্যে প্রশাসনিক নিরপেক্ষতার অভাব এবং আইন-শৃঙ্খলার অবনতি সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১৯৮। রাজ্যের ভয়াবহ বেকার সমস্যা এবং উক্ত সঙ্কট নিরসনে রাজ্য সরকারের ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

১৯৯। নারী নির্যাতন এবং ক্রমবর্ধমান পাশবিক আক্রমণের ঘটনা যেভাবে এই রাজ্যে নারী সমাজের সম্ভ্রমপূর্ণ জীবনযাত্রা ও নিরাপত্তাকে বিঘ্নিত করে তুলেছে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২০০। কুচবিহার জেলার কুচলিবাড়ি যাতে ভারতের মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন হয়ে নতুন ছিটমহলে পর্যবসিত না হয় সে উদ্দেশ্যে তিনবিঘা সম্পর্কিত ভারত-বাংলাদেশ চুক্তির পরিবর্তন করে বাংলাদেশ সরকারের সাথে নতুন ভাবে চুক্তি করার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কোনও প্রস্তাব দিচ্ছেন কিনা সে সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

২০১। শিক্ষার মান উন্নয়নের স্বার্থে প্রাথমিক স্তরে ইংরাজি শিক্ষা এবং পাশ-ফেল প্রথা পুনঃপ্রবর্তন করার সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন কিনা সে সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

২০২। অবসরপ্রাপ্ত বিদ্যালয়-শিক্ষকদের পেনশন পাওয়ার ব্যবস্থা ত্বরান্বিত করতে সরকারি ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২০৩। রাজ্যের হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলি বেহাল অবস্থা বিশেষ করে অত্যাবশ্যকীয় জীবনদায়ী ঔষধ সরবরাহ কার্যত যেভাবে বন্ধ করে দেওয়া হয়েছে সে সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

২০৪। খাদ্য শস্যের রেকর্ড ফলনের দাবি সত্ত্বেও রাজ্য থেকে চাল-গম পাচার বন্ধ করার উদ্দেশ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং আভ্যন্তরীণ খাদ্য সংগ্রহ ব্যবস্থা জোরদার করতে ও বলিষ্ঠ খাদ্যনীতি গ্রহণে সরকারি ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২০৫। রাজ্য সরকার কর্তৃক বিদ্যুৎ, দুধ, পাউরুটি প্রভৃতি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি এবং মজুতদার ও অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ মূল্য বৃদ্ধিজনিত সমস্যা নিরসনে সরকারি ব্যর্থতা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

২০৬। এই রাজ্যে রাস্তাঘাটের বেহাল অবস্থা এবং এর ফলে জনজীবনের অশেষ দুর্গতির কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই; এবং

২০৭। সরকারি নিষ্ক্রিয়তার জন্য এই রাজ্যে. ব্যাপকহারে পরিবেশের ভারসাম্য বিনষ্ট হওয়ার সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই।

The motion of :

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ--

কিন্তু দুঃখের বিষয় যে,—

২০৮। বামফ্রন্টের কার্যকালে সরকারি অফিস ও উদ্যোগসমূহে কর্তব্যের প্রতি ক্রমবর্ধমান অবহেলা এবং কাজ না করার প্রবণতা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, এ সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২০৯। উত্তর ২৪-পরগনার ঠাকুরনগর উচ্চ-বিদ্যালয়ে তফসিলি জাতি/উপজাতি ছাত্রছাত্রীদের থাকার জন্য হোস্টেল তৈরি করার পরিকল্পনা সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২১০। দ্রব্যমূল্য বৃদ্ধি এবং সাধারণ মানুষের নিত্য ব্যবহার্য জিনিসপত্র সময় বিশেষে দুষ্প্রাপ্য হওয়া সম্পর্কে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

২১১। রাজ্যের অনুন্নত এবং অপেক্ষাকৃত অনগ্রসর এলাকাসমূহের উন্নয়নের কোনও পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২১২। গত এক বৎসরে শাসক দলের কর্মীদের দ্বারা পশ্চিমবঙ্গের কতজন নারী নিগৃহীত

হয়েছেন, তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২১৩। গাইঘাটা বিধানসভা এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষায় প্রশাসনিক ব্যর্থতার বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২১৪। বেকারদের কর্মসংস্থানে রাজ্য সরকারের উদ্যোগ সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২১৫। রাজ্য সরকার পরিচালিত সরকারি সংস্থাগুলি ক্রমশ রুগ্ন ও দুর্বল হয়ে পড়ার সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২১৮। রাজ্য সরকার ভূমি সংস্কারের কথা বলে ভূমিহীনদের জমি না দিয়ে জোতদারদের স্বার্থ রক্ষা করছে; এ বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২১৯। গাইঘাটার বিষ্ণুপুর এলাকায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

২২০। গাইঘাটা এলাকায় স্টেট জেনারেল হাসপাতাল স্থাপন করার কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

২২১। উত্তর ২৪ পরগনার চাঁদপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২২২। গাইঘাটার ঝাউডাঙা অঞ্চলে পশু-চিকিৎসালয় স্থাপন করার কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

২২৩। রাজ্য সরকারের ভ্রান্ত ও উদ্দেশ্যপ্রণোদিত শিক্ষানীতির ফলে প্রাথমিক স্তর থেকে শিক্ষার সব ক্ষেত্রেই সমস্যা জর্জরিত ও হতাশাগ্রস্ত। সর্বভারতীয় শিক্ষার ক্ষেত্রেও পশ্চিমবঙ্গের পশ্চাদপসারণ প্রভৃতি বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২২৫। অবসর গ্রহণের এক মাসের মধ্যে পশ্চিমবঙ্গের সমস্ত স্কুল-শিক্ষককে পেনশন প্রদান সম্পর্কে কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২২৬। গাইঘাটার ঠাকুরনগরে একটি সরকারি গ্রন্থাগার স্থাপন করার কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২২৭। উত্তর ২৪ পরগনার চাঁদপাড়ার নতুন বি. এড. কলেজ স্থাপন করার সরকারি পরিকল্পনার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২২৮। গাইঘাটার শিমুলপুর আনন্দপাড়া নরহরি বিদ্যাপীঠকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উন্নীত করার সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২২৯। গোবরডাঙ্গা কলেজ Bio-Science ও অনার্স কোর্স চালু করার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৩০। সুব্রত কাপ জয়ী মধ্যমগ্রাম হাইস্কুলকে খেলার মাঠের জন্য সরকারি আর্থিক সাহায্য দেওয়া সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৩১। উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রাম হাইস্কুলে খেলাধুলার উন্নতির জন্য মাল্টি-জিমন্যাসিয়াম স্থাপন করার কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৩২। গাইঘাটার চাঁদপাড়ায় স্টেডিয়াম নির্মাণের কাজ কবে শেষ হবে সে সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৩৩। কলকাতা থেকে গাইঘাটা সরকারি বাস চালানোর কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৩৪। বারাসত-গোবরডাঙ্গা রুটে সরকারি বাস চালানোর কোনও পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৩৫। উত্তর ২৪ পরগনার চাঁদপাড়ায় দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস গুমটি নির্মাণ করার প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৩৬। গাইঘাটা বিধানসভা কেন্দ্রের ঠাকুরনগর থেকে গোবরডাঙ্গা পর্যন্ত পাকা রাস্তা নির্মাণের কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৩৭। উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামে উড়ালপুল নির্মাণের কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৩৮। গাইঘাটার সুঁটিয়া নাগবাড়ী এলাকায় ভেঙে পড়া সেতু পুনর্গঠনের কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৩৯। গাইঘাটা এলাকায় যমুনা নদীর সংস্কারের কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৪০। উত্তর ২৪ পরগনার গোবরডাঙ্গা থেকে বেড়ি গোপালপুর পর্যন্ত ভাঙা রাস্তা দ্রুত সারানোর কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৪১। বন্যা বিধ্বস্ত-বাঁধগুলির মেরামত কিংবা পুনঃনির্মাণ সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৪২। রাজ্যের পঞ্চায়েতগুলিতে অনিয়ম, দুর্নীতি ও তহবিল তছরূপের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৪৩। কংগ্রেস দল পরিচালিত বনগাঁ মহকুমার কানুপুর গ্রাম পঞ্চায়েতের আর্থিক বরাদ্দ

কমিয়ে দেওয়া সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৪৪। কংগ্রেস দলের পরিচালিত গোবরডাঙ্গা পৌরসভাকে কোনও সরকারি আর্থিক অনুদান দেওয়া হচ্ছে না, এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৪৬। গাইঘাটার উন্নয়নে গাইঘাটা পঞ্চায়েত সমিতির ব্যর্থতার বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৪৭। চাঁদপাড়া পঞ্চায়েত এলাকাকে পৌর এলাকা বলে ঘোষণা করার কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৪৮। উত্তর ২৪ পরগনার গোবরডাঙ্গার ৩৩ কে. ভি. বিদ্যুৎ সাব-স্টেশন নির্মাণের কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৪৯। বনগাঁ মহকুমার সাতভাই কালীতলা সীমান্তবর্তী হওয়া সত্ত্বেও এখনও বিদ্যুৎ যায়নি—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

২৫০। গাইঘাটা এলাকায় রেশন ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়েছে—এ বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৫১। পশ্চিমবঙ্গে তফসিলি জতি/উপজাতিদের পারিবারিক রেশন কার্ড দেওয়া সম্পর্কে কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৫২। গাইঘাটায় তফসিলি জাতি/উপজাতি অধ্যুষিত বিভিন্ন গ্রামে লোকদীপ প্রকল্পে বিদ্যুৎ না পৌঁছানো সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

২৫৩। উত্তর ২৪ পরগনার গোবরডাঙ্গায় যমুনা নদীর তীরে পর্যটক আবাস নির্মাণের কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motion of :

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ--

কিন্তু দুঃখের বিষয় যে,—

২৫৪। বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ভবনগুলি মেরামতের অভাবে ভেঙে পড়ছে। এই প্রতিষ্ঠানগুলিকে সাহায্য দেবার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৫৫। শিক্ষকগণের পেনশন পেতে যেখানে বহুবছর সময় লাগছে, সেখানে সরকারের সমর্থক কিছু শিক্ষক অতি অল্প কয়েকদিনের মধ্যে পেনশন পেয়ে যাচ্ছেন, কিভাবে সমগ্র শিক্ষকসমাজ উপকৃত হতে পারেন তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৫৬। ক্রমবর্ধমান চুরি, ডাকাতি, খুন, নারীনিগ্রহ প্রভৃতি অপরাধ প্রতিরোধের জন্য কি সুনির্দিষ্ট পদক্ষেপ সরকার গ্রহণ করবেন তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই;

২৫৭। চলতি চটকল ধর্মঘট মেটানোর কোনও প্রস্তাব বা ইঙ্গিত মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৫৮। কিভাবে ৫২ লক্ষ বেকার ভাইদের সমস্যার সমাধান করা হবে তার কোনও উল্লেখ বা পথনির্দেশ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৫৯। রাজ্য স্বাস্থ্য দপ্তরের অযোগ্যতার সব হাসপাতালগুলিতে চরম নৈরাজ্য চলছে এবং রোগগ্রস্ত ব্যক্তিদের প্রায় কোনও সুচিকিৎসাই হচ্ছে না, তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৬০। মানব সাহার হত্যাকাণ্ডের রহস্য পুলিশ প্রশাসন উদ্ধার করতে ব্যর্থ হয়েছে—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৬১। গত বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্য দেবার প্রতিশ্রুতি এখনও রাজ্য সরকার পালন করেননি, তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই; এবং

২৬২। সাক্ষরতা অভিযানের নামে কেন্দ্রীয় সরকার যে কোটি কোটি টাকা রাজ্য সরকারকে দিচ্ছেন তার সদ্ব্যবহার করতে সরকারি ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

The motion of :

শ্রী জটু লাহিড়ী ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ---

কিন্তু দুঃখের বিষয় যে,—

২৬৩। মেদিনীপুরে সাক্ষরতা নিয়ে সরকারের বৃহত্তর শাসকদল সস্তা রাজনীতি করছেন। সাক্ষরতার নামে নানারকম অপকর্ম চলছে। শাসকদলের বৃহত্তর শরিক দল সাক্ষরতা প্রসারসূচির অজুহাতে দলীয় কর্মী দিয়ে পদযাত্রা, কনভেনশন, আলোচনার নামে পরোক্ষভাবে পার্টির নাম জাহির ও লক্ষ লক্ষ টাকাও অপচয় করছে। দলীয় স্বার্থ পূরণের লক্ষ্য নিয়েই এই রাজ্যের সাক্ষরতা প্রসার প্রকল্পের যাবতীয় কাজকর্ম চালানো হচ্ছে। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৬৪। গত ১৪ বছরে রাজ্যে গাঁজা, চরস, হেরোইন, দেশি-বিলাতি মদসহ চোরাইচালান কারবারে কত কোটি টাকার দ্রব্য সীজার লিস্টসহ সীজ হয়েছে তার হিসাব দিতে সরকার ব্যর্থ হয়েছেন। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৬৫। তিনশত বছরের কলকাতার পাশে পাঁচশত বছরের হাওড়া শহরে উপযুক্ত রাস্তা ও বিদ্যুৎ নাই—এর প্রতিকারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৬৬। হাওড়া জেলায় পুলিশ প্রশাসন গরিষ্ঠ শাসকদলের কথামতো কাজ করছে। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৬৭। শিবপুর কেন্দ্রের নাজিরগঞ্জ গরিষ্ঠ শাসকদলের সমর্থকরা কংগ্রেস কর্মীদের বাড়ি লুঠ করেছে। বহু মানুষ এলাকা ছাড়া—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৬৮। হাওড়া জেলার স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বেহাল চলছে। গরিব মানুষেরা চিকিৎসার কোনও সুযোগ পাচ্ছে না—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৬৯। হাওড়া জেলার শিবপুর কেন্দ্রে গরিষ্ঠ শাসকদলের উগ্র সমর্থকেরা দুইজন কংগ্রেস কর্মীকে খুন করেছে, প্রশাসন এই মর্মে কোনও ব্যবস্থা গ্রহণ করেনি—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৭০। হাওড়া জেলার শিবপুর কেন্দ্রের বিস্তীর্ণ এলাকায় পানীয় জলের অভাবে মানুষ অসহনীয় জীবন-যাপন করছে—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৭১। বিদ্যুতের অত্যধিক মূল্যবৃদ্ধিতে শিবপুর কেন্দ্রের ক্ষুদ্র শিল্পের প্রভূত ক্ষতি হচ্ছে—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৭২। হাওড়া শহরে স্যাংকী ও ইন্ডিয়া মেশিনারি কারখানা দীর্ঘদিন বন্ধ, হাজার শ্রমিক-পরিবার অনাহারে দিন কাটাচ্ছে—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই; এবং

২৭৩। হাওড়া জেলার শিবপুর কেন্দ্রের অন্তর্গত বেশিরভাগ অঞ্চলে সরকারি কোনও পরিবহন ব্যবস্থা নাই—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

The motion of :

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ—

কিন্তু দুঃখের বিষয় যে,—

২৭৪। গ্রামীণ উন্নয়ন খাতে ৪৩ কোটি টাকার কোনও হিসাব সরকার দিতে পারেনি এবং তার ফলে গ্রামের উন্নয়নের কাজ ব্যাহত হয়েছে—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৭৫। দুধের দাম বৃদ্ধির ফলে বৃদ্ধ, শিশু ও রোগীদের চরম দুরবস্থার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৭৬। বিদ্যুতের দাম বৃদ্ধির ফলে সাধারণ মানুষের উপর চরম আঘাত দেওয়া হয়েছে, তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৭৭। রাস্তা মেরামতের অভাবে বহুস্থানে Bus service বন্ধ হয়ে গেছে। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৭৮। Hospital-এ ঔষধ সরবরাহ এবং গ্রামীণ হাসপাতালে ডাক্তারের অভাবের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৭৯। রাজ্যে লাগাতার চটকল ধর্মঘট মীমাংসার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৮০। বাংলাদেশ থেকে অনুপ্রবেশ বন্ধ করার কোনও সঠিক ব্যবস্থার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৮১। কংগ্রেস পরিচালিত পুরসভাগুলিকে সরকারি সাহায্য থেকে বঞ্চিত করা হচ্ছে—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৮২। পুলিশ সরকারের গরিষ্ঠ শাসকদলের স্বার্থরক্ষায় রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে কাজ করছে, তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৮৩। পুলিশ প্রশাসনের চরম নিষ্ক্রিয়তার জন্য আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৮৪। নেতাজীকে 'ভারত-রত্ন' উপাধিতে ভূষিত করায় পশ্চিমবাংলার মানুষের প্রতিক্রিয়ার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৮৫। বালিতে পুলিশের গুলি চালনার ঘটনায় পুলিশ প্রশাসনের উপর সাধারণ মানুষের আস্থা লোপ পেয়েছে, এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

২৮৬। মানিকচকের ঘটনা এবং কলকাতায় নারীনিগ্রহের বিভিন্ন ঘটনার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

The motion of :

Shri Sougata Roy : The following be added at the end of the address viz. : --

But regret that—

287. there is no mention of the State Govt.'s efforts to reopen closed

factories like Metal Box, MMC etc.;

288. there is no mention of the State Govt.'s failure to preserve wet-lands around Calcutta and maintain eco-balance;

289. there is no mention of the rise in number of cable thefts and transmission problems of power in the State;

290. there is no mention of the continued delay in finalising the financial package for Bakreshwar;

291. there is no mention of the rise in cases of dacoity in the State;

292. there is no mention of the losses suffered by Public Sector Units in the State;

293. there is no mention of the State Govt.'s efforts to take advantage of the Centre's new Industrial Policy;

294. there is no mention of the steps taken by the State Govt. to ensure more employment opportunities for the unemployed;

295. there is no mention of the acute financial crisis of the State Govt.;

296. there is no mention of the agitation launched by a partner of the Ruling Front against implementation of the MOV in Tin Bigha;

297. there is no mention of the continuing strike in the Jute Industry and Bata Company;

298. there is no mention of the delay in completion of the Second Hooghly Bridge;

299. there is no mention of the incident of molestation to women in Manikchak P.S. in the Malda district; and

300. there is no mention of the State Govt.'s failure to ensure rapid industrial development.

The motion of :

Shri Gyan Singh Sohanpal : The following be added at the end of the address viz. : --

But regret that—

309. there is no mention about the strike in Bata Shoe Company and

the failure of the Government to ressolve the dispute through discussions; and

310. there is no mention about the establishment of new Industrial Training Institutes in the State including Kharagpur for providing technical training to the boys and girls.

The motin of :

Shri Sobhandeb Chattopadhyay : The following be added at the end of the address viz. : --

But regret that—

312. there is no mention of generation of new employment in West Bengal;

313. there is no mention of proper irrigation system in South 24 parganas in particular and irrigation of West Bengal in general;

314. there is no mention of excess staff in almost all the municipalities of West Bengal;

315. there is no mention of the incident of molestation of women at Manickchak; and

316. there is no mention of result of Literacy Drive in West Bengal.

The motion of :

Shri Prabir Banerjee : The following be added at the end of the address, viz. : --

But regret that—

317. there is no mention of mismanagements and gross irregularities in the execution of the works on Teesta Barrage in addition to the inordinate disproportion to the works done and the cost incurred;

318. there is no mention of the necessity of construction of the 2nd phase of the flood protection embankment of the river Mahananda in Itahar and adjoining areas of the district of West Dinajpur and Gazole of the district Malda;

319. there is no mention of the facts that a substantial portion of the agricultural lands vested on the State Government under the Estate

Acquisition Acts and Land Reforms Acts of the State Government, although not involved in Court cases, have not so far been distributed to the deserving landless people as yet;

320. there is no mention of the fact that the bridge over the river Mahananda on the Churaman-Chanchal Road in between West Dinajpur and Malda districts, although sanctioned and approved long ago, have not been so far considered even for elementary works before construction;

321. there is no mention of the inadequate relief measures rendered to the flood victims of North Bengal in general and Itahar in particular in spite of the total damage of crops and even huts of many people in the affected areas;

322. there is no mention of the fact of imposition of embargo even on development works of the State resulting in a standstill of the execution of all developmental schemes including planned and approved schemes by the State Government.

323. there is no mention of the fact of even-grue-some and horible conditions prevailing in the State and district hospitals and all types of health centres in West Bengal;

324. there is no mention of tremendous increase in the incidence of crime against women in the State during the last one and half decade;

325. there is no proposal of bringing at par with the rate and slab of Agricultural Income tax with the rate and slab of Income tax keeping permanently the difference of State Government treatment between the village farmers and principally urban and higher income group of people although all people are expected to be dealt with equally;

326. there is no mention of the murders of many persons under police custody particularly the one of village Doas, P. S. Gazole, district Malda by the police officer-in-charge of Harirampur police station of the district of West Dinajpur during the end of last October, 1991 although the cruelty was promptly brought under the notice of higher police authority and directly to the notice of the Hon'ble Chief Minister immediately after the murder;

327. there is no mention of the fact that the State government has done nothing so far for the Jute growers of the State who have

been all along forced to sell raw Jute at prices much below the announced support price of the jute throughout the year; and

328. there is no mention of the deterioration of the law and order in the State to such a position that the people in certain areas have started boycot of the police personel of one police station or the other forgetting their political allegiance to one party or the other, although a tall chain has always been heard that the law and order situation in the State causes no worry at all.—were then put and lost.

The following motions of Shri Subrata Mukherjee (Nos. 4, 5, 6, 14, 16, 23, 31 and 32), Shri Nurul Islam Chowdhury ((No. 37), Shri Satya Ranjan Bapuli (Nos. 60 and 71). Shri Prabir Banerjee (Nos. 82, 216, 217, 224 and 245), Dr. Manas Bhunia (Nos. 142, 143, 145, 150, 151, 157, 159, 179 and 180) and Shri Gyan Singh Sohanpal (Nos. 301 to 308 and 311) :

The motion of :

শ্রী সুব্রত মুখার্জি ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ--

কিন্তু দুঃখের বিষয় যে,—

৪। রাজ্যের প্রশাসনকে দলীয় স্বার্থে ব্যবহার করে বামফ্রন্টের বৃহত্তম শরিকদল গণতন্ত্রকে বিপন্ন করে তুলেছে। সরকারি ক্ষমতা জাতীয়তাবাদী ও শান্তিপ্রিয় মানুষের বিরুদ্ধে প্রয়োগ করা হচ্ছে—মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

৫। রাজ্যের সর্বত্র কালোবাজারি, চোরাচালান, মজুতদারী ও মুনাফাদারদের অবৈধ কার্যকলাপ প্রকাশ্যে চলছে— মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

৬। রাজ্যের বিভিন্ন স্থানে শরিকি সংঘর্ষ বিশেষত মেদিনীপুর, কুচবিহার, মুর্শিদাবাদের সাধারণ মানুষের জীবনযাত্রাকে ব্যাহত কবে তুলেছে। এ সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১৪। ডাক্তারি ও ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নিয়ে দুর্নীতি হচ্ছে। এর প্রতিকারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১৬। রাজ্যের লক্ষাধিক অবসরপ্রাপ্ত শিক্ষক ও শিক্ষাকর্মীদের পেনশন পেতে অস্বাভাবিক বিলম্বের কথা ও অবসরপ্রাপ্ত শিক্ষক ও শিক্ষাকর্মীদের উপরোক্ত অবস্থার প্রতিকার সম্পর্কে কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২৩। অষ্টম যোজনাতে বক্রেশ্বর প্রকল্প রাজ্যের একমাত্র প্রকল্প। এই প্রকল্পটিকে সরকারের বৃহত্তম শরিকদল আত্মসাৎ করেছে এবং টাকা ও জিনিসপত্র লুঠপাঠ করেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

৩১। গ্রাম-বাংলার গরিব মানুষদের জন্য ইন্দিরা আবাসন প্রকল্প হয়েছে কিন্তু কেন্দ্রের দেওয়া ঐ প্রকল্পের টাকাতে সেই পরিমাণ আবাসন তৈরি হয় নাই। উক্ত প্রকল্পের টাকাতে দলের প্রাচুর্য ক্রমশ বৃদ্ধি পেয়েছে—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

৩২। শহর ও গ্রাম-বাংলার কর্মক্ষম বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার, রাজ্যের বামফ্রন্ট সরকারকে জহর রোজগার যোজনা ও নেহেরু রোজগার যোজনা প্রকল্পের জন্য কোটি কোটি টাকা দিয়েছে কিন্তু সরকারের বৃহত্তম শরিকদল উক্ত টাকার বৃহৎ অংশ আত্মসাৎ করেছে—এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motion of :

শ্রী নুরুল ইসলাম চৌধুরি ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ --

কিন্তু দুঃখের বিষয় যে,—

৩৭। দুর্নীতিমুক্ত প্রশাসন ও সরকারি অফিসে কাজের পরিবেশ সৃষ্টির কোনও প্রয়োজনীয় ইঙ্গিত মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motion of :

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ ---

কিন্তু দুঃখের বিষয় যে,—

৬০। রাজ্য সরকারের বিরুদ্ধে বা রাজ্য সরকার কর্তৃক দাখিলীকৃত বহু মামলা রাজ্যের নিম্ন আদালতসহ মহামান্য কলকাতা হাইকোর্টে অসমাপ্ত অবস্থায় আছে। সরকারি মামলা পরিচালনার জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় হলেও পরিচালনার অভাবে সরকার প্রতিটি মামলাতে পরাজিত হচ্ছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই; এবং

৭১। বেঙ্গল পটারি, বেঙ্গল ইমিউনিটি প্রভৃতি রাজ্যের রুগ্ন রাষ্ট্রায়ত্ত ১৭টি প্রকল্পের অর্থনৈতিক রুগ্নতাসহ অন্যান্য ব্যাপারে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সাথে কোনও আলোচনা বা অষ্টম যোজনাতে কি কি সুপারিশ করেছেন তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

The motion of :

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ --

কিন্তু দুঃখের বিষয় যে,—

৮২। যুগান্তর এবং অমৃতবাজার পত্রিকা দুটি খোলার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২১৬। পশ্চিমবঙ্গ সরকার-এর পরিচালন ব্যবস্থায় গুরুতর দুর্নীতি ও অবহেলার ফলে দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড বন্ধ হতে চলেছে। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২১৭। রাজ্যের ক্ষুদ্র সংবাদপত্রগুলিকে উৎসাহদানে সরকারি নীতি সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যালের ভাষণে নেই;

২২৪। সাক্ষরতা কর্মসূচির নামে রাজ্যের শাসকদলের কর্মীরা এই প্রকল্পের বহু টাকা দলীয় স্বার্থে ব্যয় করছেন। এ বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

২৪৫। জওহর রোজগার যোজনার টাকা শাসকদলের কর্মীরা দলীয় কাজে ব্যয় করছেন। এ বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motion of :

ডাঃ মানস ভুঁইয়া ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ --

কিন্তু দুঃখের বিষয যে,—

১৪২। রাজ্যে ব্যাপকভাবে নিরীহ মহিলা এমনকি কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের উপর নিগ্রহ চলছে। রাজ্য সরকার অভিযুক্তদের বিরুদ্ধে কোনও যোগ্য ব্যবস্থা নিতে পারেনি। তাছাড়া বিরাটি, বানতলা, দমদম-এর ঘটনাগুলির আসামীদের গ্রেপ্তারসহ দ্রুত বিচারের সুব্যবস্থার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৪৩। রাজ্যের হাসপাতালগুলিতে জুনিয়র ডাক্তারদের উপর যে অত্যাচার ও অবিচার গত ১৪ বছর ধরে চলছে তার প্রতিকারার্থে কোনও বাস্তব নীতি ও কর্মসূচি রাজ্য সরকার গ্রহণে ব্যর্থ হয়েছেন। ফলতঃ রাজ্যের হাসপাতালগুলিতে প্রায় প্রতিনিয়ত ডাক্তারবাবুসহ কর্মচারিদেরও কর্মবিরতি হয়েই চলেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এই ভয়াবহ সমস্যা প্রতিকারের কোনও উল্লেখ নাই;

১৪৫। গ্রামগঞ্জের আনাচে-কানাচে গজিয়ে উঠেছে শত শত নন-ব্যাঙ্কিং ফাইন্যান্সিয়াল অর্গানাইজেশন। এইসব অর্থনৈতিক সংস্থা চিটফান্ড নামেই পরিচিত। গ্রামের সাধারণ মানুষকে প্রলোভনের ফাঁদে ফেলে তাদের যথাসর্বস্ব লুণ্ঠন করছে। এর প্রতিকারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৫০। কেন্দ্রীয় সরকারের জেলায় জেলায় একটি করে নবোদয় বিদ্যালয় স্থাপনের ঘোষণাকে কার্যকর করতে রাজ্য সরকার কোনও চেষ্টাই করেন নাই। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই;

১৫১। দার্জিলিং ও কালিম্পঙের দীর্ঘস্থায়ী সমস্যাগুলির সমাধান ও দার্জিলিং জেলার জন্য বরাদ্দকৃত অর্থ সাহায্য ও অর্থ বরাদ্দ রাজ্য সরকার গত আর্থিক বছরেও করেন নাই। পার্বত্য পরিষদের হাতে ১৯৯১-৯২ আর্থিক বছরের বরাদ্দকৃত অর্থও আজ পর্যন্ত দেওয়ার উদ্যোগ রাজ্য সরকার নেননি। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৫৬। মেদিনীপুর জেলায় একটি মেডিক্যাল কলেজ স্থাপনের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৫৭। মেদিনীপুর জেলার সবং ব্লকে গ্রামীণ হাসপাতাল ভবন নির্মাণের কাজ ধীর গতিতে হচ্ছে, তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৫৯। মেদিনীপুর শহরে ফায়ার ব্রিগেড স্টেশন স্থাপন করার কথা সরকার ঘোষণা করলেও এখনও তা চালু না হওয়ার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

১৭৯। মেদিনীপুর জেলায় একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই; এবং

১৮০। মেদিনীপুর জেলার বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়-এর সার্বিক শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্যের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

The motion of **Shri Gyan Singh Sohanpal :** The following be added at the end of the address viz. : --

But regret that—

301. there is no mention about the deterioration in the general law and order situation as also the appreciable rise in the number of crimes, major and minor, in the State and the utter failure of the Government to take firm measures to improve the situation;

302. there is no mention about the growing problem of unemployment in the State and the failure of the Government to tackle the problem effectively on war-footing;

303. there is no mention about the acute problem of drinking water in the rural and urban areas of the State and the failure of the Government to draw plans and programmes to tackle the problem effectively;

304. there is no mention about the dismal power position in the State and the failure of the Government to improve the same all these years;

305. there is no mention about the steps the Government have taken or propose to take to prevent recurrence of incidents of crime against women which has not only tarnished the image of the Government but also brought disgrace to the State;

306. there is no mention about the bad condition of roads in the State and the dismal failure of the Government to take up massive plans and programmes to improve the same;

307. there is no mention about the deplorable condition of Hospitals and Health Centres in the State and the failure of the Government to remove the rot that has set in these institutions;

308. there is no reference to the situation created by the recent strike in Jute Industry and the failure of the Government to resolve the dispute through discussions; and

311 there is no reference to the progress made with regard to the establishment of a new Sub-Division in Midnapore district with headquater at Kharagpur as announced by the Hon'ble Chief Minister on the floor of the Assembly during the last Session,

—were put and a division taken with the following results :

NOES

Abdul Haque, Shri
Abdul Quiyom Molla, Shri
Abu Ayes Mondal, Shri
Abul Basar, Shri
Acharya, Shri Prabhat
Adak, Shri Nitai Charan
Adhikari, Shri Paresh Chandra
Anisur Rahaman, Shri
Bagdi, Shri Bijoy

Bal, Shri Saktiprasad
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Bose, Shri Shyamaprasad
Basu, Shri Subhas
Baora, Shri Samar
Barman, Shri Jogesh Chandra
Bera, Shrimati Chhaya
Bhattacharya, Shri Ashok
Bhattacharjee, Shri Buddhadeb
Bhakat, Shri Buddhadeb
Biswas, Shri Kamalakshi
Biswas, Shri Sushil
Bouri, Shri Angad
Bouri, Shri Haradhan
Chakrabarti, Shrimati Kumkum
Chakrabarty, Shri Shyamal
Chakraborty, Shrimati Tania
Chanda, Dr. Dipak
Chatterjee, Shri Anjan
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shrimati Santi
Chowdhury, Shri Bansa Gopal
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nandarani
Das, Shri Ananda Gopal
Das, Shri Benode
Das, Shri Debesh
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nirmal
Das, Shri Trilochan
Dasgupta, Dr. Asim Kumar
Deb, Shri Goutam

Deb, Shri Saral
Dey, Shri Narendra Nath
Dhar, Shri Padmanidhi
Duley, Shri Krishnaprasad
Dutta, Dr. Gouri Pada
Ganguly, Shri Shantiranjan
Ghatak, Shri Santi Ranjan
Ghosh, Shri Biren
Ghosh, Shrimati Chhaya
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shrimati Minati
Ghosh, Shri Rabindra
Goswami, Shri Kshiti
Goswami, Shri Subhas
D'costa Hurt, Smt. Gillian Rosemary (Nominated)
Hajra, Shri Samar
Halder, Shri Krishna Chandra
Halder, Shri Krishnadhar
Hore, Shri Tapan
Idrish Mondal, Shri
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Kisku, Shri Upendra
Konar, Shrimati Maharani
Let, Shri Dhiren
Mahato, Shri Bindeswar
Mahata, Shri Kamala Kanta
Mehta, Shri Nishikanta
Mahboob Zahedi, Shri
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Bhandu
Majhi, Shri Nandadulal
Majhi, Shri Raicharan

Malakar, Shri Manigopal
Mamtaz Hassan, Shri
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Prabhanjan Kumar
Mondal, Shri Rabindra Nath
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Manik Chandra
Manna, Shri Janmejoy
Mazumdar, Shri Dilip Kumar
Mohammad Ramjan Ali, Shri
Md. Yakub, Shri
Mistry, Shri Bimal
Mostafa Binquasem, Shri
Mukherjee, Shri Dipak
Mukherjee, Shrimati Mamata
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Nirmal
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Nanda, Shri Brahmamoy
Nanda, Shri Kiranmay
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Oraon, Shri Jagannath
Paik, Shri Sunirmal
Patra, Shri Ranjit
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Putatunda, Shrimati Anuradha
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Matish
Roy, Shri Mrinal Kanti
Roy, Shri Narmada

Roy, Shri Sattik Kumar
Ray, Shri Tapan
Saha, Shri Kripa Sindhu
Sarkar, Shri Sisir Kumar
Sarkar, Shri Sisir
Sahis, Shrimati Bilasibala
Sen, Shri Dhiren Nath
Sen, Dr. Sankar Kumar
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, (Bose), Shrimati Kamal
Shaw, Shri Prabin Kumar
Shish Mohammad, Shri
Sinha, Dr. Nirmal
Sur, Shri Prasanta Kumar
Syed Nawab Jane Meerza, Shri
Talukdar, Shri Pralay
Tirkey, Shri Monohar
Tauab Ali, Shri
Unus Sarkar, Shri

AYES

Abdul Mannan, Shri
Abdus Salam Munshi, Shri
Adhikari, Dr. Tarun
Banerjee, Shri Ambica
Banerjee, Shri Prabir
Bandyopadhyay, Shri Sudip
Bapuli, Shri Satya Ranjan
Basu, Dr. Hoimi
Bhunia, Dr. Manas
Chattopadhyay, Shri Sobhan Deb
Das, Shri Sanjib Kumar
Das, Shri Sukumar
Dey, Shri Ajoy
Gyan Singh Sohanpal, Shri

Lahiri, Shri Jatu
Md. Abdul Karim Chowdhary, Shri
Motahar Hossain, Dr.
Mudi, Shri Anil
Mukherjee, Shri Subrata
Nurul Islam Chowdhury, Shri
Pande, Shri Sadhan
Purkait, Shri Prabodh
Roy, Shri Saugata
Ray, Shri Siddhartha Shankar
Rubi Nur, Shrimati
Sarkar, Shri Deba Prasad
Sen, Dr. Anupam
Seth, Shri Bhupendra Nath
Sinha, Shri Atish Chandra
Zainal Abedin, Dr.

Ayes being 31 and the Noes 130.

The motions were lost.

The motion of Shri Nani Kar moved on 2nd March, 1992 that—

"রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক ঃ

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় (২রা মার্চ, ১৯৯২) তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।'।"

— was then put and agreed to.

Adjournment

The House was when adjourned at 5-19 p.m. till 11 a.m. on Friday, the 13th March, 1992 at the Assembly House, Calcutta-700 001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 13th March, 1992 at 11-00 A.M.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 7 Ministers of State and 142 Members.

[11—11-10 A.M.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day I have received one notice of Adjournment Motion from Dr.Manas Bhunia on the subject of alleged smuggling of food grains and essential commodities through Border districts.

The subject matter of the Motion does not call for Adjournment of the business of the House. Moreover, the Member may call the attention of the concerned Minister to the subject through Calling Attention, Question, Mention, etc.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read out the text of the Motion as amended.

However, I don't find Dr. Manas Bhunia.

CALLING ATTENTION

Mr. Speaker : I have received two notices of Calling Attention, namely :-

1. Re-opening of closed J.K. steel Company of Rishra, Hooghly : Shri Abdul Mannan
2. Reported cheating by the Private Non-banking Financial companies in West Bengal. : Dr. Manas Bhunia

This is, however, out of order.

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of Re-opening of closed J.K. Steel Company of Rishra, Hooghly.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : The statement will be made on 26th March, 1992.

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকের নন-অফিসিয়াল ডে-তে সাধারণভাবে কিছু বলতে চাই না। কিন্তু দুঃখের সঙ্গে একটা কথা উল্লেখ করতে হচ্ছে। গত কয়েক দিন ধরে আমরা সংবাদপত্রে লক্ষ্য করছি যে স্বাধীনতা সংগ্রামীদের উপর অত্যাচার হচ্ছে ভয়ঙ্কর ভাবে। মেয়েদের উপর অত্যাচার ধারাবাহিক ভাবে চলছে। বহুবার বলেছি, কোনও বিহিত হয় নি। গত ২ দিন আগে স্বাধীনতা সংগ্রামীদের যে সরকারি আবাস সেখানে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির গুন্ডারা একেবারে সরাসরি ভেতরে ঢুকে দুজনকে পিটিয়েছে। তাদের মধ্যে একজন ওখানেই নিহত হয়েছে। এই লজ্জা ঢাকতে না পেরে সুপার সহ ৫জনকে সাসপেন্ড করেছে। খুন করা হলে তার বিরুদ্ধে সাসপেনশন হয় না। খুন করলে গ্রেপ্তার করে আসামীর কাঠগড়ায় দাঁড় করাতে হয়। কোন জায়গায় বাস করছি আমরা। ওখানে বেছে বেছে কংগ্রেসের স্বাধীনতা সংগ্রামীরা যায় না। যারা বৃদ্ধ, যারা দীর্ঘদিন স্বাধীনতা সংগ্রাম করেছে, জেল খেটেছে, যাদের ত্যাগ এবং তিতিখ্যায় এম.এল.এ হয়েছেন মন্ত্রী হয়েছেন তাদের ধরে গুন্ডা দিয়ে পিটিয়ে মারছেন। সুপারিনটেন্ডেটসহ ৫জনকে সাসপেন্ড করতে বাধ্য হয়েছেন। আমি দাবি করছি এই ব্যাপারে বিচার বিভাগীয় তদন্ত হোক, আমি দাবি করছি সুপারিনটেনডেন্ট সহ গুন্ডাদের আসামীর কাঠগড়ায় দাঁড় করানো হোক এবং ৩০২ ধারায় অভিযুক্ত করা হোক। স্যার, আপনাকে এটা বলছি, মেয়েদের গণ ধর্ষণ করা হচ্ছে সেটা রাজনৈতিক দিক থেকে মোকাবেলা করা যায়।

LAYING OF ORDINANCE

The West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in services and Posts)(Amendment) Ordinance, 1992

Shri Dinesh Chandra Dakua : Sir, I beg to lay the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in services and Posts) (Amendment) Ordinance, 1992 (West Bengal Ordinance No. I of 1992) under Article 213(2)(a) of the Constitution of India.

Motion Under Rule 185

Shri Manabendra Mukherjee : Sir, I beg to move that

'এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, যে সকল নীতিগুলি প্রয়োগের ফলে দেশব্যাপী অস্বাভাবিক দ্রব্যমূল্যবৃদ্ধি ঘটছে তা হল—

(১) ওয়ার্ল্ড ব্যাঙ্ক ও আই.এম.এফের নির্দেশে খাদ্যশস্য ও সারের ওপর ভর্তুকি কমানো;

(২) প্রশাসনিক নির্দেশে পেট্রোল, ডিজেল, ইস্পাত, লোহা, কয়লা প্রভৃতির মূল্যবৃদ্ধি ঘটানো;

(৩) গণবন্টন ব্যবস্থাকে বিপর্যস্ত করে মূল্যস্তরের ওপর সমস্ত নিয়ন্ত্রণ প্রত্যাহার করণ;

এইসভা আরও লক্ষ্য করছে যে—

সাম্রাজ্যবাদীদের চাপে উৎপাদন সম্পর্কিত মেধা সংক্রান্ত সম্পত্তি আইনের পরিবর্তন ঘটিয়ে সার, কৃষিবীজ কৃষিপণ্য, ওষুধ এবং অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বহুগুণ বাড়ানোর সম্ভাবনা দেখা যাচ্ছে ; এবং

প্রস্তাবিত রেল ও কেন্দ্রীয় বাজেটে মাসুল ও অন্তঃশুল্কের যে নতুন প্রস্তাব করা হয়েছে তা সাধারণ দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিকে আরও ত্বরান্বিত করবে।

অতএব, এইসভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে উপরোক্ত নীতিগুলি পরিবর্তনের এবং ১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্য গোটা দেশে একই দামে সরবরাহের দাবি জানাচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রুল ১৮৫ অনুযায়ী আমি এই প্রস্তাব উত্থাপন করতে চাই এবং সঙ্গে কিছু কথা বলতে চাই। আমার সঙ্গে সহযোগী প্রস্তাবকারী যাঁরা আছেন তাঁদের কেউ পরবর্তী ক্ষেত্রে রিপ্লাই দেবেন। স্যার, আপনি জানেন যে আজকে এটা আর কোনও বিতর্কের বিষয় নয়, এটা প্রতিষ্ঠিত সত্য, সব রাজনৈতিক দল এবং সমস্ত সরকারই আজকে স্বীকার করছেন যে, দ্রব্যমূল্য বৃদ্ধির গতি যে জায়গায় গিয়ে পৌঁছেছে স্বাধীনতার পরবর্তী অবস্থায় এই রকম জায়গায় আর কখনও পৌঁছায় নি। এর রাজনৈতিক অর্থে বা রাজনৈতিক বিশ্লেষণের অর্থে যত ফারাক থাকুক না কেন আমরা প্রত্যেকে এই ব্যাপারে একমত যে দ্রব্যমূল্য বৃদ্ধির এই ঊর্ধ্বগতি সাধারণ মানুষের জীবনে একটা বিপর্যয় নামিয়ে এনেছে। আপনি নিশ্চয়ই দেখেছেন স্যার, আমাদের কেন্দ্রীয় সরকার এর পক্ষ থেকে যে ইকনোমিক সার্ভে পেশ করা হয়েছে, তাতে কনজুমার্স প্রাইস ইনডেক্স '৯১ সালের ডিসেম্বর পর্যন্ত দেখানো হয়েছে ১৩.১ পারসেন্ট। এবং আপনি যদি আরও ভেঙে বিষয়টি দেখেন, আপনি

লক্ষ্য করবেন জিনিসপত্রের দাম বাড়ার ক্ষেত্রে যদি আইটেমওয়াইজ ভাগ করা যায়, তাহলে দেখবেন প্রধানত সেই জিনিসগুলির দাম বেড়েছে সবচেয়ে বেশি যেগুলি সাধারণ মানুষ ব্যবহার করে। আমি কেন্দ্রীয় সরকারের দেওয়া তথ্য থেকে এই সভায় উল্লেখ করতে চাই। ১৯৯২ সালের ১লা ফেব্রুয়ারি, এই দিনে যে বছরটা শেষ হল, সেই এক বছরের হিসাবে ফুড আর্টিকেলস দাম বেড়েছে ১৭.৯৬ পারসেন্ট। ফুডগ্রেন্স এর ক্ষেত্রে খাদ্যশস্যের ক্ষেত্রে পরিমাণটা আরও মারাত্মক—২৩.৩৭ পারসেন্ট। ফার্টিলাইজার বা সারের ক্ষেত্রে ৩৭.৪৭ শতাংশ। কয়লার ক্ষেত্রে ২৬.৮২ শতাংশ এবং চালের ক্ষেত্রে সেটা গিয়ে দাঁড়িয়েছে ২৮.১০ শতাংশ। কাজেই সাধারণ মানুষের প্রত্যেকের বেঁচে থাকবার জন্য যে জিনিসগুলো লাগে তার দাম কেন্দ্রীয় সরকারের হিসাব অনুযায়ী যে পরিমাণে বেড়েছে তা স্বাধীন ভারতবর্ষে ৪৪ বছরে কখনও এই গতিতে বাড়েনি। এখন প্রশ্ন হচ্ছে, এই দ্রব্যমূল্যবৃদ্ধি ঘটছে কেন? এর দুটো সাধারণ নিয়ম থাকতে পারে। একটা হচ্ছে বাজারের যোগান এবং চাহিদার ফলে দাম স্বাভাবিক ভাবে নিজস্ব গতিতে ওঠানামা করে, এরজন্য জিনিসপত্রের দাম বাড়তে পারে। আর একটা ভূমিকা থাকতে পারে তা হচ্ছে, সরকারের নিজস্ব কর্মসূচি—সরকারের করের প্রস্তাব বা সরকারি ফতোয়ার মাধ্যমে দাম বাড়ানোর যে প্রক্রিয়া হয় তার মাধ্যমে বাড়তে পারে। যদি বাজারে স্বাভাবিক নিয়মে জিনিসপত্রের দাম বাড়ত তাহলে আমরা কেন্দ্রীয় সরকারকে সমালোচনা করতাম এই বলে যে, বাজারে এই ঊর্ধ্বগতিকে কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণ করতে পারছে না। কিন্তু এই ক্ষেত্রে প্রধানত যেটা ঘটছে সেটা হচ্ছে, এই যে দাম বাড়ানোর প্রক্রিয়ায় প্রধানত ঘটছে কেন্দ্রীয় সরকারের নিজস্ব সিদ্ধান্তের ফলে। মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সভার সামনে এটা উপস্থিত করতে চাই যে, আমাদের দিল্লিতে নতুন যে সরকার গিয়েছেন, পি.ভি নরসীমা রাওয়ের সরকার, সেই হিসাবে ক্ষমতায় থাকবার মধ্যে সরকারের নির্দেশের মাধ্যমে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে আমাদের রেশনিং ব্যবস্থাতে গমের দাম বাড়ানো হয়েছে ৪৬ পয়সা। চালের দাম বাড়ানো হয়েছে ৮৮ পয়সা, চিনির দাম বাড়ানো হয়েছে ৮০ পয়সা এবং কয়লার দাম টন প্রতি বাড়ানো হয়েছে ৭৩ টাকা। কাজেই, এই প্রত্যেকটি জিনিসের দাম যা বেড়েছে তা বাজারের স্বাভাবিক নিয়ম অনুযায়ী নয়, এগুলো বেড়েছে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত অনুযায়ী। খাদ্যশস্য বাদ দিলে বাকি যে জিনিসগুলো থাকে, যেগুলো দেশের অর্থনীতির ক্ষেত্রে প্রয়োজনীয় যেমন, কয়লার ক্ষেত্রে বা ইস্পাতের ক্ষেত্রে গত বছরে কেন্দ্রীয় বাজেট থেকে শুরু করে এ বছরের কেন্দ্রীয় বাজেটে প্রত্যেকটি জিনিসের দাম বাড়ানো হয়েছে। কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত অনুযায়ী। এখন আমাদের প্রশ্ন হচ্ছে এটাই যে, এইভাবে কেন্দ্রীয় সরকার জিনিসপত্রের দাম বাড়াচ্ছেন কেন? আমাদের প্রধান অভিযোগ এটাই যে, অতীতে কংগ্রেসের কেন্দ্রীয় সরকার যেগুলো ছিল, জিনিসপত্রের দাম কমাতে তারা কখনও সফল হয় নি। কিন্তু অতীতে রাজীব গান্ধীর সরকার বা ইন্দিরা গান্ধীর সরকারের আমলে জিনিসপত্রের দাম বেড়েছে। কিন্তু যে অভিযোগ আমরা করিনি, আজকে সেই অভিযোগ পি.ভি. নরসীমা রাও সরকারের বিরুদ্ধে আনতে বাধ্য হচ্ছি এই জিনিসপত্রের দামটা বাড়ানো হচ্ছে প্রধানত ইন্টারন্যাশনাল মানিটারী ফান্ড থেকে আমরা যে

টাকা ধার নিয়েছি, যে ধারের শর্ত হিসাবে জিনিসপত্রের দামগুলো বাড়ানো হচ্ছে। আপনারা ইতিমধ্যে দেখেছেন, যেটুকু সত্য বলে সংসদের সামনে পেশ করা হচ্ছে বা সাধারণ ভাবে যেগুলো ভারতবর্ষে হয়ে গেল, আজকে তাতে দেখা যাচ্ছে এটা সাধারণভাবে ইন্টারন্যাশনাল মানিটারী ফান্ডের প্রেস্ক্রিপশনের ১নং ওষুধের নাম তৃতীয় বিশ্বের যে কোনও দেশের ক্ষেত্রে যে দাওয়াইটা প্রথমেই বাতলে থাকেন সেটা হচ্ছে, এই যে খাদ্যশস্য বা অন্যান্য জিনিসপত্রের ক্ষেত্রে ভর্তুকি প্রত্যাহার করতে হবে।

[11-10—11-20 A.M.]

আমি বিরোধীদলের সদস্যদের কাছে জিজ্ঞাসা করতে চাই যে, দেশের অর্থনীতি কাদের মুখের দিকে তাকিয়ে পরিচালিত হয়? আই এম এফের মুখের দিকে তাকিয়ে, নাকি দেশের সাধারণ মানুষের মুখের দিকে তাকিয়ে পরিচালিত হবে? স্যার, আপনি জানেন ভারতবর্ষের অর্থনীতির প্রধান সমস্যা হল যে, ৬০ পারসেন্টের উপরে মানুষ, ভারতবর্ষের জনসংখ্যার ৬০ পারসেন্টের উপরে ক্রয়ক্ষমতা অত্যন্ত কম। প্রত্যেকেই সবকটি নিত্যপ্রয়োজনীয় জিনিস বাজারে কিনতে আসতে পারে না। কেন্দ্রীয় সরকারের সঙ্গে যুক্ত অর্থনীতি হিসাবে আমরা দেখেছি যে ভারতবর্ষের ৬০ ভাগের উপরে মানুষের প্রত্যেকেই ৫টি নিত্য প্রয়োজনীয় জিনিস কিনতে আসতে পারে না। অর্থনীতিবিদ ডঃ মনমোহন সিং একটি তথ্য দিয়ে সাবসিডি উইথড্র করার জন্য ফিলোজফি হিসাবে দেখিয়েছেন যে জিনিসপত্রের দাম যাতে কৃত্রিমভাবে নির্ধারিত না হয়। তিনি বলেছেন যে জিনিসপত্রের দাম নির্ধারিত হবে অর্থনৈতিক নমুনা অনুসারে অর্থাৎ যোগান এবং চাহিদায় জিনিসপত্রের দামের লেবেল নির্ধারিত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাতে চাই যে দেশের ৬০ ভাগ মানুষ এ্যাফেক্টলি তাদের ডিমান্ডে মার্কেট করতে পারে না এবং সেখানে যোগান ও চাহিদার ফলে স্বাভাবিকভাবে যে মূল্যমান নির্ধারিত হয় সেটা কৃত্রিমভাবের অনেক উপরে থাকে। সেখানে ডিমান্ডের প্রশ্নে আর্টিফিসিয়ালী এতবেশি বাড়ানো থাকে যে এই যোগান এবং চাহিদার প্রশ্নে দাম নির্ধারণ করার ক্ষেত্রে সেটা সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার অনেক উপরে থাকে। এখানে সঠিক দাম নির্ধারণের প্রশ্ন অতীতে কংগ্রেস সরকার দাম নির্ধারণ করেছেন সাবসিডির মাধ্যমে, সাবসিডির মাধ্যমে এসেনসিয়াল কমোডিটিসের দাম নমুনা স্থির করা হইত। সেখানে ৬০ ভাগের মত মানুষ যাতে এই নিত্যপ্রয়োজনীয় জিনিস কিনতে পারেন সেই হিসাবেই এই সাবসিডি দেওয়া হত এবং তাদের ক্রয় ক্ষমতার মধ্যে যাতে জিনিসপত্রের দাম থাকে তারজন্য সাবসিডি দেওয়া হত। কিন্তু এখন কেন্দ্রীয় অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং বললেন যে এখন আর সাবসিডি দেওয়া হবে না। ইতিমধ্যেই খাদ্যশস্যের ভর্তুকি দুবার কমানো হয়েছে, সারের ক্ষেত্রে ভর্তুকি কমেছে ৩ বার। এই সমস্ত কারণে জিনিসের দাম উপরের দিকে এগিয়েছে। মাননীয় বিরোধী দলের সদস্যদের কাছে আমি বিনয়ের সঙ্গে প্রশ্ন করতে চাই এতেও কি ওঁনারা মনে করেন এই প্রক্রিয়ায় আমাদের দেশের অর্থনীতি চললে সত্যিসত্যি ভারতবর্ষের উন্নতি হতে পারবে? মাননীয় ডাঃ জয়নাল আবেদিন সাহেবকে স্মরণ করিয়ে দিতে চাই যে, উনি গতবারের বাজেট ভাষণে

বলেছিলেন যে ভারতবর্ষের অর্থনীতিকে দক্ষিণ কোরিয়া এবং তাইওয়ানের সঙ্গে আমরা তুলনা করতে চাই। আমি ওঁনাকে বিনয়ের সঙ্গে জানাতে চাই যে, উনি কি জানেন যে, দক্ষিণ কোরিয়ায় চাষীরা যে কৃষিপণ্য উৎপাদন করে তাদের ক্রেতা কারা? আপনারা জানেন না দক্ষিণ কোরিয়ার এমন অর্থনীতি যে সেখানে কৃষিপণ্য উৎপাদনের ক্রেতা হচ্ছে গভর্নমেন্ট। ওখানে এমন অর্থনীতি যে কৃষিজ উৎপাদনের শতকরা ১০০ ভাগ গভর্নমেন্ট ক্রয় করবে। সেখানে এমন অর্থনীতি যে কৃষিপণ্য যে উৎপাদিত হয় তার বাজার দাম কি হবে সরকার তা নির্ধারণ করে দেবেন। (এমন সময়ে সুব্রত মুখার্জি বলতে উঠলেন—আপনার ওপেন মার্কেটে এসেনসিয়াল কমোডিটিসে এটা হয় না।)

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ এইসব অর্বাচীনদের কি আর বলব, এরা কোনও খবরই রাখে না।

মিঃ স্পিকার ঃ মিঃ মুখার্জি, আপনার বক্তৃতা দেবার সময়ে কেউ উঠে দাঁড়ায় আপনার কি ভাল লাগবে? একটা পুরনো ইংরাজিতে কথা আছে পেশেন্ট ইজ দি মাদার অফ ভারচুস। সুতরাং এটা স্মরণ রাখলে আপনার কাজে লাগবে এবং এ পার্লামেন্টেরিয়ান মাস্ট হ্যাভ পেশেন্স, মাস্ট হ্যাভ পেশেন্স।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমেই আমি আমার এই দুর্ভাগ্যের কথা জানাচ্ছি। উনি আমাদের রাজ্য সরকারের মন্ত্রী ছিলেন এবং দীর্ঘদিন ধরে বিধায়ক আছেন, কিন্তু দক্ষিণ কোরিয়ার অর্থনীতি সম্বন্ধে এ.বি.সি.ডি. পর্যন্ত উনি জানেন না। আপনি কিছুই জানেন না দক্ষিণ কোরিয়ার অর্থনীতি সম্পর্কে। দক্ষিণ কোরিয়ার অর্থনীতি এমনই একটা অর্থনীতি যে, সেখানে ১০০ শতাংশ ভূমিসংস্কার হয়েছে। দক্ষিণ কোরিয়ার কৃষিতে ইমপুট সাপ্লাই করা যায়, সেখানে ১০০ ভাগ সরবরাহ করেন গভর্নমেন্ট লেভেল থেকে। স্যার, এই অর্বাচীন ভদ্রলোক কিছুই জানেন না, ওনার ঐ জ্ঞানের লেভেল দিয়ে আই.এন.টি.ইউ.সি.র সভাপতি হওয়া যায়। দক্ষিণ কোরিয়ার অর্থনীতি পৃথিবী খ্যাত স্বীকৃত তাই তাদের অর্থনীতি সম্পর্কে মন্তব্য করা যায় না; দক্ষিণ কোরিয়ার অর্থনীতি গোটা পৃথিবীর কাছে স্বীকৃত। একটা পুঁজিবাদী অর্থনৈতিক কাঠামোতে সরকারের সবচেয়ে বেশি হস্তক্ষেপ করে যে অর্থনীতি, সেই অর্থনীতির নাম হচ্ছে দক্ষিণ কোরিয়া। উনি দক্ষিণ কোরিয়া বলে চেঁচাচ্ছেন—আপনি দক্ষিণ কোরিয়াকে এখানে দেখাচ্ছেন এক্সপোর্ট জায়েন্ট হিসাবে। কিন্তু এটা আপনি জানেন না যে ১০ বছরের মধ্যে দক্ষিণ কোরিয়ার অর্থনীতির বৈশিষ্ট্য ছিল ইমপোর্ট সাবস্টিটিউশন। এটা আপনারা কোনওদিনই করতে পারবেন না। দক্ষিণ কোরিয়ার অর্থনীতি সম্বন্ধে আপনাকে বেশি দূর যেতে হবে না, ছাত্র পরিষদের কোনও কর্মীর কাছ থেকে অর্থনীতির যে কোনও একটি বই নিয়ে সহজ যে অর্থনীতির বইটা—সেটা পড়ে নিন। এই অজ্ঞানতা নিয়ে কি করে আপনি চলছেন, জানি না। এই যে দক্ষিণ কোরিয়ার উদাহরণ ওরা দিচ্ছেন বাস্তব ক্ষেত্রে জিনিসপত্রের দামের ব্যাপারে যদিও ঐ ভূমিকা পালন করা উচিত কিন্তু

সেই ভূমিকা কেন্দ্রীয় সরকার পালন করছেন না। কাজেই ওনাদের মাধ্যমে এই প্রশ্ন রাখা যায়, আপনার মাধ্যমে বিবেচনা করতে চাই। আমাদেরকে আজকে এই প্রশ্নের জবাব দিতে হবে, দেশের অর্থনীতি পরিচালিত হবে কার মুখের দিকে তাকিয়ে—আমাদের দেশের সাধারণ মানুষের না আই.এম.এফ.র দিকে তাকিয়ে? মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন আই.এম.এফ. থেকে টাকা ধার না নিয়ে কোনও উপায় ছিল না, তার কারণ ছিল ট্রেড ডেফিসিট। মাননীয় বিরোধী দলের সদস্যদের জিজ্ঞাসা করতে চাই, ভারতবর্ষের অর্থনীতির ট্রেড ডেফিসিটের জন্য সাধারণ মানুষ কতটা দায়ী? আমাদের কৃষি উৎপাদন বেড়েছে, শিল্পোৎপাদন বেড়েছে, সাধারণ মানুষ, শ্রমিক যেখানে কাজ করে সেখানে সেই ক্ষেত্রগুলিতে সুস্থতা আছে কি? অসুস্থতাই আছে যে জায়গাটায় সেটা হচ্ছে রপ্তানির তুলনায় আমদানি বেশি। এটা সাধারণ মানুষ ঠিক করেন না, ওনাদের কেন্দ্রীয় সরকারের রপ্তানির নীতির ব্যর্থতার ফলে আমাদের ট্রেড ডেফিসিট বাড়বে, সেই ট্রেড ডেফিসিট বাড়ার জন্য আই.এম.এফ থেকে আমরা ঐরকম শর্তে ধার নেব যার জন্য সাধারণ মানুষের মুখে দুই বেলা দুইমুঠো ভাত পর্যন্ত আসবে না। কাজেই মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বিরোধী সদস্যদের অনুরোধ জানাব যে, প্রশ্নটা কেবল রাজনীতির প্রশ্ন নয়, যে ভাবে জিনিসপত্রের দাম বাড়ছে এই ব্যাপারে আমাদের রাজনৈতিক মতভেদ ভুলে ঐক্যবদ্ধ প্রতিবাদ করা উচিত। এবং যে নীতির মাধ্যমে এই জিনিসপত্রের দাম বাড়ছে সেইগুলিরও প্রতিবাদ করা উচিত। এই বলে আপনাদের সবার সমর্থন প্রত্যাশা করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পিকার ঃ মিঃ মুখার্জি ঐযে মানব বলল আপনি কিছুই জানেন না, এই কথা শুনে একটা গল্প মনে পড়ছে। আমি যখন ওকালতি করতাম, একটা মামলায় আমার বিরুদ্ধে একজন বয়স্ক উকিল অ্যাফেয়ার করেছিলেন, ৮০/৮৫ বৎসরের বেশি বয়স হবে, একটা ল্যান্ডের ব্যাপারে মামলা হচ্ছিল, খুব সাধারণ মামলা। এক প্রশ্নে হাকিম বললেন উকিল মহাশয়, আপনি তো ভালই বুঝেছেন আইনটা, শুনে ভদ্রলোক চুপ করে বসে পড়লেন, তারপর বললেন স্যার, আজ আর মামলা করতে পারব না। তখন উনি বললেন, কেন আমি কি বলেছি? তখন উনি বললেন, স্যার, আমি আর পারব না কারণ—আপনি ঐ যে বললেন আমি খুব ভাল বুঝেছি, হুজুর আমি যার সঙ্গে ঘর করছি ৫০ বছর, সে রোজ আমাকে বলছে যে তুমি কিছুই বোঝ না, আমার বৌয়ের সঙ্গে ঝগড়া হলে ছেলেরা বলে যে বাবা তুমি কিছু বোঝ না, চুপ করে থাক। তা আপনি বলছেন, আমি ভাল বুঝেছি, মানববাবু বললেন আপনি কিছুই বোঝেননি, আপনি বুঝছেন না; এইসব বললেন, কিছু বলবেন না, চুপ করে বসে যান। there are three amendment by Shri Deba Prasad Sarkar.

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ এটা মাননীয় সদস্য সুব্রত মুখার্জির প্রতি। সোসাল সাইনটিস্ট বলে একটা কাগজ বেরোয় তার ২১৭ নম্বর ইস্যুতে কগবার্ন-র মার্কেট ইকনমি ওয়ার্ল্ড অ্যান্ড দি লেফট বেশি নয়, ২৪ পৃষ্ঠার লেখা, পড়ে নেবেন, তাহলেই বুঝতে পারবেন।

Mr. Speaker : There are three amendments given by Shri Deba Prasad Sarkar on this motion. All the amendments are in order. Now, I request Shri Deba Prasad Sarkar to move his amendments.

Shri Deba Prasad Sarkar : Sir, I beg to move that

1. At the end of the Ist para the following words be added:-

"(৪) মজুতদার ও অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণে রাজ্য সরকারগুলির ব্যর্থতা।"

2. In the last line of the last para for words—"১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্য গোটা দেশে একই দামে সরবরাহের" the words 'নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের সামগ্রিক রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তন করার' be substituted.

3. After the last para the following new para with the words "সাথে সাথে এই সভা আরও দাবি জানাচ্ছে যে মূল্যবৃদ্ধি প্রতিরোধের স্বার্থে রাজ্য সরকার যেন এই রাজ্যে অসাধু ব্যবসায়ী ও মজুতদারদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে এবং ভবিষ্যতে এই রাজ্যে ওয়ার্ল্ড ব্যাঙ্ক ও আই.এম.এফ.এর ক্ষেত্রে শুধু কথায় নয় কার্যক্ষেত্রেও কঠোর মনোভাব গ্রহণ করে এবং সর্বক্ষেত্রেই কেন্দ্রীয় সরকার অনুসৃত উল্লিখিত জনবিরোধি নীতির বিকল্প নীতি অনুসরণ করে।"

Sir, with your permission স্যার, আমি তিনটে অ্যামেন্ডমেন্ট এনেছি, কিন্তু একটা আমার অমিশন হয়ে গেছে। আমি আরেকটা অ্যামেন্ডমেন্ট মুভ করতে চাইছি। প্রথম প্যারার শেষে ৪নং দিয়ে আমি আগেই একটা অ্যামেন্ডমেন্ট মুভ করেছি। এর সাথে ৫নং দিয়ে যুক্ত হবে "দফায় দফায় টাকার অবমূল্যায়ন"।

Mr. Speaker : So, your first amendment would be read as such as you present just now.

[11-20—11-30 A.M.]

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সরকারি পক্ষ থেকে একটা নন-অফিসিয়াল রেজলিউশন নিয়ে আসা হয়েছে। এর অনেকগুলি ব্যাপার আছে যেগুলি আমরা সরাসরি বিরোধিতা করি না। কারণ মানুষের চেয়ে, রাজনৈতিক বিতর্কটা অনেক উর্ধ্বে রাখা দরকার এবং রাখলে আমি খুব খুশি হতাম। কারণ আমরা জানি মানব বাবু আজকে যে প্রস্তাব এখানে এনেছেন সেই প্রস্তাবটা সম্পূর্ণরূপে রাজনৈতিক। আমরা পথে-ঘাটে এবং সর্বত্র লক্ষ্য করছি যে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে এই একই বক্তব্য রাখা হচ্ছে ও একটা রাজনৈতিক ইস্যু তৈরি করা হচ্ছে। এই করে আজকে তারা তাদের ১৪ বছরের

অপকীর্তি ও ব্যর্থতাকে ধামা চাপা দেওয়ার চেষ্টা করছেন। আপনারা জানেন গোয়েবেলসের সেই কায়দা, একই কথা বার বার করে যদি বলতে থাকা যায় তাহলে সেই কথাটা সাধারণ মানুষের কাছে সত্য বলে দাঁড়াবে। সেই পদ্ধতিটাকেই অনুসরণ করার জন্য তারা আজকে বিধানসভায় এই প্রস্তাবটা নিয়ে এসেছেন এবং প্রচার পাবার জন্য তারা এই ইস্যুটাকে তোলবার চেষ্টা করেছেন। কিছুক্ষণ আগে স্পিকার মহাশয় একটা গল্প বললেন, তাই আমি আপনাদের একটা গল্প শোনাই। গল্পটা হল—

মানববাবুর এই আবদারগুলি দেখে আমার একটা গল্প মনে পড়ে গেল। একটা স্কুলে খুব খারাপ ছেলে ছিল সে লেখাপড়া করত না, বদমায়েসি করত। তো একদিন ইনস্পেক্টার আসবে, মাস্টারমশাই বলেছেন যে, তুমি এলে আমি বিব্রত হব, একটা খারাপ ঘটনা ঘটবে এবং তুমি ওইদিন স্কুলে এসো না। কিন্তু ছেলেটি আসবেই এবং সে এসেছিল একেবারে ভাল জামা, প্যান্ট পরে ফার্স্ট বেঞ্চে বসে রইল চুপ করে। মাস্টারমশাই বারণ করেছে কিন্তু তবু সে এসেছে। মাস্টারমশাই চিন্তিত হয়ে পড়লেন যে আজকে একটা দুর্ঘটনা ঘটবে, নিশ্চয় ইনস্পেক্টারের কাছে বিব্রত হতে হবে। ইনস্পেক্টার এসেছেন ক্লাশে ও মাস্টারমশাই দাঁড়িয়ে আছেন পাশে, ইনস্পেক্টার বললেন তাহলে আমি শুরু করি এবারে, মাস্টারমশাই কাঁপতে কাঁপতে বললেন হ্যাঁ। ইনস্পেক্টার বললেন এখান থেকে দিল্লির দূরত্ব ১৫০০ কিলোমিটার হয় তাহলে আমার বয়স কত? মাস্টারমশাই থেকে শুরু করে সব ছেলে চুপ করে বসে আছে। দিল্লির দূরত্ব যদি ১৫০০ কিলোমিটার হয় তাহলে আমার বয়স কত? তখন ওই ছেলেটি বলল স্যার আমি বলতে পারব। ইনস্পেকটার বললেন তুমি বলতে পারবে, ওই ছেলেটি বলল হ্যাঁ, তখন ছেলেটি বলল যে স্যার, আপনার বয়স ৫০ বছর। ইনস্পেক্টার বললেন তুমি কি করে বললে একেবারে মিলে গেল তখন ছেলেটি বলল যে স্যার, আমার বাড়িতে এক অর্ধ পাগল কাকা আছে এবং ভুলভাল বকে সুতরাং তার বয়স যদি ২৫ হয় তাহলে আপনার বয়স ৫০ কারণ আপনি পুরো পাগল। তাই আমার মনে হয়েছে এটা পাগল এবং ২৫ বছরের পাগল। তাই এইরকম আবদার করে একটা প্রস্তাব এনেছে। এই প্রস্তাবটা দেখেই আমরা বুঝতে পেরেছি। স্যার, ইউ অ্যাপ্লাই ইওর কমন সেন্স। আমি কোনও রাজনীতি করতে চাই না। কারণ সবে ঢুকেছে আর দাড়ি রাখছে, চোখ বুজে কথা বলে—ক্রিমিন্যাল। সাইক্রিয়াটিস্টরা বলেন, চোখ বুঁজে যে কথা বলে সে ক্রিমিনাল। একটু আগে স্পিকার মহাশয় ইন্টারাপ্ট করতে না করেছেন, জ্ঞানগুলো শুনুন না। যখন উনি ছিলেন না, আমরা যখন সরকারে ছিলাম—১৭ লক্ষ টন ধান প্রকিওরমেন্ট করেছিলাম। ১৫ বছরে আপনারা একটা জায়গাতেও দেখাতে পারবেন? আপনারা কতটা প্রকিওরমেন্ট করেছেন? আর প্রকিওরমেন্ট না করলে যে, কোনও রকম ডিস্ট্রিবিউশন করবার প্রশ্ন ওঠে না এই নূন্যতম জ্ঞানটা নেই? ১০টি নিত্যপ্রয়োজনীয় জিনিস আজকে একেবারে বিনামূল্যে প্রায় দিতে হবে। ভাগ্য ভাল যে বলেন নি, একেবারে খাইয়ে দিয়ে আসতে হবে। দফাগুলির নাম বলেন নি, তো আমার কাছে তো ১৫ দফা আছে। আপনারা ১৪ দফাই ঠিক করেছেন। ওঁনাদের মিনিমামে দিতে হবে।

অনেক দফা আছে। আমরা স্বীকার করি নিত্যপ্রয়োজনীয় জিনিস মানুষের কাছে কম দামে পৌঁছে দেবার দরকার আছে। আপনারা নিজেরা বুকে হাত দিয়ে বলতে পারবেন—উনি তো নাবালক, ছেড়েই দিলাম। আপনাদের সেই ইন্সফ্রাস্ট্রাকচার আছে? অষ্টম যোজনায় তিনবার যে টাকা দেওয়া হয়েছে, ৮৬ কোটি টাকা জহওর যোজনায় ফেরত গেছে, তারপর আবার ২১৯ কোটি টাকা ফেরৎ গেছে, গ্রামের মানুষের জন্য খরচ করতে পারেন নি। ১৪৩৫ কোটি টাকা এই যোজনায় বরাদ্দ ছিল, তোলার কথা ছিল, এরা মাত্র ৩৫০ কোটি টাকা তুলেছে। আর মার্চের কটা দিন বাকি আছে, ১১০০ কোটি টাকা তুলতে পারবে? খাইয়ে দিয়ে যাবে কেন্দ্র? আমি বারে বারে বলেছি, গতকালও বাজেট বক্তৃতায় বলেছি যে, প্ল্যান্ড ইকনমিতে—দেশের অর্থনীতিবিদরা বলে থাকেন শুধু কেন্দ্র এককভাবে এই পরিকাঠামোয় সমস্ত কিছু শুরু করতে পারে না যদি না রাজ্য সমানভাবে এগিয়ে আসে।

[11-30—11-40 A.M.]

যদি রাজ্য সমানভাবে এগিয়ে আসে, রাজ্য দায়-দায়িত্ব সমান পূরণ করতে না পারে, তাহলে ফিসকাল পলিসি, ডিস্ট্রিবিউশন থিওরি কাজে লাগবে না। যদি করতে পারে তাহলে একটা ব্যালান্সড ইকনমি তৈরি হবে এবং একটা পরিকাঠামো তৈরি হবে। ডিস্ট্রিবিউশন আপনারা কি করেছেন? আপনারা জানেন না, দু-একটা জিনিস ডিস্ট্রিবিউশন করেন রেশন ব্যবস্থার মধ্য দিয়ে, কেউ নেয় না সেগুলো। আপনারা একটা সাবান দেন, সে সাবান জলশৌচ করার জন্যও কেউ ব্যবহার করে না। আপনারা খাতা দেন, সে খাতা কেউ নেয় না, বঙ্গলিপি খাতার কথা বলছি। আপনারা শ্লেট দেন, শ্লেট বন্ধ হয়ে গিয়েছে। আজকে পচা পাউরুটি দিতে চান, কেউ নেয় না। বরঞ্চ চুরি করেন। কেমন করেন তার একটা উদাহরণ দিচ্ছি পাবলিক অ্যাকাউন্ড কমিটির রিপোর্ট থেকে, সেটা হাউসে পেশ হয়ে গিয়েছে। স্কুলে ছেলেদের ৭৫ গ্রাম করে পাউরুটি দেওয়ার কথা। কেন্দ্রীয় সরকার থেকে টাকা দেওয়া হয়ে থাকে। নদীয়া জেলা ১৯ কোটি টাকার মুড়ি কিনল। আমি বললাম, ভাজল কে, আর কোথায় রাখা হল। কথা পাউরুটি দেওয়ার, দিলো মুড়ি। কে ভাজল, কোথায় রাখা হয়েছিল। ওদের মাথা-মুন্ডু নেই। আপনাদের আছে ডিস্ট্রিবিউশন সিস্টেম। আমি একমত মানববাবুর সাথে। একমত এই ব্যাপারে যে সারের ভর্তুকি না কমালে ভাল হত, ভর্তুকি দেওয়া উচিত। আমি একমত এই কারণে যে দু-তিনটি ক্রপ তুলতে হয় এবং কেমিক্যাল ফার্টিলাইজার যদি না দেওয়া যায় তাহলে এটা হবে না এবং গরিব চাষীকে কেমিক্যাল ফার্টিলাইজারের ক্ষেত্রে ভর্তুকি না দিলে সে কিনতে পারবে না। ১৫ বছর ধরে ডাকাতি করে শেষ করে দিয়েছেন। আরও ডাকাতি করার জন্য ১৪ দফা চাইছেন। এই ভর্তুকি ব্যাপারে যা বলেছি ঠিক বলেছি। কিন্তু ওঁরা বলছেন, পেট্রোল-ডিজেলের দাম বাড়ানো হয়েছে। এই বাজেটে কোথায় বেড়েছে? কেন বলছেন, পেট্রোল-ডিজেলের দাম বেড়েছে? দাঁড়ি থাকলেই লেনিন হয় না, দাঁড়ি ছাগলেরও থাকে। বাড়েনি, বাড়ে নি, বাড়েনি।

(গোলমাল)

পেট্রোল-ডিজেলের দাম এই বারের বাজেটে বাড়ে নি, তোমাদের বাবাদের জিজ্ঞাসা করো, বাড়ে নি। এই মুর্খদের জন্য একটা ওয়ার্কশপ করুন, বাজেট জিনিসটা পড়ান, ভালো করে দেখিয়ে দিন, পেট্রোল-ডিজেলের দাম এইবারের বাজেটে বাড়ে নি। বাড়ে নি, শুধু তাই নয়, ওঁরা একটা জিনিস স্বীকার করেন না।

(গোলমাল)

আমি আবার বলছি, ওঁদের পড়ান। বিনা পয়সায় বই পান, বার্নপুরে পার্টির থেকে একটা ওয়ার্কশপ করা হয়েছে, ওখানে গিয়ে ট্রেনিং নিয়ে আসুন। এবং আপনি অস্বীকার করেছেন এখানে, স্বীকার করতে দ্বিধা করেছেন, দীর্ঘদিনের রাজ্যের যে দাবি মাসূল সমীকরণের ব্যাপারে, সেখানে আমরা স্টিলের উপর থেকে সমস্ত তুলে দিয়ে মাসূল সমীকরণের ব্যাপারে একটা ঐতিহাসিক পদক্ষেপ নিয়েছি। আজকে সেটা কেন লেখেন নি? লেখা উচিত ছিল এইভাবে যে মাসূল সমীকরণের ব্যাপারে অর্ধেকের বেশি করে নেওয়া হয়েছে, রাজ্যের আরও সম্পদ বৃদ্ধি করা হয়েছে, কয়লার উপর যদি মাসূল সমীকরণ তুলে দেওয়া হয় তাহলে আরও বেশি ভাল হয়। স্যার, আমি একটা পরিসংখ্যান দেখাই। যখন যুদ্ধ হয়, যখন মহামারি হয়, কোনও ন্যাচরাল ক্যালামিটি হয় তখন সাধারণভাবে জিনিসের কিছু দাম বাড়ে—এটা স্বীকার করি। কিন্তু আজকে অস্বীকার করতে পারবেন যে মানুষের ক্যাপাসিটি কোথায় বেড়ে গিয়েছে? পার ক্যাপিটা ইনকাম মানুষের কত বেড়ে গিয়েছে? আজকে বাজারে জিনিসের দাম অনেক বেড়ে গিয়েছে। অনেকগুলি জিনিসের দাম বেড়ে গিয়েছে যেখানে কেন্দ্রীয় সরকার ভর্তুকি দিতে পারে। আবার পটলের দাম কেন বাড়ে? পিঁয়াজের দাম কেন বাড়ে? আলুর দাম কেন বাড়ে? আমি গত বছর বলেছি এই হাউসে আলুর দামের ব্যাপারে যে এত অতিরিক্ত।

(নয়েজ)

(At this stage, Shri Tapan Hore rose to speak)

Shri Subrata Mukherjee : You are a bustard. You are a bustard. You are disturbing me. You are a bustard. (Noise) He is a rogue.

(Noise)

মিঃ চেয়ারম্যান ঃ মিঃ হোড়, ওকে বলতে দিন।

(গোলমাল)

শ্রী সুব্রত মুখার্জি ঃ He is a rogue. He is a rogue. (Noise) He is a rogue. চাকর শ্রেণীর লোক। স্যার, আমি সারের কথা বলেছি যে ভর্তুকি দিতে। আলুর দাম বাড়বে না। স্যার, গত বছর আলু উৎপাদন হয়েছিল আমাদের ডিমান্ডের চেয়ে প্রায় অনেক

বেশি। বারে বারে বলেছিলাম যে কৃষকরা ডিস্ট্রেস সেল করছে। বারবার উল্লেখ করেছিলাম। বলেছিলাম, কুলার হাউসগুলি বা কোল স্টোরেজগুলি আপনারা নিজেরা ব্যবস্থা করুন যাতে আলুওয়ালারা বা আলুর যারা উৎপাদক তারা সেখানে তা রাখতে পারে এবং নির্দিষ্ট সময়ে সরবরাহ ঠিক রাখতে পারে এবং তারা দামও একটু বেশি পেতে পারে। কেন করলেন না? আলু আমাদের দেশে উৎপাদন হ'ল, তারপর বর্ডারের সমস্ত জায়গায় সেই আলু নিয়ে গিয়ে ফড়িয়ারা তুলে রেখে দিল কোল স্টোরেজে। তারপর বাজারে যখন আলুর দাম আগুন হ'ল তখন আমাদের তৈরি আলু আমাদের কাছে ফিরে এল। তারজন্য দায়ী কি কেন্দ্রীয় সরকার? আপনাদের উৎপাদিত জিনিস আপনারাই বেশি দামে কিনে খাচ্ছেন আর ফড়িয়াদের হাতে তামাক খাচ্ছেন। এরজন্য দায়ী কি কেন্দ্রীয় সরকার? যখন উৎপাদন সামগ্রিকভাবে কমে তখন ডিস্ট্রিবিউশনে অসুবিধা হয়। আপনি যদি দেখেন Indian Economic Information Year-Book, 1991-92. পেজ ১২০, আপনি সেখানে দেখবেন যে ফুড গ্রেন্স অ্যাভেলিবিলিটি ১৯৯০ তে কত কমে গিয়েছে। আপনি দেখবেন এখানে রাইসের প্রকিওরমেন্ট এবং প্রডাকশন কমে গেছে। আপনি দেখবেন স্বভাবতই সাপ্লাই এবং ডিস্ট্রিবিউশন রাইসের এবং আনুষঙ্গিক জিনিসের কমে গেছে। সর্বোপরি, আপনাদের যেটা জানাতে চাই যে, এই রাজ্যে বিশেষ করে বারে বারে ডাঃ জয়নাল আবেদিন যখন এখানে কো-অপারেটিভের মিনিস্টার ছিলেন এক কোটি টাকারও বেশি কো-অপারেটিভের থ্রু দিয়ে মুনাফা করেছিলেন। কনফেড তৈরি করে ছিলেন।

[11-40—11-50 A.M.]

এখানে যদি কো-অপারেটিভ মুভমেন্ট সাকসেসফুল হত তাহলেও না হয় বুঝতাম। এখানে কি কোনও ইনফ্রাস্ট্রাকচার আছে? প্রতিটি সাধারণ জিনিসের দাম বেড়ে যাচ্ছে, আপনারা কি করছেন? কোনও কিছুই করছেন না। কলকাতার বাজারে শাকের দাম ৪ টাকা কে.জি. হয়ে গেছে। এর জন্য কি কেন্দ্র দায়ী? আজকে এঁচোড়ের দাম ১০ টাকা কে.জি., এর জন্য কি কেন্দ্র দায়ী? হ্যাঁ, আমি জানি কোর সেক্টার দাম বাড়ার ক্ষেত্রে কেন্দ্রের কিছুটা দায়িত্ব আছে। সে সব ক্ষেত্রে তাদের দায়ী করতে রাজি আছি। কিন্তু নিমপাতার দাম ৮ টাকা কে.জি. কাঁচা লঙ্কার দাম ১৪ টাকা কে.জি. কেন হবে? ইয়ারকিরও একটা সীমা আছে। সুতরাং ফাজলামি না করে কো-অপারেটিভ মুভমেন্টকে সাকসেসফুল করুন। ১৪ দফা জিনিস কেন্দ্রীয় সরকার এসে খাইয়ে দেবে না। আপনাদের ইনফ্রাস্ট্রাকচার তৈরি করতে হবে। ব্লক লেভেল থেকে ডিস্ট্রিবিউশন মেশিনারি যদি ঠিক করতে পারেন তাহলেই সেটা কার্যকর হবে। নাহলে শুধু রাজনীতিই করা হবে। সুতরাং আমি এই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Please, Please. When I was in my chamber certain words have been used by Hon'ble Member Shri Subrata Mukherjee which, I think, is most unfortunate. A similar word had been used in

the previous House by a member of the ruling party and he had to express apologies because this House is not a forum for abuse and no member has a right to abuse anybody inside this House...(Noise)..Please, Please, take your seat. I am on my leg. Please, take your seat. I would now request Hon'ble Member Shri Subrata Mukherjee to withdraw the word and tender apology.

Shri Subrata Mukherjee : I am, Sir, loyal to the House. I withdraw the word definitely without any risk or bar.

Mr. Speaker : Mr. Mukherjee, first tender your apology. If you do not apolozise, I will be constrained to take steps against you. I cannot allow this word to be used inside this House. I cannot. First you apolozise. If you refused to apolozise I will be constrained to take steps.

I have said earlier that this House has made a member of the ruling party to apolozise and you have to apolozise in the House. If you do not apolozise we will be constrained to take steps against you.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এখানে তো অনেক জিনিসই হয় এবং যে এক্সপ্রেশন আপনি প্রকাশ করলেন তাতে এটাকে পিন পয়েন্ট করার বা জেদাজেদির কোনও প্রশ্ন নেই। উনি বলেছেন, আই রিগ্রেড অ্যান্ড আই উইথড্র।

Mr. Speaker : Dr. Abedin, I am sure you have not liked your parenthesis and you would not like it to be discussed in the House and I am sure no member would like it to be discussed. If Shri Subrata Mukherjee has used the privilege on the floor of the House to describe the parenthesis of somebody it is an incumbent duty to express apolozies. If he feels he will not apolozise then we shall be constraint to take steps. I am giving him the last chance. If he does not, we will be constraint to take steps.

Shri Subrata Mukherjee : স্যার, ওঁরা কিভাবে নোট করেছেন, আমি জানি না। Whether it is recorded or not. If it is not recorded then the question of apology does not arise. If it is recorded then only the question of apology arises and I do apolozise.

Mr. Speaker : I have heard in my chamber. No question of being recorded or not recorded. What I have heard. I have come

straight from my chamber here. I do not want to go further in this debate.

Shri Gyan Singh Sohanpal : Sir, unfortunately, I was not in the House. While I was entering. I heard Mr.Mukherjee saying that—I regret and I apologize. Then when I came to the House were on your legs and you were insisting that Mr. Mukherjee should apologize. Mr. Mukherjee is of the opinion that if he has said anything which has hurt the feeling of any Member or if his utterances have hurt the prestige of any Member, he has expressed his regret. But he is still not sure whether he has made any such utterances or any such remark. Anyway, Sir, there is no point to enter into any controversy. You wanted him to express regret. You wanted him to aplogize and he apologize. He has expressed regret and apologized. I think the matter should be dropped here.

Mr. Speaker : I do not want to go into any debate on this. Expressing regret is one thing and expressing apology is another. Unfortunately, the matter of expressing apology for any swearage which made hurt the feeling of another or the sentiment of another is an abuse. In the past we have made members expressing apologise on similar uses in the House. I see no reason why this should be changed. If the similar words have been used, the Member should express apology. He has no right to hurt the sentiment of anybody.

Shri Gyan Singh Sohanpal : He has not only regreted but has apologized too.

Mr. Speaker : I have heard very clearly what he has said. If says I do apologise then the matter ends.

(Noise and interuptions)

You see Mr. Gyanji, I am proud of two things-my sense of hearing and sense of sight. You see at this age of mine. I do not wear spectacle. I see very clearly and I hear very clearly. I am proud of these two things-my facylties and abilities. I have not lost any of them. I am ageing but in the near future, I hope I will hear still strongly. I hope, you will make a note of it.

I can only say again and appeal to all Members that this is a

forum of debate. I am willing to agree that at moments debates can be very heated and tensed but it cannot go out of limits. It should never go out of order of a resonable sense of respect and dignity. You should never go out of limits because you don't have the right to abuse anybody. The people have not voted you to do that. You have the right to criticise the Government, right to attack the Government, the right of making your submission even with certain degree of temperament or attention. But this should not be out of proportion. Please don't do it.

[11-50—12-00 Noon]

শ্রী গৌতম রায়চৌধুরি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এই সভায় উত্থাপিত হয়েছে সেই প্রস্তাবকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। অপর পক্ষে আমাদের বুদ্ধিমান সুপন্ডিত বন্ধুরা যে সমস্ত সংশোধনী এনেছেন তার বিরোধিতা করছি। এই সংক্রান্ত ব্যাপারে বলতে গিয়ে আসলে সাধারণভাবে ওদের কিছু বলার নেই। যেভাবে ওদের প্রস্তাবটি এসেছে এর বিরুদ্ধে আজকে সারাদেশে ধিক্কার ধ্বনিত হচ্ছে। আজকে এই বিষয় নিয়ে সারা দেশের মানুষের কণ্ঠস্বর এই জায়গায় এসে পৌঁছেছে। যাঁরা আজ এর বিরোধিতা করছেন তাঁরা বাইরে গেলে এই সম্পর্কে বুঝতে পারতেন। প্রতিদিনই জিনিসের দাম এমন ভাবে বাড়ছে যে তা মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। অন্যান্য জিনিসের সঙ্গে সঙ্গে ওষুধের দাম পর্যন্ত এমন অবস্থায় এসে দাঁড়িয়েছে যে, মানুষ প্রয়োজনে অনেকেই তা কিনতে পারছেন না। তাই এই সমস্যার সমাধানের জন্য এর বিরুদ্ধে এই প্রস্তাব গ্রহণ করা উচিত। এর সঙ্গে আরও একটি কথা বলতে চাই, সেটা হল মুদ্রাস্ফিতি সম্বন্ধে। মুদ্রা হল এমনই একটি জিনিস, যা বিনিময়ের যন্ত্র—যার বিনিময়ে উৎপাদিত যে পণ্য, বাজারে যা থাকে তা পাওয়া যায়। উৎপাদন বিনিয়োগের তিন রকম পদ্ধতি আছে। (১) ব্যক্তিগতভাবে ব্যবহার, (২) সামাজিকভাবে ব্যবহার—রাস্তাঘাট, হাসপাতাল ইত্যাদি আর (৩) হল পরবর্তী যে উন্নয়ন এই সম্পর্কে পরিকল্পনা গ্রহণের জন্য ব্যবহার। এর দায়িত্ব রাষ্ট্রকে গ্রহণ করতে হয় এবং এরজন্য কর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এইগুলি প্রধানত কেন্দ্র চালায়। আজকে ব্যক্তিগত ব্যবহার, ব্যক্তিগত পুঁজি এই জায়গায় জড় করা হয়েছে। এর মূলে যে পদ্ধতি আছে তা প্রথমে প্রতিরক্ষা পুলিশ ইত্যাদি ক্ষেত্রে বেশি করে ব্যবহার করার ব্যবস্থা করছে। রাষ্ট্র কাঠামোর স্বার্থে বাড়তি কর বসাতে হয়, তারজন্য নানাধরনের পরীক্ষামূলক ভাবে কর বসাতে হয় এবং এরই জন্য বাজেটে ঘাটতি হয়, বেশি নোট ছাপানো হয়, মুদ্রাস্ফিতি হয়, জিনিসপত্রের দাম বাড়ে। এবছরের কেন্দ্রীয় বাজেট সম্পর্কে দু-চার কথা বলা যেতে পারে, প্রস্তাবের সমর্থনে, কিন্তু দুর্ভাগ্যবশত আমাদের কেন্দ্রীয় অর্থমন্ত্রী মাননীয় মনমোহন সিং গতবছর যে ৭৭১৯ কোটি টাকা ঘাটতি ছিল সেই জায়গায় ৫৩৮৯ কোটি টাকা দেখালেন, অর্থাৎ ঘাটতি কম; মানুষকে দেখানো হল যে, ২৩৩০ কোটি টাকা কমানো সম্ভব হয়েছে। অপর দিকে বৈদেশিক ঋণের উল্লেখ করলে দেখা যাবে, আগে যা ছিল ৩৫১০ কোটি টাকা সেটা বেড়ে

হয়েছে ৪৫০৯ কোটি টাকা। রাষ্ট্র সংস্থার ইকুইটি শেয়ার বিক্রি করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে। সেটা ২০০০ কোটি টাকারও বেশি। এই সব কিছু মিলিয়ে এই বছর ঘাটতি আরও বাড়বে। সবাই এখন জিনিসপত্রের দামের জন্য আয় বাড়তে চায়। এ ব্যাপারে নানা গল্পের অবতারণ করা হয়েছে। আমিও একটা গল্প বলছি—বাড়ির কর্তা তাঁর গিন্নিকে বলছেন, আমি পারিবারিক আয় বাড়িয়েছি, বাড়ির কুকুরটা বিক্রি করে দিয়েছি এবং মুখুজ্জে মশাইয়ের কাছে দেনা করেছি—পারিবারিক সমৃদ্ধি ঘটেছে। কেন্দ্রের জনবিরোধি বাজেটের জন্য প্রতিটি মানুষ ছিন্ন বিচ্ছিন্ন জীবন যাপনের মুখে এসে দাঁড়িয়েছে। এসব ধ্যান, ধারণার মূল কথা অর্থনীতি। আমদানি শুল্ক ২০ শতাংশ কমেছে, আর রপ্তানি শুল্ক বেড়ে দাঁড়িয়েছে ২২১১ কোটি টাকা। পরিসংখ্যানগুলি দিচ্ছি এই জন্য যে স্বাভাবিকভাবে বারে বারে বিরোধীপক্ষ থেকে বিভিন্ন আলোচনার সময় শুনেছি, আজকেও বিভিন্ন আলোচনার সময় বিরোধী সদস্যরা বলেছেন। ওঁরা জানেন না যে বাজেটে সে সম্পর্কে হিসাব রয়েছে। সেই হিসাব থেকে দেখা যাচ্ছে যে, নতুনভাবে কর বসানো হয়েছে, জিনিসপত্রের উপর কর বাড়ানোর প্রস্তাব এসেছে, ডিজেল পেট্রোলের দাম প্রশাসনিক অর্ডিনেন্স জারি করে বাড়িয়েছেন, সেগুলি বাড়ানোর জন্য জিনিসের উপর চাপ পড়েনি? বাজেটে এর উল্লেখ রয়েছে, তারজন্য জিনিস পত্রের দাম বৃদ্ধি হচ্ছে না? এই সম্পর্কে মাননীয় বিরোধী সদস্যরা একটু চিন্তা ভাবনা করবেন, আমি আহ্বান জানাচ্ছি। মোটর, স্কুটার এদের উপর কর বৃদ্ধি হচ্ছে না, কিন্তু সিমেন্ট স্টেনলেস লোহা, ইস্পাত, টায়ার টিউব, কেবল, প্লাস্টিক এগুলির উপর কর বৃদ্ধি করা হয়েছে। এতে কি খেটে খাওয়া মানুষদের উপর বোঝা বৃদ্ধি হয় নি?

মিঃ স্পিকার স্যার, ওরা এই সমস্ত জিনিসের উপর কর বসিয়েছেন। এটা শুনে আশ্চর্য লাগে, সাদা সিমেন্টের উপর কর কমানো হয়েছে। এটা ভাল, কিন্তু এই সাদা সিমেন্ট কাদের প্রয়োজনে লাগে? মোজাইক করতে এটা লাগে। কিন্তু সাধারণ সিমেন্টের উপর কর বাড়ানো হয়েছে যা সাধারণ মানুষের কাজে লাগে। আমাদের দেশের রেশনিং ব্যবস্থা, যে ব্যবস্থা পশ্চিমবঙ্গে দীর্ঘদিন ধরে ভালভাবে পরিচালিত হচ্ছে, পরিচালনা করা হচ্ছে, তা নিয়ে নানা খারাপ কথা বলা হচ্ছে। কসমেটিক্স কে ব্যবহার করবেন, ব্যাটারী কে কিভাবে ব্যবহার করবেন সেটা ব্যক্তিগত ব্যাপার, কিন্তু ৪৪-৪৫ বছরের শাসনে নিত্যপ্রয়োজনীয় জিনিসের সংখ্যা দাঁড়িয়েছে ১৪টিতে। বাড়াতে পারলে ভাল। বোধহয় ওরা কিছু নিত্যপ্রয়োজনীয় জিনিসের সংখ্যা বাড়াবেন এবং সেটা বোধহয় তরল পদার্থ যা বিরোধী পক্ষের জন্য দরকার হতে পারে। মিঃ স্পিকার স্যার, গত বছরের বাজেটে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম, যার মাধ্যমে কিছু সাধারণভাবে রেশনের দোকান মারফৎ দেওয়া হয়, সেক্ষেত্রে ৮,০০০ কোটি টাকা ধরা হয়েছিল এবং কোনও কোনও বছর যা ১০,০০০ কোটিও ধরা হত, এবারের বাজেটে সেটা ৮,০০০ কোটি টাকা ধরা হয়েছে। আমি বিরোধী পক্ষকে জিজ্ঞাসা করি, এই ৮,০০০ কোটি টাকা প্রস্তাবকে আপনারা গ্রহণ করবেন? সাধারণ মানুষের উপর এই যে আক্রমণ, অবিচার এক্ষেত্রে আপনারা ঘুরে বসে থাকবেন? এ-ব্যাপারে আপনারা ভাবনা-চিন্তা করবেন এই

আবেদন করছি। আজকে রেলের ভাড়া মাসুল যেভাবে বৃদ্ধি হয়েছে—এবারে বেড়েছে ১২০০ কোটি টাকা এবং একসাইজ ডিউটি বেড়েছে ২২০০ কোটি টাকা—এ সম্পর্কে আপনারা কি জবাব দেবেন? বর্তমান বছরে আমাদের দেশের অর্থনীতি কেন এইভাবে ভেঙ্গে পড়ল সে সম্পর্কেই বা কি জবাব দেবেন? সেজন্য এই প্রস্তাবকে সর্বসম্মতভাবে গ্রহণ করে যাতে এর বিরুদ্ধে আন্দোলন করতে পারি পশ্চিমবঙ্গ থেকে সারা ভারতবর্ষে, এই আহ্বান আমি রাখছি। একথা আমি বলতে চাই, বার বার যে কথা উল্লেখ করা হয়েছে, সাউথ কোরিয়া এবং অন্যান্য কয়েকটি দেশের কথা। আমি ডাঙ্কেল প্রস্তাবে আসছি। এই ডাঙ্কেল প্রস্তাবের কথা বলতে গিয়ে, আজকের আনন্দবাজার পত্রিকা নিশ্চয়ই পড়েছেন, আমি অনুমতি নিয়ে সেটা উল্লেখ করছি। এই সংক্রান্ত ব্যাপারে কিছু বলে দেবার নয়; আপনারা জানেন এই প্রস্তাব কি। ভারতবর্ষের মানুষের উপর, তাদের বুদ্ধিস্বত্বার উপর, আমাদের বৈজ্ঞানিক কর্মকান্ডের সঙ্গে যাঁরা যুক্ত তাদের উপর আজকে কিভাবে আক্রমণ চালানো হচ্ছে সেটা আপনারা জানেন। গতকাল ভারতের বিদেশ সচিব জে.এন.দীক্ষিত জানান, মার্কিন বাণিজ্য মন্ত্রী কার্লাহিলস তাঁকে বলেছেন, আমি যথেষ্ট করেছি, আপনারা আপোষ করে নিন। কার্লাহিলসের এই প্রস্তাবে সম্মত হওয়া মানে মার্কিন যুক্ত রাষ্ট্রের কাছে আমাদের দেশের স্বাধীনতা বিকিয়ে দেওয়া। আজকে আই.এম.এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক ঠিক করবে আমাদের দেশের অর্থনীতি কিভাবে চলবে, সমাজ কিভাবে চলবে, আমরা কিভাবে আমাদের দেশের শাসনকার্য পরিচালনা করব। এই দায়িত্ব আজকে কার্লাহিলসকে কে দিয়েছে? বলেছেন, আর তাদের কিছু করবার নেই, আপোষ করে নিন। হুমকি দিচ্ছে নাহলে কি হবে? আমরা একথা বলতে বাধ্য হচ্ছি—গতকাল আনন্দবাজার পত্রিকার ৫ পৃষ্ঠায় আছে। গণশক্তিতে সোসাল সায়েন্টিস্ট সম্পর্কে যে খবর বেরিয়েছে, যেহেতু সেটা বামপন্থী পত্রিকা সেহেতু ঐ সম্পর্কিত খবরগুলি একপেশে, ঠিক নয়—এই ধরনের মনে হতে পারে। গতকালের আনন্দবাজার পত্রিকার ৫ পৃষ্ঠায় রয়েছে—বাণিজ্য এবং মেধাস্বত্ব সংক্রান্ত বিষয়গুলি নিয়ে আপোষ না করলে এবং পেটেন্ট আইন সংশোধন না করলে ভারতের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে কার্লাহিলস যে হুমকি দিয়েছেন সেই প্রস্তাব সম্পর্কে দীক্ষিত নমনীয় হয়েছেন। তিনি বলেছেন, উরুগুয়ে রাউন্ড বৈঠক শেষ হবার সময়ে আপোষে আসতে হবে। উরুগুয়ের ডাঙ্কেলে যে আলোচনা হচ্ছে তা এই রকম—আমাদের সমস্ত রকম যে সুযোগ রয়েছে, আমাদের মেধাজাতীয় যে সম্পদ তা বিনিময়ের ব্যাপারে।

[12-00—12-10 P.M.]

তাঁরা পেটেন্ট যা তৈরি করবেন প্রোজেক্ট সংক্রান্ত ব্যাপারে সেই সমস্ত বিষয় এখন থেকে কেন্দ্রীয় ভাবে জি.এ.টি.টি দ্বারা নির্ধারিত হবে। আগে উইপ্রো এই সব নিয়ন্ত্রণ করত। এখন এই ধরনের ঘটনা ঘটতে চলছে। আমরা যখন আই.আর.৮ কৃষি পণ্য আনতে যাই, কৃষিতে যে সমস্ত ধান ব্যবহার করা হয়, রবার গাছ যখন আনতে যাই সেইগুলিকে এনে আমাদের বিজ্ঞান প্রযুক্তির মাধ্যমে সেটাকে মালটিপ্লাই করে বিভিন্ন রকম ব্যবস্থা করে থাকি। তার ফলে চাষীরা কম দামে বীজ পান। এখন সেই সমস্ত জিনিস আনতে গেলে তার উপর

নিয়ন্ত্রণ ঘটবে এবং ফলে মূল্যবৃদ্ধি ঘটবে। যেমন জীবনদায়ী ঔষধ অ্যাম্পিসিলিন আমাদের এখানে ২৩ টাকায় যেখানে পাওয়া যাচ্ছে সেখানে মার্কিন যুক্তরাষ্ট্রে ৩০০ টাকা করে পাওয়া যায়। এই রকম অবস্থার সৃষ্টি হবে। ডাঙ্কেল প্রস্তাব এবং কার্লাহিলস-এর হুমকির বিরুদ্ধে এই প্রস্তাবকে সমর্থন করে আন্দোলন গড়ে তোলা দরকার। এই সম্পর্কে মাননীয় সদস্যদের ভাববার জন্য আবেদন জানাচ্ছি। আই.এম.এফ-র শর্ত কি শর্তে আই.এম.এফ. ঋণ দিতে চলেছে, সেই শর্ত ভারতবর্ষের সার্বভৌমত্বের পক্ষে খুব নিরাপদ কিনা সেটা ভেবে দেখার দরকার আছে। আই.এম.এফ-র শর্ত প্রকাশিত হয় নি। ওনারা মুখ্যমন্ত্রীর বাড়িতে আলোচনার কথা বলেছেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে যে আলোচনা হয়েছে সেটা তিনি জানিয়ে দিয়েছেন। আই.এম.এফ.-এর শর্ত প্রকাশিত হয় নি। এই ব্যাপারে যে চিঠি চলাচল হয়েছে তার দু-একটা চিঠি বেরিয়ে গিয়েছে। তার থেকে প্রমাণ হয়েছে যে (১) বাজেটে অর্থনৈতিক ঘাটতি ও দেশীয় বাজারে ঋণ হ্রাস করার নির্দেশ (২) পণ্য মূল্যের স্তর কেবলমাত্র চাহিদা-সরবারহ নির্ভর হয়ে নির্ধারিত হওয়ার পক্ষে—ব্যবস্থা গ্রহণ (৩) পণ্য মূল্যের ব্যাপারে সব ধরনের ভরতুকি তুলে নেওয়ার সুপারিশ ও (৪) বাণিজ্যে অবাধ নীতি গ্রহণ। আর আছে একজিট পলিসি, বিদায়ী নীতি এর সঙ্গে যুক্ত। ওনারা আই.এম.এফ.-এর শর্তের কাছে আত্মসমর্পণ করছেন। কেন আত্মসমর্পণ করছেন সেই বিষয়ে তথ্য আছে, আমার সময় নেই বলে বলতে পারছি না। কেন্দ্রের জনবিরোধী বাজেট, ডাঙ্কেল প্রস্তাব, ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং আই.এম.এফ. ঋণের শর্তে বিরুদ্ধে বিরোধীদের কণ্ঠ আরও উঁচু হওয়া দরকার।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

আমি আর দু-একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। এই বছর স্যার, উন্নয়ন খাতে খরচ কমানো হয়েছে ১২১৯ কোটি টাকা, কয়লা ৩১৭ কোটি টাকা, শিক্ষা ২৫ কোটি টাকা, ক্ষুদ্র সেচ ও কৃষি এবং গ্রামীণ শিল্পে ১৫ কোটি টাকা বস্ত্রে ৯৮ কোটি টাকা এবং জন সম্পদ ৩৫ কোটি টাকা। এই গুলি কি দরকারি নয়? এইগুলির ক্ষেত্রে আপনাদের কোনও জবাব আছে? এই অবস্থা ছাড়াও বিদেশ থেকে ৫ কে.জি. পর্যন্ত সোনা আনায় ছাড় দেওয়া হয়েছে। তার মানে আইনসম্মতভাবে চোরাচালানকারিদের প্রশ্রয় দেওয়া হচ্ছে বৃহৎ পুঁজিপতিদের স্বার্থে। ডলার এন.আর.আই যত খুশি আনতে পারেন, শতকরা ৪০ ভাগ সরকারকে নির্ধারিত মূল্যে দিতে হবে বাকি ৬০ ভাগ ব্যক্তিগত ভাবে বিক্রি করা যাবে, উৎস জিজ্ঞাসা করা হবে না। তার ফলে কালো টাকা সাদা হল, তাতে মুদ্রাস্ফিতি বাড়ল। যেমন ৩০২ ধারা তুলে দিলে যত ইচ্ছা খুন করা যাবে, ধরা হবে না এই রকম করা হয়েছে। সুতরাং বিরোধী দলের উচিত জন বিরোধী নীতির শুধু সমালোচনা করা নয়, এই প্রস্তাব কে সমর্থন করা। এই প্রস্তাবকে সমর্থন করার আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় স্পিকার স্যার, মাননীয় সদস্য বললেন আমাদের নাকি তরল পদার্থ লাগবে। আমরা যারা রোজা করছি তাদের তরল বা শুকনো পদার্থ

খাওয়া নিষিদ্ধ। আপনি তো সুব্রতবাবুকে অনেক কিছু বললেন, আপনি ওনাকেও কিছু বলুন।

(At this stage the House was adjourned till 1P.M.)

[1-00—1-10 P.M.] (After recess)

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় স্পিকার মহোদয়, আজকে রুল ১৮৫ এ মানবেন্দ্র মুখার্জি, ক্ষীতি গোস্বামী, কৃপাসিন্ধু সাহা এবং শক্তি বল, এঁদের আনীত যে প্রস্তাব সে সম্পর্কে আমরা আমাদের বক্তব্য এখানে উত্থাপিত করছি। আজকে আমরা সকলেই এই ব্যাপারে নিঃসন্দিহান এবং একমত যে, মূল্যবৃদ্ধিতে সকলেই ক্ষতিগ্রস্ত হয়। এই নিয়ে কোনও বিতর্কের অবকাশ থাকে না। সুতরাং আমরা ধরি যে রাইজিং প্রাইস এফেক্টস এভরিবডি, এটা নিয়ে বিতর্কের অবকাশ থাকে না। কিন্তু একটা প্রস্তাব আনতে গিয়ে কেন্দ্রীয় সরকারের নানাবিধ ভূমিকা উল্লেখ করতে গিয়ে এই প্রস্তাবের মধ্যে এমন কিছু বক্তব্য রাখা হয়েছে, তাতে মনে হয় রাজনীতি করবার প্রবণতায় যতটা মনোনিবেশ করেছেন, তারসঙ্গে সমস্যার দিকে ততটা মনোনিবেশ করবার প্রবণতা এই প্রস্তাবে আমরা দেখতে পাই না। মানববাবু প্রস্তাবের উত্থাপন করতে গিয়ে রাজনীতির কতকগুলি প্রিন্সিপল নিয়ে বলেছেন, যেগুলি খুবই সাদামাঠা। বাজারে যোগান এবং চাহিদার সমতা থাকলে মুদ্রাস্ফিতি রোধ করা সম্ভব হয়—এই সমস্ত নূন্যতম কথার মারপ্যাঁচে আমরা যেতে চাই না। কিন্তু যতক্ষণ পর্যন্ত মুদ্রাস্ফিতি নিয়ন্ত্রিত না হবে ততক্ষণ পর্যন্ত দ্রব্যমূল্য বৃদ্ধি কখনই নিয়ন্ত্রিত হতে পারে না। আমরা এটাও জানি যে ইনফ্লেশনকে যদি কন্ট্রোল করতে হয় তাহলে আমাদের উৎপাদন বৃদ্ধি ঘটাতে হবে—দ্যাট ইজ ইম্প্রুভমেন্ট ইন প্রোডাকশন। উৎপাদনের ক্ষেত্রে আমরা যদি উন্নতি ঘটাতে পারি তাহলে স্বভাবতই মূল্যবৃদ্ধি রোধ সম্ভব হবে এবং আমরা একটা পজিটিভ পদক্ষেপ গ্রহণ করতে পারব। আমরা জানি যে, ডেফিসিট বাজেট কখন হয়, কিম্বা আমরা এও জানি যে কোনও কোনও ক্ষেত্রে সরকারের পক্ষে ডেফিসিট বাজেট করা সম্ভবপর হয় না। যেমন, প্রতিরক্ষা ক্ষেত্রে সরকারের ইচ্ছা থাকলেও আমরা সেখান থেকে বাজেটে টাকা কম করতে পারি না। কারণ এর উপরে নির্ভর করছে সমগ্র ভারতবর্ষের সার্বভৌমত্ব, দেশের সংহতি, দেশের সীমানা রক্ষা করার প্রশ্ন জড়িত থাকে। আমরা ইন্টারেস্টকে মুকুব করতে পারি না। হয়ত কোনও কোনও ক্ষেত্রে কমবেশি করতে পারি। তবে সরাসরি কোনও ইন্টারেস্ট আমরা মুকুব করতে পারি না। নন-প্ল্যান্ড এক্সপেন্ডিডচারে আমরা কিছুটা সংযমের পরিচয় দিতে পারি। নন-প্ল্যান্ড এক্সপেন্ডিচার আমরা কিছুটা কমাতে পারি। ভরতুকির ক্ষেত্রে, যেটা চারিদিকে আলোচনা হচ্ছে, চিরকালের জন্য সাবসিডি আমরা দিতে পারি না। কারণ সাবসিডি যদি চলতে থাকে তাহলে একটা দেশের অর্থনীতি কখনও নিজের পায়ে দাঁড়িয়ে থাকতে পারে না। সাবসিডি থেকে আমরা যদি সরে না আসতে পারি তাহলে আলটিমেটলি ইনফ্লেশন হতে বাধ্য, এর দ্বারা ইনএফিসিয়েন্সী প্রমাণিত হয়। আজকে মানববাবু এখানে তাঁর প্রস্তাব উত্থাপনের শেষে বাজেটের কথা বারবার টেনে নিয়ে এসেছেন। আমি এই প্রস্তাবের পটভূমিকায় দাঁড়িয়ে বলছি যে,

খাদ্যসমূহ এবং সারের ভর্তুকি তুলে দেওয়া হয় নি। আমরা যদি মনমোহন সিংয়ের বাজেট বক্তৃতা পড়ি তাহলে আমরা দেখতে পাব যে, এই বারেই খাদ্যে আড়াই হাজার কোটি টাকা ভরতুকি দেওয়া হয়েছে। আর ফার্টিলাইজারের ক্ষেত্রে সাবসিডি দেওয়া হয়েছে ৫ হাজার কোটি টাকা। সুতরাং ভরতুকি দেওয়া হচ্ছে না এই যে কথাটা বলা হচ্ছে এটা ঠিক নয়, মনমোহন সিং এইক্ষেত্রে সুস্পষ্টভাবে বলে দিয়েছেন যে ফুডগ্রেন্স এবং ফার্টিলাইজারের ক্ষেত্রে ভরতুকি দেওয়া হচ্ছে। এরপরে পেট্রোল এবং ডিজেলের মূল্যবৃদ্ধির কথা বলা হচ্ছে। পেট্রোল ডিজেলের সর্বাধিক মূল্যবৃদ্ধি পায় বিশ্বনাথপ্রতাপ সিংয়ের আমলে। কেন্দ্রে তখন বামফ্রন্টের সঙ্গে হাত মিলিয়ে বন্ধু সরকার রাজত্ব করছে। সেই সময়ে পেট্রোল ডিজেলের রেকর্ড মূল্যবৃদ্ধি ঘটেছিল। সেই সময়ে ওই দাম কমিয়ে আনার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে একটি বিকল্প প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু সেই বিকল্প প্রস্তাব পেট্রোল, ডিজেলের দাম কমিয়ে আনার জন্য করা হয়েছিল সেই প্রস্তাব তাদের কেন্দ্রের বন্ধু সরকার মেনে নেয় নি এবং ওতে কোনও গুরুত্বই দেয় নি। এইবার আমি ২নং আলোচনায় আসতে চাই, সেটা হচ্ছে যে, এই প্রশ্নে রাজ্য সরকারকে দায়িত্ব নিতে হবে এবং তা নিয়ে ভাবতে হবে। এখানে প্রশ্ন এসেছে যে সোভিয়েত রাশিয়াতে কন্ট্রোল প্রাইস ছিল এবং সেই কন্ট্রোল প্রাইস রাখতে গিয়ে সোভিয়েত রাশিয়ার আজকে অবস্থা কি দাঁড়িয়েছে সেটা নিশ্চয়ই কারুর অজানা নেই। সেখানে কন্ট্রোল প্রাইসে জিনিস দিতে গিয়ে সেখানকার পরিস্থিতি কিভাবে নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে সবাই জানেন। আজকে কি ভারতবর্ষেরও সেই অবস্থা হতে চান? এই সরকার আজকে ১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্য এক দরে সরবরাহ করার কথা বলেছেন, কিন্তু এই সরকারই চালের প্রকিওরমেন্ট গমের প্রকিওরমেন্ট করতে ব্যর্থ হয়েছেন। চাল, গমে আজকে ঘাটতি পড়েছে। ৩৮.২ লক্ষ টন রাইস হুইটের ঘাটতি আছে, কোনও কোনও সময়ে প্রকিওরমেন্টও হচ্ছে না। পশ্চিমবাংলায় স্মাগলিং যেভাবে বেড়ে চলেছে চিন্তা করা যায় না। পশ্চিমবঙ্গের চাল চোরাচালান করে বাইরে চলে যাচ্ছে। অথচ নিয়ন্ত্রণ করার জন্য প্রশাসনিক দক্ষতা বা কাঠামো পশ্চিমবঙ্গে নেই। যারফলে ক্রমাগত পশ্চিমবঙ্গে স্মাগলিং বেড়ে চলেছে। সর্বপরি এখানে বাস ফেয়ারও বাড়ছে এবং সেখানে কোথাও কোথাও হয়ত কেন্দ্রীয় সরকার রেলের ভাড়াও বৃদ্ধি করেছেন। সেখানে অনেকক্ষেত্রে প্রয়োজনের তুলনায় ভাড়া বেশি বাড়ানো হয়েছে। রাজ্য সরকারের ক্ষতির জন্য বাসের ভাড়া বাড়িয়ে যদি অর্থনৈতিক দিক থেকে প্রাণ সঞ্চার করা হয় তাহলে রেলের ক্ষেত্রেও তাই প্রযোজ্য। ঠিক অনুরূপ ভাবে রেল বাজেটেও রেলের ফেয়ার কোনও কোনও ক্ষেত্রে বাড়াতে হয়েছে এবং এটা সামগ্রিকভাবে দেশের কথা ভেবেই এই বাজেট তৈরি করা হয়েছে। সুতরাং কেন্দ্রের বাজেটের তীব্র সমালোচনা না করে বিশেষ শ্রদ্ধার সঙ্গে এই জিনিসটা সম্বন্ধে ওয়াকিবহাল হতে হবে। আসলে আপনারা কেন্দ্রীয় বাজেটটা না পড়েই অনেক সমালোচনা করলেন। আজকে আমাদের এটা জানা দরকার যে এই বাজেটের ফলে এডিবিল অয়েল পেট্রোল, ডিজেল প্রভৃতি জিনিসগুলি আমদানি করতে আর আমাদের কোনও অসুবিধা রইল না। শ্রী মনমোহন সিং তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন Our ability to fight inflation has been considerably enhanced by the improvement in

our foreign exchange reserves. This has enabled us to relax the restrictions imposed last year on imports, thus ensuring near normal availability of essential including edible oil, petrol, diesel etc. in the months ahead. This will help production and cease inflationery measures. .

[1-10—1-20 P.M.]

সুতরাং এটাও একটা অত্যন্ত পজিটিভ এবং সদর্থক পদক্ষেপ এবং এই পদক্ষেপের পটভূমি নিশ্চয় মূল্যবৃদ্ধি হ্রাসের ক্ষেত্রে একটা বলিষ্ঠ পদক্ষেপ বলে মনে করি। এই রাজ্য সরকার মজুত উদ্ধার চান না, ডিহোর্ডিং হয় না। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আমরা দায়িত্ব নিয়ে বলতে পারি গত ১৪ বছরে মজুত করবার অপরাধে একজনকেও ইমপ্রিজনমেন্ট দিতে পারেন নি এই সবকার। গত ১৫ বছরের মধ্যে ভারতবর্ষের ক্ষেত্রে এটা একটা নজির হয়ে আছে। আপনারা পশ্চিমবঙ্গে কত গ্রেপ্তার করেছেন তার হিসাব দেবেন—এত সালে এত গ্রেপ্তার হয়েছে, এত সালে এত মামলা রুজু হয়েছে কিন্তু ভারতবর্ষের মধ্যে এই পশ্চিমবাংলা এমনই রাজ্য যেখানে একজনও ইমপ্রিজনমেন্ট দেওয়া সম্ভব হয় নি। এটা কেন? আজকে মজুত উদ্ধারের ক্ষেত্রে এত দ্বিধা কেন, এত সংকোচ কেন, আপনাদেরকে এইটা মনে রাখতে হবে যে দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে কেবলমাত্র কেন্দ্রীয় সরকারকে গালিগালাজ করে দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণ করা যাবে না। দ্রব্যমূল্যবৃদ্ধি নিয়ে আমরা চিন্তিত, আপনারা ১৪টি নিত্য প্রয়োজনীয় দ্রব্য সরবরাহ করবেন এই দাবি আমরা নিশ্চয় রাখতে পারি। ভর্তুকির পিছনে অর্থনীতির মূল ব্যাপারটা যদি আমরা না দেখে আয় করি তাহলে কেন্দ্রে যখন বন্ধু সরকার ছিল তখনও তো আপনারা বলতে পারতেন সমস্ত দাবি ছেড়ে দিয়ে আমরা এই প্রস্তাব নিয়ে একটা আন্দোলন করি, এই প্রস্তাবের ব্যাপারে আমাদের বন্ধু সরকারের কাছে গিয়ে বলি, কিন্তু আপনারা তা বলেন নি। আমি সেই কারণে মনে করি, এই সরকার যে ১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্য একই দামে সরবরাহের দাবি জানাচ্ছে, সেই দাবিকে প্রত্যক্ষভাবে কেউ বিরোধিতা করছেন না, কিন্তু যে পদ্ধতিতে যে নিয়ন্ত্রণ ব্যবস্থা এই প্রশাসনিক কাঠামোতে থাকা উচিত, তা এই সরকারের নেই। জিনিসের মূল্যবান নিয়ন্ত্রণ রাখতে গেলে প্রশাসনকে যে রকম তৎপরতার সঙ্গে ও দক্ষতার সঙ্গে কাজ করা দরকার সেই রকমভাবে কিন্তু প্রশাসন মোকাবিলা করতে পারছে না, চাল সংগ্রহের ক্ষেত্রে যে যোগ্যতা অর্জন করা দরকার সেখানে দেখা যাচ্ছে আজকে চাল উৎপাদনের দিক দিয়ে পশ্চিমবঙ্গের স্থান ভারতবর্ষের মধ্যে সম্পূর্ণ নিচের দিকে—সেই দিক দিয়ে পশ্চিমবঙ্গের প্রশাসন সম্পূর্ণ ব্যর্থ হয়ে গেছে। আপনারা কেন্দ্রীয় সরকারের প্রতি গালিগালাজ করা শুধু নয়, আই.এম.এফ. লোনের কথাও বলেছেন, এই ক্ষেত্রে বলি পশ্চিমবঙ্গ সরকার কলকাতার উন্নয়নে, পরিবহনে, মৎস্য দপ্তরের জন্য আই.এম.এফ. থেকে কোটি কোটি ডলার ঋণ নিয়েছে। পশ্চিমবঙ্গ সরকার কলকাতা শহরের উন্নয়নের জন্য ৭৮ সালে ৮ কোটি ৭০ লক্ষ ডলার নিয়েছে, ৮০ সালে ১৪ কোটি ৭ লক্ষ ডলার, পরিবহনের জন্য ৮০ সালে ৫ কোটি ৬০ লক্ষ ডলার নিয়েছে। সুতরাং বিশ্বব্যাঙ্ককে

গালিগালাজ করে ও আই.এম.এফ. থেকে লোন নিয়ে যে কথা বলছেন, সেই আই.এম.এফ. লোন সম্পর্কে মনমোহন সিং তার বাজেট বক্তৃতায় পরিষ্কার করে বলেছেন কংগ্রেসের যে ম্যানিফেস্টো ছিল তার ভিত্তিতে আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্কের সঙ্গে কথা বলছি। The bulk of the Reforms programme is based on the election manifesto of our party. There is no question of the Government ever compromising in our national interest not to speak of our soverignity. সুতরাং আমাদের সোভারিনিটি বিসর্জন দিয়ে আই.এম.এফ.-র কাছে আমরা মাথা বিকিয়ে দিয়েছি এই ধরনের কথা নিশ্চয় রাজনৈতিক চিন্তাধারারই প্রতিফলন। তাই সমস্ত সমস্যার ব্যাপারে সমস্ত রাজনৈতিক দলকে দ্রব্যমূল্য বৃদ্ধির নিয়ন্ত্রণে একটা প্রকৃত রূপরেখা কল্পনা করবার প্রকৃত মানসিকতা আশা করা গিয়েছিল, কিন্তু তা পূর্ণ হয় নি, এর মধ্যে রাজনৈতিক প্রতিফলনই হয়েছে। সেই কারণে আবার একটা নতুন প্রস্তাব সরকার এবং বিরোধী পক্ষ থেকে আনুন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় জিনিসপত্রের মূল্যবৃদ্ধি সংক্রান্ত যে বে-সরকারি প্রস্তাব মাননীয় সদস্য মানব মুখার্জি এবং অন্য কয়েকজন সদস্য এনেছেন আমি তার সমর্থনে দু-চারটি কথা বলতে চাই। আপনি জানেন স্যার, কেন্দ্রীয় সরকার এমন সব নীতির দ্বারা দেশ পরিচালনা করছেন ও এমনভাবে বাজেট রচনা করেছেন যার ফলে সাধারণ মানুষের সব বাজেট ভেস্তে যাচ্ছে। রাজ্য সরকার তার আয়-ব্যয়ের কোনও সামাল দিতে পারছে না, এমন কি সাংসারিক বাজেটের ক্ষেত্রে ওসব কিছু গোলমাল হয়ে যাচ্ছে। নেহেরু থেকে আরম্ভ করে নরসিমা রাও পর্যন্ত যে এটা বুঝতে পারেনি তা নয়, আসলে এই ব্যাপারটাকে তারা কোনও গুরুত্বই দিতে চায়নি। তারা শুধু পাঁচ বছরের কথাই ভেবেছেন। আগামী দিনগুলো যে কি ভয়ঙ্কর দিন আসছে এটা তারা চিন্তার মধ্যেই আনেনি। সুতরাং জিনিসপত্রের দাম বেড়েছে এটা কোনও আকস্মিক ঘটনা নয়, এটা কোনও নতুন ঘটনা নয়। তারা যে নীতি নিয়ে দেশ পরিচালনা করছেন, যেভাবে বাজেট রচনা করেছেন, তারই অনিবার্য পরিণতি হচ্ছে এই ভয়ঙ্কর অবস্থা এবং তার জন্যই আমরা এই অসহনীয় অবস্থায় গিয়ে পৌঁছেছি। জিনিসপত্রের এই মূল্যবৃদ্ধির জন্য আজকে মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্ত সকলেই আজকে ভয়ঙ্কর অবস্থার মধ্যে দিয়ে দিন কাটাচ্ছে। যারা দেশকে নেতৃত্ব দিচ্ছেন তারা এই ব্যাপারে তাদের দূরদর্শিতার পরিচয় দিতে পারেন নি যাতে করে এই লাগামহীন অবস্থায় আমরা না গিয়ে পড়ি। আজকে আমি বিশেষ করে এখানে উল্লেখ করতে চাই কয়লার কথা। কয়লার দাম আজকে এমন জায়গায় গিয়ে পৌঁছেছে যে গ্রামাঞ্চলে কয়লার ব্যবহারই বন্ধ হয়ে গেছে। আমরা শুধু ইঁট পোড়ানোর জন্য আর শবদাহ করার জন্য শুধু কয়লার ব্যবহার করতে পারি। এমনকি গৃহস্থরা রান্নার কাজেও কয়লার ব্যবহার করছে না দাম বাড়ার জন্য। একজন এখানে বললেন আলুর দাম বেড়ে যাচ্ছে। পরিবহন খরচ যদি বেড়ে যায় তাহলে আলুর দামটা কি নরেন বাবু কমাবে? কারণগুলি উনি অনুসন্ধান করলেন না, শুধু এখানে বললেন আজকে ডিজেল, পেট্রোল এর দাম বেড়ে গেছে এবং তারই পরিণতি এই মূল্যবৃদ্ধি।

গ্রামাঞ্চলে গরিব মানুষ যে কেরোসিন তেল ব্যবহার করে সেই কেরোসিন তেলের দাম আজ বেড়ে গেছে। এই মানুষগুলো বাঁচবে কি করে? আজকে জীবনদায়ী ওষুধপত্রের দাম আকাশ ছোঁয়া হয়ে গেছে। অনেক ওষুধ জেলা বা শহরে পাওয়া যায় না। এক মাস আগে একটা ওষুধের দাম যা ছিল, এক মাস পরে সেই ওষুধের দাম ১০ থেকে ২০ টাকা বেড়ে গেছে। কম দামে কোনও ওষুধপত্র পাওয়া যায় না। সারা ভারতবর্ষে এই ওষুধের দাম বেঁধে দেওয়া কি অসম্ভব? এটা আমার মাথায় আসে না। বই, খাতায় রাজ্য সরকার কত টাকা রিলিফ দিতে পারেন? ৪.৫০ টাকায় ছাত্রদের খাতা দেওয়া হচ্ছে ঠিকই কিন্তু এটা অত্যন্ত নগন্য।

[1-20—1-30 P.M.]

আগে যেখানে ১০০ টাকায় হয়ে যেত এখন সেখানে ৩০০ টাকা লাগছে। গোটা দেশে একটা নির্দিষ্ট দামে যদি বইপত্র পাওয়া যেত, নির্দিষ্ট দাম বাঁধা থাকত তাহলে অনেকের সুবিধা হত। নির্দিষ্ট দামের মধ্যে এগুলি রাখা উচিত ছিল। এটা কি খুব অসম্ভব ছিল? কিন্তু সেটা করবার জন্য কোনও উদ্যোগ নেওয়া হল না। গ্রামের মানুষ। চাষীবাসী মানুষ প্রায় শতকরা ৭০/৮০ ভাগ মানুষই চাষের উপর নির্ভর করে বেঁচে আছে, কিন্তু একবারও চিন্তা করলেন না। দুম করে সারের উপর ভর্তুকি কমিয়ে সারের দাম আকাশছোঁয়া করলেন। কিন্তু মাসূল তো আমাদেরই গুনতে হবে। এর ফলে—সমস্ত জিনিসপত্রের দাম বাড়ছে, চাষীরা মাথায় হাত দিয়ে বসে পড়ছে। এতে করে কি কৃষিতে উৎসাহ দেওয়া হবে? এতে কি কৃষি উৎপাদন বাড়বে? কোনওটাই হবে না। একটা একটা করে ফরমান জারি করা হচ্ছে এবং সাধারণ মানুষের সর্বনাশ হয়ে যাচ্ছে। অথচ তাঁরা সেদিকে খেয়াল করছেন না। চাল, গম,—চিন্তা করা যায়, ফসল ওঠার সময় বছরের শুরুতে ৬ টাকার নিচে কোনও চাল নেই। কি করে বাঁচবে সাধারণ মানুষ। ভর্তুকি কমিয়ে দিচ্ছেন। এখন আবার তাঁরা রেশন ব্যবস্থা তুলে দেবার কথা ভাবছেন। এইসব কাদের স্বার্থে ভাবছেন? দেশের মানুষগুলিকে যদি এক এক করে মেরে ফেলেন তাহলে দেশটা কাদের দিয়ে চলবে? চাল, গম সমস্ত জিনিসের আকাশছোঁয়া দাম বেড়ে যাচ্ছে। আজকে প্রত্যেকটা মানুষের নাভিশ্বাস উঠেছে। জিনিসপত্রের দাম যেভাবে বেড়ে যাচ্ছে তাতে কোনও লোকই সুস্থভাবে থাকতে পারছেন না। বিভিন্নভাবে মাসূল গুনতে হচ্ছে আমাদের। যে সমস্ত শর্তে দেশি, বিদেশি সংস্থার কাছ থেকে ঋণ করলেন সেই ঋণের দায় মেটাতে আরও অধিকতর পরিমাণ ঋণ নিতে হচ্ছে। দেশের স্বার্থকে জলাঞ্জলি দিয়ে, দেশের সার্বভৌমত্বকে ক্ষুণ্ণ করে, দেশের ইজ্জতকে বিকিয়ে, দেশের মান, সম্মান হানি করে এইসব করছেন। দেশের কথা তারা আদৌ ভাবছেন? দেশের মানুষের কথা ভাবছেন? কোনওটাই তাদের খেয়াল নেই। সর্বনাশের দিক তারা দিন দিন ঘনিয়ে নিয়ে আসছেন। তাই আজকে যে প্রস্তাব এসেছে—নিত্যপ্রয়োজনীয় জিনিস যাতে মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে থাকে, নির্দিষ্ট দামের মধ্যে যাতে পাওয়া যায় সেই ব্যবস্থাকে সুদৃঢ় করতে হবে। আমাদের তো মেশিনারি আছে, আমাদের রেশন দোকান নেই? রেশন দোকানের মাধ্যমে অন্যান্য জিনিসপত্র আমরা দিচ্ছি না? আমাদের তো কোনও অসুবিধা হয় নি। অন্যান্য অনেক রাজ্যে নেই,

পশ্চিমবাংলায় যদি করা যায় তাহলে অন্যান্য রাজ্যে করা যাবে না কেন? অনায়াসেই করা যাবে। কিন্তু তাঁরা বলছেন কি? না। এই খাদ্য শস্য যাঁরা লুঠতরাজ করেন, মুনাফা লোটে, অসাধু ব্যবসায়ী তাদেরকে প্রশ্রয় দিচ্ছেন। আর দেশের মানুষ তাদের সর্বনাশ হোক, তাতে তাদের কোনও মাথাব্যাথা নেই। এইভাবে দেশ চলে না, চলতে দেওয়া যায় না। তাই সাধারণ মানুষ আজকে রুখে দাঁড়িয়েছে। পথেঘাটে সামিল হচ্ছে। তাই প্রস্তাব সময়োচিত। আমি এই প্রস্তাব সমর্থন করছি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যবৃন্দ মানবেন্দ্র মুখার্জি, ক্ষিতি গোস্বামী, কৃপাসিন্ধু সাহা এববং শ্রী শক্তি বল যে প্রস্তাব নিয়ে এসেছেন তাতে কোনও নূতনত্ব নেই। বিগত কয়েক বছর ধরে আমরা বিধানসভায় আছি। মাঝখানে বন্ধু সরকারের প্রধানমন্ত্রী ভি.পি.সিং বাদ দিয়ে বিগত কয়েকটা বছর ধরে প্রতি অধিবেশনে বলতে চেয়েছেন একই কথা। প্রতিনিয়ত একই কথা বলতে চেয়েছেন। আজকের অধিবেশনেও তাই দেখতে পাচ্ছি। মিছিলে বা পদযাত্রায় উত্তেজনাপূর্ণ রাজনৈতিক স্লোগান যে রাজনৈতিক কাজকর্ম দেখানো হয়, যত রকম উত্তেজনা প্রদর্শন করা হয়, একটা চটকদারি রাজনৈতিক প্রস্তাব নিয়ে এসে এখানেও এবারও তাই করা হচ্ছে। নতুন কিছু নেই। সামনে মাননীয় খাদ্যমন্ত্রী আছেন। আমি দেখছিলাম সারা ভারতবর্ষের প্রডাকশন এবং প্রকিওরমেন্ট এবং পশ্চিমবঙ্গের প্রোডাকশন এবং প্রকিওরমেন্ট। প্রথম প্রশ্ন স্যার, ওঁরা জোর গলায় দাবি করেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী বলে গিয়েছেন, সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি চাল উৎপন্ন হয়েছে। গত বছর প্রায় এক কোটি ১২ লক্ষ টন চাল উৎপন্ন হয়েছে। সেই পশ্চিমবঙ্গের মানুষকে ভিক্ষার ঝুলি নিয়ে ভারতবর্ষের রাজ্যে রাজ্যে ঘুরে বেড়াতে হবে, আমাকে খাদ্য দাও, খাদ্য দাও বলে। এই জায়গাটায় আমার প্রশ্ন আজ যেখানে প্রতিষ্ঠিত সত্য এসে আমাদের কাছে দাঁড়ায় ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ এর দুটি আর্থিক বছরে টার্গেট অফ প্রকিওরমেন্ট কত ছিল—এক লক্ষ টন মাত্র। কিন্তু দুঃখের বিষয় এত ফসল হওয়া সত্ত্বেও রাজ্য সরকার শতকরা ৬০ ভাগও প্রকিওরমেন্ট করতে পারেন নি। যদি এক কোটি ১২ লক্ষ টন শুধু চাল উৎপন্ন হয়, তার এক লক্ষ টন মাত্র টার্গেট, সেখানে ৬০ ভাগও তারা প্রকিওর করতে পারে নি। উল্টে খাদ্য দপ্তরের উদ্যোগে রাজনৈতিক ব্যক্তিত্বকে সাবসিডি দেওয়া হচ্ছে। রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রীকে এসেনসিয়াল কমোডিটিস কর্পোরেশনের চেয়ারম্যান করা হয়েছে। তাকে সাবসিডি দিতে হচ্ছে। বাংলার মানুষ কোথায় সাবসিডি পাবে, না, খাদ্যমন্ত্রী তাঁর রাজনৈতিক দলের নির্দেশে আরও একটা লোককে বসিয়ে সাবসিডি দিচ্ছেন। বাংলার মানুষের সাবসিডি বন্ধ করছেন আর একজন দলীয় লোককে সাবসিডি দিচ্ছেন এবং সেই জায়গার নাম হচ্ছে এসেনসিয়াল কমোডিটিস কর্পোরেশন। রাজ্য সরকারের প্রথম পদক্ষেপ যদি হয় একজন রাজনৈতিক ব্যক্তিত্বকে সাবসিডি দেওয়া তাহলে খাদ্যের ব্যাপারে মানুষকে সাবসিডি দেবেন কি করে? তাই সেটা হচ্ছে না। বিগত বিধানসভায় দাঁড়িয়ে খাদ্যমন্ত্রী বলেছেন বিভিন্ন সময়ে, লক্ষ লক্ষ ভুয়া রেশন কার্ড ধরা পড়ছে। কিন্তু ডিটেকশন প্রসেস সব সময় চালানো যাচ্ছে না, মাঝে মাঝে থমকে যাচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কি তাই দয়া করে জানতে পারি মাননীয় খাদ্যমন্ত্রী তাঁর ভাষণে উত্তর দেবেন কি গত ১৫ বছরে যে ভুয়ো রেশনকার্ড ধরা পড়েছে এবং বাতিল করেছেন এবং প্রতিটি রেশন কার্ডকে যদি একটি ইউনিট ধরি এবং প্রতিটি ইউনিটে চার জন ব্যক্তি ধরি এবং প্রত্যেকের মাথা পিছু ৫০০ গ্রাম তন্ডুল জাতীয় খাদ্য ধরি তাহলে কত খাদ্য ওই ভুয়ো রেশনকার্ড মারফত পাচার হয়েছে, তার হিসাব দেবেন কি? পশ্চিমবঙ্গের সীমান্তবর্তী জেলা নদীয়া, মুর্শিদাবাদ, পশ্চিমদিনাজপুর, মালদহ ইত্যাদি হয়ে কত পাচার হয়ে যাচ্ছে। ঝাড়গ্রামের ডাকাতগুলো বসে আছে, ওদের থু দিয়ে বিহারে চলে যাচ্ছে। রাজ্য সরকারের এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট আছে, খাদ্য দপ্তর আছে, বি.এস.এফও আছে, তা সত্ত্বেও কত খাদ্য, ভোজ্য তেল পাচার হচ্ছে তার একটা ডকুমেন্ট পাবলিশ করুন এক সপ্তাহ সময় নিয়ে। আজকে বলতে পারবেন না জানি। বাংলাদেশের মানুষের কাছে হাত জোড় করে বলুন আমরা চৌর্য্যবৃত্তি করেছি, আমরা পাচার করেছি বাংলাদেশে। এইসব নিয়ে একটা হোয়াইট পেপার পাবলিশ করুন। যে সরকার বাংলার মানুষের গ্রাস কেড়ে নিয়ে পাচার হতে দেয় সেই সরকারের রাজনৈতিক দলিল পেশ করার কোনও নৈতিক অধিকার আছে কিনা এই প্রশ্ন আমি আপনার কাছে তুলে ধরতে চাই। এই জায়গায় দাঁড়িয়ে আমাদের বলতে হয় আমরা কি দেখছি। আমরা দেখছি ১৯৭৫-৭৬ সালে প্রকিওরমেন্ট করা গিয়েছিল তদানিন্তন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে ১৭ লক্ষ টন। একটা বাফার স্টক করে দিয়ে গিয়েছিলেন।

[1-30—1-40 P.M.]

আর এখানে একদিন যদি খাদ্য আসতে দেরি হয় তাহলে খাদ্যমন্ত্রীর মাথার চুল খাড়া হয়ে যায়, খাদ্যমন্ত্রীর রাতের ঘুম চলে যায়। কেন হবে এটা? কেন বাংলার মানুষকে ভিক্ষার পাত্র নিয়ে অন্ধ্রে ঘুরে বেড়াতে হবে, কেন বাংলার মানুষ উড়িষ্যা রাজ্যে গিয়ে ভিক্ষার পাত্র নিয়ে বলতে হবে যে আমাদের চাল দাও, না হলে আমরা মারা যাব? কাজেই এই জায়গায় দাঁড়িয়ে এই প্রশ্ন ও জিজ্ঞাসাকে সামনে রেখে আমাদের ভাবতে হবে। স্যার, সামগ্রিকভাবে যে রাজ্যের প্রশাসনযন্ত্র কালোবাজারি, মজুতদার, পাচারকারিদের হাতে বিক্রি হয়ে গিয়েছে সেই রাজ্যের শাসকদলের কোনও নৈতিক অধিকার আছে বা সেই সরকারের কোনও নৈতিক অধিকার আছে এই ধরনের প্রস্তাব নিয়ে এসে আমাদের সমর্থন চাওয়ার? না, তা নেই এবং সেই কারণেই আমরা এটা সমর্থন করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম, এরা বলছেন নাকি ভেঙ্গে পড়েছে। আমরা এটা মানি যে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে নাম্বার অব শপের ব্যাপারে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে এটা সবচেয়ে বেশি আছে। তবে এটা কি নরেনবাবুর কৃতিত্ব, না, বামফ্রন্ট সরকারের কৃতিত্ব? না, ওদের কারুরই এই কৃতিত্ব নয়। এটা প্রফুল্লচন্দ্র সেনের কৃতিত্ব। তিনিই এটা তৈরি করে গিয়েছিলেন। আপনারা তার অনুগত ছাত্রের মতো। সারা ভারতে রেশনিং সিস্টেমের ব্লু প্রিন্ট একটি মানুষই তৈরি করেছিলেন, তার নাম, স্বর্গীয় প্রফুল্লচন্দ্র সেন। আর আপনাদের এত লজ্জা যে তাকে স্বীকার পর্যন্ত আপনারা করতে চান না। তার সামগ্রিক সিস্টেমটা ফলো করে চলেছেন

শুধুমাত্র প্রকিওরমেন্ট সিস্টেমটাকে বাদ দিয়ে অথচ তাকে আপনারা স্বীকার পর্যন্ত করতে চান না। তার কারণ, মিল মালিক এবং মজুতদারদের কাছে আপনাদের টিকি বাঁধা আছে। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় এখানে দাঁড়িয়ে বলবেন, আগের খাদ্যমন্ত্রীর এবং তার নিজের জেলা জলপাইগুড়ি ও হুগলিতে ১৯৯০/৯১ ও ১৯৯১/৯২ সালে প্রকিওরমেন্টের টার্গেট কত ছিল এবং কত অ্যাচিভ করতে পেরেছেন। আমরা জানি সে ব্যাপারে আপনারা মিজারেবলি ফেল করেছেন। আজকে প্রকিওরমেন্ট করবেন না, মজুতদারদের ধরবেন না, শাস্তি দেবেন না, খাদ্য পাচারকারি, মজুতদারদের সাহায্য করবেন, ভূয়ো রেশনকার্ড বানিয়ে দেবেন তাহলে কি করে মানুষ খেতে পাবে? কি করে তাহলে নিত্যপ্রয়োজনীয় জিনিষের দাম বেঁধে রাখতে পারবেন? স্যার, এবারে আমি ভারতবর্ষে রাজ্যওয়ারি খাদ্যের প্রডাকশন কি রকম সে ব্যাপারে একটু বলি। যেখানে পশ্চিমবঙ্গের ফিগার ১৮.৮ কুইন্টাল পার হেক্টার সেখানে অন্ধ্র করে ২৫.৭৯ কুইন্টাল পার হেক্টার কর্নাটক ২০.৩, পাঞ্জাব ২৭.৭, তামিলনাড়ু ২৯.৬। অবশ্য আমরা জানি সারা ভারতবর্ষের মধ্যে পার স্কোয়ার কিলোমিটার সেখানে ডেনসিটি অব পপুলেশন পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি—৬৭৭। এটা নেক্সড টু কেরালা। এটা আমরা মানি। সঙ্গে সঙ্গে এটাও মানি যে বাংলাদেশের অনেক মানুষ পশ্চিমবঙ্গের সীমান্তবর্তী এলাকা দিয়ে আমাদের রাজ্যে ঢুকে পড়ছেন। আবার সঙ্গে সঙ্গে শাসক দলের অকর্মণ্যতার ফল কি দাঁড়াচ্ছে সেটাও একটু দেখতে হবে। এই প্রসঙ্গে ১৯৮১ ও ১৯৯১ সালের সেনসাস রিপোর্ট যদি দেখি তাহলে দেখা যাবে যে সীমান্তবর্তী জেলাগুলিতে ১০ বছরের আগের ভোটার লিস্ট আর ১৯৯১ সালের ভোটার লিস্ট তাতে জনসংখ্যা অনুযায়ী ভোটার সেখানে বেড়ে গিয়েছে। এটা একটা ভৌতিক ব্যাপার। খাদ্য থাকা সত্ত্বেও আমরা দেখছি খাদ্যমন্ত্রীকে ভিক্ষার ঝুলি নিয়ে অন্য রাজ্যে সেইজন্য গিয়ে বলতে হচ্ছে, খাদ্য দাও, খাদ্য দাও, খাদ্য দাও। আজ আমরা এই জায়গায় দাঁড়িয়ে আছি এবং দাঁড়িয়ে আছি বলেই কোনও নিয়ন্ত্রণ নেই। নিয়ন্ত্রণ নেই বলেই পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম কোলাপ্স করে গেছে পশ্চিমবঙ্গে। এখন আমাদের একটাই স্লোগান, কেন্দ্র দিচ্ছে না, কেন্দ্র দিচ্ছে না, কেন্দ্র দিচ্ছে না। আমি গত খাদ্য বাজেটের সময় এসেনসিয়াল কমোডিটিস সম্বন্ধে বলেছিলাম, আপনারা বলুন যে, খাদ্য দ্রব্য পার মাথ অ্যালোটমেন্ট কত হচ্ছে এবং লিফ্টিং অফ দি মেটিরিয়াল পারমাথ কত হচ্ছে? আমি আবার জিজ্ঞাসা করছি, অ্যালোটমেন্ট পার মাথ কত হচ্ছে এবং লিফ্টিং অফ দি মেটিরিয়াল বাই দি স্টেট গভর্নমেন্ট অফ দি এসেনসিয়াল কমোডিটিস, পার মাথ কি হচ্ছে? আপনাদের আমি জিজ্ঞাসা করছি, আপনারা তথ্য দিয়ে বলুন। তথ্য বলছে, নট্ মোর দ্যান ৭০ পারসেন্ট। তার চেয়ে বেশি আপনারা লিফ্ট করতে পারেন না। তাহলে কি হবে? খাদ্য আসছে, সেই ধার্য খাদ্য আপনারা লিফ্ট করতে পারছেন না। আর এই বিতর্কের মধ্যেও আপনারা আই.এম.এফ ওয়ার্ল্ড ব্যাঙ্কের কথা তুলেছেন। অথচ সুদীপবাবু একটু আগে গণ-বন্টন ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত বলেছেন। কি অবস্থা হয়েছে আজকে গণ-বন্টন ব্যবস্থার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার চূড়ান্ত ষড়যন্ত্র করে পশ্চিমবঙ্গের গণ-বন্টন ব্যবস্থাকে ভেঙে চুরে একদম শেষ করেছে, পশ্চিমবঙ্গে কৃত্রিম অভাব বোধ পশ্চিমবঙ্গে জাগিয়ে রাখার জন্য। খাদ্য সরবরাহের

ক্ষেত্রে ডিটেকশন অফ ক্রাইমের কি অবস্থা তা ইতিপূর্বেই আজকে সুদীপবাবু বলেছেন। শুধু মাত্র মজুতের ক্ষেত্রে কিছু কিছু কাজ হয়, কিন্তু কোনও মানুষকেই কখনই শাস্তি দেওয়া হয় না। অত্যাবশ্যক পণ্য নিগম-এ বেশ কিছু কন্ট্রাক্টর বিভিন্ন দ্রব্য সরবরাহ করে থাকে। বেশ কয়েক বছর তাদের টাকা আটকে রেখে থ্রু আর্বিট্রেশন তাদের কয়েক লক্ষ টাকা পাইয়ে দেওয়ার চেষ্টা হয়েছে সরকারকে ক্ষতিগ্রস্ত রেখে। আমরা দেখছি অত্যাবশ্যক পণ্য নিগম কয়েক লক্ষ টাকার ডাল মজুত রেখেছিল, সেগুলোতে পোকা পড়েছিল, ফাঙ্গাস ধরে ছিল, দুর্গন্ধ ছেড়ে ছিল, সেই ডাল জোর করে অনেক কম দামে বাজারে বিক্রি করা হয়েছে এবং সরকারকে ক্ষতিগ্রস্ত করা হয়েছে। স্যার, অত্যাবশ্যক পণ্য নিগমের সিমেন্ট কেলেঙ্কারির কথা, ভোজ্য-তেল কেলেঙ্কারির কথা আমরা সকলেই জানি। এই জায়গায় আজকে আমরা দাঁড়িয়ে আছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রের বিরুদ্ধে রাজনৈতিক স্লোগান দিয়ে শুধুমাত্র রাজনীতির কথা বলব আর আসল অবস্থাটাকে এড়িয়ে যাবার চেষ্টা করব, এই জায়গায় আমাদের আপত্তি। আমরা কখনই বলি না যে, ১৪টি নিত্য প্রয়োজনীয় দ্রব্য সমস্ত দেশের মানুষদের ন্যায্য দামে দেওয়া চলবে না। কংগ্রেস কখনই একথা বলে না। আমরাও বলছি, নিশ্চয়ই দিতে হবে। কিন্তু আপনারা যখন আপনাদের বন্ধু সরকারের সঙ্গে গভীর-ভাবে প্রেমে নিমগ্ন ছিলেন—সেটা স্বকীয়া, না পরকীয়া প্রেম জানি না—তখন তো তাঁদের দিয়ে এটা করাতে পারেন নি। কেন পারেন নি? আমি নাম করতে চাই না, ফ্রন্টের চেয়ারম্যান দাশগুপ্ত মহাশয় চিঠি দিয়েছিলেন, সংবাদপত্রে দেখেছি। তাঁদের বলেছিলেন, এটা আমাদের করুন আবেদন, আপনারা এটা করে দিন। আপনাদের সমর্থনে আপনাদের বন্ধু সরকার ক্ষমতায় ছিল, আপনারা সমর্থন না করলে এক মুহূর্তেও থাকতে পারত না। তাহলে কেন আপনারা বন্ধু সরকারের আমলে তাদের চাপ দিয়ে এটা করিয়ে নিলেন না? আর আজকে আপনারা দিল্লির বোট ক্লাবের সামনে রাজনৈতিক ভন্ডামি করছেন। সেদিন কেন বাংলার মানুষের স্বার্থে বলেন নি যে, ১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্য কম দামে সরবরাহ যদি না করতে পারেন তাহলে আমরা আপনাদের সমর্থন করতে পারব না, সমর্থন তুলে নেব, তাতে সরকার পড়ে যায় যাবে। সেই পদক্ষেপ আপনারা কেন নেননি? কি করে নেবেন, আপনারা যে ক্ষমতায় থেকে থেকে ক্ষমতার শরিক হয়ে গেছেন, এস্টাবলিশমেন্টের পার্টনার হয়ে গেছেন, বিপ্লবের কথা ভুলে গেছেন। রাশিয়ার টানা ৭০ বছর পরীক্ষা-নিরীক্ষা হয়ে গেছে। সাবসিডাইজড ইকনমি, সাবসিডাইজড ফুড সিস্টেম, সাবসিডাইজড ডিস্ট্রিবিউশন সিস্টেম ইত্যাদি নিয়ে সমস্ত রকম পরীক্ষা নিরীক্ষা হয়ে গেছে। কমিউনিস্টদের পীঠ-স্থানে সমস্ত রকম পরীক্ষা-নিরীক্ষা হয়ে গেছে। কি ফল হয়েছে? বিগত সংখ্যার সানডে পত্রিকায় একটা আর্টিকেল বেরিয়েছিল, তাতে বলছে, রাশিয়াতে আজকে এক কে.জি. টমেটোর দাম ভারতীয় মুদ্রায় ৪ হাজার থেকে ৯ হাজার টাকা। এক কে.জি. টমেটো কিনতে যা লাগে, একটা মানুষ কিনতে তার চেয়ে কম লাগে।

[1-40—1-50 P.M.]

৭০ বছরের পরীক্ষা-নিরীক্ষা একটা রাজনৈতিক তত্ত্বে যেখানে নিঃশেষ হয়ে যায়, ভুল

প্রমাণিত হয়, আজকে তাকে মাধ্যম করে তাকে সামনে রেখে সামগ্রিক অর্থনীতি, সমগ্র খাদ্যবস্তু, গণবন্টনের চিরন্তন প্রচেষ্টার যে অপচেষ্টা তার পার্টনার আমরা হতে পারি না। তাই সামগ্রিকভাবে আজকে মুদ্রাস্ফীতি যা দাঁড়িয়েছে This is a international phenomenon. এরজন্য যে উদ্বেগ তারজন্য নিশ্চয়ই আমরা শরিক হব, কিন্তু যে পদ্ধতিতে এই প্রস্তাব উপস্থাপিত করা হয়েছে তাতে আমরা সহমত হতে পারি না, এই প্রস্তাবে রাজনীতির বিষোদগার করা হয়েছে। এর পিছনে রাজনৈতিক হঠকারিতার প্রতিচ্ছবি রয়েছে। সেইজন্য আমরা একমত হতে পারি না।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য শ্রী মানবেন্দ্র মুখার্জি এবং অন্যান্যরা মূল্যবৃদ্ধি সংকট সম্পর্কে উদ্বেগ প্রকাশ করে যে প্রস্তাব এখানে রেখেছেন, আমি আমার সংশোধনী সমর্থন করার ভিত্তিতে এই প্রস্তাবকে সমর্থন করছি। আমার সংশোধনীকে নিশ্চয়ই তাঁরা বিবেচনা করবেন। এটা বাস্তবিকই অত্যন্ত উদ্বেগের যে, যেভাবে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের অনুসৃত অর্থনীতি—ফিসকাল পলিসি এবং তার যে বাজেট নীতি এগুলি সমগ্র দেশে মূল্যবৃদ্ধির মূল কারণ। যে সর্বনাশা অর্থনীতি গ্রহণ করেছেন দফায়-দফায়, যেভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটিয়েছে তা নজিরবিহীন। রেলের ভাড়া এবং মাসূল বাড়িয়েছেন ১৩৬৬ কোটি টাকা। এ সমস্ত কিছুই প্রশাসনিক আদেশবলে নিত্য-প্রয়োজনীয় পেট্রোল, ডিজেল, কেরোসিন, রেশনে চাল, গম এবং চিনি রেকর্ড পরিমাণ মূল্যবৃদ্ধি এই টোটাল এফেক্ট দেশের মূল্যবৃদ্ধি ভয়াবহভাবে, মারাত্মকভাবে তার ঊর্ধ্বগতি ঘটাবে একথা ঠিকই। কিন্তু সাথে-সাথে এই মূল্যবৃদ্ধির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতি যেমন মূল কারণ এটা স্বীকার করতে হবে, তেমনি মূল্যবৃদ্ধি প্রতিরোধ করার ক্ষেত্রে অসাধু ব্যবসায়ী, চোরাকারবারী, মজুতদার এদের বিরুদ্ধে কঠোর এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে যে ব্যর্থতা রাজ্য সরকারগুলির এটা কিন্তু মূল্যবৃদ্ধির অন্যতম কারণ—এটা অস্বীকার করা যায় না। পশ্চিমবঙ্গ সরকারও এইসব অসাধু ব্যবসায়ী এবং মজুতদারদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে ব্যর্থতার কথা তাঁরা অস্বীকার করতে পারবেন না। বামফ্রন্ট সরকারের রাজত্বে এই রাজ্যে মজুতদার এবং অসাধু ব্যবসায়ীদের যে স্বর্গরাজ্য চলছে সেকথা অস্বীকার করার উপায় নেই। আমি এই কারণে বলছি, আপনি জানেন, অসাধু ব্যবসায়ী এবং মজুতদারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য সরকারগুলির উপর আইনগত ক্ষমতা তুলে দেওয়া হয়েছে এবং অত্যন্ত শক্তিশালী হাতিয়ার যেমন, এসেনসিয়াল কমোডিটিজ অ্যাক্ট ১৯৫০, তুলে দেওয়া হয়েছে। এই আইনটি অত্যাবশ্যকীয় পণ্য আইনে। এই পণ্য আইন বলে সমস্ত অত্যাবশ্যকীয় পণ্য, খাদ্যশস্য সব জ্বালানী, আলো প্রভৃতি সমস্ত অত্যাবশ্যকীয় পণ্য এবং মানুষের জীবনযাত্রা নির্বাহের অত্যাবশ্যকীয় পণ্যের উৎপাদন এবং তার সুষ্ঠু বন্টন এই সমস্ত ব্যাপারে তার ব্যবসা-বাণিজ্য-এর নজরদারি রাখা এবং লাইসেন্স দেওয়া পারমিট দেওয়া সর্বক্ষেত্রে এই আইনের মাধ্যমে রাজ্য সরকারগুলির হাতে অবাধ ক্ষমতা দেওয়া হয়েছে। প্রয়োজনবোধে রাজ্য সরকার এই আইনের ভিত্তিতে যে কোনও ব্যবসায়ী, অত্যাবশ্যক পণ্য ব্যবসায়ী তার গুদাম

যে কোনও সময়ে তল্লাশী করতে পারেন, স্টক ভেরিফাই করতে পারেন। সমস্ত কিছুই করতে পারেন। এই ছাড়াও রাজ্য সরকারের হাতে ১৯৫৮ সালের ওয়েস্টবেঙ্গল অ্যান্টি প্রফিটিয়ারিং অ্যাক্ট এবং ১৯৮০ সালের West Bengal prevention of Black Marketters and Maintenance and supply of Essential Commodities Act. ফলে অসাধু ব্যবসায়ী এবং মজুতদারদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে রাজ্য সরকারের হাতে কোনও আইন বা হাতিয়ারের কমতি নেই। কিন্তু তা সত্ত্বেও কি সেই ক্ষমতা প্রয়োগ করা হচ্ছে? আজকে মজুতদার এবং অসাধু ব্যবসায়ীদের কাজ বন্ধ হচ্ছে? তাই যদি হয় তবে রেশনে কেরোসিন পাওয়া যায় না, অথচ সেই কেরোসিন বাজারে ৭ এবং সাড়ে সাত টাকায় পাওয়া যাচ্ছে, রেশনের চাল, গম পাচার হয়ে যাচ্ছে। এখানে রেকর্ড প্রোডাকশন হচ্ছে বলে সরকার বার বার দাবি করেছেন কিন্তু সরকারের অভ্যন্তরীণ সংগ্রহ বাড়ানো হয় নি। টার্গেট বাড়িয়েছেন, যে সামান্য টার্গেট করেছেন সেই টার্গেট ফুল ফিল হয় নি। রেশন ব্যবস্থা বিপর্যস্ত সম্পূর্ণ কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল কেন? কেন্দ্রীয় সরকার তাঁদের দায়িত্ব পালন করেছেন, কিন্তু রাজ্য সরকারের পক্ষ থেকে যেটা করণীয় সেটা হচ্ছে কি? হাজার হাজার টন চাল, গম পাচার হয়ে যাচ্ছে। সরকার হেল্পলেস। আজকে এই রকম সীমান্ত এলাকাগুলিতে এই রকম অসাধু ব্যবসায়ী ও মজুতদারদের বিরুদ্ধে রাজ্য সরকারের হাতে যে আইন আছে তার প্রয়োগ না হওয়ার ফলে মূল্যবৃদ্ধি হচ্ছে। আমরা উদ্বিগ্ন আজকে ভারতবর্ষে এর চেয়ে বিপর্যয় কিছু নেই। অবস্থাটা কি, আপনাদের শিল্প ও অর্থনীতির জন্য আগামী দিনে যে প্রাইস রাইজ হচ্ছে গোটা মধ্যবিত্ত সমাজ তাতে বিপর্যস্ত হয়ে যাবে। আই.এম.এফ.র যে সমস্ত টার্মস অ্যান্ড কন্ডিশন ডিকটেড করছে, যে ডাঙ্কেল প্রস্তাব আমাদের গবেষণা, মেধা সত্ত্বেও সেটা অ্যাকসেপটেড হতে চলেছে। ১৯৭০ সালের পেটেন্ট রাইট অ্যাক্ট তাকে সংশোধন করতে হবে। বিদেশি গবেষণায় যে উৎপাদন প্রক্রিয়া সেই রকম সেই প্রক্রিয়ায় সেই জিনিস উৎপাদন করার ক্ষমতা থাকবে না, এমন কি তাদের অন্য প্রক্রিয়ায় উৎপাদন করা যাবে না। সেই টার্মস অ্যান্ড কন্ডিশনে মারাত্মক জিনিস হতে চলেছে। ঠিক ওয়ার্ল্ড ব্যাঙ্ক এই সমস্ত টার্মস নিয়ে যাচ্ছে। আজকে ভর্তুকি বন্ধ করার জন্য পাবলিক ইউটিলিটি সার্ভিস, সেই ভর্তুকি চলবে না। আই.এম.এফ ডিকটেড করছে, সেগুলি মানা হচ্ছে। কেন সারেন্ডার করা হচ্ছে, সিরিয়াস অবস্থা হবে, এতে সমাজের দুর্বলতম মানুষের অস্তিত্ব রক্ষার জন্য এই জিনিস তোলা যায়? এই পাবলিক ইউটিলিটি সার্ভিসের ফলে মারাত্মক অবস্থা হচ্ছে। কিন্তু আমার প্রশ্ন এই জায়গায় যে আজকে আই.এম.এফ এর টার্মস অ্যান্ড কন্ডিশন আছে সরকার যেন সারেন্ডার না করে। যেমন কেন্দ্রীয় সরকারের বিরোধিতা করা হচ্ছে অ্যাট দি সেম টাইম রাজ্য সরকার অ্যাকচুয়াল এই ভিত্তিতে রাজ্য সরকার ভবিষ্যতে যাতে কোনও প্রকল্প গ্রহণ করতে না পারে তা করা উচিত। বিদ্যুতের চার্জ বাড়িয়ে দেওয়া হয়েছে, এই জিনিসগুলি পিপল অবজার্ভ করছে। কেন্দ্রীয় সরকারের জনবিরোধি নীতিগুলি অবজার্ভ করছে। রাজ্য সরকারের আজকে এগুলি বোঝা উচিৎ। Whether it is a prelude to develop of any registance movement or whether it is a simple eye wash just a paper resolution

that is to be seen.

[1-50—2-00 P.M.]

এটাই তো প্রশ্ন যে, আপনারা সত্যি সত্যিই এর বিরোধিতা করতে চাচ্ছেন কিনা? আমার বক্তব্য হল, আই.এম.এফ এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের জনবিরোধী পদক্ষেপের বিরুদ্ধে কার্যক্ষেত্রে সত্যি সত্যি যেতে চাইছেন কিনা, নাকি মাইটি মুভমেন্ট ডেভেলপ করবার স্বার্থে এটা এখানে গ্রহণ করছেন। কারণ কেন্দ্রীয় সরকার জিনিসপত্রের দাম বাড়াবার যে নীতি নিয়েছেন, সীমিতভাবে হলেও রাজ্য সরকার সেটাই করছেন। তাঁরা বিদ্যুতের দাম বাড়িয়েছেন, দুগ্ধের মতো পদার্থ যা শিশু এবং বৃদ্ধদের কাছে অত্যন্ত প্রয়োজনীয়, পাবলিক ইউটিলিটি সার্ভিস, সেখানে ভর্তুকি কমিয়ে দিয়ে দাম বাড়াবার ঐ একই প্রসেস অ্যাডাপ্ট করেছেন। বাস-ট্রামের ভাড়া বাড়িয়েছেন। এক্ষেত্রে আইনত ঘোষণা করেনি, কিন্তু সাধারণ বাসের সংখ্যা কমিয়ে দিয়ে মিডি, একজিকিউটিভ, স্পেশাল ইত্যাদি বাস নামিয়ে যাত্রীদের কাছ থেকে বাড়তি ভাড়া নিচ্ছেন। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে যে দাবি করছেন, কার্যক্ষেত্রে রাজ্য সরকার সেটাই গ্রহণ করছেন। এর বিকল্প নীতি গ্রহণ করবেন সেটাই আমি আমার সংশোধনীতে এনেছি। আজকে বামফ্রন্ট সরকার যদি সিরিয়াসলি ফিল করেন, সত্যি সত্যি কনসার্ন ফিল করে থাকেন যে, এই রকম মূল্যবৃদ্ধির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া দরকার, তাহলে আজকে আমি যে সংশোধনী এনেছি সেগুলো সমর্থন করবেন। এই বলে বক্তব্য শেষ করছি।

শ্রী নরেন্দ্র নাথ দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় সদস্য মানব মুখার্জি এবং অন্যান্যরা যে প্রস্তাবটা এনেছেন, এই প্রস্তাবটা অত্যন্ত সময় উপযোগী এবং এর প্রয়োজনীয়তা আমরা কেউ অস্বীকার করতে পারি না। বিশেষ রাজনৈতিক কারণে এর বিরোধিতা করা ছাড়া কংগ্রেসপক্ষ যেসব কথা এখানে বলেছেন তার মধ্যে কোনও সারবর্তা খুঁজে পাইনি। আমার প্রশ্ন, আমাদের দেশে জিনিসপত্রের দাম যেভাবে বাড়ছে এবং তা যেভাবে মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে, তাতে এই প্রস্তাবের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নীতিকে কনডেম করা হয়েছে যথাযথভাবে। আমাদের এই সমাজ ব্যবস্থায় এই অর্থনৈতিক কাঠামোতে একটি কথা অত্যন্ত জোরের সঙ্গে পেশ করা যায় যে, গণবন্টন ব্যবস্থাকে যদি সুষ্ঠুভাবে পরিচালনা করা যায় এবং সেখানে শুধু চাল গম চিনি নয়—আমরা যে কথা বেশ কয়েক বছর ধরে বলছি—মানুষের নিত্যপ্রয়োজনীয় ১৪টি জিনিষ—চাল, গম, চিনি, কেরোসিন, ভোজ্য তেল, সাবান, দেশালাই, কয়লা ইত্যাদি যদি ভারতবর্ষের সমস্ত রাজ্যে এক দামে এবং কম দামে ভর্তুকি দিয়ে গণ বন্টন ব্যবস্থার মাধ্যমে মানুষের কাছে পৌঁছে দেওয়া যায় তাহলে জিনিসপত্রের দাম বাড়ার যে উর্ধ্বগতি সেটা রোধ করা সম্ভব।

যে ইনফ্লেশন তাকে কিছুটা রোধ করা সম্ভব হয়। আমরা এই তথ্যে বিশ্বাসী, কেন্দ্রের কাছে আমরা এই বিষয়ে বক্তব্য রেখেছি। গত ৪ঠা অক্টোবর দিল্লিতে মুখ্যমন্ত্রীদের একটা সভা হয়েছিল, সেই সভায় মাননীয় বিনয় চৌধুরি মহাশয় অস্থায়ী মুখ্যমন্ত্রী হিসাবে গিয়েছিলেন

তখন মাননীয় মুখ্যমন্ত্রী বাইরে ছিলেন—রাজ্যের পক্ষ থেকে। তিনিও বলেছিলেন যে খাদ্যে ভর্তুকি দেওয়ার প্রয়োজন আছে। এই যে অর্থটা দেওয়া হয় ভর্তুকি হিসাবে এটা যদি না দেওয়া হয় তাহলে কি জিনিসপত্রের দাম বেড়ে যাবে এবং জিনিসপত্রের দাম যদি বেড়ে যায় তাহলে হোলসেল প্রাইস ইনডেক্স বেড়ে যাবে। আর তা যদি বেড়ে যায় তাহলে কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের, রাজ্যসরকারি কর্মচারিদের, আধা সরকারি কর্মচারিদের এবং কর্পোরেশনের কর্মচারিদের ডি.এ. দিতে হবে। বাজেটে এই যে টাকাটা দিতে হবে সেই টাকার অঙ্ক যা ভর্তুকি প্রয়োজন তার চেয়ে বেশি। অর্থাৎ খাদ্যে ভর্তুকি দিয়ে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিস দিতে পারেন তাহলে ভর্তুকির জন্য যে অঙ্কের টাকা দেবেন সেটা ডি.এ.-র জন্য যে টাকা লাগবে তার চেয়ে কম। এই কথা আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে দিল্লির সরকারের কাছে বলেছিলাম। আমরা বলেছিলাম এই বিষয়ে যদি তথ্য চান তাহলে প্ল্যানিং কমিশনের কাছে এই সমস্ত তথ্য আছে, প্ল্যানিং কমিশনের কাছে আপনারা জিজ্ঞাসা করেন, তাদের কাছে যদি তথ্য জানতে চান তাহলে পেয়ে যাবেন। আমাদের ডি.এ. বাবদ যে টাকা খরচ করতে হয়, মহার্ঘভাতা দিতে যে খরচা হবে ভর্তুকি দিতে তার চেয়ে কম খরচ হবে। ভর্তুকি দিয়ে প্রাইস লেভেল নিচে রাখা যাবে, জিনিসপত্রের দাম ঊর্ধ্বগতি না হলে ডি.এ. দিতে হবে না। কেন্দ্রীয় সরকার আমাদের কথা শোনেন নি, উল্টো পথে হাঁটছেন, আমাদের যে বক্তব্য তাঁরা সেই সব কথা শোনেন নি। আমাদের বন্ধু সরকার যখন ছিল তখন কিন্তু এটা করাতে পেরেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা জেনে রাখা ভাল যখন আমাদের এখান থেকে ডেপুটেশন দেওয়া হয়েছিল এবং বলা হয়েছিল ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বেঁধে দেওয়া হোক। আর কিছু করা সম্ভব হোক বা না হোক, ৮৫ কোটি মানুষের জন্য ব্যাপক কিছু করা সম্ভব নয়, ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম অন্তত কমিয়ে ভর্তুকি দিয়ে গণ বন্টন ব্যবস্থার মধ্যে দিয়ে বিলি করা হোক। ভি.পি. সিং একমাত্র প্রধানমন্ত্রী যিনি তাঁর ফাইনান্সিয়াল অ্যাডভাইসারকে বলেছিলেন বিষয়টি বিশেষ গুরুত্ব দিয়ে দেখুন কত কোটি টাকা খরচ হতে পারে। কিন্তু আজ পর্যন্ত কোনও কংগ্রেস প্রধানমন্ত্রী এই কথা বলেন নি, ভাবেন নি ভাববার চেষ্টাও করেন নি।

(গোলমাল)

(শ্রী সৌগত রায়ঃ আপনি মন্ত্রী হয়ে এই কথা কি করে বলছেন, ১লা জানুয়ারি প্রধানমন্ত্রী তো বলেছিলেন.....)

Mr. Speaker : Mr. Roy, please sit down.

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ মাননীয় সৌগতবাবু যে কথা বলছেন সেই ব্যাপারে আমি বলছি। আমি সভাকে কোনও রকম অন্য কথা বলে বিভ্রান্ত করব না।

(গোলমাল)

মাননীয় প্রধানমন্ত্রী নরসিমা রাও সভা ডেকে ছিলেন এবং তিনি বলেছিলেন পয়লা জানুয়ারি ১৯৯২ সাল থেকে নতুন ব্যবস্থা চালু করবেন। ১৯৯২ সালের পয়লা জানুয়ারি অনেক দিন পার হয়ে গেছে। যে কথা হয়েছিল তা হল আমাদের দেশে ৪টি নির্দিষ্ট জায়গা ঠিক হবে, একটা হচ্ছে হিল এরিয়া, দ্বিতীয় হচ্ছে খরাপ্রবণ অঞ্চল এবং তৃতীয় হচ্ছে আদিবাসী অধ্যুষিত অঞ্চল এবং ৪নং হচ্ছে মরু অঞ্চল।

[2-00—2-10 P.M.]

আমাদের এখানে মরু অঞ্চল ছাড়া বাকি তিনটি অঞ্চল আছে। সেখানে ঠিক করা হয়েছিল যে যারা দরিদ্রতম মানুষ তাদের খুঁজে বের করতে হবে এবং তাদের জন্য রেশনিং ব্যবস্থা চালু করতে হবে। তারজন্য বেশি দ্রব্য দেওয়া হবে। কতটা কম দামে দেওয়া হবে সেটা নির্দিষ্ট হয় নি। সেখানে মাননীয় প্রধানমন্ত্রী আমাদের বলেছিলেন যে, আপনারা চাল, গম ও চিনি ছাড়া আরও অন্যান্য জিনিস—দেশলাই, সাবান ইত্যাদি—জিনিসগুলো দেবার ব্যবস্থা করুন। আমরা জিজ্ঞাসা করেছিলাম যে, এইগুলো দেওয়ার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার কোনও ভর্তুকি দেবেন কিনা? ভর্তুকির প্রশ্নে বললেন যে, ভর্তুকি দেওয়া হবে না। আপনারা ম্যানুফ্যাকচারারের সঙ্গে কথা বলে কম দামে দেবার ব্যবস্থা করুন। এই ব্যবস্থাটা আমরা আগেই করেছি। পশ্চিমবাংলা যা আগে ভাবে কেন্দ্রীয় সরকার তা পরে ভাবে। আমরা এখানে এটা আগেই করেছি। আমরা ম্যানুফ্যাকচারারের সঙ্গে কথা বলে বেশ কয়েকটি জিনিস গণবন্টন ব্যবস্থার মাধ্যমে দেবার ব্যবস্থা করেছি। সেগুলি হচ্ছে ডাল, মশলা, গুড়া মশলা, সাবান, খাতা, দেশলাই। এগুলো দেওয়া হচ্ছে। আরও কয়েকটি জিনিস দেবার কথা ভাবা হচ্ছে। এখানে মাননীয় সদস্য সুব্রতবাবু বললেন যে ডাল পোকায় ধরে যাচ্ছে। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, ডাল এবং সরষে বিক্রি করে এসেনসিয়াল কমোডিটিজ কর্পোরেশন দেড় কোটি টাকা লাভ করেছে। আমরা ইতিমধ্যে প্রায় আট হাজার টন ডাল গণবন্টন ব্যবস্থার মধ্যে দিয়ে মানুষের কাছে পৌঁছে দিতে পেরেছি। এই তথ্যটা আপনাদের জানা নেই। আমাদের যে বক্তব্য, আমরা বিশেষ যে ১৪টি জিনিস ভর্তুকি দিয়ে কম দামে দেবার কথা বলছি, এই ভর্তুকি যদি খাদ্যে দেওয়া হয় তাহলে মহার্ঘভাতা কম দিতে হবে অর্থাৎ কেন্দ্রীয় সরকারের অর্থ কম লাগবে। এসব সত্ত্বেও ওরা ব্যবস্থা করবেন না। এখন যেমন একটা প্রস্তাব নেওয়া হচ্ছে, সেই রকম এই সভার বাইরে গণ আন্দোলন গড়ে তোলা দরকার। এর সঙ্গে সঙ্গে আরও একটি বিষয়ে আমি উল্লেখ করব, সেটি আমাদের দেশের পক্ষে অত্যন্ত ভয়ঙ্কর। জেনারেল এগ্রিমেন্ট অন ট্রেড অ্যান্ড টারিফ-এর ডিরেক্টর জেনারেল, আর্থার ডাঙ্কেল তিনি যে প্রস্তাব দিয়েছেন ৪৩৬ পৃষ্ঠার, সেই প্রস্তাবের পুরো চেহারাটা আমাদের কাছে এখনও পরিষ্কার নয়। কিন্তু যেটা দেখা গেছে সেটা অত্যন্ত ভয়ঙ্কর। আমরা যারা দেশকে ভালবাসি, যারা নিজেদের দেশপ্রেমিক বলে মনে করি, আমরা যারা গণতান্ত্রিক শুভবুদ্ধিসম্পন্ন মানুষ, তাদের এই প্রস্তাবকে সমর্থন করা উচিত নয়। এই ভয়ঙ্কর প্রস্তাবের বিরুদ্ধে চারিদিকে জোরদার আন্দোলন গড়ে তোলার জন্য আমি সকলের কাছে আবেদন

জানাই। ভারত সরকার যদি প্রস্তাব গ্রহণ করে তাহলে আমাদের দেশ, তৃতীয় বিশ্বের মধ্যে সর্ব বৃহৎ এই দেশ সাম্রাজ্যবাদী শক্তির কাছে তাঁবেদার হয়ে যাবে। এর থেকে রেহাই পেতে গেলে এই প্রস্তাবের বিরুদ্ধে জোরদার আন্দোলন গড়ে তোলা দরকার। এই কথা বলে এখানে যে প্রস্তাব আনা হয়েছে, এটা সর্বসম্মত ভাবে পাস হওয়া দরকার বলে আমি মনে করি এবং এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পিকার ঃ এটার জন্য আমাদের যে সময় ছিল তাতে এটা দুটার সময়ে শেষ হওয়ার কথা ছিল। এখন দেখা যাচ্ছে যে এই সময়ের মধ্যে হবে না। আমি সেজন্য আরও ১৫ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি। আশা করি, এই প্রস্তাবে সকলের সম্মতি আছে?

(ভয়েস—হ্যাঁ।)

(এই সময়ে ১৫ মিনিট সময় বাড়ানো হয়।)

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই প্রস্তাব কেন আনলাম সেটা বিরোধী দলের পক্ষ থেকে গুরুত্ব দিয়ে অনুভব করেন নি। আপনি তো জানেন অধ্যক্ষ মহোদয়, বাজেট সেসানে সাধারণত প্রথম দিকে কোনও রকম বেসরকারি প্রস্তাব আনা হয় না। কাজেই সবদিক থেকেই এই জাতীয় প্রশ্ন আনার জন্য আমরা অত্যন্ত গুরুত্ব সহকারে বুঝেছি যে, কেন্দ্রীয় সরকার যে সমস্ত নীতি গ্রহণ করেছেন তারফলে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের মানুষসহ পশ্চিমবঙ্গের মানুষের আজকে নাভিশ্বাস উঠতে শুরু করেছে। সারের ভর্তুকি কমিয়ে দেন, খাদ্যে ভর্তুকি কমিয়েছেন, কয়লার দাম বেড়েছে, রেলের ভাড়া বেড়েছে, এইরকম বিভিন্ন জিনিসের দাম বাড়ার ফলে আজকে সাধারণ মানুষের জীবন ওষ্ঠাগত হয়ে পড়েছে। আমরা জানি যখন এই প্রস্তাব হাউসে আমরা পেশ করেছি তখন বিরোধীদলের পক্ষ থেকে এর বিরোধিতা করবেনই। আজকে সভার ৮ জন এই প্রস্তাবের বিপক্ষে অংশগ্রহণ করেছেন। আমি বিরোধী দলের বক্তৃতা মন দিয়ে শুনেছি এবং তাতে এটাই বুঝেছি যে, সরকারি পক্ষ থেকে যেকোনও ভালো প্রস্তাব আনি না কেন সেটার বিরোধিতা বিরোধীপক্ষ করবেনই। এই ধরনের একটা গুরুত্বপূর্ণ প্রশ্নে বিরোধীপক্ষ রাজনৈতিক কারণে বিরোধিতা করলেন। কিন্তু সুব্রতবাবু এবং সুদীপবাবু যে বক্তৃতা রাখলেন তারমধ্যে কয়েকটি জায়গা বলেছেন যে এই মূল্যবৃদ্ধির ফলে সাধারণ মানুষের খুব অসুবিধা হবে। সুতরাং তাঁদের বিরোধিতার মধ্যেও একটু যেন প্রস্তাবটির প্রতি সমবেদনার সুর দেখা গেল। আমি বিরোধী দলের কাছে অনুরোধ করব এই যে প্রস্তাব আনা হয়েছে এতে সর্বস্তরের মানুষেরই আর্থিক অসুবিধা হবে। আমরা বামপন্থী দল বলে বাজারে জিনিসের দাম বেশি হলেও আমাদের কম দেবে এবং আপনারা কংগ্রেস বলে বাজারে জিনিষের দাম বাড়লেও আপনাদের কম দেবে সেটা তো নয়। জিনিসপত্রের দাম বাড়লে গরিব মানুষ যে দামে কিনছে বড়লোকেরাও সেই দামে কিনছে। সেখানে সুব্রতবাবুদের আমি আবেদন করছি যে, আমরা যে প্রস্তাব এনেছি সেই প্রস্তাবকে সমর্থন করে আমরা সবাই কেন্দ্রীয় সরকারকে জানাই যে পশ্চিমবঙ্গের মানুষ কেন্দ্রের দামের যে নীতি গ্রহণ করেছেন

তার বিরোধিতা করছে। সুতরাং আপনারা আমাদের এই দাবিকে মেনে নিয়ে এই সিদ্ধান্তে আসুন যে কেন্দ্রে এই দ্রব্যমূল্য নীতিকে আমরা বিরোধিতা করছি। এই সঙ্গে দেবপ্রসাদ সরকারের আনীত মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : The motions Shri Deba Prasad Sarkar that—

1. At the end of the 1st para the following words be added:—

"(৪) মজুতদার ও অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণে রাজ্য সরকারগুলির ব্যর্থতা।"

(৫) দফায় দফায় টাকার অবমূল্যায়ন।

2. In the 1st line of the 1st para for the words—"১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্য গোটা দেশে একই দামে সরবরাহের" the words "নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের সামগ্রিক রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তন করার" be substituted, and

3. After the last para the following new para with the words "সাথে সাথে এই সভা আরও দাবি জানাচ্ছে যে মূল্যবৃদ্ধি প্রতিরোধের স্বার্থে রাজ্য সরকার যেন এই রাজ্যে অসাধু ব্যবসায়ী ও মজুতদারদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে এবং ভবিষ্যতে এই রাজ্যে ওয়ার্ল্ড ব্যাঙ্ক ও আই.এম.এফ এর ক্ষেত্রে শুধু কথায় নয় কার্যক্ষেত্রে কঠোর মনোভাব গ্রহণ করে এবং সর্বক্ষেত্রেই কেন্দ্রীয় সরকার অনুসৃত উল্লিখিত জনবিরোধী নীতির বিকল্প নীতি অনুসরণ করে।"

Where then put and division taken with the following results—

Noes

Abdul Quiyom Molla, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Nitai Charan

Bagdi, Shri Bijoy

Barman, Shri Jogesh Chandra

Bera, Shrimati Chhaya

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Kali Prasad

Chakrabarty, Shri Deb Narayan

Chakrabarty, Shrimati Tania

Chatterjee, Shri Dhirendra Nath

Chowdhury, Shri Subodh

Das, Shri Ananda Gopal

Das, Shri Bidyut Kumar

Das, Shri Paresh Nath

Das, Shri S.R.

Dey, Shri Narendra Nath

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Ganguly, Shri Santi Ranjan

Ghosh, Shri Biren

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Rabindra

Ghosh, Shri Sunil Kumar

Ghosh, Shri Susanta

Goswami, Shri Subhas

Halder, Shri Krishnadhan

Hembram, Shrimati Arati

Hore, Shri Tapan

ID.Mohammed, Shri

Jana, Shri Manindra Nath

Kar, Shrimati Anju

Kisku, Shri Lakshi Ram

Koley, Shri Barindra Nath

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Manik Chandra

Md. Ansaruddin, Shri

Mohammad Ramjan Ali, Shri

Mukherjee, Shri Anil

Mukherjee, Shrimati Mamata

Murmu, Shri Sarkar

Nanda, Shri Brahmamoy

Oraon, Shri Jagannath

Pramanik, Shri Abinash

Ray, Shri Matish

Roychowdhury, Shri Gautam

Saha, Shri Kripa Sindhu

Sanyal, Shri Kamalendu

Sen, Dr. Sankar Kumar

Sengupta, (Bose), Shrimati Kamal

Shaw, Dr. Pravin Kumar

Shaikh Khabiruddin Ahmed, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Touab Ali, Shri

Absts :

Abdul Mannan, Shri

Abu Hena, Shri

Banerjee, Shri Prabir

Bandyopadhyay, Shri Sudip

Bapuli, Shri Satya Ranjan

Das, Shri Sanjib Kumar

Gyan Singh Sohanpal, Shri

Md. Abul Karim Choudhary, Shri

Motahar Hossain, Dr.

Mudi, Shri Anil

Mukherjee, Shri Sibdas

Mukherjee, Shri Subrata

Nasiruddin Khan, Shri

Pande, Shri Sadhan

Roy, Shri Saugata

Ray, Shri Siddhartha Shankar

Sen, Shri Anupam

Seth, Shri Bhupendra Nath

Zainal Abedin, Dr.

Ayes :

Purkait, Shri Probodh

Sarkar, Shri Deba Prasad

The Ayes being 2, Absts—19 and the Noes 56; the motions were lost.

The motions of Shri Manabendra Mukherjee that—

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, যে সকল নীতিগুলি প্রয়োগের ফলে দেশব্যাপী অস্বাভাবিক দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটছে তা হল—

(১) ওয়ার্ল্ড ব্যাঙ্ক ও আই এম এফ-র নির্দেশে খাদ্যশস্য ও সারের ওপর ভর্তুকি কমানো;

(২) প্রশাসনিক নির্দেশে পেট্রোল, ডিজেল, ইস্পাত, লোহা, কয়লা প্রভৃতির মূল্যবৃদ্ধি ঘটানো;

(৩) গণবন্টন ব্যবস্থাকে বিপর্যস্ত করে মূল্যস্তরের ওপর সমস্ত নিয়ন্ত্রণ প্রত্যাহার করণ;

এই সভা আরও লক্ষ্য করছে যে—

সাম্রাজ্যবাদীদের চাপে উৎপাদন সম্পর্কিত মেধা সংক্রান্ত সম্পত্তি আইনের পরিবর্তন ঘটিয়ে সার, কৃষিবীজ, কৃষিপণ্য, ওষুধ এবং অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বহুগুণ বাড়ানোর সম্ভাবনা দেখা যাচ্ছে; এবং

প্রস্তাবিত রেল ও কেন্দ্রীয় বাজেটে মাসূল ও অন্তঃশুল্কের যে নতুন প্রস্তাব করা হয়েছে তা সাধারণ দ্রব্যমূল্যের উর্ধ্বগতিকে আরও ত্বরান্বিত করবে।

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে উপরোক্ত নীতিগুলি পরিবর্তনের এবং ১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্য গোটা দেশে একই দামে সরবরাহের দাবি জানাচ্ছে, Was then put and carried.

[2-10—2-20 P.M.]

ALL PARTY DELEGATION

Mr. Speaker : There is a request for an all party delegation to meet the Central Ministers on projects awaiting Central sanction including the demand for allotment of funds for certain railway projects of the States.

I name—

1) Shri Shyamal Chakraborty, Minister-in-Charge of Transport Dept.

2) Shri Prabodh Chandra Sinha, Minister-in-charge of Parliamentary Affairs Dept.

3) Shri Kiranmay Nanda, Minister-in-Charge of Fisheries Dept.

4) Shri Rabindra Nath Mondal

5) Shri Manabendra Mukherjee

6) Shri Lakshman Chandra Seth

7) Shri Nani Kar

8) Shri Kripa Sindhu Saha

9) Shri Kshiti Goswami

10) Shri Sakti Prasad Bal

11) Dr. Manas Bhunia

12) Dr. Zainal Abedin

13) Shri Satya Ranjan Bapuli

14) Shrimati Santi Chatterjee, and

15) Shri Deba Prasad Sarkar,

to comprise the Committee representing all parties in this House to go to Delhi to meet Central Ministers concerned and to discuss with them and to place before them matters relating to projects awaiting Central Sanction including the demand for allotment of funds for certain railway projects of West Bengal.

The Committee will report by the next Session of this House.

RULING BREACH OF PRIVILEGE

Mr. Speaker : I have received a notice of breach of privilege and contempt of the House dated 10/03/92 from Shri Subrata Mukherjee, MLA, relating to certain coments made by Dr. R. Basu, an officer of this Assembly Secretariat in his book—A Legislature Secretariat at work.

Shri Subrata Mukherjee alleges that the publication contains certain comments and insinuations which tantamount to libel and he (Dr. R. Basu) intends to denigrate the members of this Assembly including the Leader of the Opposition the Chief Minister and the Governor, and as such it tantmounts to a breach of privilege and he should be called to the bar of the house and punished as such. He has also annexed xerox copies of the impunged portions of the publication.

Now the book is intended to be a work relating to the Secretariat of the West Bengal Legislative Assembly in which Dr. R. Basu attempts to state how the Secretariat in West Bengal has developed and its method of functioning. He has given certain opinion and comments which are not directly related to or connected with the affairs of the Secretariat of this Assembly; or it can also be stated that some comments are uncalled for. But the relevant part read as such—"The most unconstitutional and undignified action of the Governor of West Bengal was that the Governor appointed Shri K.K. Maitra, Secretary, Legislative Department of the Government also Secretary, West Bengal Legislative Assembly in addition to his own duties. Shri Maitra was put under the dual disciplinary control of the Executive as also of the Legislature. The intentions and purpose for setting up a separate secretariat for parliament and State Legislature would be clearly revealed from speech of Dr. B.R. Ambedkar, the Law Member in the Constituent Assembly while moving the relevant Article. He said; " In some provinces, the practice still continues of some officer who is subject to the disciplinary jurisdiction of the Legislative Department being appointed

to act as the Secretary of the Legislative Assembly, with the result that officer is under a sort of a dual control, control exercised by the department of which he is an officer and the control by the President under whom for the time being he is serving. It is contended that this is derogatory to the dignity of the speaker and the independence of the Legislative Assembly.

It is amply clear from the above speech that the framers of the Constitution denounced the holding of posts of double responsibility,...."- and he goes on that way. This portion of the speech Shri Subrata Mukherjee intends to say, is a direct attack on the office of the Governor and he (Dr. R. Basu) intends to denigrate the office of the Governor.

It is a fact of the history that at one point of time Shri K.K. Maitra, Secretary, Legislature Department was appointed to Secretary of the Legislative Assembly Secretariat with dual control of the Assembly Secretariat and the Legislature Department of the Government of West Bengal.

[2-20—2-30 P.M.]

We who believe in parliamentary democracy have always opposed the intermingling of Government and Parliamentary Secretariat and dual control of one officer of these two Secretariats Govt. and Parliament. We have always fought for the independence of parliament and parliamentary Secretariat. It was criticised at that time also in the press and other forums when this thing was done.

The question is that whether the language of Dr. R. Basu in making his comments is intended to denegrate the office of the Governor or not? You must keep it in mind that the Book a treatise on the affairs of the working of the Legislature and the Secretariat. This portion is ancilliary to the functioning of the Secretariat. It relates to an incident at a point of time of history when a certain incident took place. He intends to say that this thing should not take place and the Secretariat should function independently of Government control or of Government department. I cannot agree with this that this is intended to denegrate the office of the Governor. He says it is unconstitutional and undignified. It is a matter of opinion. It can also be a matter of fair criticism. (Shri Subrata Mukherjee rose to speak) please take your

seat Mr. Mukherjee. (Noise) (Shri Mukherjee was still seen standing in his seat) Mr. Mukherjee I am not expected to pass rulings according to your expectations. It is too much. I will do as what my conscience guides me, not what your expectations are.

This portion of the publication does not attract the provisions of the violation of any privilege of any Member nor does it intend to denegrate the sanctity or prestige of this House. It can be treated in the category of fair criticism and opinion which any democratic society should respect and recognise. In the other portion he goes on saying that "The role of the present Congress Opposition is disgusting." This portion appears at page 61 of the book "The role of the present Congress Opposition is disgusting. The role played by the Opposition led by Shri Jyoti Basu checked, the tendency of the Government, if any, to curb the independent position of the Secretariat. The present Congress Opposition has disintegrated, lacks knowledge of parliamentary Congress Opposition has disintegrated, lacks knowledge of Parliamentary affairs and interest in the Legislature Secretariat affairs, and the will to prevent the growing tendency of the Government to curb the independent position of the Secretariat and the attitude of the present Left Front Government has been turning this Parliamentary institution into a mockery of Parliamentary democracy. The Opposition is expected and ought to be eternally vigilant but no one can expect any sort of vigilance from the Congress Opposition against the encroachment on the independence of the Legislature Seretariat. With the Treasury Bench enjoying a steady comfortable majority the part played by the Opposition is not engiable. "(Dr. Zainal Abedin rose to speak) Dr. Abedin, you are a senior colleague. Please have some patience. I am on my legs. Now in a treatise which primarily deals with the working of the Assembly Secretariat the opinion relating to the functioning of the Opposition party is entirely uncalled for. The comments that "The role of the present Congress Opposition is disgusting" is uncharitable and very unfortunate. It should never be made in this form because the functioning of the Opposition inside a Parliament has no relation to the functioning of the Secretariat of the parliament. It has no relation whatsoever. There is no nexus between these two. It has no connection. The functioning of the Government inside the Parliament has no connection with the functioning of the Secretariat. A person has the right to criticise in a democratic society. A person has the right to form an opinion. The Media, press

and every sector have the right to review and to give opinion and criticise. But when a senior member of the staff of this Secretariat through his writing discusses the working of the Secretariat and criticises the Opposition in a very uncharitable terms, then it proves that he has the intention to deal with the affairs of the Secretariat. But dealing with any politics and giving opinion relating to politics is unfortunate. It should never be done because a member of the staff of Assembly Secretariat has to be neutral and independent to all political parties as long as he works in the Secretariat. If he expresses any opinion, biased or unbiased, towards any political party then the very neutrality of the Assembly Secretariat comes into doubt. If a staff of the Assembly Secretariat expresses his opinion about political parties in the Assembly then the neutrality and independence of the Assembly Sectt. comes into question. It is a very serious matter. We have to be very cautious about all these things. This is unfortunate and it should never be done. I do not intend to send this matter to the privilege committee. But I do issue serious caution to Dr. R. Basu that he should be very careful in future. He is free to write as many books as he desires to write. But he should know what extend he can go and what extend he cannot go. After he retires from the service he is free to write and he is free to make comments. But as long as he remains in service in the Assembly Secretariat he must not express his opinion either in favour or against any political party or any Member of the House. If he acts in such a manner that will go to the root of the neutrality of the Assembly Secretariat, and that creates a serious problem in the functioning of the Assembly Secretariat. It should never be done. I hope he will behave himself with caution in future. With these words I would say that I do not like to send this matter to the privilege committee. It is disposed of accordingly.

Shri Siddhartha Shankar Ray : Sir, it may be recorded in his service record.

Mr. Speaker : Yes it will be. It may be noted in his service record. I would expect that all Assembly Secretariat staff to maintain the conduct and behaviour because the Assembly Secretariat has to be very neutral and independent. All political parties have their personal views and have their political views. Everybody has the right to maintain political views. But working in the Assembly Secretariat they can-

not express it. It is not fair.

Now I call upon Shri Saugata Roy to move his motion.

শ্রী সৌগত রায় ঃ স্যার, আমার প্রস্তাবের উপর উত্তর দেবেন কোন মন্ত্রী?

মিঃ স্পিকার ঃ মন্ত্রী শ্রী সুবোধ চৌধুরি এখানে উপস্থিত আছেন। তিনি উত্তর দেবেন।

MOTION UNDER RULE 185

শ্রী সৌগত রায় ঃ স্যার—ওর এগেনস্টে অনেক অভিযোগ করব স্যার। স্যার, আমি আপনাকে বলেছিলাম যে আগে ১০ মিনিট এবং পরে ১৫ মিনিট বলব। আমি আগেই ১৫ মিনিট বলছি, পরে ১০ মিনিট বলব। আমি প্রথমেই আমার মোশন মুভ করছি।

"Whereas molestation of eleven women in Gadairchar under the P.S. Manikchak of Malda district have caused constemation all around; and

Whereas all the alleged in the incident have not been arrested so far;

This House urges upon the State Government to take the harshest measure to apprehand and punish the culprits."

আমি প্রথমেই বলি, এই হাউসে গতকাল ধর্ষণের সংখ্যা নিয়ে একটা প্রশ্ন উঠেছিল এবং মাননীয় মুখ্যমন্ত্রী হাউসে উপস্থিত থেকেও সেই প্রশ্নের জবাব দেন নি, প্রশ্নটা হেল্ড ওভার হয়ে গিয়েছে। আমি ভেবেছিলাম যে মুখ্যমন্ত্রী আজকে জবাব দেবেন। আমি জানি না কেন মুখ্যমন্ত্রী এই আলোচনাটা এড়িয়ে গেলেন, জবাব কেন দিলেন না।

[2-30—2-40 P.M.]

কি লজ্জায় উনি এড়িয়ে গেলেন তা আমি এখন পর্যন্ত জানি না। কিন্তু স্যার, আমরা দেখছি ভারতবর্ষের যে যে রাজ্যগুলিতে ধর্ষণের ঘটনা বেশি ঘটছে তার মধ্যে পশ্চিমবাংলা অন্যতম। ১৯৮৯ সালে পশ্চিমবাংলায় ৫৭৬টি ধর্ষণের ঘটনা ঘটেছে, ১৯৯০ সালে ৬৩১টি ধর্ষণের ঘটনা ঘটেছে, ১৯৯১ সালে ৫৬১টি ধর্ষণের ঘটনা ঘটেছে। এবিষয়ে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা ৭ম রাজ্য। ভারতবর্ষের যে রাজ্যগুলিতে মোট ধর্ষণের ঘটনার মধ্যে শতকরা ৭৫ ভাগ ধর্ষণের ঘটনা ঘটছে সেগুলি হল—মধ্যপ্রদেশ, অন্ধ্রপ্রদেশ, উত্তর-প্রদেশ, বিহার, মহারাষ্ট্র এবং পশ্চিমবাংলা। বছরে ৫০০-র বেশি ধর্ষণের ঘটনা ঘটার মানে দিনে পশ্চিমবাংলার একটা না একটা জায়গায় ধর্ষণের ঘটনা ঘটছে। আমরা রবীন্দ্রনাথের বাংলার সংস্কৃতি নিয়ে গর্ব করি। জ্যোতি বাবুর আমলে সেই বাংলা ধর্ষণে ৭ম হয়ে দাঁড়িয়েছে। এটা

দুঃখের এবং লজ্জার ব্যাপার। এতে কোনও সন্দেহ নেই। আমি এর আগে এই হাউসে একাধিকবার বিভিন্ন ধর্ষণের ঘটনা আলোচনা করেছি। স্যার, আপনি জানেন যে, যেগুলো পৃথিবীর মধ্যে খারাপ কাজ, হ্যানাস ক্রাইম যাকে বলা হয়, ধর্ষণ তার মধ্যে অন্যতম। তার কারণ পাশবিক ভাবে একটা মানুষের সম্মান হানি করা হয়। কোনও রকম ভাবেই সেই দুঃখ, কলঙ্ক এবং মানসিক আঘাতকে দূর করা যায় না। এক অর্থে আমার মনে হয় ধর্ষণের ঘটনা খুনের চেয়েও খারাপ। খুনে মানুষ শেষ হয়ে যায়। কিন্তু ধর্ষণের ফলে সেখানে কলঙ্ক নিয়ে একজন নারী সমাজে বেঁচে থাকে। আমাদের পশ্চিমবাংলায় এই ঘটনা ঘটছে। আগেকার দিনে ধর্ষণের ঘটনা ঘটত কোথায়? যখন এক রাজ্য অন্য রাজ্যকে আক্রমণ করত, তখন বিজয়ী দলের সৈন্যরা বিজিত দেশের মহিলাদের ওপর ধর্ষণ করত। আজকে পশ্চিমবাংলায় ধর্ষণের ঘটনা ঘটছে এবং মজার ব্যাপার অধিকাংশ ধর্ষণের ঘটনার সঙ্গে সি.পি.এম.-এর নাম জড়িত থাকছে। তার মানে কি ওঁরা পশ্চিমবাংলা বিজয় করে পশ্চিমবাংলার নারীদের ওপর অত্যাচার নামিয়ে আনছে? এই প্রশ্নের জবাব আশা করি মন্ত্রী মহাশয় দেবেন। ইতিপূর্বে আমি এই হাউসে একাধিক ধর্ষণের ঘটনা নিয়ে আলোচনা করেছি। স্যার, আপনার মনে আছে বানতলার ঘটনা নিয়ে যখন আলোচনা করেছিলাম তখন আমি বলেছিলাম যে, সিপিএম-এর শক্ত ঘাঁটি বানতলায় রেণু ঘোষ, উমা ঘোষ ধর্ষিত হয়েছিলেন। যে বানতলা সিপিএম-এর ঘর বলে পরিচিত সেই বানতলায় ঐ ঘটনা ঘটেছিল। স্যার, আমি এখানে বিরাটির ঘটনা আলোচনা করেছি। বিরাটির ঘটনায় যুক্ত সমাজ-বিরোধী বিল্লু সিপিএম ক্যাডার। স্যার, আপনার মনে আছে, এই হাউসে একাধিকবার সিঙ্গুর থানা লকআপে কাকলী সাঁতরার ওপর অত্যাচারের ঘটনার কথা উঠেছে। তারপর এই হাউসে আমি আলোচনা করেছি কাঁথিতে পুলিশের দ্বারা একটা মেয়ে ধর্ষিত হওয়ার ঘটনা নিয়ে কি ভাবে কাঁথিতে পুলিশ গুলি চালিয়েছে। আজকে আবার একটা অত্যন্ত দুঃখজনক ধর্ষণের ঘটনা নিয়ে আমাদের হাউসে আলোচনা করতে হচ্ছে। যে ঘটনা অন্য অনেক ঘটনার মতো আমাদের পশ্চিমবাংলার সুনামে কলঙ্ক লেপন করে দিয়েছে। স্যার, আমার প্রস্তাবটি অনেকটাই এডিট করা হয়েছে। বানতলার ঘটনা কলকাতার কাছে ঘটেছিল, অনেক উচ্চ ঘরের মহিলারা ধর্ষিত হয়েছিল, জুডিশিয়াল এনকোয়ারির দাবি মেনে নেওয়া হয়েছিল। আমরা স্বাগত জানিয়েছিলাম। আমি ভেবেছিলাম মালদার গদাই চকে গরিব মেয়েরা ধর্ষিত হয়েছে, মুখ্যমন্ত্রী বলবেন, জুডিশিয়াল এনকোয়ারি হবে। স্যার, আমার জুডিশিয়াল এনকোয়ারির প্রস্তাব এখানে এডিট করে দেওয়া হয়েছে, আনতে দেওয়া হয় নি। আমি আশা করব আজকে সরকার পক্ষ জুডিশিয়াল এনকোয়ারীর দাবি মেনে নেবেন। স্যার, গতকাল মুখ্যমন্ত্রী জবাব দিয়েছেন এবং মুখ্যমন্ত্রী সেই জবাবে স্বীকার করেছেন, হ্যাঁ, ঘটনা ২৪ তারিখে ঘটেছে, হ্যাঁ, এফ.আই.আর হয়েছে ২৬ তারিখ এবং ২৬ তারিখ যখন এফ আই আর করা হয়েছে তখন সেই এফ আই আর এ এটা লিপিবদ্ধ করা হয় নি, যে ধর্ষণ হয়েছে। স্যার, এফ.আই.আর. ২৬ তারিখে লিপি বদ্ধ করা হল না। ২৮ তারিখে পুলিশ একটা আবেদন করে মালদার ম্যাজিস্ট্রেটের কাছে বলল যে, ৩৪৫ ধারা অনুযায়ী একটা রেপ কেস এর মধ্যে ইনক্লুড করা হোক। তার মানে ৪দিন পরে প্রথম রেপের ঘটনা লিপিবদ্ধ

হল। মাননীয় মুখ্যমন্ত্রী ১জন পুলিশ অফিসারকে সাস্পেন্ড করে তাঁর দায়িত্ব শেষ করেছেন। কিন্তু কেন ৪দিন ধরে এই ঘটনা লিপিবদ্ধ হল না তার কোনও জবাব এখনও পাইনি। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে ৪জনকে গ্রেপ্তার করেছেন। মুখ্যমন্ত্রীর জবাব কাল পেলাম। আজকে ভাবছিলাম জিজ্ঞাসা করব, কজনের বিরুদ্ধে এফ.আই.আর নেমড হয়েছে? তারমধ্যে মাত্র ৪ জনকে ধরেছেন। মুখ্যমন্ত্রী এটা দিলেন না। কালকের জবাবে উনি বলছিলেন, কিন্তু উনি বললেন না কে বিহারের লোক, কে পশ্চিমবাংলার লোক? আমি আশা করেছিলাম এই ঘটনার জন্য প্রথম থেকেই কনডেমনেশন হওয়া উচিত এবং শাসকদলের পক্ষ থেকেই সেই কনডেমনেশন হবে। কিন্তু আমি একের পর এক বিবৃতি উদ্ধৃত করে দেখাব বিশেষ করে মন্ত্রী, সুবোধ চৌধুরি, তিনি ব্যাপারটিকে কিভাবে ছোট করে দেখাবার চেষ্টা করেছিলেন। বানতলার ঘটনার পর যেমন মুখ্যমন্ত্রী বলেছিলেন, এই রকম ঘটনা তো কতই হয়, খুনিরা ধর্ষণ করে, খুন করে। কেরালার মুখ্যমন্ত্রী নায়নার বলেছিলেন, Rape is like a cigarette, like a cup of tea. এতো ঘনঘনই হচ্ছে। ঠিক সেইরকম একটা অ্যাটিচিউড দেখা যাচ্ছে। নিশ্চয়ই মন্ত্রী এর জবাব দেবেন। ঘটনা ঘটল ২৪ তারিখে, ২৬ তারিখে এফ.আই.আর হল। কাগজে বেরুলো প্রথমে ২৯ তারিখে। সেদিনই মন্ত্রী সুবোধ চৌধুরির একটা বিবৃতি কাগজে বেরুলো, অভিযোগ করেন, ধর্ষণ ও অপহরণকারীরা বিহারের লোক। কি করে জানলেন মন্ত্রী? তখনও এফ.আই.আর কমপ্লিট লজ্ড হল না, অথচ মন্ত্রী বলেছেন ২৯ তারিখের কাগজে যে অপহরণকারীরা বিহারের লোক। তারমানে যে চেষ্টা ওদের থেকে করা হয়ে থাকে সেটা হচ্ছে ঘটনাটিকে ছোট করে দেখানো। অন্য রাজ্য থেকে এসে আমাদের মেয়েদের ধর্ষণ করে দিয়ে যাচ্ছেন মন্ত্রী এইকথা বলার চেষ্টা করেছেন। কিন্তু একথা কি সত্যি মন্ত্রী নিজে যাননি? ঐ এলাকার এম.এল.এ হওয়া সত্ত্বেও ভুতনিরচরে উনি যাননি। ২৯ তারিখে যখন শ্রীমতী গীতা মুখার্জি আসবেন বলে বললেন তখনও দেখা যাচ্ছে সেখানে মন্ত্রী যান নি। লোকেরা রাগে ফুঁসছেন। গদাইয়েরচর, হীরানন্দপুর এবং মানুটোলার লোকেরা রাগে ফুঁসছেন। আর সি পি এমের লোকেরা সিপিএমের লোকাল ব্রাঞ্চ কমিটির সদস্য রামচন্দ্র মন্ডল বললেন, থানায় পুলিশ অভিযোগ নেবার সময় ধর্ষণের অভিযোগ তুলে নিতে বলে। তিনি সেই কথা মানেন না। এই কথা কে বলেছেন? সি.পি.এমের লোকাল ব্রাঞ্চ কমিটির সদস্য। কিন্তু তার চেয়েও যেটা গুরুতর ঘটনা, স্থানীয় বাসিন্দারা অভিযোগ করেছেন, অপরাধীরা অনেকেই প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছেন, পুলিশ তাদের ধরছে না। এটা বেরিয়েছে ৩০শে জানুয়ারির কাগজে। তারপর আবার মন্ত্রী সুবোধ চৌধুরির বিবৃতি আমরা দেখি যখন সি.পি.আইয়ের সংসদ সদস্যা গেলেন সেখানে। ৩০ জানুয়ারি মানুটোলার লোকেরা বলল, মানুটোলার সি.পি.এমের নেতারা তাঁকে জানাল, অভিযুক্তরা সকলেই সি.পি.এমের সমর্থক। তার উত্তরে গীতাদেবী কি বললেন? তিনি বললেন, ১৯৩৯ সাল থেকে কমিউনিস্ট পার্টি করছি, এত বর্বরতা কোথাও দেখিনি, কোথাও শুনিনি। এতে মেয়েদের ইজ্জত তো বটেই মায়েদের ইজ্জতও লুণ্ঠিত হল। আর কি তিনি বললেন? তিনি বললেন, এতবড় ঘটনা ঘটে যাওয়ার পরেও মানিকচকের বিধায়ক তথা মন্ত্রী সুবোধ চৌধুরি আসেনি দেখে আমি বিচলিত। কবে ২৪

তারিখে ঘটনা ঘটেছে, ২৬ তারিখে লিপিবদ্ধ হয়েছে, ৩০ তারিখ পর্যন্ত উনি যাননি। আরও জরুরি কথা বলেছেন, যারা অত্যাচারিত তারা এবং যারা অত্যাচার করেছে তারা সবাই ফ্রন্টের বড় দল, মানে সি.পি.এমের সমর্থক। তাই লজ্জায় সুবোধবাবু ওখানে যেতে পারেন নি। আমি এই হাউসের সামনে একটি প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই—পশ্চিমবাংলার মধ্যে একটা প্রান্তিক জায়গায়, পশ্চিমবাংলার সীমান্তে ঘটনাটা ঘটেছে এবং সেই সীমান্তে যে ঘটনা ঘটেছে প্রথম এফ.আই.আরের যে রিপোর্ট তার সঙ্গে মন্ত্রীর কথা আলাদা হচ্ছে। যেখানে প্রথম ৬ জনের নাম পুলিশের কাছে এসেছে তারমধ্যে ৫ জন পশ্চিমবাংলার আর ১ জন মাত্র বিহারের। কিসের ভিত্তিতে মন্ত্রী বললেন যে বিহারের লোকেরা সব এসে ধর্ষণ করে গেছে? দেখা যাচ্ছে সব পশ্চিমবাংলার। মানুটোলার গ্রামের লোকেরা বলেছেন যে ওরা পাশের গ্রামের লোক, সি.পি.এমের লোক সব ঘুরে বেড়াচ্ছে।

[2-40—2-50 P.M.]

দেখা যাচ্ছে সব পশ্চিমবাংলার মানুটোলার গ্রামের লোক। এরা পাশের গ্রামের লোক, আর সি.পি.এমের লোক। আর মন্ত্রী প্রথম দিনই ঘটনাস্থলে না গিয়ে বললেন, সি পি এমের লোক নয়, বিহারের লোক, পশ্চিমবাংলার লোক নয়। এর পরে বলব মন্ত্রী আর কি কি বলেছেন। আবার একই ব্যাপার হচ্ছে, ভুল হচ্ছে। প্রশাসনিক দুর্বলতা ডাকার চেষ্টা হচ্ছে। আমাদের দাবি যদি মেনে নেওয়া হয়, আমরা বারবার একটা কথা বলতে চাইছি, এই ঘটনাকে ছোট করে দেখানোর চেষ্টা চলছে, যে চেষ্টা বানতলায় হয়েছিল সেই একই চেষ্টা এখানেও করা হচ্ছে এবং পশ্চিমবাংলার লজ্জা চেপে দেওয়ার চেষ্টা হচ্ছে। এই মন্ত্রী এই মহিলাদের উপর অত্যাচারকে ছোট করে দেখানোর চেষ্টা করছেন। মালদহের সি পি এম নেতারা বলছেন, দেরি করে মহিলাদের চেক-আপে নিয়ে আসা হয়েছে। মুখ্যমন্ত্রী কালকে বললেন, আজকে উনি না এলে আমাদের ভাবতে হবে যে আমরা আলোচনায় অংশ গ্রহণ করব কিনা। তার কারণ মুখ্যমন্ত্রী কালকে বললেন, ১০/১২ জন মহিলা ধর্ষিতা হয়েছেন। আমরা বললাম, কিন্তু উনি বললেন সব মহিলাকে মেডিক্যাল একজামিনেশন করান নি। এটাই মুখ্যমন্ত্রীর উত্তর। Do not it the duty of the police to examine how many women have been raped. এত বড় একটা সিরিয়াস ঘটনা, উনি বললেন না বিচার বিভাগীয় তদন্ত করব, বিচারপতি গিয়ে গদাইয়ের চরে দেখবেন সেই মহিলারা কি করে ধর্ষিতা হল। বলে দিলেন ঘিয়া সম্প্রদায়ের লোক, তারা বিহারের লোক, তারা চর দখল করে নিয়ে এইসব কাজ মাঝে মাঝে করে থাকে। ইট ইজ নট দি ম্যাটার। এইটা বাংলার লজ্জা, বাঙালির লজ্জা। এই ব্যাপারে মন্ত্রীর যে ভূমিকা তাতে আমি অত্যন্ত লজ্জিত। এই রকম বক্তব্য আগে বিধানসভায় শুনি নি। উনি বলছেন একটা ফাঁড়ি বসালেই সমাধান হবে। আমি আপনার কাছে আবার পড়ছি মন্ত্রী কি বলছেন, বিহারের এই সমাজ বিরোধীরা দারুণ সংগঠিত। এদের স্থানীয় নাম ঘিয়া। এরা নৌকা করে এসে অপারেশন চালায়। ছ মাস আগে এসে এরা একটা যাত্রী বোঝাই নৌকা হাইজ্যাক করেছে। এখন পুলিশ ফাঁড়ি বসিয়েছে

গদাইয়ের চরে। চার কিলোমিটার দূরে ফাঁড়ি, কিন্তু ফাঁড়িতে কেউ জানায় নি, লোকে ভয়ে রিপোর্ট করতে পারছে না। আমি একজন পুলিশের অফিসার তার নাম করে বলছি ডিআইজি হেড কোয়াটার্স এস.আই. এস আহমেদ। তিনি বলছেন, শুধু ডাকাতি নয়, জমিজমা সংক্রান্ত পুরানো বিবাদের ফলে মহিলারা ধর্ষিতা হয়েছেন, এই রকম একটা খবর তাঁর কাছে আছে। This officer should be called to the bar of the House. উনিও ব্যাপারটা ছোট করে দেখাবার চেষ্টা করছেন। উনি বলছেন শুধু ডাকাতি নয়, জমিজমা সংক্রান্ত বিরোধের জন্য মহিলাদের ধর্ষণ করা হয়েছে। Their is the consistent effort to belittle the crime. ক্রাইমকে ছোট করে দেখানো, এর বিরুদ্ধেই আজকে আমরা বলতে চাইছি। ঘটনাটা আসলে কি। এরা সব গরিব মহিলা। এরা এক জায়গা থেকে আর এক জায়গায় কাজ করতে যায়। তারা গিয়েছিল মজুর হিসাবে কাজ করতে গদাইয়ের চরে। তারা হিরানন্দপুর পঞ্চায়েতের মানুটোলায় ফিরবেন। সাড়ে চারটের সময় একটা নৌকা এল, নৌকা এসে তাদের নৌকাকে থামতে বলল। সেই নৌকা থেকে হাতে বন্দুক, ছোরা নিয়ে দুর্বৃত্তরা বলল, তোমরা থামো। ওরা থামল, থামিয়ে ওদের লঞ্চে যত কলাই ছিল লুঠ করল। মেয়েদের বসিয়ে রাখল, তারপর সন্ধ্যার অন্ধকার যখন নামল, সেই মহিলাদের ধর্ষণ করা হল। যে মহিলাদের ধর্ষণ করা হয়েছে তাদের মধ্যে নানা অল্প বয়সের মেয়েও আছে। আর একটা লঞ্চ থেকে ১৩ জনকে ধরে নিয়ে যায়, এখন পর্যন্ত তাদের কোনও খবর নেন নি। ১৪ থেকে ১৮ বছর বয়স পর্যন্ত ৩/৪ জন তরুণী সেখানে ছিলেন, একাধিক দুর্বৃত্ত একে একে তাদের এক একজনকে ধর্ষণ করে। This is not only a case of mass rape, but also a case of gang rape. This is the worst crime than murder. এই ধরনের অত্যাচার পশ্চিমবঙ্গে ঘটছে। সি.পি.এমের নেত্রীরা কবে গেলেন? সি.পি.এমের নেত্রী, শ্যামলী গুপ্ত গণতান্ত্রিক মহিলা সমিতির নেত্রী ৩১ শে জানুয়ারি—৭ দিন পরে গেলেন। আগে মাননীয়া গীতা মুখার্জি চলে গেছেন, ৪ তারিখের একটা সংবাদে বেরোল যে তিনি বলছেন—আমি মাণিকচকে গিয়ে সরাসরি ব্যাপারটা দেখব। আজ দেখছি দেখার পরে তিনি ঘুরে বলছেন, এটা নিন্দনীয়। ডাইমেনসনটা কাগজে বেরোল। পাশাপাশি একটা কথা মনে পড়ে। চিন যখন ভারত আক্রমণ করল তখন মাননীয় জ্যোতি বসু ময়দানে মিটিং করে বললেন যে ১৮ হাজার ফুট উঁচুতে কোথায় যুদ্ধ হচ্ছে তা আমাদের পক্ষে বলা সম্ভব নয়। গণতান্ত্রিক নেত্রী বলছেন গদাইয়ের চরে কারা ধর্ষিতা হচ্ছে সে ব্যাপারে ওনারা আলিমুদ্দিন স্ট্রিটে বসে কি ভাবে বলবেন? বিরাটির ব্যাপারে এক গণতান্ত্রিক মহিলা বললেন যে বিরাটিতে যারা ধর্ষিতা হয়েছে তাদের চরিত্র খারাপ। শাসকদলে অনেকেই থাকেন। কিন্তু আমি বলছি—মন্ত্রী মহাশয়দের ব্যাপার জানি না—আমি দেখছি দুজন মাননীয়া মন্ত্রী, অনেক দিনের পুরনো সভ্যা, সদস্যা বেঞ্চিতে বসে আছেন। আমাদের দলের মহিলারা আজকে আসেন নি। এতবড় ঘটনা ঘটল, ৪ জন ছাড়া সরকারি ব্যবস্থাপনায় অপরাধীরা গ্রেপ্তার হল না? কেন আপনারা অ্যালার্ট হচ্ছেন না, কেন পদত্যাগ করছেন না, করলে আমরা আপনাদের সাধুবাদ জানাব। অঞ্জুদি, আমি আশা করব এ ব্যাপারে আপনারা একটা কড়া ব্যবস্থা নেবেন, আপনারাও মহিলা, যদি

রুখে না দাঁড়ান, তাহলে আবার বানতলা, বিরাটির মতো ব্যাপার ঘটে যাবে। সেদিনেও শুনলাম এসপ্ল্যানেড ইস্ট থেকে একটি মেয়ে কাজ করে বাড়ি ফিরে যাচ্ছিল, তাকে মেট্রোর পাশের গলিতে নিয়ে গিয়ে ধর্ষণ করা হয়েছিল। আর একটি মেয়ে, তার এস.এন.ব্যানার্জি রোডে বাড়ি, গান শেখায়, তাকে একটা রেস্টুরেন্টে নিয়ে যায় এবং সেখানে তাকে ধর্ষণ করা হয়। তাহলে এখানে মেয়েদের কি কোনও ইজ্জত থাকবে না? এর সঙ্গে একটা নাম শোনা যায়, সি.পি.এম. সি.পি.এম.। আমরা বিশ্বাস করিনা যে সি.পি.এম পার্টি এই কাজ করে, সমাজের দুর্বৃত্তরা এই কাজ করে। শাসকদলের লোকেরা এদের শেল্টার দেন এবং শেল্টার দেওয়ার জন্য ঘটনার গুরুত্ব কমে যাচ্ছে। এই যে দুর্ভাগ্যজনক ব্যাপার, এই অ্যাটিচিউড, এর থেকে সরে এলে আপনাদের কি কিছু ক্ষতি হবে? স্যার, আমি চাই মালদার এস.পি.কে সাসপেন্ড করা হোক। এতবড় অপদার্থ, বলেছে যে ঘটনা ঘটবার আগেই নাকি দুর্বৃত্তরা পাশের বাড়িতে ছিল, শূন্যে গুলি ছুঁড়ে কাজ হাসিল করে পালিয়ে গেছে। আগে থেকে সমস্ত জানা সত্ত্বেও পুলিশ যায় নি। মাননীয় মন্ত্রী বলেছেন ওরা বিহারের ঘিয়া সম্প্রদায়ের লোক, বিহার থেকে এসেছিল। এস.পি. অন্য কথা বলছে, বলছে যে নানা জায়গায় রেড হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী বললেন, লাল্লু যাদব একটা অসভ্য সরকার—আপনারা তাদের সঙ্গে কথাবার্তা বলুন। ৪ জন এফ.আই.আর নেমড ছাড়া অপরাধীদের মধ্যে আর কেউ ধরা পড়ল না? মাননীয় মুখ্যমন্ত্রী যদি উপস্থিত থেকে বলতেন যে, অপরাধীদের ধরার জন্য যে কোনও ব্যবস্থা নেব, তারা সি.পি.এমের লোক হলেও শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে, তাহলে মানুষ বিশেষ করে মায়েরা একটু নিশ্চিন্ত হতে পারতেন। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী যদি বলেন এরকম ঘটনা কতই হয়, তাহলে আমার মনে হয় এর ফলে এইসব মানুষের হৃদ্যতা কমে যাবে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিধানসভায়, হাউসের মধ্যে বসে বললেন যে এই ধরনের ঘটনা কোথাও ঘটে নি।

[2-50—3-00 P.M.]

মালদায় উনি হয়ত অনেকদিন যান নি। ঐ ঘটনার পর মালদার ভুতনির চরে যেতেন মুখ্যমন্ত্রী। বন্যার পরও উনি যান নি। গেলে মানুষ ভাবতেন, আমাদের মুখ্যমন্ত্রী বড়লোকদের আকর্ষণে শুধু ভিক্টোরিয়া মেমোরিয়ালে যান না, লাইট অ্যান্ড সাউন্ড দেখতে যান না, শুধু টাটা মোদীদের কারখানা ওপেন করতে যান না; গরিব নিপীড়িত খেটে খাওয়া মা বোনেদের পাশেও মুখ্যমন্ত্রী আছেন। কিন্তু মুখ্যমন্ত্রী গদাইয়ের চরে হেলিকপ্টার নামে কি না জানেন না, তাই যান নি; মুখ্যমন্ত্রী ঐ ঘটনাকে গুরুত্বপূর্ণ মনে করেন নি, তাই আজও ওখানে যান নি। পুলিশ এখানে নেই তা নয়। সিদ্ধার্থবাবু গত বছর হিসেব দিয়েছিলেন এখানে বছর বছর পুলিশ বাজেট বাড়ছে সারা ভারতবর্ষের মধ্যে। পুলিশ ফোর্স পার থাউজেন্ড কিলোমিটার অফ পপুলেশন পশ্চিমবঙ্গে ৮১ জন আছেন। পশ্চিমবঙ্গ পুলিশ ফোর্সে ভারতে থার্ড, রেপে সেভেন্থ। এক্ষেত্রে উড়িষ্যায় যেখানে ১৩ জন পুলিশ আছে, সেখানে পশ্চিমবঙ্গে রয়েছে ৮১ জন, কিন্তু তাতেও তো মা-বোনদের ইজ্জৎ রাখা যাচ্ছে না। এত পুলিশ পুষেও বলাৎকারের

মতো নিন্দনীয়, ঘৃণ্য সামাজিক অপরাধকে তো বন্ধ করা যাচ্ছে না, মানুষ নিশ্চিন্ততা পাচ্ছে না। একজন মন্ত্রী ঐ ঘটনা ঘটবার পর বললেন, হ্যাঁ, ভুতনির চরে নতুন থানা করা দরকার। উনি মন্ত্রী সে কথা তো আগে বলতে পারতেন। ঐ ঘটনা ঘটবার পর তিনি বললেন, বিহার থেকে লোক এসে সব করছে। তাঁর কথার সঙ্গে আসল ঘটনার কোনও মিল তো আমরা দেখতে পাচ্ছি না। তাই স্যার, আজকে আমরা এর সম্পূর্ণভাবে নিন্দা করছি। আপনাকে বলছি কি ঘটনা ঘটেছে। গত ২২.১.১৯৯২ তারিখে বারাসতে পাগলারহাটে শ্লীলতাহানির ঘটনা ঘটল, ঐ ২২.১.১৯৯২ তারিখেই বেহালায় মহিলা বিডিওর উপর সি.পি.এম.এর হামলা হল, তারপর ২৪.২.১৯৯২ তারিখে মানিকচকে মহিলাদের উপর ঘটনা ঘটল, ১১.২.১৯৯২ তারিখে বর্ধমানের গ্রামে গণধর্ষণের ঘটনা ঘটল, ১২.২.১৯৯২ তারিখে ধর্ষণের অভিযোগে এক সিপিএম নেতার ছেলে গ্রেপ্তার হল। গতকাল খবর বেরিয়েছে, খড়দহে একটি মেয়েকে ধর্ষণের অভিযোগের দায়ে সি.পি.এম. তাঁদের এক পার্টি নেতাকে পার্টি থেকে এক্সপেল করে দিয়েছে। এইভাবে একের পর এক ঘটনা ঘটছে। সেক্ষেত্রে আপনারা চুপ করে বসে থাকবেন? মা বোনের ইজ্জৎ চলে যাবে, কলকাতা শহরের মধ্যে থেকে মহিলাদের তুলে নিয়ে গিয়ে অত্যাচার করা হবে, আর সি.পি.এম. অসত্য বলে আমাদের মুখ বন্ধ করে দেবার চেষ্টা করবেন, মুখ্যমন্ত্রী উপেক্ষার সঙ্গে আলোচনা এড়িয়ে যাবেন, সি.পি.এম থেকে বলা হবে—এটা এমন কোনও ঘটনা নয় এবং ওরা হিসেব দেখাবেন যে, কংগ্রেস শাসিত কোন রাজ্যে কত ধর্ষণের ঘটনা ঘটেছে। এই লজ্জা আমাদের একার নয়; এই লজ্জা আপনারও, এই লজ্জা বাঙালির লজ্জা, বাংলার ঐতিহ্যের লজ্জা, বাংলার সংস্কৃতির লজ্জা, রবীন্দ্রনাথ বঙ্কিমের লজ্জা, এই লজ্জা যে বাংলা সরোজিনি নাইডুকে দিয়েছিলেন সেই বাংলার লজ্জা। সেই বাংলার মায়েরা প্রতিদিন ধর্ষিতা হবেন, প্রতিদিন একটার পর একটা ধর্ষণের ঘটনা ঘটবে, পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে ধর্ষণে সপ্তম স্থান অধিকার করবে, আর মুখ্যমন্ত্রী প্রতি বছর পুলিশের বাজেট বাড়িয়ে যাবেন। আমরা একদিকে দেখব, ধর্ষণের কোনও ঘটনা ঘটলে হয় সি.পি.এম. এর কোনও যোগ থাকবে তারসঙ্গে, না হলে পুলিশ গিয়ে থানার লক-আপে ধর্ষণ করবে, ধর্ষণকে নিয়ে মানুষের উপর গুলি চালনা করবে। রক্ষক এখানে ভক্ষক হয়ে গেছে। শাসক দলের পক্ষপুটে থেকে আজকে পুলিশ বেপরোয়া। তারা আইন শৃঙ্খলা রাখতে পারছেন না, সেখানে তারা কাঠের পুতুল। তারা নিজেরা তাই আজকে এই সুযোগ করে দিচ্ছেন। বাংলার এই অবস্থা দূর করতে গেলে বলতে হবে, দাস ফার অ্যান্ড নো ফার্দার। আর মায়ের অবমাননা নয়, আর মলেস্টেশনের ঘটনা নয়, আর খন্যানের মতো বধূ হত্যার ঘটনা নয়, আর বানতলা বিরাটির মতো মায়ের কান্না নয়, আর মানিকচকের মতো গরিব মহিলাদের ইজ্জৎ লুটে নেওয়া নয়, বলতে হবে, বাংলায় উই শ্যাল গিভ সলিটারী পানিশমেন্ট, একজামপ্লেয়ারী পানিশমেন্ট টু অল দি কালপ্রিটস মানিকচকের ঘটনার জন্য কারা দায়ী সেটা বার করবার জন্য কমিশন বসাব; মুখ্যমন্ত্রী নিজেকে গিয়ে বলতে হবে, মানিকচকের মেয়েদের সঙ্গে আমরা আছি। তা যদি না বলেন আমরা বলব, এই সরকার বাংলার মেয়েদের সঙ্গে নেই। বাংলার গরিব মায়েদের স্বার্থে নেই, বাংলার নিপীড়িত ধর্ষিতা মায়েদের সাথে নেই।

তাই আমি এই প্রস্তাবকে আপনাদের সামনে রাখছি, আমি আশা করব এই প্রস্তাব সরকার পক্ষ একমত হয়ে গ্রহণ করবেন।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা হিসাবে বিরোধী দলের পক্ষ থেকে আমি একটা প্রশ্ন করতে চাই। মুখ্যমন্ত্রী আসবেন কিনা জবাব দেবেন। সুবোধবাবু বিতর্কের জবাব দেবেন? আপনি তো পশু পালন মন্ত্রী । মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিবেকানন্দের দেশে, রবীন্দ্রনাথের দেশে মা-মেয়েদের ইজ্জৎ যাবে, পশ্চিমবাংলায় যা কখনও হয় নি তা হবে। গত ৪ বছরে ৫৮১ টি রেপ আর শ্লীলতাহানি হয়েছে। গত বছর ৫৬১ টি রেপ হয়েছে। সেখানে আমরা বসে এই ছেলেখেলা দেখব? আমরা হামাগুড়ি দিয়ে আসিনি এখানে, আমরা বাংলার মা-বোনেদের ইজ্জৎ রাখতে এসেছি। যদি মুখ্যমন্ত্রী না আসেন, বলুন আসবেন না, আমরা এখান থেকে চলে যাচ্ছি। আপনারা যা খুশি তাই করুন।

(At this Stage the Congress (I) walkout from the House)

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আলোচনায় আপনি আমাকে বলার সুযোগ করে দিয়েছেন তার জন্য আমি আপনাকে কৃতজ্ঞতা জানাচ্ছি। একটু আগে যে মোশন মাননীয় সদস্য সৌগতবাবু আনলেন এবং আলোচনা করলেন তারপর বিরোধী দলের নেতা যে অভিযোগ তুলে এখান থেকে চলে গেলেন, ওয়াক আউট করলেন আমি অন্তত পক্ষে এই ঘটনার তীব্র বিরোধিতা করছি। আপনি জানেন স্যার, যে ভদ্রলোক এখানে দাঁড়িয়ে বিরোধী দলের নেতা হিসাবে যে প্রসঙ্গ তুললেন তিনি যে সময়ের জন্য গর্ব করেন যে এই রাজ্যে সাড়ে সাত বছর মুখ্যমন্ত্রী ছিলেন সেই রাজ্যে সেই আমলে মা-বোনেদের ইজ্জৎ বলে কোনও কিছু ছিল না। প্রথমে আজকে আমি এইটুকু বলতে পারি পশ্চিমবাংলার বহু অঞ্চলে মা বোনেরা তারা তাদের সিঁথির সিঁদুর হারিয়ে তাদের ইজ্জৎ হারিয়ে এখনও পর্যন্ত গ্রামে-গঞ্জে শহরে কলে কারখানায় চিৎকার করছে ফিরিয়ে দাও আমাদের ইজ্জৎ, ফিরিয়ে দাও আমাদের ইজ্জৎ। কংগ্রেসের ঐ সমস্ত লম্পট, ঐ সমস্ত দৈত্যরা সমাজবিরোধীরা মা-বোনেদের ইজ্জৎ রাখেনি। সেই দিন ঐ সোনারপুরে গীতা চ্যাটার্জিকে তার স্বামীর সামনে ধর্ষণ করেছিল কংগ্রেস সমাজবিরোধী গণ মস্তান। সেই দিন সিদ্ধার্থ রায় মুখ্যমন্ত্রী তার পিঠ চাপড়ে বলেছিলেন সাবাস গনা তুমি আমাদের পার্টির এবং আমাদের সম্মান রক্ষা করলে। আমরা জানি স্যার, দমদমের গোরা রায় থেকে শুরু করে নানু ঘোষ, ফাটা কেষ্ট থেকে শুরু করে হাত কাটা দেবা এই সমস্ত কংগ্রেসি মস্তানরা দিনের বেলায় এবং রাতের অন্ধকারে শুধু মা-বোনেদের ইজ্জৎ নিত। কংগ্রেসি রাজত্বে মা-বোনেদের এবং সাধারণ মানুষের কোনও নিরাপত্তা ছিল না। আজকে বিধানসভায় দাঁড়িয়ে বিরোধী দলের নেতা নির্লজ্জের মতো যে প্রসঙ্গ তুললেন তাতে আজকে তাঁদের সেই কালচারাল ডেভেলপমেন্ট কোথায় গিয়ে দাঁড়িয়েছে বোঝা যায়। আজকে মা-বোনদের ইজ্জত রক্ষা করার ব্যাপারে অন্তত পক্ষে কংগ্রেসিদের মুখে মানায় না। আমরা গত ১৫ বছর ধরে আমাদের রাজ্যে মা-বোনেদের ইজ্জত রক্ষা করে চলেছি। তার মধ্যে

দিয়েও ছোট খাট ঘটনা এক-আধটা ঘটছে, তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হচ্ছে, পুলিশ অ্যারেষ্ট করছে। তাতে কিন্তু পলিটিক্যাল ইন্টিগ্রিটি নেই, পলিটিক্যাল আইডেন্টিফিকেশন নেই। কিন্তু আজকে তাকে রাজনৈতিক রং চড়িয়ে বিরোধী দলের নেতা সিদ্ধার্থবাবু যেটা বললেন আমি সেটার তীব্র প্রতিবাদ করি। এইটুকু বলতে পারি আগামী দিনে যে বাজেট আছে সেই বাজেটের দিনে অন্যান্য জায়গায় কংগ্রেসি রাজত্বে কি হচ্ছে সেটা বলব। স্যার, আপনি জানেন সারা ভারতবর্ষে কংগ্রেসি রাজত্বে কি হচ্ছে। স্যার, কংগ্রেস রাজত্ব করছে ত্রিপুরায় সেখানে উজান ময়দানে নারীদের ইজ্জত যাচ্ছে, মাস রেপিং হচ্ছে। কংগ্রেস রাজত্বের বিভিন্ন জায়গায় যে মাস রেপিং হচ্ছে তার কোনও নজির আমাদের রাজ্যে নেই। তা সত্ত্বেও কোনও আইসোলেটেড ম্যাটার হলে আমি তাকে তীব্রভাবে নিন্দা করি। প্রশাসন সতর্ক আছে এবং রাজ্যের বামফ্রন্ট সরকার এই বিষয়ে সতর্ক আছে। সুতরাং আজকে আমরা আমাদের পক্ষ থেকে সিদ্ধার্থশঙ্কর রায়ের এই ভূমিকার তীব্র নিন্দা করছি। তাঁর দল এটা নিয়ে রাজনৈতিক রং চড়াতে চায়। মা-বোনেদের ইজ্জত রক্ষা করা আদৌ তাঁদের ইচ্ছা নয়, রাজনৈতিক কারণে আজকে তাঁরা ওয়াক আউট করেছেন এবং সেই জন্য আমি এর বিরোধিতা করে আমি আমার কথা শেষ করছি।

[3-00—3-10 P.M.]

শ্রীমতী কমল সেনগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে মোশনের উপরে আমি বলতে উঠেছি, মোশনের যিনি উত্থাপক, তিনি হাউস ছেড়ে চলে গিয়েছেন। আমি এই মোশনের উপরে বলতে গিয়ে প্রথমেই বলব মানিকচকে যে ঘটনা ঘটেছে তারজন্য আমরা দুঃখিত। মানিকচকের এই ঘটনা ঘটার পর পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার শুধু দুঃখ প্রকাশ করেনি, সেখানে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবার জন্য উদ্যোগ গ্রহণ করেছে এবং বিহার সরকারের সহযোগিতা নিয়ে দুষ্কৃতকারীদের ধরবার জন্য চেষ্টা চালানো হচ্ছে, গ্রেপ্তার হয়েছে। আমি আশা করি তাদের বিচার হবে। আমি আমার বক্তব্য উপস্থিত করতে গিয়ে প্রথমে যেটা বলতে চাই, আমরা মনে করি না যে পশ্চিমবঙ্গ একটা স্বর্গরাজ্য হয়ে গিয়েছে। কিন্তু এই কথাটা বলতে চাই যে, যে কোনও রাজ্য থেকে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং যে বিষয়টি আনা হয়েছে—নারীর উপরে পাশবিক অত্যাচার হয়েছে—সেই দিক থেকে পশ্চিমবঙ্গ উন্নত কিন্তু কোন পরিস্থিতিতে একটি ঘটনা কোথায় ঘটল, তাকে আমরা ছোট করে দেখি না। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, ১৯৭১-৭৭ সাল পর্যন্ত যাঁরা এই পশ্চিমবঙ্গে অ্যান্ডারসনী শাসন চালিয়েছিলেন, আজকে তাঁরা নারীর মর্যাদার কথা বলেন? তাঁরা মেয়েদের ইজ্জতের কথা বলেন। এই কথার উত্তর তাঁরা পাবেন বলেই, সেই অ্যান্ডারসনী শাসন যাঁরা চালিয়েছিলেন, তাঁদের নেতৃত্বের পুরোভাগে যাঁরা ছিলেন, তাঁরা এখান থেকে পলাতক হয়েছেন। কারণ বিধানসভায় তাঁরা মুখ দেখাতে পারবেন না, তাই পালিয়ে যেতে হয়েছে। তারা যদি বলে নারীর ইজ্জতের কথা, নারীর মর্যাদার কথা, এটা তাদের মুখে মানায় না। আলোচনা হয়েছে মাণিকচকের ঘটনা নিয়ে। আমি আমার সরকারের পক্ষ থেকে একটি কথা বলতে

চাই। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে কি বলেছেন চতুর্থ পৃষ্ঠায় ১২নং অনুচ্ছেদে? আড়াল করেছে, চাপা দেবার চেষ্টা করা হয়েছে? আমি আশা করছি, এখান থেকে যারা পালিয়ে গিয়েছেন, তাঁরা নিশ্চয়ই আপনার মাধ্যমে এখানে যে রেকর্ড হচ্ছে তার মাধ্যমে, এই আওয়াজ শুনতে পাবেন। মহামান্য রাজ্যপাল বলেছেন—একদিকে সাধারণ আইনশৃঙ্খলার পরিস্থিতি যখন ভাল আর অপরাধের ঘটনাও নিয়ন্ত্রণাধীন রয়েছে, তখন মহিলাদের ওপর অপরাধের কিছু দুর্ভাগ্যজনক ঘটনায় সরকার উদ্বিগ্ন। এ সমস্ত ক্ষেত্রে কার্যকর অনুবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশকে কড়া নির্দেশ দেওয়া হয়েছে। মহিলাদের জন্য একটি কমিশন গঠন করার উদ্দেশ্যে আমার সরকার এই সভায় একটি বিল আনারও প্রস্তাব করছে। স্যার, ১৯৭১ সাল, ১৯৭২ সাল এবং তার পরে অনেক ঘটনা, নারীর উপরে অনেক নির্যাতন হয়েছে—ঐ ৭০-৭১ সাল পর্যন্ত হয়েছে। অনেক পাশবিক ঘটনা ঘটেছে। আমার কাছে স্যার, এখানে রাজ্যপালের ভাষণ আছে—৭২ সালের আছে, ৭৩ সালের আছে—কোনও জায়গায় কোনও নারীর উপরে নির্যাতন হয়েছে তা আমার কাছে আছে। সোনারপুরের গীতা চ্যাটার্জির কথা এই সভার সদস্যরা বারেবারে শুনেছেন। সি.আই.টি.ইউ. এর একজন সংগঠক, নির্মল চ্যাটার্জিকে হত্যা করে সেদিন, সেই রাত্রে গীতা চ্যাটার্জির উপরে পাশবিক অত্যাচার করেছিল ঐ দস্যুরা। কমিশন হয়েছিল? তারপর রাজ্যপাল যে ভাষণ দিয়েছিলেন, তাতে উল্লেখ ছিল কি উত্তর ২৪ পরগনার পানিহাটির পানশিলা গ্রামে কল্যাণী ব্যানার্জির ঘটনার কথা? তাকে যে বিবস্ত্র ভাবে মস্তানরা রাস্তা দিয়ে হাঁটিয়ে নিয়ে গেছিল তারজন্য কি কোনও কমিশন বসানো হয়েছিল আপনাদের আমলে? আজকে যারা এত নারী জাতির প্রতি করুণা দেখাচ্ছেন তখনই ওই দলেরই তো নেতা সিদ্ধার্থশঙ্কর রায় মুখ্যমন্ত্রী ছিলেন। বরং তিনি বাহবা দিয়েছিলেন ওই মস্তানদের, যারা এই ধরনের নারী জাতির শ্লীলতাহানি করেছিল। তখন তো কোনও কমিশন করা হল না। তারপরে খড়দাতে কংগ্রেসিরা মিলে ১৪ বছরের মেয়ে মালতী মজুমদারকে খুন করল, তার কথা তো কোনও রাজ্যপালের ভাষণে উল্লেখ ছিল না। আমার কাছে বিভিন্ন বৎসরের রাজ্যপালের ভাষণ রয়েছে, কোথাও তো এই নারী জাতির অত্যাচারের কথা উল্লেখ নেই। শুধু তাই নয়, আজকে দার্জিলিংয়ের ব্যাপারে অনেক বললেন—কই সেদিন কোথায় ছিলেন আপনারা, যেদিন দার্জিলিংয়ের চা বাগানের চা শ্রমিক কর্মচারীর অন্যতমা নেত্রী জেঠিমিয়া রাইনীকে অকথ্য অত্যাচার করা হয়েছিল? কোথাও কোনও তারজন্য কমিশন করা হয়েছিল? আর আজকে আপনারা বানতলার কথা বলছেন? আমাদের সরকার বানতলার ঘটনার জন্য কমিশন বসিয়েছিল। এই সরকার কোনও জিনিস আড়াল করে রাখতে চান নি। রাজ্যপালের ভাষণে তার উল্লেখও আছে। সরকার প্রেস বিজ্ঞপ্তি দিয়ে বলেছিলেন এটা খুব দুঃখজনক ব্যাপার এবং দোষীদের শাস্তির ব্যবস্থা করব। এতে আড়াল করার কোনও চেষ্টা করা হয় নি। সুতরাং এখানে কতগুলি অসত্য কথা বলে কোনও লাভ নেই। আজকে যারা নারী নিগ্রহের ঘটনায় সোচ্চার হয়ে উঠেছেন সেদিনকার কথা তারা কি ভুলে গেলেন? আমাদের সৌভাগ্য দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের দৌহিত্র বর্তমানে এই বিধানসভার বিরোধীপক্ষের নেতা হয়ে এসেছেন। কিন্তু আজকে তিনি নারীর অত্যাচারে এত বিগলিত হয়ে পড়ছেন এবং

বিকৃত ভাষণ এখানে পরিবেশন করে ওয়াক আউট করে চলে গেলেন। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই, অতীতের নারী নিগ্রহের দিনগুলোর কথা কি তিনি ভুলে গেলেন। আজকে অন্তত এইসব ঘটনার কথা স্মরণ করে একটু অনুকম্পা দেখান। আসলে ওঁরা জানেন তো ওঁদের ওই অসত্য ভাষণের পরে আমাদের ভাষণ শুরু হবে এবং সেই ভাষণ ওঁদের পক্ষে সহ্য করা দুষ্কর হবে, সেই কারণে আগে থেকেই ওয়াক আউট করে চলে গেলেন। আজকে এখান থেকে ওরা বিতাড়িত হয়েছেন। জনগণও ওঁদের বিতাড়িত করেছে বলেই আজকে ওই সংখ্যায় এসে দাঁড়িয়েছে। আমি রাজ্যপালের ভাষণের কথা উল্লেখ করলাম এইকারণে যে এইরকম দৃষ্টিভঙ্গিতে আগে কখনও তো কংগ্রেসের তরফ থেকে নারীর অত্যাচারের প্রশ্নে এত সোচ্চার হয়ে উঠতে দেখা যায় নি। আজকে তাদের এত চিন্তা কেন? আমি মাননীয় বিরোধীদলের নেতার কাছে সবিনয়ে একটা কথা জিজ্ঞাসা করতে চাই, ১৯৭১ সালে যেসব সন্ত্রাসের ঘটনা ঘটেছিল আজকে কি উনি নিজে তারজন্য একটু দুঃখ প্রকাশ করবেন কিংবা একটু নিন্দা করবেন? অন্তত এইটুকু বলুন, আমার মা-বোনেদের উপরে যে অত্যাচার হয়েছিল আমি নিজে তারজন্য দুঃখিত এবং অনুতপ্ত। আজকে মানিকচকের যে ঘটনা ঘটেছে তারজন্য আমরা দুঃখিত। কিন্তু আপনারা যেভাবে মানিকচকের ঘটনার উপরে মোশন এনে এখানে অকথ্য ভাষণ দিলেন, তাতে আমার কেবল জিজ্ঞাসা—ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে কি এই ধরনের নারী নির্যাতনের ঘটনা ঘটছে না? সেখানে কি পাশবিক অত্যাচারের ঘটনা ঘটছে না? তারজন্য আপনাদের কোনও উদ্বেগ আছে? আজকে যদি ওইসব ঘটনাতে আপনাদের উদ্বেগ থাকত এবং কমিশন করতেন তাহলে বুঝতে পারতাম যে আপনাদের সত্যি পশ্চিমবঙ্গের ঘটনাতে উদ্বেগ আছে। আসলে রাজনৈতিক বিভেদ রাখার জন্য এই প্রশ্নগুলো এখানে তুলেছেন। আজকে যে আপনারা নারীর সম্ভ্রম, নারীর মর্যাদা, নারীর প্রতি মানবতা বোধ দেখাচ্ছেন আগে তো কখনও এ জিনিস আমরা দেখিনি। আমি আপনাদের বলব আপনারা আয়নায় মুখটা একটু দেখুন। আরেকটি ঘটনার কথা বলছি দক্ষিণ ২৪ পরগনার পঞ্চায়েতের মধ্যে শ্রীরামকৃষ্ণ গ্রাম পঞ্চায়েতে তৎকালীন কংগ্রেস সদস্য ১২ বছরের একটি বালিকার উপরে পাশবিক অত্যাচার করে। এর বিরুদ্ধে সমগ্র জনমত, গণতান্ত্রিক মহিলা সমিতি এবং সমস্ত মানুষ এক জোট হয়ে তীব্র প্রতিবাদ করে এবং ওই কংগ্রেস সদস্যকে পদত্যাগ করাতে বাধ্য করেছিল। সেই ব্যাপারে তো কংগ্রেস সদস্যরা একটি কথাও বলেন না। এর জবাব আপনাদের দিতে হবে বলেই মোশনটা এনে সবাই মিলে একসঙ্গে পালিয়ে গেলেন। তারপরে আমি আরেকটি ঘটনার কথা বলি। ১৯৮১ সালে ৩রা এপ্রিল কংগ্রেসিরা জোর করে ধর্মঘট করার জন্য স্টেটবাসে পেট্রোল বোমা নিক্ষেপ করেছিলেন। ওই বোমাতে যে কত নারী পুরুষ মারা গেল তার হিসাব আমি দিতে পারব না। এবং ওই ঘটনার সময়ে একজন নার্স হাসপাতালে ডিউটি দিতে যাচ্ছিলেন, তাকে প্রকাশ্যভাবে খুন করা হল। সুতরাং একইসঙ্গে যে কতগুলি জীবন চলে গেল তারজন্য ওদের পক্ষ থেকে তো কোনও মায়া মমতা দেখানো হয় নি। এখন মাননীয় বিরোধি দল নেতা বিরোধীপক্ষে আছেন, তাঁর ওইসব ঘটনার প্রতি একটু মায়া হচ্ছে? স্যার, কংগ্রেসি বেঞ্চের মানবতাবাদীদের আমি জানাতে চাই—পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক

মহিলা সমিতি মানিকচকের ঘটনা সম্পর্কে কি বললেন তা এক সাথে পত্রিকার মুখপত্রে লেখা হয়েছে। স্যার, ওই পত্রিকাটির শিরোনামে বলা হয়েছে মানিকচকের দুর্বৃত্তদের কঠোর শাস্তির ব্যবস্থা চাই। বিগত ২৪শে জানুয়ারি ৯২ মালদহ জেলার মানিকচকের গদাইঘাটের অনতিদূরে ভূতনির চরে ৮ জন মহিলা নৌকাযাত্রীর উপর সমাজবিরোধী দুষ্কৃতকারীদের বলাৎকারের ঘটনার নিন্দা করার ভাষা আমাদের নেই। এই কুলাঙ্গার নরপশুর দল সমাজের শত্রু।

[3-10—3-20 P.M.]

আমি সবটা পড়তে পারছি না, আমি এবার অন্য প্রসঙ্গে আসছি। ওঁরা সুবোধ চৌধুরির কথা যেহেতু বললেন, আমি সেইহেতু একটু বলি। ২৪শে জানুয়ারি আগের দিন, অর্থাৎ ২৩ শে জানুয়ারির রাতে, অত্যন্ত গোপনে কুখ্যাত মোহন সিং ও তার দলবল রাজকুমার টোলার যে বাড়িতে আশ্রয় নেয়, সেটা কংগ্রেসের ঘনিষ্ঠ সমর্থকদের বাড়ি। এঁদের নাম নরসিং মাহাতো, কৈলাশ মাহাতো, জ্যোতিষ মাহাতো। এলাকার কংগ্রেসি নেতাদের কাছে এই বাড়িটি বিভিন্ন সময়ে কংগ্রেসের বড় আশ্রয়স্থল। ওরা সি.পি.এম-র কথা বলল। সি.পি.এম.র গণশক্তিতে যেটা লিখেছে, সেটা বলছি ওদের গনিখান চৌধুরিও বলেছেন, রাজনীতির কোনও যোগ নেই—ওখানকার একজন কংগ্রেসি নেতা বলছেন এর সঙ্গে সি.পি.এম.র কোনও যোগ নেই। অথচ ওরা চিৎকার করে বলে গেলেন মানিকচকের ঘটনার সঙ্গে সি.পি.এম.র যোগ আছে। অতীতে যে ঘটনাগুলি ঘটেছে সেগুলি কোনও দিন তাদের আমলে জনমানসের সামনে উপস্থিত পর্যন্ত হয় নি। আর এখন খবরের কাগজ স্বাধীন ভাবে, সত্য হোক, মিথ্যা হোক, তারা ঘটনাগুলি উল্লেখ করতে পারছেন। গীতা চ্যাটার্জি, মালতি মজুমদার, জেঠিমায়া রাইনি যিনি দার্জিলিং-র চা শ্রমিক আন্দোলনের নেত্রী এঁদের ঘটনা কি তখন সংবাদপত্রে লেখা হয়েছিল? হয় নি। নির্বাচনের পর সিদ্ধার্থশঙ্কর রায় যখন মন্ত্রিত্বে এলেন তখন কোনও জায়গায় জাল নির্বাচনের কথা কতটুকু লেখা হয়েছিল? 'ইকনমিক টাইমস, বোম্বে গানার্স গ্রাব দি ভোট এটা ছাড়া জাল নির্বাচনের কথা কলকাতার কোনও পত্রিকায় বলা হয়নি। জাল নির্বাচনের কথা সংবাদপত্রের মালিকরা চেপে গিয়েছিল, মালিকদের সঙ্গে কংগ্রেসিদের দোসর ও বন্ধুত্বের জন্য। কিন্তু ঐ সংবাদ প্রকাশের জন্য ইকনমিক টাইমসের সাংবাদিককে কলকাতা থেকে পুণেতে বদলি হতে হয়েছিল। ওঁরা রাজ্যপালের ভাষণে যেটা উল্লেখ করতেন না, আমরা সেটা উল্লেখ করেছি, রিপোর্ট অফ দি কমিটি অন দি স্ট্যাটাস অফ ওমান ইন ইন্ডিয়া, ১৯৭৪ ডাঃ ফুলরেণু গুহ তার প্রেসিডেন্ট ছিলেন, তিনি বলছেন স্বাধীনতার এত বছর পরেও We have been perturbed by the findings of the content analysis of periodicals in the regional languages, that concern for women and their problems, which received an impetus during the Freedom Movement, has suffered a decline in the last two decade. তাহলে পশ্চিমবঙ্গ কি একটা স্বতন্ত্র জায়গা যেখানে শুধু আদম আর ইভের মতো দুইজন নর নারী বেঁচে থাকবে? পশ্চিমবঙ্গ

সরকার আজকে যে আর্থ সামাজিক অবস্থার মধ্যে দাঁড়িয়ে প্রস্তাব পেশ করছে, তার মূল উদ্দেশ্য হচ্ছে গোটা ভারতবর্ষে আজকে যে শিল্প নীতি, অর্থনীতি চালু হয়েছে, যে বিদায় নীতির ফলে শ্রমিকদের মধ্যে বিভীষিকার অবস্থা সৃষ্টি হয়েছে, তার বিরুদ্ধে যে জনমত জাগ্রত হচ্ছে তাঁকে অন্যদিকে ঠেলে দেবার জন্য, ডাইভার্ট করার জন্য, এখানে এই মোশন আনা হয়েছে। এই মোশন আনার পিছনে নারীদের ইজ্জত রক্ষার ব্যাপারে তাদের কোনও দরদ নেই, গোটা সমাজের সুস্থতার জন্য কোনও দায়িত্ব নেই। তাই আমি মোশনের তীব্র বিরোধিতা করছি এবং সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তপন হোড় ঃ মাননীয় স্পিকার স্যার, যদি এমন কোনও নিয়ম থাকত যে কংগ্রেস পক্ষকে মার্শাল দিয়ে এখানে আপনি হাজির করতে পারতেন কারণ, এখানে আলোচনার সময় ওরা যে ঔদ্ধত্ব আচরণ দেখিয়েছেন এবং যেভাবে শব্দ চয়নের মধ্যে দিয়ে এটাকে উপস্থাপিত করে বার বার দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছেন তার জন্য ওরা উল্লসিত এবং এটাকে ক্যাপিটালাইজ করে ওরা বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি, সেই দৃষ্টিভঙ্গির বিরুদ্ধাচরণ করছেন। আজকে কংগ্রেসিরা নারীর সম্মান, নারীর ইজ্জত নিয়ে কথা বলছেন। আজকে ওরা থাকলে ভাল হত, এই বিধানসভায় ওদের একজন বিধায়ক আমাদের মাতৃস্থানীয় মহারাণীদির দিকে উদ্দেশ্য করে যে উক্তি করেছিল সেটা সকলেরই মনে আছে এবং সারা পশ্চিমবাংলার মানুষ সেটা জানে এবং এটা ওদের কুম্ভীরাশ্রু ছাড়া আর কিছুই নয়। এই মোশনের আগে একটা বে-সরকারি প্রস্তাব ছিল এবং তাতে আমরা বলেছিলাম যে সারা ভারতবর্ষে দ্রব্যমূল্যের বৃদ্ধি হচ্ছে এবং কেন্দ্রের শিল্প নীতি, বিদায় নীতির জন্য পশ্চিমবাংলার জনমত জাগ্রত হয়েছে এবং সারা ভারতবর্ষে তার ছাপ পড়েছে। তারা গতকাল এবং আজকে যে ঘটনা ঘটিয়েছেন তার থেকে এটা পরিষ্কার হয়ে গেছে, তাদের যে রাজনৈতিক বাতাবরণ, তাদের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য আজকে আমাদের কাছে খুব পরিষ্কার হয়ে গেছে। কিছুকাল আগে ত্রিপুরাতে একটা ঘটনা ঘটে গিয়েছিল, আপনি জানেন স্যার, জহর সাহা বলে ত্রিপুরাতে একজন মন্ত্রী ছিল,—তিনি এখন মন্ত্রী আছেন কি না জানি না—তাকে তৎকালীন মুখ্যমন্ত্রী পদচ্যুত করেছিলেন। কাজেই ওদের কাছ থেকে আমরা নারীর সম্মান, নারীর ইজ্জত রক্ষা করা শিখব না। এতদসত্ত্বেও আমি একথা বলতে চাই যে পশ্চিমবাংলায় ইদানিং যে ঘটনাগুলি আমরা দেখতে পাচ্ছি এটা সামাজিক অবক্ষয়ের একটা বিচ্ছিন্ন ঘটনা ছাড়া আর কিছুই নয়। ওরা বানতলা এবং আরও যে বিভিন্ন ঘটনার কথা বলেছেন সেই ঘটনাগুলোর প্রতি আমাদের বামফ্রন্ট সরকারের পক্ষ থেকেও নিন্দা করা হয়েছে। সেখানে যারা কালপ্রিট তাদের উপযুক্ত শাস্তি দেওয়া ও উপযুক্ত ব্যবস্থা আমাদের সরকার নিচ্ছেন।

[3-20—3-30 P.M.]

সেখানে যাঁরা কংগ্রেসি সদস্য আছেন, আজকে আমাদের যে জবাব, সরকারপক্ষের তাঁরা তা মোকাবিলা করতে পারতেন না। কিন্তু একটা ঘটনা আমি এই প্রসঙ্গে বলব, আমাদের কিছুটা সতর্ক হওয়া দরকার। এই পশ্চিমবাংলায় কিছু কিছু জায়গায় খুবই সেন্সেটিভ, বিশেষত

বর্ডার এরিয়াগুলি। মানিকচক, গদাইচক, এই জায়গাগুলি এবং তার যে ভৌগোলিক অবস্থান সেই অবস্থানগুলির সম্বন্ধে ভাবতে হবে। গদাইচকে যে ফাঁড়ি ছিল সেখানে গ্রামবাসীদের মধ্যে খুবই উত্তেজনা ছিল এবং বামফ্রন্ট সরকার ওই জায়গাটাকে খুবই সেন্সেটিভলি দেখছেন। এটা আরও ভাল করে দেখার দরকার আছে। বর্ডার এরিয়াগুলিতে সেখানকার যে পুলিশ ওই পশ্চিমবাংলা এবং বিহারের যে অ্যান্টি সোশ্যাল আছে, এখানে কংগ্রেসিদের যে সমস্ত চক্র সেই চক্রের সঙ্গে যারা আছেন তাদের সাথে পুলিশদের একাংশ সে প্রত্যক্ষ বা পরোক্ষভাবেই হোক—যোগাযোগ আছে। এটা আজকে নতুন করে খতিয়ে দেখতে হবে। ওখানকার মহল থেকে পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগ উঠছে। ওখানে যেভাবে উঠেছে—যে পশ্চিমবাংলা এবং বিহারের অ্যান্টি সোশ্যালদের সাথে পুলিশদের একাংশের যে যোগাযোগ আছে সেই ব্যাপারটি আজকে আমাদেরকে ভাল করে বুঝতে হবে এবং আজকে যে যে ঘটনাগুলির সামনে আমরা এই বিষয়গুলি দেখতে পাচ্ছি তাতে এই বিষয়টা আমরা মনে করি না যে ব্যাপারটি খুবই তুচ্ছ। কিন্তু বিষয়টি সম্বন্ধে আজকে বলতে গিয়ে বলতে বাধ্য হচ্ছি। সামাজিক অবক্ষয় এবং তার সঙ্গে পুলিশদের নিষ্ক্রিয়তা এই অভিযোগটি উল্লেখ না করে পারছি না। এই কথা আজকে আমাদেরকে আজকে ভাল করে বুঝতে হবে। আজকে ভেবেছিলাম, সৌগতবাবু কিছু কিছু তথ্য পরিবেশন করেছেন সেই তথ্যের ভিত্তিতে কিছু কিছু উত্তর দেওয়া যেত কিন্তু এটা আশ্চর্যের বিষয় যে, আজকে যারা প্রস্তাব আনলেন তাঁরাই নেই। তাঁদের জবাব দেবার মতো সাহসও নেই। তাঁরা এখানে থাকলেনও না এবং একটা ঔদ্ধত্য প্রকাশ করে চলে গেলেন। সর্বশেষে আমি এই কথাই বলব যে, আজকে পশ্চিমবাংলার এই যে নারী নির্যাতনের কথা বলা হয়েছে এবং এই ধর্ষণের কথাগুলি বলা হয়েছে এই বিষয়গুলি আজকে আমাদের বামফ্রন্ট সরকার যেভাবে সেন্সেটিভলি দেখছেন সেখানে দাঁড়িয়ে কংগ্রেসিরা যে উদ্দেশ্যমূলকভাবে বিষয়টাকে ভিন্ন দৃষ্টিভঙ্গি থেকে দেখবার চেষ্টা করেছেন। এটার সম্বন্ধে আজকে পরিষ্কার হওয়া দরকার। মূল যে প্রস্তাব আনা হয়েছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আব্দুল মান্নান ঃ অনুপস্থিত।

শ্রীমতী মিনতি ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে বিরোধী দলের সদস্য মাননীয় সৌগত রায় যে প্রস্তাব সাম্প্রতিক মানিকচকের ঘটনাকে কেন্দ্র করে উপস্থাপিত করেছেন সে সম্পর্কে বক্তব্য রাখতে চাই। তিনি প্রস্তাবটি উত্থাপন করে ভয়ের চোটে দলবল নিয়ে পালিয়ে গেলেন। আমি সেই প্রস্তাব সামনে রেখে এই সভায় কিছু বক্তব্য পেশ করতে চাই। পশ্চিমবঙ্গের একজন সাধারণ মানুষ হিসাবে, এই বিধানসভার একজন সদস্য হিসাবে, সর্বভারতীয় মহিলা আন্দোলনের একজন কর্মী হিসাবে মানিকচকের এই ঘটনাকে আমি তীব্র ভাষায় নিন্দা করছি। এই বিশেষ যে ঘটনা, এই পৈশাচিক ঘটনা, এই কুৎসিৎ ঘটনা নিন্দা করার ভাষা অভিধানে নেই। আমরা যারা এখানে উপস্থিত আছি তারা সবাই, পশ্চিমবাংলার মানুষ মনে করি পশ্চিমবাংলায় এই ধরনের ঘটনা অনভিপ্রেত। এই

ধরনের ঘটনা ঘটা উচিত নয়। আমাদের মনে হয়েছিল, মাঝে মাঝে এই ধরনের যে ঘটনা ঘটছে, আজকে প্রস্তাবক একজন বিদগ্ধ মানুষ হিসাবে পরিচিত, সেইজন্য আমরা তাঁর কাছে সৌজন্য আশা করেছিলাম। আমাদের তো তাঁকে আজকে নতুন করে স্মরন করিয়ে দিতে হবে না আজকে এই ধরনের অপরাধমূলক ঘটনাগুলো আমরা যে আর্থসামাজিক অবস্থার মধ্যে রয়েছি তাতেই এই ঘটনার বীজ নিহিত রয়েছে। আজকে এই কথাটা অস্বীকার করতে পারি না। আজকে বিধানসভায় দাঁড়িয়ে মাননীয় বিরোধী দলের সমস্ত সদস্য, বামফ্রন্টের সদস্যরা দলমত নির্বিশেষে ঐক্যবদ্ধভাবে, সোচ্চারে সমস্বরে এই ঘটনার প্রতিবাদ করতে পারতাম। তাহলে ভাল হত। আমরা যদি একই মঞ্চে দাঁড়িয়ে আগামী দিনে আওয়াজ তুলি আগামী দিনে আমরা আরও হুঁশিয়ার থাকব, সতর্ক থাকব তাহলে ভাল হয়। আজকে যদি মা-বোনেদের ইজ্জত সুরক্ষিত রাখবার অঙ্গীকার করি যে পশ্চিমবাংলার বিধানসভায় বিরোধী এবং সরকার পক্ষের ২২ জন মহিলা সদস্যা রয়েছেন তাহলে ভাল হয়। আজকে পশ্চিমবাংলা বিধানসভায় এতজন মহিলা সদস্যা রয়েছেন এটা পশ্চিমবাংলার গৌরবের। এই ঘটনার পরিপ্রেক্ষিতে মা-বোনেদের উপর যে আক্রমণ নির্যাতন-এর ঘটনা ঘটে চলেছে সেখানে দৃঢ়ভাবে, ঐক্যবদ্ধভাবে প্রতিবাদী বক্তব্য উপস্থিত করা উচিত ছিল। মাননীয় সদস্যা কমলদি বলেছেন জরুরি অবস্থার দিনগুলির কথা, যখন বিরোধী দলের নেতা তিনি সেই সময় মুখ্যমন্ত্রী ছিলেন—সিদ্ধার্থবাবু। তাঁর অধিকার নেই, এই বিতর্কে অংশ গ্রহণ করার। তাঁর অধিকার নেই মানিকচকের ঘটনা নিয়ে বক্তব্য পেশের বা এখানে বসে থাকার। বিগত দিনের ইতিহাস আমরা কিন্তু ভুলে যায় নি। তারপর সৌগত রায় বললেন এই মানিকচকের ঘটনার সঙ্গে সি.পি.এম জড়িত। তা সি.পি.এমের বিরুদ্ধে কুৎসা নতুন কিছু নয়। সৌগতবাবু নতুন কি বলবেন। আজকে মাননীয় সদস্যদের এটা উপলব্ধি করতে হবে, আজকে পনেরো বছর বামফ্রন্ট সরকারের আমলে এখানে পশ্চিমবাংলায় গণতন্ত্র সুপ্রতিষ্ঠিত। আজকে যখন আইন-শৃঙ্খলা পরিস্থিতি গোটা ভারতবর্ষের মধ্যে একটা উল্লেখযোগ্য জায়গায় অবস্থান করছে, আজকে যখন মা-বোনেদের সম্মান, অধিকার প্রতিষ্ঠার চেষ্টা চলছে, সেই সময় দাঁড়িয়ে আজকে কংগ্রেসের দেউলিয়া রাজনীতির প্রকাশ এখানে ঘটে গেল। তাই নয় কি? আজকে কংগ্রেস কি করবে বলুন তো, তাদের তো একটা ইস্যু চাই তাদের দলীয় অনুগামীদের চাঙ্গা করে রাখতে। একটা ইস্যু চাই, তাই তো মাঝে মাঝে সংবাদপত্রের শিরোনামায় দেখা যায়, দূরদর্শনে দেখা যায় ১৫/২০/২৫ জন কংগ্রেস কর্মী তারা মিছিল করছে, দাম বাড়ল কেন, জ্যোতি বসু জবাব দাও, দাম বাড়ছে কেন, বামফ্রন্ট সরকার নিপাত যাক। আসলে এগুলো ইস্যু। আসলে একটা ইস্যু তৈরি না করলে তাদের দলীয় কর্মীদের চাঙ্গা রাখবেন কি করে। আজকে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার যখন প্রতিষ্ঠিত তখন গণতন্ত্র প্রতিষ্ঠিত। পাঁচ বছর পরপর বিধানসভা নির্বাচন হচ্ছে, মিউনিসিপ্যাল নির্বাচন হচ্ছে, পঞ্চায়েত নির্বাচন হচ্ছে। দলীয় কর্মীদের যে মেশিনারি তাকে চাঙ্গা রাখতে হলে ইস্যু দরকার। ইস্যু তৈরি করে দলীয় কর্মীদের লড়িয়ে দেওয়ার জন্য এই ঘটনাকে ব্যবহার করা হচ্ছে। আজকে মানিকচকের ঘটনা মাননীয় সদস্য সৌগতবাবু যেভাবে সভায় উপস্থিত করেছেন আমি মনে করি এটা তাদের দলীয় নেতাদের

চাঙ্গা করার জন্য একটা ইস্যু মাত্র। মাননীয় স্পিকার মহাশয় আমরা ধিক্কার জানিয়েছি এই ঘটনাকে। আমরা বলতে চাই দৃঢ়ভাবে আজকে কংগ্রেস দল তারা রাজনৈতিক ফায়দা লোটার জন্য এইসব বলছে। নিজেদের মধ্যে আলোচনা করে ফায়দা লোটার জন্য এইসব করছেন। আজকে কাগজে এই বিষয়ে বিভিন্ন কংগ্রেস নেতা স্ববিরোধী বিবৃতি দিয়ে বসছেন। কংগ্রেসের একজন মহিলা নেত্রী পশ্চিমবাংলার যেখানেই ঘটনা ঘটুক ছুটে যান, সেই নেত্রী এই ঘটনা সম্পর্কে বললেন এই ঘটনার সঙ্গে সি পি এম জড়িত, সি বি আই দিয়ে তদন্ত করতে হবে। তাঁর দলের বর্তমান সাংসদ যিনি ম্যান অফ দি সয়েল, তিনি কিন্তু দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করেছেন এই ঘটনার সঙ্গে রাজনীতিকে জড়িয়ে দেওয়া চলবে না। এটা সম্পূর্ণ অরাজনৈতিক একটা ঘটনা। এটা সমাজ বিরোধীদের কাজ। আজকে মালদহের যিনি সাংসদ তিনি তো ভূতনির চরের মানিকচক চরটা কিভাবে গঙ্গার বুকে জেগে উঠেছে তার অবস্থান জানেন, তার ভৌগোলিক অবস্থান জানেন। তিনি জানেন, কিভাবে ওখানে আমাদের কৃষকরা কলাইয়ের চাষ করেন, তিনি জানেন ভূতনির চরটা বিহারের সীমান্তে অবস্থিত। সেই সীমান্তের নদী পেরিয়ে মাঠ পেরিয়ে বিহারীরা এপারে চলে আসেন চরে।

[3-30—3-40 P.M.]

এবারও সেই গরিব দুঃখী মানুষগুলি যে কলাই চাষ করেন সেই কলাই চারা লুণ্ঠন করে নিয়ে যায়। ঐ লুণ্ঠনের সঙ্গে ঐ এলাকার কংগ্রেসি সমাজবিরোধিরা, যারা সেখানে যায় তাদের সঙ্গে লুণ্ঠনকারীদের একটা গোপন আঁতাত রয়েছে। এই ঘটনা মানিকচকের আপামর জনসাধারণ জানেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী শ্রী সুবোধ চৌধুরিকে আক্রমণ করে সৌগতবাবু বললেন যে তিনি নাকি ঘটনাটাকে ছোট করে বা খাটো করে দেখেছেন। স্যার, তিনি যদি এই ঘটনাটাকে খাটো করে দেখতে চাইতেন তাহলে তিনি সংবাদপত্রে এবং দূরদর্শনে এই সংবাদটা পরিবেশন করতেন না। তিনিই প্রথম প্রশাসনকে জানিয়েছেন ঘটনাগুলিতে কংগ্রেসিরা এখানে নেই, কি বলব বলুন তারা বলেই চলে গেলেন কিন্তু তার উত্তর শুনে গেলেন না। স্যার, যেখানে ঘটনাটা ঘটেছে সেখানে পঞ্চায়েতটা হচ্ছে কংগ্রেস আই-এর গ্রামপঞ্চায়েত। স্যার, এটা সকলেই জানেন যে পশ্চিমবাংলায় পঞ্চায়েত ব্যবস্থাটা আজকে তৃণমূলে প্রতিষ্ঠিত হয়েছে। আজকে প্রতিটি ঘটনার সঙ্গে পঞ্চায়েত যুক্ত। তাহলে প্রশ্ন করি, একজন কংগ্রেস দলের পঞ্চায়েত প্রধান-এর এলাকাতে যখন ঘটনাটা ঘটল তখন সেটা ঘটার পর কেন তিনি থানাতে এফ.আই.আর করেন নি? কেন ঘটনাটা তিনি গোপন করে রেখেছিলেন? আসলে ঘটনার সঙ্গে যুক্ত রয়েছেন হিরানন্দপুর গ্রাম পঞ্চায়েতের উপপ্রাধানের ভাই। এই ঘটনা কিন্তু পশ্চিমবাংলার মানুষের অজানা নয়। স্যার, সৌগতবাবুরা অভিযোগ করলেন যে পশ্চিমবাংলায় নারী নিগ্রহ নারী নির্যাতনের ঘটনা ক্রমশ বেড়ে চলেছে। হ্যাঁ, চলছে, এটা আমরা স্বীকার করি। একথা দুঃখের সঙ্গে ব্যাথার সঙ্গে বলতে আমাদের বাধা নেই যে ঘটনাগুলি বাড়ছে। কিন্তু তার পরিপ্রেক্ষিতে এবং ঘটনাগুলি ঘটনার যে অবস্থানগত বিষয় সেটাও কি এর সঙ্গে চিন্তা করতে হবে না? পশ্চিমবাংলা ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য

মাত্র। আজকে সারা ভারতবর্ষে যে সামাজিক অস্থিরতা এবং অবক্ষয় দেখা দিয়েছে সেটাও চিন্তা করতে হবে। সঙ্গে সঙ্গে একথাও মনে রাখতে হবে যে আপনাদের পরিবেশিত দূরদর্শনে অশ্লীল বিজ্ঞাপন গভীর রাতের অশ্লীল ছবি, বিভিন্ন অসামাজিক হিন্দি ছবি যা দেখানো হয় তার মাধ্যমে আপনারা জনমানসকে উত্তেজিত করছেন। সেখানে এইসবের মাধ্যমে আপনারা যুবক যুবতীদের যৌন কামনাকে উত্তেজিত করছেন। এইসব ঘটনা ভারতবর্ষের অপরাধ প্রবণতাকে বাড়িয়ে দিচ্ছে না কি? আজকে এর দায়িত্ব আপনাদেরই নিতে হবে। এর সঙ্গে সঙ্গে রয়েছে গোটা ভারতবর্ষ জুড়ে অর্থনৈতিক সংকট। এর ফলে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম হু হু করে বাড়ছে। এর বিরুদ্ধে মানুষকে সংগ্রাম করতে হচ্ছে লড়াই করতে হচ্ছে। তারপর কেন্দ্রীয় সরকারের যে বিদায় নীতি, সেই বিদায় নীতির বিরুদ্ধেও মানুষকে লড়াই করতে হচ্ছে। আজকে তাই জনমানসকে বিভ্রান্ত করার জন্য মানিকচকের মতন ঘটনা নিয়ে আপনারা শস্তার রাজনীতি করতে চাইছেন। পরিশেষে বিরোধীদলের মাননীয় সদস্যদের বলতে চাই যে আপনারা মিথ্যাচার বন্ধ করুন, একে পরিত্যাগ করুন। ১৯৭১ সালে শ্রদ্ধেয় জননেতা হেমন্ত বসু খুন হবার পর আপনারা যেমন সেটা সি.পি.এমের ঘাড়ে চাপিয়ে দিয়েছিলেন ঠিক তেমনি আজ প্রতিটি নারী ধর্ষণের ঘটনা সি.পি.এমের ঘাড়ে চাপিয়ে দেবার আপনাদের যে ইতর বাসনা আপনাদের সেই আকাঙ্খাকে আপনারা পরিত্যাগ করুন। আপনাদের বলি, আসুন, এই মঞ্চ থেকে আমরা প্রতিজ্ঞা গ্রহণ করি যে পশ্চিমবঙ্গের সম্মানকে আমরা লুণ্ঠিত হতে দেব না। পশ্চিমবাংলায় নারীর সম্মান সবচেয়ে বেশি সুপ্রতিষ্ঠিত। আজকে যত তুচ্ছ ঘটনাই ঘটুক বা যত ছোটখাট ঘটনাই ঘটুক তাকে আমরা অনেক বড় করে দেখে সতর্ক প্রহরীর মতন আসুন আমরা দাঁড়াই। স্যার, গণতান্ত্রিক মহিলা সমিতির শ্রদ্ধেয়া নেত্রী সম্পর্কে আজকে আমরা শুনলাম উনি বিরূপ মন্তব্য এখানে দাঁড়িয়ে করলেন। আমাদের নেত্রী কিন্তু সঠিক কথাই বলেছেন। তিনি প্রত্যক্ষদর্শী যদি না হন, তিনি যদি ঘটনাস্থলে না যান তাহলে তিনি কলকাতায় বসে পেপার স্টেটমেন্ট করে দেবেন আপনাদের মতন, সেটা হয় না। আপনারা তো এখানে বসেই পশ্চিমবঙ্গের সীমান্তবর্তী এলাকা চোপড়ার ব্যাপারে স্টেটমেন্ট করে দেন। এরকম দায়িত্বজ্ঞানহীন বিবৃতি দিতে আমরা অভ্যস্ত নই। সেই কারণে আমাদের নেত্রী সঠিক কথাই বলেছেন যে ঘটনাস্থলে গিয়ে এবং ঘটনা পর্যালোচনা করে তারপর আমি বিবৃতি দেব। আজকে এই ধরনের অপপ্রচারের বিরুদ্ধে পশ্চিমবাংলার জনগণকে সতর্ক প্রহরীর ভূমিকা গ্রহণ করতে হবে। পশ্চিমবাংলার যে সম্মান, যে সম্ভ্রম সেটা ফিরিয়ে আনার জন্য আগামীদিনে একটিও নারীর ইজ্জত লুণ্ঠনের ঘটনা যাতে না ঘটে সে দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। পরিশেষে জানাই, শ্রী সৌগত রায় মহাশয় রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের আমি বিরোধিতা করছি। এই বলে স্যার, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুবোধ চৌধুরি ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, কংগ্রেস দলের তথা আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য সৌগত রায় যে মোশন এনেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি।

বিরোধিতা করছি এই কারণে যে, এই মোশন আনার পেছনে তাঁর রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে। তবে আমরা জানি যে, এই ভাবে ভাঁওতা দিয়ে রাজনৈতিক উদ্দেশ্য সাধন করা যায় না। তিনি অত্যন্ত দায়িত্ব-জ্ঞানহীনের মতো সংবাদপত্রের কিছু উদ্ধৃত বিষয় বিবৃত করে জবাবের অপেক্ষা না করেই চলে গেলেন। অবশ্য কিছুটা ভয় পেয়েও চলে গেলেন—যদি কেঁচো খুঁড়তে গিয়ে সাপ বেরিয়ে পড়ে। আর সিদ্ধার্থবাবুর তো আরও বেশি ভয়, তাঁর আমলের কেঁচো এবং সাপ গুলো যদি এখানে বেরিয়ে এসে কিল-বিল করতে শুরু করে দেয়—সেইজন্য তাঁরা এখানে একটা অজুহাত সৃষ্টি করলেন যে, মাননীয় মুখ্যমন্ত্রীর পরিবর্তে আমার কাছ থেকে জবাব শুনতে পারবেন না। এতে সিদ্ধার্থবাবুর সম্মানে আঘাত লাগছে এবং এই অজুহাতে এখান থেকে চলে গেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁদের কাছে আমার প্রশ্ন, এই মোশন আনার দরকার হল কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার তথা পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বা আমরা বামফ্রন্টের বিধায়করা কেউ কি অস্বীকার করেছি ঐ ঘটনার কথা? হ্যাঁ, অত্যন্ত দুঃখজনক মর্মান্তিক ঘটনা ঘটেছে। আমরা কি কেউ ঐ ঘটনাকে চেপে দেবার চেষ্টা করেছি? না, আমরা কেউ তা করি নি। না, স্থানীয় বিধায়ক সুবোধ, না সরকার, না পুলিশ, কেউ না। যদি তা হত তাহলে যথারীতি কেস রুজু করা হল কেন? যথারীতি কেস রুজু করা হয়েছে, ভিক্টিম মহিলাদের মেডিক্যাল একজামিনেশন হয়েছে, এবং তাঁদের স্টেটমেন্ট জুডিসিয়ালি রেকর্ডেড হয়েছে। আজ পর্যন্ত পাঁচ জন আসামী ধরা পড়েছে। এখানে চার জন বলা হয়েছিল, চার জন নয়, গত ১২ তারিখ আরও একজন ধরা পড়েছে। আরও আসামীদের ধরার জন্য পুলিশ ক্রমাগত চেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রয়াস অব্যাহত রেখেছে। বিহার এবং পশ্চিমবাংলার সম্ভাব্য সমস্ত জায়গায় চেষ্টা করা হচ্ছে। অভিযুক্তদের বিরুদ্ধে প্রোক্লামেশন অ্যাটাচমেন্ট করা হয়েছে। প্রথম তদন্তকারী অফিসারকে যিনি প্রথমে মামলাটি নিয়ে ছিলেন—তাঁকে সাসপেন্ড পর্যন্ত করা হয়েছে। এখন ওঁরাই বলুন যে, এই সমস্ত যা করা হয়েছে তা কি ঘটনা চেপে যাওয়ার জন্য? এসব কি ঘটনাকে খাটো করে দেখার নমুনা? আর মহিলাদের অসম্মান করার কি কোনও উদ্দেশ্য, কোনও মটিভ আছে সরকারের? তা কি থাকতে পারে? তাহলে? আউট অফ নাথিং দে ওয়ান্ট টু ক্রিয়েট এ টার্মোয়েল অ্যান্ড ক্যায়স। এছাড়া আর কিছু নয়। আমি এখানে পূর্ণ দায়িত্ব নিয়ে বলতে পারি যে, অপরাধীদের সঙ্গে যেই যুক্ত থাকুক না কেন তাকে শাস্তি দেওয়া হবে। মাননীয় সদস্য সৌগত রায় বললেন, সিপিএম অপরাধীদের আশ্রয় দিচ্ছে, সেল্টার দিচ্ছে। স্যার, আমরা জানি ওঁদের দলে ঐসব সেল্টার টেল্টারের ব্যাপার আছে। ওঁদের আমলে ওঁরা গোটা পশ্চিম বাংলায় কি করতেন তা আপনি ভাল করেই জানেন। আজকে ওঁরা সেই লজ্জাতে একটা অজুহাত সৃষ্টি করে এখান থেকে চলে গেলেন। আমাদের কাছে ঐসব কোনও ব্যাপার নেই। হ্যাঁ, বামফ্রন্ট বা সিপিএম-এর কোনও লোককে সত্যিই যদি দেখা যায় ঐ ঘটনার সঙ্গে যুক্ত আছে তাহলে নিশ্চয়ই তারও শাস্তি হবে। আর হ্যাঁ, কংগ্রেসেরও যদি কোনও হাতা, চামচা যুক্ত থাকে তাহলে তাকেও শাস্তি দেওয়া হবে। যে সমাজবিরোধী, সে সমাজবিরোধীই। যে অপরাধী, সে অপরাধীই। তার আর যা পরিচয়ই থাকুক না কেন। ওঁরা অপরাধীদের,

সমাজবিরোধীদের গায়ে যখন রাজনৈতিক রঙ চড়াচ্ছেন তখন বুঝতে হবে ওঁদের এতে মতলব আছে।

[3-40—3-50 P.M.]

তাঁরা রাজনৈতিক ফায়দা তুলতে চাইছেন। আরও কি বলা হচ্ছে, আরও বলা হচ্ছে—অন্যান্য বক্তারা হয়ত বলতেন, যাইহোক, আমিই বলি, স্থানীয় মন্ত্রী সুবোধ চৌধুরি এলাকার বিধায়ক নাকি আশ্রয় দিচ্ছে, মদতদাতা। এমন কথাও কিছু কিছু কাগজে বেরুলো যে, গণতান্ত্রিক মহিলা সমিতির নেত্রী, মাননীয়া সাংসদ তাঁদের জনসভায় নাকি আসামীরা মিছিল করে গেছেন। একথাও বলে তাঁরা গল্প ফাঁদলেন যে অভিযুক্ত আসামীরা সুবোধ চৌধুরির সঙ্গে কথা বলেছেন এবং সুবোধ চৌধুরি হুকুম দিয়েছেন তাঁদের জনসভায় আসতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের নৈতিকতা, আদর্শবোধ এত নিচে নেমে যায় নি। আমরা ওঁদের মত নিঃস্ব দেউলিয়া হয়ে যাইনি। আজকে নারী জাতির উপর এইরকম ধরনের পাশবিক অত্যাচার, অপমান, যারা ইজ্জত নষ্ট করে তাদের সমর্থন করতে হবে, আমাদের অস্তিত্ব এমন বিপন্ন হয়ে যায় নি। যাঁদের অস্তিত্ব বিপন্ন হয়েছে তাঁরা আজকে পশ্চিমবাংলার মানুষের কাছে প্রত্যাখাত। যাঁরা আজকে দেউলিয়া হয়ে গেছেন ঐ সিদ্ধার্থশঙ্কর রায়, বিরোধী দলের নেতার আসনে বসে ঐ ট্রেজারি বেঞ্চের মুখ্যমন্ত্রীর আসনের দিকে টুকটুক করে চেয়ে থাকেন। তাঁদেরই এই দেউলিয়াপনা সাজে, তাঁরাই এইসব করতে পারেন। আর মন্ত্রীর সঙ্গে কথা তো অনেকেই বলতে পারেন। কার সঙ্গে কথা কে বলবে না বলবে সেটা কি আনন্দবাজার ঠিক করে দেবে? আর মাননীয় জ্যোতি বসুর পুলিশও এত অধঃপাতে যায়নি যে আনন্দবাজারের নির্দেশিত পথে তারা ইনভেস্টিগেশন পরিচালনা করবেন, কেসের তদন্ত পরিচালনা করবেন, কেস পরিচালনা করবেন? এইভাবে তারা কিছুকিছু খোয়াব দেখছেন, কিছু কিছু কাগজ ধুয়ো তুলছেন। এটা আর কিছুই নয়, গোটা পশ্চিমবাংলা থেকে বিতাড়িত কয়েকজন এখানে ঠান্ডা ঘরের ভিতর একজোট হয়ে নর্তন-কুর্দন করছেন, ছুঁচোর-কেত্তন করছেন। এই জায়গায় ওরা নিয়ে এসেছেন। তাই একটা মর্মন্তুদ ঘটনাকে সমাজতাত্ত্বিক দৃষ্টিভঙ্গি দিয়ে, রিয়ালিটির দিক দিয়ে বিচার করলেন না। পুলিশের ১/২ দিন দেরি হতেই পারে, আর ভৌগোলিক অবস্থানের দিকটা তাঁরা বিবেচনার মধ্যে আনলেন না। এইরকম ঘটনা যেমনি পেয়ে গেলেন অমনি বামফ্রন্টের বিরুদ্ধে, সরকারের বিরুদ্ধে নাচন-কোদন শুরু হয়ে গেল। ওঁরা রাজনৈতিক ছাপ দিতে চাচ্ছেন। আমি দায়িত্ব নিয়ে এলাকার মানুষ হিসাবে বলতে পারি অভিযুক্ত আসামী যাদের এফ.আই.আর-এ নাম আছে তাদের মধ্যে হীরানন্দপুর গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধানের ভাই পঞ্চানন চৌধুরি একজন আসামী। উপপ্রধানের নাম সহদেব চৌধুরি। এফ.আই.আর আছে কংগ্রেসের উপ-প্রধানের নাম। এই কথা বলে আমরা কাউকে আক্রমণ করি না। আমরা এটা বিশ্বাস করি এটা কংগ্রেস পার্টির কাজ নয়। সে কংগ্রেস করতে পারে কিন্তু সমাজবিরোধী। আমরা ঐদিকে ব্যাপারটিকে নিয়ে যাইনি। আরও একটা কথা বলতে পারি, তার পার্শ্ববর্তী উত্তরচন্ডীপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান স্থানীয় কংগ্রেসের

শীর্ষনেতা। ভূতনিচর, মানিকচক এলাকার আর ৩ জন আসামী টুনিলাল, কৈলাস, নরসিং মাহাতো। আর ঘটনার আগের দিন যার বাড়িতে বিহারের মোহনসিংহের নেতৃত্বে সমাজ বিরোধীরা আশ্রয় নিয়ে খানাপিনা করেছিল সেই কৈলাস, টুনিলাল আর নর সিং প্রভৃতি পার্শ্বচরেরা কংগ্রেস প্রধানের ব্যাগ বয়ে বেড়াচ্ছে। আমরা কিন্তু এভাবে আক্রমণ করে কথা বলি না। আমরা বিশ্বাস করিনা যে যারা সমাজবিরোধী অপরাধী, যারা জঘন্য অপরাধী তাদের প্রতি কংগ্রেস পার্টির মদত আছে, এর পিছনে স্থানীয় কিছু নেতার মদত থাকতে পারে। একটা কথা শোনা যায় যে, (*****) মালদাতে তাঁর একটা প্রতিপক্ষ আছেন; আমি নাম করতে চাই না, যে কাজগুলি করার কথা ছিল সে ব্যাপারে দু' জনের মধ্যে ঠিক ছিল যে এইখান থেকে বসে ঘুঁটি নেড়ে ওখানে একটা রাজনৈতিক সন্ত্রাসের সৃষ্টি করে এক ঢিলে দু' পাখি মারবেন এবং তারই চেষ্টা করেছিলেন। কারণ, আমরা একটা বিষয়ে গভীরভাবে উদ্বিগ্ন কি ঘটনা তা দেখাতে চাইছি না, বিহারে সন্ত্রাস ছিল, ওখানকার চরের উর্বর জমি এবং নেচারের ফ্রি গিফট যে ঘাস যা তুলে ফসল হচ্ছে তার প্রতি একটা আকর্ষণ বশত বিহারের মাফিয়া গুন্ডারা লুঠপাট করেছে। ওখানকার সন অফ দি সয়েল যাঁরা আছেন তাঁরা সেটা পান না। ঐ ভূতনি—ওখানকার প্রাক্তন কংগ্রেস এম.এল.এ. শ্রী জখীলাল মন্ডলের আমলে এই সব ঘটনা ঘটেছে। তখন এসব কথা বলা যেত না। এখন বামফ্রন্ট সরকারের পুলিশ এইসব ব্যাপারে হস্তক্ষেপ করছে। জনসাধারণ এবং আমরা যারা রাজনৈতিক সমাজকর্মী এদের কে চেপে ধরার চেষ্টা করছি। তাই এত চিৎকার, হৈ চৈ হচ্ছে। কিন্তু সেখানে এক এক করে সংগঠিত ভাবে বিহারের গুন্ডাদের দিয়ে আক্রমণ করানো হচ্ছে। ভূতনির এই ঘটনায় একটা প্রশ্ন মানিকচকবাসী করেছেন। মানিকচকবাসী সাধারণ মানুষ খুবই পিছিয়ে পড়া মানুষ, কোনও এক খবরের কাগজের প্রতিনিধি ওখানে গিয়ে ওখানকার খুব প্রশংসা করায় ঐ এলাকার মানুষ—ঐ ভূতনি অখ্যাত, অবহেলিত বিশেষ করে আর্থিক দিক দিয়ে যারা একটু দুঃখের ভিতরে আছে তাদের ভাল করে দিন দিন বিভিন্ন সংবাদপত্রে এবং রেডিও ও টি.ভি.তে বেরোচ্ছে, এসব দেখে তারা ভাবছে আগে তো লোকে আমাদের নাম জানত না এখন এসব কেন হচ্ছে? এই মানিকচকে এক মাসে ২৪ এবং ২৫শে ডিসেম্বরে দুই দিনে তিনটে পৃথক পৃথক নৌকা ডুবির ঘটনায় ৭৭ জনের প্রাণহানি ঘটেছিল, ১৫ জন মহিলা এবং ৬২ জন পুরুষ মানুষ ছিলেন তার মধ্যে ৭৬ জনের মৃতদেহ উদ্ধার করা গেছে। এজন্য ওখানে একটা ভীতির সঞ্চার হয়েছে। ভূতনিতে ২৪/২৫ জন কৃষিমজুর চাষের কাজ করতে এসেছিলেন, তাঁরাও ঐ ঘটনায় পড়েন এবং এখন তাদের মৃতদেহ উদ্ধার করা যায় নি। এসব ঘটনা যখন ঘটেছিল তখন কোনও মমতাময়ী, করুণাময়ী জগতজননীকে সেখানে দেখতে পাওয়া যায় নি, এবং খবরের কাগজেও কারোর বিগলিত হৃদয়ের করুণার অভিব্যক্তি দেখা যায় নি। আজকে ভূতনির ১১ জন মহিলার উপর অমানবিক অত্যাচারের কথায় তাঁদের বুক ফেটে যাচ্ছে এবং তার জন্যই বামফ্রন্ট দায়ী, সরকার ব্যর্থ এই সব কথা বলা হচ্ছে। এই

Note : * Expunged as ordered by the chair

কথা কতটা আন্তরিকতা পূর্ণ তা বোঝা যাচ্ছে। এই ঘটনা সিরিয়াসলি নিয়ে এই অ্যাসেম্বলীতে ব্যবহার করতে চাইছে। তাই আমি আমার বক্তব্যকে আর দীর্ঘ না করে এই ধরনের যে সব প্রশ্ন উঠেছে তার প্রতি ধিক্কার জানাচ্ছি।

[3-50—3-52 P.M.]

খোদ মানিকচকে কংগ্রেস আছে, মালদা জেলায় কংগ্রেস আছে। তারা কিন্তু এটা নিয়ে খুব নাড়াচাড়া করছেন না। যাদের কিছু নেই, সহায়-সম্বলহীন দেউলিয়া, তাদের আঁকড়ে ধরে রাজনৈতিক অস্তিত্ব রক্ষা করবার চেষ্টা করছেন তারা। এই কথা বলে ওদের আনা মোশনের বিরোধিতা করে শেষ করছি।

মিঃ স্পিকার ঃ মিঃ চৌধুরি, বিরোধী দলের নেতার বিরুদ্ধে আপনি অভিযোগ করছেন কি যে, তাঁর বেনামী জমিজমা আছে?

শ্রী সুবোধ চৌধুরি ঃ কাগজে পড়েছি।

মিঃ স্পিকার ঃ বলতে গেলে নোটিশ দিতে হত। এটা বাদ যাবে। সৌগত রায় সভায় উপস্থিত নেই, কাজেই এই অভিযোগের জবাব কে দেবেন? কাজেই এটা বাদ যাবে।

The Motion of Shri Saugata Roy that

"Whereas molestation of eleven women in Gadaierchar under the P.S. Manikchak of Malda district have caused constemation all around; and

Whereas all the alleged culprits in the incident have not been arrested so far;

This House urges upon the State Government to take the harshest measure to apprehend and punish the culprits." was then put and lost.

Adjournment

The House was then adjourned at 3-52 P.M. till 3 P.M. on Monday the 16th March, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 16th March, 1992 at 3-00 P.M.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 26 Ministers, 11 Ministers of State and 192 Members.

PRESENTATION OF THE ANNUAL FINANCIAL STATMENT OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR THE YEAR 1992-93

[3-00 — 4-04 P.M.]

ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে ১৯৯২-৯৩ আর্থিক বছরের বাজেট বরাদ্দ উপস্থাপন করছি।

১.২। এই বাজেট উপস্থাপন করছি একটি বিশেষ মুহূর্তে যখন সমগ্র দেশ এক গভীর আর্থিক সঙ্কটের সামনে দাঁড়িয়ে। শুধু আর্থিক সঙ্কট নয়, দেশের সার্বভৌমত্বের ওপরও আঘাত নেমে আসার আশঙ্কা দেখা দিয়েছে।

১.৩। যেহেতু এই সঙ্কটের মধ্যে দাঁড়িয়েই এই রাজ্য বাজেট, তাই এই সঙ্কটের সংক্ষিপ্ত বিশ্লেষণ দিয়ে শুরু করব, এবং এর ফলে রাজ্যের আর্থিক পরিস্থিতিতে যে বিশেষ সমস্যার সৃষ্টি হয়েছে, তারও উল্লেখ করব। তারপর, এই পরিস্থিতির মুখোমুখি দাঁড়িয়ে, সাধারণ মানুষের স্বার্থে, একটি বিকল্প পথের প্রস্তাব রাখা হবে। এই বিকল্প পথের যে অংশটি রাজ্যস্তরে প্রাসঙ্গিক, তার ওপর ভিত্তি করেই ১৯৯২-৯৩ সালের বাজেট প্রস্তাব উপস্থাপিত হবে।

২.১। আর্থিক সঙ্কটের, বিশেষ করে, বহির্বাণিজ্যে সঙ্কটের মধ্যে দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকার ইদানিংকালে আন্তর্জাতিক অর্থভান্ডার এবং বিশ্বব্যাঙ্ক থেকে প্রায় ৫ হাজার কোটি টাকার বিদেশি ঋণ নিয়েছেন কতগুলি শর্তের কাছে আত্মসমর্পণ করে। এই শর্তগুলির যোগফলই হল কেন্দ্রীয় সরকারের তথাকথিত নতুন আর্থিক নীতি। কিন্তু এই ঋণের শর্তগুলি মানার সময় থেকেই দেখা যাচ্ছে যে, দেশের উৎপাদনে এক ভয়াবহ মন্দা নেমে এসেছে, যা সাম্প্রতিক কালে দেখা যায় নি। কেন্দ্রীয় সরকারের প্রকাশিত আর্থিক সমীক্ষা (১৯৯১-৯২)-র তথ্য থেকে দেখা যাচ্ছে যে, আগের বছরের তুলনায় ১৯৯১-৯২ সালে সমগ্র দেশে শিল্পের উৎপাদন ০.৮ শতাংশ হারে কমে গেছে, কৃষিতে সামগ্রিকভাবে উন্নতির হার হয়েছে শূন্য এবং নির্দিষ্টভাবে, খাদ্যশস্যের উৎপাদন কমে গেছে ১.৫ শতাংশ হারে। এই সামগ্রিক

মন্দার প্রভাব ব্যাপকভাবে পড়বে বেকারির ওপর। তাছাড়া সাধারণ মানুষের সর্বনাশ করে ঘটে চলেছে প্রায় নজিরবিহীন মূল্যবৃদ্ধি। বহির্বাণিজ্যের ক্ষেত্রে রপ্তানিও আগের বছরের তুলনায় হ্রাস পেয়েছে ৫ শতাংশ।

২.২। এই সঙ্কট কিন্তু কোনও বিচ্ছিন্ন ঘটনা নয় এবং তা হঠাৎও আসেনি। জাতীয় স্তরে যে নীতি নিয়ে বিগত বেশ কিছু বছর ধরে, এবং বিশেষ করে আশির দশকে, চলা হয়েছে, এবং আন্তর্জাতিক অর্থভান্ডার থেকে আশির দশকে যে শর্তগুলি মেনে বিদেশি ঋণ নেওয়া হয়েছে—সেই নীতি এবং আন্তর্জাতিক অর্থভান্ডারের আগেকার ঋণের শর্তই এই সঙ্কটের সূত্রপাতের মূল কারণ। জাতীয় স্তরে অনুসৃত নীতির মূল কথা হল, সম্পদের মালিকানার—কৃষিতে মূলত জমির এবং শিল্পে পুঁজির—যে চূড়ান্ত বৈষম্য আছে, তা মেনে নেওয়া। মেনে নিয়ে, উৎপাদন ব্যবস্থা স্থির করা। ফলে সমগ্র দেশের ক্ষেত্রে কোনও কার্যকর ভূমিসংস্কার হয় নি। তাই, কৃষিতে কিছু উৎপাদন বৃদ্ধি হলেও, গ্রামাঞ্চলে সংখ্যাগরিষ্ঠ দরিদ্র কৃষকদের ক্রয়ক্ষমতা স্বল্পই থেকে গেছে। একইভাবে, শহরাঞ্চলে, শিল্প-উৎপাদনের পরিকল্পনা বৃহৎ শিল্পপতিদের চোখ দিয়ে দেখার ফলে উৎপাদনের ক্ষেত্রে, সামাজিক প্রয়োজনের তুলনায় অতিরিক্ত পুঁজি-নির্ভর প্রযুক্তি ব্যবহার করার এক প্রবণতা বারংবার দেখা গেছে, যা কর্মসংস্থানের পরিপন্থী হয়ে ব্যাপক বেকারি সৃষ্টি করেছে। তাই গ্রামাঞ্চল ও শহরাঞ্চল, উভয় ক্ষেত্রেই সংখ্যাগরিষ্ঠ সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা স্বল্পই রয়ে গেছে, এবং ক্রয়ক্ষমতার এই স্বল্পতাই দেশের অভ্যন্তরীণ বাজারকে সঙ্কুচিত করে সামগ্রিক শিল্প বিকাশের পথে প্রধান বধা হয়ে দাঁড়িয়েছে।

২.৩। কিন্তু সংখ্যাগরিষ্ঠ সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা স্বল্প থাকলেও জমি ও পুঁজির মালিকানার অসম বণ্টনের ফলে, এবং অত্যধিক পুঁজি-নির্ভর প্রযুক্তি গ্রহণের কারণে, অল্পসংখ্যক কিছু উচ্চবিত্তের আয় আরও বৃদ্ধি পেয়েছে। এই একপেশে আয়বৃদ্ধি দেশের শিল্প বিকাশের সমগ্র চিত্রটাকে বিকৃত করে তুলেছে। সাধারণ মানুষের নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের উৎপাদনের পরিবর্তে ঝোঁক চলে গেছে বাছাই-করা ধনীভোগ্য দ্রব্যের উৎপাদনের দিকে, এবং এই ধনীভোগ্য দ্রব্যের শিল্প-উৎপাদনই হল মূলত আমদানি নির্ভর। এই প্রসঙ্গেই দেশের আমদানি নীতির প্রশ্নটি উঠছে।

২.৪। আমাদের দেশের মোট আমদানি ব্যয়ের প্রায় ২৪ শতাংশ বরাদ্দ হয় যন্ত্রপাতির জন্য, এবং এর একটি বড় অংশই ব্যবহৃত হয় ধনীভোগ্য দ্রব্যের উৎপাদনের ক্ষেত্রে। আমদানি ব্যয়ের এই যন্ত্রপাতির অংশটি ক্রমেই বৃদ্ধি পেয়েছে। এছাড়া, প্রায় সমপরিমাণ বিদেশি মুদ্রা ব্যয় হয় পেট্রোলিয়াম ইত্যাদি আমদানির জন্য। দেশের অভ্যন্তরে তেল খননের জন্য কোনও দৃঢ় নীতি না নিয়ে আমদানি নির্ভর অবস্থায় নিজেদের রাখায় এই পেট্রোলিয়াম খাতেও আমদানি ব্যয় বৃদ্ধি পেয়েছে, তাছাড়া, যে ক্ষেত্রে উৎপাদন দেশের মধ্যেই সম্ভব (যেমন রাসায়নিক সার ইত্যাদি), সেখানেও কারখানা বন্ধ রেখে বা কম ব্যবহৃত অবস্থায় রেখে, বিদেশ থেকে আমদানি বৃদ্ধি করা হয়েছে। অন্যদিকে, দেশের অভ্যন্তরে, অসম সম্পদ বণ্টনের জন্য প্রতিযোগিতার পরিস্থিতি না থাকায় ও মূল্যবৃদ্ধির ফলে উৎপাদন খরচ বৃদ্ধি হওয়ায়, এবং আন্তর্জাতিক বাজারের অনিশ্চয়তার কারণে, রপ্তানি যথেষ্ট বৃদ্ধি পায় নি। ফলে আমদানি

ও রপ্তানির মধ্যে ব্যবধান ক্রমেই বৃদ্ধি পেয়ে, সত্তরের দশকে একটি গড় বছরে ৭০০ কোটি টাকা থেকে বর্ধিত হয়ে আশির দশকের গোড়ায় ৫ হাজার কোটি টাকাকে অতিক্রম করে যায়। এইভাবে সঙ্কট সৃষ্টি হওয়ার পর কেন্দ্রীয় সরকারের তরফ থেকে তখন বলা হয় যে আন্তর্জাতিক অর্থভান্ডার থেকে ঋণ নেওয়া ছাড়া কোনও বিকল্প নেই।

২.৫। মাননীয় সদস্যদের স্মরণে থাকবে যে, ১৯৮১ সালে আন্তর্জাতিক অর্থভান্ডার থেকে প্রায় ৫ হাজার কোটি টাকার বিদেশি ঋণ নেওয়ার চুক্তি হয়। এই ঋণের শর্তগুলির (যা পরের ঘটনার মাধ্যমেই প্রকৃতপক্ষে প্রকাশ পায়) মধ্যে ছিল—নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের প্রশাসন নির্ধারিত দামের ক্রমাগত বৃদ্ধি, ব্যাঙ্ক ঋণের সুদের হার বৃদ্ধি, একচেটিয়া পুঁজির সম্পত্তি মালিকানার ঊর্ধ্বসীমা শিথিল করা, এবং আমদানি নীতি আরও উদার করা। এই শর্তগুলির প্রত্যেকটিই পালন করা হয়, এবং এর ওপর, বিশেষ করে, ১৯৮৫-৮৬ সাল থেকে ১৯৮৯-৯০ সাল—এই সময়ে টাকার যথেষ্ট অবমূল্যায়নও (প্রায় ৩১ শতাংশ) কার্যত করা হয়।

২.৬। কিন্তু এই শর্তগুলি মানার ফলে—বিশেষ করে যে আমদানি বৃদ্ধির জন্যই সমস্যার সূত্রপাত, সেই আমদানি বৃদ্ধিকেই আরও ব্যাপক করার শর্তটি মানার ফলে—আমদানি রপ্তানির ব্যবধান, যা আশির দশকের গোড়ার বছরে ছিল ৫ হাজার কোটি টাকার কিছু বেশি, তা ১৯৯০-৯১ সালে এসে ১০ হাজার কোটি টাকাকেও অতিক্রম করে যায়। বৈদেশিক ঋণের যে পরিমাণ আশির দশকের গোড়ায় ছিল প্রায় ১৮,৪০০ কোটি টাকা, তাও বৃদ্ধি পেয়ে ১৯৯০-৯১ সালে ১ লক্ষ কোটি টাকাকে (প্রকাশিত হিসাব অনুযায়ী) অতিক্রম করে এবং বিদেশি মুদ্রার তহবিলও বিপজ্জনক জায়গায় নেমে যায়। মাননীয় সদস্যগণ লক্ষ্য করবেন, যে জাতীয় স্তরে অনুসৃত নীতি এবং আশির দশকের আন্তর্জাতিক অর্থভান্ডার থেকে নেওয়া ঋণের শর্তগুলির জন্যই ধাপে ধাপে বর্তমান সঙ্কট আগেকার চেয়ে আরও বিপজ্জনক সৃষ্টি হয়েছে।

২.৭। এইভাবে সঙ্কট সৃষ্টি হওয়ার পর, আগেকার মতই আন্তর্জাতিক অর্থভান্ডার থেকে ঋণ নেওয়া ছাড়া কোনও গত্যন্তর নেই ঘোষণা করে, বর্তমান কেন্দ্রীয় সরকার আন্তর্জাতিক অর্থভান্ডার (এবং পরে বিশ্বব্যাঙ্ক) থেকে গত ছ'মাসে প্রায় ৫ হাজার কোটি টাকার ঋণ নিয়েছেন, অনেকগুলি শর্ত মেনে। এই শর্তগুলির মধ্যে যেগুলি ইতিমধ্যেই পালন করা হয়েছে তা হল—প্রয়োজনীয় জিনিসের প্রশাসন-নির্ধারিত দাম (রেলের মাসুল ইত্যাদি সমেত) বৃদ্ধি, ব্যাঙ্ক-ঋণের সুদের হার বৃদ্ধি, একচেটিয়া পুঁজির সম্পত্তির ঊর্ধ্বসীমা বিলোপ, আমদানি এবং বিদেশি পুঁজির প্রবেশ আরও অবাধ করা এবং টাকার অবমূল্যায়ন। মাননীয় সদস্যগণ লক্ষ্য করবেন যে, এই শর্তগুলি আন্তর্জাতিক অর্থভান্ডার থেকে আগেকার ঋণের শর্তগুলিরই প্রায় হুবহু পুনরাবৃত্তি, এবং এই শর্তগুলি অনুসরণ করার জন্যই আগেকার বহির্বাণিজ্যের সঙ্কট আরও তীব্র হয়ে বর্তমান আকার ধারণ করেছে। তবে লক্ষ্যণীয় যে, এই আগেকার শর্তগুলির সঙ্গে এবার যুক্ত হয়েছে আরও অতিরিক্ত কিছু নতুন শর্ত, যার প্রকাশ ঘটেছে কেন্দ্রীয় সরকারের শিল্পনীতি, বাণিজ্যনীতি এবং বিশেষত এবারের কেন্দ্রীয় বাজেটে।

২.৮। মাননীয় সদস্যগণ লক্ষ্য করবেন যে, দেশের ৮৫ কোটি মানুষের মধ্যে যখন অন্তত ৭৫ কোটি মানুষই মূল্যবৃদ্ধি এবং বেকারির সমস্যায় জর্জরিত, তখন কেন্দ্রীয় বাজেটে এই দুটি মূল সমস্যা প্রশমনের জন্য কোনও সুনির্দিষ্ট পদক্ষেপের কথা বলা হয় নি। এবারের কেন্দ্রীয় বাজেটে মূল জোর দেওয়া হয়েছে বাজেটের ঘাটতি যান্ত্রিকভাবে কমানোর ওপর, এবং একটি বিশেষ পদ্ধতিতে। এই বিশেষ পদ্ধতির মধ্য দিয়েই আন্তর্জাতিক অর্থভান্ডার ও বিশ্বব্যাঙ্কের ঋণের অতিরিক্ত শর্তগুলি আরোপ করা হয়েছে। ঘাটতি কমানোর নাম করে ব্যয় হ্রাসের ক্ষেত্রে অপেক্ষাকৃত ভাবে বেশি আঘাত হানা হয়েছে পরিকল্পনা খাতে ব্যয়ের ওপর, এবং তার মধ্যে আরও নির্দিষ্টভাবে আঘাত এসেছে ক্ষুদ্রশিল্প, সেচপ্রকল্প ও গ্রামীণ উন্নয়নের খাতে। প্রকৃতপক্ষে খর্ব করা হয়েছে কর্মসংস্থান প্রকল্পগুলির সুযোগ।

২.৯। অন্যদিকে, আয়বৃদ্ধির প্রসঙ্গে, করের ক্ষেত্রে, মূল জোর দেওয়া হয়েছে পরোক্ষ করের ওপর (মোট করের প্রায় ৭৮ শতাংশ), এবং পরোক্ষ করের মধ্যেও জোর দেওয়া হয়েছে বিদেশি পণ্যের আমদানি শুল্ক হ্রাস করে (হ্রাসের পরিমাণ প্রায় ৬৮৮ কোটি টাকা) দেশি পণ্যের উৎপাদন শুল্ক বৃদ্ধি (বৃদ্ধির পরিমাণ প্রায় ৪,৮০৯ কোটি টাকা) করার ওপর। অর্থাৎ দৃষ্টি দেওয়া হয়েছে যাতে, আগের চেয়ে, দেশের বাজারে বিদেশি পণ্য আরও আকর্ষণীয় হতে পারে। ঋণের ক্ষেত্রে, দেশের অভ্যন্তরে ঋণের ওপর নির্ভরতা কমিয়ে বিদেশের ঋণের ওপর নির্ভরতা বৃদ্ধি করা হয়েছে।

২.১০। তা ছাড়া, স্বল্পসঞ্চয় থেকে সম্পদ সংগ্রহের ক্ষেত্রে (সংগৃহীত নীট সঞ্চয়ের শতকরা ৭৫ ভাগ রাজ্যগুলি পায় ঋণ হিসাবে), সরকারের স্বল্পসঞ্চয় প্রকল্পগুলি থেকে আয়কর ছাড়ের সুবিধাগুলি তুলে নিয়ে বেসরাকরি মিউচুয়াল ফান্ডের ক্ষেত্রে সুবিধা রেখে, স্বল্পসঞ্চয় থেকে সম্পদ সংগ্রহের সুযোগ রাজ্য সরকারগুলির কাছ থেকে নিয়ে বেসরকারি প্রতিষ্ঠানগুলির হাতে তুলে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এর মাধ্যমে রাজ্যগুলির সম্পদ সংগ্রহের ওপর চরম আঘাত হানা হয়েছে। সর্বশেষে ব্যাপকভাবে বিদায়-নীতি প্রয়োগ এবং লাভজনক সরকারি সংস্থার শেয়ার বিক্রি করার কথা বলা হয়েছে।

২.১১। মাননীয় সদস্যগণ সতর্কতার সঙ্গে লক্ষ্য করবেন যে, ঘাটতি কমানোর প্রস্তাব দিয়ে যা শুরু, সরকারি সম্পত্তি হস্তান্তর করা দিয়ে তা শেষ। লাভজনক সরকারি সংস্থার মাধ্যমেই সঞ্চয়ের সম্ভাবনা ও পরিমাণ ব্যক্তিগত সংস্থার চেয়ে প্রায় দ্বিগুণ বেশি, এই তথ্য জানা সত্ত্বেও (উৎস ঃ অষ্টম যোজনার লক্ষ্য, পদক্ষেপ ও সামগ্রিক আর্থিক পরিপ্রেক্ষিত যোজনা কমিশন, ১৯৯১ ; পৃ ৬১) সরকারি সংস্থার সরাসরি দক্ষতার বৃদ্ধির কথা না বলে, প্রস্তাবের সঙ্গে কেন্দ্রীয় সরকারের শিল্প ও বাণিজ্য নীতি যুক্ত করলে বুঝতে কষ্ট হয় না যে, এই বেসরকারি ক্ষেত্রে ঝোঁক গেছে কেটে ছোট শিল্প থেকে বড় শিল্পের দিকে এবং বড় শিল্পের মধ্যেও, আগেকার তুলনায়, দেশি বড় শিল্প থেকে বিদেশি বহুজাতিক সংস্থার দিকে। আন্তর্জাতিক অর্থভান্ডার ও বিশ্বব্যাঙ্কের ঋণের এই অতিরিক্ত নতুন শর্তগুলি বাজেটের ঘাটতি কমানোর বিশেষ পদ্ধতির মধ্য দিয়ে মেনে কেন্দ্রীয় সরকার শুধু যে মূল্যবৃদ্ধি ও বেকারির সমস্যা তীব্রতর করে সাধারণ মানুষের ওপরে আঘাত হেনেছেন, তাই নয়, দেশের বাজারে বিদেশি পণ্যের এবং দেশের সম্পত্তিতে বিদেশি পুঁজির ব্যাপকতর অনুপ্রবেশের ব্যবস্থা করেছেন।

এর ফলে বহির্বাণিজ্যে ঘাটতি আরও বৃদ্ধি পেয়ে আমাদের বিদেশি ঋণের ফাঁদে জড়িয়ে পড়ার এবং, ফলে আমাদের সার্বভৌমত্বের ওপর আঘাত আসার, সম্ভাবনা অনেক তীব্র ও বিপজ্জনক হয়েছে। যেভাবে এই কেন্দ্রীয় বাজেটে বিদেশি পণ্যের অনুকূল প্রস্তাবগুলি সংসদের মাধ্যমে দেশের মানুষকে জানানোর আগে বিদেশি সংস্থাকে জানিয়ে দেওয়া হয়েছে, তাতে গভীর আশঙ্কার কারণ থাকছে যে, আমাদের সার্বভৌমত্বের ওপর একটি বড় আঘাত ইতিমধ্যেই এসে গেছে।

২.১২। এই সঙ্কটের মুখোমুখি দাঁড়িয়ে, আমরা, সাধারণ মানুষের স্বার্থে একটি বিকল্প পথের প্রস্তাব (যার রূপরেখা আগেই কিছুটা বলা হয়েছে) নির্দিষ্টভাবে রাখছি।

২.১৩। কেন্দ্রীয় সরকারের প্রকাশিত তথ্য অনুযায়ী বর্তমানে দেশের বিদেশি মুদ্রার তহবিলে ১০ হাজার কোটি টাকাও বেশি অর্থ জমেছে মাননীয় সদস্যগণ লক্ষ্য করবেন যে, এর মধ্যে প্রায় ৫ হাজার কোটি টাকা ঋণ হিসেবে পাওয়া গেছে আন্তর্জাতিক অর্থভান্ডার ও বিশ্বব্যাঙ্ক থেকে অনেক শর্ত মেনে। কিন্তু এ ছাড়া প্রায় ৫ হাজার কোটি টাকার মতোন বিদেশি অর্থ পাওয়া গেছে অনাবাসী ভারতীয়দের কাছ থেকে, এবং কোনও শর্ত ছাড়াই। এই অনাবাসী ভারতীদের অর্থ দেশে বিনিয়োগ করার গুরুত্বের কথা আমরা প্রথম থেকেই বলে আসছি। একত্রিতভাবে যেহেতু বর্তমানে ১০ হাজার কোটি টাকার বেশি বিদেশি মুদ্রা সঞ্চিত হয়েছে, যার পরিমাণ প্রয়োজনের তুলনায় যথেষ্ট, তাই নির্দিষ্ট প্রস্তাব রাখছি যে, আমরা যেন এখন বিদেশি ঋণ গ্রহণ থেকে বিরত হই। এর ফলে, ঋণের শর্ত থেকে মুক্ত হয়ে আমার নিজেদের অগ্রাধিকার নিজেরাই খোলাখুলি আলোচনা করে স্থির করতে পারব।

২.১৪। এই অগ্রাধিকারের ক্ষেত্রে আমরা যেন স্বনির্ভরতার লক্ষ্য অটুট রাখি। স্বনির্ভরতার অর্থ কিন্তু বিদেশের সঙ্গে ব্যবসা-বাণিজ্য গুটিয়ে ফেলা নয়। স্বনির্ভরতার অর্থ এই যে, আমাদের এই বৃহৎ দেশে যে এত পর্যাপ্ত স্থানীয় সম্পদ এবং জনসম্পদ আছে, তার সামগ্রিক হিসেব একত্রিত করে, সাধারণ মানুষের মূল প্রয়োজনের সামগ্রীগুলি কতদূর-পর্যন্ত দেশের মধ্যেই উৎকৃষ্ট পদ্ধতিতে উৎপাদন করা যায়, তা স্থির করা। তারপর যে বিশেষ ক্ষেত্রগুলিতে প্রয়োজন, সেখানে অগ্রাধিকারের ধারণা এবং আন্তর্জাতিক বাণিজ্যের আপেক্ষিক সুবিধা-অসুবিধা মনে রেখে নির্দিষ্ট ভাবে বহির্বাণিজ্যে অংশগ্রহণ করা ; এবং বর্তমানে প্রায় নির্বিচার আমদানি নীতির পরিবর্তে স্বনির্ভিরতার ওপর দাঁড়িয়ে নিজেদের সম্মান ও শক্তির জায়গা থেকে আমদানি ও রপ্তানির ক্ষেত্রে নিজেদের ভূমিকা স্থির করা।

২.১৫। বিদেশি পুঁজির ক্ষেত্রে, নির্বিচার প্রবেশের পরিবর্তে জাতীয় অগ্রাধিকার, সামাজিক প্রাসাঙ্গিকতা এবং সামগ্রিক সুবিধা-অসুবিধা মনে রেখে নির্দিষ্ট ক্ষেত্র বিশেষেই এই পুঁজি গ্রহণ যুক্তিযুক্ত। উৎপাদনের প্রযুক্তি নির্বাচনের ক্ষেত্রে আমরা যেন দেশের মধ্যে সেই ধরনের সামাজিকভাবে প্রাসঙ্গিক গবেষণার কাজকে উৎসাহ দিই এবং ব্যবহার করি, যাতে প্রযুক্তি আধুনিক হয় এবং একই সঙ্গে, মানুষের শ্রম ও স্থানীয় সম্পদকে আরও অধিক ও উৎকৃষ্টভাবে ব্যবহার করতে পারে। বিদেশের আধুনিক প্রযুক্তি আমরা খোলা মনে দেখব, কিন্তু ততটুকুই গ্রহণ করব বা প্রয়োগ করব যা আমাদের পক্ষে সামাজিকভাবে প্রাসঙ্গিক। প্রয়োগের ক্ষেত্রে

এই স্বাধীনতা অক্ষুন্ন রাখার জন্যই আমরা যেন কখনও আমাদের মেধাসত্ত্বের ওপর বিদেশি কোনও চাপের কাছে নতিস্বীকার না করি।

২.১৬। কেন্দ্রীয় বাজেটে প্রায় ৩,৪০০ কোটি টাকা ঘাটতি কমানোর যে কথা বলা হয়েছে, তা রাজনৈতিক সঙ্কল্প থাকলে, বিকল্প পথে করা সম্ভব। প্রতি বছরে যে পরিমাণ কালো টাকা সমগ্র দেশে জমা হচ্ছে, তার একটি ভগ্নাংশও উদ্ধার করার নির্দিষ্ট কর্মসূচি গ্রহণ করলে, এর চেয়েও বেশি ঘাটতি কমানো সম্ভব এবং তা সম্ভব নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বৃদ্ধি না করে, কর্মসংস্থান প্রকল্পগুলি খর্ব না করে, রাজ্যগুলিকে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে আঘাত না করে, বিদেশি ঋণের বোঝা বৃদ্ধি না করে এবং লাভজনক সরকারি সংস্থাগুলির শেয়ার সম্পত্তি বিক্রি না করে।

২.১৭। জাতীয় স্তরে গণবণ্টন ব্যবস্থার জন্য প্রয়োজনীয় ভরতুকির অর্থ নামমাত্র উল্লেখ না করে পুরো বরাদ্দ করা উচিত, এই কথা মনে রেখে যে, এর ফলে যদি মূল্যবৃদ্ধির হার প্রশমিত হয়, তাহলে সরকারের ব্যয়ের দিকটিও কমতে থাকে।

২.১৮। সরকারি সংস্থাকে বেসরকারি হাতে বিক্রি না করে দক্ষতাবৃদ্ধির সরাসরি স্থির করা উচিত—বিভিন্ন স্তরের শ্রমিক কর্মচারিদের সঙ্গে আলোচনা করে এবং প্রয়োজন হলে, উৎসাহ ও শাস্তির যুগপৎ তীক্ষ্ণতা বৃদ্ধি করে, এবং এ কথা মনে রেখে যে, রুগ্নতার সমস্যা, সরকারি উদ্যোগের চেয়ে বেসরকারি উদ্যোগে কোনও অংশে কম নয়। শৃঙ্খলাপরায়ণতার প্রয়োজন শুধু একপেশেভাবে শ্রমিকদের জন্য নয়, পুঁজিপতিদের ক্ষেত্রেও প্রযোজ্য।

২.১৯। এই প্রসঙ্গে সম-প্রতিযোগিতার প্রশ্নটি ওঠে। কেন্দ্রীয় সরকার প্রতিযোগিতা বলতে শুধু বোঝাতে চাইছেন বিদেশি বড় সংস্থার সঙ্গে দেশি বড় সংস্থার প্রতিযোগিতা। কিন্তু প্রতিযোগিতার মূল প্রয়োজন দেশের অভ্যন্তরীণ ক্ষেত্রে। দেশের মধ্যে শিল্পের ক্ষেত্রে এই সম-প্রতিযোগিতার অর্থ ছোট শিল্পোদ্যোগীদের আর্থিক ব্যবস্থায় সঠিক স্থান দেওয়া, বড় শিল্পোদ্যোগিদের মতো তাদের জন্যও ব্যাঙ্কের ঋণ এবং অন্যান্য ক্ষেত্রে তুলনীয় সুবিধা দেওয়া। এই প্রসঙ্গে ব্যাঙ্কে ঋণের ওপর সুদের হার আরও কমানোর প্রস্তাবটি এবং সামগ্রিকভাবে অগ্রাধিকার ক্ষেত্রগুলিতে ঋণ দেওয়ার প্রশ্নটি বিবেচনা করা আশু প্রয়োজন। ব্যাঙ্ক ও আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে কোনও কাঠামোগত পরিবর্তনের আগে জাতীয় স্তরে এবং রাজ্যগুলির সঙ্গে পূর্ণ আলোচনা দরকার।

২.২০। সামগ্রিক উন্নয়ন ও কর্মসংস্থানের স্বার্থে, ক্ষেত্র বিশেষে, বৃহৎ শিল্প এবং ক্ষুদ্র শিল্পের মধ্যে কার্যকর সমন্বয় করানো বিশেষ গুরুত্বপূর্ণ। এই প্রসঙ্গেই গ্রামাঞ্চলে ও শহরাঞ্চলে কর্মসংস্থান প্রকল্পগুলিকে খর্ব না করে, সেগুলিকে ব্যাপকতর করার প্রয়োজনীয়তা আছে ; বিশেষ করে, স্বনিযুক্তি প্রকল্পগুলির সুযোগ আরও বৃদ্ধি করা উচিত এবং গণশিক্ষা প্রসার ও প্রশিক্ষণের সঙ্গে এর সমন্বয় করা উচিত।

২.২১। কৃষির ক্ষেত্রে সম-প্রতিযোগিতার প্রধান অর্থ হল ভূমি-সংস্কার। এর মাধ্যমে শুধু যে অসম বণ্টনের মূল জায়গায় পরিবর্তনের দিকে পদক্ষেপ নেওয়া হবে, তাই নয়, এর ফলে

গ্রামাঞ্চলে সংখ্যাগরিষ্ঠ মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে, অভ্যন্তরীণ বাজারে প্রসার ঘটিয়ে শিল্প বিকাশের পথ আরও উন্মুক্ত করা সম্ভব হবে।

২.২২। পরিকল্পনা মানেই কেন্দ্রীভূত আমলাতান্ত্রিক পরিকল্পনা নয়। আমরা পরিকল্পনা বলতে বুঝি বিকেন্দ্রীকৃত পরিকল্পনা, যার রচনা ও রূপায়ণে সাধারণ মানুষ গণতান্ত্রিক পদ্ধতিতে অংশগ্রহণ করবেন নির্বাচিত পঞ্চায়েত ও পুরসভার মাধ্যমে। এর জন্য শুধু যে আর্থিক ক্ষমতার পুনর্বিন্যাস কেন্দ্র থেকে রাজ্যস্তরে এবং রাজ্য থেকে জেলাস্তরে এবং তারও নিচে করা প্রয়োজন তাই নয়, সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতাও তৃণমূলস্তর পর্যন্ত বিকেন্দ্রীকৃত করা প্রয়োজন।

২.২৩। জাতীয় স্তরে বিকল্প পথের কতকগুলি প্রস্তাব রাখা হল। আগেই উল্লেখ করা হয়েছে, এই প্রস্তাবগুলির মধ্যে যেগুলি রাজ্যস্তরে প্রাসঙ্গিক এবং রাজ্যে সীমিত ক্ষমতার মধ্যে যা করা সম্ভব, তা মনে রেখেই রাজ্য বাজেটের প্রস্তাবগুলি উপস্থাপন করা হবে। তার আগে, আন্তর্জাতিক অর্থভান্ডার ও বিশ্বব্যাঙ্কের ঋণের শর্তের কারণে, কেন্দ্রীয় সরকারের নীতির জন্য রাজ্য সরকারের আর্থিক সম্পদের ওপর যে আঘাত সাম্প্রতিককালে এবং বিশেষ করে বর্তমান আর্থিক বছরে (১৯৯১-৯২) এসেছে, তা বলা প্রয়োজন।

৩

৩.১। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, ইদানিংকালে রাজ্যস্তরে উন্নয়নের ক্ষেত্রে ব্যয়-বৃদ্ধি এবং আর্থিক ভারসাম্য—দুই-ই বজায় রাখা সম্ভব হয়েছিল। কিন্তু অতি সম্প্রতি আন্তর্জাতিক অর্থভান্ডার বিশ্বব্যাঙ্ক নির্দেশিত কেন্দ্রীয় সরকারের নীতির মাধ্যমে রাজ্য সরকারের আর্থিক ভারসাম্যের ওপর আঘাত হানা হচ্ছে। আমি এর স্পষ্ট ব্যাখ্যা রাখছি।

৩.২। মাননীয় সদস্যদের স্মরণ থাকবে যে, সদস্যসমাপ্ত সপ্তম যোজনার সময় (১৯৮৫-৯০) পরিকল্পনা খাতে বরাদ্দ স্থির হয় ৪,১২৫ কোটি টাকা। এর মধ্যে কথা ছিল রাজ্য সরকার নিজস্ব সম্পদ থেকে সংগ্রহ করবেন ২,৯১১ কোটি টাকা (মোট বরাদ্দের ৭১ শতাংশ) এবং কেন্দ্রীয় সরকার পরিকল্পনা সহায়তা দেবেন, ১,২১৪ কোটি টাকা (মোট বরাদ্দের বাকি ২৯ শতাংশ)। কেন্দ্রীয় যোজনা কমিশনের তথ্য থেকে দেখা যাচ্ছে যে, সমগ্র সপ্তম যোজনাকালে (১৯৮৫-৯০) রাজ্যে পরিকল্পনা খাতে প্রকৃত ব্যয় হয়েছে ৪,৫১১ কোটি টাকা, যা ধার্য বরাদ্দের ১০০ শতাংশের চেয়েও ৯ শতাংশ বেশি। এই সময় কেন্দ্রীয় পরিকল্পনা সহায়তা বস্তুত পাওয়া যায় ১,১৪৪ কোটি টাকা, যা এই খাতে ধার্য বরাদ্দের চেয়ে প্রায় ৬ শতাংশ কম। কেন্দ্রীয় সহায়তায় এই ঘাটতি হওয়া সত্ত্বেও, রাজ্য সরকারের নিজস্ব সম্পদ সংগ্রহ হয় ৩,৩৬৭ কোটি টাকা, যা ধার্য লক্ষ্যমাত্রার প্রায় ১৫ শতাংশ বেশি। এর ফলেই কেন্দ্রীয় পরিকল্পনা-সহায়তার ঘাটতি পূরণ করে মোট পরিকল্পনা ব্যয়ের বরাদ্দকে ৯ শতাংশ কার্যত অতিক্রম করা সম্ভব হয়।

৩.৩। একই সঙ্গে বাজেটে আয় ও ব্যয়ের মধ্যে এক সামগ্রিক ভারসাম্যও আনার চেষ্টা করা হয়। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, বিগত বছরগুলির মধ্যে একাধিক বছরেই

রাজ্যকে একদিনের জন্য ওভারড্রাফ্ট্ নিতে হয় নি।

৩.৪। শুধুমাত্র ভারসাম্য রক্ষা করা বা পরিকল্পনা খাতে নিছক অর্থব্যয় বৃদ্ধি নয়, একটি সামগ্রিক বিকল্প দৃষ্টিভঙ্গি সামনে রেখে এই অর্থ ব্যয় করার চেষ্টা হয়। ভূমি-সংস্কার দিয়ে যাত্রা শুরু করে, কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যান্য উৎপাদন উপকরণের উপর গুরুত্ব আরোপ, ক্ষুদ্র শিল্পের ওপর জোর, ক্ষুদ্র ও বৃহৎ শিল্পের মধ্যে সমন্বয় এবং উৎপাদনের সঙ্গে সমন্বয় করে পরিকাঠামোর প্রসার—এই উদ্যোগগুলি সীমিত ক্ষমতার মধ্যেই নেওয়া হয়। এরই সঙ্গে যুক্ত হয় পঞ্চায়েত ও পৌরসভার মাধ্যমে পরিকল্পনা পদ্ধতির বিকেন্দ্রীকরণ।

৩.৫। এই সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে পরিকল্পনা খাতে অর্থব্যয় বৃদ্ধি করার ফলে উন্নয়নের ক্ষেত্রে রাজ্যস্তরে এক ধারাবাহিক প্রগতি লক্ষ্য করা যায়। একটু আগেই বলা হয়েছে, এই যাত্রা শুরু ভূমি-সংস্কার দিয়ে। জাতীয় নমুনা সমীক্ষা অনুযায়ী, যেখানে সমগ্র দেশের ক্ষেত্রে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের হাতে জমি আছে মাত্র ২৯ শতাংশ, সেখানে পশ্চিমবঙ্গে ভূমি-সংস্কার কার্যকর হওয়ার পর ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মালিকানায় মোট ৬০ শতাংশ জমি এসে গেছে। এর সঙ্গে যদি নথিভুক্ত বর্গাদারদের আওতায় যে জমি এসেছে, তা যোগ করা হয়, তাহলে দরিদ্র খেটে খাওয়া কৃষকের অধিকারে এখন জমির পরিমাণ ৭০ শতাংশ অতিক্রম করে যাবে, যা সমগ্র দেশের ক্ষেত্রে একটি রেকর্ড।

৩.৬। ভূমি-সংস্কারকে ভিত্তি করে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে অগ্রগতি এসেছে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষার (১৯৯১-৯২) রাজ্যওয়ারি খাদ্যশস্য উৎপাদনের তথ্য থেকে দেখা যাচ্ছে যে, সপ্তম পরিকল্পনায় (১৯৮৫-৯০) খাদ্যশস্য উৎপাদনের গড় বৃদ্ধির হারে পশ্চিমবঙ্গ এখন সমস্ত রাজ্যের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। পশ্চিমবঙ্গে এই বৃদ্ধির হার ৩৪ শতাংশ, তার পরে আছে যথাক্রমে হরিয়ানা (২৪ শতাংশ) এবং পাঞ্জাব (২৩ শতাংশ)। এছাড়া, চালের মোট উৎপাদনের সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান হয়েছে প্রথম এবং আলুর উৎপাদনে দ্বিতীয়। শুধুমাত্র যে উৎপাদন বৃদ্ধি পয়েছে তাই নয়, ভূমি-সংস্কারকে ভিত্তি করে এই উৎপাদন বৃদ্ধি হওয়াতে, গ্রামাঞ্চলে সাধারণ মানুষের আর্থিক অবস্থারও কিছুটা উন্নতি হয়েছে। এর প্রতিফলন পড়েছে ভূমিহীন কৃষকের মজুরি বৃদ্ধিতে। ১৯৭৬-৭৭ সালে যেখানে নগদ ও জিনিসপত্র মিলিয়ে এই দৈনিক গড় মজুরির হার ছিল ৫.৬০ টাকা, এখন তা বৃদ্ধি পেয়ে কোনও কোনও জেলায় ২৫ টাকাকেও অতিক্রম করে গেছে। এছাড়া উল্লেখ করা প্রয়োজন যে, জাতীয় নমুনা সমীক্ষার সর্বশেষ তথ্য অনুযায়ী সমগ্র দেশের ক্ষেত্রে, গ্রামাঞ্চলে প্রতি ৩০ দিনে মাথাপিছু খাদ্যশস্য গ্রহণের পরিমাণ ১৯৮২-৮৩ সালে ১৪.৮০ কেজি থেকে হ্রাস পেয়ে ১৯৮৯-৯০ সালে হয়েছে ১৪.০০ কেজি। একই তথ্য অনুযায়ী পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই মাথাপিছু খাদ্যশস্য গ্রহণের পরিমাণ ১৯৮২-৮৩ সালে ১৪.২৮ কেজি থেকে বৃদ্ধি পেয়ে ১৯৮৯-৯০ সালে হয়েছে ১৫.৪৪ কেজি। এবং এই মাথাপিছু খাদ্যশস্য গ্রহণের পরিমাণের দিক থেকে পশ্চিমবঙ্গের স্থান এখন সমস্ত রাজ্যগুলির মধ্যে দ্বিতীয় এবং এই পরিমাণের বৃদ্ধির হারের দিক থেকে পশ্চিমবঙ্গের স্থান সর্বপ্রথম। (উৎস ঃ জাতীয় নমুনা সমীক্ষা, ৩৮তম ও ৪৫ তম রাউন্ড)।

৩.৭ কৃষি ছাড়া সংশ্লিষ্ট অন্যান্য ক্ষেত্রে যে অগ্রগতি হয়েছে তার তথ্যও দেওয়া আছে রাজ্যের আর্থিক সমীক্ষাতে (১৯৯১-৯২)। উদাহরণ হিসাবে বলা যায় যে, বনসৃজনের ক্ষেত্রে গত প্রায় দশ বছরে এ রাজ্যের মোট জমির প্রায় ৫ শতাংশ জমি নতুনভাবে বনের আচ্ছাদনে আনা হয়েছে এবং এই নতুন বনায়নের শতকরা ৭০ ভাগই হয়েছে সামাজিক বনসৃজনের মাধ্যমে, যা সারা দেশের এক নজির হিসাবে স্বীকৃত হয়েছে।

৩.৮। ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রে, নথিভূক্ত ছোট শিল্প সংস্থা স্থাপনের অগ্রগতিতে পশ্চিমবঙ্গের স্থান রাজ্যগুলির মধ্যে প্রথম সারিতে। কেন্দ্রের অনেক বঞ্চনা সত্ত্বেও, রাজ্যস্তরে বিকাশের যে ইতিবাচক পরিবেশ সৃষ্টি হয়েছে, তার ফলে বৃহৎ ও মাঝারি শিল্পের ক্ষেত্রেও অগ্রগতি শুরু হয়েছে। সপ্তম যোজনার আগে, ১৯৮৪ সালে যেখানে রাজ্য শিল্প উৎপাদনের সূচক (ভিত্তি বর্ষ ১৯৮০=১০০) ছিল ১০০.৪, তা সপ্তম যোজনার শেষে বৃদ্ধি পেয়ে হয় ১২২.৭ এবং সম্প্রতি এক্ষেত্রে আরও অগ্রগতি হয়েছে। এছাড়া, বন্ধ ও রুগ্ন কল কারখানা পুনরুজ্জীবনের জন্য রাজ্য সরকার যে বিশেষ পদক্ষেপ নিয়েছেন, তার তথ্যভিত্তিক আলোচনা আছে আর্থিক সমীক্ষায়।

৩.৯। তৃতীয় বেতন কমিশনের সুপারিশকে ভিত্তি করে সরকারি কর্মচারী ও অন্যান্যদের বেতন কাঠামো পুনর্বিন্যাস করার ফলে মূল ব্যয়ভার রাজ্য সরকারের ওপর পড়ে ১৯৯০-৯১ সালে। এতৎ সত্ত্বেও, সর্বশেষ তথ্য থেকে জানা যাচ্ছে যে, এই বছরে পরিকল্পনা খাতে যে মোট ১,৩২৮ কোটি টাকা বরাদ্দ ছিল, তার প্রায় ৮৪ শতাংশ, অর্থাৎ মোট ১,১১৫ কোটি টাকা খরচ করা সম্ভব হয়েছে। এটা যখন পরিষ্কার যে, বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য যে ১৩৪ কোটি টাকা আলোচনার ভিত্তিতেই সোভিয়েত ঋণ হিসাবে ধরা হয়েছিল এবং আলোচনার ভিত্তিতেই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে ২০০ কোটি টাকার অন্তবর্তীকালীন ঋণ প্রত্যাশিত ছিল, এগুলির ভগ্নাংশও বাস্তবায়িত হলে, ১৯৯০-৯১ সালে বেতন পুনর্বিন্যাসের ব্যয়ভারের পরেও, পরিকল্পনা খাতে ব্যয় লক্ষ্যমাত্রার শতকরা ৮৪ ভাগ নয়, আগেকার বছরের মতোনই ১০০ ভাগ অতিক্রম করতে পারত।

৩.১০। মাননীয় সদস্যগণ লক্ষ্য করবেন যে, বেতন পুনর্বিন্যাসের মূল ব্যয়ভার ১৯৯০-৯১ সালেই নেওয়া হয়ে গেছে। তাই বর্তমান আর্থিক বছর ১৯৯১-৯২-তে বিশেষ সমস্যা হওয়ার কথা ছিল না। পরিকল্পনা খাতে বাজেট বরাদ্দ স্থির হয়েছিল ১,৪৮৬ কোটি টাকায়। কিন্তু এই বছর রাজ্যের ওপর এক নজিরবিহীন আঘাত এল কেন্দ্রীয় সরকারের দিক থেকে।

৩.১১। ১৯৯১-৯২ সালের রাজ্য বাজেটে মোট সম্পদ সংগ্রহের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ স্থান ছিল বিশেষ কেন্দ্রীয় সাহায্যের (২১৫ কোটি টাকা) এবং স্বল্প সঞ্চয় থেকে ঋণ বাবদ প্রাপ্ত অর্থের (৯৬৪ কোটি টাকা)। কেন্দ্রীয় সাহায্য বাবদ এই অর্থ কেন্দ্রীয় যোজনা কমিশনের তরফ থেকে লিখিত সম্মতি থাকলেও, আজও পাওয়া যায়নি। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে ও রাজ্যে সমস্ত জেলাগুলিকে যুক্ত করে বিশেষ উদ্যোগ নেওয়ার ফলে, স্বল্প সঞ্চয় থেকে প্রাপ্ত অর্থ ১৯৮৭-৮৮ সালে ২৮৬ কোটি টাকা থেকে লক্ষ্যণীয়ভাবে বৃদ্ধি পেয়ে ১৯৯০-৯১ সালে ৮২৩ কোটি টাকাতে পৌঁছায়। অগ্রগতির এই ধারার ভিত্তিতে, যোজনা কমিশনের সঙ্গে

আলোচনা করে, ১৯৯১-৯২ সালে স্বল্প সঞ্চয়ের বাবদ প্রাপ্য অর্থের পরিমাণ ধরা হয়েছিল ৯৬৪ কোটি টাকা। কিন্তু গত প্রায় এক বছর ধরে অনেক প্রতিবাদ সত্ত্বেও, কেন্দ্রীয় সরকার বারংবার একরতরফা সিদ্ধান্ত নিয়ে স্বল্প সঞ্চয়ের সঙ্গে তুলনীয় কিছু প্রকল্প (ব্যাঙ্ক ও ইউনিট ট্রাস্টে সঞ্চয় এবং মিউচুয়াল ফান্ড প্রকল্প)-কে সুদের হার এবং আয়কর ছাড়ের দিক থেকে একপেশেভাবে আকর্ষণীয় করে তোলেন। গত বছরে মাত্র ছয় মাসের মধ্যে ব্যাঙ্কে সঞ্চয়ের সুদের হার তিনবার এবং তুলনীয় প্রকল্পগুলিতে অন্যান্য সুবিধা একাধিকবার বৃদ্ধি করা হয়েছে। ফলে স্বল্প সঞ্চয়ের খাতে প্রতিটি রাজ্যের সম্পদের ওপর আঘাত নেমে এসেছে। ১৯৯১-৯২ সালে প্রথম আট মাসে, সমস্ত রাজ্যগুলির ক্ষেত্রে, আগের তুলনায় স্বল্প সঞ্চয় বাবদ প্রাপ্ত অর্থ গড়ে প্রায় ৪০ শতাংশ কমে যায়। যেহেতু স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান প্রথম সারিতে, তাই এ রাজ্যে আর্থিক ক্ষতির পরিমাণ এক ভয়াবহ ধারণ করে হয় প্রায় ৪৪৪ কোটি টাকা। গত বছরের রাজ্য বাজেট পেশ করার পর, পরিকল্পনা সহায়তা এবং স্বল্প সঞ্চয় ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দিক থেকে যে আঘাত এসেছে, তার মোট ক্ষতির পরিমাণ প্রায় ৬৫৯ কোটি টাকা। এর মুখোমুখি দাঁড়িয়ে পরিকল্পনা বহির্ভূত ব্যয় হ্রাস করা ছাড়াও, পরিকল্পনা খাতে ব্যয়ও হ্রাস করতে আমরা বাধ্য হয়েছি। সর্বশেষ হিসেব অনুযায়ী, বর্তমান বছরের পরিকল্পনার আয়তন ১,৪৮৬ কোটি টাকার মধ্যে ৯১২ কোটি টাকা (প্রায় ৬১ শতাংশ) রক্ষা করা সম্ভব হবে বলে অনুমিত হচ্ছে।

৩.১২। এখানে বলা প্রয়োজন, যেভাবে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে এবার আঘাত হানা হয়েছে, তার কোনও নজির আগে নেই। গত বছর যেখানে স্বল্প সঞ্চয় বাবদ গড়ে প্রতি মাসে ৭০ কোটি টাকা পাওয়া গেছে, সেখানে এ বছরে একটি নির্দিষ্ট মাসে এই অর্থ হঠাৎ কমে গিয়ে হয় মাত্র ১০ কোটি টাকার মতোন। আমরা এর প্রতিবাদ করলে, বিবেচনা করার আশ্বাস দেওয়ার পরও, তুলনীয় প্রকল্পগুলিতে সুদের হার ও অন্যান্য সুযোগ-সুবিধা আবার বৃদ্ধি করে, রাজ্যের সম্পদের ওপর পুনরায় আঘাত হানা হয়েছে। এই অবস্থার মুখোমুখি হয়ে আমরা বাধ্য হই খরচের ওপর কোনও কোনও ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করতে। কিছু নিষেধাজ্ঞা এখন তুলে নেওয়া হয়েছে, কিন্তু কিছু এখনও রাখা হয়েছে। পরিকল্পনা ব্যয় হ্রাস এবং এই নিষেধাজ্ঞা ফলে এ রাজ্যের সাধারণ মানুষকে—আমাদের সকলকে—এ বছরে এক বিশেষ অসুবিধার সম্মুখীন হতে হয়েছে। মাননীয় সদস্যগণ, আমার অনুরোধ আমরা যেন স্পষ্ট মনে রাখি যে, আমদের সকলের এই অসুবিধা এই ন্যায্য ক্ষোভের কারণ কিন্তু রাজ্যস্তরে নেই, রাজ্যস্তরের ওপর যে নজিরবিহীন এবং হঠাৎ আঘাত হানা হয়েছে, তার মধ্যেই এই কারণ নিহিত আছে। আক্ষরিক অর্থেই, যদি রাজ্যের ঐ ৬৫৯ কোটি টাকার ক্ষতি কেন্দ্রীয় সরকার না ঘটাত এবং ঐ অর্থ স্বাভাবিক নিয়মে রাজ্যের সম্পদের সঙ্গে যুক্ত হত, তাহলে ১৯৯১-৯২ সালে রাজ্য পরিকল্পনার মোট আয়তন (১,৪৮৬ কোটি টাকা)-কে শুধু যে অক্ষুন্ন রাখা সম্ভব হত তাই নয়, অন্যান্য পরিকল্পনা-বহির্ভূত খরচের ওপর নিষেধাজ্ঞা আরোপ করারও প্রয়োজন হত না। আমরা যেন আরও মনে রাখি যে, স্বল্প সঞ্চয়কে কেন্দ্র করে রাজ্যগুলি যখন সম্পদহানি জন্য এতটা অসুবিধায় পড়ছে, তখন রাজ্যগুলিকে—রাজ্যের মানুষদের—একবারও না জানিয়ে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে, আন্তর্জাতিক অর্থভান্ডার এবং বিশ্বব্যাঙ্কের ঋণের শর্তগুলির সঙ্গে সামঞ্জস্য রেখে, লিখিতভাবে জানিয়ে দেওয়া হয় যে,

স্বল্প সঞ্চয় ক্ষেত্রে বেসরকারি মিউচুয়াল ফান্ড প্রকল্পগুলিকেই প্রকৃতপক্ষে উৎসাহ দেওয়া হবে। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে রাজ্যগুলির ওপর এই যে আক্রমণ, তা মূলত আন্তর্জাতিক অর্থভান্ডার ও বিশ্বব্যাঙ্ক ঋণের শর্তেরই এক অবিচ্ছেদ্য অঙ্গ।

৩.১৩। এই আক্রমণের মুখোমুখি দাঁড়িয়ে যখন আমরা পরিকল্পনা বাবদ ব্যয় হ্রাস করতে বাধ্য হয়েছি, তখন এই হ্রাস করার ক্ষেত্রেও একটা অগ্রাধিকারের ধারণা রাখার চেষ্টা হয়েছে। উৎপাদন, কর্মসংস্থান, এবং সামাজিক স্বার্থে, অপেক্ষাকৃতভাবে বেশি পরিকল্পনা বরাদ্দ রক্ষা করার চেষ্টা হয়েছে বিদ্যুৎ, সেচ, গ্রামীণ উন্নয়ন, কর্মসংস্থান প্রকল্প, পানীয় জল, জনস্বাস্থ্য, তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের উন্নয়ন ইত্যাদি ক্ষেত্রে।

৩.১৪। বিগত প্রায় এক দশকের বেশি সময় ধরে সাধারণ মানুষকে যুক্ত করে, উৎপাদনের ক্ষেত্রে এ রাজ্যে যে স্থায়ী ভিত্তি গড়ে তোলার চেষ্টা হয়েছে, তার থেকে, আঘাত আসা সত্ত্বেও, উৎপাদন শক্তির একটি অপ্রতিরোধ্য বহমানতা এসে গেছে। তার সঙ্গে, এই বছর বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে যাতে সীমিত অর্থ, অগ্রাধিকারের ভিত্তিতে, যতদূর সম্ভব সঠিকভাবে ব্যয় হয়। এই সামগ্রিক কারণে কিছুটা সুফল পাওয়া গেছে বর্তমান বছরেও যার প্রমাণ মিলবে সর্বভারতীয় পরিস্থিতির সঙ্গে রাজ্যস্তরের আর্থিক গতিপ্রকৃতির কিছুটা তুলনা করলে।

৩.১৫। সর্বশেষ প্রকাশিত তথ্য অনুযায়ী, সমগ্র দেশের ক্ষেত্রে বর্তমান ১৯৯১-৯২ সালে উৎপাদনে মন্দা এসেছে। বিশেষ করে শিল্পের ক্ষেত্রে দেশের মোট উৎপাদন গত বছরের তুলনায় ০.৮ শতাংশ হ্রাস পেয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যেটুকু উদ্যোগ নেওয়া হয়েছে তার ফলে শিল্পে উৎপাদন হ্রাস না পেয়ে ১.১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সর্বভারতীয় ক্ষেত্রে, অনুমিত হচ্ছে যে কৃষিতে বর্তমান বছরে খাদ্যশস্যের উৎপাদন ১.৫ শতাংশ হ্রাস পাবে। কিন্তু পশ্চিমবঙ্গে, এত সীমিত ক্ষমতার মধ্যেও ভূমি সংস্কারের ভিত্তিতে পরিকল্পনা খাতে যেটুকু কাজ করা গেছে, তার ফলে, তথ্যের ভিত্তিতে, এখন দেখা যাচ্ছে যে, রাজ্যস্তরে বর্তমান বছরে খাদ্যশস্যের উৎপাদন হ্রাস পাচ্ছে না, বরং প্রায় ৬.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে মোট খাদ্যশস্য উৎপাদন ১২০ লক্ষ টন পর্যন্ত পৌঁছাতে পারে, যা হবে এ রাজ্যে সর্বকালীন রেকর্ড। সর্বভারতীয় ক্ষেত্রে এক নজিরবিহীন মূল্যবৃদ্ধি ঘটে চলেছে। বর্তমান বছরে এপ্রিল ও ডিসেম্বর মাসের মধ্যে সর্বভারতীয় স্তরে শ্রমিকদের ভোগ্যপণ্যের মূল্যসূচকের বৃদ্ধি হয়েছে ১৩.৫ শতাংশ। যেহেতু মূল্যবৃদ্ধি সমগ্র দেশের ক্ষেত্রেই একটি মূল সমস্যা এবং এর অবশ্যম্ভাবী প্রভাব পশ্চিমবঙ্গেও পড়েছে এবং ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে সাধারণ মানুষ, তবুও এরই মধ্যে এ রাজ্যে গণবণ্টন ব্যবস্থা যতদূর বজায় রাখা গেছে গ্রামাঞ্চলে ভূমিহীন কৃষকদের সবচেয়ে অসুবিধার দুটি মাসে ভরতুকি দিয়ে যে চাল সরবরাহ করা গেছে, এবং সাধারণ মানুষকে যুক্ত করে যতটুকু উদ্যোগ নেওয়া গেছে, তার ফলে তথ্যের ভিত্তিতে এখন দেখা যাচ্ছে যে, মূল্যসূচকের যে বৃদ্ধির হার সমগ্র দেশের ক্ষেত্রে ১৩.৫ শতাংশ, তা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে হয়েছে ৯.৯ শতাংশ।

৩.১৬। এই চূড়ান্ত অসুবিধার বছরেও বিদ্যুতের ক্ষেত্রে, পরিকল্পনা বাবদ প্রায় ৩৪৫

কোটি টাকা বরাদ্দ করা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। বিশেষ উদ্যোগ নেওয়ার ফলে সামগ্রিক উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে, ব্যান্ডেলের পঞ্চম ইউনিট এখন গড়ে ৮০ শতাংশ পি এল এফ-এর উপরে, এবং কোলাঘাটের ইউনিটগুলি এখন গড়ে ৬৫ শতাংশ পি এল এফ-এর উপরে কাজ করছে। এছাড়াও, সাঁওতালডিহির প্রথম ও তৃতীয় ইউনিটটি সংস্কার করার পর চালু হয়েছে এবং, এগুলি পূর্ণ ক্ষমতার ৯০ শতাংশের ওপরে কাজ করছে। এই সামগ্রিক উদ্যোগের ফলে আগের বছরের তুলনায় বিদ্যুতের চাহিদা এবং যোগানের মধ্যে ব্যবধান প্রায় ৫৫৫ মেগাওয়াট কমানো হয়েছে।

৩.১৭। শিক্ষার ক্ষেত্রে গণশিক্ষা প্রসারে এক নতুন অভিজ্ঞতা নিয়ে এসেছে বর্তমান বছর। শুধু বর্ধমান জেলা পূর্ণ সাক্ষর জেলা বলে চিহ্নিত হয়েছে তাই নয়, একাধিক জেলা যখন এই পূর্ণ সাক্ষরতার চৌকাঠ ডিঙানোর মুখোমুখি। সংকল্প নেওয়া হয়েছে যে, এই নতুন ইতিবাচক অভিজ্ঞতার সঙ্গে কর্মসংস্থান প্রকল্পগুলিকে সমন্বিত করা হবে।

৩.১৮। বিদেশি ঋণের শর্তের পথ থেকে কেন্দ্রীয় সরকার এ বছরে পশ্চিমবঙ্গের ওপর আর্থিক দিক থেকে চূড়ান্ত আঘাত হেনেছে। কিন্তু তার মুখোমুখি দাঁড়িয়ে এ রাজ্যের মানুষ সমুচিত জবাব দিয়েছেন। এ বছরে, জাতীয় স্তরে উৎপাদনে যে অবস্থা, পশ্চিমবঙ্গে উৎপাদনের গতিকে তার থেকে অনেক উঁচু হারে নিয়ে গেছেন এ রাজ্যের মানুষ। সমগ্র দেশে যে হারে মূল্যবৃদ্ধি ঘটেছে, পশ্চিমবঙ্গে মূল্যবৃদ্ধির হার থেকেছে তার নিচে। এছাড়া, রাজ্যস্তরে খুলে গেছে অন্যান্য নূতন সম্ভাবনা, যাকে ভিত্তি করে আগামী বছরে আরও নির্দিষ্ট কর্মসূচি নেওয়া হবে।

৪

৪.১। মাননীয় সদস্যগণ, আমি আগেই ব্যাখ্যা করেছি যে, কি পরিস্থিতির মুখোমুখি দাঁড়িয়ে আমাদের কোনও কোনও ক্ষেত্রে সরকারি ব্যয়ের ওপর নিষেধাজ্ঞা আরোপ করতে হয়েছিল। এর জন্য যে সাধারণ মানুষ, কর্মচারী, শিক্ষক ও অন্যান্যদের অসুবিধায় পড়তে হয়েছে, তার জন্য আমি দুঃখ প্রকাশ করছি। এবং এই অসুবিধার মধ্যেও তারা যেভাবে সরকারের পাশে থেকেছেন, তারজন্য আমি প্রত্যেককে ধন্যবাদ ও সম্মান জানাচ্ছি। আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, আগামী বছরগুলিতে এই সমস্ত নিষেধাজ্ঞা শিথিল করব এবং যে সমস্ত সংশ্লিষ্ট বকেয়া অর্থ সরকারি কর্মচারী ও অন্যান্যদের প্রাপ্য, তা আগামী আর্থিক বছরে প্রদানের ব্যবস্থা করব। আমি শুধু সরকারি কর্মচারী, শিক্ষক এবং অন্যান্যদের অনুরোধ করছি যে, এই অর্থ যদি পর্যায়ক্রমে তোলা হয়, তাহলে কিছুটা সুবিধা হবে পরিকল্পনা বাবদ অর্থ বরাদ্দকে আরও ভালভাবে রক্ষা করতে।

৪.২। কেন্দ্র-রাজ্য সম্পর্কের ক্ষেত্রে বিকেন্দ্রীকরণের ন্যায্য দাবিতে অবিচল থেকে, এবং একই সঙ্গে বর্তমান বছরের তিক্ত অভিজ্ঞতা মনে রেখে, নিজস্ব সম্পদ সংগ্রহের ওপর শক্ত ভিত্তি করে রাজ্যের অষ্টম যোজনার (১৯৯২-৯৭) আয়তন ১০,৬২৫ কোটি টাকাতে প্রস্তাবিত হয়েছে, যা রাজ্যের সপ্তম যোজনার আয়তন ৪,১২৫ কোটি টাকার দ্বিগুণের চেয়েও কিছুটা বেশি। আগামী আর্থিক বছরে (১৯৯২-৯৩), অর্থাৎ বর্তমান অষ্টম যোজনার প্রথম বছরে,

রাজ্য পরিকল্পনার আয়তন স্থির করা হয়েছে, ১,৫০১ কোটি টাকায়, যে স্তর থেকে পরের বছরগুলিতে পরিকল্পনার আয়তন ধাপে ধাপে ক্রমেই বৃদ্ধি করা হবে। সামগ্রিক অগ্রাধিকারের ভিত্তিতে, ১৯৯২-৯৩ সালের মোট পরিকল্পনা বরাদ্দ (১,৫০১ কোটি টাকা)-কে বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রের মধ্যে যে শতাংশের হিসেবে বণ্টন করা হয়েছে তা হল বিদ্যুৎ (৩০.২%) ; কৃষি গ্রামীণ উন্নয়ন ইত্যাদি সমেত (১৪.৮%) ; সেচ ও বন্যানিয়ন্ত্রণ (১০.৫%) ; শিল্প (১৩.১%) ; পানীয় জল, গৃহনির্মাণ ও নগর উন্নয়ন (৯.৪%) ; শিক্ষা, কলাশিল্প, সংস্কৃতি ইত্যাদি (৬.৯%) ; পরিবহন, সড়ক ও সেতু (৬.১%) ; স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (২.৭%) এবং অন্যান্য সেবামূলক ক্ষেত্রে (৬.৩%)।

৪.৩। রাজ্য পরিকল্পনাব অগ্রাধিকার স্থির করার সময় যে বিকল্প দৃষ্টিভঙ্গির কথা আগে উল্লিখিত হয়েছে, তার মধ্যে রাজ্যস্তরে প্রাসঙ্গিক বিষয়গুলির কথা মনে রাখা হয়েছে। তাই অষ্টম যোজনার সময় এবং নির্দিষ্টভাবে আগামী বছরে, মূল অগ্রাধিকার দেওয়া হবে স্বনির্ভরতা, কর্মসংস্থান, মূল্যবৃদ্ধির সমস্যার হাত থেকে সাধারণ মানুষকে কিছুটা রক্ষা করা এবং বিকেন্দ্রীকরণের ওপর।

৪.৪। রাজ্যস্তরে স্বনির্ভরতার বিষয়ে সর্বাপেক্ষা প্রাসঙ্গিক হল কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিতে যতটা সম্ভব রাজ্যের অভ্যন্তরীণ চাহিদা ও যোগানের মধ্যে ব্যবধানকে কমিয়ে ফেলা। এক্ষেত্রে বিশেষভাবে, খাদ্যশস্য, তৈলবীজ ও মৎস্য চাষের উৎপাদন বৃদ্ধি এবং সেই কারণেই উন্নত বীজের ক্ষেত্রে স্বয়ম্ভরতা ও সেচের সম্প্রসারণের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে।

৪.৫। কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিতে শুধুমাত্র উৎপাদন বৃদ্ধি নয়, তার সুফল যাতে সাধারণ ক্রেতা ও সাধারণ উৎপাদক পান, তার জন্য বিপণনের ব্যবস্থাকে আরও সামাজিকভাবে সংগঠিত করা হবে। এক্ষেত্রে প্রশাসনিক পদক্ষেপের সঙ্গে সঙ্গে বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে পঞ্চায়েত এবং সমবায় সংস্থাগুলি। আগামী দিনে, একাধিক কারণে সমবায় ক্ষেত্রটিতে সামগ্রিকভাবে বিশেষ গুরুত্ব দেওয়া হবে এবং সংশ্লিষ্ট সমবায় সংস্থাগুলি রাজ্যের সাধারণ মানুষের ব্যাঙ্ক হিসেবে ব্যবহৃত হবে।

৪.৬। এই প্রসঙ্গে মূল্যবৃদ্ধির প্রশ্নটি আমরা আলোচনা করতে পারি। যেহেতু মূল্যবৃদ্ধি প্রতি রাজ্যেই লাগাতারভাবে হচ্ছে, তাই এটা কোনও একটি রাজ্যের আলাদা সমস্যা নয়, সমগ্র দেশেরই সমস্যা। এর মূল নিহিত আছে জাতীয় স্তরে গৃহীত নীতির মধ্যেই, যা আগে উল্লিখিত হয়েছে। মূল্যবৃদ্ধি কিছুটা প্রশমন করা এবং এর হাত থেকে সাধারণ মানুষকে কিছুটা রক্ষা করার জন্য গণবণ্টন ব্যবস্থাকে সর্বভারতীয় স্তর থেকে গ্রহণ করার কথা আমরা কেন্দ্রীয় সরকারকে বারংবার বলে আসছি, কিন্তু নামমাত্র বরাদ্দ ছাড়া এ বিষয়ে সর্বভারতীয় স্তরে এখনও কোনও কার্যকর পদক্ষেপ নেওয়া হয় নি। এই অবস্থাতে, সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে, রাজ্য সরকার যতদূর সম্ভব গণবণ্টন ব্যবস্থা চালু রাখার সঙ্গে সঙ্গে গত তিন বছর ধরে গ্রামাঞ্চলে সবচেয়ে অসুবিধার মাসগুলিতে (বর্তমানে দু'মাসে) ভরতুকি দিয়ে ভূমিহীন ক্ষেতমজুরদের জন্য রেশন দেওয়ার উদ্যোগ নিয়েছেন। এর ফলে প্রতি বছর গ্রামাঞ্চলে এক কোটিরও বেশি সাধারণ মানুষ উপকৃত হচ্ছেন। বর্তমান বছরে এই ভরতুকি বাবদ ১০ কোটি

টাকা বরাদ্দ ছিল। আমি আগামী বছরে এই ভরতুকি বাবদ ২০ কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব রাখছি। এই অর্থ বাজেটে প্রস্তাবিত ব্যয়ের মধ্যেই অন্তর্ভুক্ত হয়ে আছে।

৪.৭। অষ্টম যোজনার, এবং নির্দিষ্টভাবে আগামী বছরে, সর্বাপেক্ষা গুরুত্ব দেওয়া হবে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির ওপর। আর্থিক সমীক্ষার তথ্য অনুযায়ী, মোট নথিভুক্ত বেকারের সংখ্যা এ রাজ্যের প্রায় ৫০ লক্ষে পৌঁছেছে এবং প্রতি বছর গড়ে অন্তত ৪ লক্ষের মতোন নতুন কর্মপ্রার্থী হচ্ছেন। এ পরিস্থিতির মুখোমুখি দাঁড়িয়ে রাজ্য সরকারের একটি ন্যূনতম কর্মসূচি হল, বিভিন্ন উৎপাদন ক্ষেত্রে উদ্যোগ সৃষ্টির মাধ্যমে এবং নির্দিষ্ট কর্মসংস্থান প্রকল্পগুলির মাধ্যমে প্রতি বছরে অন্তত ৫ লক্ষের বেশি কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করা, যাতে প্রতি বছরের শেষে মোট কর্মহীনের সংখ্যা কিছুটা কমিয়ে আনা যায়।

৪.৮। কৃষির ক্ষেত্রে, ভূমি-সংস্কার ও সেচব্যবস্থার সম্প্রসারণের ফলে, বিভিন্ন ফসলের উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে ইদানিংকালে প্রতি বছরে যে অতিরিক্ত শ্রমদিবস সৃষ্টি হচ্ছে, তার হিসেব দেওয়া হয়েছে আর্থিক সমীক্ষার অষ্টম অধ্যায়ে। কৃষিতে স্বনির্ভরতার উদ্দেশ্যকে সামনে রেখে, উৎপাদন-উদ্যোগ আরও বৃদ্ধি করলে প্রতি বছরে গড়ে অন্তত ২ লক্ষ মানুষের ৩০০ দিনের মতোন কাজের সুযোগ রাজ্যের গ্রামাঞ্চলে সৃষ্টি করার নির্দিষ্ট লক্ষ্য সামনে রেখে আগামী বছরগুলিতে এগোনো যায়।

৪.৯। শিল্পের ক্ষেত্রে, কর্মসংস্থান বৃদ্ধির উদ্দেশ্যকে মনে রেখেই, নতুন উদ্যোগ সৃষ্টি করার জন্য রাজ্য সরকার বদ্ধপরিকর। মাননীয় সদস্যগণ এ কথা জেনে খুশি হবেন যে, সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও, রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, একটি নতুন সার্বিক উৎসাহদান প্রকল্প এ রাজ্যে আগামী বছরের শুরু থেকেই চালু করা হবে। এই প্রকল্প সম্বন্ধে বিশদ ঘোষণা শীঘ্রই করা হবে। আমি এই প্রকল্পের কতকগুলি বিশেষ আকর্ষণীয় দিকের কথা আনন্দের সঙ্গে এখানে উপস্থাপিত করছি। এই উৎসাহদান প্রকল্পে নতুন শিল্পসংস্থা এবং পর্যাপ্ত সম্প্রসারণে প্রয়াসী চালু সংস্থা, উভয়, ক্ষেত্রেই, কর ছাড় এবং কর স্থগিতের সুযোগগুলি আরও বৃদ্ধি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নতুন শিল্প সংস্থাগুলি এখন থেকে তাদের অবস্থান-এলাকা অনুযায়ী ৩, ৪ এবং ৫ বছরের পরিবর্তে যথাক্রমে ৫, ৭ এবং ৯ বছর ধরে করের ছাড় পাবে। এ ছাড়াও কলকাতা পৌর এলাকার মধ্যে নতুন রত্ন, অলঙ্কার এবং ইলেক্ট্রনিক যন্ত্রপাতি (সফ্‌টওয়্যার সহ) তৈরির সংস্থাগুলিও এখন থেকে ৩ বছরের জন্য কর ছাড়ের সুবিধা ভোগ করবে। বর্তমানে এই এলাকার জন্য কোনও কর ছাড়ের সুবিধা ছিল না। বিকল্প ব্যবস্থা হিসেবে, রাজ্যে গড়ে ওঠা নতুন সংস্থাগুলি যদি নিজেরা চায়, তবে বর্তমান ব্যবস্থা অনুযায়ী ৭ বছরের বদলে বর্ধিত ৯ বছরের জন্য বিক্রয় কর স্থগিতের সুযোগ পাবে। একইভাবে কলকাত পৌর এলাকার মধ্যে অবস্থিত নতুন গড়ে ওঠা রত্ন, অলঙ্কার এবং ইলেক্ট্রনিক (সফ্‌ট্‌ওয়্যার সহ) সংস্থাগুলি ৫ বছরের জন্য কর স্থগিতের সুযোগ পাবেন। এই এলাকার জন্য কর স্থগিতেরও কোনও সুযোগ আগে ছিল না। কর্মসংস্থানের গুরুত্ব সামনে রেখে আরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যে সব "বহুগুণক" বা "মাল্টিপ্লায়ার" শিল্পে স্থায়ী মূলধন বিনিয়োগ ১০০ কোটি টাকার বেশি, এবং নিম্নমুখে (downstream) কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে যাদের বহুধা ক্ষমতা আছে, তারা অতিরিক্ত সুযোগ-সুবিধা পাবে। অবস্থান-

এলাকা অনুযায়ী ইতিমধ্যে উল্লিখিত সুবিধা ছাড়াও, এই সব সংস্থার ক্ষেত্রে বাড়তি ২ বছরের জন্য কর ছাড় বা কর স্থগিতের ব্যবস্থা থাকবে।

৪.১০। এছাড়া, চালু শিল্পসংস্থাগুলির পর্যাপ্ত সম্প্রসারণের ক্ষেত্রেও কর ছাড় বা কর স্থগিতের নতুন সুযোগ-সুবিধা প্রযোজ্য হবে। কর ছাড়ের ক্ষেত্রে ২, ৩, এব ৪ বছরের স্থলে বর্ধিত সময়সীমা হবে যথাক্রমে ৪, ৬ এবং ৮ বছর, শিল্পসংস্থার অবস্থান অনুযায়ী। কর স্থগিতের বেলায় ৫, ৬ এবং ৭ বছরের স্থলে বর্ধিত সময়সীমা হবে ৮ বছর।

৪.১১। রুগ্ন শিল্পের পুনরুজ্জীবনের স্বার্থে রুগ্ন শিল্প সংস্থাগুলির বকেয়া বিক্রয় কর শোধ করার উদ্দেশ্যে যে ঋণের ব্যবস্থা চালু আছে, তা পরিশোধের ক্ষেত্রে আরও রেহাই দেওয়ার কথা চিন্তা করা হয়েছে। বর্তমানে, ক্ষেত্র বিশেষে যেখানে ৯ বছরের মধ্যে এই ঋণ শোধ দেওয়া যায়, এখন থেকে তা ১১ বছরের মধ্যে ফেরত দিলেই চলবে।

৪.১২। আমি আগেই উল্লেখ করেছি যে, শীঘ্রই এক সার্বিক উৎসাহদান প্রকল্পের ওপর বিশদ ঘোষণা করা হবে, এবং এ ব্যাপারে প্রয়োজনীয় আইন প্রণয়নের ব্যবস্থা করা হবে। মাননীয় সদস্যদের আমি আরও জানাচ্ছি যে, ক্ষুদ্রশিল্প পর্যায়েও একটি বিশেষ আকর্ষণীয় উৎসাহদানের প্রকল্প রাজ্য সরকারের বিবেচনার মধ্যে রয়েছে। এ ব্যাপারেও সত্বর ঘোষণা করা হবে।

৪.১৩। কর্মসংস্থানের স্বার্থে, বৃহৎ ক্ষুদ্রশিল্পের মধ্যে সমন্বয়ের এক নির্দিষ্ট গুরুত্ব আছে। এই সমন্বয়ের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করতে পারে স্বনিযুক্তি প্রকল্পগুলি। আর্থিক সমীক্ষার তথ্য অনুযায়ী, বর্তমান বছরে, আর্থিক অসুবিধা সত্ত্বেও, গ্রাম ও শহরাঞ্চলের বিভিন্ন স্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে, ভরতুকি ও ঋণ মঞ্জুরের হিসেবে, কর্মসংস্থান সৃষ্টি সুযোগ থেকে উপকৃতের সংখ্যা ৪ লক্ষকে অতিক্রম করতে পারে। এবং এদের মধ্যে ঋণ ও ভরতুকি, শুধু মঞ্জুর নয়, হাতে পেয়েছেন এমন উপকৃতের সংখ্যা বর্তমান আর্থিক বছরের প্রথম ৬ মাসে হয়েছে ২.৫৪ লক্ষ। গত কয়েক বছরের অভিজ্ঞতার ভিত্তিতে, পঞ্চায়েত ও পুরসভার মাধ্যমে স্থানীয় সাধারণ মানুষকে আরও ব্যাপকভাবে যুক্ত করে এবং বিভিন্ন দপ্তর ও ব্যাঙ্কগুলির উদ্যোগকে সমন্বিত করে আগামী বছর একটি নির্দিষ্ট লক্ষ্যমাত্রা গ্রহণ করা হবে, যাতে স্বনিযুক্তি প্রকল্পগুলির মাধ্যমে গ্রাম ও শহরাঞ্চলে অন্তত ৫ লক্ষ উপকৃতকে ঋণ ও ভরতুকি, শুধু মঞ্জুর করা নয়, বস্তুত দাদন দেওয়া যায়, তার ব্যবস্থা সুনিশ্চিত হয়। এ রাজ্যে গণশিক্ষার প্রসার নিয়ে যে ব্যাপক কর্মকান্ড চলেছে তার সঙ্গে সমন্বয় সাধন করাতে হবে এই স্বনিযুক্তি প্রকল্পগুলিকে। স্বনিযুক্তি প্রকল্পগুলির জন্য আগামী বছরের রাজ্য বাজেটে ইতিমধ্যেই ভরতুকি বাবদ প্রায় ৫৫ কোটি টাকা প্রস্তাবিত আছে। আমি এখন অতিরিক্ত প্রস্তাব করছি যে, কর্মসংস্থান বৃদ্ধির উদ্দেশ্যে, স্বনিযুক্তি প্রকল্পের জন্য ২০ কোটি টাকা বাড়তি বরাদ্দ করা হোক। এই অতিরিক্ত উদ্যোগের এখন বিশেষ প্রয়োজন, কারণ এ বছরের কেন্দ্রীয় বাজেটে এ বাবদ কোনও অর্থ বরাদ্দ বৃদ্ধি করা হয়নি।

৪.১৪। রাজ্য স্তরে এই সমস্ত কর্মকান্ডের ব্যয়ভার বহন করার জন্য প্রধান জোর

দেওয়া হয়েছে প্রচলতি করগুলিই ভালভাবে আদায় করার ওপর। সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, আগামী বছরে রাজ্যস্তরে সমস্ত প্রচলতি করগুলি থেকে রাজস্ব বৃদ্ধি করা হবে প্রায় ২৬ শতাংশ হারে। এর মধ্যে বাণিজ্যিক কর বাবদ আদায়ের লক্ষ্যমাত্রা বৃদ্ধি করা হবে প্রায় ৩০ শতাংশ হারে। এ ছাড়া সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, জেলা স্তরে রাজস্ব আদায়ের কতকগুলি নির্দিষ্ট ক্ষেত্রে, যেমন, বালির খাদ ও অন্যান্য গৌণ খনিজ ইত্যাদি থেকে রয়্যালটি সংগ্রহের ক্ষেত্রে জেলা পরিষদকে যুক্ত করা হবে, এই উৎসাহদান করে যে, জেলা থেকে সংশ্লিষ্ট খাতে রাজস্ব আদায় একটি লক্ষ্যমাত্রাকে অতিক্রম করলে, বাড়তি আদায়ের ৫০ শতাংশ ঐ জেলাকেই দেওয়া হবে উন্নয়নমূলক ক্ষেত্রে ব্যবহার করার জন্য।

৪.১৫। মাননীয় সদস্যগণ, এই প্রচলিত করগুলি থেকে রাজস্ব আদায়ের এই উদ্যোগ গ্রহণ করার পর, আগামী বছরে মোট প্রস্তাবিত ব্যয় ও আয়ের মধ্যে ব্যবধান দাঁড়াচ্ছে ১০০.৩৬ কোটি টাকা।

৪.১৬। মাননীয় সদস্যগণ, এই ঘাটতি কমানোর জন্য আমাকে তাই অতিরিক্ত রাজস্ব আদায়ের প্রস্তাব উপস্থাপন করতে হচ্ছে। এই প্রস্তাব রাখার সময় আমি লক্ষ্য রেখেছি যাতে বাড়তি করের চাপ সাধারণ মানুষের ওপর না পড়ে। মাননীয় সদস্যগণ স্মরণে রাখবেন যে বিকল্প পথের প্রস্তাব আমরা কালো টাকা উদ্ধারের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছি। যেহেতু এই কালো টাকা উদ্ধার মূলত আয়করের মাধ্যমেই করা যাবে, তাই এর প্রধান দায়িত্ব জাতীয় স্তরে কেন্দ্রীয় সরকারের। বারংবার দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার এই বিষয়ে কোনও দৃঢ় পদক্ষেপ নেয় নি। এই পরিস্থিতিতে, আমরা রাজ্যের সীমিত সম্পদ সংগ্রহের ক্ষমতার চৌহদ্দির মধ্যে, চেষ্টা করছি যতটা সম্ভব কালো টাকা উদ্ধারের। কালো টাকার একটি অংশ নিয়মিতভাবে স্থাবর সম্পত্তিতে বিনিয়োগ করা হয়, তাই রাজ্য সরকারের সামনে যে পথটি খোলা আছে, তা হল স্ট্যাম্প ডিউটির মাধ্যমে ঐ সব লেনদেনকে করের আওতায় আনা। দলিলে যে দরে বিক্রয় দেখানো হচ্ছে তার বদলে বাজারে প্রচলিত দরকে ভিত্তি করে স্ট্যাম্প ডিউটি নির্ধারণ ও আদায়ের সংশোধিত প্রকল্প চালু করার ব্যবস্থা চূড়ান্ত করা হয়েছে। আমি রেজিস্ট্রিযোগ্য দলিলের ক্ষেত্রে স্ট্যাম্প ডিউটির হারের বৃদ্ধির ও পুনর্বিন্যাসের প্রস্তাবও রাখছি। স্ট্যাম্প ডিউটির হার মোটামুটি বৃদ্ধি পাবে ১০ শতাংশ থেকে ১৮.৭ শতাংশ। এই বিষয়ে সমস্ত পরিবর্তন সম্বলিত আইন শীঘ্রই আনা হবে। এই ব্যবস্থার ফলে, ১৯৯২-৯৩ সালে ৪০ কোটি টাকা বাড়তি রাজস্ব আসবে, আশা করছি।

৪.১৭। এবার আসছি বিক্রয় করে, যা রাজ্য সরকারের কাছে রাজস্বের সর্ববৃহৎ একক উৎস। ভয়াবহ মূল্যবৃদ্ধির কথা মনে রেখে, এবং কেন্দ্রীয় বাজেটে ব্যাপকহারে উৎপাদন শুল্ক বৃদ্ধির প্রভাবকে মনে রেখে, আমি সিদ্ধান্ত নিয়েছি যে বিক্রয় কর বৃদ্ধি করে সাধারণ মানুষের ওপর বাড়তি বোঝা চাপাব না। আমার একমাত্র প্রস্তাব, বড় বড় ব্যবসায়ী যাদের মোট ব্যবসা (gross turnover) ৫০ কোটি টাকার বেশি, তাদের ক্ষেত্রে টার্নওভার ট্যাক্সের হার ১.৫ শতাংশ থেকে বৃদ্ধি করে ২ শতাংশ করা। এই ব্যবস্থার ফলে, ১৯৯২-৯৩ সালে ১২ কোটি টাকা বাড়তি আদায় হবে, আশা করছি। টার্নওভারের অন্যান্য স্তরের ক্ষেত্রে, টার্নওভার ট্যাক্সের হার অপরিবর্তিত থাকছে।

৪.১৮। শিল্প ও বাণিজ্যের সংশ্লিষ্ট মহল থেকে মাঝে মাঝে অনুরোধ এসেছে যে ঠিকাদারি বা ওয়ার্কস কন্ট্রাক্টের ক্ষেত্রে কর নির্ধারণের একটি সুসংহত পদ্ধতি চালু করা হোক। ঠিকাদারি কাজের জন্য দেয় করের হিসেব করতে যে জটিলতা দেখা দেয়, তা এড়াতে আমি এই শ্রেণীর করদাতাদের জন্য একটি সহজ স্বেচ্ছামূলক বিকল্প ব্যবস্থার প্রস্তাব রাখছি। অর্থ বিলে এর বিশদ বিবরণ পাওয়া যাবে। যুক্তিভিত্তিক এই নতুন ব্যবস্থার ২ কোটি টাকা বাড়তি রাজস্ব আসবে, আশা করছি।

৪.১৯। আমার আরও প্রস্তাব, কয়েক শ্রেণীর বৃত্তিকর দাতা, যাদের বাড়তি কর দেবার ক্ষমতা প্রশ্নাতীত, তাদের ক্ষেত্রে বৃত্তিকরের হার বাড়ানো। শীতাতপনিয়ন্ত্রিত বিউটি পার্লার, ভিডিও পার্লার, শীতাতপনিয়ন্ত্রিত রেস্তোরা, তিন বা ততোধিক তারা চিহ্নিত হোটেল এবং বিবাহ ও অন্যান্য সামাজিক অনুষ্ঠানের জন্য ভাড়া দেওয়া হয় এমন বাড়ি প্রভৃতির মালিকদের ওপর প্রদেয় বৃত্তিকরের হার বাড়িয়ে অনুমোদিত সর্বোচ্চ বার্ষিক হার ২,৫০০ টাকা করার প্রস্তাব রাখছি। প্রস্তাবিত সংশোধনের বিশদ বিবরণ অর্থ বিলে পাওয়া যাবে। এই ব্যবস্থার ফলে নির্দিষ্ট কিছু ক্ষেত্রে ভোগবিলাসের ওপর করবৃদ্ধি করে আগামী আর্থিক বছরে আনুমানিক ৩ কোটি টাকা বাড়তি রাজস্ব আসবে।

৪.২০। মাননীয় সদস্যগণ অবহিত আছে যে, যেসব হোটেলে শীতাতপনিয়ন্ত্রিত কামরা আছে, তাদের ১৯৭২ সালের পশ্চিমবঙ্গ প্রমোদ ও বিলাস (হোটেল ও রেস্তোরা) আইন অনুযায়ী কর দিতে হয়। আমার প্রস্তাব, এই আইনের বিধানকে আরও বাস্তবসম্মত করা এবং দৈনিক ২৫০ টাকা বেশি ভাড়া দিতে হয় এমন সব কামরার জন্য প্রদেয় করের হার বৃদ্ধি করা। এই বৃদ্ধির হার হবে ১০ শতাংশ থেকে ২৫ শতাংশর মধ্যে। আমার আরও প্রস্তাব, সমগ্র পশ্চিমবঙ্গে এই আইনের বিধান চালু করা হোক। এইসব হোটেলে শীতাতপনিয়ন্ত্রিত কামরা যদি খালি থাকে, তবে সেই কামরাগুলির জন্য কর দেওয়ার প্রয়োজন হবে না। অর্থ বিলে এর বিস্তারিত বিবরণ থাকবে। ১৯৯২-৯৩ সালে এই ব্যবস্থার ফলে ১ কোটি টাকা বাড়তি রাজস্ব আদায় হবে, আমি এই আশা রাখি।

৪.২১। ১৯৭২ সালের পশ্চিমবঙ্গ প্রমোদ ও বিনোদন কর আইন অনুযায়ী ভি সি আর/ভি সি পি সেটের মাধ্যমে সর্বসাধারণের জন্য প্রদর্শনীর ওপর দেয় করের হার বৃদ্ধি করাও আমার প্রস্তাব। কলকাতা ও হাওড়া পৌর এলাকায় এই করের হার সাপ্তাহিক ১,০০০ টাকার বদলে হবে ১,২০০ টাকা। অন্যান্য পৌর এলাকার ঐ হার হবে ৭৫০ টাকার বদলে ৯০০ টাকা এবং গ্রামাঞ্চলে ৫০০ টাকার বদলে ৬০০ টাকা। আমার আরও প্রস্তাব, যে সব হোটেলে থাকার বন্দোবস্ত এবং ভি সি আর/ভি সি পি-র মাধ্যমে ফিল্ম দেখানোর ব্যবস্থা আছে, সেগুলির ক্ষেত্রে করের হার প্রতি বছরে ১০,০০০ টাকা থেকে বাড়িয়ে ১২,০০০ টাকা করা। এই ব্যবস্থার ফলে ৫০ লক্ষ টাকা বাড়তি রাজস্ব আদায় হবে বলে আশা করা যায়।

৪.২২। আমি প্রস্তাব করছি, রামের উপর আবগারি শুল্কের হার এল পি এল পিছু ৫ টাকা বৃদ্ধি করা। ১৯৯২-৯৩ সালে এই ব্যবস্থার ফলে, ১ কোটি টাকা অতিরিক্ত রাজস্ব আসবে।

৪.২৩। শীতাতপনিয়ন্ত্রিত মোটরগাড়ি ও অন্যান্য যানবাহন, ওমনিবাস, লাক্সারী ট্যাক্সি, ডিল্যুক্স ও টুরিস্ট বাস ইত্যাদির ক্ষেত্রে বর্তমান করকাঠামোর কিছু পরিবর্তন আনার প্রস্তাব আমি রাখছি। এই হার বাড়ানোর ফলে গড়ে ১৫ শতাংশের মতো অতিরিক্ত রাজস্ব আসবে। আমার সতীর্থ পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী এ ব্যাপারে আইনের প্রয়োজনীয় সংশোধনী আনবেন। এই ব্যবস্থায় আনুমানিক ৩ কোটি টাকা বাড়তি রাজস্ব আসবে।

৪.২৪। মাননীয় সদস্যগণকে আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে এ রাজ্যে কৃষিভিত্তিক শিল্পস্থাপনে উৎসাহদানের জন্য ফলের রস এবং ফসলের কনসেনট্রেটস-এর ওপর বিক্রয় করের হার ১৫ শতাংশ থেকে কমিয়ে ৮ শতাংশ করার প্রস্তাব আমার রয়েছে। মাননীয় সদস্যগণ আরও জানেন যে, বর্তমানে গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে পামোলিন তেল বিক্রি করা হয়। সাধারণ মানুষের সুবিধার জন্যে, গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে পামোলিন তেল বিক্রির ওপর কর ছাড়ের প্রস্তাবও আমি রাখছি।

৪.২৫। মাননীয় সদস্যগণের স্মরণে থাকবে যে বিগত বছরের বাজেট ভাষণে আমি বল পয়েন্ট পেন এবং ফাউন্টেন পেনের ওপর বিক্রয় করের ছাড় দিয়েছিলাম। এখন আমি বল পয়েন্ট রিফিল এবং লেখার কালির ওপরও কর ছাড়ের প্রস্তাব রাখছি। এ ছাড়া, এই রাজ্যে কাঁচামাল হিসেবে ব্যবহার্য ঔষধ (বাল্ক ড্রাগ) তৈরির ক্ষুদ্রশিল্প স্তরের সংস্থাগুলির বিকাশে সহায়তা করার উদ্দেশ্যে আমার প্রস্তাব যে ঔষধ উৎপাদকদের কাছে বিক্রির ক্ষেত্রে বিক্রয় করের হার ২ শতাংশ থেকে কমিয়ে ১ শতাংশ করা হোক।

৪.২৬। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে গত বছর রাজ্যে অনুষ্ঠিত সব ফুটবল খেলা প্রমোদকর আইনের আওতার বাইরে রাখার সিদ্ধান্ত নিয়েছিলাম। এ বছর ক্রীড়ারসিকদের উৎসাহ দেবার উদ্দেশ্যে আমার প্রস্তাব ক্রিকেটসহ সবরকম খেলাকেই প্রমোদকরের আওতার বাইরে রাখা, টিকিটের দর যাই হোক না কেন।

৪.২৭। মাননীয় সদস্যগণ জানেন যে, ১৯৯০-৯১, এবং ১৯৯১-৯২ সালে, রাজ্যের মধ্যে স্থাপিত টিভি ইউনিটগুলির জন্য বিক্রয় কর ফেরত দেওয়ার একটি প্রকল্প চালু ছিল। আগামী আর্থিক বছরেও এই সুযোগ চালু রাখার প্রস্তাব আমি রাখছি। একইভাবে, স্থানীয় টিভি উৎপাদনকারী ও ইলেক্ট্রনিক অডিও সরঞ্জাম উৎপাদনকারী সংস্থাগুলিকে ১ শতাংশ হারে কেন্দ্রীয় বিক্রয় কর দেবার সুযোগও আগামী বছরে অব্যাহত রাখতে চাই। এই ব্যবস্থার ফলে উক্ত সংস্থাগুলি রাজ্যের বাইরে তাদের উৎপন্ন পণ্যের বাজার তৈরিতে সহায়তা পাবে।

৪.২৮। এই সব কর ছাড়ের ফলে ১৯৯২-৯৩ সালে রাজস্ব আদায় আনুমানিক ৪.৫০ কোটি টাকা কমবে।

৪.২৯। ১৯৭৯ সালের পশ্চিমবঙ্গ বৃত্তিকর আইন এবং ১৯৮২ সালের প্রমোদ ও বিলাস কর আইন অনুযায়ী তালিকাভুক্তকরণ এবং নিবন্ধীকরণে উৎসাহ দেওয়ার জন্য আমি প্রস্তাব করছি যে ১৯৯২ সালের ৩০ শে সেপ্টেম্বর পর্যন্ত সম্প্রসারিত সময়সীমার মধ্যে যে সব ব্যক্তি কর জমা দেবেন, তাদেরকে শাস্তিমূলক ব্যবস্থা থেকে সম্পূর্ণ অব্যাহতি দেওয়া

হবে। আমি আশা রাখি, যারা উপরোক্ত দুটি আইনের বিধান মেনে এখনও নিজেদের নাম তালিকা বা পঞ্জীভুক্ত করান নি, তারা নিজেরাই স্বেচ্ছায় এগিয়ে এসে দেয় কর মিটিয়ে দেবেন। সেক্ষেত্রে তারা সুদ বা জরিমানার বাড়তি বোঝা থেকে রেহাই পাবেন। এই দুটি আইনের জরিমানা সংক্রান্ত ধারাগুলিরও যথোচিত সংশোধনের প্রস্তাব আমি রাখছি।

৪.৩০। কর আদায় ব্যবস্থার উন্নতি ও সংহতিবিধানের জন্য বিভিন্ন কর আইনের কিছু কিছু পদ্ধতিগত পরিবর্তনের প্রস্তাবও আমার আছে। এ সবের বিস্তারিত তথ্য আর্থিক বিলে থাকবে।

৪.৩১। মাননীয় সদস্যগণ, এই প্রায় ৫৮ কোটি টাকার অতিরিক্ত সম্পদ সংগ্রহের পর, ১৯৯২-৯৩ সালের বাজেটে ব্যয় ও আয়ের মধ্যে ব্যবধান কমে দাঁড়াবে ৪২.৩৬ কোটি টাকাতে। মাননীয় সদস্যগণ, আমি এই ব্যবধান নিয়েই আগামী বছরের প্রস্তাবিত বাজেট আপনাদের কাছে পেশ করছি, এটা মনে রেখে যে, কেন্দ্র-রাজ্য সম্পর্কে বর্তমান ভিত্তিতেই প্রতিটি রাজ্যের মতোন, পশ্চিমবঙ্গের ক্ষেত্রেও, উপায় উপকরণ (ways and means) বাবদ প্রায় ৫৬ কোটি টাকা অগ্রিম অর্থ পাওয়ার অধিকার, এ রাজ্যের যে কোনও সময়ই আছে।

৪.৩২। মাননীয় সদস্যগণ, ১৯৯২-৯৩ সালের বিভিন্ন ব্যয়বরাদ্দের প্রস্তাব নিয়ে বিস্তারিত আলোচনা সম্ভবত মে মাসেও চলবে। ১৯৯২ সালের ১লা এপ্রিল থেকে রাজ্য সরকার যাতে কাজকর্ম সঠিকভাবে চালু রাখতে পারেন, সেজন্য আমি আগামী আর্থিক বছরের প্রথম তিন মাসের জন্য ব্যয় বরাদ্দের মঞ্জুরি চাইছি।

৪.৩৩। মাননীয় সদস্যগণ, যে বিকল্প পথের প্রস্তাব আমরা রেখেছি, তাকে ভিত্তি করেই এই বাজেট পেশ করলাম। যেহেতু এই বাজেটের মূল অগ্রাধিকার হল স্বনির্ভরতার এবং কর্মসংস্থানের—যা সাধারণ মানুষেরই অগ্রাধিকার—তাই এই বাজেটের প্রস্তাবিত পরিকল্পনা রচনা ও রূপায়ণে সাধারণ মানুষকে যতদূর সম্ভব, সরাসরি যুক্ত করা হবে। এই উদ্দেশ্যে, পঞ্চায়েত ও পুরসভার মাধ্যমে যে বিকেন্দ্রীকরণ প্রক্রিয়া চলছে, তাকে সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়েই আগামী দিনে আরও নিচু স্তর পর্যন্ত নিয়ে যাওয়া হবে। গ্রামাঞ্চলে শুধু ব্লক বা অঞ্চল স্তর নয়, একেবারে গ্রাম স্তর পর্যন্ত এবং শহরাঞ্চলে একেবারে ওয়ার্ড স্তর পর্যন্ত বিকেন্দ্রীকৃত হবে আমাদের পরিকল্পনার উদ্যোগ, যাতে এ রাজ্যের যে কোনও এলাকার সাধারণ মানুষ জানতে পারেন তার এলাকায় কোন দপ্তরের মাধ্যমে কোন ধরনের কাজের জন্য কত অর্থ বরাদ্দ হচ্ছে। আর্থিক সীমার মধ্যে থেকে এলাকার প্রাসঙ্গিক প্রকল্পগুলি রচনা এবং রূপায়ণের সময় সেই এলাকার মানুষের গণতান্ত্রিক পদ্ধতিতে অংশগ্রহণ করার পূর্ণ অধিকার থাকবে, অধিকার থাকবে অগ্রাধিকারের ভিত্তিতে কোনও প্রকল্প পরিবর্তনের বা সংযোজনের এবং অধিকার থাকবে খরচের হিসেব জানার। জাতীয় স্তরে এখন একটা প্রচেষ্টা চলছে, বাজার-অর্থনীতির মাধ্যমে, সিদ্ধান্ত নেওয়ার প্রকৃত ক্ষমতা, সম্পত্তির অসম-বণ্টন হেতু, মুষ্টিমেয় ধনী মানুষের হাতে তুলে দেওয়ার। আমরা প্রস্তাব রাখছি এই ক্ষমতা সাধারণ মানুষের—বিপুল সংখ্যাগরিষ্ঠ সাধারণ মানুষের—হাতে পৌঁছে দেওয়ার জন্য। আমাদের প্রস্তাবিত বাজেট এই বিকল্প পথেরই বাজেট। আমি আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

পশ্চিমবঙ্গের বার্ষিক অর্থনৈতিক বিবরণী, ১৯৯২-৯৩

(হাজার টাকার হিসাবে)

		প্রকৃত, ১৯৯০-৯১	বাজেট, ১৯৯১-৯২	সংশোধিত, ১৯৯১-৯২	বাজেট' ১৯৯২-৯৩
	আদায়				
১।	প্রারম্ভিক তহবিল	(-)৯৩,২৬,৬৩	(+) ৪,১৯,৬০	(+) ১৩,৯৪,৬৮ (প)	(-) ৫৪,৫৫,৪৩
২।	রাজস্ব আদায়	৪১,০৯,২৩,৯৫	৪৯,৩২,৮৫,৯৪	৪৮,০০,৫০,৮৬	৫৭,৬৩,৪৩,০৩
৩।	ঋণখাতে আদায়—				
	(১) সরকারি ঋণ	১৫,৩২,৭৪,৯২	২৪,০৮,২১,১৮	২১,৭৭,৬০,৭৩	২৫,৩০,০৬,৬১
	(২) ঋণ	২৬,৪৬,১১	৬০,৩৬,০০	৭৬,৫৬,৩৫	৬৭,৪১,০০
৪।	আপন্ন তহবিল ও গণ হিসাব থেকে আদায়	১,২১,১১,৬০,১০	১,১৬,৪৬,২৩,৯৯	১,২৫,৮১,৪০,০৫	১,২৯,৫৯,২৫,২৪
	মোট	**১,৭৬,৮৬,৭৮,৪৫**	**১,৯০,৫১,৮৬,৭১**	**১,৯৬,৫০,০২,৬৭**	**২,১৩,৬৫,৬০,৪৫**
	ব্যয়				
৫।	রাজস্বখাতে ব্যয়	৫১,২৮,১১,৮৯	৬০,৯৫,৯৩,৮৪	৫৫,৬৯,৯৮,৩৩	৬৪,৮২,৬৯,৬০
৬।	মূলধনখাতে ব্যয়	৩,৬৮,৬২,১২	৬,১১,৬৮,৮৭	২,৯৯,১১,১৬	৪,৮৪,৭৫,২২
৭।	ঋণখাতে ব্যয়—				
	(১) সরকারি ঋণ	৪,৬৬,৬৬,৮১	৭,৯৭,২৩,৫১	১২,২৬,২৪,২৮	১২,৪৮,০১,০৬
	(২) ঋণ	২,৭২,৬৮,১৬	৩,৩৭,১৫,৪৫	২,৮৭,৯২,২৯	৪,০৩,০৩,৩০
৮।	আপন্ন তহবিল ও গণ হিসাব থেকে ব্যয়	১,১৪,৩৫,২৫,৩৭	১,১৩,০১,২৮,০৪	১,২৩,২১,৩২,০৪	১,২৬,৫৭,৪৭,০৪
৯।	সমাপ্তি তহবিল	(+) ১৫,৪৪,১০	(-) ৯১,৪৩,০০	(-) ৫৪,৫৫,৪৩	(+) ৮৯,৬৪,২৩
	মোট	**১,৭৬,৮৬,৭৮,৪৫**	**১,৯০,৫১,৮৬,৭১**	**১,৯৬,৫০,০২,৬৭**	**২,১৩,৬৫,৬০,৪৫**

(প) রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী ১৯৯০-৯১ সালের সমন্বিত তহবিল।

পশ্চিমবঙ্গের বার্ষিক অর্থনৈতিক বিবরণী, ১৯৯২-৯৩

(হাজার টাকার হিসাবে)

	প্রকৃত, ১৯৯০-৯১	বাজেট, ১৯৯১-৯২	সংশোধিত, ১৯৯১-৯২	বাজেট ১৯৯২-৯৩
নীট ফল—				
উদ্বৃত্ত (+) ঘাটতি (-)				
(ক) রাজস্বখাতে	(-) ১০,১৮,৮৭,৯৪	(-) ১১,৬৩,০৭,৯০	(-) ৭,৬৯,৪৭,৪৭	(-) ৭,১৯,২৬,৫৭
(খ) রাজস্বখাতের বাইরে	(+) ১১,২৭,৮৭,৯৪	(+) ১০,৬৭,৪৫,৩০	(-) ৭,০০,৯৭,৩৬	(+) ৮,৩৬,৪৬,২৩
(গ) প্রারম্ভিক তহবিল বাদে নীট	(+) ১,০৮,৭০,৭৩	(-) ৯৫,৬২,৬০	(-) ৬৮,৫০,১১	(+) ১,৪৪,১৯,৬৬
(ঘ) প্রারম্ভিক তহবিল সহ নীট	(+) ১৫,৪৪,১০	(-) ৯১,৪৩,০০	(-) ৫৪,৫৫,৪৩	(+) ৮৯,৬৪,২৩
(ঙ) মহার্ঘ ভাতা, বেতন পুনর্বিন্যাস ইত্যাদি		(-) ১,০০,০০,০০*		(-) ১,৭০,০০,০০
(চ) প্রশাসনিক ব্যয় সংকোচ এবং কর্মচারী ভবিষ্যনিধি সমন্বয়ন মাধ্যমে সঞ্চয়, ইত্যাদি		(+) ২,৪০,৪৩,০০		..
(ছ) সড়ক নির্মাণ, সেচ, বন্যা ও কৃষিশিল্প, কর্মসংস্থান প্রভৃতি নতুন/অতিরিক্ত প্রকল্প বাবদ ব্যয়		(-) ৫৩,০০,০০		(-) ২০,০০,০০
(জ) রাষ্ট্রায়ত্ত উদ্যোগসমূহের বেতন পুনর্বিন্যাস বাবদ দায় এবং সমবায় সমিতিগুলিকে ভরতুকি বৃদ্ধি বাবদ অনুদান		(-) ৬৩,০০,০০		..
(ঝ) অতিরিক্ত সম্পদ সংগ্রহ (কর ছাড় বাদে নীট)		(+) ৬৭,০০,০০০		(+) ৫৮,০০,০০
(ঞ) নীট, উদ্বৃত্ত/ঘাটতি	(+) ১৫ ৪৪,১০	শূন্য	(-) ৫৪,৫৫,৪৩	(-) ৪২,৩৫,৭৭

*১-৪-৯১ থেকে ইতিমধ্যেই দেওয়া হয়েছে।

Mr. Speaker : Hon'ble Members, cut motions to Demand for Grants will be received in the office up to 11 A.M. on 25th March, 1992

Adjournment

The House was then adjourned at 4-04 p.m. till 11 A.M. on the 20th March, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 20th March, 1992 at 11.00 A.M.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 13 Ministers, 3 Ministers of State and 92 Members.

Obituary References

[11-00—11-05 A.M.]

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Sachin Sen, sitting member and Dr. Abani Bhattacharjee, ex-member of this House, who have passed away after this House made Obituary reference on the 6th March, 1992.

Shri Sachin Sen, a sitting member of the West Bengal Legislative Assembly and a veteran C.P.I.(M) leader breathed his last in the morning of the 18th March, 1992 in a Nursing Home, Calcutta at the age of 75.

Born in 1917 at Moulisbazar of Sylhet district of Bangladesh he took his education from Moulisbazar Government High School, Sylhet, Murari Chand College, Sylhet and thereafter had his B.Com degree from the City College, Calcutta. During his College days Shri Sen showed keen interest in games and sports. He was a regular foot-baller of the College team and won many prizes. He had also participated in Inter-Province Sports Competition.

After his college life Shri Sen took active part in the freedom struggle of the Country. He got himself associated with politics and became a whole time political worker of the Communist Party of India. He was a Councillor of the Calcutta Municipal Corporation and later was a member of the Advisory Committee of the Calcutta Municipal Corporation. After split of the Communist Party Shri Sen joined the

Communist Party of India (Marxist). He was elected a member of the West Bengal Legislative Assembly in 1977 from Ballygunge Constituency of Calcutta as a C.P.I.(M) candidate. Subsequently, he was re-elected to the Assembly in 1982, 1987 and 1991 from the same Constituency.

Shri Sen, a legislator, held many responsible positions including the office of the Government Chief Whip and assignment of the Chairman of Assembly Committees.

He was also associated with many educational, cultural and sports organisations. Amongst them most notable are the positions he had held a member of the Court of the Jadavpur University and Executive Council, the General Secretary of East Bengal Club and a standing member of the Sports Council, West Bengal.

At his death the State has lost a veteran political leader and an able cultural, educational and sports organiser.

Dr. Abani Bhattacharjee, a former member of the West Bengal Legislative Assembly died at Bankura in the morning of the 11th March, 1992. He was about 74.

Born at Bankura on August 13, 1918 he took his early education from Bankura Collegiate School and Bankura Christian College and thereafter, had his M.B. degree from Calcutta and D.O.M.S degree from London. By profession he was a Medical Practitioner. As a member of the Indian Medical Service and the Indian Army Medical Corps, he served the Indian Army during the Second World War in India, Middle East and Italy.

He was associated with the Communist Party in Great Britain and was a member of the Party there during his stay in England as a student. He was a Commissioner and later the Chairman of the Bankura Municipality. He was elected a member of the West Bengal Legislative Assembly in 1962 General Election from the Bankura Constituency as a Communist Candidate

At his death the State has lost an able medical practitioner and a

veteran political leader.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(After two minutes)

Thank you, Ladies and Gentlemen. Secretary will send the message of condolence to the members of bereaved families of the deceased.

Adjournment

The House was then adjourned at 11-05 A.M. till 10.00 A.M. on Saturday, the 21st March 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Saturday, the 21st March, 1992 at 10.00 A.M.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 7 Ministers, 2 Ministers of State and 70 Members.

[10-00 — 10-10 A.M.]

Unstarred Questions

(To which written answers were laid on the Table)

Adoption of destitute and orphan children

1. (Admitted Question No.188) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Relief and Welfare (Social Welfare) Department be pleased to state—

(a) Whether the State Government has any proposal to regulate adoption of destitute and orphan children of West Bengal ;

(b) If so, the contemplation of the State Government in this regard ; and

(c) the number of adoptions of children of West Bengal reported by Voluntary Agencies/Child Welfare Institutions during 1988, 1989, 1990 and 1991 ?

Minister-in-Charge of the Relief and Welfare (Social Welfare) Department

(a) Adoption of destitute and orphan children are regulated by guidelines laid down by Government of India based on norms and principles laid down by the Supreme Court of India.

(b) Does not arise.

(c) The number of adoptions reported by Voluntary Agencies etc. are as follows :

During	1988	..	970 nos.
''	1989	..	883 ''
''	1990	..	530 ''
''	1991	..	603 ''

Mechanisation Progress in Agriculture in West Bengal

2. (Admitted Question No.193) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Agriculture Department be pleased to state—the mechanisation progress in Agriculture in West Bengal during the period from 1986-87 to 1990-91 ?

Minister-in-Charge of the Agriculture Department

Due to small fragmentation of land and poor economic condition of the farmers, it is difficult to adopt full mechanisation in agriculture in West Bengal. Besides as a matter of policy the State Government is also not in favour of full mechanisation in agriculture as this may create employment problem in rural areas. However there has been slow but steady progress of mechanisation with small machineries like tractors, power-tillers, seed drillers, wheel-hoe, mould board plough, sprayers, dusters, threshers etc. in the State during the period from 1986-87 to 1990-91.

Increase in the Literacy rate

3. (Admitted Question No.196) **Shri Deoki Nandan Podder** and **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Education (Non-Formal) Department be pleased to state—

(a) the particulars of increase in the Literacy rate in West Bengal during the decade 1981-91.

(b) whether the State Government has any information about Literacy rate for the corresponding period in other States ;

(c) if so, the figures in the States of Andhra Pradesh, Goa,

Himachal Pradesh, Manipur, Nagaland, Sikkim, Tamilnadu, Tripura, Andaman and Nicobar Islands, Daman and Dua, Lakshadeep and Pondicherry ; and

(d) in case the increase in the literacy rate in West Bengal during the decade has been lower than that in some of the States mentioned above, the reasons thereof ?

Minister-in-Charge of the Education (Non-Formal) Department

(a) The percentage of literate population aged 7 years and above in the decade can be explained in the following figures :

	1981	1991	Rate of increase
Total	48.64%	57.72%	9.08%
Male	59.93%	67.24%	7.31%
Female	36.07%	47.15%	11.08%

(b) Yes

(c)

State	1981	1991	Rate of increase
Andhra Pradesh	35.66%	45.11%	9.45%
Goa	63.71%	76.96%	11.25%
Himachal Pradesh	51.17%	63.54%	12.37%
Manipur	49.61%	60.96%	11.35%
Nagaland	50.20%	61.30%	11.10%
Sikkim	41.57%	56.53%	14.96%
Tamilnadu	54.38%	63.72%	9.34%
Tripura	50.10%	60.39%	10.29%
Andaman & Nicobar Islands	63.16%	73.74%	10.58%
Daman and Dua	59.91%	73.58%	13.67%
Lakshadeep	68.42%	79.23%	10.81%
Pondicherry	65.14%	74.91%	9.77%

(d) Increase in the Literacy rate of West Bengal is higher than national increase rate of 8.55% but lower than some small States and Union territories and some developed States like Himachal Pradesh, Tamilnadu and Andhra Pradesh is due to growth of population approximately 2% per annum. Influx of a large number of illiterates from the neighbouring State of Bihar, Orissa for jobs or for business. Because of heavy drop-out of children in primary stage the number of illiterates have also increased considerably.

Outlays and Expenditure on the different Rural Development Schemes

4. (Admitted Question No.199) **Shri Deoki Nandan Poddar :** Will the Minister-in-Charge of the Rural Development Department be pleased to state—

(a) the approved outlays and actual expenditure on the different Rural Development Schemes during the Seventh Plan Period (1985-90) ; and

(b) schemewise break-up of (a) above ?

Minister-in-Charge of the Rural Development Department

(a) and (b) : During the Seventh Plan Period (1985-90) the Rural Development Department administered the implementation of a few Rural Development Programmes, viz., IRDP, NREP, RLEGP and JRY

Programmewise break-up of outlay and actual expenditure is given below :

Name of the Programme	Period of Implementation	Total Outlay during the Period	Actual Expenditure
		(Lakhs of Rupees)	
1. I.R.D.P.	1985-90	23674.60	25979.93
2. N.R.E.P.	1985-89	16714.67*	15624.76
3. R.L.E.G.P.	1985-89	16063.02*	13618.47*
4. J.R.Y.	1989-90	21601.94*	19975.36*

*Including value of foodgrains.

Recommendations of the State Planning Board

5. (Admitted Question No.232) **Shri Abdus Salam Munshi** and **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Development & Planning Department be pleased to state—

(a) whether it is a fact that the State Planning Board has in its recommendations on the perspective plan suggested more centralised planning ;

(b) if so,

(i) the brief outlines of such recommendations of the State Planning Board so far as it relates to Planning for the Urban and Metropolitan Areas ; and

(ii) the contemplation of the State Government in the matter ?

Minister-in-Charge of the Development and Planning Department

(a) No.

(b) (i) Does not arise.

(ii) Does not arise.

Number of Apprentices belonging to Minority Communities

6. (Admitted Question No.235) **Shri Abdus Salam Munshi** and **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Home (Minority Affairs) Department be pleased to state—

the number of Apprentices (belonging to Minority Communities) selected as per the provisions of Apprentices Act, 1961 by the State and Private Sector Establishments in West Bengal during 1990 and 1991?

Minister-in-Charge of the Home (Minority Affairs) Department

The number of Apprentices belonging to Minority Communities selected as per provisions of the Apprentices Act, 1961 by the State

and Private Sector Establishments in West Bengal during 1989-90 and 1990-91 is as follows :

(Recorded as per financial year)

		1989-90	1990-91
Muslim	..	16	34
Sikh	..	7	1
Christian	..	4	12

Cross Value of Output from the Livestock Sector

7. (Admitted Question No.253) **Shri Ambica Banerjee** and **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Development & Planning Department be pleased to state—

(a) The Gross Value of Output from the Livestock Sector in West Bengal in :

(i) 1980-81

(ii) 1988-89

(iii) 1989-90

(iv) 1990-91 ; and

(b) Gross Value of Output from the Livestock Sector as percentage of the total Agricultural Output (Crop and Livestock Sector) during the period mentioned above ?

Minister-in-Charge of the Development and Planning Department

(a) The Gross Value of Output (in Rs. Lakhs) from the Livestock Sector in West Bengal is as follows :

Year	at current prices	at constant prices (1980-81)
1980-81	53281	53281
1988-89	211826	104664
1989-90	232857	107796
1990-91	276398	120359

(b) Gross Value of Output from the Livestock Sector as percentage to the total Agricultural Output (Crop and Livestock Sectors) in West Bengal is as follows :

Year	at current prices	at constant prices (1980-81)
1980-81	16.21	16.21
1988-89	23.27	21.76
1989-90	23.26	21.77
1990-91	23.66	23.98

সামাজিক বনসৃজন প্রকল্প

৮। (অনুমোদিত নং ৩৪৪) **শ্রী তপন হোড়ঃ** বন-বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত তিন বৎসরে সামাজিক বনসৃজন প্রকল্পে (বর্তমান বৎসরে ৩১-১-৯২ পর্যন্ত) পশ্চিমবঙ্গে কত টাকা খরচ করা হয়েছে ;

(খ) সরকার কি অবগত আছেন যে—

(১) বীরভূম জেলার ইলামবাজার বন নষ্ট হয়ে গেছে, এবং

(২) অবগত থাকলে, নতুন করে বন তৈরি করার কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) ব্যয়িত অর্থের পরিমাণ—

১৯৮৯-৯০ ৮২৯.০০ লক্ষ টাকা

১৯৯০-৯১ ১০১৯.৩৫ লক্ষ টাকা

১৯৯১-৯২ ৭৪৩.০০ লক্ষ টাকা

(৩০-১২-৯১ পর্যন্ত)

(ক) (১) বীরভূম বন বিভাগের অন্তর্গত ইলামবাজার বনাঞ্চল কিছুটা ক্ষতিগ্রস্ত হয়েছে ;

(২) বর্তমানে বন বিভাগ বন সংরক্ষণ কমিটির মাধ্যমে এবং স্থানীয় জনগণের সক্রিয় সহযোগিতার মধ্য দিয়ে অবক্ষয়িত জঙ্গলকে পুনরুজ্জীবিত করার প্রয়াস নিয়েছেন। বনদপ্তরে কর্মী ও স্থানীয় জনসাধারণ অনুপরিকল্পনার

মাধ্যমে যৌথভাবে কার্যপ্রণালী স্থির করেছেন ও প্রকল্পের সার্থক রূপায়ণ সুনিশ্চিত করেছেন। এবং এর ফলে অবক্ষয়িত বনাঞ্চল ধীরে ধীরে পুনরুজ্জীবিত হচ্ছে।

বন্যায় ক্ষতিগ্রস্তদের প্রদত্ত ক্ষতিপূরণ

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৫) **শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯১-৯২ আর্থিক বছরের ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত পশ্চিমবঙ্গে বন্যায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত (জেলা-ওয়ারী হিসাব) ?

ত্রাণ ও কল্যান (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

এককালীন অনুদান ও গৃহনির্মাণ অনুদান খাতে ১৯৯১-৯২ আর্থিক বছরের ৩১শে জানুযারি, ১৯৯২ পর্যন্ত কোনও ক্ষতিপূরণ মঞ্জুর করা যায়নি। কিন্তু বর্তমান আর্থিক বছরের ফেব্রুয়ারি-মার্চ মাসে ক্ষতিপূরণ বাবদ এ পর্যন্ত মোট ২ কোটি ৫৩ লক্ষ ৭৫ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে।

জেলা-ওয়ারী হিসাব নিম্নরূপ

জেলার নাম	অনুদান (টাঃ)	এককালীন গৃহনির্মাণ (অনুদান (টাঃ)
(১) বীরভূম	—	১৮ লক্ষ
(২) কুচবিহার	—	৯ লক্ষ ২৫ হাজার
(৩) দার্জিলিং	—	১৪ লক্ষ ৫০ হাজার
(৪) হুগলি	—	২ লক্ষ ৫০ হাজার
(৫) জলপাইগুড়ি	১০ হাজার	৫ লক্ষ
(৬) মালদা	১ লক্ষ ২০ হাজার	৭০ লক্ষ
(৭) মুর্শিদাবাদ	৫০ হাজার	২৫ লক্ষ
(৮) মেদিনীপুর	—	৪০ হাজার
(৯) নদীয়া	—	৩ হাজার
(১০) উত্তর ২৪-পরগনা	—	১৭ হাজার
(১১) পশ্চিম দিনাজপুর	১ লক্ষ ৯৫ হাজার	১ কোটি ২০ লক্ষ
	৩ লক্ষ ৭৫ হাজার	২ কোটি ৫০ লক্ষ

ভিক্ষুকের সংখ্যা

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৯) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ভিক্ষুকের সংখ্যা সম্পর্কে কোনও তথ্য রাজ্য সরকারের কাছে আছে কি না ;

(খ) থাকলে, ৩১শে জানুয়ারি, ১৯৯১ পর্যন্ত পশ্চিমবঙ্গে ভিক্ষুকের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত ভিক্ষুকদের পুনর্বাসনের জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবঙ্গে ভিক্ষুকের সংখ্যা সম্পর্কে কোনও তথ্য চক্রচর নিয়ামকের দপ্তরে নাই। এই ধরনের তথ্য সংগ্রহ হয়েছে বলে জানা নাই।

(খ) তথ্য জানা নাই।

(গ) যে সব ভিক্ষুকদের মানসিক ভারসাম্য আছে, তাদের পুনর্বাসনের জন্য সরকার কিছু ব্যবস্থা গ্রহণ করেছেন।

বিনা বিচারে আটক বন্দীর সংখ্যা ঃ

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪২) **শ্রীআবদুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর ১৯৯১ তারিখে রাজ্যের কারাগারগুলিতে কতজন বন্দী বিনা বিচারে আটক ছিলেন ;

(খ) ৩১শে জানুয়ারি ১৯৯২ তারিখে ঐ সংখ্যা কত ; এবং

(গ) উক্ত বন্দিদের কোনও রাজনৈতিক পরিচয় আছে কি না?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৪৩ (তেতাল্লিশ) জন "কাফে পোষা" আইন অনুযায়ী আটক ছিলেন।

(খ) ৩৬ (ছত্রিশ) জন "কাফে পোষা" আইন অনুযায়ী আটক ছিলেন।

(গ) জানা যায় নাই।

বাঁকুড়া জেলার বারিকুল জুনিয়ার হাইস্কুলকে মাধ্যমিক স্তরে উন্নয়ন

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩০) **শ্রীমতী আরতি হেমব্রম ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাঁকুড়া জেলার বারিকুল জুনিয়ার হাইস্কুলকে মাধ্যমিক স্তরে উন্নীত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

আবেদন এলে স্থানীয় প্রয়োজন ও আর্থিক সঙ্গতি বিবেচনা করে দেখা হতে পারে।

বাঁকুড়া জেলার শ্যামাডিতে বিদ্যালয় স্থাপন

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩২) **শ্রীমতী আরতি হেমব্রম ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার শ্যামাডিতে নতুন স্কুল নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, উক্ত বিষয়ে সরকারের চিন্তা ভাবনা কি?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) প্রাথমিক বিদ্যালয় হলে বাঁকুড়া জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ এ বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন,

(খ) বর্তমানে সরকারের কাছে কোনও খবর নেই।

তন্তুজ ও তন্তুশ্রীর স্থায়ী বিক্রয়কেন্দ্র

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৬) **শ্রী হারাধন বাউরী ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে তন্তুজ ও তন্তুশ্রীর স্থায়ী বিক্রয়ের কতগুলি কেন্দ্র আছে ;

(খ) উক্ত বিক্রয়কেন্দ্রগুলিতে কতজন স্থায়ী কর্মচারী আছেন ;

(গ) তন্মধ্যে কতজন (১) তফসিলি জাতি ও (২) তফসিলি উপজাতি ; এবং

(ঘ) ১৯৮৮-৮৯, ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ আর্থিক বৎসরগুলিতে তন্তুজ ও তন্তুশ্রীর মাধ্যমে মোট বিক্রয়ের পরিমাণ কত ছিল?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) তন্তুজের ১৩৩ টি ও
তন্তুশ্রীর ৮৬ টি

(খ) তন্তুজের ৭৩২ জন ও
তন্তুশ্রীর ৩৭০ জন

(গ) তন্তুশ্রী
(১) তপসিলি জাতি ২৩ জন ও
(২) তপসিলি উপজাতি ২ জন।

যেহেতু তন্তুজ একটি কোঅপারেটিভ সোসাইটি, W.B. SC & ST (Reservation of Vacancies in Services and Posts) Act, 1976 তন্তুজের ক্ষেত্রে প্রযোজ্য নয়, সেহেতু তন্তুজ কর্তৃপক্ষ আলাদাভাবে এ সমস্ত তথ্য রাখেন না।

	১৯৮৮-৮৯	১৯৮৯-৯০	১৯৯০-৯১
(ঘ) তন্তুজ	৪৭.৭০৫০ কোটি টাকা	৬৫.৫৩৫৬ কোটি টাকা	৬৮.৪৫২৫ কোটি টাকা
তন্তুশ্রী	১৫.০০ কোটি টাকা	২১.০০ কোটি টাকা	২৫.০০ কোটি টাকা

Comprehensive Corp Insurance Scheme

15. (Admitted Question No.854) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Agriculture Department be pleased to state—

(a) the salient features of the Comprehensive Crop Insurance Scheme (CCIS) ; and

(b) the progress so far up to 31st January, 1992 made in the implementation of the above scheme in West Bengal ?

Minister-in-Charge of the Agriculture Department

(a) Salient features of Comprehensive Crop Insurance Scheme

1. The Central Government decided to introduce a country wide Crop Insurance Scheme commencing from 1985 Kharif Season to be operated through the General Insurance Corporation of India (GIC) as its agent and with the active involvement of the State Government. The objectives of the Scheme are as under :

(i) To provide a measure of financial support to farmers in the event of a crop failure as a result of drought, flood, etc.

(ii) To restore the credit eligibility of farmers, after a crop failure, for the next crop season ; and

(iii) To Support and stimulate production of cereals, pulses and oilseeds The salient features of the said scheme are indicated below :

(i) Crops to be covered : Rice, Wheat, Millets, Oilseeds and Pulses.

(ii) Farmers to be covered : All farmers availing of crop loans from co-operative banks/commercial banks/gramin banks for raising the aforesaid crops.

(iii) Built in Insurance Coverage : Insurance coverage will be built in as a part of the crop loan for raising crops.

(iv) Sharing of risk between GIC and State Government : The coverage of risk in respect of crops insured will be shared between the GIC and the State Government in the ratio of 2 : 1.

(v) Area Approach : The scheme will operate in defined areas for each crop as may be notified by the Government before each of the seasons—Kharif and Rabi.

A defined area may be a District, Tehsil/Taluk, Block or other smaller contiguous areas :

(vi) Nature of Coverage : If the actual average yield per hectare of the insured crop for the defined area determined on the basis of crop cutting experiments in the insured season, falls short of the specified threshold yield, all the insured farmers growing that crop in the defined area are deemed to have suffered shortfall in their respective yields and the scheme seeks to provide coverage against such contingency.

(vii) Limit of Sum Insured : The sum insured per farmer is at present 100% of the loan actually disbursed to him for growing the crop in the defined area during the insured season subject to the maximum of Rs.10,000/- per farmer. The insurance charge will be calculated on the sum insured and the insurance charge will be an additionality to the scale of finance already available in respect of a particular crop.

(viii) Insurance premium and subsidy: The charges for insurance coverage shall be 2% of sum insured for rice and wheat and 1% of sum insured for pulses and oilseeds. For small and marginal farmers, 50% of the insurance charge shall be subsidised to be shared equally by the Central Government and the State Government.

(ix) Basis of indemnity: If there is a shortfall in the actual average yield per hectare of the insured crop, each of the insured farmers growing that crop in the defined areas will be eligible for indemnity calculated as under:

$$\frac{\text{Shortfall in yield}}{\text{Threshold yield}} \times \text{Sum insured for the farmer.}$$

(Shortfall in yield means threshold yield less the actual average yield for the defined area)

(x) Threshold yield a crop for a defined area: 80–90% of the average yield per hectare of the crop for the 'defined area' during the last five years (or such shorter period as may be decided for specific defined area) for which data are available based on crop cutting experiments or such other alternative methodology as may be adopted.

2. **Role of State Government**

The Scheme will be administered by the GIC in close collaboration with the State Government. The State Crop Insurance Fund will act as co-insurer to the extent of 33.33% in respect of Crop Insurance Scheme, 50% of the insurance charge in respect of small and marginal farmers insured in the State will be subsidised by the Government of India and the State Government equally i.e.25% by the Government of India and 25% by the State Government.

3. **Procedure for determination and payment of claims**

Within one month after crop cutting experiments of each insured crop, Bureau of Applied Economics and Statistics on behalf of the State Government shall furnish to GIC the data of yields for each defined area. On receipt of the yield data GIC shall identify the defined area for which claims become payable and determine the amount of claim payable to each Bank. GIC shall, thereafter, request the State Government to pay its share of claim to the extent of 33.33% out of the

State Crop Insurance Fund. Thereafter the GIC shall pay the 100% of the claim direct to all the concerned nodal banks. On receipt of claim remittance from GIC, the Bank concerned shall credit the claim amount to the account of the loanee farmer concerned.

Statement referred to in reply to clause (b) of the Question No.15 (Admitted Question No.854)

TABLE I

Extent of Coverage under Crop Insurance Scheme

Season	Sum insured under CCIS (Rs.in lakhs)	No. of farmers covered	Area of land covered (in hectares)
1. Kharif, 1985-86	2,826	2,52,556	1,67,254
2. Rabi, 1985-86	2,064	93,994	46,700
3. Kharif 1986-87	3,685	3,05,386	2,10,610
4. Rabi, 1986-87	2,582	1,19,670	82,537
5. Kharif, 1987-88	4,639	3,39,386	2,15,249
6. Rabi, 1987-88	2,706	1,15,594	64,989
7. Kharif, 1988-89	3,715	3,52,604	2,36,633
8. Rabi, 1988-89	2,437	1,42,418	80,067
9. Kharif, 1989-90	4,703	3,71,649	2,53,697
10. Rabi, 1989-90	2,084	1,10,790	64,091
11. Kharif, 1990-91	2,168	1,55,617	1,07,195
12. Rabi, 1990-91	2,254	1,03,062	57,924
13. Kharif, 1991-92	3,062	1,82,225	1,36,210
Total :	38,925	26,44,951	17,23,065

TABLE II

Season	Claims paid (Rs. in lakhs)	No. of farmers benefited
1. Kharif, 1985-86	23.25	23,110
2. Rabi, 1985-86	9.75	7,205

Season	Claims paid (Rs. in lakhs)	No. of farmers benefited
3. Kharif, 1986-87	212.70	69,772
4. Rabi, 1986-87	0.49	925
5. Kharif, 1987-88	195.70	52,863
6. Rabi, 1987-88	9.15	7,880
7. Kharif, 1988-89	19.60	13,903
8. Rabi, 1988-89	277.50	49,096
9. Kharif, 1989-90	—	—
10. Rabi, 1989-90	42.37	14,321
11. Kharif, 1990-91	331.91	80,959
Total :	1,122.42	3,19,434

Milk Production Level

16. (Admitted Question No.858) **Shri Deoki Nandan Poddar** and **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Animal Resources Development Department be pleased to state—

the level of Milk production in West Bengal compared to the level of milk Production at All-India level during the following financial years :

(i) 1984-85 ;

(ii) 1989-90 ; and

(iii) 1990-91 ?

Minister-in-Charge of the Animal Resources Development Department

Total (3,000 tonnes)

West Bengal	India
(i) 2,210 (5.32%)	41,517
(ii) 2,805 (5.45%)	51,402
(iii) 2,912	N.A.

PRESENTATION OF REPORT

Thirteenth Report of the Business Advisory Committee :

Mr. Speaker : I beg to present the 13th Report of the Business Advisory Committee which met in my Chamber on 20th March, 1992 and recommended the following programme of business for 21-3-92.

21-3-92 — 10.00 a.m. : General Discussion on Budget — 4 Hours. There will be no questions and mentions on the day.

I would now request the Minister-in-Charge of the Judicial Department to move the motion for acceptance of the House.

Shri Abdul Quiyom Molla : Sir, I beg to move that the 13th Report of the Business Advisory Committee, as presented to the House, be agreeed to.

The motion was then put and agreed to.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অনুরোধ করছিলাম, বুদ্ধদেববাবু এখানে আছেন, সত্যজিৎ রায়ের প্রতি আমাদের এই হাউস থেকে ইউন্যানিমাস একটা রেজলিউশন পাস করে অভিনন্দন জানানো হোক তাঁকে। ছোট একটা রেজলিউশন পাস করে এখান থেকে পাঠানো হোক। তিনি শীঘ্র আরোগ্য লাভ করুন, আমি আশা প্রকাশ করি তিনি সুস্থ হয়ে শীঘ্র বাড়িতে ফিরে আসুন। একটা ছোট রেজলিউশন পাস করে বুদ্ধদেববাবু তাঁর কাছে পাঠিয়ে দেবেন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা যে প্রস্তাব করেছেন সেটা ঠিকই। সত্যজিৎ রায় মহাশয় আমাদের সকলের গর্ব। তিনি ইতিমধ্যে দেশ এবং বিদেশের অনেক সম্মান পেয়েছেন, আমাদের ভারতবর্ষ থেকে তিনি বিশেষ সম্মানে সম্মানিত হয়েছেন। আমরা এখানে তাঁর প্রতি সম্মান প্রদর্শন করতে একটা ছোট রেজলিউশন নিতে চাই তাঁকে অভিনন্দন জানানোর জন্য এবং তাঁর শীঘ্র আরোগ্য কামনা করে। তিনি এখন নার্সিং হোমে আছেন, আমরা তাঁর দ্রুত আরোগ্য কামনা করি। আমরা সকলেই একমত হয়ে একটা প্রস্তাব উত্থাপন করে সেটা পাস করে তাঁর কাছে পাঠিয়ে দিতে চাই।

মিঃ স্পিকারঃ এই ব্যাপারে আমি অপোজিশনের সঙ্গে কথা বলেছি, রুলিং পার্টির সঙ্গে কথা বলেছি আমার চেম্বারে। আমার মনে হয় যদি মাননীয় সত্যজিৎ রায়ের প্রতি উপযুক্ত সম্মান প্রদর্শন করতে হয় তাহলে লিডার অফ দি হাউস এবং লিডার অফ দি অপোজিশন থেকে এই রেজলিউশন মুভ করা উচিত। উভয়েই ওই প্রস্তাবকে সমর্থন করবেন, অপোজিশন এবং রুলিং পার্টির সদস্যরা সকলেই এটাকে সমর্থন করবেন। মাননীয় মুখ্যমন্ত্রী

বোধ হয় আগামী সোমবার-এর আগে ফিরতে পারবেন না, মঙ্গলবার তিনি হয়ত এখানে থাকতে পারবেন। ওঁনার সঙ্গে কথা বলে মঙ্গলবার আলোচনার দিন ঠিক করব। আশা করি এই ব্যাপারে কারও আপত্তি থাকবে না। মাননীয় সত্যজিৎ রায় আমাদের দেশের গর্ব। মঙ্গলবার দিন আশা করা যায় প্রস্তাব নিয়ে আমরা আলোচনা করব।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received two notices of Adjournment motion. The first is from Shri Abdul Mannan on the subject of reported continuance of strike in twelve Jute Mills of the State and the second is from Dr. Manas Bhunia on the subject of alleged introduction of exit policy in service by West Bengal State Electricity Board.

The subject matters of the motions may be raised by the Members during general discussion on the Budget which commences today. Moreover, the Members may call the attention of the Ministers concerned through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to the motions.

One Member may, however, read out the text of his motion as amended.

শ্রী আবদুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল দীর্ঘ ৫০ দিন ধরে রাজ্যের চটকল শ্রমিকরা যে ধর্মঘট চালাচ্ছিলেন গত ১৭ই মার্চ এক ত্রিপাক্ষিক বৈঠকের পর চুক্তির মাধ্যমে তার অবসান হয়। কিন্তু হুগলি জেলায় নর্থব্রুক জুট মিল সহ ১২টি জুট মিলের মালিক পক্ষ চুক্তিতে স্বাক্ষর না করায় ঐ ১২টি জুট মিলের শ্রমিকরা এখনও ধর্মঘট চালিয়ে যেতে বাধ্য হচ্ছেন। মালিক পক্ষের অনমনীয় মনোভাবের বিরুদ্ধে ব্যবস্থা নিতে রাজ্য সরকার সম্পূর্ণ ব্যর্থ।

CALLING ATTENTION

Mr. Speaker : I have received three notices of Calling Attention, namely :-

1. Supply of life-saving drug at Asansol Sub-divisional Hospital : Shri Goutam Roy Chowdhury
2. Non-publication of the list : Dr. Manas Bhunia,

of top twenty position holders in last years' Secondary Examination	Shri Abdul Mannan and Shri Sanjib Kumar Das
3. Reported granting of Parels to the convicts of Debjani Banik murder case	: Shri Kshiti Goswami

I have selected the notice of Shri Kshiti Goswami on the subject of reported granting of Parels to the convicts of Debjani Banik murder case.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on the 24th March, 1992.

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী সোমেন্দ্রনাথ মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৬ই মার্চ রাজ্যের অর্থমন্ত্রী ১৯৯২-৯৩ সালের রাজ্য বাজেট বরাদ্দ পেশ করেছেন। বাজেট বিবৃতিতে আমি পড়ে দেখলাম যে নিজের রাজ্যের কথা, নিজের রাজ্যের অর্থনৈতিক অবস্থার কথায় খুব বেশি গুরুত্ব না দিয়ে তিনি অত্যন্ত উদ্বিগ্ন এবং উৎকণ্ঠার সাথে কেন্দ্রীয় সরকারের বিশ্ব ব্যাঙ্কের ঋণ, আই.এম.এফ.-এর ঋণ, কেন্দ্রীয় অর্থনীতি এবং কেন্দ্রীয় শিল্প নীতির অপব্যাখ্যা করে মানুষের মধ্যে একটা ভীতি সঞ্চার করবার চেষ্টা করেছেন। একজিস্টিং পলিসিকে সামনে রেখে কেন্দ্রীয় শিল্প নীতিকে অপব্যাখ্যা করে তিনি শ্রমিকদের মধ্যে একটা অসন্তোষ সৃষ্টি করবার চেষ্টা করেছেন। আমি জানি না, মাননীয় অর্থমন্ত্রী অত্যন্ত বিজ্ঞ লোক, অর্থনীতিতে উনি একজন বিশেষজ্ঞ মানুষ, উনি এমন আশঙ্কাও করেছেন যে ভারতবর্ষের সার্বভৌমত্ব অবধি ক্ষুন্ন হতে পারে—আমি জানি না—ওঁর আশঙ্কার কারণ কি? আমরা কংগ্রেসের পক্ষ থেকে যদি বলি তাহলে উনি বোধহয় বলবেন যে, কংগ্রেস এই ধরনের কথা বলেই থাকে। কংগ্রেসিরা দেশকে বিকিয়ে দিতে চায়। আমি আর একজন বিজ্ঞ মানুষের কেন্দ্রীয় বাজেট সম্বন্ধে যে বক্তব্য তা স্যার, আপনার সামনে তুলে ধরছি। গত ৯ই মার্চ কলকাতাতে স্টেটসম্যান পত্রিকা আয়োজিত কেন্দ্রীয় বাজেটের উপরে একটা আলোচনা সভা হয় এবং সেই সভায় এমিনেন্ট জুরিস্ট অ্যান্ড কনস্টিটিউশনাল এক্সপার্ট ননী পাল্কিওয়ালা যে কথা বলেছেন সেই কথা শুনে আমার মনে হয়েছে যে, রাজ্যের অর্থমন্ত্রী হয়ত নিজের দায়িত্ব পালনে অপারগ, সেইজন্য তিনি অন্যের কাঁধে দায়িত্ব চাপিয়ে দায়িত্ব ভার লাঘব করতে চেয়েছেন। ননী পাল্কিওয়ালা বলেছেন যে, "The Union Budget of 1992-93 as a "Watershed Budget", which signalled the "the close of an era and the

opening of a totally new chapter in the history of the country." Mr. Palkiwala felt the proposals would have a "tremendous impact on the history of our times and ensure a future for tomorrow's citizens better than what had been provided for them in the Budgets we have had for the past 40 years."

[10-10 — 10-20 A.M.]

স্যার, তিনি আরও বলেছেন শুনুন, আরও বলেছেন India is not a sponge that can be brought under the tutelage of multi-national Companies as was the case in the time of East India Company." The country had the resilience to fight the domination of multi-nationals. স্যার, ননী পাল্কিওয়ালার কথা বাদ দিলাম, ১২ই মার্চ কমিউনিস্ট পার্টির রাজ্য সম্মেলন হল এবং সেই সম্মেলনে বিদগ্ধ নেতা শ্রী ইন্দ্রজিৎ গুপ্ত কি বলেছিলেন শুনুন—"Although Mr. Gupta was critical about economic conditions in the Country. He interestingly enough mentioned that he did not think the Narsimha Rao Government was selling the country by taking loans from the world Bank and IMF." I personally do not believe that the nation can be sold off to them. এরপরেও মাননীয় অর্থমন্ত্রীর উদ্বেগের কারণ কি আমরা বুঝতে পারছি না। মাননীয় অর্থমন্ত্রী তাঁর উত্তর দেবার সময়ে এই ধারণাগুলি সম্পর্কে যদি একটু সদস্যদের কাছে পরিষ্কার করে বলে দেন তাহলে ভালো হয়। স্যার, আমি আরেকটি বিষয়ে বলছি, মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে, কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন পরিবর্তনশীল জগতের সাথে যদি নিজেকে খাপ না খাইয়ে এগিয়ে না নিয়ে যাওয়া যায় তাহলে অগ্রগতির জোয়ার এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব নয়। এতো আর আমাদের কথা নয়, চায়নার নিউজ বুলেটিনে বেরিয়েছে, নিউজ ফ্রম চায়না, ৪ঠা মার্চ ১৯৯২ সালে বেরিয়েছে। চায়না এমবেসী থেকে প্রকাশিত হয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী শিল্পনীতি সম্পর্কে বলতে গিয়ে লুজিং পাবলিক সেক্টরের কথা বলেছেন এবং লুজিং পাবলিক সেক্টর কতটা ভায়াবেল সেটা দেখতে হবে বলেছেন। কিন্তু তিনি একথাও বলেছেন যে, সেই ভায়বিলিটি দেখতে হবে শ্রমিক স্বার্থকে উপেক্ষা করে নয়। কেন্দ্রীয় অর্থমন্ত্রী এবং প্রধানমন্ত্রী বারেবারে জোর করে ঘোষণা করেছেন যে শ্রমিক স্বার্থকে উপেক্ষা করে বা শ্রমিক স্বার্থকে জলাঞ্জলি দিয়ে কোনও কিছু করা হবে না। এবং হবে না বলেই তিনি কতগুলি কমিটি করে দিয়েছেন। যে সমস্ত লুজিং প্রাইভেট সেক্টর আছে তাদেরকে কিভাবে ভায়াবেল করা যায় তার চেষ্টাও করেছেন এবং তাদের ভায়াবেল রিপোর্ট তৈরি করবার জন্য একটা কমিটিও করেছেন। সর্বোপরি তিনি বি আই এফ আরের উপরে দায়িত্ব দিয়েছেন তাদের ভায়াবিলিটি দেখার জন্যে। সেখানে লুজিং কনসার্নে লস হওয়ার ব্যাপার নিয়ে আমাদের অর্থমন্ত্রী কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে প্রতিক্রিয়াশীল বলেছেন। আমরা যদি সোভিয়েত রাশিয়ার দিকে তাকাই, যদিও সোভিয়েত রাশিয়ার পট পরিবর্তন হয়েছে, সেটা ছেড়ে দিয়ে যে কোনও সোসালিস্ট কান্ট্রির কথাই ধরা

যাক না কেন, যেমন সোসালিস্ট কান্ট্রি হিসাবে চায়নার কথা ধরা যাক, সেখানে কি বলেছে শুনুন, সেখানে চায়নার পিপলস ডেলিতে বলেছে—The organ of the communist party of China, published an editorial on Monday entitled "carrying reforms in a Bolder Manner." The leading chinese newspaper also carried a front page editorial last Saturday to call upon party and Government officials to do economic work well and step up the country's reform and opening up drive. According to newspapers the changing of the managerial mechanism of enterprises was aimed at breaking up the "Three-irons", namely "Iron-Chair" which provides permanent post for managerial officials, the "Iron-salary" which represents a fixed income for employees and the "Iron-bowl" which offers life time jobs. স্যার, মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী তাঁর নীতি নির্দ্ধারণ-এর সময়ে যে কথা বলেছেন, সেই বলার সঙ্গে এর কোনও ফারাক আছে বলে আমার মনে হয়না। কারণ, মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী যেখানে বলছেন আজকে সোশ্যালিস্ট কান্ট্রি চায়না, সেই চায়নার কথা আমি বাদই দিলাম, মাননীয় অর্থমন্ত্রীর সরকার যখন '৭৭ সালে প্রথম ক্ষমতায় এলেন তখন '৭৮ সালে একটা ইন্ডাস্ট্রিয়াল পলিসি ফর ওয়েস্ট বেঙ্গল হল, সেই পলিসিতে কি বললেন "One simple policy prescription follows from the above in the case of all sick units, proposals for reopening should be considered only if these are found viable under normal conditions of demand. The old Management should in general be thrown out except where it can be shown that the unit became sick because of inforeseable bad luck, rather than because of dishonesty, shortsightedness of incompetence or their part." স্যার, এক্ষেত্রে আমি তো বুঝতে পারছি না মাননীয় অর্থমন্ত্রী এত উদ্বিগ্ন কেন! আমার মনে হচ্ছে মাননীয় অর্থমন্ত্রীর উদ্বেগের একটাই কারণ, গত কয়েক বছর ধরে ঘাটতি শূন্য বাজেট করতে গিয়ে তিনি রাজ্যের অর্থনীতির উপর যে চরম আঘাত এনেছেন, সেটাকে আমার মনে হয় ঢাকবার জন্য কেন্দ্র বিরোধী একটা রাজনৈতিক স্লোগান তিনি তৈরি করবার চেষ্টা করেছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব ওনার অন্ততঃ এটুকু বিশ্বাস থাকা দরকার যে, কেন্দ্রীয় সরকার সোভারনিটিকে কখনই চ্যালেঞ্জ করেনি এবং কখনও করবে না। অতএব সেইদিক থেকে নিশ্চয়তা রেখে মাননীয় অর্থমন্ত্রী যদি তাঁর নিজের রাজ্যের দিকে তাকান, তাহলে বুঝতে পারবেন নিজের রাজ্যের জন্য কি করেছেন। স্যার, এবারের বাজেট বক্তৃতায় আমি দেখলাম মাননীয় অর্থমন্ত্রী বলেছেন সপ্তম যোজনায় ৪ হাজার ১২৫ কোটি টাকা বরাদ্দ ছিল, সেই টাকার থেকেও উনি ৯ শতাংশ বেশি টাকা খরচ করেছেন। মাননীয় অর্থমন্ত্রী এই কথা বলে লোককে বোঝাতে চেয়েছেন পশ্চিমবঙ্গের উন্নয়ন কি প্রবল গতিতে এগোচ্ছে বরাদ্দকৃত যোজনার টাকা থেকেও ১ শতাংশ টাকা বেশি খরচ করে ফেলেছেন। স্যার, ডাক্তারি শাস্ত্রে একটা জিনিস আছে দেখবেন, অনেক সময় অনেক মৃত রোগীকে ক্লিনিকালি বাঁচিয়ে রাখবার চেষ্টা হয়। এটাকে ক্লিনিকালি অ্যালাইভ বলা হয়। মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গের অর্থনীতিকে

ক্লিনিকালি অ্যালাইভ করে রেখে দিয়েছেন, এর মৃত্যু কিন্তু অনেক আগেই হয়ে গেছে। এখানে যদি ষষ্ঠ যোজনার হিসাবটা দেখেন তাহলে দেখতে পাবেন ষষ্ঠ যোজনায় ৩ হাজার ৫০০ কোটি টাকা বরাদ্দ ছিল, কিন্তু সেই যোজনার খাতের বরাদ্দকৃত টাকায় কি করলেন, সেই বরাদ্দকৃত টাকা খরচ করতে পারলেন না। ২ হাজার ৪৩৩ কোটি টাকা খরচ করেছিলেন আর ১ হাজার ৬৬ কোটি প্রায় ৭৩ লক্ষ টাকা ফেরৎ চলে গেল। তাই মৃত্যু তো সেদিনই হয়ে গেছে, কারণ ষষ্ঠ যোজনায় যদি ৩ হাজার ৫০০ কোটি টাকা খরচ করতে পারতেন তাহলে ৭ম যোজনায় নূন্যতম ৭ হাজার কোটি টাকা পেতেন।

[10-20 — 10-30 A.M.]

সেই সাত হাজার কোটি টাকার কথা না বলে উনি ৪,১২০ কোটি টাকা খরচ করে বাহবা কুড়োতে চাইছেন। আমাদের মাননীয় অর্থমন্ত্রী অত্যন্ত পন্ডিত, পন্ডিতরা তাদের পান্ডিত্য দিয়ে চিরকাল সাধারণ মানুষকে বোকা বানাবার চেষ্টা করেন এবং তিনিও আমাদের বোকা বানাবার চেষ্টা করেছেন ও সপ্তম যোজনার কথা বলেছেন। উনি ষষ্ঠ যোজনায় যাননি, জানিনা অষ্টম যোজনায় কি হবে। এটা মাননীয় অর্থমন্ত্রীই বলতে পারবেন। স্যার তাই আমি বলেছিলাম, আসলে কেন্দ্র বিরোধী যে কথা ও যে বঞ্চনার কথা এর সবটাই এই রাজ্যের রুগ্ন অর্থনীতিকে চাপা দিয়ে মানুষের দৃষ্টিভঙ্গিকে অন্য দিকে ঘুরিয়ে দেওয়ার জন্যই। মাননীয় অর্থমন্ত্রী একটা জায়গায় বলেছেন কেন্দ্রে স্পেশ্যাল অ্যাসিস্টেন্স ২৯৫ কোটি টাকা কেন্দ্র দেননি এবং এটা তিনি বার বার বলার চেষ্টা করেছেন। স্যার, এই স্পেশ্যাল অ্যাসিস্টেন্স বা বিশেষ সহায়তা যে দিতেই হবে এমন কোনও বাধ্য-বাধকতা নেই। গ্যাডগিল ফর্মুলাতে উনি এই টাকা পাননা, মডিফায়েড গাডগিল ফর্মুলাতেও উনি এই টাকা পাননা, এমনকি মুখার্জি ফর্মুলাতেও উনি এই টাকা পাননা, অথচ উনি বলেছেন যে এই ২১৫ কোটি টাকা পেলে রাজ্যে নাকি উন্নয়নের বন্যা বয়ে যেত। স্যার, এই স্পেশ্যাল অ্যাসিস্টেন্স আমার মনে হয় ভারতবর্ষের কোনও রাজ্য পায়না। মাননীয় অর্থমন্ত্রী আবদার করে এই টাকা কেন্দ্রের কাছে চেয়েছিলেন। কিন্তু কেন্দ্রের অর্থনৈতিক অবস্থা যে খারাপ এটা আমার থেকে ভালো করে আমাদের অর্থমন্ত্রী জানেন। কারণ দু'বছর ধরে ওনাদের বন্ধু সরকার গদিতে ছিলেন এবং অর্থনৈতিক অবস্থা খারাপ করে দিয়েছেন বলেই এই টাকা দেওয়া যায়নি। এই সব উনি জানতেন এবং এই টাকা পাবেন না জেনেই উনি কেন্দ্র বিরোধী একটা স্লোগান প্রচারের চেষ্টা করেছেন। এই টাকাটা, অর্থাৎ বিশেষ সহায়তা পেলেওকি উনি উন্নয়ন করতে পারতেন। এই সম্বন্ধে আর কেউ নিশ্চিত হোক না হোক আমরা নিশ্চিন্ত যে উনি উন্নয়ন করতে পারতেন না। উনি কোথাও বলেননি যে রাজ্য থেকে যে টাকা আদায় করার কথা ওনার ছিল সেটা উনি কেন আদায় করতে পারলেন না। উনি নিজের রাজ্যে রাজস্ব আদায় করতে পারলেন না এবং সেই অপরাধটা উনি কেন্দ্রের ঘাড়ে চাপিয়ে দেওয়ার চেষ্টা করলেন। স্যার, আমি 'বাজেট অ্যাট এ গ্ল্যান্স' এই বইটার ছয় পাতায় মাননীয় অর্থমন্ত্রীর দেওয়া তথ্য থেকে বলছি, উনি ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ থেকে রাজস্ব আদায় করবেন বলেছিলেন ২১৬ কোটি ৭৯ লক্ষ টাকা। উনি আদায়

করলেন কত? উনি আদায় করলেন মাত্র ২৪৪ কোটি ১৮ লক্ষ টাকা। স্যার, আপনি ভাবুন, রাজ্যের নিজস্ব যে রাজস্ব সেই রাজস্বও উনি আদায় করতে পারছেন না, আর উনি কেন্দ্রের স্পেশ্যাল গ্র্যান্ট চাইছেন। যে স্পেশ্যাল গ্রান্ট উত্তরপ্রদেশ পায়নি, বিহার, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র পায়নি, আর উনি বলছেন সেই গ্র্যান্ট না পাওয়ার জন্য নাকি রাজ্যের অর্থনীতি ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। আসলে মাননীয় অর্থমন্ত্রী বুদ্ধিমত্তার মাধ্যমে মানুষকে বোকা বানাবার চেষ্টা করছেন। উনি বলেছিলেন স্টেট এক্সসাইজে ১৯৯ কোটি টাকা আদায় করবেন, কিন্তু উনি আদায় করলেন ১৮৪ কোটি টাকা। সেলস ট্যাক্সে উনি আদায় করবেন বলেছিলেন ১৪৯২ কোটি ৭০ লক্ষ টাকা, কিন্তু উনি ১৯৯১-৯২ সালে উনি এর থেকে আদায় করলেন ১৪৫০ কোটি টাকা।

এখানে আদায় করতে পারলেন না ৪২০৭ কোটি টাকা। স্যার, যিনি নিজের রাজস্ব আদায় করতে পারছেন না, তিনি কেন্দ্রের সেন্ট্রাল অ্যাসিস্টেন্স পাননি বলে কি করে কেন্দ্র বিরোধী স্লোগান তৈরি করছেন? এইভাবে কতদিন পশ্চিমবঙ্গের মানুষকে ওঁরা বোকা বানাবেন? স্যার, উনি ১৯৯১-৯২ সালে ট্যাক্সেস অন গুডস অ্যান্ড প্যাসেঞ্জারস কত আদায় করতে পারবেন বলেছিলেন—১৫৭ কোটি ৬৮ লক্ষ টাকা। করেছেন কত? ১৪০ কোটি টাকা। আবার ১৯৯২-৯৩ সালে বলেছেন, ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউয়ে ৩২৫ কোটি ১৫ লক্ষ টাকা আদায় করবেন। আমি জানিনা, ১৯৯১-৯২ সালে ৫২ কোটি টাকা আদায় করতে পারলেন না তিনি ১৯৯২-৯৩ তে কি করবেন? স্যার এটা ভগবানই জানেন। সেলস ট্যাক্সে বলেছেন ১৯৯২-৯৩ সালে ১৯০০ কোটি টাকা আদায় করবেন, কিন্তু স্যার এর সবটাই ভাঁওতা। ঘাটতিশূন্য বাজেটের ভাঁওতাগুলিই হচ্ছে এইসব। আরও পরিষ্কার হয়ে যাবে যখন দফাওয়ারি বাজেট হবে এবং তখন এর চেহারাটা আরও পরিস্ফুট হয়ে উঠবে। উনি বলছেন, ২১৫ কোটি টাকা পেলে পশ্চিমবঙ্গের উন্নয়ন হু হু করে এগোতো। এটা স্যার আমি বিশ্বাস করি না। কারণ যদি উন্নয়নের মানসিকতা ওঁনার থাকত উন্নয়নের গতিকে অব্যাহত রাখবার চেষ্টা থাকত তাহলে নিজের রাজ্যের যে রাজস্ব ১৩৭ কোটি ১৬ লক্ষ টাকা, সেটা থাকত না। স্যার, এ ছাড়া উনি কি পেলেন? উনি কেন্দ্রের কাছ থেকে যেটা এক্সট্রা পেলেন সেটা কিন্তু একবারও বললেন না। স্টেট শেয়ার অন ইনকাম ট্যাক্স সেখানে কত টাকা পেলেন? ১৯৯১-৯২ সালের বাজেটে অর্থমন্ত্রী মহাশয় ধরেছিলেন—যেখানে ইনকাম ট্যাক্স স্টেট শেয়ার হিসাবে পান ৩৬৮ কোটি ৬৬ লক্ষ টাকা। কিন্তু কত টাকা পেলেন? পেলেন স্যার, ৪০৭ কোটি ১৩ লক্ষ টাকা। এটা কিন্তু মাননীয় অর্থমন্ত্রী একবারও বললেন না। যেটা উনি ধরেছিলেন তার থেকে উনি বেশি পেয়েছেন। এটা স্যার ওঁনার অধিকার আছে, দাবি আছে। কিন্তু উন্নয়ন যদি করবার ইচ্ছে থাকত তাহলে ওই ২১৫ কোটি টাকার বাহানা দিতেন না। নিজস্ব রাজস্ব যে ১৯৬ কোটি টাকা সেই রাজস্ব সংগ্রহ করতে ব্যর্থ হলেন। ইনকাম ট্যাক্স স্টেট শেয়ার থেকে পেলেন ৩৯ কোটি ৬৭ লক্ষ টাকা। বেশি পেলেন ৩৯ কোটি ৬৭ লক্ষ টাকা। ইনকাম ট্যাক্সে যে সেন্ট্রাল একসাইজ সেই সেন্ট্রাল একসাইজে উনি ধরেছিলেন ৭৭২

কোটি ৪ লক্ষ টাকা কিন্তু সেখানে পেলেন কত? পেলেন সেখানে ৮২৮ কোটি ২৯ লক্ষ টাকা। এই টাকাগুলি কিন্তু উপরি পাওনা। ২১৫ কোটি টাকার বাহানা যে উনি দেখাচ্ছেন—কিন্তু ওরা যদি ইচ্ছে থাকত নিজস্ব রাজস্ব আদায় করে এবং যে উপরি টাকা কেন্দ্রের কাছ থেকে পেলেন সেই টাকা দিয়ে রাজ্যের উন্নয়নকে উনি রেলগাড়ির মতোন এগিয়ে নিয়ে যেতে পারতেন। কিন্তু করলেন না। সেই একটাই কথা, কি? না, কেন্দ্র বিরোধী জিগির। এবং ১ঘ এর একটাই কারণ রুগী আগেই মৃত হয়ে গেছে, মৃত রুগীকে ডাক্তারের হাতযশে দিয়ে কিছুদিন বাঁচানো যায় কিন্তু চিরকালের জন্য বাঁচানো যায় না। তাই মৃত্যু অবশ্যম্ভাবী। মৃত্যু অবশ্যম্ভাবী হয়ে দাঁড়িয়েছে। স্মল সেভিংস-এ ব্যাপারে—স্যার আমি অস্বীকার করি না,

[10-30 — 10-40 A.M.]

কেন্দ্রের বিভিন্ন মিউচুয়াল বন্ডে আকর্ষণীয় সুদ বৃদ্ধির ফলে স্মল সেভিংস কিছু কিছু মার খেয়েছে। এটা ওঁনার ব্যাপার শুধু নয়, সারা ভারতবর্ষ মার খেয়েছে, শুধু পশ্চিমবঙ্গ মার খায় নি। **(এ ভয়েস ঃ অন্যায়।)** অন্যায় আমি বলছি না। এটা তো রঙ্গরাজন কমিটি তৈরি করে দিয়েছে। রঙ্গরাজন কমিটি বলেছে রেক্টিফাই করে দেওয়া হোক। আমরা বলেছি অসুবিধা হয়েছে, অসুবিধা হয় নি বলি নি। আমরা যেটা বলছি মাননীয় অর্থমন্ত্রী স্বল্প সঞ্চয়ের টাকা কম পেয়েছেন, কেন্দ্রের ঘাড়ে দোষ চাপাবেন এটা ঠিক নয়। অর্থমন্ত্রী তাহলে দেখতেন প্রাইভেট নন-ব্যাঙ্কিং ফাইন্যান্সিয়াল ইন্সটিটুউশন কিভাবে পশ্চিমবঙ্গে ব্যাঙের ছাতার মতো গজাচ্ছে। একটা পিয়ারলেস বাদ দিলে প্রতিদিন ব্যাঙের ছাতার মতো এই ধরনের চিট ফান্ড তৈরি হচ্ছে যারা গ্রামের গরিব মানুষকে প্রলোভন দেখিয়ে চিট করছে। তারা বলছে দু'বছরে দুগুণ করে দেব টাকা, তিন বছরে ৫ গুণ করে দেব। অদ্ভুত সব লোভ দেখাচ্ছে। আর গ্রামের মানুষ, কৃষকরা অর্থ সেই সব জায়গায় জমা রেখে চিটেড হচ্ছে। এই হচ্ছে অবস্থা। কিছুদিন আগে দেখেছি, আমি জানি না মাননীয় অর্থমন্ত্রী কেন বন্ধ করার চেষ্টা করলেন না। আমি জানি এটা শুধু ওনার হাতে নয়, এটা রিজার্ভ ব্যাঙ্কেও জানাতে হবে। কিন্তু রিজার্ভ ব্যাঙ্ককে জানিয়েছেন বললেও বুঝতে পারতাম ওঁর সদিচ্ছা আছে—এই সব গজিয়ে ওঠা ব্যাঙ্কের ছাতার মতো প্রতিষ্ঠানগুলোর ব্যাপারে উনি কিছু সুপারিশ করেছেন। এর আগের যিনি অর্থমন্ত্রী ছিলেন শ্রী অশোক মিত্র তিনি সঞ্চয়িতার ক্ষেত্রে কিছু ব্যবস্থা নিয়েছিলেন। কোটি কোটি টাকা নিয়ে ছিনিমিনি খেলেছিল ১২ পারসেন্ট সুদ দিচ্ছিল। এটা স্মাগলিং বিজনেস যারা করে তারা দিতে পারে। তিনি সেইটার বিরোধিতা করতে গিয়েছিলেন, এই ধরনের চিট ফান্ড বন্ধ করবার জন্য চেষ্টা করেছিলেন। করতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী অশোক মিত্রের চাকরি গেল। **(এ ভয়েস ঃ আপনারা কিছু করেন নি কেন?)** আমাদের তো কিছু করার ছিল না, করবেন আপনারা, সরকার চালাচ্ছেন আপনারা, আপনারা করবেন। এই ধরনের চিট ফান্ডগুলো উনি বন্ধ করবার চেষ্টা করতে পারতেন। শতদল, ভেরোনা, সঞ্চয়নী, ফেভারিট, তপোবন হাউসিং ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট। তপোবন হাউসিং ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউটের ক্ষেত্রে কে ধরা পড়ল? এতে ধরা পড়ল আপনাদেরই শরিক দলের একজন। এতে যদি

মানুষের মনে সন্দেহ জাগে যে এই ধরনের গজিয়ে ওঠা চিট ফান্ডগুলোর সাথে আপনাদের সম্পর্ক আছে তাহলে কি স্যার সেটা অন্যায় হবে। ডি, এস, পির অরুণ মিত্র তিনি সেটা করে ফেললেন। আমি ধন্যবাদ জানাই তাকে গ্রেপ্তার করা হয়েছে বলে। গ্রেপ্তার করা হয়েছে বলেই আসল মুখোস খুলে গিয়েছে। কিন্তু স্যার যদি এই ধরনের গজিয়ে ওঠা প্রাইভেট ফাইন্যান্স বন্ধ করতে পারতেন, শুধু স্বল্প সঞ্চয় আয় কম হয়েছে, ঋণ কম পেয়েছি এইটা মাননীয় অর্থমন্ত্রীকে সভায় গাইতে হত না। কেন্দ্রীয় অর্থমন্ত্রী রঙ্গরাজন কমিশন তৈরি করেছেন, রিপোর্ট তারা দিয়েছে, আমরা তো বলছি, এর ফলে অসুবিধা হয়েছে, কিন্তু অসুবিধা হওয়ার নাম করে উনি বললেন, আমি একেবারে থমকে গিয়েছি। এটা স্যার খুব বিপদের ব্যাপার। আমি আগেই বলেছি রোগী আগেই মরেছে, সেই রোগীকে ওঁনারা ক্লিনিক্যাল ব্যবস্থায় বাঁচিয়ে রাখছেন, মরতে দিচ্ছেন না। উনি বলেন, উনি দারুণ কাজ করে পশ্চিমবঙ্গকে দারুণভাবে এগিয়ে নিয়েছেন। পশ্চিমবঙ্গের তথাকথিত এগোনোর একটা খতিয়ান দিচ্ছি। তার আগে একটা কথা বলি ৯২-৯৩তে ব্যয়-বরাদ্দে গত কয়েক বছরের ঘাটতিশূন্য চমক আর ঢুকিয়ে রাখতে পারলেন না। তিনি এইবার ঘাটতি বাজেট করলেন, ৫৮ কোটি টাকার ট্যাক্স বসালেন, তবুও ৪২ কোটি টাকা ঘাটতি হল।

৫৮ কোটির ট্যাক্স কিসে বসালেন? ৪০ কোটি টাকা হচ্ছে স্ট্যাম্প ডিউটিতে। বললেন যে কালো টাকা, ওকে সাদা করতে হবে। অবশ্য বুদ্ধদেববাবুও এর সাথে জড়িত। কারণ শহরের জমির সাথে ওনার ...

(নয়েজ)

না, না, আমি জমির দুর্নীতির কথা বলি নি। আমি বলতে চাই যে শহরের জমি যেগুলি হস্তান্তর হচ্ছে সেগুলিতে ওনার পারমিশন লাগে। এখন শহরে কত পারসেন্ট জমি হস্তান্তরিত হয়? আপনি বলছেন, এটা দিয়ে কালো টাকা উদ্ধার করা যাবে। যেখানে সেন্ট্রাল ইনকাম ট্যাক্স পারছে না, সেন্ট্রাল ভিজিলেন্স পারছে না, সেন্ট্রালের এতোগুলি অর্গানাইজেশন আছে কালো টাকা উদ্ধার করার জন্য, তারা যেখানে ঘুরে বেড়াচ্ছে সেখানে আপনি বলছেন যে, এটা দিয়ে কালো টাকা উদ্ধার হবে। উনি বলবেন যে সেন্ট্রাল গভর্নমেন্টের অফিসাররা দুর্নীতিগ্রস্ত। সেন্ট্রাল গভর্নমেন্টের অফিসাররা দুর্নীতিগ্রস্ত আর ওনাদের অফিসাররা গঙ্গাজলে হাত ধুয়ে আছেন। যে অফিসারদের দিয়ে উনি ১৩৭ কোটি টাকার প্রপোজড ট্যাক্স, রেভিনিউ যেটা সেটা কালেকশন করতে পারলেন না সেই অফিসারদের দিয়ে বলছেন যে ৪০ কোটি টাকার স্ট্যাম্প ডিউটি উনি তুলবেন। এই স্ট্যাম্প ডিউটিতে ক্ষতিগ্রস্ত কারা হয়? শহরে এবং গ্রামে ল্যান্ড সিলিং অ্যাক্ট হয়ে গিয়েছে। মাননীয় অর্থমন্ত্রীর সরকার বার বার করে ঘোষণা করেন যে ল্যান্ড ডিস্ট্রিবিউশনে নাকি পশ্চিমবঙ্গে বিপ্লব এসে গিয়েছে। তাহলে একথা তো ধরেই নিতে হবে যে লুকানো জমি আর নেই। লুকানো জমি যদি না থাকে তাহলে কোথা থেকে কালো টাকা উদ্ধার করবেন? আরবান ল্যান্ড থেকে কত পারসেন্ট টাকা আদায় করবেন? এটা স্যার, একটা ধাপ্পা। আসলে ঘাটতি কিন্তু অনেক বেশি। ১০০ কোটি টাকা

ঘাটতি বললে মাননীয় অর্থমন্ত্রীর দলই মাননীয় অর্থমন্ত্রীকে তাড়িয়ে দেবেন সেইজন্য ওকে এই জাগলারি করতে হয়েছে। তারপর ৪০ কোটি টাকা ঘাটতি তুলতে গিয়ে উনি কি করবেন? শহরে ২/৪ জন মারা যাবে, তারা চিরকালই মারা যায়, তাদের জন্য আমাদের কোনও দুঃখ নেই কিন্তু যে গ্রামের মানুষের কথা ওরা বারবার বলেন, যে গ্রামের দরিদ্র মানুষদের প্রতিনিধিত্ব করেন বলে মারা তো যাবে সেই গ্রামের গরিব লোকরাই। উনি তো কোনও ডিমারকেশন করে দেন নি। উনি কোনও স্ল্যাব বেঁধে দেন নি যে আরবান এরিয়াতে জমি হস্তান্তর করতে গেলে এই ট্যাক্স দিতে হবে। সেখানে স্যার, ১০ পারসেন্ট থেকে ১৮.৭ পারসেন্ট। প্রায় ডবল মার্জিন করা হচ্ছে। উনি যদি স্ল্যাব করে না দেন তাহলে মারা তো যাবে গ্রামের গরিব মানুষরাই। সেখানে ঐ নিম্ন মধ্যবিত্ত স্বল্প সঞ্চয়ের মানুষরাই তো মারা যাবে। তাহলে ওকে বলতে হবে যে এখানে কি করতে চান। আর কি হবে? দুর্নীতি দূর করতে গিয়ে, কালো টাকা উদ্ধার করতে গিয়ে আবার নতুন করে দুর্নীতির একটা হেড কোয়ার্টার তৈরি করবেন। কারণ অফিসাররা এটা করবেন। মার্কেট প্রাইস কে ঠিক করে দেবে? বায়ার আমাকে টাকা দেবে, কি, সেলার আমাকে টাকা দেবে, আমি ঠিক করে দেব। এই তো অফিসাররা করেন। তো স্যার, এটা একটা ধাপ্পা। ১৯৯২-৯৩ সালে ৪২ কোটি টাকা ঘাটতির কথা বলেছেন, আমি মনে করি এই ঘাটতি ১০০ কোটি টাকার উপরে গিয়ে দাঁড়াবে। গতবার উনি বলেছিলেন, আমাদের রাজ্য নাকি দারুণভাবে এগিয়ে চলেছে ৭-ম যোজনায়, আমাদের রাজ্যকে উনি দারুণভাবে এগিয়ে নিয়ে গিয়েছেন এবং কেন্দ্র নাকি ততধিক পেছনের দিকে গিয়েছেন। তা, উনি কি করলেন স্যার? আমি কতকগুলি ডিপার্টমেন্টের কথা বলছি।

[10-40 — 10-50 A.M.]

এডুকেশন স্পোর্টস অ্যান্ড কালচার, এখানে উনি ১৯৯১-৯২ সালের বাজেটে কী ধরলেন, রেভিনিউ ক্যাপিটাল এবং লোন মিলিয়ে ধরলেন ১১৫ কোটি ৮৬ লক্ষ টাকা। এটা হচ্ছে প্ল্যান্ড এক্সপেন্ডিচার। নন-প্ল্যান্ড এক্সপেন্ডিচারে কত ধরলেন, ১ হাজার ৬৩৭ কোটি ৯৯ লক্ষ টাকা। স্যার বাজেটে যেটা ধরলেন এই ধরা দেখে তো বোঝা যায় যে এই অর্থনীতি উন্নয়নের অর্থনীতি নয়, এই অর্থনীতি মাইনে দেবার অর্থনীতি। উন্নয়ন না করে মাইনে দেবার অর্থনীতি করছেন। ১১৫ কোটি টাকা যোজনা খাতে ব্যয় করবেন, ১ হাজার ৬৩৭ কোটি ৯৯ লক্ষ টাকা, এটা হচ্ছে নন-প্ল্যান্ড-এ খরচ করবেন। এবার স্যার আসল চেহারায় আসি। অ্যাকচুয়্যাল পেল কত? এবার অ্যাকচুয়্যাল বাজেট দিলেন ১১৫ কোটি ৮৬ লক্ষ টাকা এবং সেটা দেবার সময় দিলেন ৩৭ কোটি ৭৭ লক্ষ টাকা, এটা কীসে দিচ্ছেন, শিক্ষাতে। আর উনারা বলছেন যে উনারা শিক্ষাকে এগিয়ে নিয়ে যাচ্ছেন, আর বলছেন, শিক্ষা আনে চেতনা আসে বিপ্লব। এটা কোন বিপ্লব আনছেন? এর দ্বারা কী বিপ্লব তাঁরা আনবেন? ১১৫ কোটি ৮৬ লক্ষ টাকা সেটা অ্যাকচুয়্যাল বাজেট, কিন্তু কত পেল ৩৭ কোটি ৭৭ লক্ষ টাকা, এটা হচ্ছে শিক্ষা। উনি বলেছেন ১১৭ কোটি ৭৪ লক্ষ টাকা প্ল্যান্ড বাজেট ধরছেন শিক্ষা খাতে ১৭

শত পয়েন্ট ৪৫ লক্ষ, এটা হচ্ছে নন্‌প্ল্যান্ড। এবার তিনি ৯২-৯৩ সালে সেই ধারাকে অব্যাহত রেখেছেন, সেই ভারতবর্ষের ট্রাডিশন। স্যার আমি বলছি হেল্‌থে কী করেছেন, বাজেট করলেন ১০৮ কোটি ৮৮ লক্ষ টাকা প্ল্যান্ড বাজেট, নন-প্ল্যানে কী করলেন, ৩৫৩ কোটি ৪৮ লক্ষ টাকা, কিন্তু দেবার সময় কত দিলেন, ৯৮ কোটি ৪১ লক্ষ টাকা। কী স্বাস্থ্য এগোবে? অথচ স্বাস্থ্যই সম্পদ বলছেন। কোথা থেকে স্বাস্থ্য এগোবে ১০৮ কোটি টাকার মধ্যে ৯৮ কোটি ৪১ লক্ষ টাকা দিয়েছেন। ৩৫৭ কোটি টাকা মাইনে দিতে যাবে। এবার বলছেন ১১৫ কোটি ৭০ লক্ষ টাকা দেবেন। আমি জানি না অর্থমন্ত্রী কোথা থেকে দেবেন। অ্যাট অল কিছু দিতে পারবেন কি না জানি না। এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েড অ্যাকটিভিটিজ, এটাতে কী বলবেন? এটাতে বাজেটে দেখালেন যে ১৩০ কোটি ৯ লক্ষ প্ল্যান বাজেট, নন-প্ল্যান-এ ৩৬০ কোটি ১৭ লক্ষ টাকা। দেবার সময় দিলেন ৭৭ কোটি ১৩ লক্ষ টাকা কৃষিতে। যে কৃষিতে উনি বলছেন স্বনির্ভরতা আনছেন। সেখানে প্ল্যান বাজেটে দিলেন ১৩৩ কোটির জায়গায় ৭৭ কোটি টাকা। ১৯৯২-৯৩ সালে বলেছেন ১৩৮ কোটি টাকা দেবেন। তা দিতে পারবেন কি না জানি না। স্যার এবারে শিল্পে আসুন। পশ্চিমবঙ্গে নাকি শিল্প বিপ্লব ঘটেছে! প্ল্যান বাজেটে কি বলেছিলেন? ইন্ডাষ্ট্রি প্ল্যান বাজেটে মাননীয় অর্থ মন্ত্রী ৩৫৩ কোটি ৪০ লক্ষ টাকা ধরেছিলেন, কিন্তু রিভাইজড এস্টিমেটে দিলেন ২৯৩ কোটি ৫১ লক্ষ টাকা। আর নন্‌-প্ল্যানে ১৩৭ কোটি ৮৩ লক্ষ টাকা দিলেন। আর এবারে বলেছেন ১৬০ কোটি ১৭ লক্ষ টাকা দেবেন। মাননীয় অর্থমন্ত্রীই বলবেন যে, এটা দেবেন, কি দেবেন না। যদি না দেন তাহলে কিভাবে কি হবে, তাও বলবেন। এ-গুলো সবই আমি ওঁর বাজেট অ্যাট এ গ্ল্যান্স থেকে বলছি। অ্যাকচ্যুয়াল ডিপার্টমেন্টগুলো পেয়েছে আরও কম। বুদ্ধদেববাবু, মন্ত্রী মহাশয়, বলবেন যে উনি অ্যাকচ্যুয়াল কত টাকা পেয়েছেন? মতীশবাবু বলবেন, অ্যাকচ্যুয়াল কত পেয়েছেন? স্যার, এরপর আমি দেখছি ইরিগেশন অ্যান্ড প্ল্যান্ড কন্ট্রোল-এ। বন্যা আমাদের একটা অভিশাপ। অবশ্য আমাদের এই বন্যা নিয়ে অনেক রকম কদর্থ হয়—বন্যা এলে সরকারের ভাল হয়, না কি হয়, সব বলে। স্যার, ইরিগেশন অ্যান্ড প্ল্যাড কন্ট্রোলের ক্ষেত্রে কি হ'ল? ১৫৬ কোটি ৩৯ লক্ষ টাকা প্ল্যান বাজেটে ধরা হয়েছিল এবং নন্‌-প্ল্যানে ১৪১ কোটি ৩২ লক্ষ টাকা। অথচ স্যার, অর্থ মন্ত্রী প্ল্যান বাজেটে দিলেন কত? ১০৮ কোটি টাকা। স্যার, ১৫৬ কোটি টাকা থেকে দিলেন ১০৮ কোটি টাকা। এ দিয়ে কি বন্যা ঠেকাবেন? কি বন্যা আটকাবেন, তা কি ওঁরা একটু বলবেন? মাননীয় অর্থ মন্ত্রী তো এত গর্ব করছেন, আমি ওঁকে অনুরোধ করছি, উনি একটু বলবেন। উনি দাবি করছেন ভীষণভাবে পশ্চিমবঙ্গ এগুচ্ছে, কিন্তু কেন্দ্র এগুতে দিচ্ছে না, পেছন থেকে টেনে ধরে আছে। উনি বলেছেন, এবারে ১৪৭ কোটি টাকা বন্যা নিয়ন্ত্রণে খরচ করবেন। খরচ হলে বোঝা যাবে। এরপরে এনার্জি। যেটা উন্নয়নের প্রথম পদক্ষেপ, প্রথম সোপান—আধুনিক জগতে বিদ্যুত ছাড়া কোনওরকম উন্নয়ন করা সম্ভব নয়। সেই বিদ্যুতের ক্ষেত্রে ওঁরা কি করছেন? ২৯৪ কোটি ৯১ লক্ষ টাকা প্ল্যান বাজেটে ধরেছিলেন, দিলেন কত? ১৪০ কোটি টাকা। বাজেটে ২৯৪ কোটি টাকা ধরে দিলেন ১৪০ কোটি টাকা! অর্থাৎ অর্ধেকেরও কম দিলেন। স্যার, এরপরও কি ওঁরা বলবেন

যে, ওঁরা বিকল্প অর্থনৈতিক রাস্তা খুঁজছেন, রাজ্যকে এগিয়ে নিয়ে যাচ্ছেন? অন্ধ আর বোবা ছাড়া কেউ ওঁদের কথা বিশ্বাস করবেন। স্যার, ইন্ডাস্ট্রিয়াল মিনারেলে কি করলেন? ইন্ডাস্ট্রিয়াল মিনারেলের প্ল্যান বাজেটে ধরেছিলেন ১৭৯ কোটি ৭৭ লক্ষ টাকা, দিলেন কত, ৬২ কোটি ৭৫ লক্ষ টাকা। আর নন্-প্ল্যানে ধরেছিলেন ১০৩ কোটি ১৭ লক্ষ টাকা। স্যার, ১৭৯ কোটি টাকা ধরে যদি ৬২ কোটি টাকা দেন তাহলে ঘাটতি শূন্য বাজেটের কি মানে থাকে? ঘাটতি শূন্য বাজেটের কোনও মানেই থাকে না। এটা স্যার, কি রকম ব্যাপার জানেন? অনেক পরিবারের কর্তা ব্যক্তি কিছু ক্ষমতা দেখাবার জন্য সারা মাস পরিবারের লোকেদের না খাইয়ে রেখে দিয়ে বলে, 'আমি তো ধার করিনি।' কিন্তু এতে পরিবারের কর্তার সম্মান বাড়ে না, সম্মানহানি হয়। এই ধরনের জাগলারি মাননীয় অর্থ মন্ত্রীও করেছেন। মাননীয় অর্থ মন্ত্রী পন্ডিত মানুষ, কিন্তু সাধারণ মানুষের কাছে তাঁর এই অর্থনীতি কখনই বাস্তবে গ্রহণযোগ্য হবে না। স্যার, ওঁরা বলেছেন যে, গ্রাম উন্নয়ন নাকি দারুণভাবে করেছেন। তা কি করেছেন সেটাই আমি একটু বলি। গ্রাম উন্নয়নের ক্ষেত্রে জওহর রোজগার প্রকল্পই হচ্ছে সব চেয়ে বড় প্রকল্প।

[10-50 — 11-00 A.M.]

১৯৮৯-৯০ সালে জওহর রোজগারে কত খরচ করলেন—১৯,৯৭৫.৩৬ লক্ষ টাকা। সেই টাকা ১৯৯০-৯১ সালে কত এল, ১৭ কোটি ১৯ লক্ষ ৯ হাজার টাকা। এর থেকেই বোঝা যাচ্ছে স্ব-নির্ভরতার ক্ষেত্রে অসীমবাবুর এই অর্থনীতি গ্রামের মানুষকে কোথায় নিয়ে যাচ্ছে। রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড স্পেশ্যাল এরিয়া প্রোগ্রাম প্ল্যানে কত খরচা করলেন—৩৫৩ কোটি ৪০ লক্ষ টাকা। এটা অসীমবাবু নিজেই জানেন। আই. আর. ডি. পির ক্ষেত্রে সেখানে কি করেছেন দেখুন। আই.আর.ডি.পির ক্ষেত্রে ১৯৮৯-৯০ সালে নাম্বার অফ বেনিফিসিয়ারিজ কত—৪ লক্ষ ৫ হাজার ৪৭৮ আর ১৯৯১-৯২ সালে ১ লক্ষ ৭৮ হাজার ৫৭৬। আপনি ৫ লক্ষ লোককে স্ব-নিযুক্তি করবেন বললেন। কোথা থেকে করবেন? ১৯৯১-৯২ সালে আপ্ টু জানুয়ারি ১ লক্ষ ৭৮ হাজার ৫৭৬, আর মার্চে কত দাঁড় করাবেন সেটা আপনিই ভাবুন। অরগ্যানাইজড সেক্টরে একই চেহারা। সবই অসীমবাবুর বইতে আছে। আমি সর্বশেষে বেকার যুবকদের সম্পর্কে বলছি। আপনারা বেকার যুবকদের জন্য দারুণভাবে কান্নাকাটি করছেন। ১৯৭৭ সালে আপনারা বললেন, বেকারদের বেকারত্ব দূর করবেন। দেওয়ালেও লিখলেন "বেকারভাতা দিল কে, বামফ্রন্ট সরকার আবার কে"। আবার এখনও বলছেন, বেকারদের বেকারত্ব দূর করতে হবে, ১৯৭২ সালে Total Number of Persons on the registers of Employment Exchange in West Bengal ছিল ১৩ লক্ষ ৭৮ হাজার। ১৯৭৬ সালে সেটা হল ১২ লক্ষ ১০ হাজার। অর্থাৎ ১৩ লক্ষ থেকে নামল। আর ১৯৯০ সালে কততে এল? ৪৮ লক্ষ ২০ হাজার। ১২ লক্ষ থেকে ১৯৯০ সালে ৪৮ লক্ষতে চলে এলে ১৯৯২ সালে সেটা ৫২ লক্ষতে গিয়ে দাঁড়াবে। তাহলে কি করে বেকার সমস্যার সমাধান করবেন? স্যার, আরও ভয়ঙ্কর ব্যাপার, ওঁরা বারবার বিধানসভায় বলেন, এমপ্লয়মেন্ট

এক্সচেঞ্জ ছাড়া নাকি লোক নেওয়া হচ্ছে না। আমি লেবার ইন ওয়েস্টবেঙ্গল বই থেকে বলছি। প্রাইভেট সেক্টারে এমপ্লয়মেন্টের কথা বললাম না। ১৯৮৮, ১৯৮৯ এবং ১৯৯০ ডিউরিং দি থ্রি ইয়ারস পিরিওড, নাম্বার অফ ভ্যাকেনসিস নোটিফায়েড ২৫ হাজার ২৩৬, আর পেল কত? ১৯ হাজার। আউট অফ দিজ out of these 25, 236 vacancies, only 19, 112 Vacancies were filled up through Employment Exchange ২৫ হাজারের মধ্যে ১৯ হাজার ১১২ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে হল। বাকিটা কি করে হল তা মাননীয় বুদ্ধদেববাবু বলবেন। আমি বলছিলাম, এই দেউলিয়া চিত্র, এটা যদি বিকল্প অর্থনীতি হয় তাহলে মাননীয় অসীমবাবু পশ্চিমবঙ্গের মানুষকে এই বিকল্প অর্থনীতির কথা বলেন? আমি শুধু একটা জিনিস বলতে চাই মাননীয় অসীমবাবুর বিকল্প বাজেট নিয়ে শ্রী অশোক মিত্র—আপনারা সবাই জানেন—উনি একজন ফেমাস সিভিল সারভেন্ট ছিলেন, উনি ১৮.৩.৯২ তারিখে টেলিগ্রাফে লিখেছেন—"At the Government level we make light of Public accountability, keeping the taxpayer in dark, while feeling his trust with bluff on the merits of a Zero deficit budget". এটা যদি মাননীয় অর্থমন্ত্রীর বিকল্প পথ খোঁজার বাজেট হয় তাহলে আমি মনে করি এটা মাইনে দেওয়ার বাজেট, এটা দেউলিয়া বাজেট, এটা পশ্চিমবঙ্গের অগ্রগতিকে স্তব্ধ করে দেওয়ার বাজেট। তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারলাম না বলে দুঃখিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী বাজেটে যে প্রস্তাব পেশ করেছেন সেই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমি কিছু বলতে চাই। প্রথমেই মাননীয় সৌমেনবাবুর কাছে আমার একটি বিশেষ অনুরোধ যে উনি ননী পাল্কিওয়ালার বক্তব্য বলতে পারেন কিন্তু বাংলাভাষায় লেখা মাননীয় ভবতোষ দত্ত মহাশয়ের এবং শ্রী প্রভাত ভট্ট মহাশয়ের বক্তব্য বলতে পারেন না। আই. এ. এস. অশোক মিত্র মহাশয়ের কথা বলতে পারেন কিন্তু অর্থনীতিবিদ্ মাননীয় অশোক মিত্র মহাশয়ের কথা বলতে পারেন না। নিজের পছন্দমতো ২/৩টি কোটেশন দিয়ে কোনও লাভ নেই। আমি প্রথমেই মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাব, কারণ যে পরিস্থিতির উপরে দাঁড়িয়ে তিনি বাজেট করেছেন সেই পরিস্থিতিতে এই রাজ্যের অর্থনৈতিক মোকাবিলা করতে গিয়ে কতকগুলি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছেন যা নিঃসন্দেহে আমাদের রাজ্যের অর্থনীতিকে ভবিষ্যতে সাহায্য করবে। আরও অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে রাজ্যের বাজেট প্রস্তাব পেশ করতে গিয়ে পটভূমিকা হিসাবে কেন্দ্রীয় সরকারের নীতি এবং সাধারণ একটা দেশের অর্থনৈতিক পরিস্থিতির পটভূমিকা উনি বর্ণনা করেছেন। অর্থনৈতিক গতি-প্রকৃতি কোন দিকে যাচ্ছে তা আমাদের জানাতে সাহায্য করছে। আমি মাননীয় সৌমেনবাবুর সঙ্গে এক মত যে রাজ্যের বাজেট করতে গিয়ে কেন্দ্রীয় সরকারের নীতির কথা বলা হয়েছে, যেহেতু টাকাটা রাইটার্স বিল্ডিংসে ছাপা হয়না সেজন্য কেন্দ্রীয় সরকারের কথা কিছু বলতে হবে। যেহেতু রোজ রাজধানী এক্সপ্রেস বলে একটা ট্রেন রোজই

রাজধানীতে যাচ্ছে, সেজন্যই আমাদের বলতে হবে, আমাদের দেশের অর্থনীতির কথা বলতে হবে এবং আপনাদেরও বলতে হবে যে আমরা কেউ খুব সুখে নেই। ইনফ্লেশন রেট যেখানে ১৩.৫ পারসেন্ট হয় তাহলে কে সুখি হবে? বিদেশি ঋণের পরিমাণ ১ লক্ষ ৩০ হাজার কোটি টাকা, হয় তাহলে কে সুখি হবে? কাজেই এ ছাড়া আমাদের কারও পক্ষে সুখি হওয়া সম্ভব নয়। অভ্যন্তরীণ ঋণের কথা আর নাই বললাম। ৩ লক্ষ ৫৫ হাজার কোটি টাকা অভ্যন্তরীণ ঋণ। কাজেই আমাদের কেন্দ্রীয় সরকার এবং এই কেন্দ্রীয় সরকারের যে দেশ চালান সেই দেশের একটা অঙ্গরাজ্য বাজেট করতে গেলে কতকগুলি সমস্যা নিয়ে বাজেট করতে হবে। উনি কারেক্টলি সমস্যা দেখে উপযুক্তভাবে বাজেট তৈরি করেছেন, সেজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। একটা রাজ্যের আগামী বছরের খরচের হিসাব যখন দিতে হয় তখন একটা পরিকল্পনা করতে হয়, প্রথমেই আয়ের ব্যাপারটা দেখে নিতে হয়। সৌমেনবাবু যেটা বলেছেন এবং আমার সাথে একমত হয়েছেন, সেটা ইনকামট্যাক্স একটা আয়ের জায়গা, মাননীয় সৌমেনবাবু আমার পরবর্তী বাক্যের সঙ্গেও একমত হবেন, কারণ ইনকামট্যাক্সের আয়ের হার যেটাতে কমিয়ে দেওয়া হল, তাতে নিঃসন্দেহে আমাদের রাজ্যের ক্ষতি হবে। আপনি জানেন যদি ১০০০ হাজার কোটি টাকা কম হয় তাহলে ৭.৯৬ পয়সা পশ্চিমবঙ্গে কম হবে।

[11-00 — 11-10 A.M.]

কাজেই সেদিক থেকে ইনকাম ট্যাক্সের প্রস্তাবগুলি আমাদের রাজ্যের পক্ষে খুব ভাল বোধ হয় হবে না। দ্বিতীয়ত হচ্ছে, ইনকাম ট্যাক্সের হারটা একটা ভ্রান্ত ধারণার উপর দাঁড়িয়ে কমানো হয়েছে, যে তথ্য পৃথিবীর কোনও অর্থনীতিবিদ বিশ্বাস করবে না যে, ইনকাম ট্যাক্সের রেট কমালে তার কালেকশন বাড়ে। বোগাস কথা। প্রথম কথা হল, যাঁরা বড় পরিমাণ ইনকাম ট্যাক্স ফাঁকি দেন তাদের কাছে ১ পারসেন্ট, ২ পারসেন্ট ট্যাক্স রেট কমল, কি বাড়ল, তাতে বিশেষ কিছু আসে যায় না। সেদিন থেকে যে তথ্যের উপর দাঁড়িয়ে রয়েছে চালিহা কমিটির রিপোর্ট তার বেসিক ফ্যালাসি অর্থনীতি শাস্ত্রের ভুল তথ্যের উপর দাঁড়িয়ে রয়েছে। আয় করের উপর যে প্রস্তাব করা হয়েছে তা নিঃসন্দেহে রাজ্যের পক্ষে ক্ষতিকর হবে। এইমাত্র বলেছিলেন, সেন্ট্রাল গভর্নমেন্ট এই ট্যাক্স কালেকশন এফিশিয়েন্টলি করেননি। আমি বলতে চাই, এর পেছনে তাঁদের একটা মোটিভেশন রয়েছে। ইনকাম ট্যাক্স হচ্ছে এমন একটা ট্যাক্স যার থেকে রাজ্যগুলি ৮০ পারসেন্ট পায়, কালেক্টেড অর্থের। সেজন্য ইনকাম ট্যাক্স বেশি কালেক্টেড হল, কি না হল, সে ব্যাপারে ইন্টারেস্ট নেই সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে। দীর্ঘদিন ধরে এটা চলছে। এবং তারজন্য এর মেশিনারি এমনভাবে ক্যালাসলি করা হয়েছে যারজন্য কালো টাকায় মালিকরা আয় কর ফাঁকি দিতে পারছে। এ-ব্যাপারে কেন্দ্রীয় সরকারের মাথা ব্যথা নেই, কারণ কালেক্টেড ইনকাম ট্যাক্সের ৮০ পারসেন্ট রাজ্যগুলি পাবে। এর আদায় কম গেলে তাঁদের কিছু আসে যায় না। এর ফলে কালো টাকার একটা প্যারালাল অর্থনীতি চলছে। আজকে দেশের অর্থনীতির ক্ষেত্রে এর কি প্রভাব পড়ছে সেটা

সকলেই অনুভব করছি। রাজ্যগুলি কোনওদিন এই ট্যাক্স বাদ দিয়ে চলতে পারে না, কিন্তু আজকে রাজ্যগুলিকে ডিপ্রাইভ করার অর্থনীতিই তাঁরা গ্রহণ করেছেন। এর ফলে কেন্দ্রীয় সরকার কিন্তু ডিপ্রাইভড্ হন না। এর পেছনে একটা রাজনৈতিক প্রবণতা রয়েছে এবং তারজন্য কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানানো উচিত। ধূর্ততার এই বাজেট সম্বন্ধে বলতে চাই, শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং রাজীব গান্ধী যতদিন চালিয়েছেন, তাঁরা ধূর্ততার প্রয়োজনীয়তা বোধ করেননি। তাঁরা কালো টাকাকে সাদা করবার কিছু প্রস্তাব দিয়েছিলেন, কিন্তু সেই প্রস্তাবগুলি বাস্তবায়িত হয়নি এবং তারজন্য ইন্দিরা গান্ধী এবং রাজীব গান্ধীকে সমালোচনা শুনতে হয়েছে। এবারের বাজেটে হঠাৎ একটা প্রস্তাব তোলা হল যে, বিদেশ থেকে সোনা আমদানি করা যাবে। পাঁচ কেজি পর্যন্ত সোনা মানুষ নিয়ে আসতে পারবেন এবং সেক্ষেত্রে তিনি কোথা থেকে টাকা পেলেন সেই সোর্স অফ ইনকাম বলতে হবে না। একজন মানুষ, যার হাতে যথেষ্ট টাকা রয়েছে, ভারতবর্ষের বুকে বসেই তো যথেষ্ট সোনা কিনতে পারবেন তিনি কালো টাকা দিয়ে! সেই সোনা তিনি রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কাছে জমা রেখে গোল্ড বন্ড নিতে পারবেন। সেই গোল্ড বন্ড নিয়ে ৫ কিঃ ৭ বছর পরে আপনি আবার রিজার্ভ ব্যাঙ্কের কাছে গিয়ে টাকা পাবেন উইথ ইন্টারেস্ট। অর্থাৎ কালো টাকা সোনায় কনভার্টেড হবে, সোনা থেকে গোল্ড বন্ড, গোল্ড বন্ড ফেরত পাবে উইথ ইন্টারেস্ট রেটে। অর্থাৎ কালো টাকাকে শুধু সাদা করা হল না, তারজন্য কেন্দ্রীয় সরকার জনগণের এক্সচেকার থেকে ইন্টারেস্টও পৌঁছে দিচ্ছেন। শ্রীমতী ইন্দিরা গান্ধী বা রাজীব গান্ধীর এতটা ধূর্ততামূলক কৌশল ছিল না। তারা দেশের নেতা হিসাবে এই ধূর্ততার পরিচয় দেননি, এটা ভাল। কিন্তু মনমোহন সিং যেহেতু অর্থনীতিবিদ্, তিনি খারাপ কাজকে মুড়িয়ে রাখতে পারবেন। এই ঘটনার পর থেকে ইনকাম ট্যাক্স ফাঁকি দেবার প্রবণতা বাড়বে। কারণ ব্ল্যাক মানি থেকে গোল্ড এবং গোল্ড বন্ড থেকে কালো টাকা সাদায় কনভার্ট করার পূর্ণ সুযোগ কেন্দ্রীয় সরকার করে দিয়েছেন। কাজেই ইনকাম ট্যাক্স আগামীদিনে রাজ্যের ক্ষেত্রে কমতে পারে, এই আশঙ্কা আমাদের আছে। আমরা এই বিষয়ে এক মত এবং আপনারাও আমাদের সঙ্গে এক মত হবেন যে ইনকাম ট্যাক্স যদি কম আয় হয় তাহলে আমাদের দেশের নীতি হবে। ধরুন সারচার্জ অন ইনকাম ট্যাক্স ৪৪৩ কোটি টাকা এবারে আয় হবে। আপনারা কি আমার সঙ্গে এক মত হবেন না যে এই ৪৪৩ কোটি টাকার মধ্যে যে টাকাটা রাজ্য পেত এটা রাজ্যকে বঞ্চনা করা হল, কারণ সারচার্জের টাকাটা ডিভিসিবল পুলে আসে না। এটা যদি জেনারেল ইনকাম ট্যাক্স স্ট্রাকচারের সঙ্গে মার্জ করে দেওয়া হত তাহলে টাকাটা ডিভিসিবল পুলে আসত। অর্থাৎ রাজ্যের পাওনা থেকে এবারে কেন্দ্রীয় বাজেটে ৪৪৩ কোটি টাকা কেটে দেওয়া হল। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে, রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনিও এই বক্তব্যের সঙ্গে এক মত হয়েছিলেন। Finance কমিশনও আমাদের এই বক্তব্যের সঙ্গে সহমত পোষণ করেন যে কর্পোরেশন ট্যাক্স যেটা অরিজিনালি ইনকাম ট্যাক্সের একটা অংশ ছিল, সেই কর্পোরেট ট্যাক্সটা ডিভিসিবল পুলে আনা উচিত যেটা আনা হচ্ছে না এবং কর্পোরেশন ট্যাক্সটা ডিভিসিবল পুলে না আসার জন্য রাজ্য সরকার তার ন্যায্য পাওনা থেকে

অনেক কম পাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব চেয়ে মজার ঘটনা হচ্ছে আপনি যদি ভারতবর্ষের অতীতের ট্যাক্স কালেকশনের চরিত্র দেখেন তাহলে দেখবেন যে ডাইরেক্ট ট্যাক্সেশনের মধ্যে সিংহভাগ ছিল ইনকাম ট্যাক্স। ট্যাক্স অন কর্পোরেশন, ট্যাক্সেশন, ইনকাম সে ক্ষেত্রে থাকত দ্বিতীয় স্তরে। কিন্তু ১৯৮০-৮১ সাল থেকে এই প্রবণতা পাল্টে গেছে অর্থাৎ ইনকাম ট্যাক্সটা ফ্রিজ হয়ে গেছে, বেড়ে গেছে কর্পোরেশন ট্যাক্স-এর পরিমাণ। অর্থাৎ রাজ্যের কিছু ডিভিসিবল পুলের টাকা কমানো হয়েছে। অথচ ডাইরেক্ট ট্যাক্সে সেন্ট্রাল গভর্নমেন্টের যে পাওনা সেটাকে বাড়িয়ে দেওয়া হয়েছে। কাজেই আমার বক্তব্য যেটা, সেটা নিশ্চয়ই রাজনৈতিক বিতর্কের প্রশ্ন নয়, রাজ্যের উন্নয়নের প্রশ্নে নিশ্চয়ই আমরা এক মত হব। এই বাজেট বিতর্ক উপলক্ষে আমাদের আবার ঐক্যমত হয়ে বলা উচিত যে কর্পোরেশন ট্যাক্সটা আবার ডিভিসিবল পুলে আনা উচিত। এটা কেবল পশ্চিমবঙ্গের জন্য নয়, প্রতিটি অঙ্গ রাজ্যের ক্ষেত্রে প্রয়োজন। সাধারণভাবে আপনারা যদি এবারের কেন্দ্রীয় সরকারের বাজেট দেখেন তাহলে দেখবেন যে রাজ্যগুলির প্রতি কেন্দ্রের দায়িত্ব কমানো হয়েছে। যেমন—স্মল সেভিংস কালেকশন, এটা বাড়াবার আলোচনা হয়েছে ১১ শত ৬৫ কোটি টাকা, এবারে কমবে। নন-প্ল্যানে লোন যেগুলি রাজ্যকে কেন্দ্র দেয় ৫১০ কোটি টাকা কমানো হয়েছে এবং সেন্ট্রালি স্পনসর্ড স্কীম এবং প্ল্যান স্কীমে যেগুলি রাজ্যের মধ্যে আছে তাতে ৩৮১ কোটি টাকা কমানো হয়েছে এবং প্র্যাকটিকালি সেন্ট্রাল অ্যাসিস্টান্স টু স্টেটস প্ল্যান গোটা ভারতবর্ষে যদি আপনি ধরেন তাহলে দেখবেন যে সেই অ্যাসিস্টান্স বাড়েনি। কাজেই যে অর্থনৈতিক প্রস্তাবের উপর দাঁড়িয়ে আমাদের অর্থমন্ত্রীকে বাজেট তৈরি করতে হয়েছে, সেটা এই রকম একটা চিত্র যেখানে কেন্দ্রের কাছ থেকে রাজ্যের পাওনাগুলি ক্রমশ কমানোর প্রবণতা আরও পরিষ্কার হয়েছে। সোমেনবাবু যখন বলেছেন, তিনি ঠিক ভাবেই বলেছেন। আমি সোমেনবাবুর দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করব। ডিভিসিবল পুলের যে টাকাটা, একসাইজ বা ইনকাম ট্যাক্সের যে পাওনাটা রাজ্য সরকার পায়, গতবার বেড়েছে। সোমেনবাবু সঠিকভাবেই এটা বলেছেন, এটা কাগজে-কলমে হিসাবটা আছে, এটা অস্বীকার করার কিছু নেই। আমি সোমেনবাবুকে একটু অনুরোধ করব যে আপনি যদি হিসাবটা করতে গিয়ে ওখানে না থেমে দুটো স্টেপ আরও যেতেন তাহলে কিন্তু একটা বিপরীত সিদ্ধান্তে পৌঁছতে পারতেন। আপনি দেখবেন যে কেন্দ্রীয় সরকার বা কেন্দ্রীয় সংস্থা থেকে একটা রাজ্য তার বাজেট তৈরি করতে গেলে কেবল ডিভিসিবল পুল থেকেই টাকা পায় না, ৪টি ব্রড হেডিংয়ে টাকা আসে। এই মুহূর্তে নিশ্চয়ই সোমেনবাবু লক্ষ্য করেছেন যে তার মধ্যে একটি হচ্ছে, স্টেটস শেয়ার অন ইউনিয়ন ট্যাক্সেস যেটা সোমেনবাবু উল্লেখ করেছেন। আর তিনটি হচ্ছে, গ্রান্ট-ইন-এইড ফ্রম সেন্ট্রাল গভর্নমেন্ট, লোনস অ্যান্ড অ্যাডভান্স ফ্রম সেন্ট্রাল গভর্নমেন্ট অ্যান্ড লোন ফ্রম রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া, যেটা নেই, অর্থাৎ রিপেমেন্ট। আপনি যদি একটু বিষদভাবে দেখতেন তাহলে আপনি লক্ষ্য করতেন যে গতবার আমাদের রাজ্য সরকারের এক্সপেন্ডিচারে, বাজেট প্রস্তাবে ৭ হাজার ৩৪২ কোটি টাকা এক্সপেন্ডিচারের মধ্যে এই ৪টি খাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা পেয়েছিলাম ৩ হাজার ৭২৭ কোটি টাকা। অর্থাৎ গত বছর বাজেট করতে গিয়ে অর্থ মন্ত্রী এটা ধরে

নিয়েছিলেন যে রাজ্যের মোট খরচের ৫০.৮ শতাংশ আসবে কেন্দ্রীয় সরকারের এই ৪টি খাত থেকে।

[11-10 — 11-20 A.M.]

আপনি যদি রিভাইজড এস্টিমেটের ৪টি হেড যোগ করেন—হ্যাঁ, এটা ঘটনা যে শেয়ার অন ইউনিয়ন ট্যাক্সেস বেড়েছে কিন্তু বাকি ৩টি খাতে যে টাকা কমেছে তাতে হিসাবটা দাঁড়াচ্ছে এই যে রিভাইজড এস্টিমেটস রাজ্যের এক্সপেন্ডিচার ৬৪৮৩ কোটি টাকা আর কেন্দ্রীয় সরকারের কাছে আমরা তার মধ্যে পেয়েছি এই ৪টি খাতে ২৬০৬ কোটি টাকা। অর্থাৎ গতবারের বাজেটে প্রস্তাব ধরা ছিল আমাদের খরচের ৫০ ভাগ আসবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে, কিন্তু প্রকৃতপক্ষে পেয়েছি ৪০.২ শতাংশ। মাননীয় সোমেনবাবুকে অনুরোধ নিজের রাজনৈতিক বক্তব্য প্রতিষ্ঠা করতে গিয়ে দোহাই অর্ধ সত্য সভার সামনে উপস্থিত করবেন না। স্টেট শেয়ার অন ইউনিয়ন ট্যাক্সেস সেটা বেড়েছে অথচ বাড়তি ৩টি জায়গায় কমে গিয়েছে সেটা বাদ দিয়ে তিনি তাঁর বক্তব্য হাজির করবার চেষ্টা করলেন। এটা উনি সংসদীয় ক্ষেত্রে একটা উঁচু নজির সৃষ্টি করেননি। সবচেয়ে বড় কথা হ্যাঁ, আমাদের বেড়েছে, আমাদের ইউনিয়ন ট্যাক্স ১০০ কোটি টাকা বেড়েছে। মাননীয় সোমেনবাবু নিশ্চয়ই জানেন যে কোল ইন্ডিয়া থেকে সেস ১০০ কোটি টাকা কম পেয়েছি। আপনি নিশ্চয়ই জানেন, এটা বললেন না কেন? আমরা ৪৪৪ কোটি টাকা স্মল সেভিংস থেকে কম পাই এটা জানেন। তাহলে ১০০ কোটি টাকা কমল এবং ৪৪৪ কোটি টাকা কমল, মোট ৫৪৪ কোটি টাকা কমল। আর ১০০ কোটি টাকা বাড়ল। ডিউজ ফ্রম দি ইউনিয়ন ট্যাক্সেস অঙ্কের হিসাব হচ্ছে ৪৪৪ কোটি টাকা আমরা কেন্দ্র থেকে কম পেয়েছি। এই ৪৪৪ কোটি টাকা মাইনাস করে এবারেও আপনারা পরিকল্পনা খাতে কেন্দ্র রাজ্যের টাকা কমিয়েছে—এই সমালোচনায় আসুন। এই পয়েন্টটা বাদ দিয়ে শুধু সমালোচনা করলে আপনি নিজেও ভুল সিদ্ধান্তে পৌঁছবেন—এটা আমার ধারা। সব চেয়ে বড় কথা এটা রাজ্য সরকারের প্রতি কেন্দ্রীয় সরকারের দায়িত্ব কমছে। এই যে রাজ্যে পাওনা টাকা কমানো হচ্ছে এটা একটা উদ্দেশ্য নিয়ে আপনারা নিশ্চয় একমত এই ব্যাপারে। আমাদের কেন্দ্রীয় অর্থ মন্ত্রী প্রথমেই এসে ঘোষণা করেছেন, যে কোনও মূল্যে বাজেট ডেফিসিট কমাবেন, ফিসকাল ডেফিসিট কমাবেন। ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ডের কমন প্রেসক্রিপশন আছে তার দুটি শর্ত থাকে সেটা হল ডেফিসিট ফাইনান্সিং করা যাবে না আর সাবসিডি উইথড্র করতে হবে। ডেফিসিট উইথড্র করা ভাল। এবারে অর্থ মন্ত্রী দাবি করেছেন তিনি ডেফিসিট কমিয়ে এনেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আসুন, কি করে ডিফিসিট কমল সেন্ট্রাল বাজেটে সেটা আমরা একটু লক্ষ্য করি। আপনারা লক্ষ্য করলে দেখবেন সৌগতবাবু, এক্সটারনাল অ্যাসিস্টেন্স গতবারে যেটা ধরেছিল এবারে সেটা বেড়েছে ১০০০ কোটি টাকা। ১০০০ কোটি টাকা বাড়তি পেতে গিয়ে আমাদের ৪ হাজার কোটি টাকা বাইরে থেকে ধার নিতে হবে। কারণ রিপেমেন্ট বেড়েছে। আমাদের ঘাটতি মেটানোর জন্য বাড়তি ৪ হাজার কোটি টাকা বিদেশ থেকে ধার নিতে হবে

১৯৯২-৯৩ সালে। এটা হচ্ছে আমাদের কেন্দ্রের অর্থ মন্ত্রীর কথা। এর মধ্যে আপনারা জানেন মেজর ভাগ হচ্ছে, সিংহভাগ হচ্ছে আই. এম. এফ থেকে ৭৫৭৬ কোটি টাকা আই. এম. এফ থেকে ধার পাব এই ধারণা নিয়ে কেন্দ্রের অর্থ মন্ত্রী বাজেট পেশ করেছেন। কাজেই ঘাটতি কমল কিসে? এক নম্বর হচ্ছে ৪ হাজার কোটি টাকা বাইরে থেকে ধার করলাম ঘাটতি কমানোর জন্য। দ্বিতীয় নম্বরের জায়গাটা কি? ডিস-ইনভেস্টমেন্ট অফ পাবলিক সেক্টর। পাবলিক সেক্টর বেচে ২৫০০ কোটি টাকা পাবেন মনে করছেন অর্থ মন্ত্রী। দেশের মানুষের টাকা দিয়ে ৯০ হাজার কোটি টাকা বিনিয়োগ করে যে রাষ্ট্রায়ত্ত শিল্প গড়ে উঠেছে তার একটা অংশে উনি বেচে দেবেন। তার থেকে তিনি ২৫০০ কোটি টাকা পাবেন। আর বাজেটারি সাপোর্ট টু দি সেন্ট্রাল প্ল্যানিং এটা কমছে ৫১৪ কোটি টাকা। মাননীয় সদস্য সৌগত রায় মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলি এটা একটা চমৎকার বাজেটের নজির।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এ যেন সংসার কর্তার গল্প, যিনি মাসের খরচ কুলাতে পারলেন না বলে, মাসের খরচের সংকুলান কাবুলিওয়ালার কাছ থেকে ধার নিয়ে, নিজের ঘরের ঘটিবাটি বেচে, নিজের ছেলের লেখাপড়া কমিয়ে। তারপরেও বলা হচ্ছে এই রকম। চমৎকার, এইরকম সংসারকর্তা নাকি আর কেউ নেই। যিনি বিদেশ থেকে ধার নিয়ে, রাষ্ট্রায়ত্ত শিল্প বিক্রি করে দিয়ে, প্ল্যানিংয়ের টাকা কমিয়ে দিয়ে ঘাটতি কমাব এবং বলছেন যে, আমরা ঘাটতি কমিয়েছি। আসল কথাটা হচ্ছে, আমাদের কেন্দ্রীয় অর্থমন্ত্রী আছেন, তাঁর কিছু স্তাবকবৃন্দ আছেন, তাঁরা নিউজপ্রিন্ট ছাপাতে পারেন, এই রকম কিছু স্তাবকবৃন্দ আছেন যাঁরা একে ঐতিহাসিক বাজেট বলতে পারেন। কিন্তু আসল ঘটনাটা হচ্ছে এই যে, সত্য ঘটনাকে আড়াল করার চেষ্টা করা হচ্ছে। আপনি যদি হিসাব করেন মাননীয় সৌগতবাবু, আমি যে তিনটে খাতের কথা বললাম—ডিসইনভেস্টমেন্ট, এক্সটার্নাল অ্যাসিস্ট্যান্স এবং সেন্ট্রাল প্ল্যানিং, এখানে বাজেটারি সার্পেটি কমেনি? এই তিনটে যদি যোগ করেন তাহলে দেখবেন, আপনাদের মাননীয় অর্থমন্ত্রী মনমোহন সিংয়ের বাজেটের ঘাটতি ৯,৫০০ কোটি টাকা ছাড়িয়ে যায়। সোমেনবাবু মাননীয় অর্থমন্ত্রীর দিকে কি একটা ইঙ্গিত করার চেষ্টা করছিলেন। এটা আপনাদের দলের অর্থমন্ত্রীর দিকে ইঙ্গিত করা ভাল। ধূর্তশ্রেষ্ঠ, এই ধরনের উপাধি যদি কিছু থাকে সেটা আমাদের কেন্দ্রীয় অর্থমন্ত্রীকেই দেওয়া উচিত। সোমেনবাবু কটাক্ষ করছিলেন এবং কংগ্রেস বেঞ্চে হাসাহাসি চলছিল। আমাদের এখানকার রাজ্যের প্ল্যানিংয়ের ক্ষেত্রে বিভিন্ন খাতে কত টাকা কমেছে? মাননীয় ডাক্তার, আবেদিন সাহেবকে আমি কি একটু দৃষ্টি আকর্ষণ করতে পারি যে ৫৩টি ডিপার্টমেন্ট সেন্ট্রাল গভর্নমেন্টের, তারমধ্যে ৪০টি ডিপার্টমেন্টে রিভাইজড্ এস্টিমেট অনুযায়ী প্ল্যানিংয়ের খরচ কেন্দ্রীয় সরকার কমিয়েছেন এবং ৬টিতে এক পয়সাও বাড়েনি। ইনফ্লেশন রেট ১৫.৫ পারেসন্ট ধরলে ৪৬টি ডিপার্টমেন্টে, ৫৩টির মধ্যে ৪৬টি ডিপার্টমেন্টে আপনাদের কেন্দ্রীয় সরকার প্ল্যানিংয়ের ক্ষেত্রে টাকা কমিয়েছেন। আর রাজ্য সরকারের দিকে আঙুল তুলে যদি হাসাহাসি করতে হয়, এখানে মৃদু, হাসি হাসছেন, কিন্তু কেন্দ্রীয় বাজেটের দিকে তাকিয়ে আপনাকে অট্টহাসি করতে হবে। কাজেই এগুলো বলে

কোনও লাভ নেই। আপনি যদি এবারের বাজেট এস্টিমেটটা হিসাব করেন, মাননীয় অর্থমন্ত্রী তো বলেছেন যে তিনি প্রতিটি ডিপার্টমেন্টে টাকা বাড়াবেন। বলতে পারেন তিনি বরং আশাবাদী। তিনি দেখিয়েছেন যে পরিকল্পনায় প্ল্যানিং খাতে প্রতিটি ডিপার্টমেন্টে তিনি টাকা বাড়াবেন। আর আমাদের মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী তিনি ১৯টি ডিপার্টমেন্টে প্ল্যানিং বাবদ টাকা কমিয়ে দিয়েছেন। এমনকি অগ্নিকন্যা মন্ত্রী পাঠিয়েও ইয়োথ ওয়েলফেয়ার অ্যান্ড স্পোর্টসের ক্ষেত্রে টাকা বাড়াতে পারলেন না। এই তো হচ্ছে ঘটনা। আর কোনও কোনও খাতে টাকা আপনারা কমিয়েছেন? টাকা কমিয়েছেন রুর‍্যাল ডেভেলপমেন্টের ক্ষেত্রে। অস্বীকার করতে পারেন? ৪০৮ কোটি টাকা কমিয়ে দিয়েছেন। তারমধ্যে একটা বড় অংশের টাকা কমিয়েছেন জওহর রোজগার যোজনায়, আই. আর. ডি. পি-তে টাকা কমিয়েছেন। কেন্দ্রীয় সরকার টাকা কমিয়েছেন শিক্ষা খাতে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা নিশ্চয়ই একমত হব, আমাদের এই বিষয়ে দৃষ্টিভঙ্গিগত পার্থক্য যাই থাকুক না কেন, পশ্চিমবাংলার শিল্পের বিষয়ে আমরা সবাই উৎকণ্ঠিত। ধরুন এবারের কেন্দ্রীয় সরকারের বাজেটে আমাদের পশ্চিমবাংলায় কতকগুলি যে গুরুত্বপূর্ণ সংস্থা আছে, সেগুলির চেহারাটা কি? বেঙ্গল কেমিক্যাল'এর অবস্থাটা কি? প্ল্যান এবং নন্-প্ল্যান মিলিয়ে ৩০ লক্ষ টাকা কম বরাদ্দ হয়েছে। আপনারা নিশ্চয়ই আমাদের সাথে এক হয়ে এর বিরুদ্ধে প্রতিবাদ জানাবেন? সবচেয়ে দুর্ভাগ্যজনক বিষয় হচ্ছে এটা যে, এই ৩০ লক্ষ টাকা বেঙ্গল কেমিক্যালে কমেছে অথচ সেই বেঙ্গল কেমিক্যালে ভলানটারি রিটায়ারমেন্টের জন্য এবারে ২ কোটি টাকা দেওয়া হয়েছে, যে টাকাটা প্ল্যান বাবদ দিলে বেঙ্গল কেমিক্যাল প্রফিটেবল হয়ে যেতে পারত। সেই টাকাটা বেঙ্গল কেমিক্যালকে না দিয়ে দেওয়া হয়েছে ভলানটারি রিটায়ারমেন্টের উপরে এই বছরের কেন্দ্রীয় বাজেটে।

[11-20 — 11-30 A.M.]

স্যার ওঁদের শঠতার একটা লিমিট থাকার দরকার। মাননীয় সৌগতবাবু যদি মনে করেন যে কোনও জায়গায় নন্-ভায়াবেল হলেই তুলে দেবেন সেক্ষেত্রে শুধু একটি তালিকা আমি আপনাদের কাছে পড়ে শোনাচ্ছি—ইন্ডিয়ান ড্রাগ অ্যান্ড ফারমাসিউটিক্যালস ১ কোটি ৮৪ লক্ষ টাকার আর ভলেনটারি রিটায়ারমেন্ট করবেন তাদের দেওয়া হচ্ছে ১০ কোটি টাকা। এই ১০ কোটি টাকা ওই ইন্ডিয়ান ফার্মাসিউটিক্যালস্ কোম্পানি পেলে বেঁচে যেতে পারত। তাদের প্রোডাকশন বাড়তে পারত এবং একটু তারা প্রফিটের মুখ দেখতে পেত। তারপরে এম এ এস সিতে এবং ভারত অপথ্যালমিকের ক্ষেত্রে

(শ্রী সৌগত রায়—ওরা তো আপনাদের ক্যাডার।)

হ্যাঁ, সৌগতবাবু পশ্চিমবঙ্গের যত শ্রমিক আছে তারাই আমাদের ক্যাডার, তারা আমাদের সঙ্গে আছে। তারপরে ভারত অপথ্যালমিকে ১ কোটি ৩০ লক্ষ টাকা কমানো হয়েছে, এম এস সিতে ১ কোটি টাকা কমানো হয়েছে, ন্যাশনাল ইনস্ট্রুমেন্টে ১ কোটি টাকা কমানো হয়েছে। এন টি সিতে ১ কোটি ৬০ লক্ষ টাকা কমানো হয়েছে, টায়ার কর্পোরেশনে ২ কোটি

৬০ লক্ষ টাকা কমানো হয়েছে। এবং বার্ড গ্রুপ অফ কোম্পানিতে ৩৯ লক্ষ টাকা কমানো হয়েছে, মাইকেল কর্পোরেশনে ৪ কোটি ৬০ লক্ষ টাকা কমানো হয়েছে। কলকাতা বন্দর হুগলি ডক এটা কি রুগ্ন যে তুলে দিতে হবে? এক্ষেত্রেও কমানো হল ৫ কোটি টাকা। আমাদের রাজ্যের কথা ছেড়েই দিলাম, আমাদের রাজ্যের একটা বড় অংশের মানুষ যার সঙ্গে যুক্ত সেই কোল ইন্ডিয়াতে ১৮০ কোটি টাকা কমানো হয়েছে। কোল ইন্ডিয়া তো আর রুগ্ন নয়, এক্ষেত্রে কেন কমানো হল? তারপরে এন টি সিতে ৮৭ কোটি টাকা বরাদ্দ কমানো হয়েছে এবং ভলেনটারি রিটায়ারমেন্টের স্কীমে ১৮ কোটি টাকা দিয়ে দেওয়া হল। এবারে আমি আসছি খাদিতে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহাত্মা গান্ধীর মতাদর্শ নিয়ে যে দল পরিচালিত হয় তারা অন্তত নিশ্চয় আমার সঙ্গে একমত হবেন এবং বলবেন এই খাদি সংক্রান্তি শিল্প কেন প্রাইভেটালাইজেশন হয়ে যাচ্ছে। সেখানে ৮১ কোটি টাকার বরাদ্দ কমানো হয়েছে। যদি লস হওয়া মানেই ন্যাশনালাইজ করতে হবে তাহলে তো কেন্দ্রীয় সরকারের সাড়ে ৫ কোটি টাকার পরে লস হচ্ছে এবং সেক্ষেত্রে তো আমেরিকাকে বলতে হবে জাতীয়করণ করতে এবং আমাদের তেরঙ্গা পতাকা নামিয়ে দিয়ে ওদের দেশের পতাকা টাঙ্গাতে হবে। এক্ষেত্রে যদি সোশ্যাল পলিটিক্যাল ফ্যাক্টার বলে কিছু না থাকে তাহলে তো রুজী মোদী দেশের প্রধানমন্ত্রী হয়ে নরসিমা রাওয়ের জায়গায় সোশ্যাল পলিটিক্যাল রোল প্লে করতে পারতেন। আজকে সবচেয়ে বড় কথা যেটা সেটা হচ্ছে যে এইবারের বাজেটের ফলে সাধারণ মানুষ সবচেয়ে বেশি আঘাতপ্রাপ্ত হয়ে পড়েছে এবং এই বিষয়ে নিশ্চয় সকলে একমত হব যে চাল ও সারের দাম বৃদ্ধি কেউ সমর্থন করতে পারি না। আজকে চালের দাম বেড়েছে, সারের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ৩০০ কোটি টাকার ভরতুকি কমিয়ে দিয়েছে এবং এতে যে চাষের ক্ষেত্রে একটা বিরাট ক্ষতি হবে সেই সম্বন্ধে নিশ্চয় দ্বিমত হবেন না। তারপরে ফুড গ্রেন্সের ক্ষেত্রেও ভরতুকি কমিয়ে দেওয়া হয়েছে। আপনাদের কেন্দ্রীয় বাজেটের ডকুমেন্টই তাই বলছে। তারপরে মিডিয়াম অ্যান্ড স্মল স্কেল ফার্মারসদের সাবসিডির ক্ষেত্রে এবং ফার্টিলাইজারের উপরে ৪০৫ কোটি টাকার মতো সাবসিডি কমিয়ে দেওয়া হয়েছে। একইসঙ্গে খাতদিতেও সাবসিডি কমিয়ে দেওয়া হয়েছে এবং এই বিষয়ে নিশ্চয় সকলে একমত হবেন যে এর প্রভাব আমাদের একটা রাজ্যের অর্থের উপরে নিশ্চয় পড়বে। ধরুন ১৯৯০-৯১ সালের সেন্ট্রাল গভর্নমেন্টের টোটাল এক্সপেন্ডিচার ছিল ১১.৫ পারসেন্ট এবং ১৯৯১-৯২ সালে সেটা কমে গিয়ে ১০.৯ পারসেন্ট দাঁড়াল। ১০.৯ পারসেন্ট কাকতালীয় কিনা জানিনা, তবে ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ড থেকে ঋণ নেবার পরে যেখানে সাব-সিডি কমিয়ে ৮.৮ পারসেন্ট দেওয়া হচ্ছে সেখানে এরপরেও কি আমরা বলব যে সার্বভৌমত্ব অক্ষুণ্ণ আছে? আজকে রেশনে চালের দাম কি হবে তা যদি নিউইয়র্কে ঠিক হয় এবং ওয়াশিংটন থেকে যদি সারের দাম ঠিক করে দেওয়া হয় তারপরেও কি বলবেন যে আমাদের সার্বভৌমত্ব ক্ষুণ্ণ হয় নি? মাননীয় সোমেন মিত্র মহাশয় সেলফ এমপ্লয়মেন্ট স্কীমের উদ্যোগ নেওয়ার ক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন এবং সমর্থন করেছেন। আমরা সেই উদ্যোগকে আরও বাড়াবার চেষ্টা করছি এবং সেই সঙ্গে বিরোধী দলের সদস্যদের কাছে

আবেদন করব যাতে এই সেলফ এমপ্লয়মেন্ট স্কীমের ক্ষেত্রে দ্বিমত পোষণ না করেন এবং এক্ষেত্রে আমি মাননীয় সৌগতবাবুর দৃষ্টি আকর্ষণ করছি তিনি নিশ্চয় এক্ষেত্রে একমত হবেন এবং এই সেলফ এমপ্লয়মেন্ট স্কীমগুলো যাতে ভালোভাবে হয় এবং এটা যাতে এনকারেজড হয় সেই দিকটা একটু দেখুন। নরসিংহের কমিটির রিপোর্ট নিশ্চয় আপনারা দেখেছেন সেখানে বলা হয়েছে প্রায়রিটি সেক্টর হলে এগ্রিকালচার স্মল স্কেল ইন্ডাস্ট্রির মধ্যে সেলফ এমপ্লয়মেন্ট স্কীমগুলি পড়ে। এখানে ইন্টারেস্ট কনসেশনাল রেটে দেওয়া হত, কারণ বেকার ছেলে সে অত ইন্টারেস্ট দেবে কি করে। আসুন, আমরা অন্তত সবাই এক হয়ে নরসিংহের কমিটির প্রস্তাবের প্রতিবাদ করি, এটা এত ভয়ঙ্কর যে সেলফ এমপ্লয়মেন্ট স্কীমটাও মার্কেটের মাধ্যমে ঠিক হতে অর্থাৎ টাটা বিড়লা যে পরিমাণ সুদ দেবে, আপনার পাড়ার একটা ছেলে যে পোলট্রি ফার্ম করে বেঁচে থাকতে চাইছে তারও ব্যাঙ্ক ইন্টারেস্ট এক হবে আমরা কেউ এটা মেনে নিতে পারিনা। আর সবচেয়ে বড় কথা হচ্ছে, মাননীয় অর্থমন্ত্রীকে আমি অনুরোধ করব এই যে সেলফ এমপ্লয়মেন্ট স্কীমের ক্ষেত্রে ইন্টারেস্ট রেট বেড়ে যাবে তাতে কোথায় গিয়ে দাঁড়াবে এই নতুন প্রকল্পগুলির ক্ষেত্রে তাই এটা বিশেষ বাড়তি পরিকল্পনা বোধ হয় পরিস্থিতির দাবি করছে। আমাদের কেন্দ্রীয় সরকারের নতুন নীতি যে করেই হোক না কেন ওয়ার্ল্ড ব্যাঙ্কের কন্ডিশনাল রিটিনের মধ্যে এইটুকু ছিলো ইন্টারন্যাশনাল রেট অফ মার্কেটের প্রসেসের মধ্যে দিয়ে এটা ফিক্সড হতে হবে। তা যদি হয় তাহলে সেলফ এমপ্লয়মেন্ট স্কীমের ক্ষেত্রে সর্বনাশ হতে পারে আমি শুধু মাননীয় অর্থমন্ত্রীর একটি বিশেষ দিকে দৃষ্টি আকর্ষণ করব গতবারের বাজেটে আমি কথাটা বলেছিলাম যে সেলফ এমপ্লয়মেন্ট স্কীমগুলির মাধ্যমে যে জিনিস তৈরি হচ্ছে তার আবার অনেকগুলি বন্ধ হয়ে যাচ্ছে। তার কারণ হচ্ছে তাদের কোনও একটা ফিক্সড গ্যারান্টেড মার্কেট নেই, এটা কি আমাদের রাজ্য সরকার পঞ্চায়েত বা মিউনিসিপ্যালিটিগুলি ব্যবস্থা করতে পারেনা যে তারা সেলফ এমপ্লয়মেন্ট স্কীম-এর তৈরি জিনিসগুলি কিনে নেবে। যাতে তাদের মাধ্যমে মার্কেটটা গ্যারান্টেড হয়। ধরুন স্টেট গভর্নমেন্ট চালাতে গেলে যে স্টেশনারি জিনিসগুলি লাগে তার জন্য তো বড় কোম্পানির দরকার হয়না, আপনার পশ্চিমবঙ্গে ৫ হাজার ছেলে সেলফ এমপ্লয়মেন্ট স্কীমের মধ্য দিয়ে স্টেশনারি জিনিস তৈরি করতে পারে, অবশ্য যে প্রক্রিয়া আছে এই বছরে বিল জমা দিলে ৪ বছর বাদে টাকা পাবে তাহলে সেলফ এমপ্লয়মেন্ট স্কীম যারা করেছে তারা শেষ হয়ে যাবে। কিন্তু আপনি অর্থমন্ত্রী হিসাবে এই বিষয়টা নিয়ে একটা উদ্যোগ নিতে পারেন কিনা যাতে এদের মার্কেটটা অন্তত ফিক্সড করা যায়। আর একটা উদ্বেগের কথা জানাচ্ছি, ৩ বছর আগে বাজেট বক্তৃতায় আপনি বলেছিলেন শহরাঞ্চলে উন্নয়নমূলক কাজের স্বার্থে শহরে বিক্রির যেটুকু প্রয়োজন রাজ্য সরকার ব্যবস্থা নেবেন। এ বিষয়ে সুনির্দিষ্ট কি কি পরিকল্পনা আছে সেটা আপনার প্রস্তাবের মধ্যে দেখছি না, এটা নিয়ে একটু উৎকণ্ঠা রইল। মাননীয় বিরোধী দলের সদস্য সোমেন মিত্র মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলে শেষ করব, এ বিষয়ে আমাদের কারোর কোনও দ্বিমত নেই যে রেজিস্ট্রি বেকারের সংখ্যা পশ্চিমবঙ্গে সর্বাধিক। শুধু এই রহস্যটা আমরা আজ পর্যন্ত উদ্ধার করতে পারিনি যে কেন ১৯৭৬-৭৭ সালের থেকে '৭৭-৭৮ সালে রেজিস্ট্রি বেকারের

সংখ্যা এক লাফে ২০ লক্ষ বেড়ে গেল, এই রহস্যটা আমরা আজ পর্যন্ত উদ্ধার করতে পারিনি। শ্রী সিদ্ধার্থ রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তিনি যে বছর ক্ষমতাচ্যুত হলেন তার পরের বছরে রেজিস্ট্রি বেকারের সংখ্যা ২০ লক্ষ বেড়ে গেল—এটা কেন হল? কারণটা আপনারা জানেন, আগে কেউ নাম লেখাতে যেত না, কারণ মদের বোতলের কোনায় কাগজে চিরকুট লিখে চাকরি হয়েছে, এম.ই.বি.তে হয়েছে—তাই লোকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাতে যাবে কেন। আমি শুধু মাননীয় সদস্য ডঃ আবেদিনের দৃষ্টি আকর্ষণ করছি, আপনাদের সমালোচনা তো এইটা কাজের ক্ষেত্রে, কাজ দেওয়ার ক্ষেত্রে, আমাদের সরকারের ব্যর্থতার কোনও সীমা পরিসীমা নেই। আমি শুধু আপনাদের একটু দৃষ্টি আকর্ষণ করে বলব, সোমেনবাবু বলেছেন '৯০ সালের ফিগার—আমি বলছি '৮৭ সালে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ৪৫,৭৭,০০০; '৯০ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছে ৪৭,৪৭,০০০। এবার দেখুন '৮৭ সালে গোটা দেশে বেকারের সংখ্যা কত ছিল, রেজিস্ট্রিকৃত বেকার ছিল ৩ কোটি ২ লক্ষ ৪৭ হাজার, আর '৯০ সালে সেটা বেড়ে দাঁড়াল ৩ কোটি ৪২ লক্ষ। এই দুই সংখ্যার মধ্যে পশ্চিমবাংলায় হচ্ছে সবচেয়ে বেশি। যখন কোনও একটা জিনিসের প্রবণতা মাপতে হবে তখন তার অ্যাবসলিউট ফিগার বললেই কিছু হয় না, যে সময়ে পশ্চিমবাংলায় রেজিস্ট্রিকৃত বেকারের পরিমাণ ৩ বছরে বেড়েছে ৩.৮ শতাংশ, সেখানে সারা ভারতে ৩ বছরে বেকার বাড়ার হার হচ্ছে ১৩.৪ শতাংশ। আমরা যদি অপদার্থ সরকার হই, গোটা দেশে তো আপনাদের সরকার চালাচ্ছে তাহলে এই অবস্থা হচ্ছে কেন?

[11-30 — 11-40 A.M.]

আমাদের এখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের একটা বিশ্বাসযোগ্যতা আছে, আমাদের এখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে কাজ হয়, তাই অনেক মানুষ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাতে আসে। কাজেই আমাদের এখানে বেকারের সংখ্যা বৃদ্ধি পেয়েছে একথা ঠিক নয়। আমাদের এখানকার সাথে যদি সারা ভারতের কম্পারেটিভ ফিগার নেন তাহলে দেখতে পাবেন সারা ভারতে বেকারের সংখ্যা ১৩.৪ ভাগ, বৃদ্ধি পেয়েছে, কিন্তু আমাদের এখানে সেই বেকার বৃদ্ধির পরিমাণ ৩.৮ ভাগ। অতএব এটা তুলনায় কিছুই নয়। আপনারা বলছেন ভারতবর্ষের অর্থনৈতিক নীতি, ভারতবর্ষের অর্থনৈতিক স্ট্রাকচার কিছু পরিবর্তন হওয়া দরকার। এই রিস্ট্রাকচারিং-এর ব্যাপারে আপনাদের সঙ্গে আমাদের কোনও দ্বিমত নেই। আপনারা তো রিস্ট্রাকচারিং-এর কথা সেদিন থেকে বলছেন, কিন্তু আমরা তো এই রিস্ট্রাকচারিং-এর কথা গত ৪৪ বছর ধরে বলে এসেছি। আমাদের তাই বক্তব্য ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ডের কাছ থেকে টাকা ধার নিয়ে কটা সাউন্ড অর্থনীতি আপনি তৈরি করতে পারবেন? এটাতো ঠিক যে বিদেশের কাছ থেকে টাকা ধার নেওয়াটা আমাদের কমাতে হবে। হ্যাঁ, পশ্চিমবাংলার সরকারও টাকা ধার নেয়, তবে এটাতো ঠিক যে যত ধার কম নেওয়া যায় বিদেশের কাছ থেকে ততই দেশের মঙ্গল। বিদেশের কাছ থেকে আমাদের ধার নেওয়ার প্রধান কারণ হচ্ছে ফ্রেইট গ্যাপটা বাড়ছে। আমাদের রপ্তানির পরিমাণ যেটা বাড়ার দরকার সেটা কমে গেছে,

কিন্তু আমদানির পরিমাণ বেড়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিরোধী সদস্যদের একটু দৃষ্টি আকর্ষণ করব, যে আমাদের দেশের ফ্রেইট গ্যাপ বেড়েছে কিসের জন্য? তার একটা প্রধান কারণ হচ্ছে আমদানি বেড়েছে। সাধারণত বলা হয় যে অয়েল বা পেট্রোলিয়াম আমদানির জন্যই আমাদের আমদানির পরিমাণ বাড়ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বোধহয় আমাদের আমদানি বাড়ার প্রধান কারণ নয়। গত পাঁচ বছরের ইতিহাস যদি আপনি দেখেন তাহলে দেখবেন আমাদের ইমপোর্ট বিলের এক নং প্রধান কারণ হল আমাদের ক্যাপিটাল গুডস্। এই ক্যাপিটাল গুডস্ আমদানির ফলেই আমাদের আমদানিটা বাড়ছে। আমি সৌগতবাবুর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এবারে কাস্টমস ডিউটির যে প্রোপোজালগুলি রাখা হয়েছে এই ব্যাপারটা আপনারা নিশ্চয় লক্ষ্য করেছেন। ক্যাপিটাল গুডস্‌কে সেখানে ছাড় দেওয়া হয়েছে ফলে আমাদের ইমপোর্ট অ্যামাউন্ট বাড়তে বাধ্য। আমরা এক্সপোর্ট বাড়াতে পারছি না, কি করে বাড়াতে পারব! প্রিসিশন স্টোন, হ্যান্ডিক্রাফটস্ এইগুলো আমরা এক্সপোর্ট করতাম। কিন্তু আমেরিকা এবং ব্রিটেনের লোকের পকেটে যদি পয়সা না থাকে তবে তারা এসব জিনিস কিনবে কি করে। আর আপনারা যে ইঞ্জিনিয়ারিং গুডসের কথা বলেছেন, তার বাজার আজকে শেষ হয়ে গিয়েছে। সোভিয়েত ইউনিয়ন, ইস্ট ইউরোপ সহ সমাজতান্ত্রিক দুনিয়া শেষ হয়ে যাবার পর আমাদের ইঞ্জিনিয়ারিং গুডসের বাজার শেষ হয়ে গেছে, ৮০ পারসেন্ট ইঞ্জিনিয়ারিং গুডস্ এরা কিনত। সুতরাং সোভিয়েত ইউনিয়ন ও ইস্ট ইউরোপের সর্বনাশ হওয়ায় ভারতবর্ষেরও সর্বনাশ হয়ে গিয়েছে, কাজেই আজকে ফ্রেইট গ্যাপ বেড়ে যাচ্ছে। ক্যাপিটাল গুডস্ আমদানিটা কমানো কি আমাদের পক্ষে খুব অসাধ্য? ক্যাপিটাল গুডস্ আমদানি করে যে ইন্ডাস্ট্রি গড়ে উঠবে সেই ইন্ডাস্ট্রি আমাদের দরকার নেই। রিলায়েন্স সর্বাধুনিক যে কারখানা গড়ে তুলেছে সেখানে ১০০ পারসেন্ট যন্ত্রপাতি বিদেশ থেকে আমদানি করতে হয়েছে। কি দরকার, দেশের লোককে আমদানি করা যন্ত্রপাতির মাধ্যমে 'অনলি বিমল' কাপড় পরতে হবে। আমাদের এখানকার কটন মিলের কাপড় কি পরা যায় না। দেশের লোককে 'ওনিডা' টি.ভি দেখানো কি দরকার, তারাতো আমাদের এখানকার সন্তোষ কোম্পানির টি.ভি. দেখতে পারে। দেশের মানুষের ওনিডা টি.ভি. দেখবার দরকার নেই, সন্তোষ টি.ভি. আসুক বাজারে। মারুতি উদ্যোগ লিমিটেডের পেছনে কোটি কোটি টাকা না ঢেলে কোটি কোটি টাকার বিদেশি মুদ্রা না ঢেলে সেন র‍্যালের পেছনে ঢাললে অনেক উপকার হবে। ক্যাপিটাল গুডসের ১০ ভাগ—যা দেশের মানুষের কাজে লাগে না। ১০ শতাংশ মানুষের জন্য আজকে আমদানি করছেন। এই ক্যাপিটাল গুডস আমদানি বন্ধ করুন। বাধ্য হয়েই আজকে আই.এম.এফের 'কাছে যেতে হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে জানাতে চাই, দেশের প্রধানমন্ত্রী আমাদের কাছে আবেদন করেছেন যে, ত্যাগ স্বীকার করতে হবে, আমাদের ত্যাগ স্বীকার করতে কোনও আপত্তি নেই দেশের বিপদ হলে। কিন্তু আজকে কিছু লোকের জন্যই তো সঙ্কট। কিছু লোকের বাড়িতে পারসোনাল কমপিউটার থাকবে, তাঁরা অনলি বিমল পরবেন আর দেশের মানুষ—চালের দাম বাড়বে, সারের দাম বাড়বে, সিমেন্টের দাম বাড়বে। এতো হয় না। বাজেট প্রস্তাবকে

সমর্থন করে এবং এই বাজেট প্রস্তাব মাননীয় অর্থমন্ত্রী যা পেশ করেছেন রাজ্যের অবস্থার ক্ষেত্রে কেবল যে, উন্নতির ক্ষেত্রে সহায়ক হবে তা নয়, দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য এবং দেশের আত্মমর্যাদার নীতির বিরুদ্ধে একটা বলিষ্ঠ পদক্ষেপ। তা ছাড়া এই বাজেট প্রস্তাব বিকল্প অর্থনীতির নজির স্থাপন করবে। আবার মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে, অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায়ঃ মাননীয় স্পিকার স্যার, আমি এই বাজেট প্রস্তাবের বিরোধিতা করছি এবং আমরা পরে আমাদের কাট মোশন দেব। স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রীর বক্তব্য ভালো করে পড়েছি এবং মানববাবুর বক্তব্য ভালো করে শুনলাম। মাননীয় অর্থমন্ত্রীর ২০ পাতার বাজেট বক্তৃতার মধ্যে ১ থেকে ১২ পাতা পর্যন্ত কেন্দ্রীয় নীতির সমালোচনা। আর মানববাবুর ৪০ মিনিট বক্তব্যের মধ্যে ৩০ মিনিট একই সমালোচনা কেন্দ্রের। আসলে এঁদের দুজনের বক্তব্যই আমার কাছে একই মনে হয়েছে। এঁদের বক্তব্য ভ্রান্ত অর্থনীতির দলিল। অর্থনৈতিক কুপমন্ডুকতার নিদর্শন। বস্তাপচা তত্ত্বর পুনরাবৃত্তি, সি.পি.এমের. মাদ্রাজ কংগ্রেসের পুনর্লিখন, অপদার্থতায় এবং অজুহাতে ভরা রাজ্যের অর্থনৈতিক কাঠামোতে। একটা ছোট উদাহরণ দিই এই যে বাজেট বক্তৃতা ছাপা হয়েছে এটা ছাপা হত সরস্বতী প্রেস থেকে, ইকনমিক রিভিউ ছাপা হচ্ছে আই.এস.আই. প্রিন্টিং প্রেস থেকে। রাজ্য সরকারের নিজস্ব প্রেস আছে সেখানে ১২০০ লোক কাজ করে। সেখান থেকে না ছাপিয়ে কেন্দ্রীয় সরকারের আই.এস.আই. প্রিন্টিং প্রেস থেকে ছাপাচ্ছে। এটা ওঁদের অপদার্থতা। স্যার, এইরকম কখনও হয়নি এবং নিজেদের যে প্রেস সেটা বন্ধ করে দিচ্ছেন। স্যার, আজকে আমি আপনার কাছে বলতে চাই যে, কেন্দ্রের অর্থনৈতিক নীতি নিয়ে অনেক কথা বলা হয়েছে। অসীমবাবু তাঁর বক্তৃতায় যা বলেছেন—তার মধ্যে কিছু অসত্য এবং কিছু অর্ধসত্য। আমি সেগুলিকে পরে রিফিউট করব। আমি স্যার, আপনাকে স্মরণ করিয়ে দিই—, গভীর অর্থনৈতিক সঙ্কটের মধ্যে প্রায় ৯ মাস আগে যখন কেন্দ্রীয় সরকার দায়িত্ব গ্রহণ করেন—একদিকে বৈদেশিক মুদ্রার সঙ্কট এবং আর একদিকে ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতির সঙ্কট দেশকে অত্যন্ত খারাপ অবস্থার মধ্যে ফেলেছিল ভি.পি.সিং এবং চন্দ্রশেখর সরকারের ভ্রান্ত নীতির ফলে। দেশের অর্থনীতি প্রায় দেউলিয়া হয়ে গিয়েছিল। সোনা বিদেশে বন্ধক দিতে হয়েছিল। এই অবস্থায় কেন্দ্রীয় সরকার খুব দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেন এবং মাননীয় অর্থমন্ত্রী অসীমবাবু স্বীকার না করলেও তাঁকে মনে করিয়ে দিই এক বছরের মধ্যে ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ অত্যন্ত শোচনীয় অবস্থায় এসে দাঁড়িয়েছিল। মুদ্রাস্ফীতির হার ১৬.৭ শতাংশ থেকে ১২ শতাংশে নামিয়ে আনা গেছে। আমাদের যে বাজেট ডেফিসিট যেটা গত বছরে ৮.৪ পারসেন্ট ছিল—ইতিহাস সৃষ্টি করে ডঃ মনমোহন সিং ডেফিসিটকে বাজেট লিমিটের মধ্যে রেখেছেন। ৬.৪ পারসেন্ট বাজেট লিমিটের মধ্যে রেখেছেন। স্যার, গত বছরের কথা আমাদের অর্থমন্ত্রী প্রায় আনন্দের সাথে, উল্লাসের

[11-40 — 11-50 A.M.]

সাথে বলেছেন, দেশের রপ্তানি কমেছে। অর্থমন্ত্রীর জানা উচিত ছিল যে গতবারে সোভিয়েত

ইউনিয়ন ভেঙ্গে পড়ার পর, কমিউনিজম উঠে যাওয়ার পর, সোভিয়েত ইউনিয়নে আমাদের দেশের ব্যবসা মার খেয়েছে। আমাদের নতুন বাজার খুঁজতে হচ্ছে। আন্তর্জাতিক বাজারে মন্দা চলছে। সেইজন্য আমাদের রপ্তানি মার খেয়েছে। এতে অর্থমন্ত্রীর উল্লসিত হওয়ার কিছু নেই। তার কারণ সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে পড়াটাই সেটা স্মরণ করিয়ে দিচ্ছে যে আমাদের রপ্তানি কমে যাওয়ার কারণ। আমরা গত বছর শিল্পে প্রয়োজনীয় আমদানি করতে পারি নি। তার ফলে অনেক জায়গায় ক্যাপিটাল গুডসের অভাব। আমাদের শিল্প গত বছর মার খেয়ে গিয়েছে। এই বছর সেই অবস্থা আমরা কাটিয়ে উঠতে পারব বলে আমরা মনে করছি। মানববাবু এবং অসীমবাবু এমনকি রাজ্যপাল আই, এম, এফ এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের ঋণ নিয়ে, কনডিশনালটি নিয়ে অনেক কথা বলেছে। আমি প্রথমেই বলে রাখি, এই বছর কেন্দ্রীয় বাজেট হচ্ছে এক লক্ষ ছ হাজার কোটি টাকার। সেখানে আই, এম, এফ লোন হচ্ছে ৭ হাজার ৭ কোটি টাকা। তাহলে রাফলি ৭.৭ পারসেন্ট। আমাদের ৭.৭ পারসেন্ট এক বছরে এক্সটারনাল লোন কোনও বেশি ব্যাপার নয়। এটা ওঁদের আরও মনে রাখা উচিত এবং আমরা সঙ্গে সঙ্গে একথাও বলতে চাই, কেন্দ্রীয় অর্থমন্ত্রী কোনওরকম গোপন করেন নি। বলা হয়েছিল, বাজেট ফাঁস হয়ে গিয়েছে, বলা হয়েছিল স্যারেন্ডার করা হয়েছে। গত ২৬ তারিখে লোকসভায় অর্থমন্ত্রী তাঁর ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রেসিডেন্টকে লেখা চিঠি পেশ করেছেন এবং পেশ করে সেই ডকুমেন্ট থেকে কোট করে কারও সাহস হল না কিছু বলা। কারণ কোনও জায়গায় কোনও কনডিশনালিটির কথা বলা নেই যে স্ট্রাকচারাল রিফর্মস যে কাঠামোগত পরিবর্তন আমরা অর্থনীতিতে শুরু করেছি নভেম্বর মাসে ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রেসিডেন্টকে লেখা চিঠিতে বলা হচ্ছে। এই প্রসঙ্গে আমি আবার আপনাকে মনে করিয়ে দিতে চাই যে ভারতবর্ষের এক্সটারনাল পাবলিক ডেট তার বিদেশি সাহায্য বা ঋণের পরিমাণ ছিল ৬২ মিলিয়ন ডলারস। চিন তো ধোয়া তুলসি পাতা। মার্কসিস্ট দেশ, তাদের ছিল ৪৫ মিলিয়ন ডলারস। ভারতবর্ষের ৬২ মিলিয়ন ডলারস, চীনের ৪৫ মিলিয়ন ডলারস, সেখানে ব্রাজিলের ১১১ মিলিয়ন ডলারস। ব্রাজিলের জনসংখ্যা আমাদের এক-পঞ্চমাংশ। তাদের ১১১ মিলিয়ন ডলারস এক্সটারনাল ডেট ছিল। একার নয়, চীন আছে, সোভিয়েত ইউনিয়নের পূর্বতন দেশ সি, আই, এস আজকে ঋণের জন্য যাচ্ছে। যারা বলছেন আমরা লজ্জাজনক কনডিশনালিটি করেছি, আমরা আত্মসমর্পণ করেছি, যারা ভারতবর্ষকে অপমান করতে চান, তারাই একথা বলছেন। এইটা সি.পি.এমের লোকদের পক্ষে সাজে। আমরা কংগ্রেসের লোকেরা দেশ স্বাধীন করেছি, আমরা কোনও অপমানজনক শর্তের কাছে আত্মসমর্পন করি না। যারা বৃটিশের সঙ্গে হাত মিলিয়েছে, সেই কমিউনিস্টরা আজকে বনিকের মানদন্ড দেখা গেল রাজদন্ডরূপে—এই ভয়ে ভীত। এই কথা আমরা বলতে চাই, রাজ্যের অর্থমন্ত্রী তিনি তাঁর বক্তৃতায় প্রায় উল্লেখ করেছেন এবং মানববাবু বললেন এমনভাবে যেন একটা নতুন তত্ত্ব বলছেন যে আমরা নাকি বেশিরভাগ ইমপোর্ট ক্যাপিটাল গুডসের। এর চেয়ে ভুল কথা আর হতে পারে না। একটা হচ্ছে ক্যাপিটাল গুডস, আমাদের যদি শিল্প চালাতে হয়, তাহলে এসেনসিয়াল। আমরা অ্যাবাউট ১০ হাজার কোটি টাকার ক্যাপিটাল গুডস ইমপোর্ট করি, আমরা ১০ হাজার কোটি

টাকার পেট্রোলিয়াম ইমপোর্ট করি, ১৫শো কোটি টাকার ফার্টিলাইজার ইমপোর্ট করি। আমাদের মোট ইমপোর্ট হচ্ছে ৪৩ হাজার কোটি টাকা ছিল ১৯৯০-৯১তে। তার ২৪ পারসেন্ট ক্যাপিটাল গুডস। ২৪ পারসেন্ট সার। এই ইমপোর্টকে কমিয়ে দেওয়ার, এই ইমপোর্টকে কমপ্রেসন করবার মানে কি? ইমপোর্ট কমপ্রেসন মানে আমাদের অর্থনীতি, আমাদের শিল্প মার খাবে—উৎপাদনের অভাবে, কাঁচামালের অভাবে। আজকে অসীমবাবু যাঁরা প্রভাত পট্টনায়েক মার্কা অর্থনীতির কথা বলেন তাদের বুঝতে হবে, আজকের পৃথিবীতে সেলফ রিলায়েন্স অর্থাৎ স্বনির্ভরতা মানে নিজেকে বাইরের জগত থেকে বাদ দিয়ে দেওয়া নয়। আজকে অ্যাসেম্বলিতে বসে পাকিস্তান আর নিউজিল্যান্ডের খেলা যারা দেখছে, ওঁরা ভারতবর্ষকে গন্ডীর মধ্যে, কূপের মধ্যে আবদ্ধ করে রাখতে চায়। আমরা জহওরলাল নেহরুর চিন্তায় সেলফ রিলায়েন্স মানে বুঝি, আমরা আমদানি করব, কিন্তু ঋণ না নিয়ে। এইটাই আমরা সেলফ রিলায়েন্স বুঝি। আইসোলেশন আর সেলফ রিলায়েন্স এক কথা মনে করি না। আমরা একথাও স্মরণ করিয়ে দিতে চাই, ১৯৮১ সালেও আমরা আই.এম.এফ লোন নিয়েছিলাম। দু'বছরের মধ্যে আমরা লোন বন্ধ করে দিয়েছি। কিন্তু আমাদের অসীমবাবুর ফ্রাংকনেস নেই। কিন্তু আজকে পর্যন্ত জ্যোতিবাবু ১০ বার বিদেশ সফরে গেলেন, কার সাথে কথা বলেছেন, কি করেছেন, জানালেন না। ওয়ার্ল্ড ব্যাঙ্কের সাথে যে চুক্তিতে ওঁরা ঋণ নিচ্ছেন, আজকে পর্যন্ত বিধানসভায় তারা পেশ করলেন না। গত বছর অসীমবাবু জাপানে গিয়েছিলেন, দেখলাম ক্যালিফোর্ণিয়া যাচ্ছেন, পথে জাপানে গেলেন। বক্রেশ্বর নিয়ে অলোচনা করলেন বিধানসভায় এসে একটা স্টেটমেন্ট দেবার দরকার মনে করেন না। বিদেশে যান লুকিয়ে লুকিয়ে কিকথা বলেন, কাউকে বলেন না। কেন বিদেশে কি টাকা রাখতে যান? এই লজ্জা কিসের? আপনাদের বলার আছে। মনমোহন সিং বাপের বেটা, লোকসভায় চিঠি রেখে দিয়েছে।

আপনারা তো বলতে পারলেন না যে কি কনডিশনে এর কাছ থেকে লোন চাইছেন। স্যার, আজকে একটা জিনিস বুঝতে হবে, গতবারের বৈদেশিক মুদ্রার সঙ্কট আমাদের বুঝিয়ে দিয়েছে যে আমাদের অর্থনীতিকে যদি বাঁচাতে হয় তাহলে আমাদের রপ্তানি বাড়াতে হবে এবং আন্তর্জাতিক বাজারে আমাদের প্রতিযোগিতায় নামতে হবে। এখন এই আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা করতে গেলে শুধু পাট বা চা পাঠালেই চলবে না, আমাদের ফিনিশড গুডস পাঠাতে হবে। যদি ফিনিশড গুডস, ইঞ্জিনিয়ারিং গুডস, ভ্যালু অ্যাডেড গুডস পাঠাতে হয় তাহলে আমাদের আন্তর্জাতিক বাজারের মানে এবং দামে—কোয়ালিটি এবং প্রাইসে আমাদের সেখানে কমপিট করতে হবে। তা যদি করতে হয় তাহলে তারজন্য আমাদের শিল্পকে আধুনিকীকরণের ব্যবস্থা করতে হবে। সে ক্ষেত্রে শিল্পকে আধুনিকীকরণ করতে গেলে হয় নতুন প্রযুক্তি আমাদের তৈরি করতে হবে নতুবা বিদেশ থেকে তা আমাদের আনতে হবে। এখন বিদেশ থেকে প্রযুক্তি আনার খরচ যদি বেশি হয় তাহলে বিদেশি মুলধন এখানে আনতে হবে। চিন এই নীতি গ্রহণ করেছে। আপনারা নিশ্চয় জানেন স্যার, চিনে আজকে

৪৫ বিলিয়ন ডলার এক্সটারনাল ক্যাপিটাল খাটছে। আপনারা জানেন, অসীমবাবুরও জানা উচিত যে চিন আজকে স্টক এক্সচেঞ্জ খুলে দিয়েছে। ওরা ফ্রি ইকনমি জোন তৈরি করেছে। তাছাড়া দেং শিয়াও পেন যেকথা বলেছেন আমি জানি না অসীমবাবুরা কেন সেকথা বলতে পারলেন না। তিনি বলেছেন, "I do not care if the cat is black or white as long as the cat catches mice." যতক্ষণ ইঁদুর ধরছে ততক্ষণ বেড়ালটা সাদা না কালো এ নিয়ে চিন্তা করি না। তিনি আরও কি বলেছেন? ক্যাপিটালিজমের যে গুণ সেটা আমাদের বুঝতে হবে। সেটা কি? পৃথিবীতে কমান্ড ইকনমি ভেঙ্গে পড়েছে। আমরা জানি এতে যারা দীর্ঘদিন মার্কসবাদী পার্টি করেছেন তাদের হৃদয়ে একটা গভীর আঘাত লেগেছে। যে বিশ্বাসটা আপনারা দীর্ঘদিন লালন-পালন করে আসছিলেন সেই বিশ্বাসের ইমারতটা সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে পড়ার সাথে সাথে ভেঙ্গে পড়েছে। কিন্তু এর থেকে কি শিক্ষা নিয়েছেন আপনারা? আপনাদের মাদ্রাজ প্রস্তাবে সে শিক্ষা নেওয়া হয়নি। আপনারা বলেছেন সেটা ছোটখাট ডিসটরশন। এখন শিক্ষা এই যে, centralised—beaurocratist—command economy. চলবে না। controlled price and controlled market. চলবে না। কনট্রোলড প্রাইস অ্যান্ড ব্যুরোক্রাটিক সিস্টেম দিয়ে আপনি মানুষের কনজিউমার গুডসের যে এক্সপেকটেশন, মানুষের ভোগ্যপণ্যের যে চাহিদা তা মেটাতে পারবেন না। আপনি সারপ্লাস ক্যাপিটাল জেনারেট করতে পারবেন না এবং রেট অব গ্রোথ সাসটেন করতে পারবেন না। সোভিয়েত ইউনিয়নের কোলাপস-এর এটাই হচ্ছে শিক্ষা। সেই শিক্ষা আপনারা গ্রহণ করতে পারলেন না। যে অর্থনীতির কথা আপনারা বলছেন এটা গত ৫ দশক ধরে তথাকথিত মার্কসবাদী অর্থনীতিবিদরা বলে এসেছেন কিন্তু পৃথিবীতে দেখা যাচ্ছে যে এর কোনও জায়গা নেই। আমরা কংগ্রেস সরকার থেকে নেহেরুর নেতৃত্বে এই দেশে ভারী শিল্প তৈরি করেছি। আজকে আমরা গর্ব করে বলি যে আমাদের পাবলিক সেক্টারে আমরা এক লক্ষ কোটি টাকা বিনিয়োগ করতে পেরেছি। পাবলিক সেক্টারের মালিকানা নাকি চলে যাচ্ছে এবং এ নিয়ে অসীমবাবুরা খুব উদ্বেগ প্রকাশ করছেন দেখলাম। অসীমবাবু ইন্ডাস্ট্রিয়াল পলিসি ভাল করে পড়েন নি, না হয় পড়েও বোঝেন নি। তার কারণ কি বলা হচ্ছে—ডিসইনভেস্টমেন্ট করা হচ্ছে to the extent of 20% মাত্র ২০ পারসেন্ট সেখানে বেচে দেওয়া হচ্ছে। আর বেচে দেওয়া হচ্ছে কি জন্য? করা হচ্ছে, দেশের শিল্পকে আধুনিকীকরণ করার জন্য, ন্যাশনাল রিনিউয়াল ফান্ডে যাতে টাকা তোলা যায় সেজন্য। আর বেচে দেওয়া হচ্ছে শিল্পপতিদের কাছে নয়, সেখানে ব্যাঙ্কের যে মিউচুয়াল ফান্ড আছে তার মাধ্যমে ডিসইনভেস্টমেন্ট করা হচ্ছে। অর্থমন্ত্রী মহাশয় তার বক্তৃতায় বলেছেন যে কেন্দ্রের শিল্প অন্য লোকের হাতে তুলে দেওয়া হচ্ছে। এগুলি আপনারা করেন—আপনারা তুলে দিয়েছেন গৌরীপুরকে বিড়লাদের হাতে, গ্যাস টারবাইন সি.ই.এস.সি'র হাতে, কেন্দ্রীয় সরকার এটা করেন নি। ডঃ মনমোহন সিং বারবার বলেছেন যে ব্যাঙ্ক প্রাইভেটাইজ্ করা হবে না। প্রধানমন্ত্রী বলেছেন কোনও পাবলিক সেক্টরকে প্রাইভেটাইজ করার প্রশ্ন এখনও পর্যন্ত নেই। কিন্তু যেটা এই কমিউনিস্ট অর্থনীতিবিদরা মাথায় ঢুকিয়ে রেখে চাবি দিয়ে দিয়েছেন—মানুদা সেদিন বলছিলেন—তার মানে কি সেটা

তারা বুঝতে পারছেন না। ওরা বুঝতে পারছেন না যে পৃথিবীতে এখন শিল্পের জন্য মূলধন কোথা থেকে তুলতে হবে। ব্যাঙ্ক ঋণ নির্ভর একটা অর্থনীতির উপর নির্ভর করে নয়, সরকারের বাজেটারি সাপোর্ট দিয়ে নয়, কংগ্রেস তো বাজেটারি সাপোর্ট দিয়ে দেশে ভারী শিল্প তৈরি করেছে, কিন্তু আজকে দেশে একটা প্রাইভেট স্টক মার্কেট আছে, ১ কোটি ৫০ লক্ষ লোক, তার মধ্যে অনেক নিম্ন মধ্যবিত্ত লোক আছেন, তারা শেয়ার হোল্ডার, বাজার থেকে তারা শেয়ার কিনছেন। বাজারে যে কোনও ব্যবসায়ী একটা শেয়ার ছেড়ে সে কোটি কোটি

[11-50 — 12-00 Noon]

টাকা তুলে নিচ্ছে, আপনারও উচিত কেন্দ্রীয় সরকারের সমালোচনা না করে হলদিয়ার শেয়ার বাজারে ছাড়া, আপনার উচিত বক্রেশ্বরের শেয়ার বাজারে ছাড়া। ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ থেকে বাইরের কোম্পানিরা টাকা তুলে নিয়ে যাচ্ছে, আপনারা কুপমন্ডুকতায় আবদ্ধ, তাই যেখানে আপনার টাকা রয়েছে, মানুষ টাকা ইনভেস্ট করতে চায়, আপনারা তা করতে পারছেন না। আপনারা বলছেন কেন্দ্র ২০ পারসেন্ট দিয়ে ভারি অন্যায় করেছে। আপনারা ৫০/৫০ দিয়ে জয়েন্ট সেক্টরে করেন নি? জ্যোতি বসুকে কমিউনিস্ট পার্টির রেজলিউশন পাল্টে বলতে হয়নি, যখন আর.পি. গোয়েঙ্কার সঙ্গে হলদিয়া করার কথা হল? পুরোপুরি বলতে পারছেন না। আজ আন্তর্জাতিক বাজারে যে পরিবর্তন, সেই পরিবর্তন আপনারা চোখে দেখতে পাচ্ছেন না, এটাই আমার সব চেয়ে আপনাদের জন্য দুঃখের ব্যাপার লাগে। আজকে কেন্দ্রীয় সরকার ন্যাশনাল রিন্যুয়াল ফান্ড করেছে, আপনি প্রশংসা করেন নি। আপনার এখানে শিল্প বন্ধ হয়ে যাচ্ছে, আপনি শ্রমিকদের ৫০ টাকা করে দিতে পেরেছেন, বন্ধ মেটাল বক্স এর শ্রমিকদের, এম.এম.সি.'র শ্রমিকদের, জে.কে. স্টিলের শ্রমিকদের? ক্যালকাটা কেমিক্যাল বন্ধ হয়ে গেছে, তাদের শ্রমিকদের কিছু দিতে পেরেছেন? বাটায় আপনি স্ট্রাইক করাতে পেরেছেন, কিন্তু বন্ধ কারখানার শ্রমিকদের জন্য আপনি কিছু করতে পারেন নি। এই প্রথম কেন্দ্রীয় সরকার বলছে যে আমরা একটা সেফটি নেট তৈরি করব, শ্রমিক, তাদের কাজ যদি যাবার সম্ভাবনা থাকে, সে কিছু পাবে। আপনি বসুমতী কলকাতা থেকে বন্ধ করে নিয়ে যাচ্ছে, আপনার এই অপদার্থতা, এই যুক্তি, তার ফলে আপনাদের যে যুক্তি, সত্যি কথা বলার আপনার কোনও জায়গায় সাহস নেই। তার ফলে এই অবস্থা আজকে দাঁড়িয়েছে। পাবলিক সেক্টার বলেছেন যে তুলে দেওয়া হচ্ছে। কী বলেছেন কেন্দ্রীয় সরকার, পাবলিক সেক্টার যেগুলো রুগ্ন, সেইগুলোকে বি.আই.এফ.আর'এ পাঠানো হবে। বছরের পর বছর যেগুলো দেশের উপর বার্ডেন সৃষ্টি করছে, সেইগুলোকে বিচার করে দেখতে হবে যে কী ভাবে লাভজনক করা যায়, এর নাম কি পাবলিক সেক্টার তুলে দেওয়া? আমরা আজকে আপনাদের কাছে বলতে চাই যে দেশের কথা আপনাদের ভাবতে হবে। যে দেশে ৫৮টা পাবলিক সেক্টার আন্ডার টেকিং-এ ৩ লক্ষ লোক কাজ করে তাদের অ্যাকুমুলেটেড লস ১০ হাজার কোটি টাকা। সেইগুলো বাঁচাতে হলে ১৫ হাজার কোটি টাকা ইনভেস্ট করতে হবে, পুরোপুরি রিভাইভ্যাল ৩ লক্ষ লোকের কাজ রেখে। আর ১৫ হাজার কোটি টাকা নতুন

ভাবে নিয়োগ করলে ১৫ লক্ষ লোকের চাকরি হবে। আর তিন লক্ষ লোকের চাকরি বাঁচানোটাই কি শেষ কথা? না তাদের জন্য বিকল্প ব্যবস্থা করে ১৫ লক্ষ লোককে চাকরি দেবার ব্যবস্থা করা নতুন করে, এই সহজ কথাটা আপনারা কেন বুঝতে পারছেন না? আপনি অসীমবাবু কোনও আনপ্লেজান্ট কথা কোথাও বলতে চান না, কোথাও বলতে পারেন না। একটা রাজ্য সরকারের আয় কোথা থেকে হয় সবাই জানে, ট্যাক্সেস, সেভিংস, প্রফিট ফ্রম পাবলিক আন্ডার টেকিং। বছরের পর বছর আমি বাজেট বক্তৃতায় বলছি যে পাবলিক আন্ডারটেকিংগুলো সম্বন্ধে কিছু বলুন। কিন্তু আপনার পার্টির ম্যান্ডেট আছে, আপনি একবারও মুখ ফুটে বলতে পারলেন না যে পাবলিক আন্ডারটেকিং-এ লস কমাবার আপনারা চেষ্টা করছেন। আপনার বাজেট বক্তৃতায় আপনার বলতে লজ্জা করে। ইকনমিক রিভিউতে দেখছি ৭০টা পাবলিক আন্ডারটেকিং আছে, তার মধ্যে ১৩টা মাইনর লাভের মুখ দেখেছে আর ৫৭টা পাবলিক আন্ডারটেকিং লস করছে। আপনি রাজ্যের অর্থমন্ত্রী, পাবলিক আন্ডারটেকিং থেকে আপনার নেট গেন হওয়া উচিত। সেন্টারে পাবলিক আন্ডারটেকিং এতদসত্ত্বেও প্রায় ২।। হাজার কোটি টাকা এই বছর নেট প্রফিট দিয়েছে সেখানে আপনার পাবলিক আন্ডারটেকিংগুলোতে কোটি কোটি টাকা নেট লস। আপনি অর্থমন্ত্রী, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে ১২ পাতা বললেন, আর আপনি নিজের পাবলিক আন্ডারটেকিংগুলো নিয়ে একটা কথা বলতে পারলেন না? আপনার স্টেট ট্রান্সপোর্টে লস, ইলেকট্রিসিটিতে লস, ট্রাম কোম্পানিতে লস, স্যাকসবি ফার্মারে লস, একটার পর একটা কোম্পানিতে লস। ডি.পি.এল-এ লস। দুর্গাপুর কেমিক্যালসে লস। আপনার পাবলিক আন্ডার ট্রেকিং ডিপার্টমেন্টে ৮টা কনসার্ন আছে, তার মধ্যে শুধু স্টেট ওয়্যার হাউসিং কর্পোরেশনটা লাভ করেছে, আর ইলেকট্রো মেডিক্যাল অ্যাপলেন্সটা লাভ করেছে, আর ৬টায় লোকসান। আপনি একটা কথা বলতে পারলেন না, তার কারণ আপনার পোজিশন খারাপ হয়ে যাবে। অসীমবাবু আপনি চিৎকার করে বলছেন যে রাজ্য সরকারের সব সর্বনাশ করে দিলো কেন্দ্রীয় সরকার, কারণ কেন্দ্রীয় সরকার মিউচুয়্যাল ফান্ড চালু করে দিয়েছে তার ফলে আমাদের স্মল সেভিংস মার খাচ্ছে। মিউচুয়্যাল ফান্ড চালু করে যদি ব্যাঙ্কগুলো জনসাধারণের থেকে টাকা নিয়ে শেয়ার মার্কেটে খাটিয়ে লোককে বেশি সুদ দেয়, সেটায় আপনার আপত্তি? আপনারা চান না পাবলিক বেশি সুদ পাক, কারণ তারা তা না পেলে আপনাদের ধার নিতে সুবিধা হবে। জনসাধারণ কম সুদ পাক, এটাই আপনাদের বক্তব্য। এই বক্তব্যই আপনারা রাখছেন। অসীমবাবু, আপনি নিজে কোনও লাভজনক প্রস্তাব দিতে পারলেন না যে, কি করে আপনারা স্মল সেভিংস বাড়াবেন। আমার কাছে 'স্টেটসম্যান' কাগজ আছে, তারা একটা সার্ভে করেছিল যে, শুধু পশ্চিমবাংলায় সাড়ে তিন শো প্রাইভেট ইনভেস্টমেন্ট কোম্পানিস অপারেট করছে এবং 'পিয়ারলেস'-কে বাদ দিয়ে তারা ১৯৮৭ সালে পূর্ব ভারতে ২৮১ কোটি টাকা মপ্-আপ করেছে। এদের একটা অংশেরও বিরুদ্ধে আপনি কিছু করলেন না। তার কারণ সোমেনবাবু ঠিকই বলেছেন, 'সঞ্চয়িতা'-কে ধরে অশোক মিত্রর চাকরি গিয়েছিল। আপনি কোনও রিস্কে যাবেন না, কোনও আনপ্লেজেন্ট কথা বলবেন না। আপনি এমন ভাবে বলছেন যে, লোকে ভাবছে,—ন্যাশনাল

সেভিংস স্কীমের টাকা মানে আপনাদের ট্যাক্সের টাকা, এখন আপনারা সেটা আর পাচ্ছেন না। কিন্তু তা তো নয়। এটা লোন, ওখান থেকে আপনারা ৭৫% লোন পান। আর বছরের পর বছর এই লোনের বোঝা বাড়িয়ে নিয়ে আপনারা রাজ্যকে ডেট ট্রাপে ফেলে দিয়েছেন। অথচ মানুষকে কিভাবে ভুল বোঝাচ্ছেন! আজকে আমি আপনাদের বলছি, আপনাদের বুঝতে হবে যে, পৃথিবীর অর্থনীতি, অর্থনীতির চেহারা সম্পূর্ণভাবে পরিবর্তিত হয়ে যাচ্ছে এবং সেখানে ভারতবর্ষকে গ্লোবাল মার্কেট প্লেসের বাইরে রাখা যাবে না। বিধি-নিষেধের অর্থনীতি, কন্ট্রোলড অর্থনীতি আমরা করেছি, কিন্তু তাতে মনোপলিই বেড়েছে। আমরা আমাদের অর্থনীতিকে কমপিটিশনে এক্সপোজড করি নি। আজকে আপনারা যা বলছেন, তাতে আপনারা বিদেশি পুঁজির লগ্নি বিরোধী কথা বলছেন। তার মানে আপনারা দেশের বড় বড় পুঁজিপতিদের সঙ্গে হাত মিলিয়েছেন। আপনারা টাটার সঙ্গে, আম্বানিদের সঙ্গে বিড়লার সঙ্গে, গোয়েঙ্কার সঙ্গে জয়েন্ট সেক্টর করছেন। Jyoti Basu has become the biggest mouthpiece of the national bourgeoisic, biggest mouthpiece of the national bourgeoisie. He has become the spokesman for FICCI. ফলে বছরের পর বছর খারাপ গাড়ি কিনতে হলেও ভাল গাড়ি তৈরির সুযোগ দেওয়া হয় না। আজকে ওঁদের আপনারা সব চেয়ে বড় স্পোকসম্যান। হালে তথাকথিত মার্কসইজম কোলাপ্স হয়েছে। পশ্চিমবাংলায় মার্কসবাদীদের এই অধঃপতন আমাদের এই জীবনেই যে দেখতে হবে তা আমরা ভাবি নি। আজকে আর আপনাদের ক্ষমতা নেই, অসীমবাবু আপনাদের রাজনৈতিক শক্তি নেই যে, আপনারা কেন্দ্রীয় সরকারের নীতি পাল্টাবেন। আপনারা সি.পি.এম বি.জে.পি-র সঙ্গে হাত মিলিয়ে নরসিমা রাও সরকারকে ফেলবেন ভেবেছিলেন। আমি আপনাদের জিজ্ঞাসা করছি, হোয়াই নট বি প্র্যাকটিক্যাল? ১২ পাতা কেন্দ্র বিরোধী নিষ্ফল আর্তনাদ না করে এর যে সুযোগ ছিল, সেটা নিতে পারেন। কি সুযোগ? আজকে আার ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্সিং-এর কোনও সমস্যা নেই। আরও ইন্ডাস্ট্রি নিয়ে আসুন রাজ্যে। এম.আর.টি.পি. হাউসগুলি, বড় একচেটিয়া পুঁজিপতিদের হাউসগুলির বেশিরভাগই পশ্চিমবাংলায় রয়েছে, তাদের আরও বেশি করে এখানে ইনভেস্টমেন্ট করতে উৎসাহ দিন। অসীমবাবু, আপনিও তো আপনাদের মুখ্যমন্ত্রীর মতো বিদেশে যাওয়ার অভ্যাস করে ফেলেছেন, বিদেশ থেকে এন.আর.আই-দের, বিদেশি পুঁজি এখানে নিয়ে আসুন। ডাইরেক্টলি পাবলিক সেক্টরে ইনভেস্টমেন্টের সুযোগ করে দিন। আজকে নতুন একটা পরিবেশ সারা পৃথিবীতে সৃষ্টি হয়েছে। সিঙ্গাপুরের মতো দেশ তিন বিলিয়ন ডলার তিন মাসে এক্সপোর্ট করছে, আমরা ৪ বিলিয়ন ডলার করছি। আর চায়না তো এখন অনেক বেশি এগিয়ে গেছে। এই অবস্থায় আপনারা এক কুপমন্ডুক রাজনীতি করছেন। তবে আপনারা অবশ্য দিল্লিতে গিয়ে বলছেন, স্বরাজ পালকে 'ইসকো'-র মডার্নাইজেশন করার দায়িত্ব দাও। আবার এখানে বাজেট বক্তৃতায় উল্টো কথা বলছেন! এটাই আমি বুঝতে পারছিনা! আমি অন্য একটা কথায় আস্তে আস্তে যাচ্ছি। স্যার, ওঁরা এবারে খুব বেশি ভরতুকির কথা এবং সুদের কথা বলছেন। এমন কি রাজ্যপালের ভাষণের মধ্যেও বলেছেন, সারে ভরতুকি কমান হয়েছে। কিন্তু আমি ওঁদের বলছি যে, দেশের চাষীদের কথা ভেবে সারে ভরতুকি কমানো হয় নি।

[12-00 — 12-10 P.M.]

পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম অফ ফুডগ্রেন্স কেন্দ্রীয় বাজেটে কমানো হয়নি গরিব মানুষের কথা ভেবে। আচ্ছা বলুন তো—এই যে ভরতুকি, এই যে লোকসান এবং ধারের রাজনীতি এর থেকে মুক্তি দিতে চান না? আপনারা চান না—সেন্টারের যে পাবলিক ডেট এবং আপনাদের যে পাবলিক ডেট—সেটা ক্রমশ কমে আসুক? আপনাদের সেই লক্ষ্যণ দেখছি না। আপনারা বারবার বলছেন কর্মসংস্থান করতে চান। মানববাবু একটু আগে বক্তৃতা দিলেন। আচ্ছা মানববাবু বোঝান তো—অসীমবাবুর হিসাবে বছরে ৪।৫ লক্ষ লোকের কর্মসংস্থান হলে বছরে ৩ লক্ষ করে বেকার বাড়ে কি করে? it will show some reflection in the employment exchange figures এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে রাজ্য সরকারের কর্মসংস্থান প্রকল্পগুলি হচ্ছে। তাহলে রিফ্লেকশন নেই কেন? হাফ সেঞ্চুরি করেছেন, ৫০ লক্ষ বেকার দেশে বেড়ে গেছে, তাদের জন্য কোনওরকম কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারছেন না তার এদিকে কেন্দ্রের বাজেটের বিরুদ্ধে বলছেন দেশে বেকার বাড়বে। সারা ভারতবর্ষে সাড়ে ৩ কোটি বেকার আছে, তারমধ্যে ১৪ পারসেন্ট পশ্চিমবাংলায়। সুতরাং একথা বলতে লজ্জা হয় না? আমি বলতে চাই, পরিকল্পনাকে এই রাজ্য গলা টিপে মারছেন। ষষ্ঠ পরিকল্পনায় ছিল ৩৫০০ কোটি টাকা। আপনারা রিসোর্স মোবিলাইজ করতে পারলেন না। সেটা ২৩০০ কোটি টাকা হয়। সপ্তম পরিকল্পনায় ৭ হাজার কোটি টাকা ছিল, সেটা কমে হয়ে যায় ৪ হাজার ১২৫ কোটি টাকা। অষ্টম পরিকল্পনায় কত হবার কথা—১৪ হাজার কোটি টাকা। আপনারা অষ্টম পরিকল্পনায় কত করেছেন—১০ হাজার ৬২৫ কোটি টাকা। ৪ হাজার কোটি টাকা আপনাদের পরিকল্পনায় সাইজ—এবারেও ছোট হয়ে যাচ্ছে। পরিকল্পনা না হলে, পরিকল্পনা খাতে টাকা খরচ না হলে কি করে এই রাজ্যের অর্থনৈতিক উন্নতি হবে সেটা আপনি বলুন? অসীমবাবু বিরাট বক্তৃতা দিয়েছেন, রাজ্যের সব কিছু ব্যাপারে উনি এগিয়ে আছেন। স্যার, আমি মহারাষ্ট্র গভর্নমেন্টের ইকনমিক সার্ভে দেখছিলাম। ওরা কিছু সিলেক্টেড সোসিও-ইকনমিক ইনডিকেটরস ফর ডিফারেন্ট স্টেটস অফ ইন্ডিয়া দিয়েছেন। যেমন স্যার ধরুন, সোসিও ইকনমিক ইনডিকেটরস কি—ডোমেস্টিক কনজামশন অফ ইলেক্ট্রিসিটি পার ক্যাপিটা—এখানে আমরা সকলের থেকে নিচে, তামিলনাড়ু, মহারাষ্ট্র থেকে নিচে, কর্নাটক, গুজরাট অন্ধ্র থেকে নিচে। আমাদের কনজামশন অফ ইলেক্ট্রিসিটি পার ক্যাপিটা কম। আমাদের ইন্ডাস্ট্রিয়াল কনজামশন অফ ইলেক্ট্রিসিটি—তাও ৬টি রাজ্যের থেকে কম। মোটর ভিহিকিল্‌স পার ল্যাক অফ পপুলেশন যেখানে মহারাষ্ট্রে ৩ হাজার ১১২, পশ্চিমবাংলায় মাত্র ১২০০। টোটাল রোড লেন্থ পার ১০০ স্কোয়ার কিলোমিটার এরিয়া—সেটা আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন—কেরালায় যেখানে ৩২৩, সেখানে পশ্চিমবাংলায় মাত্র ৬৫। এখানে বলা হয় ব্যাঙ্ক অফিস যথেষ্ট নেই। সেখানে আমরা দেখতে পাচ্ছি, নাম্বার অফ ব্যাঙ্ক অফিসেস (ন্যাশনালাইস্‌ড) যেখানে পার ১ লক্ষ পপুলেশনে গুজরাটে ৮, মহারাষ্ট্রে ৭, উত্তরপ্রদেশে ৬টি সেখানে পশ্চিমবাংলায় ৬.৩ নাম্বার অফ ব্যাঙ্ক অফিসেস পার ওয়ান ল্যাক পপুলেশন—আমাদের অন্য রাজ্য থেকে

কমপারেটিভলি কম নয়। এইরকম অনেক ইকনমিক ইনডিকেটরস দিতে পারি। Per capita gross output in industries. Average daily employment in working factories and factory employment per lakh population. পারসেনটেজ অফ ক্রপ এরিয়া আপনারা নিচে, সিভিলাইজড সোসাইটি এবং সোসিও ইকনমিক ইনডিকেটর তাতেও আপনারা নিচে। তার মানে—আমি একটা কথা বলতে চাই—আজকে সোসিও ইকনমিক ইনডিকেটর অনুযায়ী পশ্চিমবঙ্গ কোন জায়গায়? ষষ্ঠ স্থানে আছে। সেটা রাস্তাতে, মোটরগাড়িতে এবং ব্যাঙ্কে সব জায়গায়, শুধু চিৎকার করলে হবে না। শুধুমাত্র রিগিংয়ে আপনারা উপরে আছেন, আর সব কিছুতেই নিচে। আমি একটা ফিগার দিয়ে দিয়েছিলাম এবং তাতে স্কোপ ছিল। এবারে আমি আপনাদের বাজেট অ্যাট এ গ্ল্যান্সে যাচ্ছি। এর আগে আমি একটা কথা বার বার বলেছি যে, আমি ফিগার দিয়েছিলাম, কি করে মাননীয় মানসবাবু বললেন যে সেন্ট্রাল অ্যাসিস্টেন্স কমেছে। এবারে কাস্টম ডিউটি তুলে দিয়ে সেন্ট্রাল এক্সাইজ বেশি করা হয়েছে, কার লাভ হয়েছে? সেন্টার ৮৭৬ কোটি টাকা ডিউটি লুজ করেছে, কাস্টম তুলে দিয়ে এক্সাইজ বসানোয় স্টেটগুলি গেন করেছে ১ হাজার ৬৪ কোটি টাকা, অন্যায় করেছে? সেন্ট্রাল প্ল্যান অ্যাসিস্টেন্সে ১৪০১ কোটি টাকা বেড়েছে, তার ৪৩৫ কোটি টাকা স্টেটরা পাচ্ছে, সেন্ট্রাল অন্যায় করেছে? মাননীয় মানসবাবু বললেন যে ইনকাম ট্যাক্স কেন কমিয়ে দেওয়া হয়েছে, মধ্যবিত্তদের বলুন না, আপনারা তো প্রফেশনাল ট্যাক্স চাপিয়েছেন মধ্যবিত্তদের উপর, সেন্টার একজেমশন লিমিট করছে, অন্যায় করছে? মধ্যবিত্তদের রিলিফ দেওয়াটা কি অন্যায়? মানসবাবু সহ্য করতে পারছেন না, এই কথা উনি বললেন। আমরা বারবার এখানে বলেছি যে ইনকাম ট্যাক্সের রেট ভারতবর্ষের কংগ্রেস সরকার ৮৭ পারসেন্ট পর্যন্ত বাড়িয়েছে। আরও দেখা যাচ্ছে যে স্ল্যাব হয়েছে তাতে ট্যাক্স কম হয়, আপনারা ছেড়ে দেন, আদায় করতে পারেন না, বলেন সেন্ট্রাল ব্ল্যাকমানি তৈরি করছে। চালিহা কমিটির একটা কথা আপনারা স্বীকার করতে পারেন না, ওঁরা থিয়োরেটিক্যালি ট্যাক্সের কথা বলেন, মাননীয় মানসবাবু ইনকাম ট্যাক্স দেন না, মানু'দা ঠিকই বলেছেন, তাই বুঝবেন কি করে? স্যার, আমি এবারে বাজেট অ্যাট এ গ্ল্যান্স রাজ্য সরকারের কথায় আসছি, সৌমেনবাবু ডিটেলসে বলেছেন। কিন্তু স্টেট শেয়ার অন ইউনিয়ন ট্যাক্সেস অ্যান্ড ডিউটিজ সেটা ১৯৯১-৯২ এর তুলনায় ১৯৯২-৯৩ সালের বাজেটে প্রায় ১৮০ কোটি টাকা বেড়ে গেছে। গ্রান্টস ইন এড ১৯৯১-৯২তে ছিল ৯০১ সেটা বেড়ে হয়েছে ১০১৯। রিভাইজড এস্টিমেটস ৮১৫ ছিল, সেটা বেড়ে হয়েছে ১০১৯। ২০৪ কোটি টাকা এই অপদার্থ সরকারকে সেন্টার এক্সট্রা গ্র্যান্ট দিল সেটা ভুলে গিয়ে চিৎকার করছে। আবার একটা জায়গায় দেখুন, বলছে সেখানে আমাদের কি স্মল সেভিংস, ওখানে চীট ফান্ডের কাজকর্ম বন্ধ করতে পেরেছেন? স্মল সেভিংস আমাদের আছে, সেন্টার মিউচুয়াল চীট ফান্ড করেছে, ওখানকার শেয়ারটা শহরের লোকেরা পায়, গ্রামের লোকেরা পায় কি? এবার দেখুন লোন, সেটাও এদের রিভাইজ্ড এস্টিমেটস ছিল ৩১২ কোটি টাকা, বেড়ে দাঁড়িয়েছে ৫১৬ কোটি টাকা। সেন্টার অন্যায় করেছে। ওরা গতবারে রেভিনিউ এক্সপেন্ডিচার ধরেছিল ৫২৫ কোটি, যেটা বেড়ে দাঁড়িয়েছে ৭১২ কোটি টাকা। ওদের

ক্যাপিট্যাল এক্সপেন্ডিচারের কথা সৌমেনবাবু অন্যভাবে বলেছেন, রেভিনিউ এক্সপেন্ডিচার, ক্যাপিট্যাল এক্সপেন্ডিচারের তুলনায় বেড়েছে। ক্যাপিট্যাল এক্সপেন্ডিচারে কিছু অ্যাসেট তৈরি হচ্ছে। ১৯৯১-৯২তে ঠিক ২০ পারসেন্ট ক্যাপিট্যাল এক্সপেন্ডিচার ছিল এবং রেভিনিউ এক্সপেন্ডিচার এবারে সেটা ৬৪৮২ কোটি টাকায় দাঁড়িয়েছে।

[12-10 — 12-20 P.M.]

তার মানে, এই বছরের বাজেটে গত বছরের তুলনায় ক্যাপিটাল এক্সপেন্ডিচার কমিয়ে দিয়েছেন। ক্যাপিটাল এক্সপেন্ডিচার বর্তমানে মাত্র ১৮ পারসেন্ট এসে দাঁড়িয়েছে। এটাই হচ্ছে এই রাজ্যের তুলনায় অর্থনীতির চিত্র। রেভিনিউ এক্সপেন্ডিচার এখন দাঁড়িয়েছে ৫,৪৮২ কোটি টাকা। অর্থাৎ ৪০০ কোটি টাকা বাড়ল রেভিনিউ এক্সপেন্ডিচার, সে জায়গায় ক্যাপিটাল এক্সপেন্ডিচার কমে গেল। এটা বলতে খারাপ লাগছে না? আমি বলছি, এটাই হচ্ছে এই রাজ্যের সবচেয়ে বড় প্রবলেম। এই রাজ্যের এমনই দেউলিয়া অবস্থা—ওঁদের হিসেব অনুযায়ীই বলছি—প্রভিডেন্ট ফান্ডের অর্থকে স্টেট বাজেটে লাগাতে হয়েছে। গত বছর লাগিয়েছেন ১৯২ কোটি টাকা, এই বছর লাগিয়েছেন ১৩৭ কোটি টাকা। এছাড়া বাজেটে রেন্ট কন্ট্রোলের টাকা লাগিয়েছেন যারজন্য বাড়িওয়ালারা টাকা পাচ্ছেন না। দেউলিয়া অর্থনীতির আর কি বড় উদাহরণ হতে পারে? ইন্টারেস্ট পেমেন্ট—অসীমবাবুকে আমি আগেই বলেছি, এক্ষেত্রে উনি একটা ইন্টারর্নাল ডেট ট্র্যাপে পড়েছেন। প্রতি বছর রাজ্যের মেজর এক্সপেন্ডিচার চলে যাচ্ছে ইন্টারেস্ট পেমেন্ট করতে। এই ইন্টারেস্ট পেমেন্ট ১৯৯১-৯২ সালে করেছেন ৮২৫ কোটি টাকা, সেটা এবারের বাজেটে দাঁড়িয়েছে ৯৬৯ কোটি টাকা। প্রায় ১০০০ কোটি টাকা সেন্ট্রালকে পাবলিককে ইন্টারেস্ট পেমেন্ট করতে হচ্ছে। সেন্ট্রাল থেকে টাকা নেবেন, স্মল সেভিংস থেকে লোন নেবেন, কিন্তু রিসোর্স মবিলাইজ করতে পারবেন না! আর রিসোর্স মবিলাইজেশনের আইডিয়াটাই আপনাদের টোটালি রং। আপনারা সেলস ট্যাক্স থেকে আদায় গত বছর ধরলেন ১,৪৯২ কোটি টাকা, অ্যাচিভ করেছেন ১,৪৫০ কোটি টাকা। আপনারা এবারে বলছেন একলাফে ১,৯০০ কোটি টাকা কালেকশন করবেন! সেলস্ ট্যাক্সের কালেকশন ফিগার—এট আপনাদের ইকোনোমিক রিভিউতে বলেছেন, একবারে ১,৫০০ থেকে ১,৯০০ কোটি টাকায় পৌছাবেন। এক বছরে ৪০০ কোটি টাকা সেলস্ ট্যাক্সের জন্যে বেড়েছে? এর আগে ১০০ ১৫০ কোটি টাকার মতো সেলস্ ট্যাক্সে বাড়াতে পেরেছেন, কিন্তু আজকে দেখতে পাচ্ছি সেল্ ট্যাক্সে একলাফে ১,৫০০ থেকে ১,৯০০ কোটিতে পৌঁছাচ্ছেন। তার আগের বছর বেড়েছিল ২৩০ কোটি টাকা, তার আগের আগের বছর বেড়েছিল অ্যাবাউট ২০০ কোটি টাকা। তাহলে দেখতে পাচ্ছি, অ্যাভারেজে ১৫০ থেকে ২০০ কোটি টাকা ইনক্রিজ ইজ রিজনেবেল্। এবারে বললেন, ১,৪৯২ কোটি থেকে এটা ১,৯০০ কোটিতে পৌঁছে দেবেন কিন্তু এটা কালেক্ট করতে পারবেন না। কারণ, আমি বলছি, বর্তমানে এই রাজ্যে সেল্ ট্যাক্স অপটিমাম্ লেভেলে চলে গেছে। যা রেভিনিউ কালেকশন হচ্ছে তার ৫০ পারসেন্ট শুধুমাত্র সেলস্ ট্যাক্স থেকে আমদানি করা হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গের মতো হাই সেলস্ ট্যাক্স

ইনসিভেন্স কম রাজ্যেই রয়েছে। আপনাদের সাহস নেই, তাই আজকে যেখানে ৫০ পারসেন্ট গত বছর রেভিনিউ আর্নিং হয়েছে সেলস্ ট্যাক্স থেকে, সেখানে এগ্রিকালচার ইনকাম ট্যাক্স থেকে অ্যাচিভ হয়েছে মাত্র ১ পারসেন্ট। আপনারা বিপ্লবী! বড় কৃষকদের উপর লেভি ধার্য করেন না, প্রোকিওরমেন্ট করেন না, কেন্দ্রীয় সরকারকে ভর্তুকি দেবার পক্ষে বলেন; কিন্তু এগ্রিকালচার ইনকাম ট্যাক্স, যেটা পুরোপুরি আপনাদের এক্তিয়ারে, সেখান থেকে আর্নিং করবার কোনও চেষ্টা করেন না! এটা বাড়াবেন সেকথা একবারও বলেন না, কালেকশন করছেন ১ পারসেন্ট। অপরদিকে আপনাদের ট্যাক্স কালেকশন ভেঙ্গে পড়েছে। গত বছর হোটেল থেকে আদায়ের ফিগার বলছি। হোটেলের উপর ৫ পারসেন্ট ট্যাক্স বাড়িয়েছেন যার থেকে ৮৫ লক্ষ টাকা আসবে। কিন্তু এটা যদি ফাইফ স্টারসহ সমস্ত হোটেলের উপর ২ পারসেন্ট হারে নেট ট্যাক্স বাড়াতেন, আপনাদের ১ কোটি ২০ লক্ষ টাকা চলে আসত। কারণ আলাদা আলাদা করে কালেকশনের মেশিনারি আপনাদের নেই। তাই ট্যাক্স আদায় করতে পারছেন না। কমপ্লিকেটেড ট্যাক্স স্ট্রাকচারের জন্য আপনাদের টার্গেটও ফুলফিল হবে না। আপনারা রিসোর্স মবিলাইজেশনের ক্ষেত্রে ব্যর্থ, ইন্ডাস্ট্রি গড়ে তুলবার ক্ষেত্রে ব্যর্থ, দেশের পরিবর্তিত শিল্পনীতির সুযোগ নিতে ব্যর্থ, পশ্চিমবঙ্গে নতুন ইনভেস্টমেন্ট আনতে ব্যর্থ, নতুন ইনফ্রাস্ট্রাকচার গড়ে তুলতে ব্যর্থ। গত বছর পশ্চিমবঙ্গে যেখানে ২৩০ কোটি টাকার প্রোজেক্ট ইমপ্লিমেন্টেড হয়েছে, সেখানে মহারাষ্ট্রে হয়েছে ২,০০০ কোটি টাকার। সেজন্য আপনাদের এই দেউলিয়া বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

শ্রী শান্তিরঞ্জন গাঙ্গুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে মাননীয় অর্থমন্ত্রী ১৯৯২-৯৩ সালের যে বাজেট এখানে উত্থাপন করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমি একথা বলতে চাই যে আমাদের বিধায়ক সৌগত রায় যে বক্তব্য রাখলেন তাতে আমার মনে হয়েছে যে তিনি নিজেকে হারিয়ে ফেলেছেন। কারণ স্ট্রাকচারাল চেঞ্জে যিনি অভিজ্ঞ তাকে বাদ দিয়ে তিনি অন্য কথা তুলে ধরেছেন। স্ট্রাকচারাল চেঞ্জ যদি হয় তাহলেও দেশের যে লোন—আই. এম. এফ-এর লোন, বিশ্ব ব্যাঙ্কের লোন, এই লোন নিয়ে যে শিল্প গড়ে ওঠে তাতেও বেকারত্ব বাড়ে এবং আজকের সংবাদে দেখেছি যে আমেরিকার মতো প্রতিপত্তিশালী দেশেও ৬ হাজারের মতো বেকার হয়ে পড়েছে। এই স্ট্রাকচারাল চেঞ্জকে সৌগতবাবু মেনে নিলেন না। আমি তার সঙ্গে একমত হতে পারলাম না, তার কথার বিরোধিতা করছি। এই সম্পর্কে আমার একটা কথা মনে পড়ছে। কংগ্রেস (আই)-এর আমাদের যে ফিউডিয়াল ছিল, সেই ফিউডিয়াল গরিব মানুষদের শোষণ করে আনন্দ ফূর্তি করে বেড়াতেন এবং আনন্দ ফূর্তি করতে করতে তাদের যখন পয়সা ফুরিয়ে যেত তখন বাড়ির ঘটি, বাটি সব বিক্রয় করতে বাধ্য হত। কেন্দ্রের কংগ্রেস (আই)-ও দেশের মূল সম্পদ যে সোনা, সেটা বিক্রয় করতে শুরু করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, কেন্দ্রীয় সরকারের ১৯৯২-৯৩ সালের যে বাজেট সেই বাজেটে ৯৮৩ কোটি টাকা করের বোঝা চাপানো হয়েছে। বহিঃশুল্কে আয়কর ছাড়, অন্তঃশুল্কে ২,২১১ কোটি টাকা বসানো হয়েছে। ৯৮৩ কোটি টাকা করের বোঝা

চাপানো সত্ত্বেও ঘাটতি বাজেট ৫,৩৮৯ কোটি টাকা। আয়করের ক্ষেত্রে ছাড়ের পরিমাণ বাড়ানো হয়েছে ২৮ হাজার টাকা। বহিঃশুল্ক ও প্রত্যক্ষ করের ক্ষেত্রে ছাড় ঘোষণা করেও চাপিয়ে দিয়েছেন অন্তঃশুল্কের উপরে বিপুল বোঝা। যার ফলে কোপ পড়ল সিমেন্ট, টায়ার, টিউব, ডিটারজেন্ট পাউডার, লোহা ও অন্যান্য ধাতু দ্রব্য এবং রংয়ের উপরে অন্তঃশুল্ক বাড়িয়ে মূল্যবৃদ্ধির রাস্তা খুলে দেওয়া হয়েছে। এই মূল্যবৃদ্ধির রাস্তা খুলে দেবার ফলে প্রকৃত বরাদ্দ কমছে গ্রামোন্নয়ন, গণ-বন্টন শিক্ষা, ক্রীড়াক্ষেত্রে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে মোটর, স্কুটার, সাইকেল ইত্যাদির উপরে ৫ পারসেন্ট ছাড় বেড়েছে। কিন্তু ধাতুর উপরে, হালকা মোটর গাড়ির উপরে, ফিনিশ চামড়ার উপরে বেড়েছে। এর ফলে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে দেশ মাল্টিন্যাশনালিস্টদের হাতে চলে গেছে, দেশের শিল্প সাধারণ মানুষের হাতে নেই। এর ফলে আমাদের দেশে যে বেকারের সংখ্যা ছিল ৪০ লক্ষ সেটা আগামীদিনে ৬০ লক্ষতে পরিণত হবে এবং তার ফলে মূল্যবৃদ্ধি অবশ্যম্ভাবী। টাকার অবমূল্যায়ন হলে মূল্যবৃদ্ধি হবে। মূল্যবৃদ্ধি হলে দেশে নোট ছাপানো ছাড়া কোনও গতি নেই। নোট ছাপলে মূল্যবৃদ্ধি এমনভাবে বেড়ে যাবে যে মানুষ ক্রয় ক্ষমতা হারিয়ে ফেলবে। সৌগতবাবু সেগুলি স্বীকার করলেন না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। তিনি এই জাতীয় সংকটের সময়ে বহু মূল্যায়ন করে, কেন্দ্রীয় বাজেটকে বিশ্লেষণ করে যে বাজেট উত্থাপন করেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করছি এবং ধন্যবাদ জানাচ্ছি।

[12-20 — 12-30 P.M.]

ধন্যবাদ জানাই এই জন্য যে দেশের এই রকম অবস্থার মধ্যে দাঁড়িয়ে তিনি এই রকম একটা বাজেট পেশ করেছেন। ওনারা বিশ্ব ব্যাঙ্ক এবং আই. এম. এফ থেকে ঋণ নিয়ে দেশের ৫ পারসেন্ট লোকের সুবিধার স্বার্থে ওঁরা বাজেট পেশ করেছেন। এই বাজেটের ফলে দেশের বাকি ৯৫ পারসেন্ট লোকের সর্বনাশ সাধন হবে। দেশে মূল্য বৃদ্ধি এমন জায়গায় গিয়ে দাঁড়াবে যে মানুষের ক্রয় ক্ষমতা হারিয়ে যাবে এবং তারা দিশেহারা হয়ে যাবে। আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সামনে রেখে কেন্দ্রের বাজেটের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলা দরকার এবং আমাদের এখান থেকে একটা প্রস্তাব আনা দরকার। সেই প্রস্তাবের মূল উদ্দেশ্য হল কেন্দ্রীয় বাজেট পরিবর্তন করে লক্ষ লক্ষ মানুষের স্বার্থে পুনঃ বাজেট প্রণয়ন করতে হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সঞ্জীবকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী ১৯৯২-৯৩ সালের জন্য যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। এই কারণে বিরোধিতা করছি যে এই বাজেট গতানুগতিক বাজেট, এই বাজেট নির্মম সত্যকে চেপে দেওয়া বাজেট এবং এই বাজেট ধাপ্পা দেওয়া বাজেট। স্যার, আমার প্রথমে জানতে ইচ্ছা করে বাজেট সম্পর্কে আলোচনা করতে গিয়ে যে এই সরকারের অর্থনৈতিক দৃষ্টিভঙ্গিটা কি? স্যার, এই সরকার

রাশিয়ার দিকে তাকিয়ে, পূর্ব ইউরোপের দিকে তাকিয়ে আমাদের অর্থমন্ত্রী পরপর ৫ বার ঘাটতি শূন্য বাজেট পেশ করেছেন এবং জনগণকে ধাপ্পা দিয়েছেন। মেয়েরা যেমন স্বামী হারিয়ে বিধবা হয় তেমনি এই সরকার নীতি, আদর্শ এবং চরিত্র হারিয়ে বিধবা। এই বিধবার দুটি সমস্যা। প্রথম হচ্ছে নুতন সম্পদের খোঁজে চিনের দিকে হাত বাড়িয়েছে, যদিও খুব একটা ইচ্ছা নেই তবুও হাত বাড়িয়েছে। এই বিধবা সতীত্ব রক্ষার জন্য আমাবশ্যা-পূর্ণিমা করে, কিন্তু মাছ-মাংস খায়। আমাদের সরকার নিজেদের কমিউনিস্ট বলে চিৎকার করে কিন্তু টাটা, বিড়লা গোয়েঙ্কার কাছে মাথা নত করে দেন। এই বাজেট বক্তৃতায় মাননীয় অর্থমন্ত্রী ৬০ পারসেন্ট কেন্দ্রের বিরুদ্ধে বলেছেন ১৬ বার আই. এম. এফ, বিশ্বব্যাঙ্ক এবং আন্তর্জাতিক অর্থ-ভান্ডারের কথা বলেছেন। এই বাজেট পড়ে নিশ্চিত মনে হবে পার্লামেন্টে দাঁড়িয়ে বিরোধী দলের নেতা বক্তৃতা করছেন। আমি বিনীতভাবে কিছু কথা অসীমবাবুকে বলতে চাই। আমাদের এই বাজেট পর্যালোচনা করলে দেখা যাবে বিক্রয় কর বাবদ ওনার ধার্য ছিল ১৪৯২ কোটি ৭০ লক্ষ টাকা, আদায় হয়েছে ১৪৫০ কোটি টাকা। আবগারিতে ১৯৯ কোটি ধার্য ছিল আদায় হয়েছে ১৮৫ কোটি ১৫ লক্ষ টাকা। ভূমিরাজস্বতে ধার্য ছিল ১৯৬ কোটি ৭৯ লক্ষ টাকা আদায় হয়েছে ২৪৪ কোটি ১৮ লক্ষ টাকা। ট্যাক্স ডিউটি অন ইলেক্ট্রিসিটিতে ধার্য ছিল ৪০ কোটি ১০ লক্ষ টাকা সেখানে আদায় হয়েছে ২০ কোটি ২৫ লক্ষ টাকা। এই ভাবে মোট বাজেটে বলেছিলেন ২৬১২ কোটি ০৪ লক্ষ টাকা কর ধার্য করা হয়েছে সেখানে আদায় হয়েছে ২৪৭৪ কোটি ০৮ লক্ষ টাকা আদায় হয়েছে। অর্থাৎ ১৯৯১-৯২ সালে ১৩৭ কোটি ৯৬ লক্ষ টাকা কম আদায় করেছেন। দয়া করে বলবেন কি এর কারণটা কি?

মাননীয় অর্থমন্ত্রীকে আমি বিনীতভাবে বলতে চাই, তিনি তাঁর বাজেটে একবারও উল্লেখ করলেন না, কোথাও উল্লেখ নেই যে পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত বেশি পেয়েছেন। আয়কর বাবদ ওঁর বাজেটে উল্লেখ ছিল ৩৬৮ কোটি ৬৬ লক্ষ টাকা, পেয়েছেন ৪০৭ কোটি ১৩ লক্ষ টাকা। কিন্তু কোথাও লেখা নেই। বাজেটে কোথাও উল্লেখ নেই। একসাইস ডিউটির জন্য ধার্য ছিল ৭৭২ কোটি ৪ লক্ষ টাকা, পেয়েছেন ৮২৮ কোটি ২৭ লক্ষ টাকা। মোট ১১৪০ কোটি ৭০ লক্ষ টাকা তিনি আশা করেছিলেন, পেয়েছেন ১২৩৫ কোটি ৪২ লক্ষ টাকা। অর্থাৎ ৯৪ কোটি ৭২ লক্ষ টাকা তিনি বেশি পেয়েছেন। কিন্তু বাজেট ভাষণের কোথাও তা উল্লেখ নেই। অসীমবাবু তাঁর বাজেট ভাষণে বারবার বলেছেন বামফ্রন্টের সীমিত ক্ষমতা, কিন্তু জনহিতকর কার্যের কথা উনি ভুলে যাননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে এই প্রসঙ্গে কয়েকটি উদাহরণ তুলে ধরতে চাই। বাজেট ভাষণে পরিষ্কার লেখা আছে, রেভেনিউ এক্সপেন্ডিচার এবং জেনারেল সার্ভিসের ক্ষেত্রে ১৯৯১-৯২ সালে রেভেনিউ এক্সপেন্ডিচার হওয়ার কথা ছিল ১,১৬০ কোটি ৪৯ লক্ষ টাকা। রিভাইজড্ বাজেটে তিনি দেখিয়েছেন খরচ বাড়িয়েছেন, সেটা হচ্ছে ১,৮১৫ কোটি ৭১ লক্ষ টাকা। কিন্তু দুঃখের বিষয়, টোটাল সোস্যাল সার্ভিসে বাজেট এস্টিমেট, অর্থাৎ খরচ করবেন বলেছিলেন ২,৭৫৪ কোটি ৬৯ লক্ষ টাকা, খরচ করেছেন ২,৩৮১ কোটি ৮০ লক্ষ

টাকা। এটাও কি অসীমবাবু মানুষের কল্যাণের জন্য কম খরচ করেছেন তা জানতে ইচ্ছা করি। এগ্রিকালচারাল সেক্টরে রেভেনিউ এক্সপেন্ডিচার হওয়ার কথা ছিল ৪৩১ কোটি ৮৭ লক্ষ টাকা, রিভাইজড বাজেটে খরচ দেখিয়েছেন ৩৮৫ কোটি ৯৫ লক্ষ টাকা। রুর‍্যাল ডেভেলপমেন্টে খরচ করবেন বলেছিলেন ৪৮৮ কোটি ১২ লক্ষ টাকা, খরচ দেখিয়েছেন ৪২১ কোটি ৭৪ লক্ষ টাকা। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে বিনীতভাবে আর একটি কথা নিবেদন করতে চাই যে, একটা দেশের অগ্রগতি হচ্ছে কি হচ্ছে না তা পরিষ্কারভাবে বোঝা যায় সেই সরকার মূলধনী খাতে কি পরিমাণ টাকা খরচ করতে পেরেছেন তার উপরে। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী এখানে নেই। আমাদের বাজেট বইটি পর্যালোচনা করলে পরিষ্কারভাবে দেখা যাবে যে ১৯৯১-'৯২ সালে ক্যাপিটাল এক্সপেন্ডিচার লেখা ছিল ২১৮ কোটি ৮১ লক্ষ টাকা হবে, রিভাইজড বাজেটে লেখা আছে ৬২ কোটি টাকা। মূলধনী খাতে লেখা ছিল ২১৮ কোটি ৮১ লক্ষ টাকা খরচ হবে, সেই জায়গায় ৬২ কোটি টাকা খরচ করে উনি বিদ্যুৎ সবার কাছে পৌঁছে দেবেন কিভাবে তা জানতে চাই। ইরিগেশন অ্যান্ড ফ্লাড কন্ট্রোলে ক্যাপিটাল এক্সপেন্ডিচার হওয়ার কথা ছিল ১২৬ কোটি ৬৭ লক্ষ টাকা, খরচ করেছেন ৯০ কোটি ৬৬ লক্ষ টাকা। রুর‍্যাল ডেভেলপমেন্টে এই খাতে খরচ হওয়ার কথা ছিল ১ কোটি ৯২ লক্ষ টাকা, রিভাইজড বাজেটে লেখা আছে মাত্র ৫৭ লক্ষ টাকা। ইন্ডাস্ট্রি অ্যান্ড মিনারেল্‌সে ৯২ কোটি ৯৬ লক্ষ টাকা খরচ করার কথা, খরচ হয়েছে ২৫ কোটি ৪৪ লক্ষ টাকা। ট্রান্সপোর্টে ক্যাপিটাল এক্সপিন্ডেচার হওয়ার কথা ছিল ৪৪ কোটি ৪৬ লক্ষ টাকা, খরচ হয়েছে ২৫ কোটি ৯১ লক্ষ টাকা। যে সরকার এইভাবে ক্যাপিটাল এক্সপেন্ডিচার কমিয়ে আনেন, সেই সরকার কি ভাবে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন তা দয়া করে আমাদের আপনি বলবেন। এই বাজেট বক্তৃতায় বলা হয়েছে, আমি এর সাথে দুটি জিনিস যোগ করতে চাই, একটি হচ্ছে স্বনির্ভরতার কথা, আর একটি হচ্ছে কর্মসংস্থান সম্বন্ধে। আমাদের দেশে কর্মসংস্থানের বিষয়টি যে ভাবে পরিচালিত, তারমধ্যে একটি হল 'সেস্রু'। বাজেট বইয়ের ৮.১ সারণীতে এটা দেখলে বোঝা যাবে। ১৯৮৯-৯০ সালে ব্যক্তির সংখ্যা ছিল ৪ লক্ষ ৫,০৮৭ জন। ১৯৯০-৯১ সালে আই. আর. ডি. পি.তে ছিল ৩ লক্ষ ১৫,৪২২ জন।

[12-30 — 12-40 P.M.]

১৯৯১-৯২ সালের অক্টোবর থেকে জানুয়ারি পর্যন্ত ১ লক্ষ ৭৮ হাজার ৫৭ এত বেশি লোককে কিভাবে কর্মসংস্থান দেবেন এবং আই আর ডি পির আওতায় আনবেন দয়া করে যদি একটু অর্থমন্ত্রী আমাদের একটু ব্যাখ্যা করে দেন তাহলে ভাল হয়। এইবার আমি সারা ভারতবর্ষের আই আর ডি পির কি অবস্থা সেটা বলছি—আমি আপনাদের সামনে একটা বইয়ের উল্লেখ করছি, তার রেফারেন্স আপনাদের দিচ্ছি—রুর‍্যাল ডেভেলপমেন্ট ইন ইন্ডিয়া, বইটি লিখেছেন পি. সি পান্ডে। বইটির ভলিয়্যুম ট্যুতে একটু দেখুন, সেখানে আই আর ডি পি সম্পর্কে বলা হয়েছে এন জে কুরেন ইং সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে, পশ্চিমবঙ্গের দিকে তাকিয়ে দেখা যাচ্ছে যে আই আর ডি পিতে কারাপশন এবং ম্যালপ্রাকটিসেস বেজে

গেছে। তারপরে জহর রোজগার খাতে ৮.২ তে দেখা যাচ্ছে ১৯৮৯-৯০ সালে সৃষ্ট শ্রম দিবস হচ্ছে ৫৫৮.৮১ লক্ষ, ১৯৯০-৯১ সালে ৫১৬.৮৫ লক্ষ এবং ১৯৯১-৯২ সালে সৃষ্ট শ্রম দিবস হচ্ছে ১৮৬.৮৭ আমি একটা রিপোর্ট পড়ে উল্লেখ করতে চাই যে, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯০-৯১ সালে ১১৪ কোটি ১ লক্ষ জওহর রোজগার যোজনা খাতে খরচ করেছেন। ওই টাকা দিয়ে কিভাবে জওহর রোজগার যোজনা খাতে কর্মসংস্থান করতে পারবেন আমার জানা নেই। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আরেকটি রিপোর্ট দিতে চাই সেটা হচ্ছে সেস্রু প্রকল্প সম্পর্কে। আমাদের দেশে সরকার চেষ্টা করলে সেস্রু প্রকল্পের মধ্যে শিক্ষিত বেকার ছেলেদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি দলিল আপনার কাছে পেশ করতে চাই, উলুবেড়িয়া এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের একটি দলিল থেকে পড়ে শোনাচ্ছি। ওই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে স্যাংশনড্ বাই দি স্ক্রিনিং কমিটি ৭৮২ জন, অ্যাপলিকেশন ফরোয়ার্ড টু ব্যাঙ্ক ৬৫১ জন, অ্যাপলিকেশন স্যাংশনড্ বাই ব্যাঙ্কস ২৫১ জন এবং ডিসবার্সড বাই ব্যাঙ্কস ২০৪ জন। তারপরে ১৯৯০-৯১ সালে অ্যাপলিকেশন রিসিভড্ ১৯৯০-৯১ সালে ৩৩২৯, অ্যাপলিকেশন ফরোয়ার্ড টু ব্লক মিউনিসিপ্যালিটি ২০০৩, অ্যাপলিকেশন স্যাংসনড্ বাই দি স্ক্রিনিং কমিটি ১০১০ এবং অ্যাপলিকেশন ফরোয়ার্ড টু ব্যাঙ্ক ৮৩২। আর অ্যাপলিকেশন স্যাংশন্ড বাই ব্যাঙ্কস ৬৮ এবং ডিসবার্সড্ বাই ব্যাঙ্ক ওনলি ৪০। একটা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের এই কাঠামো এবং এই পরিকাঠামোর মধ্যে থেকে, এই বাস্তব পরিস্থিতির মধ্যে থেকে আপনি কি করে সেস্রু প্রকল্পের মাধ্যমে এই ৫ লক্ষ আন-এমপ্লয়মেন্ট ইয়ুথকে কর্মসংস্থান দিতে পারবেন আমি বুঝতে পারছি না। আপনি যে এই ৫ লক্ষ বেকারদের আশার বাণী শোনাচ্ছেন, কি করে তাদের ব্যবস্থা করবেন আমরা জানি না। আমি আরেকটি বিষয়ে আপনার কাছে বিনয়ের সঙ্গে নিবেদন করতে চাই, আমার এলাকায় যে স্টেট ব্যাঙ্ক আছে সেই স্টেট ব্যাঙ্কের হেড অফিস থেকে লোক্যাল ব্যাঙ্ক সার্কুলার এসেছে, সার্কুলার নং ২৬ ডেটেড্ ২৮.২.৯২, তাতে অফিসগুলিতে নোটিশ যাচ্ছে যে, সমস্ত সেস্রুর টাকা দেওয়ার ক্ষেত্রে স্টপ টু পেমেন্ট করা হয়েছে। আমি দায়িত্ব নিয়ে বলছি ২৮.২.৯২ তারিখে অ্যাসিস্টেন্ট জেনারেল ম্যানেজার সার্কুলার পাঠিয়েছেন। সার্কুলার নং ২৬, ডেটেড ২৮.২.৯২। এই পরিস্থিতির মুখে দাঁড়িয়ে কি করে আপনি আশা করেন যে সেস্রু প্রোগ্রাম এখানে কার্যকর হতে পারবে। এই সার্কুলারের ফলে ইউকো ব্যাঙ্কেও টাকা দেওয়া বন্ধ হয়ে গেছে। এই সার্কুলারের ফলে বহু বেকার ছেলে বিডিও অফিসে ডেপুটেশন দিয়েছে কিন্তু টাকা তাদের দেওয়া হয়নি। এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আপনার কর্মসংস্থানের কথা বলা শুধু ধাপ্পা দেওয়া ছাড়া আর কিছুই নয়। আমি বিনয়ের সঙ্গে বলতে চাই আমাদের দেশে যে এই ৭০টি পাবলিক আন্ডারটেকিংস আছে এদের অবস্থা কি এবং তারজন্য আপনি কি চিন্তাভাবনা করছেন?

এই ৭০টির মধ্যে ১০টিতে লাভজনক হয় বাকি ৩৮টিতে একেবারেই লোকসান হয় আর ২১টিতো কোথায় খুঁজেই পাওয়া যায় না, এর রিপোর্টও পর্যন্ত পাওয়া যায়না। এই

পরিস্থিতিতে দাঁড়িয়ে আপনি কি ভাবেন এই ইন্ডাস্ট্রিগুলির, পাবলিক সেক্টর আন্ডার টেকিংগুলির পলিসি কি হবে? আপনাকে আমি তাই অনুরোধ করব কাজী নজরুল ইসলামের একটা কবিতা স্মরণ করতে "আমরা থাকব নাকো বদ্ধ ঘরে দেখব এবার জগতটাকে" যখন রাম সীতাকে হারিয়ে ছটফট করছে আর বলছে কি করব, কোথায় যাব, অনুজ লক্ষ্মণ, কোথা গেলে পাব সীতা কর নিরুপন। তাই আমি অর্থমন্ত্রীকে বলব আপনি লক্ষ্মণের খোঁজে করুন, মনমোহন সিংকে বলুন বাজেটটা ঠিক করে দেবেন। আমার সময় কম তাই, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ নস্কর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অথমন্ত্রী মহাশয়, যে বাজেট পেশ করেছেন তাতে আমার বন্ধুর জয়নাল সাহেবের বোধহয় একটু গাত্রদাহ হচ্ছে, তার কারণ হচ্ছে, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যেহেতু এই বাজেটটা এখানে রেখেছেন যে শীততাপনিয়ন্ত্রিত রেঁস্তোরা, শীততাপনিয়ন্ত্রিত মোটর গাড়ি, ভি. ডি. ও. পার্লার এবং হোটেলের উপর প্রচন্ড কর বাড়ানো হচ্ছে ১.৫ থে ২ বৃদ্ধি করা হচ্ছে; আর একটা বিষয় হচ্ছে রামের ওপর শুল্ক কর বৃদ্ধি—এই দুটো বিষয় থাকার জন্য একটু গাত্রদাহ হওয়া স্বাভাবিক। এটা নিশ্চয় ভুললে চলবে না কেন্দ্রীয় সরকার আন্তর্জাতিক অর্থভান্ডার ও বিশ্বব্যাঙ্ক থেকে গত ছয় মাসে গোপন শর্তে ৫ হাজার কোটি টাকা ঋণ গ্রহণ করেছেন। তাতে আমাদের দেশের সার্বভৌমত্ব কোথায় গিয়ে দাঁড়াচ্ছে এটা আজকে ভাববার প্রয়োজন আছে। এই শর্তগুলি নিয়ে বহু চিৎকার বহু আলোচনা হয়েছে, কিন্তু আমরা সবাই জানি এমন কিছু বিষয় আছে তাতে আগামী দিনের ভবিষ্যতে হয়তো আমাদের দেশের সার্বভৌমত্ব বিপন্ন হতে পারে, এই রকম কিছু শর্ত আছে। সুতরাং এই বিষয়টাকে আমাদের কংগ্রেসি বন্ধুরা ঢাকা দেবার জন্য বলছেন, আমাদের রাজ্যের উন্নয়নকে নানাভাবে ব্যহত করবার জন্য কেন্দ্রীয় প্রতিবন্ধকতা কিভাবে বারবার আসছে সেটা তারা বলছেন না। তখন তো বলা যেতে পারে বেশ কয়েক বছর ধরে আমাদের রাজ্যকে ওভারড্রাফ্ট নিতে হয়নি এবং কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক দিক থেকে আমাদেরকে বিশেষ করে পশ্চিমবঙ্গ রাজ্যকে ব্যঙ্গ করার চেষ্টা করছেন। এবং এই রাজ্যের বিভিন্ন উন্নয়ন যাতে না ঘটে তার জন্য কেন্দ্রীয় সরকারের একটা বিরোধী ভূমিকা রয়েছে ও রাজ্যের প্রতি তারা বিমাতৃসুলভ মনোভাব পালন করছেন এটা নজিরবিহীন। এগুলি ছাড়াও আমরা বলতে পারি আমাদের রাজ্য সরকার প্রথম দিক থেকে যে বিষয়টার ওপর গুরুত্ব দিয়েছেন—কেন্দ্রীয় অর্থনীতি উপেক্ষিত হওয়া সত্ত্বেও সেটা হচ্ছে রাজ্যের উন্নয়নটাকে বজায় রাখার চেষ্টা করছেন। এর প্রথম ধাপ হচ্ছে, ভূমি সংস্কার প্রায় ৬০ শতাংশ ভূমি আজকে কৃষকদের হাতে চলে গেছে এর সাথে যদি বর্গাদার ধরা যায় তাহলে ৭০ শতাংশ হবে। যেহেতু কৃষকদের হাতে জমি চলে যাচ্ছে সেইহেতু গাত্রদাহ হওয়া স্বাভাবিক। কৃষকরা প্রাণ দিয়ে ফসল উৎপন্ন করছেন তাই আজকে পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের মধ্যে চালের ক্ষেত্রে প্রথম স্থানে, আলুর ক্ষেত্রে দ্বিতীয় স্থানে—এই রকম জায়গায় দাঁড়িয়েও আজকে উৎপাদন বৃদ্ধি ব্যাহত হচ্ছে।

[12-40 — 12-50 P.M.]

আজকে সারের ভরতুকি কমিয়ে দেওয়া হয়েছে, এর বিরুদ্ধে কিন্তু ওরা সোচ্চার হচ্ছে না। কৃষকদের আজ মজুরি বেড়েছে এটা কিন্তু আপনারা অস্বীকার করতে পারেন না। শুধু মজুরিই বাড়েনি, সরকার নির্ধারিত যে মজুরি সেই মজুরিও আজকে ছাড়িয়ে গেছে। আজকে দেখা যাবে ২৭ টাকার উপর মজুরি। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন দরিদ্র, ভূমিহীন কৃষকদের দু'মাসের জন্য ভরতুকিতে চাল দেওয়ার ব্যবস্থা করা হয়েছে এবং আগামি বছর এটা ১০ কোটি টাকা থেকে বাড়িয়ে ২০ কোটি টাকা করা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রীকে বলি যে কৃষকদের অবস্থা বছরে দু'মাস খারাপ থাকে এটা ঠিক নয়। যে সকল এলাকায় একটা ফসল ফলে, যেখানে সেচের ব্যবস্থা নেই সেখানকার কৃষকদের অবস্থা অত্যন্ত খারাপ, তারা ছ'মাস দুরাবস্থার মধ্যে থাকে। সুতরাং রাজ্যের অর্থনীতিটা যখন কৃষিভিত্তিক এবং ভূমিসংস্কার নীতির উপর দাঁড়িয়ে এবং যেখানে অগ্রগতি হয়েছে কৃষকদের দিকে লক্ষ্য রেখে, যদি সেই ভূমিহীন কৃষকদের স্বার্থের কথা না চিন্তা করি তাহলে হবে না। ছয় মাসের জন্য তাদের যাতে ভরতুকির মাধ্যমে চাল দেওয়ার ব্যবস্থা করা যায় তার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করছি। আর এর বাইরে যে সমস্ত কৃষকরা আজকে রেশন ব্যবস্থায় নানাভাবে বিপর্যস্ত হচ্ছে তাদের কথাও আমি চিন্তা করতে বলছি। বর্ষার দিনগুলিতে এই সমস্ত কৃষকরা খুব দুরাবস্থার মধ্যে পড়ে, এই সময় রেশন ব্যবস্থা যদি ঠিকমতো না হয়, কেরোসিন সরবরাহ যদি ঠিকমতো না হয় তাহলে তারা বড় বিপদে পড়ে যাবে। সুখা মুরশুমে বা প্রাকৃতিক বিপর্যয়ে বা যে সমস্ত লোকগুলো নদীর পাড়ে বাস করে তাদের অবস্থা খুব খারপ হয়ে পড়ে। গত পরশু দিন পূর্ণিমাতে জোয়ারের সময় চার-পাঁচটা জায়গায় নদীর বাঁধ ভেঙ্গে ফসল নষ্ট হয়ে গেছে। কৃষকরা সুখা মাটিতে যেখানে তরমুজ, লঙ্কা, ঝিঙে চাষ করেছিল, সেগুলোর ক্ষতি হয়ে গেছে, আমার মনে হয় এটা অনেকেই জানেন না। তাছাড়া আরেকটা ব্যবস্থা গুরুত্ব পাওয়া দরকার নদী বিস্তীর্ণ এলাকাগুলিতে স্থায়ীভাবে যদি মেরামতি না করা হয় তাহলে খুব অসুবিধা হবে। তাই মাননীয় অর্থমন্ত্রী বলি, যে প্রতি বছর আমাদের সামনে এই ধরনের বিপর্যয় নেমে আসে এবং এর স্থায়ী ব্যবস্থা করা দরকার। আমাদের মাননীয় সেচমন্ত্রি গণেশ মণ্ডল, সুন্দরবনের বিভিন্ন স্থানে গেছেন এটা আমাদের কাছে খবর এসেছে। নোনাজল পুইখালি, নাপিতখালি, কলাহাজরা, বকখালি, ডকঘাট এই সমস্ত জায়গায় জল ঢুকে ফসল নষ্ট করে দিয়েছে ও এই সব জায়গায় নদীর বাঁধগুলি ভেঙ্গে গেছে।

সুতরাং প্রতিটা বারে আমরা লক্ষ্য করি এই দুর্দশার হাত থেকে পরিত্রাণটা কোথায়? হিঙ্গলগঞ্জ, গোসাবা, বাসন্তী, ক্যানিং—এই সমস্ত তল্লাটের মানুষের কাছে সাংঘাতিক উদ্বেগ। জেলা কর্তৃপক্ষের কাছে আর. এল. ই. পি. জির কিছু সামান্য টাকা দিয়ে মাটির কাজ করা যায়। কিন্তু তার স্থায়িত্ব বেশিদিন থাকে না। এই সম্পর্কে এবারের বাজেটে চিন্তা করবার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। আমি অনুরোধ করছি, নথিভুক্ত বেকারদের ব্যাপারে—এটা ঠিক নথিভুক্ত বেকাররা, প্রতি বছরে চার থেকে পাঁচ লক্ষ নতুন নথিভুক্ত বেকারের সংখ্যা

বাড়ছে। যেখানে শুধু পশ্চিমবাংলায় ৫০ লক্ষ বেকার আছেন। এটা আমরা জানি যে, ব্যাঙ্ক কর্তৃপক্ষের সঙ্গে সরকারের নির্দিষ্ট ভূমিকা থাকা সত্ত্বেও নানাভাবে তাঁদের হয়রানি ঘটাচ্ছেন। এবং এই কথা যদি সত্যি হয় নোটিশ দিয়ে জানানো উচিত যে, বন্ধ করে দেওয়া হয়েছে। নানাভাবে স্বনিযুক্তি প্রকল্পগুলি এর ফলে বন্ধ হয়ে যাবে। আশা করি অর্থমন্ত্রী মহাশয় এই বিষয়গুলি দেখবেন। আমরা কিন্তু জানি যে, হয়রানি চলছে এবং বন্ধ করবার নির্দেশ দেওয়া হয়েছে কি না যে, হয়রানিটা বন্ধ হওয়া দরকার। গ্রামের বেকাররা তাঁরা একটা জায়গায় দাঁড়াতে চেষ্টা করছে কেউ পোলট্রি করেছে, কেউ ডেয়ারি করেছে, কেউ অটোরিক্সা চালাবার চেষ্টা করে নিজেরা নিজেদের পায়ে দাঁড়াবার চেষ্টা করছে। তাঁরা একটা জায়গায় দাঁড়াবার চেষ্টা করছে। কর্মপ্রার্থী হিসাবে নিজেদের ধারণা দিতে হচ্ছে না, নিজেরা নিজেদের উদ্যোগ নিয়ে নিজেরা গ্রাম গড়ার কাজে লেগেছেন। নিজের এলাকা গোছানোর কাজ করছেন। এটা আমাদের গর্ব। এটা যাতে বাধাপ্রাপ্ত না হয় তা দেখবার জন্য অনুরোধ করছি। অথচ দেখা যাচ্ছে যে, পশ্চিমবাংলা সরকার আগামী বছরে অতিরিক্ত কুড়ি কোটি টাকা—এই সমস্ত স্বনিযুক্তি প্রকল্পে বাড়িয়ে দেওয়া হল সেখানে কেন্দ্রীয় সরকার এক পয়সাও বাড়ালেন না। বেকারের সংখ্যা বাড়ছে। স্বনিযুক্তি প্রকল্প ব্যাহত হোক, তাঁরা কাজ না পান এটাই কেন্দ্রীয় সরকারের লক্ষ্য। এটা প্রমাণিত। আর একটা অনুরোধ, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, কেন্দ্রীয় সরকারের নীতি, এবং রাজ্য সরকারের নীতির মধ্যে বহু তফাৎ আছে। মানসিকতার তফাৎ আছে। আপনি যে বড় বড় ব্যবসায়ীদের যাঁদের মোট ব্যবসা ৫০ কোটি টাকার উর্ধ্বে তাঁদের ক্ষেত্রে টার্নওভার ট্যাক্স বৃদ্ধির কথা বলেছেন। এই বিষয়টা আর একটু চিন্তা করে দেখবেন। ৫০ কোটি টাকার বেশি যাঁদের ব্যবসা এই বিষয়টা অনেকটা ছাড় দেওয়া হয়েছে কি না? সুতরাং ওঁদের দৃষ্টিভঙ্গি আর আমাদের দৃষ্টিভঙ্গির তফাৎটা। এই সংখ্যাটা আর একটু কমানো দরকার। এটা ৪০।৫০ হলে ভাল হয়। সর্বশেষে নানা বিপর্যয়ের মধ্যে দিয়ে আমাদের দেশ চলছে। আমাদের রাজ্যে আপনার যা প্রচেষ্টা সেটা এই বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে বিস্তারিতভাবে যেটা বলবার চেষ্টা করেছেন সেটা বিরোধী বন্ধুরা বুঝে ও বুঝবার চেষ্টা করছেন না। আমাদের নির্দিষ্ট ইচ্ছা আছে, প্রচেষ্টা আছে। আমরা সব কিছু কেন্দ্রের উপর নির্ভর করে থাকি না। এই ক্ষেত্রে রাজ্যের মানুষকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করা হচ্ছে। আমাদের নির্দিষ্ট কর্মসূচি আছে। এই প্রচেষ্টাকে আমরা এগিয়ে নিয়ে যাব। এইভাবে আমরা স্বাতন্ত্রীকরণ করে গ্রামের মানুষকে যেভাবে আস্তে আস্তে এগিয়ে নিয়ে এসেছেন, বিভিন্ন কর্মসূচির মধ্যে নিয়ে আমরা পৃথকীকরণ করতে চাই। কেন্দ্রের ভূমিকা এবং রাজ্যের ভূমিকার মধ্যে আকাশ, পাতাল তফাৎ। রাজ্যের মানুষকে বিপর্যয়ের হাত থেকে রক্ষা করবার চেষ্টা করছি। মাননীয় অথমন্ত্রী মহাশয় যেভাবে বোঝাবার চেষ্টা করেছেন তা অত্যন্ত দূরদর্শিতার প্রমাণ। এর জন্য তাঁকে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12-50 — 1-00 P.M.]

শ্রী জটু লাহিড়ী ঃ মাননীয় স্পিকার স্যার, প্রথমেই অর্থমন্ত্রীর বাজেটের বিরোধিতা

করছি। কারণ এই বাজেট মাইনে দেওয়ার বাজেট, এই বাজেট উন্নয়নের বাজেট নয়, এটা একটা দেউলিয়া বাজেট। স্পিকার স্যার, ওঁনার মূল সোর্স অফ ইনকাম সেলস ট্যাক্স থেকে আমরা দেখলাম ১৯৯০-৯১ সালে রেখেছিলেন ১৩১৬ কোটি ৭৬ লক্ষ টাকা এস্টিমেটেড বাজেটে। রিভাইজড বাজেটে দেখলাম ১২৬০ কোটি টাকা হল, কমে গেল। আবার ১৯৯১-৯২ এর বাজেট যেটা গত বছরের বাজেট ধরলেন ১৪৯২ কোটি ৭০ লক্ষ টাকা। সেবার একটা মানে বুঝেছিলাম সেলস ট্যাক্সের ক্ষেত্রে অ্যাডিশনাল ১৫ পারসেন্ট ট্যাক্স চার্জ করেছিলেন, তাই এটা বাড়তে পারে। কিন্তু সেই লক্ষ্যে পৌঁছতে পারেননি। ১৯৯১-৯২ সালের রিভাইজড বাজেটে ১৪৫০ কোটি টাকা। অথচ এইবারেও বাড়িয়েছেন, ১৯০০ কোটি টাকা সেলস ট্যাক্স আদায় করবেন বলেছেন। কোথা থেকে কিভাবে এই ফিগার সংগ্রহ করলেন আশ্চর্য হয়ে যাই। হাউসকে তিনি বিভ্রান্ত করছেন। তিনি ৩১.০৩ পারসেন্ট অ্যাডিশনাল সেলস ট্যাক্স আদায় করবেন এইটা দেখাচ্ছেন, এটা অবাস্তব। উনি ৪২ কোটি টাকা ঘাটতি দেখিয়েছেন। দীর্ঘদিন অর্থমন্ত্রী থাকাকালীন ঘাটতিশূন্য বাজেট দেখিয়েছেন। সে জায়গায় থাকতে না পেরে ৪২ কোটি টাকা ঘাটতি বাজেট দেখিয়েছেন। কিন্তু এই ঘাটতি ৪২ কোটি তো দূরের কথা, একশো কোটির বেশি চার-পাঁচ কোটি টাকার উপরে ঘাটতি হবে। তিনি কখনও এই খাতে ১৯০০ কোটি টাকা আদায় করতে পারবেন না। আমরা যদি ট্যাক্স অন গুডস অ্যান্ড প্যাসেঞ্জার ধরি তাহলে দেখব ১৯৯০-৯১ সালে ১৩৪ কোটি ৯০ লক্ষ টাকা করলেন, কিন্তু হল ১৩০ কোটি টাকা। ১৯৯১-৯২ করেছিলেন ১৫৭ কোটি ৬৮ লক্ষ টাকা, কিন্তু রিভাইজড বাজেটে হল ১৪০ কোটি টাকা। প্রতিবারে কমে যাচ্ছে। তবুও এইবারে করলেন ১৬৫ কোটি টাকা। কিভাবে বলছেন এইসব কথা? আমাদের মাথায় আসছে না। অথচ তিনি একটা ফিকটিটাস ফিগার দিয়ে সভাকে বিভ্রান্ত করছেন। ট্যাক্সেস অ্যান্ড ডিউটিস অন ইলেক্ট্রিসিটির ক্ষেত্রে ১৯৯০-৯১ সালে ধরেছিলেন ৪৪ কোটি, কিন্তু আদায় হল ১৯৯০-৯১ সালে ৩৫ কোটি ১০ লক্ষ টাকা। ১৯৯১-৯২ সালে ধরেছিলেন ৪০ কোটি ১০ লক্ষ টাকা। আদায় হল মাত্র ২০ কোটি ২৫ লক্ষ টাকা, অর্ধেক। যেখানে আজকে এই রকম অবস্থা সেখানে এবার বাজেটে ধরেছেন ৩০ কোটি ৩০ লক্ষ টাকা। অর্থাৎ সভাকে তিনি সব সময় বিভ্রান্ত করছেন, কেবল ভাঁওতা দিয়ে চালিয়ে যাচ্ছেন। এটা ৪২ কোটি টাকার ঘাটতি বাজেট নয়, এই ঘাটতি অনেক বেড়ে যাবে। তিনি বারবার হাউসকে বিভ্রান্ত করছেন। আমি আপনার মাধ্যমে একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। উনি তাঁর বাজেট বক্তৃতার একটা জায়গায় বলেছেন, "ভূমি-সংস্কারকে ভিত্তি করে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে অগ্রগতি এসেছে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষার (১৯৯১-৯২) রাজ্যওয়ারি খাদ্যশস্য উৎপাদনের তথ্য থেকে দেখা যাচ্ছে যে, সপ্তম পরিকল্পনায় (১৯৮৫-৯০) খাদ্যশস্য উৎপাদনের গড় বৃদ্ধির হারে পশ্চিমবঙ্গ এখন সমস্ত রাজ্যের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। পশ্চিমবঙ্গে এই বৃদ্ধির হার ৩৪ শতাংশ, তার পরে আছে যথাক্রমে হরিয়ানা (২৪ শতাংশ) এবং পাঞ্জাব (২৩ শতাংশ)।" আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি কিভাবে অসত্য বলছেন সে সম্পর্কে।

ইকনমিক রিভিউ, ১৯৯১-৯২, পরিসংখ্যান পরিশিষ্ট, পেজ, ৭৯র প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। রাইস উৎপাদন বোরো চাষে দেখানো হয়েছে যে ১৯৮০-৮১ সালে যেখানে বোরো চাষ হয়েছিল ৩৪৬ হাজার হেক্টর জমিতে সেখানে ১৯৯০-৯১ সালে দেখানো হয়েছে ৭৯৬ হাজার হেক্টর জমিতে বোরো চাষ হয়েছে। অর্থাৎ প্রায় ডবল জমিতে বোরো চাষ হয়েছে। স্যার, আমরা সবাই জানি যে ১৯৭১-৭২ সাল থেকে অধিক ফসল ফলানোর জন্য তাইচুন ধানের চাষ শুরু হয়। এর প্রধান উপকরণ হচ্ছে সার। সার ছাড়া এর উৎপাদন সম্ভব হয় না, উৎপাদন বৃদ্ধি সম্ভব হয় না। স্যার, একথা যে কোনও এক্সপার্টই জানেন যে সার ব্যবহারের ফলে যে কোনও জমিতে প্রতি বছর উৎপাদন কিছু কিছু করে কমতে থাকে। আজকে ২০ বছর ধরে যে বোরো চাষ হচ্ছে সেখানে তাহলে উৎপাদন কমবে। আমরা জানি যে যেখানে বার বার বোরো চাষ হয় সেখানে উৎপাদন কমে, বাড়ে না। অথচ এখানে অন্য জিনিস আমরা দেখছি। ১৯৮০-৮১ সালে যেখানে ৩৪৬ হাজার হেক্টর জমিতে বোরো চাষে উৎপাদন হয়েছিল ৮৬৫ হাজার টন অর্থাৎ প্রায় ডবল সেখানে ১৯৮৫-৮৬ সালে দেখছি ৫১২ হাজার হেক্টর জমিতে বোরো চাষে উৎপাদন হয়েছে ১ হাজার ৪২৭ হাজার টন। অর্থাৎ এবারেও দেখা যাচ্ছে বোরো চাষে তিন গুণ প্রায় হয়ে যাচ্ছে। আবার ১৯৯০-৯১ সালে দেখা যাচ্ছে সেখানে বোরো চাষ হয়েছে ৭৯৬ হাজার হেঃ জমিতে এবং উৎপাদন হয়েছে ২৪৬৬ হাজার টন তিন গুণ বোরো চাষ হয়েছে। আমার মনে হয়, অসীমবাবু, তিনি মাঠে যান না। অফিসাররা বলেছেন সত্য কথাটাই যে এত উৎপাদন হয়না কিন্তু তিনি ঠান্ডা ঘরে বসে অফিসারদের ধমকে বলেছেন যে আমি যা বলছি তাই লেখ এবং সেইভাবেই লেখা হয়েছে। তিনি যদি মাঠে যেতেন তাহলে কখনও এরকম অসম্ভব কথা লিখতেন না কারণ বোরো চাষ হচ্ছে সার-ভিত্তিক চাষ। এখানে পর পর চাষের পর কি করে তিনগুণ ফসল হয় আশা করি সে তথ্য তিনি জবাবি ভাষণের সময় দেবেন। আমরা স্যার, দেখছি, পর পর কেন্দ্রের নামে দোষ চাপিয়ে ওরা বা রাজ্য পার পেয়ে যেতে চান এবং মানুষকে বিভ্রান্ত করতে চান। এবারেও বলেছেন যে কেন্দ্র নাকি ২৩৫ কোটি টাকা দিচ্ছেন না। এই টাকা কি পাওনা টাকা? আমরা জানি যে এই টাকা পাওনা টাকা নয়। কারণ অতিরিক্ত সাহায্য যারা চেয়েছিলেন ভারতবর্ষের সেই সমস্ত রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকার অতিরিক্ত সাহায্য দেননি। কাজেই সেখানে পশ্চিমবাংলার সরকারও পায়নি অথচ এমনভাবে এটা মাঠে ময়দানে বলা হচ্ছে এবং তা বলে মানুষকে বিভ্রান্ত করা হচ্ছে যেন মনে হচ্ছে পাওনা টাকা কেন্দ্রীয় সরকার দেননি। তারপর স্বল্প সঞ্চয়ের কথা বলা হয়েছে। বলা হয়েছে যে কেন্দ্রীয় সরকার নাকি এমন সব আইন করেছেন যাতে অন্যত্র সুদের হার বাড়িয়ে দেওয়ার ফলে স্বল্প সঞ্চয়ে জমা কম পড়ছে, পশ্চিমবঙ্গ সরকার এর ফলে বঞ্চিত হচ্ছেন।

[1-00 — 1-10 P.M.]

কিন্তু একবারও বললেন না যে কেন্দ্রীয় সরকার তাদের কী কী দিয়েছেন, অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে এই সম্পর্কে একবারও উল্লেখ করেননি। আমরা যদি চেয়ে দেখি, তাহলে

দেখব যে কেন্দ্রীয় সরকার প্রতি বছর তাদের যে সাহায্যের পরিমাণ সেটা তারা বৃদ্ধি করেছেন। যেমন স্টেট শেয়ার্স অব ইনকাম ট্যাক্স, ৯০-৯১ সালে যেখানে অসীমবাবু ভেবেছিলেন ৩৩৭ কোটি ৭০ লক্ষ টাকা পাবেন, সেখানে পেয়েছেন ৩২৮ কোটি টাকা। ৯১-৯২ সালে ভেবেছিলেন ৩৬ কোটি ৬৬ লক্ষ টাকা পাবেন, কিন্তু পেয়েছেন ৪০৭ কোটি ১৩ লক্ষ টাকা। একবারও বললেন না কেন্দ্রীয় সরকার বেশি দিয়েছে। ৯২-৯৩ সালে ধরেছেন ৪৩৩ কোটি টাকা। ইউনিয়ন এক্সাইজ ডিউটিতে ৯০-৯১ সালে ধরেছিলেন ৬৯৭ কোটি ৪৬ লক্ষ টাকা, পেলেন কত? পেলেন কোটি ৩৯ লক্ষ টাকা। ৯১-৯২ সালে, সেবারে ধরলেন ৭৭২ কোটি ৪ লক্ষ টাকা, অর্থাৎ আগের বারে যখন দেখলেন যে কম ধরে বেশি পেয়েছেন তখন ধরলেন ৭৭২ কোটি ৪ লক্ষ টাকা। অর্থাৎ উনি আন্দাজে ধরেছেন। কোনও ফর্মুলা অনুসারে তিনি ধরেননি। ধরলেন ৭৭২ কোটি ৪ লক্ষ টাকা, কিন্তু পেলেন ৮২৮ কোটি ২৯ লক্ষ টাকা। ১৯৯২-৯৩ সালে আবার আন্দাজে ধরেছেন, ৮৯৩ কোটি ৫৬ লক্ষ টাকা। আমাদের দলের পক্ষ থেকে মনোমোহন সিং, অর্থমন্ত্রীকে বলব পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী যে ৮৯০ কোটি ৫০ লক্ষ টাকা ধরেছেন, এটা যেন হাজার কোটি করে দেন। যাতে ওরা না বলতে পারেন যে কেন্দ্রীয় সরকার উপযুক্ত সাহায্য দেননি। ওরা একবারও বললেন না যে কেন্দ্রীয় সরকার যথাযথভাবে সাহায্য দিচ্ছেন। আমি শুধু একটা কথা বলে শেষ করব, এক হাঁড়ি ভাতের থেকে একটা ভাত তুলে টিপলেই বোঝা যায় ভাত সিদ্ধ হয়েছে কি না। আজকে আমাদের এই সরকার ওয়ার্ক কালচার একেবারে শেষ করে দিয়েছে। উদাহরণ স্বরূপ বলি, হাওড়া কর্পোরেশনে আগে ট্যাক্স আদায় কত হত, হাওড়া কর্পোরেশনে গতবারে বাজেট হয়েছিল ২৮ কোটি টাকার, ট্যাক্স আদায় হয়েছিল মাত্র ১ কোটি ৪০ লক্ষ টাকা। মাইনে দিতে হয় এক মাসে ৮১ লক্ষ টাকা। অর্থাৎ বছরে ১০ কোটি টাকার উপর মাইনে দিতে হয়। সেই কর্পোরেশনে ৯১-৯২ সালে ট্যাক্স আদায় হয়েছে ১ কোটি ৪০ লক্ষ টাকা। যেখানে ৮৪-৮৫ সালে আদায় হয়েছিল ১ কোটি ৭০ লক্ষ টাকা, সেটা কমে দাঁড়াল ১ কোটি ৪০ লক্ষ টাকায়। হাওড়ায় চারশো'র উপর মাল্টি স্টোরিড বিল্ডিং হয়েছে গত তিন বছরে। সেইগুলোর কোনও অ্যাসেসমেন্ট হয়নি অথচ দান খয়রাতি চলছে। সুতরাং হাওড়া কর্পোরেশনে যাতে ওয়ার্ক কালচার গড়ে তোলা হয়, সঠিক ভাবে যাতে অ্যাসেসমেন্ট হয়, সেই রকম কোনও ব্যবস্থা নেই। ফলে অর্থনীতির বুনিয়াদ নষ্ট করছেন হাওড়া কর্পোরেশনের ক্ষমতাসীন লোকেরা। আর কথায় বলে না, মাস্তুতো ভাই,—কি—সে কিসে মাস্তুতো ভাই সেটা বলব না, এক মাস্তুতো ভাই এখানে বসে আছেন আর এক মাস্তুতো ভাই হাওড়া কর্পোরেশনের মেয়র হয়ে বসে আছেন। এরা পশ্চিমবাংলার অর্থনীতিকে নষ্ট করছেন, ওরা দান খয়রাতির অর্থনীতিতে পরিণত করেছেন। ক্যাডারদের বসিয়ে বসিয়ে সারা বছর মাইনে দিচ্ছেন। তাই এই জনস্বার্থ বিরোধী বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী আনীত ১৯৯২-৯৩ সালের বাজেট বিবৃতিতে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

ভারতবর্ষকে সাম্রাজ্যবাদী অর্থনীতির মৃগয়াক্ষেত্র করতে যাঁরা আজকে দরজা খুলে দিয়েছেন এবং স্বাধীনতার পরবর্তীকাল থেকে আজ পর্যন্ত যাঁরা দেশে কালো টাকার সমান্তরাল অর্থনীতি চালু করে চলেছেন তাঁরাই আজকে আমাদের পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী আনীত বাজেটকে দেউলিয়া বাজেট বলে আখ্যায়িত করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিনয়ের সঙ্গে আমাদের বিরোধী দলের বিধায়কদের কাছে এ কথা বলতে চাই যে, আমাদের কেন্দ্রীয় সরকারের এ-বারের বাজেটে আমরা দেখছি যে, রাজ্যগুলি সাড়ে ৩৯ হাজার কোটি টাকারও বেশি কেন্দ্রকে দিয়েছে। অথচ তাঁদের কাছে ২৯ হাজার কোটি টাকারও কিছু কম সম্পদ আছে। এখন রাজ্যগুলির যা প্রাপ্য তা যদি তারা সবাই চাইতে শুরু করে দেয়, তাহলে ১০০ টাকার মধ্যে ৭০ পয়সার বেশি তাঁদের দেবার ক্ষমতা নেই। আমাদের বিরোধী দলের নেতা বিশিষ্ট ব্যবহারজীবীর কাছে আমার প্রশ্ন, দিউলিয়া কে? দেউলিয়া কোন সরকার? আশা করি এর জবাব উনি দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা খবরের কাগজের পাতায় দেখছি যে বিরোধী দলের পক্ষ থেকে তাঁরা বিবৃতি দিচ্ছেন, আমাদের রাজ্যের এবারের বাজেট হচ্ছে মুদ্রাস্ফীতির বাজেট। এই প্রসঙ্গে আমি একটা কথা না বলে পারছি না যে, তাঁরা আজকে মানুষকে একটা সহজ সত্য কথা ভোলাতে চাইছেন কিম্বা নিজেরাই বিভ্রান্তির শিকার হিসাবে বিশেষ এক পাখির মতো একটা চোখকে বন্ধ করে রেখেছেন। আমরা কি দেখতে পাচ্ছি? টাকা ছাপানোর অধিকার কাদের হাতে আছে, সেটা নিশ্চয়ই এখানে আর বলতে হবে না। অথচ তাঁরা এখানে একই কথা বার বার বলছেন যে, রাজ্যও টাকা ধার করছে ইত্যাদি ইত্যাদি। নিশ্চয়ই সমস্ত কিছু জেনে-শুনে এসব কথা বলছেন। তাঁরা নিশ্চয়ই জানেন যে, রাজ্য প্রোজেক্টের ভিত্তিতে টাকা ধার করে এবং যে প্রোজেক্ট পাস করাতে হয় কেন্দ্রের কাছ থেকে। অথচ ডাইরেক্ট যে ধার, সে ধার কেন্দ্রীয় সরকার করে। এই প্রসঙ্গে আমি রবীন্দ্রনাথের একটা কবিতা এখানে উল্লেখ করছি। কবিগুরু বলেছেন—

"সহজ কথা কইতে বল সহজে—
সহজ কথা যায় না বলা সহজে।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা ভারতবর্ষের বিধ্বস্ত অর্থনৈতিক পটভূমিকায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের এই বাজেট যে একটি ব্যতিক্রম, ইতিবাচক আদর্শের বাজেট, এ কথা বিরোধিতার অন্ধ মানসিকতা সম্পন্ন ব্যক্তি বাদে সকলেই স্বীকার করবেন। একটু অতীতে যেতে পারলে আমরা কী দেখতে পাব? স্বাধীনতার পরবর্তীকালে দীর্ঘদিন আমরা কী দেখেছি? তখন আমরা দেখেছি গ্রামাঞ্চলে মানুষকে মাইলো খাওয়ানো হয়েছে। অথচ আজকে আমরা কি দেখছি? সেচ ব্যবস্থার সম্প্রসারণের ফলে ধান উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করেছে এবং আলু উৎপাদনে দ্বিতীয় স্থানাধিকারী। অবশ্য এটা কংগ্রেস(আই) বন্ধুদের কাছে যন্ত্রণার কথা। আমরা বিগত ১৪ বছরে অনেকগুলি মাইল স্টোন পেরিয়ে এসেছি এবং আজকের ঠিকানায় এসে পৌঁছেছি। আমাদের আরও অনেক পথ চলতে হবে। সে জন্য প্রস্তাবিত রাজ্য বাজেটে ৫৮ কোটি টাকার অতিরিক্ত সম্পন্ন সংগ্রহের পর ব্যয় ও আয়ের ব্যবধান থাকছে ৪২.৩৬

কোটি টাকা। তবে কেন্দ্র রাজ্য সম্পর্কের বর্তমান ভিত্তিতেই প্রতিটি রাজ্যের মতো পশ্চিমবঙ্গ যে কোনও সময় ওয়েজ অ্যান্ড মিনস বাবদ ৫৬ কোটি টাকা অগ্রিম পেতে পারবে। তাই এই বাজেট ভারসাম্যমূলক। আগের পাঁচ পাঁচটি বাজেটের মতো এবারেও পশ্চিমবঙ্গের বাজেটে গরিব, মধ্যবিত্তর উপর কোনও কর বসে নি। কিন্তু আমরা দেখছি '৭২-এর মুখ্যমন্ত্রী মাননীয় বিরোধী দলের নেতা সাধারণ মানুষ কর জর্জরিত' এ কথা প্রমাণে উদগ্রীব হয়ে উঠেছেন। কারণ ৫০ কোটি টাকার উর্ধ্বে যে 'মধ্যবিত্ত' ব্যবসায়ীরা আছে তাদের ট্যাক্স বেড়েছে। বামফ্রন্ট সরকারের বাজেটের অত্যাচারে "দরিদ্র মধ্যবিত্ত" শীততাপ নিয়ন্ত্রিত রেঁস্তরায় যেতে পারছেন না। কনে সাজার একমাত্র ঠিকানা শীততাপ নিয়ন্ত্রিত বিউটি পার্লার-এ "মধ্যবিত্ত মহিলাদের" যেতে কষ্ট হবে! বড় বড় বিয়ে বাড়ির "মধ্যবিত্ত মালিকদের" উপর বৃত্তিকরের

[1-10 — 1-20 P.M.]

কোপ! এই গ্রীষ্ম পীড়িত দেশে শীততাপ নিয়ন্ত্রিত হোটেলের কামরায় অথবা যানবাহনের অধিকার দরিদ্র মধ্যবিত্তের অধিকার কেড়ে নিতে চাইছে কেন্দ্রের এই প্রস্তাবিত বাজেট। গত ১ এপ্রিল থেকে হলিউডের সিনেমার উপর নিয়ন্ত্রণ উঠে যাচ্ছে, কি হবে মধ্যবিত্তের সংস্কৃতির? ভি.সি.আর, ভি.সি.পির উপর কর বসছে। রামের উপর আবগারি শুল্ক-মধ্যবিত্তের পানীয়ের রইলটা কি? এবারের বাজেটে সর্বাধিক গুরুত্ব দেওয়া হচ্ছে বিদ্যুতের ক্ষেত্রে। বিদ্যুৎ অর্থ-আধুনিক সভ্যতা, বিদ্যুৎ হল শিল্প আর শিল্পায়ন, বিদ্যুৎ হল কৃষিতে সেচ। আমি আপনাদের কাছে আবেদন করব, আমরা ফিরে যাই পিছনের দিকে, যখন পশ্চিমবাংলার মাননীয় মুখ্যমন্ত্রী ছিলেন আজকের বিরোধীদল নেতা শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়, তাঁর আমলে। লোডশেডিং-এর "গোমুখ" মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায়ের শাসনে বিদ্যুতের টাকায় তৈরি হল নেতাজী ইন্ডোর স্টেডিয়াম। আজকে যারা বিদ্যুৎ নিয়ে প্রশ্ন তোলেন তাঁদেরই আমলে নেতাজী ইন্ডোর স্টেডিয়াম তৈরি হল। নেতাজীর কলকাতা তথা পশ্চিমবঙ্গ উপহার পেল নতুন শব্দ লোডশেডিং। এটা পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের শব্দ নয়। বিগত আর্থিক বছরগুলির সঙ্গে তাল মিলিয়ে এবারও বিদ্যুতের উৎপাদন বৃদ্ধি পেয়েছে ২৭৭.৫ মেগাওয়াট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা হিসাব আমি দিচ্ছি, ১৯৯১ সালে কুটির জ্যোতি লোকদীপে ৩২৯১৬ জন উপকৃত হয়েছেন। আমরা দেখতে পাচ্ছি, ১৯৭৮-৭৯ সালে যেখানে গ্রাহক ছিল ১১ লক্ষ ৮০৬৪৬ জন, ১৯৯০-৯১ সালে সেখানে বেড়ে হয়েছে, ২৩ লক্ষ ২৯,২৯৪ জন। গ্রামীণ বিদ্যুৎ—ওদের আমলে গ্রামে বিদ্যুৎ যেত না, খালি খুঁটি পোঁতা থাকত, আর কিছু থাকত না। এখন আর সেই জিনিস নেই। ১৯৭৮-৭৯ সালে গ্রামে-গ্রামে বিদ্যুৎ-এর হিসাব যদি নেওয়া যায় তাহলে দেখা যাবে ৩১ পারসেন্ট গ্রামে বিদ্যুৎ গেছে আর ১৯৯০-৯১ সালে ৬৯.৪ পারসেন্ট ১৯৭৮-৭৯ সালে বৈদ্যুতিকরণের সংখ্যা (পাম্পসেট) ২২৪২৬টি আর ১৯৯০-৯১ সালে ৯১,৩৩৩টি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলোকের এই ঝরণা ধারায় পশ্চিমবঙ্গকে ধুইয়ে দেবার এই যে বামফ্রন্ট সরকারের অঙ্গীকার সেই অঙ্গীকারকে বাস্তবায়িত করার জন্য আরও অনেক পথ হাঁটতে হবে। আমরা কি দেখতে পাচ্ছি, আমরা দেখলাম, নির্বাচনের আগে কংগ্রেস-আইয়ের

পক্ষ থেকে মানুষের সামনে যে ইস্তাহার রাখা হল তার ২৫ পাতায় বলা হল প্রতি বছর ১ কোটি বেকারের চাকরি দেওয়া হবে। কিন্তু কার্যত অসত্য কথা মানুষকে বলা হল। এই অসত্যের ব্যাপারীরা আজকে দেশকে কোথায় নিয়ে যাচ্ছে? এবারের কেন্দ্রীয় বাজেটে কর্মসংস্থানের কোনও সংস্থান রাখা হয়নি। উল্টে কর্মসংস্থা তুলে দেওয়া হয়েছে। উল্টে ছাঁটাই, বিদায় নীতির হাতছানিতে হাজার কোটি টাকার টোপ। এই টাকায় শিল্পায়ন হতে পারত। মাননীয় সদস্য মানববাবু তা পরিষ্কারভাবে বিশ্লেষণ করেছেন। আজকে একটার পর একটা কারখানা উঠে যাচ্ছে। কিন্তু আজকে এই ১ হাজার কোটি টাকায় শিল্পায়ন হতে পারত, কর্মসংস্থান হতে পারত। আমরা কি দেখতে পাচ্ছি, ৮৪ কোটি লোকের দেশ এই ভারতবর্ষ, মোটামুটি যদি হিসাব নিই তাহলে দেখব, কমবেশি ৭ কোটি মানুষ কাজের সঙ্গে যুক্ত। আজকে কেন্দ্রীয় সরকারের এই নীতিতে ১ কোটি মানুষের উপর নেমে আসছে ছাঁটাইয়ের গিলোটিন। এখন এই ১ কোটি মানুষের প্রতি পরিবার পিছু যদি ৫ জন করে ধরা হয় তাহলে ৫ কোটি মানুষের ঘাড়ে নেমে আসছে খড়গহস্ত। তার দায়-দায়িত্ব ওরা নেবেন না। গিলোটিন ধাপে-ধাপে এগিয়ে আসছে। নব বেকার-বাহিনী তৈরি করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধীদলের নেতা যে সরকারের অর্থনীতির বাজেটকে দেউলিয়া বাজেট বলছেন, আমি আপনাদের সঙ্গে আবার ঘোষণা করছি যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার দীর্ঘদিন ধরে ওভার ড্রাফট নেন নি, এই কথাটা মাননীয় বিরোধীদলের বন্ধুরা ভুলে গেছেন। বিভিন্ন ভাবে স্বল্প সঞ্চয়ের পরিকল্পনা থেকেও ৬৫৯ কোটি টাকা পশ্চিমবঙ্গের পকেট কাটা হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক আনীত যে বাজেট তা হল নুন আনতে পান্তা ফুরানোর বাজেট, কিন্তু তার মধ্যে থেকেও ২০ কোটি টাকা স্বনিযুক্তি প্রকল্পের জন্য বাড়তি বরাদ্দের কথা বলা হয়েছে। কেন্দ্রীয় বাজেটে এই বাবদ অর্থ বরাদ্দ করা হয় নি। আমরা চাই সকলের জন্য কাজের অধিকারের সাংবিধানিক স্বীকৃতি। সফল হওয়ার ক্ষেত্রে সাংগঠনিক সীমাবদ্ধতা আছে, তাই আমি মাননীয় কংগ্রেস (আই) দলের বন্ধুদের বলছি যে আসুন আমরা অধিকার আদায় করার জন্য ঐক্যবদ্ধ হয়ে আন্দোলন করি। এতদ সত্ত্বেও পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ২০ কোটি টাকার এই বাড়তি বরাদ্দ স্বল্প সঞ্চয় প্রোজেক্টের জন্য রেখেছেন এবং তার ফলে কিছু কাজের হাতকে কাজে লাগানোর সচেষ্ট মানসিকতার একটা উল্লেখযোগ্য পদক্ষেপ বলে আমার মনে হয়েছে। ভারতবর্ষের মোট জনসংখ্যার ৭০ পারসেন্ট মানুষ হচ্ছে কৃষিজীবী। এখানে যে পুঁজিবাদী অর্থনীতির কথা বলা হয়েছে সেখানেও দেখুন পুঁজিবাদকে যদি সত্যকার বিকশিত করতে হয় তাহলে ১০০ ভাগ ভূমিসংস্কার করা দরকার, কিন্তু ভারতবর্ষের ক্ষেত্রে দেখা যাবে স্বাধীনতার ৪৪ বছর পরেও পশ্চিমবঙ্গে আধা সামন্ততান্ত্রিক, আধা ধনতান্ত্রিক পঙ্গু অর্থনীতিতে ভূমি সংস্কার করার দায়িত্ব নিতে হয়েছে পশ্চিমবঙ্গকে। ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রী কৃষক আন্দোলনের প্রাণ পুরুষ মাননীয় হরেকৃষ্ণ কোঙার সেদিন যে কাজকে আরম্ভ করেছিলেন বামফ্রন্ট সরকার সেই কাজকে সম্পন্ন করতে চলেছেন। আপনাদের সামনে আমার বন্ধু বলেছেন পশ্চিমবঙ্গে কৃষি ভিত্তিক জমি অত্যন্ত কম, চাষযোগ্য জমি কম, সংকট আছে তার থেকেও জমি বিলি করা হয়েছে ০.২০ পারসেন্ট,

যেখানে পশ্চিমবঙ্গে ০.৬০ হেক্টর কৃষি জমি যেখানে পশ্চিমবঙ্গের ৪ কোটি ১ লক্ষ কৃষিজীবী মানুষ সেখানে মাত্র ১ কোটি ১ লক্ষ মানুষ নির্ভর করছে। তাহলেই বুঝতে পেরেছেন যে আমরা কোন জায়গায় দাঁড়িয়ে আছি। কিন্তু তাতেও আমাদের কৃষিজমি কম হওয়া সত্ত্বেও ভারতে মোট উদবৃত্ত জমির ২০ ভাগ বিলি করা হয়েছে ৭০ ভাগ কৃষকদের হাতে। আর তাতে কেন্দ্রীয় সরকার সহযোগিতা না করলেও প্রবল বাধা দানে তাঁরা অকৃপণ হতে চেয়েছেন। ওঁরা ভূমিসংস্কার আইন তৈরি করেছেন বলছেন, কি রকম পদক্ষেপ নিয়েছিলেন? এমনভাবে আইন তৈরি হয়েছিল তাতে জমি দেওয়ার বদলে সেই ব্যবস্থাতে জমি চোরে পরিণত করা হয়েছিল। আমরা সেখানে দাঁড়িয়ে সেই আইনকে কার্যকর করছি। ২০ পারসেন্ট যে জমি বলা হয়েছে তার ৭৫ ভাগ কৃষকের হাতে তুলে দেওয়া হয়েছে। ভূমি সংস্কারের যে পরিকল্পনার কথা বলছেন, সেই আইন কেন্দ্রের অনুমোদনের জন্য এখান থেকে পাঠানো হয়েছিল, কিন্তু সেটা দীর্ঘদিন ধরে মাননীয় রাষ্ট্রপতির জটাজালে আবদ্ধ হয়েছিল। দীর্ঘদিন পরে সেই জটাজাল থেকে তাকে মুক্ত করে পশ্চিমবঙ্গে গণতন্ত্রকামী এবং আন্দোলনকামী মানুষ ভগীরথের ভূমিকা পালন করছে। এটা কি অস্বীকার করতে পারা যাবে? ১৯৯০ সালে ১ লক্ষ ২৭ হাজার বর্গাদারের হাতে তা আইনিভাবে আইনি অধিকার তাদের হাতে তুলে দেওয়া হয়েছে। তার ফলে আমরা কি দেখতে পাচ্ছি? আজকে কৃষকের জীবন জীবিকার ক্ষেত্রে ভারতবর্ষের কৃষি পার ক্যাপিটা ১৪৪১ টাকা হচ্ছে। পশ্চিমবঙ্গে এত দারিদ্র এবং জমির স্বল্পতা সত্ত্বেও এত সমস্যা সত্ত্বেও কংগ্রেসের শাসনকালে পার ক্যাপিটা কৃষকের এত উপার্জন ছিল না। এখন আমরা কি দেখছি, আমরা দেখছি সার বিলি এবং সেচ ব্যবস্থার

[1-20 — 1-30 P.M.]

মাধ্যমে কৃষি ও কৃষকের উন্নতি হয়েছে, মিনিকীট বিলি করা হচ্ছে। কৃষকের কাজের সুবিধার জন্য পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার হাত বাড়িয়েছেন। আজকে আই.এম.এফ.-এর ঋণের কঠিন শর্ত, অবাধ সার আমদানী, এতে শুধু স্বদেশী সার শিল্পই ধ্বংস হবেনা, উচ্চ ডলার মূল্যে সার আমদানির ফলে আমাদের স্বাধীন কৃষিনীতি প্রচন্ড ভাবে সংকটের মুখে দাঁড়াবে। এটা আপনারা নিশ্চয়ই স্বীকার করবেন। আজকে কালি ও ডটপেনের উপর কর ছাড়ের প্রস্তাব দরিদ্র নিরক্ষর মানুষকে সাক্ষরতার আলোকে উদ্ভাসিত করতে দৃঢ় প্রতিজ্ঞার পরিচায়ক। কেন্দ্রীয় বাজেটে যখন শিক্ষার গলাটিপতে উদ্যত তখন বামফ্রন্ট সরকারের শিক্ষানীতি সবিনয়ে মাটির প্রদীপ শিখার মতোই নিষ্কম্প। আমরা দেখছি যে খেলাধূলার ক্ষেত্রে আমাদের কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী কেন্দ্রীয় বাজেটের কৃপণ মুষ্টি খুলতে যখন ব্যর্থ, কেন্দ্রের শক্ত হাত থেকে একটিও পয়সা গলাতে পারবেন না তখন পশ্চিমবাংলায় আমাদের বামফ্রন্টের অর্থমন্ত্রী তার সীমিত ক্ষমতার মধ্যে খেলাধূলার জগতে শহরের সঙ্গে গ্রামের ছেলেমেয়েদের যাতে এগিয়ে যেতে পারে তারজন্য নিরন্তর আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন এবং তারই উদাহরণ স্বরূপ ফুটবল সহ সমস্ত খেলাধূলার উপর থেকে প্রমোদকর ছাড়ের প্রস্তাব করেছেন। আপনারা চিৎকার করছেন, রাস্তাঘাটে বলতে শুরু করেছেন যে পশ্চিমবঙ্গে ফলের রসের উপরে কিছু

ছাড় দেওয়া হয়েছে। আমি আপনাদের বলব যে যারা নিজেদের অর্থনীতিকে উজ্জীবিত করার নামে মার্কিনী অর্থনীতিকে মন্দা থেকে বাঁচাতে বিভিন্ন পদ্ধতিতে চেষ্টা করছেন, ভারতের বাজার খুলে দিচ্ছেন, যারা পেপসি কোলাকে জায়গা করে দিতে চান তারা কি করে বুঝবেন ভারতবর্ষের অর্থনীতির ক্ষেত্রে, রাজ্যের অর্থনীতির ক্ষেত্রে আমাদের স্বনির্ভরতার প্রয়োজনীয়তা কি? পশ্চিমবঙ্গ রাজ্য সরকার ছোট ছোট টি.ভি.'র ক্ষেত্রে, ছোট ছোট ইলেকট্রনিক অডিও গুডস যারা তৈরি করে তাদের পশ্চিমবঙ্গের বাইরে উৎপন্ন পণ্যের বাজার তৈরিতে সহায়তা করছেন, সেটা তারা বুঝবেন কি করে। আমি আপনাদের আহ্বান জানাচ্ছি, আজকে ভারতবর্ষ ভয়ঙ্কর একটা সঙ্কটের মধ্যে এসে দাঁড়িয়েছে। আমি কংগ্রেসি বন্ধুদের বলব যে আপনারা যারা জাতীয় কংগ্রেসের উত্তরসূরী হিসাবে নিজেদের পরিচয় দেন, একদা ভারতে সাম্রাজ্যবাদ বিরোধী লড়াইয়ে গণ-মঞ্চ ছিল কংগ্রেস, আজকে যখন ভারতবর্ষের অর্থনীতিকে সাম্রাজ্যবাদীদের কাছে বিকিয়ে দেবার পরিকল্পনা চলছে, আমরা দেখছি সাম্রাজ্যবাদী আমেরিকার অর্থনীতিকে চাঙ্গা করার জন্য কেন্দ্র থেকে একটা প্রচেষ্টা হচ্ছে নিজের দেশের অর্থনীতিকে গলা টিপে। এই দুর্দিনে মীরজাফর, রায় দুর্লভরা শুধু নয়, আমি বিশ্বাস করি এখনও আপনাদের মধ্যে মোহনলাল-এর মতো দেশোপ্রেমিকরাও আছেন যারা অর্থনৈতিক সার্বভৌমত্ব রক্ষার লড়াইয়ে সংগ্রামী মানুষের পাশে এসে দাঁড়াবেন। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট দিয়েছেন তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কামাখ্যা চরণ ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৬ই মার্চ মাননীয় অর্থমন্ত্রী এই সভায় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি। এতক্ষণ পর্যন্ত বিরোধী দলের যে বক্তব্য আমি শুনেছি তা হল এই কেন্দ্রীয় সরকার, যে সরকার দেশের শতকরা ১০০ ভাগ লোকের মধ্যে মাত্র ১০ ভাগ লোকের জন্য তাদের অর্থনীতিতে বরাদ্দ করেছেন, তাদের ইনকামের পথ করেছেন। আর তার বিরুদ্ধে বিকল্প ব্যবস্থা গ্রহণ করেছেন আমাদের অর্থমন্ত্রী।

মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে, আগে দেশের বড় বড় অর্থনীতিবিদদের সঙ্গে এক জায়গায় বসে আলোচনার পর বাজেট হত। কিন্তু মনমোহন সিং এর বাজেটে সেটা হয়নি, তারজন্য তাঁর অর্থনীতির বিরোধিতা আমরা করেছি। এতে কোনও বিকল্প কথা নেই দেশের অর্থনীতিকে স্বনির্ভরতার পথে এগিয়ে নিয়ে যাবার ব্যাপারে। নেহরুর সময় যে বাজেট হত, দেশের অর্থনীতিবিদ, মানুষদের সঙ্গে আলোচনা পরে সেটা হত। ন্যাশনাল লেভেলে আলোচনা হত। কিন্তু এবারে কোনওরকম আলোচনা করেন নি। জয়নাল আবেদিন, সিদ্ধার্থশঙ্কর রায় বা সৌগতবাবু—কারও সঙ্গে কোনও আলোচনা হয়নি। ঐ বাজেটের দ্বারা দেশের শতকরা ১০ জন মানুষ উপকৃত হবেন, বাকি খেটেখাওয়া মানুষ এবং মধ্যবিত্ত মানুষ—তাঁরা ঐ বাজেটের দ্বারা ক্ষতিগ্রস্ত হবেন। মূল্যবৃদ্ধি প্রসঙ্গে ওঁরা বলেছিলেন যে, ১০০ দিনের মধ্যে দাম কমে যাবে, কিন্তু দাম বেড়েই যাচ্ছে। কি করে এটা আটকাবেন? এই পটভূমিকায় এই রাজ্যের অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গের মানুষকে রক্ষা করবার একটা ইঙ্গিত দিয়েছেন। সেজন্য বলছি, আমাদের

এটা জনমুখি বাজেট, আর কেন্দ্রীয় সরকারের ওটা জনবিরোধী বাজেট। রাজ্যের একটা প্রধান আয় ছিল স্বল্প সঞ্চয়। এক্ষেত্রে কেন্দ্র সুদের হার কমিয়ে দিয়ে নতুন নতুন বিমা কোম্পানির সুদের হার বাড়িয়ে দিলেন। এর ফলে স্বল্প সঞ্চয় কমবার ফলে রাজ্যগুলি ক্ষতিগ্রস্ত হবে।

মিঃ স্পিকার স্যার, আমাদের রাজ্যে পরিকল্পনাগুলি তলা থেকে উপরে আসছে, কিন্তু ওদের এটা রয়েছে আমলাতন্ত্রের হাতে যাদের সঙ্গে তৃণমূলের কোনও সম্পর্ক নেই। আমাদের এই রাজ্যে ভূমি সংস্কার হয়েছে, ব্যাপকভাবে হয়েছে। অন্য কোনও রাজ্যে এটা হয়নি। তার জন্য আজকে প্রধানমন্ত্রী বলছেন, '৩০শে মার্চের মধ্যে ভূমিসংস্কার করতে হবে এবং আমি নিজে গিয়ে তার তদারকি করব।' কারণ কংগ্রেস শাসিত রাজ্যগুলির উপর তাঁর বিশ্বাস নেই। আজকে এখানে ব্ল্যাক মানি আটকাবার জন্য স্ট্যাম্প ডিউটি বাড়ানো হয়েছে। এটা সম্পূর্ণভাবে সমর্থন করি। বিক্রয় কর বাড়াবার জন্য এখানে যেসব ব্যবস্থা উনি নিয়েছেন তাও আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। এটা বড় ব্যবসায়ীদের উপর তিনি ধার্য করেছেন। আজকে কৃষিতে অন্য রাজ্যে যেখানে উৎপাদন কমে গেছে, সেখানে আমাদের রাজ্যে উৎপাদন বেড়েছে। এই উৎপাদন বাড়াটা সহজ ব্যাপার নয়। আমি এসব কারণের জন্য আমাদের যে বাজেট প্রস্তাব তাকে সমর্থন করছি এবং অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি।

[1-30 — 1-40 P.M.

শ্রী প্রলয় তালুকদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করছি। আমাদের উল্টো দিকে কংগ্রেস বন্ধু যাঁরা বসে আছেন তাঁরা খুব অসুবিধার মধ্যে পড়েছেন, এই বাজেট দেখে তাঁদের খুব গাত্রদাহ হচ্ছে। বাজেটের মূল বক্তব্য যেটা সেটা হচ্ছে একটা রাজ্য সরকার—সারা দেশের জন্য কেন্দ্রে একটা সরকার বসে আছে যে সরকার জনবিরোধী নীতি নিয়ে চলছে—সেই কেন্দ্রীয় সরকারের আওতায় একটা অঙ্গ রাজ্য কি করে একটা স্বনির্ভর এবং কর্মসংস্থানমুখী বাজেট পেশ করা যায় সেটা তাঁরা বুঝতে পারছেন না। এইরকম একটা বাজেট পেশ করা হয়েছে বলে ওনাদের এত গাত্রদাহ। একটা উদাহরণ হবে, সারা ভারতবর্ষের মধ্যে এটা একটা উদাহরণ হবে। কেন্দ্রীয় বাজেটে কর্মসংস্থানের কিছু লেখা নেই, স্বনির্ভর প্রকল্পের ব্যাপারে কিছু লেখা হয় নি। বরং আই.এম.এফ-এর কাছে দেশকে বিক্রি করে দেওয়ার একটা প্রচ্ছন্ন ইঙ্গিত আছে। সেই সময় বিকল্প অর্থনৈতিক বক্তব্য পশ্চিমবাংলার অর্থমন্ত্রী রাখছেন এটা একটা দৃষ্টান্ত হবে এবং আগামী দিনে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির বিরুদ্ধে প্রতিবাদ এবং সংগ্রামের একটা দলিল হিসাবে পরিগণিত হবে। ওঁরা বলছেন যে পশ্চিমবঙ্গ সরকার অর্থনৈতিক দেউলিয়া হয়ে গেছে। অর্থনীতির একটা সাধারণ ছাত্র এই কথা বলতে পারি যে একটা রাজ্যের অর্থনীতি কি হবে না হবে সেটা রাজ্যের উপর নির্ভর করে না, রাজ্যের অর্থনীতি বিকল্প একটা দলিল হতে পারে। অর্থনীতির মূল কাঠামো কেন্দ্রীয় সরকারের হাতে। আমাদের দেশকে যদিও বলা হচ্ছে ইউনিটারী গভর্নমেন্ট, যুক্ত রাষ্ট্রীয়

কাঠামো কিন্তু ৪০-৪২ বছর ধরে ধীরে ধীরে সেটাকে ভেঙ্গে শেষ করে নিয়ে আসা হয়েছে। এখানে অর্থনৈতিক কাঠামো অর্থনৈতিক দিক থেকে দেউলিয়া করা হয়েছে। তার জন্য দায়ী কেন্দ্রে যাঁরা দীর্ঘদিন বসে আছে। এখানকার বিরোধী দলের নেতা খবর কাগজে বিবৃতি দিলেন যে ভি.পি.সিং-এর সরকারের সময় অর্থনৈতিক অবস্থা খারাপ হয়ে গিয়েছে, তার জের এখন চলছে। ভি.পি.সিং-এর সরকার কতদিন ছিল? ৪০ বছর ধরে কেন্দ্রে কংগ্রেস সরকার ছিল। এতোগুলো পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়ে গিয়েছে, কেন তাহলে আমাদের দেশের অর্থনীতির এই হাল হল? এটা যদি টাকার অঙ্কে বিচার করা যায় তাহলে আমরা ভুল করব। টাকা দাম এমন জায়গায় গিয়েছে যে ১০ বছর আগের ১০০ টাকা এখন ১০০০ টাকায় এসে দাঁড়িয়েছে। কেন্দ্রীয় বাজেটে বার বার এটা বলার চেষ্টা হয়েছে। এখানকার বাজেট বক্তব্যে রাখা হয়েছে যে টাকা অবমূল্যায়ন কার্যত ৩১ শতাংশ হয়েছে। আমাদের দেশের ট্রেড ব্যালেন্স আজকে যে জায়গায় এসে দাঁড়িয়েছে আগে তো এটা ছিল না। ৭০-এর দশকে ট্রেড ব্যালেন্স ছিল ৭০০ কোটি টাকা, ১৯৮১ সালে সেটা দাঁড়ায় এসে ৫০০০ কোটি টাকাতে। আজকে আমাদের সেই ট্রেড ব্যালেন্স অন্য জায়গায় দাঁড়িয়েছে, লোনের অবস্থায়। ১৯৮১ সালে আমাদের লোন ছিল ৫ হাজার কোটি টাকা। রাজীব গান্ধী যখন গেলেন তখন তিনি ১ লক্ষ কোটি টাকার উপরে বৈদেশিক ঋণ রেখে গেলেন। তার সুদ কোথা থেকে দেওয়া হবে? ল্যাটিন আমেরিকার দেশগুলোকে দেখছেন না, বৈদেশিক ঋণের জন্য আজ কোথায় গিয়ে দাঁড়িয়েছে? এই মনমোহন সিং, উনি তো আশির দশকে লিখেছিলেন যে, আই.এম.এফ.'এর লোন নিলে দেশের স্বনির্ভরতা নষ্ট করে। আজকে দেউলিয়া অর্থনীতিতে উনি বলছেন লোন নেওয়া ছাড়া উপায় নেই। মনমোহন সিং এসেই বললেন যে, কংগ্রেসের প্রতিশ্রুতি ছিল একশ দিনের মধ্যে দাম কমানো। এটা ইলেকশন ভাঁওতা ছিল। আমার হাতে আলাদীনের আশ্চর্য প্রদীপ নেই যে দাম কমিয়ে দেব। এই কথা বললেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী মনমোহন সিং যে, আশির দশক থেকে যে অর্থনৈতিক ব্যবস্থা নেওয়া হয়েছে তারই পরিণতিতে আজকে কেন্দ্রীয় কোষাগার শূন্য। আশির দশকে কারা ক্ষমতায় ছিলেন? ক্ষমতায় ছিলেন ইন্দিরা গান্ধী এবং রাজীব গান্ধী। দায়িত্ব ছেড়ে দিতে পারেন না এঁরা? আজকে রাজ্যগুলোর উপরে বারবার করে আঘাত আসছে। স্বাধীনতার সময়ে যুক্তরাষ্ট্রীয় কাঠামো নিয়ে বহু আলোচনা হয়েছে। পরবর্তীকালে বারবার করে আলোচনা করে কঙ্কারেন্ট লিস্টে নিয়ে আসা হয়েছে। আজকে রাজ্যগুলোর স্বাধীনভাবে বাজেট করার কোনও ক্ষমতাই নেই, সমস্ত জায়গাতেই বেধে দেওয়া হয়েছে। রাজ্যের টাকা সংস্থানের জায়গা কোথায়? টাকা সংস্থানের জায়গা হচ্ছে কেন্দ্রের পরিকল্পনা খাত আর রাজ্যের অভ্যন্তরীণ টাকা। আমরা সেলস ট্যাক্স বাড়াই নি। কারণ মানুষ আর কত পরোক্ষ ট্যাক্স দেবে? কেন্দ্র রেলের ভাড়া বাড়িয়ে, মাসুল বাড়িয়ে, একসাইজ ডিউটি বাড়িয়ে মানুষের উপরে লক্ষ লক্ষ টাকা পরোক্ষ ট্যাক্স হিসাবে বসিয়েছেন, এই অবস্থায় আমাদের তো আর ট্যাক্স বসাবার কোনও জায়গা নেই। আজকে আমাদের যেতে হয়েছে স্বল্প সঞ্চয়ের দিকে, এর উপরে জোর দিতে হয়েছে। স্বল্প সঞ্চয়ের উপরে জোর দেওয়াটা সহ্য হল না। আমরা ইনকাম ট্যাক্সের উপরে ১০ কোটি টাকা বেশি পাব, না কম পাব তা নির্ভর করে

আদায়ের উপরে। মাননীয় সদস্য জটু লাহিড়ী বলছিলেন যে, আমরা নাকি ইনকাম ট্যাক্সে বেশি টাকা পেয়েছি। উন্নয়নটা আমরা কি করে করব? উন্নয়নের জায়গা কোথায়? বিশেষ কেন্দ্রীয় সাহায্য পাওয়ার অধিকার নাকি আমাদের নেই, এটা লেখা ভুল হয়েছে এই কথা বলা হয়েছে। টাকা পাওয়ার ক্ষেত্রে আমাদের বারবার করে বঞ্চনা করা হয়েছে এটা আপনারা জানেন না? দিনের পর দিন আমাদের কি ভাবে বঞ্চনা করা হয়েছে তা জানেন না? আমরা তো নিজের কোমরে দাঁড়িয়ে কাজ করতে চাই। আজকে আমাদের এই অবস্থাতে, কেন্দ্রের এই বাজেটের সামনে দাঁড়িয়ে, একটা প্রতিকুল পরিস্থিতির উপরে দাঁড়িয়ে রাজ্যের অর্থমন্ত্রীকে এই বাজেট রাখতে হয়েছে।

[1-40 — 1-48 P.M.]

আমরা যে বিকল্প প্রস্তাব দিয়েছি সেই প্রস্তাব আমাদের রাজ্যের ক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রী প্রাসঙ্গিকভাবেই সেটা রেখেছেন। আমাদের টাকা নেই, অথচ বলা হচ্ছে কালো টাকা ভর্তি রয়েছে। আপনাদের সময়েই তো আপনারা ওয়াংচু কমিশন বসিয়েছিলেন। মাননীয় সৌগতবাবুর মনে আছে কিনা জানিনা সেই সময়ে কংগ্রেস একটাই দল ছিল, কোনও ভাগ হয় নি এবং বিজু পট্টনায়ক তখন ছিলেন। কালো টাকা বন্ধ করার জন্য অনেকগুলো প্রস্তাব নেওয়া হয়েছিল কিন্তু সব প্রস্তাবই পরবর্তী সময়ে কোল্ড স্টোরেজ বস্তা পচা হয়ে গেছে। মাঝেমাঝে আপনারা কালো টাকা উদ্ধার করার জন্য অনেক রকম স্কীম করেন কিন্তু আবার সেই স্কীম বন্ধ হয়ে যায়। সঠিকভাবে যদি কালো টাকা উদ্ধার করার জন্য পদক্ষেপ নেওয়া হত তাহলে আজকে এত টাকার অভাব থাকত না। কালো টাকা উদ্ধার করতে গেলে যে বড় বড় গাছগুলো পড়ে যাবে তাহলে চলবে কি করে? তাহলে তো ইলেকশনে জেতা যাবে না। সুতরাং কালো টাকা উদ্ধার করে দরকার নেই। আজকে যদি কালোটাকা উদ্ধার করা যেত তাহলে দেশে এত অভাব থাকত না। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বারেবারে বিদেশে গিয়ে অনাবাসী ভারতীয়দের কাছ থেকে টাকা লগ্নি করার চেষ্টা করছেন। এইবার অনাবাসী ভারতীয়রা ৫ হাজার কোটি টাকা দেবার কথা বলেছেন। সুতরাং এই ১০ হাজার টাকার মধ্যে ৫ হাজার টাকা অনাবাসী ভারতীয়রা কেন্দ্রীয় সরকারকে দেবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন। কেন্দ্রীয় সরকার যদি এই প্রস্তাব আগে অনাবাসী ভারতীয়দের কাছে করতেন তাহলে আমাদের আই এম এফের অর্থাৎ বিদেশি ঋণের বোঝা এত আমাদের ঘাড়ে পড়ত না। অনাবাসী ভারতীয়দের কাছ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী ৫ হাজার টাকা আনতে পেরেছেন এবং এই টাকাটা কেন্দ্রীয় সরকারকে তারা দিয়েছে আপনাদের দিকে তাকিয়ে নয়, স্বয়ং মুখ্যমন্ত্রীর কথাতে দিয়েছেন। আজকে আই এম এফের ঋণের শর্তগুলো একটা মারাত্মক শর্ত। এতে স্বনির্ভরতা এবং কর্মসংস্থান বন্ধ হয়ে যাবে। আজকে হাওড়ার বার্ণ স্টান্ডার্ড কোম্পানি, যার উপরে ১৫ হাজার পরিবার নির্ভর করছে, সেই বার্ণ স্টান্ডার্ড কোম্পানি বন্ধ হয়ে যাচ্ছে। এই কোম্পানিতে কোনও রকম লোকসান হয় নি, কিন্তু তবুও বার্ণ কোম্পানিতে বন্ধের নোটিশ দিয়েছে। হাওড়ার বার্ণ কোম্পানি বন্ধ হলে এলাকার যেসব এনসিলারি কারখানা আছে সেগুলি কি

আর চলবে? সেগুলোও বন্ধ হবে। এইভাবে ৫৮টি কারখানা বন্ধ করবেন। তারপরে হাওড়ার ৮টি প্রাইভেট ওনারশিপ কারখানা যেগুলো সেন্ট্রাল আন্ডারটেকিং হয়ে গেছিল সেই কারখানাগুলো বন্ধ হতে চলেছে। প্রাইভেট ওনারশিপ ছিল এই কারখানাগুলো পরে সেগুলো না চলার জন্যে সেন্টার আন্ডারটেকিং হয়ে গেছিল। কিন্তু এখন তাতেও চলছে না, বন্ধ হবার মুখে। তারপরে রেলওয়েতে সবচেয়ে লাভজনক প্রতিষ্ঠান যে ক্যাটারিং সিস্টেম ছিল সেই ক্যাটারিং সিস্টেমকে আপনারা রেলের হাত থেকে তুলে দিয়ে বেসরকারি মালিকানার হাতে দিয়ে দিচ্ছেন। কারণ আপনারা বেসরকারি মালিকানাতে হচ্ছে একটা লাভজনক প্রতিষ্ঠান। এবং আপনারা হোটেল বিজনেস খুব ভাল চালাতে পারেন। সুতরাং এই রেল হোটেলটিকে হোটেল বিজনেসে তুলে দিচ্ছেন। তারপরে আপনারা হাওড়া গুডসের কাছে যে সরকারি যাত্রী নিবাস আছে সেটাও আপনারা চিন্তা ভাবনা করছেন বেসরকারি মালিকানার হাতে তুলে দিতে। যেখানে ৫ লক্ষ টাকা নীট লাভ হত সেই হাওড়া গুডস আজকে তুলে দিয়ে সেখানে যাত্রী নিবাস করা হল, যাতে যাত্রীরা সকাল বেলায় এখান থেকে গাড়ি ধরতে পারে তার জন্য। আজকে সেই যাত্রী নিবাসটা উইদাউট টেন্ডারে ওরা বিক্রি করে দিতে চায় একজন প্রাইভেট মালিককে। যাত্রী নিবাসের ওই জায়গায় আগে হাওড়ার গুডস শেড ছিল, সেখানে চাল আসত, গম আসত, ডাল আসত বিভিন্ন জিনিস আসত, কিন্তু আজকে সেই হাওড়ায় রেক রাখার জায়গা নেই। সমস্ত লাভজনক জায়গাগুলি আজকে বেসরকারি প্রতিষ্ঠানের হাতে চলে যাচ্ছে, কিন্তু যেখানে লাভ নেই বা মধু নেই সেখানে তারা আসবে না। মধুর জায়গাগুলি নিয়ে বাকি জায়গাগুলি আমি ফেলে দেব, এই ধরনের বিভিন্ন নীতির কথা আজকে ওরা বলছেন। শুধু তাই নয়, এমন কি বলছেন হাওড়া কর্পোরেশন যে জল দেয় সেখানেও কর বসানোর ব্যাপারে আই.এম.এফ-র সিদ্ধান্ত হবে, এতে আমাদের দেশের স্বাধীনতা বিপন্ন হবে। এমন কি কিউবায় সেখানে চাল পাঠাবে কি পাঠাবে না সে ব্যাপারেও তারা প্রতিশ্রুতি দিয়েও চাল পাঠাতে পারছে না, এতে কি আমাদের দেশের সার্বভৌমত্বের ওপর আঘাত পড়ছে না,—তাহলে আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন কেন? আপনারা মারুতি উদ্যোগকে বিক্রি করে দিলেন—সব বেচে দিয়ে টাকা পকেটে ঢোকাও, যেখানে লাভ নেই সেটা তুলে দাও। আজকে পশ্চিমবাংলা একটা মরুভূমির মধ্যে মরুদ্যানের মতো দাঁড়িয়ে আছে, এখানে এই মরুদ্যান সৃষ্টি করার জন্য অসীমবাবু যে বাজেট প্রস্তাব এনেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was adjourned at 1-48 P.M. till 11.00 A.M. on Monday, the 23rd March, 1991 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 23rd March,1992 at 11.00 A.M.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 15 Ministers, 7 Ministers of State and 156 Members.

[11-00 — 11-10 A.M.]

Held Over Starred Questions

(to which oral answers were given)

Dr. Ambarish Mukhopadhyay : Sir, I have got some injuries in my eyes.

Mr. Speaker : Mr. Mukherjee, the answer is a very lengthy one. So, I will request you to lay the answer on the Table of the House. You answer the Supplementary Questions.

Dr. Ambarish Mukhopadhyay : O. K., Sir.

Air Pollution in Culcutta

***1.** (Admitted Question No. *187) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Environment Department be pleased to state —

(a) Whether the State Government has any information about the proportion(s) of Sulphur Dioxide, Nitrogen Dioxide and Carbon Monoxide present in the atmosphere over the city of Calcutta and the effect of such pollution on the health of the people;

(b) If so,

(i) The brief outlines there of ;

(ii) The position in Calcutta compared to that in other cities of India; and

(iii) The steps taken/proposed to be taken in the matter ?

Dr. Ambarish Mukhopadhyay :

(a) Yes. The concentration of SO_2 and NO_2 in Calcutta have been more or less quantified. As regards CO, it is stated that the level of Carbon Monoxide is so low that it cannot be detected by ordinary method. If the level of Carbon Monoxide is very high, it may reduce ability of hoemoglobin in the blood to carry oxygen to body tissues. The possible long-term health effect of excessive Carbon Monoxide will be to adversely affect central nervous system. It may also cause pulmonary functional changes. In case of existence of high level of Sulphur Dioxide, there may be increased breathlessness and reduced lung function. If the Nitrogen Dioxide level is very high, it may up set respiratory function resulting in soreness/coughing.

(b) (i) & (ii) N E E R I is conducting survey regularly in three stations of Calcutta namely; Cossipore, Lalbazar and Bhawanipore, the result (arithmetic mean) of 1990 is as follows :—

Area	Suspended Particulate Matter mg/M³		Sulphur Dioxide in mg/M³		Nitrogen Dioxide in mg/M³	
	Record. Level	Accept. Level	Record. Level	Accept. Level	Record. Level	Accept. Level
Cossipore	453	500	47	120	39	120
Lalbazar	385	500	39	80	52	80
Bhawanipore	268	200	39	89	30	80

Level of Air Pollution in other cities.

Area	Suspended Particulate Matter mg/M³		Sulphur Dioxide in mg/M³		Nitrogen Dioxide in mg/M³	
	Record. Level	Accept. Level	Record. Level	Accept. Level	Record. Level	Accept. Level
Delhi	199 to 610		3.1 to 46.7		17.6 to 78.2	
Madras	180 to 422		22.5 to 94.1		22.0 to 69.3	
Pune	182 to 237		8.8 to 11.6		39.6 to 41.6	

It appears that the level of SO_2 and NO_2 are normally within permissible limit.

(iii) (a) Rules & Regulations have been framed for Controlling emission from vericles and industries.

(b) No new industrial units are allowed to be set up in residential and sensitive areas.

(c) West Bengal Pollution Control Board, Transport Department, Police Department and Municipal Authorities are working for combating the pollution.

(d) To check the vehicular pollution, rules have been framed. Motor Vehicle Inspectors and Officers not below the rank of Sub-Inspector of Calcutta Police have been authorised to check the emission from automobiles and take penal actions.

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরে বলেছেন এবং জানানো হয়েছে যে কলকাতা শহর ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি পলিউশন। সালফার ডাই অক্সাইড, কার্বন মনোক্সাইড, নাইট্রোজেন, সালফার, বিভিন্ন গাড়ি এবং ফ্যাক্টরী আছে, এর থেকে যে, নির্গত ধোঁয়া এইগুলি বাতাসে থাকবার ফলে — আমরা সেই বাতাস থেকে নিঃশ্বাস নিচ্ছি এবং লোকেরা নানা রকম ভাবে অসুস্থ হয়ে পড়ছে। এখনও পর্যন্ত মাননীয় মন্ত্রী যে স্টেপসগুলি নেবার কথা বলেছেন এইগুলি যথেষ্ট নয়। এইগুলি মনিটারিং করবার জন্য — গাড়ি এবং অন্যান্য যে কারখানাগুলি আছে তার থেকে নির্গত ধোঁয়া বন্ধ করবার জন্য এখনও পর্যন্ত ব্যবস্থা যথেষ্ট অপ্রতুল। গাড়ি চেক করবার ব্যবস্থাও যথেষ্ট নয়। স্মোক টেস্টিং করবার

ব্যবস্থাও যথেষ্ট নয়। মাননীয় মন্ত্রী মহাশয় তার উত্তরে যা বলেছেন, এর বাইরে কি কি ব্যবস্থা নিয়েছেন মানুষের স্বাস্থ্য রক্ষার জন্য?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ প্রশ্ন আপনার ছিল, আমাদের এখানে দূষণ এবং তার নির্ণয় করবার ব্যবস্থাদি সম্পর্কে। আমরা এটা বরাবরই বলবার চেষ্টা করেছি, যে, এটা একটা হ্যাং ওভার। বহুদিন ধরে অপরিকল্পিত শহর, মহানগরী গড়ে উঠেছে। কলকারখানা, গাড়ি এর দূষণ সম্পর্কে চিন্তা করা হয় নি। আইডিয়া ইজ অলমোস্ট টু ডিকেডস আইডিয়া। রাস্তাঘাটের তুলনায় যানবাহনের সংখ্যা অনেক বেশি। এখানে ফ্লিটের অসুবিধা আছে। এমিশন কন্ট্রোলের ব্যবস্থা আমরা কিছু করেছি মোটর ভেহিকেলসের সঙ্গে। এই সম্পর্কে কিছু কিছু ফলও আমরা পেয়েছি। লেড, কার্বন ডাই অক্সাইড এইগুলি অস্টিমেট করা খুবই ডিফিকাল্ট। লেড কমিয়ে দিলে গাড়ি চলবে না। এয়ার ল্যাবরেটরিতে কেউ রাজি হয় নি। অফ লেট ইউনিভার্সিটির সঙ্গে কথা বলা হয়েছে। আমরা এই ব্যাপারে এমিশন কন্ট্রোলের দিকে যাচ্ছি। গাড়ির ধোঁয়া প্রতিরোধ করবার জন্য। গাড়ি ধোঁয়া প্রতিরোধ করবার জন্য এমিশন টেস্ট করা হয়েছে। অনেকগুলি সেন্টারও করা হয়েছে। তা ছাড়া অবলিগেটারী করা হয়েছে যে, এমিশন টেস্ট না করা হলে পারমিট দেওয়া হবে না। ছোট ছোট কলকারখানার ব্যাপারে আমরা কনস্ট্যান্টলি ওয়াচ করছি। আমরা মনিটারিংও করেছি। খুবই নির্মল হত যদি বাতাসে এইগুলি না থাকত। যদি লিক্যুইড গ্যাসে গাড়ি চলত, গ্যাস ওভেন হত, যদি সেন্টার হিলিং স্টেশন হত তাহলে তো খুবই ভাল হত। জনসংখ্যা বাড়ছে, চাপ বাড়ছে। সাউন্ড পলিউশনের ব্যাপারেও আমরা কাজ শুরু করেছি কিন্তু হ্যাজার্ড আছে। কতকগুলি জোন আমরা ভাগ করেছি — যেমন, নো হর্ণ জোন, সাইলেন্স জোন, ইত্যাদি। আর উনুনের ধোঁয়ার ব্যাপারে যদি গ্যাস সাপ্লাই ভাল হত তাহলে খুবই ভাল হত। উনুনের ধোঁয়া নিকৃষ্ট মানের কয়লার জন্যই হয়। এই ক্ষেত্রে আমরা মনে করছি যে, সবুজায়ন দরকার। কার্বন ডাই অক্সাইডের ব্যাপারে আমরা পরিকল্পনা নিয়েছি, আমরা গাছ লাগানো শুরু করেছি। আমরা এফেক্টও পেয়েছি। এরপর আছে, মিউনসিপ্যাল ওয়েস্ট, ডোমেস্টিক ওয়েস্ট — এগুলির সম্বন্ধেও আমরা আলোচনা করছি। আমরা দেখেছি এরপর আসছে স্মোক — আমরা তাও চিন্তা করছি স্মোকলেস ওভেন ইত্যাদি যদি করা যায়।

[11-10 — 11-20 A.M.]

লাস্ট হল অ্যাশ যেটা। অ্যাশ যেটা আছে এখন কিছু করা যাবে না। ডোমেস্টিক ইত্যাদি সম্পর্কে চিন্তা ভাবনা করছি। এইভাবে থ্যারসড এরিয়া থাকবে, ডোমেস্টিক পলিউশন থাকবে, আর কলকাতা দূষণ মুক্ত হবে সেটা তো হয় না। সাধ আছে, কিন্তু সাধ থাকলেই হয় না, অর্থের প্রয়োজন। সাধ থাকলেই হয় না, সাধ্য নেই। কাগজে দেখেছেন টাকা পয়সার খুব অভাব। দিল্লি বেল্ট আরও টাইট হবে টু দ্যাট এক্সটেন্ট, আমরা বঞ্চিত হব।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী অকপটে স্বীকার করেছেন তার জন্য ধন্যবাদ। তিনি বললেন, কলকাতাকে দূষণ মুক্ত করার সাধ আছে, সাধ্য নেই, অর্থ নেই। কিন্তু যেটা বললেন, উনি কিছু ব্যবস্থা নিয়েছেন। কিন্তু যেটা বললেন না, সেটা হচ্ছে এয়ার পলিউশনে ক্ষতিগ্রস্থ হচ্ছে গরিব মানুষ, যারা বস্তিতে কম ভেন্টিলেশনে থাকে তারাই বেশি ক্ষতিগ্রস্থ হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, এয়ার পলিউশনের জন্য যে রেসপিরেটরি ডিজিস হয় সে ব্যাপারে লোককে সচেতন করার জন্য, সারভে করার জন্য হেলথ ডিপার্টমেন্টের সঙ্গে এনভায়ারমেন্ট ডিপার্টমেন্ট জয়েন্ট অ্যাকশন নিয়েছেন কিনা?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমি দুঃখিত আমি যে কথা বলি নি, মাননীয় সদস্য সৌগত রায় সেই স্টেটমেন্ট আমার মুখ দিয়ে বেরিয়েছে বলে বলছেন। এটা আমাদের ভব্যতায় বাধে।

মিঃ স্পিকার ঃ উনি প্রাকটিশ করছেন, উনি মন্ত্রী হলে কি করবেন। এটা হিউমার হিসাবে নিন, বুঝছেন না।

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমাদের উত্তরে লিখে দিয়েছিলাম, পড়া হয় নি। আমরা পলিউশন কন্ট্রোল না করে নূতন ইউনিট করতে দেব না এটা বলেছি। আমাদের পলিউশন কন্ট্রোল বোর্ড মিউনিসিপ্যাল অথরিটির সঙ্গে বসে ভিহিকেল পলিউশনের ব্যাপারে চেষ্টা করছি। হেলথ ডিপার্টমেন্টের সঙ্গে অনেক মিটিং করেছি। ইন্ডাস্ট্রি যদি দূষণ মুক্ত না হয় তাহলে হবে না। আমরা এখানে সিমপোসিয়াম, সেমিনার করলাম। হেলথ ডিপার্টমেন্ট জোর দিচ্ছেন, প্রিভেনটিভ আসপেক্টের উপরে। কিন্তু বায়ু দূষণ মুক্ত কলকাতাকে যদি করতে হয় তাহলে অনেক কিছু টোটালি ট্যাকল করতে হবে। সেন্ট্রাল হেলিং স্টেশন করতে হবে, সেখানে ওয়েস্ট মেটিরিয়ালস পলিথিনের প্যাকে করে নিয়ে গিয়ে ফেলতে হবে। কলকাতা থেকে কল কারখানা সরিয়ে দিতে হবে। রাস্তাঘাট পরিষ্কার করতে হবে। গার্হস্থ জীবনের যে সব আবর্জনা আছে সেগুলো অন্য কোথাও ফেলার ব্যবস্থা করতে হবে। কিন্তু কলকাতাকে কলকাতাতেই থাকতে হবে, কলকাতা হিসাবেই থাকতে হবে। আমরা চেষ্টা করছি, কিন্তু ইট ইজ নট এনাফ। এরিয়া পলিউশনের কথা যদি বলেন বোম্বাই এবং দিল্লির স্ট্যাটিস্টিক্স ইজ নট এনক্যারেজিং। কলকাতা একটা ওল্ড সিটি। কিন্তু ওগুলো ওয়ারস্ট সিটিস। দিল্লির এয়ার পলিউশন ইজ টু হাই, অত্যন্ত বেশি। এটা একটা সাধারণভাবে সব জায়গার সমস্যা। হেলথ ডিপার্টমেন্টের সঙ্গে একসঙ্গে বসে চেষ্টা করছি। মিউনিসিপ্যালিটির সঙ্গে, হেলথের সঙ্গে বসে যতখানি করা যায় চেষ্টা করছি। আমরা বাগাড়ম্বর করি না, তা করে লাভ নেই।

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে সমস্ত কথা বলেন নি, উনি সেই সমস্ত কথা আপনি বলেছেন বলে বলাবার চেষ্টা করেছেন। এতে কি আপনি মনে করেন না, হাউসের পরিবেশ দূষণ হচ্ছে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ অনারেবল স্পিকার বলেছেন, উনি লাইটলি কথাটা বলেছেন, হিউমার হিসাবে বলেছেন। আমি হিউমার হিসাবেই নিয়েছি।

শ্রী সঞ্জীব দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, মহারাষ্ট্রে রাস্তায় যে বাসগুলি চলে সেই বাসগুলি থেকে কোনও ধোঁয়া নির্গত হয় না, সেখানে এটা করা যদি সরকারের পক্ষে সম্ভব হয়ে থাকে তাহলে এখানকার সরকারের পক্ষে সেটা করা সম্ভব নয় কেন?

মিঃ স্পিকার ঃ মহারাষ্ট্রে কি হয়, না হয়, সে ব্যাপারে আপনি কি উত্তর দেবেন, আপনি বসুন। এ প্রশ্ন হবে না।

শ্রী নির্মলকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এয়ার পলিউশন, ওয়াটার পলিউশন, সাউন্ড পলিউশন অ্যাক্ট যারা ব্রেক করে বা রাজ্য সরকারের এ সম্পর্কে যে বিধি নিষেধ আছে সেগুলি যারা ব্রেক করে তাদের বিরুদ্ধে কী ধরনের আইনগত ব্যবস্থা নিয়েছেন এবং এ ব্যাপারে প্রিকশনারি মেজার নেবার জন্য কী ধরণের ব্যবস্থা আছে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, যে আইন আছে বিশেষ করে এনভায়রনমেন্ট প্রটেকশন অ্যাক্টের হাত খুব লম্বা, বৃহৎ পরিসরে এটা তৈরি হয়েছে। এখন আইন যা করা আছে সত্যিকারের তা যদি করতে চান তাহলে রান্না ঘরে কটা উনুন জ্বলবে, কারখানা কতগুলি চলবে, কতগুলি ভেহিকেল চলবে সেটা চিন্তা করতে হবে। অনেকবার বললেও আবার বলছি, আমি মনে করি না যে ডেভেলপমেন্ট অ্যান্ড এনভায়রনমেন্টের মধ্যে একটা দেওয়াল খাড়া করা সম্ভব যেটা চাইছেন পশ্চিমী দুনিয়া। আমরা একমত নই, Group of 77 including China. তাই জন্য এটাকে আপনার স্টিক ইন ক্যারট করতে হবে। আমরা সেই পথে চলেছি। আমার মনে হয়, চেতনা যা হয়েছে এবং কাজ যা হচ্ছে তাতে আমরা এগুচ্ছি যদিও এর গতিটা আমার কাছে সন্তোষজনক বলে মনে হয় নি Speed is not satisfactory that way. এটাই হচ্ছে আমার বক্তব্য।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে এমিশন টেস্টের ব্যবস্থা আছে। এই ব্যবস্থা তিনি বলেছেন কিছু কিছু ক্ষেত্রে প্রয়োগ হচ্ছে যদিও এটা নিয়মিত নয়। আমার প্রশ্ন, সরকারি যে বাসগুলি প্রতিদিন কলকাতা শহরকে ধোঁয়াতে কালো করে দিচ্ছে তার উপর প্রকৃতপক্ষে আপনার কোনও নিয়ন্ত্রণ আছে কিনা এবং সেগুলি এমিশন টেস্ট করে বের করা হয় কিনা?

শ্রী অম্বরীশ মুখোপাধ্যায় ঃ এ সম্পর্কে এখনই আমার কাছে বিস্তৃত তথ্য নেই। তবে

আমি এবং মিঃ শ্যামল চক্রবর্তী অফিসারদের সঙ্গে বসে ঠিক করেছিলাম যে যদি দেখা যায় প্যারামিটার যা আছে তার চেয়ে বেশি যদি এমিশন হয় তাহলে বেটার হচ্ছে যে সেই ভেহিকেলটাকে প্লেস করব না। সেটা অনেক অংশে পালন করা হচ্ছে। কোনও কোনও জায়গায় হয়ত হয় না তবে আমরা আরও শক্ত ভাবে সেটা ধরার চেষ্টা করছি। ওদের কাছে জিজ্ঞাসা করলেই বুঝতে পারবেন যে এটা পাল্টানোর কথা ওরা ভাবছেন এবং অংশত হলেও তার ব্যবস্থা নিয়েছেন। আমরা বসে ঠিক করেছি যে এমিশন বেশি হলে, Better do not put that vehicle. আর দ্বিতীয়ত হচ্ছে, রিপ্লেসমেন্টের একটা প্রোপোজাল ওদের আছে।

শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ মফস্বল এলাকাতে যে সমস্ত হাসপাতাল বিশেষ করে রাস্তার ধারে পড়ে সেখানে রাস্তা দিয়ে গাড়ি যাবার সময় এমন ভাবে হর্ণ দেয় যে যাতে শব্দ দূষণ ঘটে। এটা ক্ষতিকারক ব্যাপার। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এ ব্যাপারে আইনগত কি ব্যবস্থা আছে এবং সেগুলি ব্যবহার করা হচ্ছে কিনা?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আপনার সঙ্গে আমিও এ ব্যাপারে সমব্যাথী। এয়ার হর্ণ বাজানোর একটা প্রবণতা হয়েছিল। ওদের বক্তব্য হচ্ছে, ট্রাফিক জ্যামের জন্য গাড়ি চালানো যায় না, সেইজন্য এটা বাজাতে হয়। আমরা এয়ার হর্ণটা প্রহিবিটেড করেছি। এর আগে অসুবিধা যেটা ছিল সেটা হচ্ছে, ডেসিবেলে হিসাব করা হয় শব্দটা। এই ডেসিবেলটা ঠিক করতে এত বছর লেগেছে। এটা আমার ব্যাপার নয়, দিল্লির ব্যাপার — সেন্ট্রাল পলিউশন কন্ট্রোল বোর্ডের কত ডেসিবেল হবে তার ন্যূনতম একটা করা হয়েছে এবং তারপর আমরা শুরু করেছি। দেখবেন, লেখা আছে নো হর্ণ। আগে যখন ছাত্র ছিলাম মেডিক্যাল কলেজে তখন দেখতাম স্কুল কলেজের কাছে নো হর্ণ থাকত।

[11-20 — 11-30 A.M.]

মানত। মাঝখানে অনেক দিন মানে নি। আবার আমরা ইন্ট্রোডিউস করবার চেষ্টা করছি। আমরা এই আইডিয়াটাকে ইনকালকেট করবার চেষ্টা করছি। আমরা কতকগুলো জায়গা বেছে নিয়েছি, তার মধ্যে হসপিটাল আছে। তবে দূরপাল্লার যে লরিগুলো অন্য রাজ্য থেকে ন্যাশনাল পারমিট নিয়ে আসে, তারা এয়ার হর্ণ ইয়ুজ করে, এইগুলোকে রেস্ট্রিক্ট করবার চেষ্টা করছি। কিন্তু দুঃখের বিষয় এখনও হসপিটালের কাছে এইগুলো বাজে। এই সম্পর্কে ড্রাইভারদের ট্রেনিং দেওয়া দরকার।

শ্রী প্রভাত আচার্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন, আপনি তো যে দূষণ আছে, তা প্রতিরোধ করবার জন্য কিছু ব্যবস্থা নিচ্ছেন, সেই সম্পর্কে বলছেন। কিন্তু যারা দূষণ আমদানি করতে চাইছে, তাদের সম্বন্ধে কী করছেন? আমরা শুনেছি আই. এম. এফ. এর চীফ

ইকনমিস্ট স্যামুয়েল লরেন্স, তিনি যে কথা বলেছেন, উই আর সেন্ডিং আওয়ার ডার্টি ইন্ডাস্ট্রিজ টু দি থার্ড ওয়ার্ল্ড। থার্ড ওয়ার্ল্ড সম্পর্কে ভারতবর্ষ থেকেও সেই একই অভিমত জানানো হয়েছে। ভূপালে যে ধরনের ঘটনা ঘটেছে, সেই ধরনের ঘটনা যাতে এখানে না ঘটে, যারা করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার কথা ভাবছেন কি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ এটা মূলত দিল্লি সরকারের করার কথা। আমরা এমন ইন্ডাস্ট্রিজ সেট-আপ করতে দেব না যাতে এই ধরনের পলিউশন ঘটতে পারে। আজকে পশ্চিমী দুনিয়ার কয়েকটি সংবাদপত্রে বেরিয়েছে ফাইভ হান্ড্রেড মিলিয়ন ইন্ডাস্ট্রিয়াল হিউজ অ্যান্ড ওয়েস্ট এইগুলোকে ডাম্প করার কথা ভাবছে — কোথায় ফেলবে। তেমনি এই প্রশ্নটা আমাদের এখানেও উঠছে যে, এই ধরনের ইন্ডস্ট্রিয়াল হিউজ এবং ওয়েস্ট কোথায় ফেলা হবে। সুতরাং এটা একটা সামগ্রিক সমস্যা।

Air Pollution in Culcutta

*7. (Admitted Question No. *206) **Dr. Tarun Adhikari and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Environment Department be pleased to state —

(a) Whether the State Government has any information about the level of air pollution in Calcutta;

(b) If so,

(i) What is the present level of Air Pollution in the City compared to the Specified Safe Limit(s);

(ii) To extent Suspended Particulate Matters (SPM) comprising non-gaseous substances, dust particles and fibrous matters are present in the air in Calcutta; and

(iii) The steps taken/proposed to be taken in the matter ?

Dr. Ambarish Mukhopadhyay :

(a) Yes. N E E R I is conducting survey regularly in three stations of Calcutta namely; Cossipore (Industrial Zone), Lalbazar (Commercial Zone) and Bhowanipore (Residential Zone).

(b) (i) The result (arithemetic mean) of 1990 is as follows :—

Area	Suspended Particulate Matter mg/M³		Sulphur Dioxide in mg/M³		Nitrogen Dioxide in mg/M³	
	Record. Level	Accept. Level	Record. Level	Accept. Level	Record. Level	Accept. Level
Industrial	453	500	47	120	39	120
Commercial	385	500	39	80	52	80
Residential	268	200	39	89	30	80

(ii) & (iii) No systematic study for level of dust fall and fibrous material in atmosphere has yet been made. However, we have engaged All India Institute of Hygiene & Public Health, Calcutta to measure the level of air pollution in Calcutta CMD area and to give their recommendations and suggestions for remedial action.

শ্রী সিদ্ধার্থশংকর রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটা কথা বলতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী নেই, হোম ডিপার্টমেন্টের অনেক প্রশ্ন এখানে থাকে। সুতরাং একজন মিনিস্টার অব স্টেট অ্যাপয়েন্ট করে দিলেই তো হয়। এত ভাল ভাল ছেলে আছে, একজনকে মিনিস্টার অব স্টেট বা ডেপুটি মিনিস্টার উনি করে দিন। কারণ মুখ্যমন্ত্রীর পক্ষে রোজ অ্যাসেম্বলিতে আসা সম্ভব নয়। সুতরাং এই রকম একটা ব্যবস্থা নিন।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তব্য থেকে এটা বুঝলাম যে, কলকাতায় যে পরিমাণ ক্যালকুলেশন করেছেন তাতে অধিকাংশ জায়গায় রেকর্ডেড লেভেল অ্যাকচ্যুয়াল লেভেলের মধ্যেই আছে। অর্থাৎ উনি এটাকে স্যাটিসফ্যাক্টরি মনে করছেন। এখন আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, রেগুলার এয়ার পলিউশন মনিটারিং করার জন্য কী সিস্টেম উনি চালু করেছেন? কী বেসিসে, কত দিন বাদে বাদে কোন্ কোন্ এলাকায় এয়ার পলিউশন-এর ক্যালকুলেশন করা হয়?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমি আগেই বলেছি যে, রেসিডেনসিয়াল এরিয়ায় পলিউশন একটু হাই। সুতরাং এ বছর এটাকে কেন্দ্রবিন্দু করে মিউনিসিপ্যাল অ্যান্ড হাউস হোল্ড ওয়েস্টকে আমরা রেগুলার ক্যালকুলেশন করার জন্য পিলার টু পোস্ট ঘুরে বেড়িয়েছি। এয়ার পলিউশনকে মেজার করার জন্য আমি বলতে বাধ্য হচ্ছি। অনেস্টলি স্পিকিং নো বডি কাম ফরোয়ার্ড উইথ কনক্রিট প্রোপজাল। এখানে, ওখানে বিচ্ছিন্ন ভাবে কিছু কিছু নো হাউ

আছে, কিন্তু এখনও পর্যন্ত তাদের নিয়ে টার্ন কি প্রোজেক্টে কাজ করার মতো সময় আসে নি। তবে যে অর্গানাইজেশনগুলি আছে সেগুলিকে নিয়ে এবং মেশিনপত্র নিয়ে অন দি স্পট যদি পরীক্ষা নিরীক্ষা করতে পারি এবং ব্যবস্থা গ্রহণ করতে পারি তাহলেও অনেকটা কাজ হবে। সে উদ্দেশ্য নিয়ে আমরা একটা মুভিং ল্যাবরেটরি করব। এ বিষয়ে আমরা যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা বিশ্ববিদ্যালয়, হাইজিন ইনস্টিটিউট ইত্যাদিকে নিয়ে কাজ করার চেষ্টা করছি। আমাদের এখনও দুটো জিনিস আনকভার্ড থেকে গেছে। আনকভার্ড ডাস্ট-এর ব্যাপারটা ভেরি ডিফিকাল্ট। যেমন কার্বন মনক্সাইড-এর ক্ষেত্রে ডাস্ট এলিমেন্ট ডিফারেন্ট করা খুব ডিফিকাল্ট। এর জন্য যেমন অনেক যন্ত্র আছে তেমন অনেক যন্ত্রণা আছে। এ বিষয়ে দুটো ইউনিভার্সিটির সঙ্গে কথাবার্তা বলছি যদি স্যাম্পেল চেকিং-এর ব্যবস্থা করা যায়। একটা কথা বলা ভাল যে, যদিও আমরা কিছুটা দূষণ কমিয়েছি, কিন্তু আত্মসন্তুষ্টির কোনও অবকাশ নেই। কনস্ট্যান্ট মনিটরিং করবার সাধনা থাকলেও অনেক কিছুই করা সম্ভব হবে না। কারণ গভর্নমেন্ট অফ ইন্ডিয়া ইজ নট কামিং ফরোয়ার্ড। আমি এই প্রসঙ্গে ডাঃ আবেদিনকে বলব যে, এই বিষয়টা নিয়ে বিতর্ক করে কোনও লাভ নেই। একটু আগে মাননীয় সদস্য জিজ্ঞাসা করলেন বিভিন্ন প্রোজেক্ট সম্বন্ধে যে, যে সব প্রোজেক্ট থেকে পরিবেশ দূষিত হতে পারে সে সব প্রোজেক্ট কি ভারতবর্ষে আসছে? এ বিষয়ে টেলিভিশনে আমি একটা স্টেটমেন্ট করেছিলাম, সেটাই আবার এখানে উল্লেখ করছি যে, ভূপালের ঘটনা ভূপালেই ঘটে, বন, টোকিও, ওয়াশিংটনে ঘটে না।

[11-30 — 11-40 A.M.]

ভূপাল ভূপালই হয়, বন, টোকিও ওয়াশিংটন হয় না। আমরা তো এই যন্ত্রণা নিয়েই কাজ করছি, অবস্থা তো দেখছেন, কি করে নিবারণ করা যাবে?

শ্রী সৌগত রায় ঃ আমি মাননীয় মন্ত্রীর জবাব লম্বা করতে চাই না। মন্ত্রী মহাশয়ের জবাব যদি ঠিক বুঝে থাকি তাহলে উনি দুটি স্বীকারোক্তি করেছেন। প্রথমত, রেগুলার এয়ার পলিউশন মনিটরিং করার জন্য কোনও প্রতিষ্ঠান এগিয়ে আসছে না, বা তাঁদের মেকানিজম নেই, মাঝে মাঝে ইউনিভার্সিটি করে এবং দ্বিতীয়ত, সাসপেন্ডেড পার্টিকুলেট ম্যাটারস বা সলিড ম্যাটার যেগুলি বাতাসে আছে এগুলি মাপার কোনও ব্যবস্থা নেই। অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ হাইজিন অ্যান্ড পাবলকি হেলথ তারা করলেও করতে পারে। কি এফেক্ট হচ্ছে তাদের কাছ থেকে না পেলে তা বলা সম্ভব নয়। কেউ এগিয়ে আসছে না এটাই তো আপনি বলতে চাইছেন?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমি বলছি, ল্যাবরেটরি করার জন্য এগিয়ে আসছে না। তা না হলে সাসপেন্ডেড পার্টিকুলেট ম্যাটার-এর মিলিগ্রাম ফিগার দিলাম কি করে। এয়ার

ল্যাবরেটরি করবার জন্য এগিয়ে আসছে না। এমনিতেই আমরা মনিটরিং করে যাচ্ছি এবং সেটা রেগুলারই আছে। এয়ার ল্যাবরেটরি করতে কেউ এগিয়ে আসছে না। অর্থ সংগ্রহ করতে পারছি, কিন্তু টোটাল নো-হাউ নেই। যিনি রাজি হয়েছেন টেকনোলজি অ্যান্ড সায়েন্সে পিছিয়ে আছে।

শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ এই ব্যাপারে স্বয়ংসেবী সংস্থা বা অন্য কোনও সংস্থা এগিয়ে আসছে না এই পলিউশন মাপার জন্য। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইছি, ওনার দপ্তর থেকে কী উদ্যোগ এ পর্যন্ত গ্রহণ করা হয়েছে বে-সরকারি যে সমস্ত সংস্থা আছে সেই সমস্ত সংস্থাগুলিকে এই ব্যাপারে এগিয়ে এসে সরকারকে সাহায্য করার জন্য?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমরা সবারে করি আহ্বান, রোজ রোজ বলছি, রোজ রোজ ডাকছি। ভলেন্টারি অরগ্যানাইজেশনগুলি এগিয়ে আসছে না যে তা নয়, কিন্তু টেকনিক্যাল নো হাউ তাদের নেই এয়ার ল্যাবরেটরি করবার জন্য। হয়ত এদের কিছু আছে, ওদের কিছু আছে। সব মিলিয়ে এয়ার ল্যাবরেটরি সেট আপ করার জন্য এগিয়ে আসছে না inspite of repeated request and persuasion অনেকের যন্ত্র আছে। আমাদের যন্ত্র আছে কিন্তু বাইরে থেকে লোককে ট্রেন্ড করে নিয়ে আসতে হচ্ছে। ভলেন্টারি অরগ্যানাইজেশনগুলি এগিয়ে আসছে কিন্তু লিউকওর্য়াম নন। যতটা বচনং ততটা কর্মনং নয়, এটাই ট্রাজেডি।

গঙ্গা অ্যাকশন প্ল্যান

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৯।) **শ্রী আবুল বাসার ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি —

গঙ্গা অ্যাকশন প্ল্যানে দক্ষিণ ২৪-পরগনা জেলায় ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত —

(১) কি কি কাজ হয়েছে; এবং

(২) বর্তমানে কি কি কাজ চলছে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ

(১) নিম্নলিখিত কাজগুলি হয়েছে ঃ—

(ক) বজবজ, সাউথ সুবারবান এবং গার্ডেনরিচ এলাকায় কম খরচে শৌচাগার নির্মাণ।

(খ) সিরিটি শ্মশান ঘাটে এবং বিরজুমালা শ্মশান ঘাটে বৈদ্যুতিক চুল্লি নির্মাণ।

(২) নিম্নলিখিত কাজগুলি চলছে ঃ—

(ক) সাউথ সুবারবান ওয়েস্ট এবং গার্ডেনরিচে পয়ঃপ্রণালী নির্মাণ, চারটি পাম্পিং স্টেশন নির্মাণ এবং নূতন সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণের কাজ চলছে।

(খ) সাউথ সুবারবান ইস্ট এলাকায় পয়ঃপ্রণালী নির্মাণ এবং তিনটি পাম্পিং স্টেশন নির্মাণের কাজ চলছে।

(গ) টালিগঞ্জে ও যাদবপুরে পয়ঃপ্রণালী নির্মাণ এবং সাতটি পাম্পিং স্টেশন নির্মাণের কাজ চলছে।

শ্রী আবুল বাসার ঃ কতদিনের মধ্যে এইগুলি শেষ হবে, নূতন কোনও পরিকল্পনা আছে কিনা?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ এই প্রশ্ন অত্যন্ত জটিল, অনেকগুলি জিনিসের উপর নির্ভর করে। আমি ইনফরমেশন নিয়ে এসে আপনাদের জানিয়ে দেব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন এই যে গার্ডেনরিচে যে ক্রিমেটোরিয়াম হয়েছে ১৯৯১ সালের মার্চ এবং এপ্রিলে কমিশন হয়েছে আজ পর্যন্ত সেই ক্রিমেটোরিয়ামে মাত্র ৩টি শবদেহ পোড়ানো হয়েছে, গঙ্গা অ্যাকশন প্ল্যানের কোটি কোটি টাকা খরচ করে এ রকম জায়গায় কেন করা হল?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ এ ব্যাপারে শবদেহ সংগ্রহ করা আমার পক্ষে সম্ভব নয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ ওখানে মাত্র ৩টি ডেডবডি পোড়ানো হয়েছে। ওটা হিন্দু প্রধান জায়গা নয়। গঙ্গা অ্যাকশন প্ল্যানের টাকায় ক্রিমেটোরিয়াম তৈরি করা হল কি জন্য? ঐ ইলেকট্রিক ক্রিমেটোরিয়ামে এক বছরে মাত্র ৩টি ডেডবডি পোড়ানো হয়েছে।

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ এটা একটা রিপোর্টের উপর হয়েছে। এখন পর্যন্ত যা অভ্যাস আছে তাতে এর উপর হাত দেওয়া অত্যন্ত জটিল। অনেক সময় সমস্ত শরীরটাই গঙ্গার জলে ভাসিয়ে দিয়ে স্বর্গে পাঠানো হয়। তাতে কি হবে? আমরা শুধু এখনকার কথা নয়, আগামী দিনের কথাও ভাবছি।

শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটি জানবার বিষয় আছে, এই গঙ্গা অ্যাকশন প্ল্যানের ব্যাপারে আমরা একটি মেমোরান্ডাম দিয়েছিলাম যে, গঙ্গার যতদূর পর্যন্ত তার শেষ অববাহিকা — ফলতা থেকে সাগর পর্যন্ত শেষ প্রান্তে কাজের জন্য ব্যবস্থা আছে কিনা বা তারজন্য পরিকল্পনা পাঠানো হয়েছে কিনা? কেন্দ্র থেকে এ ব্যাপারে আপনাদের নূতন কিছু বলেছেন কিনা?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ গঙ্গা অ্যাকশন প্ল্যানের সেকেন্ড ফেজে এখন ফিফটি ফিফটি হয়েছে। ফার্স্ট ফেজে ওঁরা সেন্ট পারসেন্ট দিতেন, মাননীয় রাজীব গান্ধীর আমল থেকে শুরু হয়, সেই সময়ে আমরা সেন্ট পারসেন্ট পেয়েছিলাম, এখন ফিফটি ফিফটি হয়েছে। ওঁরা ৫০ টাকা দেবেন, আমরা ৫০ টাকা দেব, এই ১০০ টাকায় কাজ হবে। এত অসুবিধা সত্ত্বেও আমরা কাজের প্রোপোজাল পাঠিয়েছিলাম। সেই প্রোপোজাল নিয়ে সম্প্রতি কিছু আলোচনা হয়েছে, এখন পর্যন্ত আমরা কোনও সবুজ সংকেত পাই নি আলোচনার জন্য।

[11-40 — 11-50 A.M.]

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ আপনি গঙ্গা অ্যাকশন প্ল্যানের কথা বলছিলেন। কিন্তু গঙ্গা ছাড়াও তো অনেক নদী আছে। কাজেই গঙ্গা ছাড়া অন্যান্য নদীগুলিকেও এই জাতীয় পরিকল্পনার মধ্যে নিয়ে আসার ব্যাপারে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করেছেন কিনা বা কেন্দ্রীয় সরকার এই জাতীয় পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, এই সম্বন্ধে চিন্তাটা এত বড় যে, আমাদের রাজ্য সরকারের সঙ্গতির সঙ্গে তা মেলে না। কারণ পলিউশন শুধু গঙ্গাতেই নয়; যমুনা থেকে কৃষ্ণা কাবেরীকে পর্যন্ত আমাদের পরিশোধন করতে হবে। আমি ওঁদের জিজ্ঞাসা করেছিলাম যে, কত টাকা আছে এর জন্য? এর প্রোজেক্ট রিপোর্ট কিছু দিনের মধ্যেই তৈরি হবে। ভারতবর্ষ নদীমাতৃক দেশ এবং আমরা জানি এখানকার নদীগুলিতে পলিউশন অত্যন্ত বেশি। কিন্তু এই নদীগুলিকে যে নির্মল করবেন তার কেপাবিলিটি আছে, সেন্ট্রাল গভর্নমেন্টের প্রোজেক্ট রিপোর্ট তৈরি, কিন্তু এটা একটা লাউড থিঙ্কিং যে, সমস্ত নদীগুলিকে পরিশোধন করবার পরিকল্পনা নিতে চলেছেন। আমার মনে হয়, একবিংশ শতাব্দীর কথা চিন্তা করেই বোধ হয় ওঁরা এটা নিতে চলেছেন।

গঙ্গা অ্যাকশন প্ল্যানে পয়ঃপ্রণালী নির্মাণ

***১০।** (অনুমোদিত প্রশ্ন নং *৭০২।) **শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি —

গঙ্গা অ্যাকশন প্ল্যানে উত্তর ২৪-পরগনা জেলায় কোন্ কোন্ পুরসভায় পয়ঃপ্রণালী নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ

গঙ্গা অ্যাকশন প্ল্যানে উত্তর ২৪ পরগণা জেলায় নিম্নলিখিত পুরসভাগুলিতে পয়ঃপ্রণালী নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ঃ—

১। ভাটপাড়া।

২। টিটাগড়।

৩। পানিহাটি।

৪। বরানগর।

৫। কামারহাটি।

শ্রী আবুল বাসার ঃ এ ছাড়া কিছু আছে কি উত্তর ২৪ পরগনার ক্ষেত্রে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ সবগুলিই করতে হবে, কিন্তু এখন ৫টি নেওয়া হয়েছে।

শ্রী আবুল বাসার ঃ এর মধ্যে বজবজ আছে?

(নট রিপ্লায়েড)

শ্রী মনোহর তিরকি ঃ যে স্কীমের কথা বলছিলেন সেগুলো কত টাকার স্কীম, ইনভলভমেন্ট কত এবং তার কত অংশ স্টেট গভর্নমেন্ট দিচ্ছেন এবং কত অংশই বা সেন্ট্রাল গভর্নমেন্ট দিচ্ছেন?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ এর মধ্যে ফার্স্ট ফেজের ১০০ পারসেন্ট টাকাই ওঁদের ছিল। সেকেন্ড ফেজে সবগুলির ক্ষেত্রেই কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার দিচ্ছেন ৫০ ঃ ৫০।

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ যে পরিকল্পনার কথা বললেন তার কাজ শুরু হয়েছে কি; শুরু না হয়ে থাকলে কবে শুরু হবে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ পরিকল্পনা রূপায়ণের কাজ বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে বিভিন্ন স্তরে রয়েছে। জানতে হলে এর জন্য নোটিশ করতে হবে, আমার কাছে নেই।

শ্রী রবীন্দ্র ঘোষ ঃ উত্তর ২৪-পরগনার কথা বললেন, কিন্তু হাওড়া জেলা গঙ্গা অ্যাকশন প্ল্যানের মধ্যে পড়েছে কিনা এবং সেখানকার কাজ কী অবস্থায় আছে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ এর জন্য নোটিশ দিতে হবে, এখানে নেই।

গঙ্গা অ্যাকশন প্ল্যানে কাশীপুর-চিৎপুরে পয়ঃপ্রণালী নির্মাণ

***১২।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৫।) **ডাঃ দীপক চন্দ ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) গঙ্গা অ্যাকশন প্ল্যান অনুযায়ী কলকাতার কাশীপুর-চিৎপুরে পয়ঃপ্রণালী নির্মাণে কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত ঐ পরিকল্পনা কতদূর বাস্তবায়িত হয়েছে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ

(ক) ঐ এলাকায় পয়ঃপ্রণালী, ৩ (তিন)টি পাম্পিং স্টেশন এবং নূতন সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) পয়ঃপ্রণালী নির্মাণের কাজ ৫০ (পঞ্চাশ) শতাংশ হয়েছে এবং একটি পাম্পিং স্টেশন নির্মাণের কাজ চলছে।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ এই পরিকল্পনাতে কত টাকা বরাদ্দ করা হয়েছে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ নোটিশ দেবেন, জানিয়ে দেব।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, এই কাজের জন্য কত টাকা অ্যালট ছিল এবং কত টাকা খরচ হয়েছে সেটা স্বাভাবিক আমরা জানতে চাইব। এখন দ্বিতীয় বিষয় হচ্ছে, এই কাজ কাশীপুর, চিৎপুরে করার জন্য কোন সংস্থা করছে কর্পোরেশন বা সরকারের সেটা জানাবেন কি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ কাজটা ওরাই করবে।

শ্মশানে বৈদ্যুতিক চুল্লি স্থাপন

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭০।) **ডাঃ দীপক চন্দ ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি —

৩১-১-৯২ পর্যন্ত রাজ্যে মোট কতগুলি শ্মশান ঘাটে বৈদ্যুতিক চুল্লির ব্যবস্থা করা হয়েছে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ

১৫টি শ্মশান ঘাটে।

শ্রী শংকরদাস পাল ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বহরমপুরে দুটি ইলেকট্রিক চুল্লি স্যাংশন হয়েছে ১৯৯০ সালে এবং বহরমপুর পৌর সভার কাছ থেকে নেওয়া হয়েছে।

কিন্তু আজকে ১৯৯২ সালের ২৩শে মার্চ এখনও কাজটা আরম্ভ হয় নি। অথচ বহরমপুর পৌর সভায় ৯ লক্ষ টাকার মাল জমে পড়ে আছে। সেগুলি সদ্ব্যবহার করবেন, না নষ্ট হবে। এই ক্রিমেটরিয়াম করার পরিকল্পনা আছে কি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ এই যে ১৫টির কথা আমি বললাম, এর বাইরেও আরও ৫টি আছে। তার মধ্যে বহরমপুরে দুটি। এই দুটির কাজ আরম্ভ করা উচিত ছিল। কিন্তু বহরমপুরের ব্যাপারটা একটু আলাদা। বহরমপুরের ব্যাপারটা নিয়ে একটু জট পেকে আছে। সেটা হচ্ছে, বহরমপুর মিউনিসিপ্যালিটিতে আমাদের যে কাজ করার ছিল, এই কাজগুলির মধ্যে কিছু কাজ বহরমপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান সরাসরি নিয়ে এসেছেন। আমরা তাদের সঙ্গে বারেবারে আলোচনা করেছি, সমস্যাগুলি বলেছি যে কেন উনি করতে পারছেন না। এগুলি জানা আছে যে কেন দেরি হচ্ছে। সেই প্রশ্ন এখানে তুললে আমাকে যে ভাবে উত্তর দিতে হবে সেটা অভিপ্রেত নয়। তবুও আমি বলছি যে চেষ্টা করা হচ্ছে যাতে কাজগুলি দ্রুত করা যায়।

শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই বৈদ্যুতিক চুল্লিগুলি তৈরি করার পরে এগুলি পরিচালনার ভার নিশ্চয়ই মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের হাতে থাকে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ প্রথমত বলা ভাল, আমরা যারা গঙ্গা অ্যাকশন প্ল্যান করছি, মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে কাজটা আমরা করি না, কাজটা আমাদের বিভিন্ন সংগঠনের মাধ্যমে করতে হয়। মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং দপ্তর, পি. এইচ. ই. এরা সব করেন। আমরা ওভার অল মনিটারিং করি। এই সেক্সে আমরা মডেল ডিপার্টমেন্ট। এটা একটা এজেন্সি করে। পরিবেশ দপ্তর কোনও নির্মাণের কাজ করে না। আমাদের সেই ধরনের কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই।

[11-50 — 12-00 (Noon)]

আমাদের সেই ধরনের কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই, কখনও পি. এইচ. ই. করে কখনও পি. ডব্লু. ডি. দপ্তর করে, ইন দেয়ার ওন ওয়ে তারা এই কাজগুলি করে। আমরা শুধু মনিটরিং করি। এই কাজ আমরা বিশেষ করি না, কনসার্ন মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশন করে।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই রকম কোনও নিয়ম আছে কিনা? বৈদ্যবাটি পৌর সভার ক্রিমেটরিয়াম যেটা আছে সেটা এর আগে কংগ্রেসি বোর্ড থাকাকালীন একবার উদ্বোধন হয় তারপর বোর্ডের পরিচালন ভার চেঞ্জ হবার পর আবার সেটা উদ্বোধন হয়, এই রকম শ্মশান ঘাটের চুল্লিগুলো দুবার করে উদ্বোধন হওয়ার কোনও নিয়ম আছে কি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ মাননীয় সদস্যের এটা জানা উচিত ছিল। কিছু বন্ধু বেড়াতে যাচ্ছিল, সেই সময় কতকগুলি ছোট ছোট টম দেখতে পেল। তারা ভাবল এখানে অনেক কবরখানা আছে। না তারা জানে না, এটা ফাউন্ডেশন স্টোন লে করা আছে।

শ্রী বিশ্বনাথ মিত্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বহরমপুর পৌর সভাকে গঙ্গা অ্যাকশন প্ল্যানের জন্য যে টাকা দেওয়া হয়েছিল তার মধ্যে কত টাকা বৈদ্যুতিক চুল্লির জন্য দেওয়া হয়েছিল এবং তার মধ্যে কত টাকা নির্দিষ্ট খাতে ব্যয় না করে অন্য খাতে ব্যয় করেছে?

মিঃ স্পিকার ঃ নোটিশ দিতে হবে।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে অনেকগুলি বৈদ্যুতিক চুল্লি করেছেন। বনগাঁ পৌর সভা ১৯৯০ সালে এই রকম একটা প্রপোজাল পাঠিয়েছিল চেয়ারম্যান এবং মিউনিসিপ্যাল কমিটি থেকে বনগাঁয় যে লোকাল লোক বসবাস করে তাদের বার্নিং ঘাটের জন্য. খুব অসুবিধা হয়, সেখানে একটা বৈদ্যুতিক চুল্লি স্থাপন করা হোক। এই যে প্রস্তাব পাঠানো হয়েছিল এটা না হবার কারণ কি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ এটা দিল্লির গভর্নমেন্টকে জিজ্ঞাসা করলেই ভাল হয়। আমরা এখান থেকে প্রস্তাবগুলি পাঠিয়ে দিই, এটা কেবলমাত্র দিল্লির গভর্নমেন্টের মঞ্জুর করার অথরিটি আছে। মাঝে মাঝে দেখবেন সভা সমিতি হয়, কিন্তু আমাদের তো কিছু করার নেই ট্রাম কার্ড তো ওঁদেরই হাতে।

গঙ্গা দূষণ রোধে পয়ঃপ্রণালী ব্যবস্থার উন্নতি

***২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭১।) ডাঃ দীপক চন্দ ও শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** পরিবেশ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

গঙ্গা দূষণ রোধ করার জন্য রাজ্য সরকার গঙ্গার উভয় পার্শ্ববর্তী পুরসভা সমূহের পয়ঃপ্রণালী ব্যবস্থার উন্নতির জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ

গঙ্গা দূষণ রোধ করার জন্য রাজ্য সরকার গঙ্গা অ্যাকশন প্ল্যানে নিম্নলিখিত পৌর সভাগুলির পয়ঃপ্রণালী ব্যবস্থা উন্নতির জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করেছেন ঃ—

(ক) পয়ঃপ্রণালী ও পাম্পিং স্টেশন এবং সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ ঃ—

(১) বহরমপুর। (২) নবদ্বীপ। (৩) পানিহাটি। (৪) বরানগর ও কামারহাটি। (৫) শ্রীরামপুর। (৬) উত্তর হাওড়া। (৭) কাশীপুর ও চিৎপুর। (৮) গার্ডেনরিচ ও সাউথ সুবার্বণ (ওয়েস্ট) (৯) সাউথ সুবার্বণ (ইস্ট)।

(খ) পয়ঃপ্রণালী ও নূতন পাম্পিং স্টেশন নির্মাণ এবং পুরাতন পাম্পিং স্টেশন এবং সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নবীকরণ ঃ—

(১) কল্যাণী। (২) ভাটপাড়া। (৩) টিটাগড়। (৪) হাওড়া।

(গ) পয়ঃপ্রণালী নির্মাণ, পাম্পিং স্টেশন নির্মাণ ঃ—

(১) হুগলি ও চুঁচুড়া। (২) বালি। (৩) টালিগঞ্জ ও যাদবপুর। (৪) বেলিয়াঘাটা ও সারকুলার ক্যানেল।

(ঘ) পয়ঃপ্রণালী, পাম্পিং স্টেশন ও নূতন সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ এবং মেন পাম্পিং স্টেশন নবীকরণ ঃ—

চন্দননগর।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে নির্দিষ্ট পৌর এলাকাগুলি ছাড়া গঙ্গার দুই পাড়ে যে সমস্ত পঞ্চায়েত এলাকা আছে সেই এলাকায় এই ধরনের কোনও পরিকল্পনা আছে কিনা গঙ্গা অ্যাকশন প্ল্যানে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ গঙ্গা অ্যাকশন প্ল্যান যখন ধরা হয় তখন আমাদের সঙ্গে আলোচনা হয়। আমরা তখন এই কথা পরিষ্কার করে বলেছিলাম যে গঙ্গাকে দূষণ মুক্ত করতে গেলে গঙ্গায় যে সমস্ত ছোট ছোট নদী মিশছে, কলকারখানার যে সমস্ত জল গঙ্গায় এসে পড়ছে তার দূষণ মুক্ত করলেই সমস্ত কিছু শেষ নয়।

সমস্ত আর্যাবর্ত পরিষ্কার পরিচ্ছন্নের প্রশ্ন এর মধ্যে আছে। এর সঙ্গে অন্যান্য মিউনিসিপ্যালিটিগুলিও এসে যায়। গ্রামের যে সমস্ত ডোমেস্টিক ওয়েস্ট সেগুলিও এসে যায়। এই ধরনের পরিকল্পনা করার ক্ষমতা ওদের ছিল না। সুতরাং দূষণ রোধ করার জন্য গঙ্গাকে গঙ্গা হিসাবে তুলে ধরবার জন্য মোটামুটি ভাবে যেগুলিতে বেশি দূষণ হত সেগুলিকে নেওয়া হয়েছিল এবং সেজন্য মিউনিসিপ্যালিটিগুলির কলকারখানাগুলিকে নেওয়া হয়েছিল। তাই এটাকে সব কাজ নয়, আংশিক কাজ বলা যেতে পারে। দূষণ মুক্ত নয়, দূষণ কম করার কথা এর মধ্যে ছিল। গঙ্গাকে যদি দূষণ মুক্ত করতে হয় তাহলে আমাকে ডোমেস্টিক ওয়েস্ট, মিউনিসিপ্যাল ওয়েস্টের কথা সিরিয়াসলি ভাবতে হবে এবং অন্যান্য কারখানা গঙ্গার পাশে যেগুলি আছে, মেজর পলিউটেড ইন্ডাস্ট্রিগুলিকে সবাইকে নিতে হবে। তা না হলে দূষণ মুক্ত হবে না।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ এটা আপনি কারেক্ট অ্যাপ্রোচ নিয়েছেন। গঙ্গা দূষণের ক্ষেত্রে

মেজর পলিউটেড ইন্ডাস্ট্রির মধ্যে আপনি সিলেকটেড কয়েকটি বেছে নিয়ে ঠিকই করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় এটা নিশ্চয়ই জানেন যে, গঙ্গার দুপাশে আর্বানাইজেশন খুব দ্রুত গতিতে হচ্ছে। কাজেই এটা নিছক একটি ব্যাপার নয়। দূষণের কাজ শুধু পৌর সভার নয় বলে এই অঞ্চলে এগুলির ক্ষেত্রে গঙ্গা অ্যাকশন প্ল্যানকে এক্সটেন্ড করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে কোনও সুনির্দিষ্ট প্রস্তাব রাজ্য সরকারের পক্ষ থেকে রাখা হয়েছে কিনা, কিম্বা রাখা হবে কিনা?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমি এই ব্যাপারে অত্যন্ত উদ্বিগ্ন। ওরা লোক সংখ্যা নিয়ে বলেছিলেন যে, এত লোক সংখ্যা না হলে আমরা করব না। আমরা বলছি লোক সংখ্যা নয়। আজকে কোনও মিউনিসিপ্যালিটিকে কখনও বসতির নির্দিষ্ট সীমারেখায় টানা যায় না, বিশেষ করে পপুলেশন ডেনসিটি যে ভাবে বাড়ছে সেই দিক থেকে। কাজেই, এ সম্পর্কে আমরা বারবার করেই উল্লেখ করেছি কত ডায়লিউট করা হল, ওঁরা যখন গঙ্গার সঙ্গে সঙ্গে তাবৎ নদীর কথা বললেন তখন বলেছি। গভর্নমেন্ট অব ইন্ডিয়া তারপরে রিসোর্স কালেক্ট করার কথা বলে ৫০ ঃ ৫০ করলেন। সুতরাং আমরা এখনও প্রেসারাইজ করে যাচ্ছি। আমরা আবার এটাকে রিনিউ করব, আফটার দি রিসেন্ট কনফারেন্স আমি আবার এটাকে নূতন করে নেব। যদিও এটা আমরা বারবার সাবমিট করেছি, তুবও আবার সাবমিট করব।

হুগলি জেলায় সাক্ষরতা প্রকল্প

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৮।) **শ্রী আব্দুল মান্নান ঃ** শিক্ষা (প্রথা-বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হুগলি জেলায় গত তিন বছরে সার্বিক সাক্ষরতা প্রকল্পে কত টাকা খরচ করা হয়েছে;

(খ) (১) ঐ প্রকল্পে ৩১-১-৯২ পর্যন্ত কতজন সাক্ষর হয়েছেন;

(২) সাক্ষরতার হার কত;

(গ) সাক্ষরতার প্রচারে —

(১) মোট কত টাকা ব্যয় করা হয়েছে (বৎসর ওয়ারী);

(২) কি কি ধরনের প্রচার করা হয়েছে; এবং

(৩) কোন কোন প্রেস থেকে কত টাকার পোস্টার ছাপা হয়েছে?

শ্রীমতী অঞ্জু কর ঃ

(ক) ৩ কোটি ৩৭ লক্ষ টাকা খরচ করা হয়েছে।

(খ) ১। পড়ুয়াদের মূল্যায়ন শেষ হয় নি, সেজন্য উক্ত সময় পর্যন্ত কতজন সাক্ষর করেছেন তা এখন বলা সম্ভব নয়।

২। পূর্ণ মূল্যায়নের পর বলা সম্ভব হবে।

(গ) ১। প্রচারের জন্য মোট ৪২ লক্ষ ৫০ হাজার ৭১৩ টাকা ব্যয় করা হয়েছে।

২। (ক) পোস্টার, ব্যানার, হোর্ডিং, স্টীকার, গ্লোসাইনবোর্ড, চেনফ্লাগ, মটিভেশন কার্ড প্রভৃতির মাধ্যমে।

(খ) যাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান, লোকশিল্পী দিয়ে গ্রামে গ্রামে অনুষ্ঠান ও পথনাটিকা প্রভৃতির মাধ্যমে।

(গ) বিভিন্ন স্তরে জনসভা, র‍্যালী ও কনভেনশন মাধ্যমে।

(ঘ) পুস্তিকা, বেতার, দূরদর্শন, সংবাদপত্র, ভি. ডি. ও., ডকুমেন্টারি ও অডিও ক্যাসেট প্রভৃতি মাধ্যমে।

৩। (ক)	গ্লাসকো প্রিন্টিং।	হাওড়া	—	৩,১৩,২১২ টাকা।
(খ)	প্রিয়ঙ্কা।	হাওড়া	—	১০,৯০৩ টাকা।
(গ)	ইস্টার্ন প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং।	হাওড়া	—	১৮,২০৩ টাকা।
(ঘ)	শিল্পবার্তা।	হাওড়া	—	৫২,৭৪০ টাকা।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয়া মন্ত্রী মহোদয়া বললেন যে পূর্ণ মূল্যায়নের পর বলা সম্ভব হবে। পূর্ণ মূল্যায়ন ইতিমধ্যে শেষ হয়েছে কিনা, যদি না হয়ে থাকে তাহলে কবে হবে জানাবেন কি?

[12-00 — 12-10 P.M.]

শ্রীমতী অঞ্জু কর ঃ হুগলি জেলায় পূর্ণ মূল্যায়নের কাজ শুরু হয়েছে এবং এটা আমাদের পরিকল্পনার মধ্যে আছে। মূল্যায়ন কয়েকটি পর্যায়ে হয়, একটা অভ্যন্তরীণ মূল্যায়ন হয় আর একটা বাহ্যিক মূল্যায়ন হয়। এখন বাহ্যিক মূল্যায়নের কাজ হচ্ছে, যার মাধ্যমে আমরা ফলাফল জানতে পারব কত শতাংশ সাক্ষর হয়েছে এবং এটা এই মার্চের মধ্যেই শেষ হবে।

শ্রী আব্দুল মান্নান ঃ হুগলি জেলায় প্রিন্টিং প্রেস আছে, এই প্রেস থাকা সত্ত্বেও বাইরে থেকে ৪ লক্ষ টাকা খরচ করে এটা কেন করা হল, এই টাকাটা তো ওয়েস্টেজ অফ মানি?

শ্রীমতী অঞ্জু কর ঃ হুগলি জেলায় নিজস্ব প্রেস আছে — জেলা পরিষদের এটা আছে। যে পরিমাণ কাজ দরকার এবং যে সময়ের মধ্যে সাপ্লাই করা দরকার হুগলি জেলা পরিষদ সেটা করতে পারবে না, সেইজন্য এই সমস্ত প্রেসগুলিতে টেন্ডার করেই করা হয়েছে এবং যে বিধি নিষেধগুলি আছে তার মধ্যে থেকেই করা হয়েছে। এছাড়াও আর একটা সরকারি প্রেস আছে — শিল্প বার্তা প্রেস।

Starred Questions

(To which answers were laid on the Table)

Modernisation of Technical Education

***195.** (Admitted Question No. *197) **Shri Deoki Nandan Poddar and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Technical Education Department be pleased to state —

(a) Whether any steps have been taken during the Seventh Plan period and 1990-91 and 1991-92 for modernisation and removal of obsolescences in Technical Education to meet the requirements of technological advances; and

(b) If so, the expenditure incurred by the State Government and the grants released by the Centre for the above project ?

Minister-in-charge of Technical Education Department :

(a) Yes.

(b) During the 7th Plan Period, a total expenditure of Rs. 10,02,24,000/- was incurred by the State Government for the purpose including the Central Assistance of Rs. 2,28,00,000/- received by the State Government from the Government of India.

During the year 1990-91, a total expenditure of Rs. 2,75,71,000/- was incurred by the State Government from the State Plan including the Central Assistance of Rs. 65,00,000/- received by the State Government from the Government of India.

During the year 1991-92, a total provision of Rs. 4,73,71,000/- has been made by the State Government under the State Annual Plan. Out of this a sum of Rs. 2,15,12,000/- has been sanctioned so far by the State Government.

বনসৃজন

*১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১০।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিগত পাঁচ বছরে (১৯৮৬-৮৭ হইতে ১৯৯১-৯২ জানুয়ারি ১৯৯২ পর্যন্ত) রাজ্যের কতগুলি অঞ্চলে নূতন বনসৃজন করা হয়েছে;

(খ) (১) অদূর ভবিষ্যতে নূতন কোনও অঞ্চলে বনসৃজনের কোনও পরিকল্পনা আছে কি; এবং

(২) থাকলে, বর্ধমান জেলায় কি কোনও পরিকল্পনা নেওয়া হয়েছে/হচ্ছে?

বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) রাজ্যের প্রতিটি জেলায় বনসৃজন করা হয়েছে।

(খ) (১) হ্যাঁ।

(২) হ্যাঁ।

ভেড়ির খাস জমি বিক্রয়

***১৯৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১০১৮।) **শ্রী প্রবোধ পুরকাইত** এবং **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, এক শ্রেণীর ভেড়ি-মালিক তাদের ভেড়ির যে অংশ ভূমি সংস্কার আইনে খাস হয়ে যাচ্ছে, তা বে-সরকারি প্রমোটারের কাছে বিক্রি করে দিচ্ছে; এবং

(খ) সত্যি হইলে, বিশেষ করে সল্ট লেকের লাগোয়া অঞ্চলের ভেড়িগুলিতে এই প্রক্রিয়ায় কত পরিমাণ জমি প্রমোটারের কাছে বিক্রি হয়েছে (৩১-১-৯২ পর্যন্ত)?

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এ ব্যাপারে সরকারের কাছে কোনও নির্ভরযোগ্য খবর নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

রঘুনাথপুরের এস. ডি. জে. এম. আদালত

***১৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬৬।) **শ্রী নটবর বাগদী ঃ** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া জেলার রঘুনাথপুর সাব ডিভিসনে এস. ডি. জে. এম.-র আদালতটি এখনও চালু করা যায় নি; এবং

(খ) সত্যি হইলে, এর কারণ কি?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ইহা সত্য।

(খ) রঘুনাথপুর মহকুমা করার প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন আছে। সুতরাং মহকুমা না হওয়া পর্যন্ত এস. ডি. জে. এম.-এর আদালত স্থাপনের প্রশ্ন ওঠে না।

Plan Expenditure Elementary Education etc.

***199.** (Admitted Question No. *254) **Shri Ambica Banerjee and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state —

(a) Plan expenditure on Elementary Education, Technical Education and Sports as percentage to total plan expenditure on Education during the Seventh Plan (1985-90) period and 1990-91; and

(b) Approved Plan Outlay for Elementary Education, Technical Education and Sports as percentage to the Total Approved Plan Outlay for Education for 1991-92 ?

Minister-in-charge of Development and Planning Department :

(a) Reply is furnished in tabular form hereunder :—

(Rs.in lakhs)

Item of Expenditure	**Amount of expenditure during 7th plan(1985-90)**	**% to total plan expenditure on education**	**Amount of expenditure during 1990-91**	**% to total plan expediture on education**
1. Elementary Education	6145.10	26.74	1724.50	26.48
2. Technical Education	1571.50	6.48	645.75	9.92
3. Sports	2045.75	8.90	437.00	6.71

(b) The reply is furnished hereunder also in a tabular form.

(Rs.in lakhs)

Item of Expenditure	Approved Plan Outlay for 1991-92.	% to the total Approved Plan Outlay on Education for 1991-92.
1) Elementary Education	2154.04	21-07
2) Technical Education	1492.95	14.60
3) Sports	531.50	5.20

পাট্টায় স্বামী-স্ত্রীর নাম একযোগে নথীভুক্তকরণ

*২০০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯০।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

খাস জমিতে সরকার কর্তৃক প্রদত্ত পাট্টায় — স্বামী ও স্ত্রীর নাম একসঙ্গে যুক্ত করার বিষয়ে কোনও প্রস্তাব সরকার বিবেচনা করছেন কি?

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

উদ্বৃত্ত জমির পাট্টা নারী ও পুরুষ উভয়কেই স্বতন্ত্র ভাবে দেওয়া হয়েছে। স্বামী স্ত্রীকে যুক্ত ভাবে 'পাট্টা' দেওয়ার ব্যাপারে প্রশাসনিক নানা জটিলতা থাকায় এ বিষয়টি আরও বিবেচনার অপেক্ষা রাখে।

পঞ্চায়েত পদাধিকারিগণের ভ্রমণ ভাতা

*২০১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৫।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) এটা কি সত্যি যে, ত্রিস্তর পঞ্চায়েতের পদাধিকারিগণ দৈনিক ভ্রমণ ভাতা পেয়ে থাকেন;

(খ) সত্যি হইলে,

(১) কি হারে পান; এবং

(২) ঐ হার বৃদ্ধি করার কোনও পরিকল্পনা আছে কিনা?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) আংশিক সত্য। গ্রাম পঞ্চায়েতের পদাধিকারিগণের জন্য দৈনিক ভ্রমণ ভাতা দেওয়ার কোনও ব্যবস্থা নেই। পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের পদাধিকারিগণ পঞ্চায়েতের কাজে কোনও ভ্রমণ করলে দৈনিক ভ্রমণ ভাতা পেতে পারেন।

(খ) (১) গ্রাম পঞ্চায়েতের প্রত্যেক পদাধিকারী অর্থাৎ প্রধান বা উপ-প্রধান মিটিং-এ উপস্থিত হওয়ার জন্য মাসিক পাঁচ টাকা নির্দিষ্ট হারে পাথেয় (টি. এ.) পান।

পঞ্চায়েত সমিতির পদাধিকারিগণ অর্থাৎ সভাপতি ও সহকারি সভাপতি মিটিং-এ উপস্থিত হওয়ার জন্য এবং পঞ্চায়েতের কাজে যাতায়াত করলে ৫,১০০ টাকা বা তদুর্ধ্ব মাসিক বেতন প্রাপ্ত সরকারি আধিকারিকদের সঙ্গে সমহারে ভ্রমণ ভাতা পাওয়ার যোগ্য। এই হার বর্তমানে কলকাতা ও দার্জিলিং-এর পার্বত্য এলাকায় ভ্রমণের জন্য দৈনিক ৮০ টাকা হিসাবে এবং রাজ্যের অন্যান্য স্থানের জন্য দৈনিক ৬০ টাকা হারে নির্দিষ্ট আছে। জেলা পরিষদের পদাধিকারিগণ অর্থাৎ সভাধিপতি ও সহকারি সভাধিপতি মিটিং-এ উপস্থিত হওয়ার জন্য এবং পঞ্চায়েতের কাজে যাতায়াত করলে ৫,১০০ টাকা বা তদুর্ধ্ব মাসিক বেতন প্রাপ্ত সরকারি আধিকারিকদের সঙ্গে সমহারে ভ্রমণ ভাতা পাওয়ার যোগ্য। এই হার বর্তমানে কলকাতা ও দার্জিলিং-এর পার্বত্য এলাকায় ভ্রমণের জন্য দৈনিক ৮০ টাকা হিসাবে এবং রাজ্যের অন্যান্য স্থানের জন্য দৈনিক ৬০ টাকা হিসাবে নির্দিষ্ট আছে।

(২) না, পঞ্চায়েত ত্রিস্তরে পদাধিকারিদের আলাদা ভাবে ভ্রমণ ভাতার হার বৃদ্ধি করার কোনও পরিকল্পনা সরকারের নেই। তবে সরকারি আধিকারিকদের ভ্রমণ ভাতার হার বৃদ্ধি পেলে বর্ধিত হার পঞ্চায়েত পদাধিকারিদের প্রতিও প্রযোজ্য হবে।

সাক্ষরতা কর্মসূচি

*২০২। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৭।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** শিক্ষা (প্রথা-বহির্ভূত) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সার্বিক সাক্ষরতা কর্মসূচি রূপায়ণে পশ্চিমবঙ্গের কোন কোন জেলা নেওয়া হয়েছে; এবং

(খ) ঐ সমস্ত জেলায় কত শতাংশ ব্যক্তি পূর্ণ সাক্ষরতা লাভ করেছেন?

শিক্ষা (প্রথাবহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) মেদিনীপুর, বর্ধমান, হুগলি, কোচবিহার, বাঁকুড়া, বীরভূম ও উত্তর চব্বিশ পরগনা এই সাতটি জেলায় সার্বিক সাক্ষরতা কর্মসূচি চলছে।

সম্প্রতি হাওড়া ও দক্ষিণ চব্বিশ পরগনা জেলাকেও সার্বিক সাক্ষরতা কর্মসূচি প্রসারিত হয়েছে।

(খ) বর্ধমান জেলায় ৯ থেকে ৫০ বছর বয়স পর্যন্ত চিহ্নিত নিরক্ষরদের ৮২.২০ শতাংশ সাক্ষর হয়েছেন।

অন্য ছয়টি জেলায় সাক্ষরতা কর্মসূচি চলছে। মূল্যায়ন সম্পূর্ণ হলে যথার্থ সাক্ষরের শতাংশের হিসাব পাওয়া যাবে।

Wildlife Sanctuary at Narendrapur

***203.** (Admitted Question No. *247) **Shri Quazi Abdul Gaffar and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state —

(a) Whether any steps have been taken to acquire land for the proposed Wild life Sanctuary at Narendrapur, South 24-Parganas district; and

(b) If so, the total area —

(i) Decided/declared for the Wildlife Sanctuary;

(ii) Acquired for this purpose so far ?

Minister-in-charge of Forests Department :

(a) Yes.

(b) 17.19 acres.

(i) Govt. is considering a proposal for issue of a revised notification for the Wild Life Sanctuary.

(ii) Land acquisition proceedings have been initiated.

সুলতানপুর আলিয়া সিনিওর মাদ্রাসার শিক্ষকের মৃত্যু

*২০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৪।) **শ্রী শীশ মহম্মদ ঃ** শিক্ষা (মাদ্রাসা) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৯ হইতে ১৯৯১ সাল পর্যন্ত মুর্শিদাবাদ জেলার সুতি থানার অধীন সুলতানপুর আলিয়া সিনিওর মাদ্রাসার কর্মরত অবস্থায় কোনও শিক্ষকের মৃত্যু হয়েছে কি;

(খ) ঐ সময়ের মধ্যে ঐ শিক্ষা প্রতিষ্ঠানের কতজন শিক্ষক অবসর গ্রহণ করেছেন; এবং

(গ) অবসর গ্রহণকারী শিক্ষকগণ পেনশন পাচ্ছেন কিনা?

শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, সুলতানপুর আলিয়া সিনিয়র মাদ্রাসার সহকারি শিক্ষক সেতাবউদ্দিন গত ২৩-০১-৯০ তারিখে কর্মরত অবস্থায় মারা গিয়েছেন।

(খ) একজন। ঐ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক মহম্মদ ফরজদ আলি গত ৩০-১১-১৯৮৯ তারিখে অবসর গ্রহণ করেছেন।

(গ) অবসর গ্রহণকারী শিক্ষক মহম্মদ ফরজদ আলি পেনশন পাচ্ছেন।

শিমুলপুর গ্রাম পঞ্চায়েতের সভা

*২০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬২।) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, গত নয় মাস যাবৎ গাইঘাটা পঞ্চায়েত সমিতির অধীন শিমুলপুর গ্রাম পঞ্চায়েতের কোনও সভা হচ্ছে না; এবং

(খ) যদি সত্যি হয়, তবে সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা নিচ্ছেন?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ইহা সত্য নয়। শিমুলপুর গ্রাম পঞ্চায়েতে গত নয় মাসের মধ্যে ২৪-৮-৯১ তারিখে এবং ২৩-১২-৯১ তারিখে দুইটি সভা হয়েছিল।

(খ) নয় মাসের মধ্যে দুইটি সভা যথেষ্ট নয় এবং পঞ্চায়েত আইনের ১৬ নং ধারার উপধারা(১) অনুযায়ী গ্রাম পঞ্চায়েতের প্রতি মাসে অন্তত একটি সভা হওয়া প্রয়োজন একথা প্রধানকে জানিয়ে দেওয়া হয়েছে এবং প্রধান ভবিষ্যতে আইনানুযায়ী সভা করতে স্বীকৃত হয়েছেন।

গ্রামীণ উন্নয়নে স্বেচ্ছাসেবী সংগঠন

*২০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৪।) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, গ্রামীণ উন্নয়নে কাসা, কাপাট, লায়ন্স ক্লাব প্রভৃতি স্বেচ্ছাসেবী সংগঠন কাজ করছে;

(খ) সত্যি হইলে, উক্ত সংগঠনগুলির কাজকর্ম, আর্থিক দায়দায়িত্ব ও হিসাব প্রদান সম্পর্কে সরকার অবহিত আছেন কি;

(গ) থাকলে,

(১) কিভাবে এই ব্যবস্থা নেওয়া হচ্ছে; এবং

(২) উক্ত সংগঠনগুলি কি ধরনের কাজ করে?

গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কাপার্ট (CAPART) নামে কেন্দ্রীয় সরকার দ্বারা প্রতিষ্ঠিত ও সাহায্য প্রাপ্ত সংস্থা রাজ্যের বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থাকে গ্রামীণ উন্নয়নের কাজের জন্য অর্থ বরাদ্দ করে থাকে। অপর দুই সংস্থা সম্পর্কে রাজ্য সরকারের প্রত্যক্ষ কোনও খবর নাই।

(খ) না।

(গ) (১) প্রশ্ন ওঠে না।

(২) প্রশ্ন ওঠে না।

Environmental Impact of Haldia Petro-Chemicals

***207.** (Admitted question No. *1768) **Shri Sobhan Deb Chattopadhyay :** Will the Minister-in-charge of the Environment Department be pleased to state —

(a) Whether the State Government has received any Study Report about the Environmental Impact of the Haldia Petro Chemical Project;

(b) If so,

(i) The brief outlines there of, and

(ii) The steps contemplated to minimise effluent generation and to ensure that all discharges conform to minimum national standards ?

Minister-in-charge of Environment Department :

(a) Yes.

(1) Interim E. I. A. report received from H. P. L. in July, 1991.

(b) (i) The interim E. I. A. report was prepared by Envirotech

Consultants (P) Ltd. A-239 Okhla Industrial Area Phase-I New Delhi-110020.

H. P. L proposes to manufacture High Density Poly Ethylene, Linear Low Density Poly Ethylene, Polypropylene, Polystyrene, Polybutadiene Rubber, Butadiene and Styrene as main products and Pyro-gasoline, fuel Oil and Aromatic reach naptha as by-products. The E. I. A. study includes.

(1) A detailed characterisation of the pre-project respect of Meteorology, air, water and land environment as also the natural vegetation wild life, land use, cropping pattern, socio-economic and socio-cultural aspects with in 10 Km. radius of H. P. L.

(2) Prediction of likely impacts of the H. P. Complex on the various components of the environments through review of the process design and all pollution control measures.

(3) Recommendation for pollution control and environment management measures to minimise the adverse impacts, if any.

(b) (ii) Haldia Petrochemical Limited proposes to spend nearly Rs. 700 lakhs for total pollution control measure and out of which 350 lakhs will be spent for effluent treatment plant. The waste water generated from the proposed H. P. Complex will be treated in Treatment Plants at various stages to keep the final discharge duly conforming to the prescribed minimal national standard.

অযোধ্যা পাহাড়ের লাইব্রেরি

*২০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮২।) শ্রী নিশিকান্ত মেহেতা ঃ শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পুরুলিয়া জেলার অযোধ্যা পাহাড়ের লাইব্রেরির কর্মচারীর সংখ্যা বৃদ্ধি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উহা কার্যকর হবে বলে আশা করা যায়?

শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পুরুলিয়া জেলার অযোধ্যা পাহাড়ের লাইব্রেরিতে কর্মচারীর সংখ্যা বৃদ্ধির কোনও পরিকল্পনা আপাততঃ নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

বহরমপুর ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইন্সটিটিউট-এর জরিপ বিভাগ

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৯।) **শ্রী শংকরদাস পাল ঃ** শিক্ষা (কারিগরি) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, বহরমপুরের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইন্সটিটিউট-এর "জরিপ বিভাগ" বিগত ৯ বৎসর ধরে বন্ধ আছে;

(খ) সত্যি হইলে,

(১) ঐ বিভাগটি বন্ধ থাকার কারণ কি; এবং

(২) ঐ বিভাগটি পুনরায় চালু করার জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

শিক্ষা (কারিগরি) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, বহরমপুরের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইন্সটিটিউট-এর "জরিপ বিভাগ" গত আগস্ট ১৯৮১ থেকে বন্ধ আছে।

(খ) (১) কারণ, ঐ বিভাগের যিনি ইন্সট্রাক্টার ছিলেন তাঁকে হাওড়া হোমস ইন্সটিটিউটে বদলি করা হয়েছে। কিন্তু স্টাফ কম থাকার জন্যে ঐ ইন্সট্রাক্টারের পরিবর্তে কোনও লোক দেওয়া সম্ভব হয় নি। তারপর হাইকোর্টের নিষেধাজ্ঞার দরুন ইন্সট্রাক্টার পদে নিয়োগ বন্ধ ছিল। বর্তমানে উক্ত পদে লোক নিয়োগের সংশোধিত নিয়ম সরকারের বিবেচনাধীন।

(২) ঐ বিভাগটি যাতে চালু করা যায়, তার জন্যে ইতি মধ্যেই পশ্চিমবঙ্গ সরকারের কর্ম বিনিয়োগ অধিকৃত্যকের নিকট ইন্সট্রাক্টার পদে লোক চেয়ে পাঠানো হয়েছে।

খাস জমিতে পাট্টা

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৫।) **শ্রী অমিয় পাত্র ঃ** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে কত পরিমাণ খাস জমি পাট্টা দেওয়া সম্ভব হয় নি; এবং

(খ) মূলতঃ কি কি কারণে এই জমিতে পাট্টা দেওয়া সম্ভব হচ্ছে না?

ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) খাস জমির মধ্যে শুধু কৃষি জমিতেই পাট্টা দেওয়া হয়। মোট — ৩,৪৭,০০০ একর কৃষি জমিতে এখনও পাট্টা দেওয়া সম্ভব হয় নি।

(খ) যে সমস্ত কারণে কিছু জমিতে পাট্টা দেওয়া সম্ভব হয় নি, তার মধ্যে প্রধান আদালতের নিষেধাজ্ঞা, জমি ন্যাসের বিরুদ্ধে আদালতের আদেশ, জমির চরিত্র পরিবর্তন হেতু কৃষি কার্যে অনুপযুক্ততা ইত্যাদি।

শ্যামপুর পঞ্চায়েত সমিতির ভবন নির্মাণ

*২১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮১।) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হাওড়া জেলার শ্যামপুর ১ নং পঞ্চায়েত সমিতির ভবন নির্মাণের জন্য মোট কত টাকা বরাদ্দ হয়েছিল;

(খ) ভবনটি অনুমোদিত নক্সা অনুযায়ী নির্মিত হয়েছে কি; এবং

(গ) না হয়ে থাকলে এর কারণ কি?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) শ্যামপুর-১ পঞ্চায়েত সমিতির প্রশাসনিক ভবন সম্প্রসারণের জন্য মোট ২ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছিল।

(খ) হ্যাঁ, হয়েছে।

(গ) প্রশ্ন ওঠে না।

আলিপুর চিড়িয়াখানার আয় ব্যয়

*২১২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭৩।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** পরিবেশ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯০-৯১ সালে আলিপুর চিড়িয়াখানা থেকে মোট কত আয় হয়েছে; এবং

(খ) ঐ সময়ে ঐ প্রতিষ্ঠানে ব্যয়ের পরিমাণ কত?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯০-৯১ সালে আলিপুর চিড়িয়াখানা থেকে মোট আয় চুরানব্বই লক্ষ সাতচল্লিশ হাজার ছয় শত তের টাকা (৫১ লক্ষ টাকা সরকারি অনুদান সহ)।

(খ) ঐ সময়ে ঐ প্রতিষ্ঠানের ব্যয়ের পরিমাণ এক কোটি ছয় লক্ষ চুয়ান্ন হাজার আট শত তিয়াত্তর টাকা।

Appointment of Muslim Marriage Registrar and Kazi

***213.** (Admitted Question No. *1069) **Chowdhary Abdul Karim and Shri Saugata Roy** : Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state —

(a) Whether there is any proposal to appoint a separate Muslim Marriage Registrar and Kazi for every Police Station in West Bengal;

(b) If so,

(i) What progress has been made in this regard so far; and

(ii) When is the proposal likely to be fully implemented ?

Minister-in-charge of Judicial Department :

(a) No.

(b) (i) Does not arise.

(ii) Does not arise.

শ্রীলামপুরে সামাজিক বনসৃজন

*২১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬২।) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমান আর্থিক বছরে (ফেব্রুয়ারি, ১৯৯২ পর্যন্ত) হাওড়া জেলার শ্যামপুর ১নং ব্লকের অন্তর্গত বেলাড়ী গ্রাম পঞ্চায়েতের শ্রীলামপুর মৌজায় সামাজিক বনসৃজন পরিকল্পনায় কত টাকা মঞ্জুর হয়েছিল;

(খ) তন্মধ্যে ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে; এবং

(গ) ঐ টাকা কোন দপ্তর হইতে ব্যয় হয়েছে?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৩৫,১০০ টাকা মঞ্জুর করা হয়েছিল।

(খ) ব্যয়িত অর্থের পরিমাণ ২৪,৮০১ টাকা।

(গ) হাওড়া জেলা পরিষদ ও বন দপ্তর থেকে ঐ টাকা ব্যয়িত হয়েছে।

কারিগরি বিদ্যালয়ের অপ্রতুলতা

*২১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৮।) **শ্রী সুশান্ত ঘোষ ঃ** কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, প্রয়োজনের তুলনায় এই রাজ্যে কারিগরি বিদ্যালয়ের সংখ্যা কম;

(খ) সত্যি হইলে,

(১) নূতন কারিগরি বিদ্যালয় স্থাপনের কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(২) তন্মধ্যে, মেদিনীপুর জেলায় কোনও বিদ্যালয় স্থাপন করার পরিকল্পনা আছে কিনা?

কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

ডিয়ার পার্ক

*২১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৪।) **শ্রী ধীরেন সেন ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বীরভূম জেলার মহম্মদ বাজার থানার বনাঞ্চলে "ডিয়ার পার্ক" স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, তাহা রূপায়ণে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ঘূর্ণীতে টেকনিক্যাল স্কুলের গৃহনির্মাণ

*২১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৭।) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার কৃষ্ণনগর শহরের ঘূর্ণীতে টেকনিক্যাল স্কুলের গৃহনির্মাণের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হইলে, স্কুল গৃহ নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর শহরের ঘূর্ণীতে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং সেন্টার এর গৃহ নির্মাণের জন্য জমি নেওয়ার একটি প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

(খ) উক্ত জমি পাওয়া গেলে তারপর গৃহ নির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায়।

প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় বনভূমি সংরক্ষণ

*২২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৪।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবঙ্গে প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখার জন্য বনভূমির পরিমাণ কত হওয়া প্রয়োজন;

(খ) পশ্চিমবঙ্গে (ডিসেম্বর, ১৯৯১ পর্যন্ত) বনভূমির পরিমাণ কত;

(গ) রাজ্যের মোট জমির কত শতাংশ বনভূমি; এবং

(ঘ) বনভূমি সংরক্ষণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) জাতীয় বনভূমি সংক্রান্ত নীতি অনুযায়ী মোট জমির অন্তত পক্ষে এক তৃতীয়াংশ বনভূমি হওয়া প্রয়োজন, পার্বত্য এলাকায় অন্তত পক্ষে দুই তৃতীয়াংশ বনভূমি।

(খ) ১১,৮৭৯ বর্গ কিলোমিটার।

(গ) ১৩.৪ শতাংশ।

(ঘ) বনভূমি সংরক্ষণের জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ঃ—

(১) ভারতীয় বন আইন ১৯২৭ সংশোধন করা হয়েছে এবং ইহাতে দুস্কৃতকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তি দানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

২। করাতকল এবং সহযোগী শিল্পের বে-আইনি প্রসার যাতে না ঘটে তার জন্য করাতকল আইন বলবৎ করা হয়েছে।

৩। কাঠ ও বনজাত সামগ্রী চলাচল নিয়ন্ত্রণের জন্য নিয়মাবলি চালু করা হয়েছে।

৪। বন সংরক্ষণের জন্য পঞ্চায়েতের সহযোগিতায় বন সংরক্ষণ কমিটি গঠন করা হয়েছে।

৫। ১৯৮০ সালে বন সংরক্ষণ আইন চালু করা হয়েছে। এই আইনে বনভূমি এলাকা যাতে কমে না যায় তার জন্য বিধি নিষেধ আরোপ করা হয়েছে।

৬। বনের বিভিন্ন গুরুত্বপূর্ণ অঞ্চলে বেতার যন্ত্র স্থাপন করা হয়েছে।

৭। উত্তরবঙ্গে জঙ্গল সংরক্ষণের জন্য আগ্নেয়াস্ত্র সহযোগে বন রক্ষী বাহিনী গঠন করা হয়েছে।

৮। পরিবেশের এক অবিচ্ছেদ্য অঙ্গ বনভূমি সংরক্ষণ সৃজন সংরক্ষণের জন্য জনমত তৈরি করার প্রচেষ্টা করা হচ্ছে।

বর্ধমানে বনাঞ্চল সৃষ্টি

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭৬।) **শ্রী সমর বাওড়া ঃ** বন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

বিগত পাঁচ বছরে বর্ধমান জেলায় —

(ক) নূতন বনাঞ্চল সৃষ্টি;

(খ) ক্ষয়প্রাপ্ত বনাঞ্চল পুরুজ্জীবন; এবং

(গ) শহরাঞ্চলে সবুজায়ন করার সম্পর্কে কি কি উদ্যোগ নেওয়া হয়েছিল?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৮৭-৮৮ থেকে ১৯৯১-৯২ সাল পর্যন্ত মোট ২৬২৫ হেক্টর বন এলাকায় নূতন বনাঞ্চল সৃষ্টি করা হয়েছে।

ইহা ছাড়া ১৯,৬৯৬ হেক্টর ব্যক্তিগত মালিকানাধীন জমিতে চারা গাছ বিতরণের মাধ্যমে

বনসৃজন করা হয়েছে।

(খ) ঐ পাঁচ বৎসরে প্রায় ৩,০০০ হেক্টর ক্ষয় প্রাপ্ত বনাঞ্চল পুনরুজ্জীবিত করা হয়েছে।

(গ) দুর্গাপুর আসানসোল এলাকায় ১৮ হেক্টর জমিতে বনসৃজন করা হয়েছে। বর্ধমান শহরে কৃষ্ণসায়র এলাকায় প্রায় ৮ হেক্টর জমিতে বনসৃজন করা হয়েছে। ইহা ছাড়া বর্ধমান এবং কাটোয়ায় সবুজায়ন প্রয়াসে পার্ক, শিশু উদ্যান সৃষ্টি করা হয়েছে।

Acquisition of land for Haldia Petro-Chemical Projects

***225.** (Admitted Question No. *1440) **Shri Sukumar Das and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state —

(a) The total area of land acquired for the Haldia Petro-Chemical Project;

(b) The total area of land which has so far been handed over to the Haldia Petro-Chemicals Ltd;

(c) The amount paid/proposed to be paid as compensation for the land acquired for the project; and

(d) The steps taken/proposed for rehabilitation of the persons evicted ?

Minister-in-charge of Land and Land Reforms Department :

(a) 906.035 acres.

(b) 832.915 acres.

(c) Amount already paid Rs. 4,47,91,437.14. Amount proposed to be paid about Rs. 1.5 crores.

(d) Arrangements are being made to rehabilitate about 517 evictees on 130.25 acres of land.

শান্তিপুরের রাষ্ট্রীয় উদ্যান

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯৬।) শ্রী অজয় দে ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) নদীয়া জেলার শান্তিপুরের রাষ্ট্রীয় উদ্যানের উন্নয়নের জন্য বর্তমানে কোনও পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, তা কি ধরনের এবং কত দিনের মধ্যে উহার কাজ শুরু হবে বলে আশা করা যায়?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

কল-কারখানার পরিবেশ দূষণ রোধ

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যে যে সব কল-কারখানা কাজের পরিবেশ দূষণ করছে তা রোধ করার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করছেন?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

Water (Prevention and Control of Pollution) Act 1947, Air (Prevention and Control of Pollution) Act 1981, Environment Protection Act 1986. এবং Bengal Smoke Nuisance Act 1905 এই সকল আইনগুলি দ্বারা পরিবেশ দূষণকারী কলকারখানাগুলিকে নিয়ন্ত্রণ করা হয়ে থাকে। দূষণকারী কলকারখানাগুলি নিয়মিত তদারক করা এবং দূষণ রোধকারী যন্ত্রপাতি ব্যবহারের নির্দেশ দেওয়া হয়ে থাকে। নির্দেশ আমানতকারীদের বিরুদ্ধে প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়।

বন্য হাতির আক্রমণ

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৯।) **শ্রী আব্দুল মান্নান ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, কোচবিহার, জলপাইগুড়ি, মেদিনীপুর ও বাঁকুড়া জেলায় বন্য হাতির আক্রমণ থেকে গ্রামবাসীদের রক্ষা করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;

(খ) সত্যি হইলে,

(১) এই পরিকল্পনার রূপরেখা কিরূপ;

(২) এরজন্য কত টাকা ব্যয় হবে; এবং

(৩) কবে নাগাদ ঐ পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) হস্তী প্রকল্পে এ রাজ্যের বনাঞ্চলগুলিকে দুইটি ভাগে চিহ্নিত করা হইয়াছে উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও দার্জিলিং জেলা লইয়া একটি অঞ্চল এবং দক্ষিণ পশ্চিমবঙ্গের বিহার সীমান্তের সংলগ্ন পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর লইয়া অপর একটি অঞ্চল। হস্তীদের বাসস্থান সংরক্ষণ ও উন্নতিবিধান, হস্তীদের উপদ্রব নিয়ন্ত্রণে রাখার জন্য কুপকী হাতির দল ও স্কোয়াড গঠন, হাতির গমনাগমন পথের সুরক্ষা, হস্তীর উপদ্রব ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের বাস্তব ভিত্তিতে ক্ষতিপূরণ প্রদান ও অভয়ারণ্য গঠনই এই প্রকল্পের মুখ্য উদ্দেশ্য।

(২) পাঁচ বছরের আর্থিক বরাদ্দের পরিমাণ ধরা হয়েছিল পৌনঃপুনিক ব্যয় মোট ২৪৩.৯০ লক্ষ টাকা অপৌনঃপুনিক ব্যয় মোট ২৪৯.৬৩ লক্ষ টাকা।

(৩) বিগত ৫ই ফেব্রুয়ারি ১৯৯২ সালে দিল্লিতে হস্তী প্রকল্প লইয়া যে আলোচনা হইয়াছে তাহাতে ভারত সরকার হস্তী প্রকল্প অনুমোদন করিয়াছেন এবং ১৯৯১-৯২ সালের জন্য আংশিক পরিমাণ দশ লক্ষ টাকা শতকরা ১০০ ভাগ কেন্দ্রীয় সাহায্য হিসাবে প্রদান করিতে প্রতিশ্রুতি দিয়াছেন।

দক্ষিণ ২৪-পরগনা জেলায় হাই ও জুনিয়ার মাদ্রাসা

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩২।) **শ্রী আবুল বাসার ঃ** শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলায় বর্তমানে কতগুলি হাই ও জুনিয়ার মাদ্রাসা আছে;

(খ) (১) জুনিয়ার হাই মাদ্রাসাগুলিকে পর্যায়ক্রমে হাই মাদ্রাসায় উন্নীত করার; ও

(২) নূতন মাদ্রাসা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(গ) থাকলে, উহার রূপরেখা কিরূপ?

শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলায় বর্তমানে ১৩ (তের)টি সরকার অনুমোদিত হাই মাদ্রাসা এবং ১৮ (আঠারো)টি জুনিয়ার হাই মাদ্রাসা আছে।

(খ) (১) বর্তমান আর্থিক বছরে (১৯৯১-৯২) রাজ্যের বিভিন্ন জেলার ২৩ (তেইশ)টি জুনিয়ার হাই মাদ্রাসকে হাই মাদ্রাসায় উন্নীত করার পরিকল্পনা আছে।

(২) বর্তমান আর্থিক বছরে নূতন কোনও মাদ্রাসা করার পরিকল্পনা নেই।

গ) (১) রুপরেখা

(গ) ১৯৮০ সালের পর্যন্ত যে সমস্ত মাদ্রাসা সরকারি অনুমোদন পেয়েছে, তার মধ্যে যেগুলি অনুমোদন পাবার যোগ্য বলে বিবেচিত হবে, সেগুলির মধ্যে ২৩টিকে হাই মাদ্রাসায় উন্নীত করার পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রাথমিক পর্যায়ে পশ্চিমবঙ্গ মাদ্রাসা বোর্ড জেলা ভিত্তিক অনুমোদন প্রাপ্ত জুনিয়ার মাদ্রাসার তালিকা শিক্ষা আধিকারিকের কাছে পাঠিয়েছেন। শিক্ষা আধিকারিক তালিকাগুলি সংশ্লিষ্ট জেলা পরিদর্শকের কাছে প্রয়োজনীয় তথ্য সহ মতামতের জন্য পাঠিয়েছেন। বর্তমানে পরিদর্শনের কাজ চলছে।

(২) প্রশ্ন ওঠে না।

পঞ্চায়েত পদাধিকারীদের রেলপথে ভ্রমণ ভ্রাতা

*২৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৬।) **ডাঃ মোতহার হোসেন** ঃ পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ত্রিস্তর পঞ্চায়েতের পদাধিকারীগণ রেলপথে ভ্রমণে সরকারি খরচ পান কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কোন শ্রেণীর সুবিধা পেয়ে থাকেন?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) গ্রাম পঞ্চায়েতের প্রত্যেক পদাধিকারী অর্থাৎ প্রধান বা উপ প্রধান যদি মাসে অন্তত একবার সভায় হাজিরা দেন তবে মাসে পাঁচ টাকা নির্দিষ্ট হারে প্রদেয় ভাতা পাওয়ার যোগ্য। রেলপথে ভ্রমণের জন্য আলাদা কোনও ভাতার ব্যবস্থা নেই।

(২) পঞ্চায়েত সমিতির প্রত্যেক পদাধিকারী অর্থাৎ সভাপতি বা সহকারি সভাপতি ৫,১০০ টাকা বা তদুর্দ্ধ মাসিক বেতন প্রাপ্ত সরকারি আধিকারিকদের সঙ্গে সমভাবে রেলপথে ভ্রমণের জন্য বাতানুকূল প্রথম শ্রেণীতে ভ্রমণ করার যোগ্য।

(৩) জেলা পরিষদের পদাধিকারীগণ অর্থাৎ সভাধিপতি ও সহকারি সভাধিপতি ৫,১০০ টাকা বা তদুর্দ্ধ মাসিক বেতন প্রাপ্ত সরকারি আধিকারিকদের সঙ্গে সমভাবে রেলপথে ভ্রমণের জন্য বাতানুকূল প্রথম শ্রেণীতে ভ্রমণ করার যোগ্য।

গ্রামীণ গ্রন্থাগারগুলির গৃহনির্মাণ

*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯৪।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি** ঃ শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) মঞ্জুরীকৃত গ্রামীণ গ্রন্থাগারগুলির গৃহনির্মাণের বিষয়ে রাজ্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) উক্ত গ্রন্থাগারগুলিতে পুস্তক ক্রয়ের জন্য বাৎসরিক কত টাকা দেওয়া হয়?

শিক্ষা (গ্রান্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বাজেট অনুমোদন সাপেক্ষে আছে।

(খ) বর্তমান বৎসরে (১৯৯১-৯২) গ্রন্থ ক্রয় বরাদ্দ ৩২০০ টাকা প্রতিটি গ্রন্থাগারকে দেওয়া হয়েছে।

ভূমিহীনদের জমি বিতরণ

*২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৬।) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) গাইঘাটা পঞ্চায়েত সমিতির অধীনে ১৯৮৮ সাল হইতে ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত কতজন ভূমিহীনদের মধ্যে কত পরিমাণ জমি বিলি করা হয়েছে; এবং

(খ) তন্মধ্যে তফসিলি জাতি ও উপজাতির ভূমিহীনদের সংখ্যা কত?

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৫৪৯ জন ভূমিহীনদের মধ্যে উক্ত সময়কালে ৪৮.২৪ একর জমি বিলি করা হয়েছে।

(খ) তফসিলি জাতি ও তফসিলি উপজাতির সংখ্যা যথাক্রমে ৩০১ জন ও ২৬ জন।

১৯৯১-৯২ সালে গ্রামীণ উন্নয়নে খরচ

*২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮৮।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** গ্রামীণ উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

১৯৯১-৯২ আর্থিক বছরে (৩১-১-৯২ পর্যন্ত) রাজ্যে গ্রামীণ উন্নয়নে কত টাকা ব্যয় হয়েছে?

গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

১৯৯১-৯২ আর্থিক বছরে গ্রামোন্নয়ন দপ্তর কর্তৃক নির্ধারিত বিভিন্ন গ্রামীণ উন্নয়ন প্রকল্পে ৩১শে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত ব্যয়ের হিসাব নিম্নরূপ ঃ—

(১) আই. আর. ডি. পি. ও সংশ্লিষ্ট কর্মসূচি ৩,৯৬৭.০৩ লক্ষ টাকা।

(২) জে. আর. ওয়াই. ১২,১০৪.১৮ লক্ষ টাকা।

উলুবেড়িয়ায় জেলা জর্জ কোর্ট উদ্বোধন

*২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৫।) **শ্রী আব্দুল মান্নান ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, ১৯৯০ সালে উলুবেড়িয়ায় সহকারি জেলা জর্জ কোর্টের উদ্বোধন হয়;

(খ) সত্যি হইলে,

(১) কবে থেকে ঐ আদালতে মামলার শুনানী শুরু হয়েছে; এবং

(২) ঐ আদালতে ৩১-১-৯২ পর্যন্ত কতগুলি মামলার শুনানী নিষ্পত্তি হয়েছে?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯০ সালে উলুবেড়িয়ায় কোন সহকারি জেলা জজ কোর্টের উদ্বোধন হয় নি। তবে ১৯৮৯ সালে ২রা জানুয়ারি উলুবেড়িয়ায় একটি সহকারি জেলা জজ কোর্ট উদ্বোধন হয়।

(খ) (১) ৭-১-৮৯ তারিখ থেকে।

(২) ৩১-১-৯২ পর্যন্ত ১৭৯টি দেওয়ানি মামলার শুনানীর পর নিষ্পত্তি হয়েছে এবং ১২টি ফৌজদারি মামলার শুনানী হয়েছে কিন্তু নিষ্পত্তি হয় নি।

সুন্দরবনে বন দপ্তরের অফিসে পর্যটকদের সুযোগ সুবিধা

*২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৮।) **শ্রী শীশ মহম্মদ ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সুন্দরবন এলাকায় কোথায় কোথায় বন দপ্তরের অফিস আছে;

(খ) উক্ত অফিসগুলির অধীনে কোথায় কোথায় পর্যটকদের রাত্রি যাপনের অথবা থাকার ব্যবস্থা আছে; এবং

(গ) ঐ সমস্ত আবাসে গরমকালে বৈদ্যুতিক পাখার ব্যবস্থা করা হয়েছে কিনা?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সুন্দরবন এলাকায় বন দপ্তরের মোট ১৪টি অফিস নিম্নলিখিত স্থানগুলিতে আছে ঃ—

১। ডায়মন্ডহারবার।	২। রামপুর।
৩। নামখানা।	৪। বকখালি।
৫। ভগবতপুর।	৬। রায়দীঘি।
৭। ক্যানিং।	৮। বিঙ্গাখালি।
৯। বাগনা।	১০। দত্তার।
১১। সজনেখালি।	১২। পাখীরালয়।
১৩। বিধ্যা।	১৪। গোসাবা।

(খ) উপরোক্ত অফিসগুলির অধীনে পর্যটকদের রাত্রি যাপনের বা থাকার কোনও আবাস নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

Family Courts

***237.** (Admitted Question No. *1056) **Shri Ambica Banerjee and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state —

(a) What progress has been made during 1991-92 (up to 31-1-92) on the proposal to establish Family Courts under the Family Courts Act; and

(b) The reasons/impediments for delay/slow progress, if any ?

Minister-in-charge of Judicial Department :

(a) The High Court, Calcutta u/s 21 of the family Courts Act, 1984 and the State Govt. u/s 25 of the said act have framed Rules. On re-examination some modifications have been made in the said draft Rules fromed by the State Govt., and High Court's views on the same are awaited.

Provision for accommcodation and staff for one Family Court in Calcutta have been made ready, and the accommodation for another Court in Calcutta is being made ready. The establishment of Family Courts in the Districts will be taken up in phases.

(b) On receipt of the High Court's views establishment of the Family Court's will be expedited.

নয়াচরের জমি লীজ

*২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৩।) শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার নয়াচরের (মণিদ্বীপ) জমি কলকাতা বন্দর কর্তৃপক্ষকে লীজ দেওয়া হয়েছে;

(খ) সত্যি হইলে,

(১) লীজ দেওয়া জমির পরিমাণ কত; এবং

(২) কি কি শর্তে এই লীজ দেওয়া হয়েছে?

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) নয়াচরের জমি এখনও পর্যন্ত কলকাতা বন্দর কর্তৃপক্ষকে লীজ দেওয়া হয় নাই।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) প্রশ্ন ওঠে না।

খাস জমিতে খেলার মাঠ

*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৬।) শ্রী অমিয় পাত্র ঃ ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সরকারি খাস জমিতে প্রয়োজনীয় ক্ষেত্রে খেলার মাঠ করার জন্য স্কুল বা ক্লাবকে দেওয়ার কোনও বিধান আছে কি; এবং

(খ) থাকলে, তা কিরূপ?

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কেবলমাত্র স্কুল বা ক্লাবকে খাস জমি দেওয়ার কোনও স্বতন্ত্র বিধান নেই। বিভিন্ন প্রতিষ্ঠান বা ব্যক্তিকে খাস জমি দেওয়ার নিয়মই একর ক্ষেত্রে প্রয়োগ করা হয়।

(খ) পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের ৪৯ ধারা এবং ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড ম্যানেজমেন্ট ম্যানুয়ালের ষষ্ঠ পরিচ্ছেদ দ্বারা এরূপ সিদ্ধান্ত নিয়ন্ত্রিত হয়।

Anti-Poverty Programmes

***241.** (Admitted Question No. *1446) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Rural Development Department be pleased to state —

(a) Whether the State Government has been asked by the Centre to prepare a Register of people living below poverty line in all villages to help in proper identification of the rural poor and to ensure proper implementation of Anti-Poverty Programmes;

(b) If so,

(i) The brief outlines of the guidelines received from the Centre regarding preparation of such Register; and

(ii) The actions taken by the State Government in this regard ?

Minister-in-charge of Rural Development Department :

(a) Yes.

(b) (i) Brief outline of the guidelines is as follows :—

— Preliminary survey of all families in a village by using a prescribed format.

— Preparation of draft list of BPL (Below Poverty Line) families indication the 4 annual income ranges — Rs. 0 — 4,000; Rs. 4001 — 6000; Rs. 6001 — 8500 and

Rs. 8501 — 11,000.

— Displaying draft BPL list for inviting objections and subsequent finalisation in Gram Panchayat Meeting.

— Displaying of approved list in Gram Panchayat and Block Offices.

— Making copies of final list available to all concerned.

(ii) Necessary instructions in this line have been issued to the District Magistrates.

গ্রামীণ গ্রন্থাগারের বই কেনার জন্য আর্থিক সহায়তা

*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৭।) **শ্রী ধীরেন সেন** ঃ শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে (৩১শে জানুয়ারি পর্যন্ত) শহর অথবা গ্রামীণ গ্রন্থাগারগুলিকে বই কেনার জন্য কোনওরূপ আর্থিক সাহায্য দেওয়া আছে কি না;

(খ) হইলে,

(১) কতগুলি গ্রন্থাগারকে সাহায্য দেওয়া হয়েছে;

(২) কত টাকা করে দেওয়া হয়েছে; এবং

(৩) বীরভূম জেলার সংখ্যা কত?

শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হয়েছে।

(খ) (১) ২২৪২টি গ্রামীণ গ্রন্থাগার ও ২৩২টি শহর গ্রন্থাগারকে সাহায্য দেওয়া হয়েছে।

(২) গ্রন্থ ক্রয় বাবদ ৩২০০্ টাকা করে প্রতিটি গ্রামীণ গ্রন্থাগারকে দেওয়া হয়েছে। পুস্তক ক্রয় বাবদ ৮০০০্ টাকা করে প্রতিটি শহর গ্রন্থাগারকে দেওয়া হয়েছে।

(৩) গ্রামীণ গ্রন্থাগার — ১১২টি।

শহর গ্রন্থাগার — ১০টি।

Acquisition of Vacant Land in Urban Areas

***243.** (Admitted Question No. *1048) **Shri Deoki Nandan Poddar and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state —

(a) The progress so far made in the matter of Acquisition of Vacant Land in Urban Areas under the Urban Land (Ceiling and Regulation) Act, 1976 up to 31st January, 1992;

(b) The total area of such land so far declared as vested; and

(c) The total area of such vested land so far allotted by the State Level Advisory Committee ?

Minister-in-charge of Land and Land Reforms Department :

(a) & (b) After the introduction of the Urban Land (Ceiling & Regulation) Act, 1976 in this State an area of 17,31,540.636 Sq.mts. of excess vacant land has been declared to have vested in the State under section 10(3) of the Act.

(c) The total area of vested land so far allotted by the State Govt. upto 31.1.92 is 2,74,715.59 Sq.mts. The State level advisory Committee does not have the power to allot such vested land.

জয়কৃষ্ণ সাধারণ গ্রন্থাগারের গ্রন্থাগারিকের পদপূরণ

***২৪৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫৬।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, উত্তরপাড়া জয়কৃষ্ণ সাধারণ গ্রন্থাগারে গ্রন্থাগারিকের পদটি শূন্য আছে;

(খ) সত্যি হইলে, কবে থেকে এই পদটি শূন্য আছে; এবং

(গ) উক্ত শূন্য পদটি পূরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ শূন্য আছে।

(খ) ১লা নভেম্বর ১৯৯০ থেকে।

(গ) অন্যান্য সরকারি গ্রন্থাগারের পদ পূরণের বিধি অনুযায়ী এই পদও পূরণের ব্যবস্থা করা হবে।

শ্রীলামপুর মৌজায় হরিণ প্রকল্প

*২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬৩।) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হাওড়া জেলায় শ্যামপুর ১ নং ব্লকের অধীন বেলাড়ী গ্রাম পঞ্চায়েতের শ্রীলামপুর মৌজায় হরিণ প্রকল্প বাবদ কত টাকা মঞ্জুর হয়েছিল; এবং

(খ) তন্মধ্যে ৩১-১-৯২ পর্যন্ত খরচের পরিমাণ কত?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১ লক্ষ ৯৫ হাজার টাকা মঞ্জুর করা হয়েছিল।

(খ) ১ লক্ষ ১৩ হাজার ৫৮ টাকা।

ভূমিহীনদের মধ্যে খাস জমি বিতরণ

*২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯৫।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯১ সাল পর্যন্ত পশ্চিম বাংলায় সরকার কর্তৃক ন্যস্ত খাস জমির কত একর ভূমিহীনদের মধ্যে বিলি করা হয়েছে;

(খ) এর ফলে কত জন ভূমিহীন ব্যক্তি উপকৃত হয়েছে;

(গ) উপকৃত ভূমিহীনদের মধ্যে কত জন

(১) তফশিলি উপজাতি; এবং

(২) তফশিলি জাতিভুক্ত?

ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৯.২০ লক্ষ একর ন্যস্ত জমি ভূমিহীনদের মধ্যে বিলি করা হয়েছে।

(খ) ২০.০৮ লক্ষ ভূমিহীন উপকৃত হয়েছে।

(গ) উক্ত ভূমিহীনদের মধ্যে

(১) তফশিলি (উপজাতির) জাতিভুক্তদের সংখ্যা ৩.৮৭ লক্ষ।

(২) তফশিলি জাতিভুক্তদের সংখ্যা ৭.৪৬ লক্ষ।

ঠাকুরনগরে সরকারি গ্রন্থাগার স্থাপন

*২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৪।) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) উত্তর ২৪-পরগনা জেলার গাইঘাটা বিধানসভার অন্তর্গত ঠাকুরনগরে একটি সরকারি গ্রন্থাগার স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ এই পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

বন বিভাগের অস্থায়ী কর্মচারী

*২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৩।) **শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, বন বিভাগের অনেক অস্থায়ী কর্মচারী হাইকোর্টের নির্দেশে স্থায়ী কর্মচারিদের মতন আর্থিক সুযোগ সুবিধা পাচ্ছেন;

(খ) সত্যি হইলে, সারা রাজ্যে এরূপ কর্মচারীর সংখ্যা কত; এবং

(গ) এ বাবদ রাজ্য সরকারের বছরে কত টাকা ব্যয় হয়?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

গরিব চাষীদের জমি ক্রয়ে আর্থিক সাহায্য

*২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬১১।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার ভূমিহীন/গরিব চাষীদের জমি ক্রয়ের ব্যাপারে আর্থিক সাহায্য দেবার কথা ভাবছেন; এবং

(খ) সত্যি হইলে, কি পদ্ধতিতে সাহায্য করা হবে?

ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বিপন্ন অবস্থায় রায়ত যদি তাঁর জমি বিক্রয় করতে চান, তবে সে জমি কিনতে বর্গাদারকে সাহায্য করার চিন্তা সরকারের আছে।

(খ) পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনে ২১(সি) ধারা মতে গঠিত কর্পোরেশনের মাধ্যমে এই সাহায্য করা হবে।

Adjournment Motion

Mr. Speaker : Today I have received one notice of Adjournment Motion from Shri Abdul Mannan on the subject of non-availability of medicines in the Government Hospitals of the State.

The subject matter of the motion does not call for adjournment of business of the House. The Member may call the attention of the Minister concerned through Calling Attention, Question, Mention etc.

I, therefore, with hold my consent to the motion. The Member may, however, read out the text of his motion as amended.

শ্রী আব্দুল মান্নান ঃ জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ের উপর আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল — ঔষুধপত্র সরবরাহ ঠিকমতো না হওয়ায় রাজ্যের হাসপাতালগুলিতে রোগীরা চিকিৎসার সুবিধা পাচ্ছেন না। বেশির ভাগ হাসপাতালেই রোগীদের বাইরে থেকে ঔষুধ কিনে নিয়ে আসতে হচ্ছে। গরিব রোগীরা এক অসহায় অবস্থায় পড়েছেন। অবিলম্বে প্রয়োজনীয় ঔষুধগুলো হাসপাতালে সরবরাহের ব্যবস্থা করা প্রয়োজন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি সদস্যদের কাছে জানাচ্ছি যে, আগামী ২৬ তারিখে নন্দন প্রেক্ষাগৃহে আমরা সত্যজিৎ রায়ের যে শেষ ফিল্মটি তৈরি হয়েছে — 'আগন্তুক', এটা পরিবেশনের ব্যবস্থা করেছি। আমি আপনার মাধ্যমে সমস্ত সদস্যদের আমন্ত্রণ জানাচ্ছি, অনুষ্ঠানটি হবে সন্ধ্যা সাড়ে ৬ টায়।

POINT OF INFORMATION

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিচক্ষণ ব্যক্তি You are a famous lawyer. স্যার, আজকে যে কোয়েশ্চেন দিয়েছেন তাতে দেখছি, হেল্ড ওভার কোয়েশ্চেন দিয়েছেন ৮টি আর রেগুলার কোয়েশ্চেন দিয়েছেন ৫৫টি। Question Hour is one hour i. e. 60 minutes. যদি ১ মিনিট ডাকতে যায় তাহলে Is it the intention of the secretariat and the chair ? আমরা প্রশ্নের উত্তর পাব না। অথচ অন্যদিন দেখছি আলাদা। আজকে আপনি হেল্ড ওভার প্রশ্ন ৮টা করে শেষ করে দিলেন, একটা বলতে ২০ মিঃ চলে গেল, আর একটা বলতে ১০ মিঃ চলে গেল, তাই আপনার কাছে প্রতিকার চাইছি এই যে আপনি দিয়েছেন ৫৫টা প্রশ্ন। We are patient but at times

we become impatient because of the inordinate delay. তাহলে এর ইমপ্লিকেশনটা কি, আপনি একটা ব্যবস্থা করুন। যার উত্তর হল না — That will be treated as written answer or it will be a part of the record. না হলে একটা ব্যবস্থা করুন, যেন আমরা একটা সুযোগ পাই। এই সুযোগ লোকসভা ও অন্যান্য বিধানসভাগুলিতে আছে। আমরা মনে করি যেখানে ৫৫টা কোয়েশ্চেন দিয়েছেন রেগুলার আর ৮টা দিয়েছেন হেল্ড ওভার সেখানে বিকজ অফ দি ট্রেজারি বেঞ্চ আমরা মনে করছি, স্যার ইট ইজ এ রাইট মেইনলি অপজিশান আগে এই বিষয়ে প্রশ্ন করত।

আজকে তো ট্রেজারী বেঞ্চও কোয়েশ্চেন করছে এবং এই ব্যাপারে আমাদের কোনও আপত্তি নেই। আমরা টু এলিসিট ইনফর্মেশন কোয়েশ্চেন করি। আজকে এইভাবে যদি আপনি একটি প্রশ্নের জন্য যদি ২০ মিঃ সময় দেন তাহলে তো হবে না। ইট ইজ এ ফ্ল্যাট ডিনায়েল। তাহলে আমরা যাই কোথায়। তাই আমরা এর প্রতিকার চাইছি। ইউ আর এ ভেরি ভেরি ফেমাস অ্যান্ড রেপুটেড ক্রিমিনাল ল'ইয়ার। আপনি এই ব্যাপারে একটু বলুন।

মিঃ স্পিকার ঃ ডাঃ আবেদিন, থ্যাঙ্ক ইউ ফর ইওর ইওলজি। আমাদের সেক্রেটারিয়েটে অনেক প্রশ্ন পড়ে এবং আমরা চেষ্টা করি যত বেশি সংখ্যায় প্রশ্নের মৌখিক উত্তর এখানে দেওয়ানো যায়। তবে হেল্ড ওভার প্রশ্নটাই সাধারণত আগে করা হয়ে থাকে। তবে প্রত্যেক দিনই আট থেকে দশটার বেশি প্রশ্ন হয় না। যে প্রশ্ন করে সে তিনটে সাপ্লিমেন্টারী পায়, আর পাঁচ জন একটা করে পায়। তার মানে হল যদি আমরা ১০টা প্রশ্ন করতে পারি তাহলে ৮০টি প্রশ্ন হয়। আমার মনে হয় এক ঘন্টায় ৮০টার বেশি প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়। তবে কোনও কোনও দিন গুরুত্বপূর্ণ প্রশ্ন থাকলে আমি সেটার কিছু বেশি সাপ্লিমেন্টারী অ্যালাউ করি। আমি তো নিরুপায়। আমি কোনও মন্ত্রীকে বলতে পারি না যে আপনি এর প্রশ্নের উত্তর দেবেন না। আবার কোনও কোনও মন্ত্রী হ্যাঁ, বা না-তে প্রশ্নের উত্তর দেয়। এতে আপনারা আবার অসন্তুষ্ট হন। তবে এটা ঠিক যে ৫০।৬০টা প্রশ্নের উত্তর হয় না। তবে আমাদের প্রসিডিংস-এ যে প্রশ্নগুলি হল সেগুলিও ছাপা হয়, আর যেগুলো লেইড অন দি টেবল অফ দি হাউস সেগুলিও ছাপা হয়। আমার মনে হয় এর কোনও বিকল্প পথ নেই। যদি আপনাদের মাথায় থেকে থাকে কিছু তাহলে আপনারা সেই বিকল্প পথ বলুন, আমরা বিবেচনা করব।

শ্রী সৌগত রায় ঃ স্যার, লোকসভায় একদিনে ২০টার বেশি ওরাল প্রশ্ন লিস্টেড থাকে না। আর বাকি কোয়েশ্চেনগুলি রিটিনে চলে যায় এবং কোন কোন কোয়েশ্চেনগুলি হবে তার জন্য ব্যালটের মাধ্যমে ঠিক করা হয়। আপনি এখানে ৫৫টা কোয়েশ্চেন লিস্টেড করলেন, কিন্তু আটটার বেশি হল না। এর থেকে ঐরকম ভাবে চয়েস করে কিছু প্রশ্ন নিয়ে

বাকিগুলি রিটিনে চলে যাওয়া ভাল। আপনি একটা ডিসাইড করবেন যে কোন কোয়েশ্চেনগুলি ওরাল অ্যানসার হবে, আর কোনগুলির রিটিন অ্যানসার হবে।

[12-10 — 12-20 P.M.]

মিঃ স্পিকার ঃ ব্যালটে আপনার কি সুবিধা হবে সেটা আমি জানি না। রুলিং পার্টির সংখ্যা অনেক বেশি তো। একবার তো ব্যালট উইথড্র করে মোশন এনেছিলেন। ওঁদের সংখ্যাটা অনেক বেশি সুতরাং ব্যালটে টিকতে পারবেন না। যদি বলেন ব্যালট তাহলে আমি কালকে থেকেই ব্যালট শুরু করে দেব।

শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ লোকসভাতে এই সুবিধাটা আছে যে, প্রত্যেক সদস্য একদিন আগে জানতে পারেন যে তাঁর প্রশ্ন কবে উঠবে না উঠবে? এখানে সেই পদ্ধতিটা চালু হলে খুবই ভাল হয় এবং সুবিধা হয়।

মিঃ স্পিকার ঃ এখানে মেম্বারদের সার্কুলেট করে জানিয়ে দেওয়া হয়। আমি যখন থেকে স্পিকার হয়েছি তখন থেকে আমি একটা নূতন পদ্ধতি চালু করেছি। টাইমটা ইকোয়ালি শেয়ার হবে। মেনশন এবং কোয়েশ্চেনের ব্যাপারে। সে রুলিং পার্টিই হোক বা অপোজিশনই হোক। হাফ অফ দি টাইম রুলিং পার্টি পাবে এবং হাফ অফ দি টাইম অপোজিশন পাবেন। আপনারা যদি লটারী করবার ডিমান্ড করেন তাহলে আমি কালকে থেকে ইন্ট্রোডিউস করব তাতে যেগুলির উত্তর দেওয়া যাবে সেগুলি হবে আর যেগুলি না হবে সেগুলি লেড অন দি টেবিল বলে ধরা হবে এবং পার্ট অফ দি প্রসিডিংস বলেও বিবেচিত হবে। এখানে কোয়েশ্চেন মিস কর' হয়েছে বা ড্রপ করা হয়েছে সেই প্রসঙ্গ যেন কেউ না তোলেন। আমি রুলিং এবং বিরোধী দলের সুযোগ দেবার জন্য আই অ্যাম ট্রায়িং মাই লেভেল বেস্ট।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ আজকে ৫৫টা প্রশ্ন ছিল এবং খুবই গুরুত্বপূর্ণ। আজকে আটটা প্রশ্ন মাননীয় পরিবেশ দপ্তরের মন্ত্রী দিয়েছেন। কিন্তু কলকাতায় যে সমস্ত জলাভূমি আছে সেগুলি ভর্তি হয়ে যাচ্ছে এই সম্পর্কেও একটা প্রশ্ন ছিল এবং হাইকোর্টের বিচারপতিকে পরিদর্শনে যেতে হয়েছে — এই রকম একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন ছিল কিন্তু সেটা হল না। আপনাকে অ্যাপ্রিসিয়েট করছি কারণ — আপনি কোয়েশ্চেনের জন্য ফিফটি পারসেন্ট এবং মেনশনের জন্য ৫০ পারসেন্ট সময় দেন। কিন্তু অন্যান্য প্রশ্নের তুলনায় এটা খুবই গুরুত্বপূর্ণ ছিল সেগুলি আজকে আলোচনা করা গেল না।

মিঃ স্পিকার ঃ মিঃ বন্দ্যোপাধ্যায়, হু অ্যাম আই টু ডিসাইড যে, এই কোয়েশ্চেনটা জরুরি, এই কোয়েশ্চেনটা জরুরি নয়। হোয়াট ইজ ইম্পরট্যান্ট অ্যান্ড হোয়াট ইজ নট মোর ইম্পরট্যান্ট এটা কে বিচার করবে? আমি পারি না। সিরিয়াল নম্বর অনুযায়ী পরপর যেগুলি আসবে সেগুলি উঠবে। এটা আমি ডিসাইড করতে পারি না। কোনটা গুরুত্বপূর্ণ, কোনটা গুরুত্বপূর্ণ নয় সেটা আমি ঠিক করতে পারি না। কাজেই আমি এই ব্যাপারে অপারগ।

শ্রী দীপক সেনগুপ্ত ঃ মিঃ স্পিকার স্যার, কোয়েশ্চেন নিয়ে আমাদের মেম্বারদের মধ্যে প্রচন্ড ক্ষোভ রয়েছে, অনেক সময় ভুল বোঝাবুঝি হয়। মনে হয় সাপ্লিমেন্টারী কম হলে, ইম্পরটেন্ট কোয়েশ্চেন আসতে পারে। অনেক সময় মনে হয় আগের যে কোয়েশ্চেনগুলো ছিল তার উত্তর একটু কম হলে, ট্রেজারী বেঞ্চ থেকে উত্তরটা কম করে দিলে পরের কোয়েশ্চেন হতে পারে। ডাঃ জয়নাল আবেদিন এবং সৌগত রায় যে কথা বলেছেন লটারির কথা তাতে প্রোপোরসনেট কোয়েশ্চেন এসে যাবে, আমরা ট্রেজারী বেঞ্চ অনেক সুবিধা পাব। কিন্তু আমি মনে করি সেটা ঠিক নয়। এখন প্রশ্ন প্রচুর আসবে। কারণ পঞ্চায়েত সিস্টেমের ফলে অ্যাসেম্বলির চরিত্রগত পরিবর্তন হয়েছে। অনেক রকম কোয়েশ্চেন এসে যাবে। আমি সাজেস্ট করি, যে সব কোয়েশ্চেনের উত্তর মন্ত্রীরা তৈরি করে নিয়ে আসবেন না, হেল্ড ওভার হবে, সেই কোয়েশ্চেনগুলো এইভাবে না এসে সেগুলো অটোমেটিক ডিল হয়ে উত্তর হয়ে যাবে। হেল্ড ওভার কোয়েশ্চেনগুলো অটোমেটিক অ্যানসার হিসাবে উত্তর হয়ে যাবে। এতে মেম্বাররা উপকৃত হবেন, পশ্চিমবঙ্গবাসীও উপকৃত হবেন। মন্ত্রীরা যদি তৈরি হয়ে আসেন, পেপার রেডি থাকে তাহলে হেল্ড ওভার কোয়েশ্চেনগুলো অটোমেটিক উত্তর হয়ে যাবে। এইটা যদি বিজনেস কমিটিতে বসে করতে পারেন তো ভাল হয়।

মিঃ স্পিকার ঃ মিঃ সেনগুপ্ত আপনার সাথে একমত হতে পারছি না। ও রকম হলে মাননীয় মন্ত্রীরা সুযোগ নিতে পারেন, অনেক গুরুত্বপূর্ণ প্রশ্ন হেল্ড ওভার করে উত্তর না দেওয়ার ওর‍্যালি।। এইটা ঠিক নয়, এইটা উচিত হবে না। এইটা নিয়ম হলে মন্ত্রীরা অন দি ফ্লোর অফ দি হাউসে উত্তর দেবেন না। মন্ত্রীরা দিতে পারেন না — অনেক সময় উত্তর আসে না সময় মতো তাঁদের দপ্তরে, মেটিরিয়ালস আসে না। সেইজন্য অনেক সময় টাইম দিয়ে থাকি। মন্ত্রীদের আমি অনেক সময় অনুরোধ করি আপনারা যেগুলোর উত্তর দিতে পারবেন না সেটা আগে থেকে জানাতে যাতে সেই প্রশ্নগুলো ছাপা না হয়। আগে থেকে জানালে আর সেই প্রশ্নগুলো ছাপা হয় না। অনেক সময় মন্ত্রীদের নানা রকম অসুবিধা থাকে যার ফলে আগে থেকে জানাতে পারেন না। হেল্ড ওভার কোয়েশ্চেন রিটিন হয়ে গেলে অনেক গুরুত্বপূর্ণ প্রশ্ন রিটিন হতে পারে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ স্যার, কোয়েশ্চেন নিয়ে দীর্ঘদিন ধরেই আমাদের নানা রকম অভিযোগ আপনি শুনেছেন, আপনি এগ্রি করেছেন। আমার মনে হয় সব চাইতে ভাল সমাধান হয় আপনি যেটা অনেকবার বলেছেন সেটা হলে, কিন্তু সেটা হচ্ছে না। লট অফ কোয়েশ্চেন হেল্ড ওভার হচ্ছে। আপনি মন্ত্রী মহাশয়দের বলেছেন, কিন্তু সেগুলো রেকটিফাই হচ্ছে না। আপনি যদি এটা করতে পারেন যে যত কম সম্ভব কোয়েশ্চেন হেল্ড ওভার হবে, তাহলে এই সমস্যার সমাধান হতে পারে। বারবার আপনি বলেছেন, কিন্তু সেটা কার্যকর হচ্ছে না। হেল্ড ওভারের যে গুরুত্বপূর্ণ কোয়েশ্চেন রয়েছে তার উপরে যেমন সাপ্লিমেন্টারী

করার অধিকার রয়েছে, তেমনি রেগুলার কোয়েশ্চেন-এর ক্ষেত্রেও সাপ্লিমেন্টারী করার অধিকার রয়েছে। এই হেন্ড ওভার কোয়েশ্চেন যত কম সংখ্যায় হয় সে ব্যাপারে মন্ত্রীরা যদি দৃষ্টি দেন তাহলে হবে, তা না হলে হবে না।

[12-20 — 12-30 P.M.]

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আগেই বলেছেন যে সারা দিনে ৮ থেকে ১০টা বেশি প্রশ্ন করা যায় না। আমার কথা হচ্ছে, তাই যদি হয় তাহলে এইভাবে ৪০ থেকে ৫০টি প্রশ্ন ছাপিয়ে দেবার কোনও যুক্তি আছে কিনা? তাহলে আমরা ১৫টা বা ম্যাক্সিমাম ২০টা প্রশ্ন দিতে পারি। আজকে যে প্রশ্নগুলি আমার আসছে না পরের দিন সেগুলি আসতে পারে। শেষ মূহুর্তে যে প্রশ্নগুলি আসবে না সেগুলি যদি রিটিন অ্যানসার হিসাবে দিতে পারেন তাহলে ভাল হয়।

মিঃ স্পিকার ঃ এটা তো রিটিন অ্যানসার হয়ে আসবে না। লেড অন দি টেবল হলে — অলরেডি লাইব্রেরিতে আমরা এটা দিয়ে দিই। তৈরি অ্যানসার থাকে, লেড অন দি টেবল হলে পার্ট ওব দি রেকর্ড হয়ে যায়, আপনি ওখান থেকে কপি পেয়ে যাবেন।

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ ঠিক আছে স্যার, আমার প্রশ্ন হচ্ছে, ধরুন আজকে আমার প্রশ্ন আছে ৫টি, হয়ত দেখা যাবে আমার সেই ৫টি প্রশ্নই পেছনের দিকে আছে ফলে আমার ৫টি প্রশ্ন এল না। এখন পরের দিন যে ১০/১৫টি প্রশ্ন থাকবে সেই প্রশ্নের মধ্যে আমার আগের দিনের পেছনের দিকের যে প্রশ্নগুলি হয় নি তাহলে সেগুলি সামনের দিকে সেদিন চলে আসবে এবং সেই প্রশ্নের জবাব পাওয়া যাবে। বিষয়টি আপনি একটু বিচার বিবেচনা করে দেখলে ভাল হয়।

মিঃ স্পিকার ঃ কোথা থেকে হবে? রোজই নূতন কোয়েশ্চেন আসছে তো। কি ভাবে করবেন আপনি? কয়েক হাজার কোয়েশ্চেন একটা সেশানে আছে — ২/২।।/৩ হাজার প্রশ্ন আসে। তার থেকে দিনে ৫০/৬০টা প্রশ্ন ছাপা হয়।

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ তাহলে স্যার, অল পার্টি বসে ঠিক করতে হবে যে এক একজন সদস্য এক একটি সেশানে কটি করে প্রশ্ন করতে পারবেন।

মিঃ স্পিকার ঃ আপনি বসুন, মানস বাবু, আপনি বলুন।

ডাঃ মানস ভুঁইয়া ঃ স্যার, আজকে খুব গুরুত্বপূর্ণ একটি বিষয় আপনি আমাদের

আলোচনা করার সুযোগ দিয়েছেন। আমি প্রথমেই যেটা বলব সেটা হচ্ছে, অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের রাজ্যে বিধানসভার অধিবেশনের দিন এবং সময়টা কম .....

মিঃ স্পিকার ঃ আপনার কথাটা ঠিক হল না। অন্যান্য রাজ্য থেকে আমাদের এখানে সময়ও বেশি, দিনও বেশি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ আমাদের এখানে মনসুন, উইনটার সেশান হয় না। আমাকে স্যার, কথাটা শেষ করতে দিন।

মিঃ স্পিকার ঃ ডাঃ ভুঁইয়া, ভুল বললে তখনই সংশোধন করতে হয়। আপনি যেটা ভুল বললেন সেটা আমি সংশোধন করে দিলাম। আমাদের দিনও বেশি, সময়ও বেশি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ ঠিক আছে স্যার, দিন বেশি। কিন্তু স্যার, আমাদের মনসুন সেশান হয় না, উইনটার সেশান হয় না। একটাই আমাদের বাজেট সেশান হয়। এই বাজেট সেশানেই আমরা কয়েকটি প্রশ্নের উত্তর পেতে পারি কয়েকটা দিনে। কিন্তু স্যার, আপনার নির্দেশ এবং অনুরোধকে উপেক্ষা করে এই রাজ্যের মন্ত্রীদের এতই ধৃস্টতা যে ওরা হাউসেই আসেন না। এই মন্ত্রীরা পার্লামেন্টারি প্রসেসে বিশ্বাস করেন না। এরা প্রশ্নের উত্তর পর্যন্ত দেন না। এদের তিরস্কার করুন, এদের ভৎর্সনা করুন যাতে ওরা ঠিক মতন প্রশ্নের উত্তর দেন।

মিঃ স্পিকার ঃ ডাঃ ভুঁইয়া, এখানে বকাবকির কোনও ব্যাপার নেই। আমি আপনাদের আগেই বলেছি যে এখন হেল্ড ওভার প্রশ্ন অনেক কম হচ্ছে। আগেকার যে রেকর্ড আছে, আপনারা দেখবেন এখন তার সংখ্যাটা অনেক কম। আগের থেকে এখন অনেক বেটার অবস্থা — অনেক বেশি প্রশ্নের উত্তর হচ্ছে। আর আমাদের হাউস সর্ব ভারতীয় স্তরে সবচেয়ে বেশি সময় প্রায় বসে আর প্রায় সবচেয়ে বেশি দিন বসে। আপনি বললেন অনেক কম বসে, আপনি যেটা বললেন তার উত্তর আমি দিলাম। আপনি যেটা বলেছেন সেটা ঠিক নয়। আর আপনারা যে যে বিষয় আলোচনা করার সুযোগ পান — প্রায় সব বিষয়ে আলোচনাও হয়, এরকম দৃষ্টান্ত কম আছে ভারতে। যে যে বিষয়ে আপনারা আলোচনা করার সুযোগ পান সেখানে সর্ব ভারতীয় স্তরে খুঁজে দেখবেন যে কি আলোচনা হয়। আমার জানা নেই, আপনারা খুঁজে আমাকে দেখাবেন, দেখালে আমি খুশি হব। অন্যান্য রাজ্যে কি ভাবে আলোচনা হয়, না হয় আমি সেটা আপনাদের কাছ থেকে দেখতে চাইব। জয়নাল সাহেব অনেক অভিজ্ঞ লোক, দক্ষ লোক, প্রায়ই পড়েন অন্যান্য রাজ্যের প্রসিডিংস, আমাকে দেখাবেন কোথায় কি হয় আর আপনারা এখানে কি করেন। লোকসভা, রাজ্যসভারটাও দেবেন, দিলে আমি খুশি হব। যাই হোক, এখন ডিবেট ক্লোজ, নো ফারদার ডিবেট। আপনারা এখন বসুন।

Calling Attention

Mr. Speaker : I have received six notices of Calling Attention, namely :—

1. Reproted disconnection to electric lines in the Municipal areas of Calcutta and Subarbs by the C. E. S. C.	: Shri Abdul Mannan.
2. Alleged murder of two persons of Saligram under Nakashipara P. S. of Nadia district on 14.3.1992.	: Shri Shibdas Mukherjee.
3. Reported illegal functioning of the Private Non-Banking Financial Corporation in West Bengal.	: Dr. Manas Bhunia.
4. Reported break-down of Satganchia Banka Bridge on Menari-Malbhanga route.	: Shri Tapan Hore.
5. Reported instruction of the G. N. L. F. Chief insisting on resignation of three M. L. A.'s of the party. This is out of order.	: Shri Sudip Bandyopadhyay.
6. Reported clash at Alipurdwar, Duars and other places of Jalpaiguri disctrict resulting in death of some persons.	: Shri Nirmal Das.

I have selected the notice of Dr. Manas Bhunia on the subject of 'Reported illegal functioning of the Private Non-Banking Financial Corporation in West Bengal.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : The statement will be made on 30th March, 1991.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : The Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of recent bank-dacoity in the Indian Overseas Bank.

(Attention called by Dr. Manas Bhunia on the 11th March, 1992.)

Shri Probodh Chandra Sinha : Mr. Speaker, Sir, with your permission, I rise to make the following statement in response to the Calling Attention Notice from Dr. Manas Bhunia, regarding the recent dacoity in the Indian Overseas Bank at 54, Jatindra Mohan Avenue, Calcutta.

On the 4th March, 1992 at about 13.15 hrs. five unknown youths in the age group 25 to 30 years, entered the Indian Overseas Bank located on the 1st floor of premises 54, Jatindra Mohan Avenue. They compelled the bank staff and the customers present at the point of revolvers to open the steel almirah, inside the vault room. They took cash amounting to Rs. 11,83,346/- (Rupees eleven lakhs eighty three thousand three hundred forty-six) from the steel almirsh and from the payment and receipt counters. They forced the bank staff and the customers, numbering 28 including 3 ladies, to go inside the vault room and closed the door from outside. They then escaped with the booty.

Shortly there after, the bank staff and the customers came out from the vault room after opening the door and raised an alarm.

The armed guard of the bank did not turn up for his duties on this day and was reported to be on leave. The Branch Manager of the bank was also absent at the time of the occurence. He is stated to have been attending a meeting at the Regional Office of the bank. The

main switch of the bank alarm bell was also found to have been kept in the 'off' position.

Immediately after the incident, all concerned including the Superintendents of police of other districts of West Bengal, were alerted. On the basis of a secret information, officers of Asansol (South) Police Station conducted a surprise search the same night at the house of one Dilip Singh at Sripally, Asansol, which was rented to 5 persons since January, 1992. During the search 5 persons, namely (1) Sanjay Prasad Singh of Hazaribag, (2) Dinanath Singh of Hazaribag, (3) Radhe Kumar alias Rup Kumar of Ranchi, (4) Bablu Alam of Ranchi and (5) Harun Rashid of Parulia, were arrested and cash amounting to Rs. 11,65,000/- (Rupees eleven lakhs and sixty-five thousand), marked with seals and stamps of the Indian Overseas Bank of Jatindra Mohan Avenue, were recovered from their possession. A further sum of Rs. 6,000/- (Rupees six thousand) bearing the seals and stamps of Vijaya Bank, Asansol Branch being the looted cash of a dacoity in that bank committed on the 14th January, 1992 was also recovered. Three improvised revolvers along with cartridges, one grenade and a knife were also found in their possession.

The arrested persons during interrogation admitted their involvement in both the bank dacoity cases. They also admitted that after the commission of the bank dacoity at Calcutta, they left Howrah Station for Asansol by Sipra Express, reaching Asansol at 20.00 hrs. During the search five railway tickets dated the 4th March, 1992 from Howrah to Asansol were seized by the police.

Officers from the Calcutta Police, led by the Deputy Commissioner of Police, Detective Department had been to Asansol on that very night and interrogated the arrested persons. They are at present brought to Calcutta.

Over the incident, Burtalla P. S. Case No. 90, dated the 4th

March, 1992 u/s 395 IPC., 25 (1B) (a)/27, Arms Act was registered. Investigation in the case is proceeding.

Mention Cases

[12-30 — 12-40 P.M.]

শ্রী সৌগত রায় ঃ স্যার, আপনার অনুমতি নিয়ে আমি বলছি যে, পূর্ব কলকাতায় জলা জমি বুজিয়ে, ভেড়ি বুজিয়ে সেখানে বাড়ি করার চেষ্টা শাসক দলের একাংশ বেশ কিছু দিন ধরে চলাচ্ছে। কিন্তু এর বিরুদ্ধে সাধারণ মানুষ এবং ওখানকার ভেড়ি শ্রমিকরা দীর্ঘ দিন ধরে আন্দোলন করছে। স্যার, সম্প্রতিকালে ভেড়ি শ্রমিকদের হয়ে প্রোমোটর এবং সি. পি. এম.-এর দুষ্ট চক্রের বিরুদ্ধে লড়াই করার জন্য সি. পি. এম.-এর একজন কর্মী, স্টেট ফিশারিস কর্পোরেশনের সিটু ইউনিয়নের সম্পাদক পঙ্কজ মাকাল পার্টি থেকে বহিষ্কৃত হন। তারপর থেকে তার ওপর বার বার হামলা হয়, সি. পি. এম.-এর পক্ষ থেকে পুলিশ দিয়ে তাকে হেনস্তা করার চেষ্টা হয়। বিপদাপন্ন হয়ে পঙ্কজ মাকাল শেষ মেশ কংগ্রেসে যোগদান করার সিদ্ধান্ত নেয় এবং গত ২০ তারিখ কংগ্রেসে যোগদান করে। ২০ তারিখ কংগ্রেসে যোগদান করার পর — সে সময়ে তার অ্যান্টিসিপেটরি বেল নেওয়া ছিল — ২১ তারিখ পুলিশ তাকে গ্রেপ্তার করে। স্যার, মজার ব্যাপার হচ্ছে, তিলজলা থানার মামলা, তাতে গ্রেপ্তার করা হয়েছে সল্ট লেকে এবং নিয়ে যাওয়া হয়েছে মহেশতলায়। আমি সারা দিন রাত ধরে চেষ্টা করেও ডি. জি.-কে ফোন করেও জানতে পারি নি কোন থানায় বা কোন জেলে তাকে নিয়ে যাওয়া হয়েছে। আসলে শাসক দল ভীত হয়ে পড়েছে যে, যদি গরিব ভেড়ি শ্রমিকরা তা জানতে পারে তাহলে তারা থানা ঘেরাও করবে। স্যার, আমি সরকারের এই কাজের তীব্র নিন্দা করছি। আমি শাসক দলকে বলতে চাই যে, ভেড়ি লুঠ এবং প্রোমোটারদের কাছে জলা জমি বিক্রি করার চক্রান্ত, একজন পঙ্কজ মাকালকে গ্রেপ্তার করে জনসাধারণের কাছ থেকে লুকিয়ে রাখা যাবে না। শাসক দলের এই কাজের আমি তীব্র নিন্দা করছি। আমরা অবশ্যই পঙ্কজ মাকালকে ছাড়িয়ে আনব।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে রেশন ব্যবস্থা সম্পর্কে খাদ্য মন্ত্রীর উদ্দেশ্যে কিছু কথা বলতে চাই। স্যার, জলপাইগুড়ি জেলার আলিপুর দুয়ার মহকুমায় গত ৬ সপ্তাহ ধরে গম সরবরাহ করা হচ্ছে না। বিস্তীর্ণ চা-বাগিচা অঞ্চলে গমের অভাবে বিক্ষোভ দেখা দিয়েছে। সাথে সাথে মহকুমার স্টকে কেরোসিন তেল থাকা সত্ত্বেও স্কেল কমিয়ে কেরোসিন তেল মানুষের মধ্যে সরবরাহ করা হচ্ছে। প্রচলিত স্কেল হচ্ছে আর্বান এলাকায় ৪০০ এবং গ্রামাঞ্চলে ৩০০ করে দেওয়ার কথা। কিন্তু ওখানে তা দেওয়া হচ্ছে না। আমি জানি না কি কারণে স্কেল কমিয়ে দেওয়া হল। বর্তমানে পরীক্ষার সময় ছাত্র ছাত্রীদের খুবই অসুবিধা হচ্ছে, তাদের মধ্যে ক্ষোভ দেখা দিচ্ছে এবং অভিভাবকরা আমাদের কাছে অভিযোগ জানাচ্ছেন। এই অবস্থায় আমি মাননীয় খাদ্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি

যে, তিনি অবিলম্বে জলপাইগুড়ির ডি. এম.-কে টেলেক্সের মাধ্যমে বার্তা পাঠিয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। ওখানে অবিলম্বে নিয়মিত রেশন দোকানের মাধ্যমে সাধারণ মানুষদের মধ্যে গম বন্টন করা হোক এবং যে স্কেল কমিয়ে দেওয়া হয়েছে সেটা আবার পূর্বের ন্যায় নির্ধারিত স্কেলই সরবরাহ করা হোক। অবিলম্বে আলিপুর দুয়ার মহকুমার মানুষদের কেরোসিন তেলের চাহিদা পূরণ করা হোক।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রাজ্য সরকার ইতিপূর্বে বিদ্যুৎ এবং দুধের দাম বাড়িয়েছেন। সম্প্রতি আমরা অবগত হলাম যে, আগামী ১লা এপ্রিল থেকে সরকারি হাসপাতালগুলিতে পেয়িং বেড এবং কেবিনের ভাড়া বাড়ছে। সাথে সাথে সমস্ত রকম পরীক্ষার চার্জও বাড়ছে। ক্লিনিক্যাল প্যাথোলজি, মাইক্রো বায়োলজি, বায়োকেমিক, সমস্ত রকম পরীক্ষার চার্জ বাড়ছে। আল্টা সোনোগ্রাফি চার্জ পর্যন্ত বাড়ছে। এই ভাবে চার্জ বাড়িয়ে রাজ্য সরকার ১লা এপ্রিল থেকে হাসপাতালগুলিকে নার্সিং হোমে পর্যবসিত করতে চলেছেন। ফলে চিকিৎসা সাধারণ মানুষের ক্ষমতার বাইরে চলে যাবে। আমার এ প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বক্তব্য হচ্ছে, বিভিন্ন ক্ষেত্রের দুর্নীতি এবং অপচয় বন্ধ করে তিনি আর্থিক ক্ষতি পূরণ করার চেষ্টা করুন। এই ভাবে চার্জ বৃদ্ধি ঘটাবেন না, এতে সাধারণ মানুষের খুবই অসুবিধা হবে। সুতরাং যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তা প্রত্যাহার করে নিন। মানবিক দৃষ্টিভঙ্গি থেকে সেবামূলক কাজ হিসাবে এটাকে দেখা উচিত। কমার্শিয়াল আউট লুক দিয়ে কখনই এটাকে দেখা উচিত নয়। ফলে লাভ লোকসানের দৃষ্টিভঙ্গি কখনই এখানে থাকতে পারে না। আমি আবার মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, দুর্নীতি এবং অপচয় বন্ধ করে অর্থ সাশ্রয়ের ব্যবস্থা করুন। সাধারণ মানুষদের ওপর যে চাপ বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছেন তা প্রত্যাহার করে নিন।

শ্রী শিশিরকুমার সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের বামফ্রন্ট সরকার একটা শস্য বিমা প্রকল্প চালু করেছেন। প্রাকৃতিক দুর্যোগের ফলে কৃষকেরা যদি ক্ষতিগ্রস্থ হয় তাহলে এই প্রকল্পের মাধ্যমে কৃষকেরা ক্ষতিপূরণ পেতে পারে। এটা ব্লকভিত্তিক চালু আছে। বিগত ২ বৎসর ধরে দেখতে পাচ্ছি শিলা বৃষ্টি এবং বন্যার ফলে শুধু একটা ব্লক নয়, একটা মৌজাও ক্ষতিগ্রস্থ হচ্ছে তাও পার্টলি। সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে, আপাতত মৌজা ভিত্তিক করা সম্ভব না হয়, গ্রাম পঞ্চায়েত ভিত্তিক ব্যবস্থা যদি চালু করা যায় তাহলে ক্ষতিগ্রস্থ এই সমস্ত চাষীরা উপকৃত হবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ স্যার, আমি একটি বিশেষ প্রশ্ন শুধু আপনার কাছে নয়, সভার সমস্ত সদস্যদের কাছে রাখছি। বেহালার পর্ণশ্রী পল্লীতে আর. আর. বিভাগের ৮ বিঘা জমি মনিমোহন মাইতি দখল করে আছে। তিনি সেখানে ভাড়া বসিয়ে টাকা রোজগার

করছেন। ঐ ভদ্রলোক মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সদস্য। আমি এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে গত ১২-১২-৯১ তারিখে চিঠি দিয়েছিলাম। ঐ জমির উপর ডি. এম. সভা ডেকেছিলেন। সেই সভায় সেখানকার [***] মনিমোহন মাইতিকে সমর্থন করেছেন যাতে মনিমোহন মাইতি ঐ জমি পায়।

মিঃ স্পিকার ঃ স্থানীয় বিধায়ক কথাটা বাদ যাবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাল্টিস্টোরিড বিল্ডিং করার জন্য মনিমোহন মাইতি চেষ্টা করছেন। ডি. এম.-র মিটিং-এর রিপোর্ট আছে। সেখানে বলা হচ্ছে, লোকাল পার্টির সদস্য ঠিক করে দেবে মনিমোহন মাইতি কতটা জমি পাবে। [***] স্থানীয় পরাজিত কাউন্সিলার সেই মিটিং-এ উপস্থিত থাকে, কিন্তু স্থানীয় কাউন্সিলারকে ডাকা হয় নি। পার্টি ডিসাইড করবে। ডি. এম.-র মিটিং-এর মিনিটস আছে, পার্টির লোকেরা ঠিক করে দেবে ইনকনাইভেন্স উইথ হিম কতটা জমি পাবে।

মিঃ স্পিকার ঃ যেখানে যেখানে স্থানীয় বিধায়ক আছে, বাদ যাবে। স্থানীয় বিধায়ক মিন্স, সিটিং এম. এল. এ. হি ইজ আইডেনটিফায়েড। নো, নো — আমি আবার মেম্বারদের স্মরণ করিয়ে দিচ্ছি, কোনও মেম্বারের বিরুদ্ধে অভিযোগ করতে গেলে আগে নোটিশ না দিলে বলা যাবে না। You have to get rid of this bad habit. এই অভ্যাস ছাড়তে হবে। পার্লামেন্টারী প্রসিডিওরের কোনও জায়গায় নেই না জানিয়ে কোনও সদস্যের বিরুদ্ধে বলা। তাঁর ডিফেন্সে অপারচুনিটি না দিয়ে বলা ব্যাড প্রাকটিশ। It should not be done. You have to give notice. Don't do it. আগে নোটিশ দিতে হবে, এটা করা উচিত নয়, You have to give notice.

শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারকেশ্বর হচ্ছে আমার বিধানসভা এলাকা। সেখানে একটা বেনফেডের গুদাম তৈরি হচ্ছে। সেই গুদামটি নিকৃষ্ট ধরনের ইট, বালি এবং পাথর দিয়ে তৈরি হচ্ছে বলে ওখানকার স্থানীয় লোকেদের অভিযোগ। এই অভিযোগ সম্পর্কে আমি মাননীয় সমবায় মন্ত্রী মহাশয়কে তদন্ত করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

[12-40 — 12-50 P.M.]

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার সর্বত্র বিশেষ করে আমার বিধানসভা এলাকা সবং-এ বিগত কয়েকদিন ধরে তীব্র পানীয় জলের সঙ্কট দেখা

Note : *[Expunged as ordered by the chair.]

দিয়েছে। মাটির নিচে জলের স্তর এমন পর্যায়ে নেমে গেছে যে প্রায় ৭০ ভাগ পানীয় জলের নলকূপ তার জন্য অকেজো হয়ে গেছে। এমন অবস্থায় কতকগুলি জায়গায় যেমন, গঞ্জ এলাকা, বাস স্ট্যান্ড, তে-মাথা, বা যেসব জায়গায় সমস্ত মজুররা কাজ করে সেই সব জায়গায় পানীয় জলের হাহাকার দেখা দিয়েছে। জেলা প্রশাসন ব্লক প্রশাসন এবং পঞ্চায়েতের কর্তৃপক্ষ এঁরা ব্যাপারটি দেখেছেন এবং জানেন যে পানীয় জলের হাহাকার চূড়ান্ত পর্যায়ে চলে গেছে। এর সঙ্গে দেখা দিয়েছে বিদ্যুতের আকাল বোরো চাষীরা মাথায় হাত দিয়ে বসেছে। গত ৭ দিন ধরে এক ঘন্টা, দু ঘন্টাও বিদ্যুৎ থাকছে না, যার ফলে মাঠ ফেটে যাচ্ছে। এক দিকে পানীয় জলের হাহাকার, অন্য দিকে বিদ্যুতের আকাল, গ্রামের মানুষ পানীয় জল পাচ্ছে না, আর এক দিকে চাষ নষ্ট হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে বিষয়টি জরুরি ভিত্তিতে গ্রহণ করে জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হোক।

শ্রী আবু আয়েস মন্ডল ঃ মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমানের কুসুমগ্রাম-নবদ্বীপ রাস্তাটি দীর্ঘ দিন ধরে সংস্কারের অভাবে বর্তমানে বাস চলাচলের অনুপোযোগী হয়ে গেছে। রাস্তাটির উপরে অসংখ্য বড় বড় খাদ এবং গর্ত হয়েছে। দারুণ বিপদের ঝুঁকি নিয়ে বাস চালাতে হয়। এই অবস্থায় অসংখ্য সাধারণ মানুষ এবং স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের অসুবিধার মধ্যে পড়তে হয়। রাস্তাটি নানা দিক থেকে গুরুত্বপূর্ণ এবং বর্তমানে নবদ্বীপের গঙ্গার উপরে গৌরাঙ্গ সেতু তৈরি হওয়ায় ওটা ৩৪ নং জাতীয় সড়কের সাথে যুক্ত হয়ে আরও গুরুত্ব বেড়ে গেছে। রাস্তাটি যাতে তাড়াতাড়ি সংস্কার করা হয় তার জন্য জরুরি ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল গত বছর ১৯৯১ সালে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা হয়েছে এবং পরীক্ষার ফলাফল — যদিও ফলাফলে কিছু গোলোযোগ ছিল বেরিয়ে গেছে। আমরা জানি প্রথম ২০ জনের কৃতি ছাত্র ছাত্রীর নামের তালিকা ঘোষণা করা হয়। এ বছর মাধ্যমিক পরীক্ষা শেষ হতে চলল, এবং উচ্চ মাধ্যমিক কিছু দিনের মধ্যে শুরু হতে চলেছে কিন্তু এখনও পর্যন্ত গত বছরের সেই সব ছাত্র ছাত্রীর নাম ঘোষণা করা হয় নি। অবিলম্বে যাতে সেই সব সফল ছাত্র ছাত্রীর নাম ঘোষণা করা হয় তার জন্য ব্যবস্থা নিতে অনুরোধ রাখছি।

শ্রী মনোহর তিরকি ঃ স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার নির্বাচনী এলাকা কালচিনিতে আই. সি. ডি. এস. প্রোজেক্ট কর্তৃপক্ষের জন্য অচল হয়ে যাচ্ছে। যে সব খাবার দাবার পাঠানো হয়েছে এবং ঐ প্রোজেক্টের জন্য যে টেন্ডার হয়েছে, এই অফিসারের জন্য কোনও সুযোগ পাওয়া যাচ্ছে না। বেনিফিসিয়ারীরা

অধিকাংশই ট্রাইবেল, সরকার স্কীম করেছেন, খাওয়া দিচ্ছেন, কিন্তু কর্তৃপক্ষের জন্য তা পাওয়া যাচ্ছে না, এবং সাধারণ মানুষ তার জন্য প্রচন্ড ক্ষুব্ধ হচ্ছেন। তাই আমার দাবি কর্তৃপক্ষের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হোক এবং সরকার যে খাওয়া দাওয়ার ব্যবস্থা করছেন তা দেওয়া হোক।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় সদস্য উপস্থিত ছিলেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী যদিও নেই, তবু আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৮শে ফেব্রুয়ারি ভারতীয় স্টেট ব্যাঙ্ক মান্ডলীক কার্যালয়, বিধাননগর, উত্তর ২৪-পরগনা জেলার সমস্ত স্টেট ব্যাঙ্ক শাখাকে চিঠি দিয়ে বলেছেন, স্টপ ডিসবার্সমেন্ট অফ লোনস আন্ডার 'সেস্রু' আনটিল ফার্দার ইনস্ট্রাকশন ফ্রম আস। তাতে এ. জি. এম. সই করেছেন। পরবর্তীকালে সেকেন্ড মার্চ তাঁরা আবার চিঠি দিয়ে বলেছেন, সরকারের তরফ থেকে ২৫ পারসেন্ট যে সাবসিডি দেওয়া হয়, যেহেতু বামফ্রন্ট সরকার ২৫ পারসেন্ট সাবসিডির টাকা পাঠান নি, সেজন্য স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া উত্তর ২৪-পরগনা জেলার সমস্ত 'সেস্রু' লোন বন্ধ করে দিচ্ছেন। সেখানে বেকার যুবকেরা ঘুরে বেড়াচ্ছেন, কবে লোনের টাকা পাবেন কোনও ঠিক নেই, অথচ অর্থমন্ত্রী এখানে বলছেন, 'স্বনিযুক্তি প্রকল্পে আমরা গুরুত্ব দেব'! সেজন্য আপনার মাধ্যমে আমি অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করব, বিধাননগরে কি নির্দেশ গেছে যার ফলে সেখানকার বেকার যুবকদের লোন বন্ধ হয়ে গেছে, ফলে তাঁরা হতাশ হয়ে ঘুরছেন, তাঁদের স্বার্থে 'সেস্রু' লোন উত্তর ২৪-পরগনা জেলায় চালু করা হোক।

শ্রী তপন হোড় ঃ মিঃ স্পিকার স্যার, গত ২১ তারিখে বিশ্ব ভারতীর সমাবর্তন উৎসব হয়ে গেল। সেই উৎসব চলাকালীন সেখানে আমাদের যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান প্রনব মুখার্জি এসেছিলেন। সেখানে কিছু আলোচনা হয়। সেই আলোচনায় আমাদের মাননীয় এম. পি. সোমনাথ বাবুও ছিলেন। সেখানে ক্যাটাগোরিক্যালি প্রনব বাবু একটি কথা বলেন তিস্তা প্রকল্পের বিষয়ে। তিনি বলেন যে, তিস্তা প্রকল্পে কেন্দ্রীয় যোজনা পর্ষদ টাকা দিতে পারে, কিন্তু তার অফিসটা কলকাতায় রেখে তিস্তার কাজ করা যাবে না, তিস্তায় থেকেই তার কাজ করতে হবে — এই কনডিশন যদি রাজ্য সরকার মেনে নেন তাহলে যোজনা পর্ষদ টাকা দেবেন। আমি মনে করি, বিষয়টা নিয়ে রাজ্য সরকারের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী এবং সেচমন্ত্রী যোজনা কমিশনের সঙ্গে আলোচনা করা দরকার। টাকা নাহলে যে তিস্তা প্রকল্পের কাজ হচ্ছে না সেই প্রকল্পের কাজ যাতে হতে পারে তার জন্য ব্যবস্থা নেওয়া দরকার।

মিঃ স্পিকার ঃ কথা হচ্ছে, মেনশনটা ইন্ট্রোডিউস করা হয়েছিল, কারণ অনেক মেম্বার ব্যাক বেঞ্চেস থাকেন যাঁরা বাজেট আলোচনা বা গভর্নর্স অ্যাড্রেসের উপর ডিবেটে পার্টিসিপেট করেন না তাদের মেনশনের সুযোগ করে দেওয়া যাতে, নিজ নিজ এলাকার গুরুত্বপূর্ণ বিষয়ে

বলবার সুযোগ পেতে পারেন। এটা করা হয়েছিল এবং সেটা অ্যাসেম্বলির রুলসের মধ্যে যুক্ত করা হয়েছিল। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, ওভার দি ইয়ার, যে কোনও কারণেই হোক, মেনশন যে উদ্দেশ্য নিয়ে করা হয়েছিল সেই কাজের জন্য তা ব্যবহার করা হয় নি। অনেক মেনশন করা হয় যেটা বাজেট স্পিচের আলোচনায় করা যেত। অনেক কথা যা অন্য অকেশনে বলা যায় সেটা বলা হয়। জিরো আওয়ার যেটা বলি সেটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে ব্যবহারের জন্য। বর্তমানে জিরো আওয়ারের সুযোগ কিছু কমে গেছে। কিন্তু আমরা জিরো আওয়ারে দেখি সাধারণ সব ঘটনার উল্লেখ। এটা ডেনি গ্রেটিং দি পার্লামেন্টারী প্রিভিলেজেস অ্যান্ড রিডিউসিং পার্লামেন্টারী নর্মস। এটা হাস্যকর হয়ে যায়। আমার কিছু বলবার নেই। আপনারা এটা করছেন, আমি হেল্পলেস। আমি যদি স্ট্রিক্টলি অবজার্ভ করবার চেষ্টা করি তাহলে বলবেন স্পিকার বদলোক, আমাদের কণ্ঠ রোধ করছেন, অধিকার ভায়লেট করছেন। কিন্তু আমি মনে করি, এক্ষেত্রে ইন্সটিটিউশনের নিয়মটা পালন করা উচিত, পালন করা দরকার।

[12-50 — 1-00 P.M.]

শ্রী যোগেশ বর্মন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকার ফালাকাটার অত্যন্ত স্পর্শকাতর একটা ব্যাপারে আমি আপনার মাধ্যমে এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ফালাকাটা থেকে আলিপুরদুয়ার সড়ক পথে শিলতোর্ষা নদীর উপরে দীর্ঘ দিন ধরে শুনে আসছি, যখন কংগ্রেস সরকার ছিল তখনও অনেক প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে এই শিলতোর্ষা নদীর উপরে একটা ব্রিজ হবে। বারবার একই কথা বলা যেটা শুনতে শুনতে জনসাধারণের কান ঝালাপালা হয়ে গেছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, এখানে আর একটি জিনিস লক্ষ্য করছি। প্রস্তাবিত বহু প্রতিক্ষিত যে জায়গায় ব্রিজ চাওয়া হয়েছে, সেই জায়গা থেকে ১০ কিলো মিটার ডাউনে ন্যাশনাল হাইওয়েতে ঐ নদীর উপরে একটা ব্রিজ করা হচ্ছে। এতে আমার নির্বাচনী এলাকার সাধারণ মানুষ অত্যন্ত হতাশ হয়েছে। আগামী দিনে সেখানে হয়ত একটা জোরদার আন্দোলন করবেন সেই রকম আশঙ্কা দেখা দিয়েছে। আমার অনুরোধ, ন্যাশনাল হাইওয়েতে যেখানে ব্রিজ হচ্ছে সেটা হোক তাতে আমাদের কোনও আপত্তি নেই। কিন্তু ফালাকাটা থেকে আলিপুরদুয়ার যাবার সড়ক পথে যে ব্রিজের জন্য দীর্ঘ দিনের আন্দোলন ছিল সেই ব্রিজ যাতে অনুমোদন পায় এবং তার জন্য সেন্ট্রাল অ্যাসিস্টেন্স যা দেওয়া দরকার সেটা দেবার জন্য আমি রাজ্য সরকারের মাধ্যমে আবেদন করছি।

মিঃ স্পিকার ঃ সুদীপ বাবু, আপনার এটা বলা যাবে না, এটা আউট অব অর্ডার।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। নদীয়া জেলায় রেশন

ব্যবস্থা পুরোপুরি ভেঙ্গে পড়েছে। সেখানে রেশনে চাল, গম, চিনি এমন কি কেরোসিন তেলও পাওয়া যাচ্ছে না। আমি একথা বলতে চাই যে রেশনের দোকান থেকে কেরোসিন তেল চলে যাচ্ছে এবং খোলা বাজারে ৮, ১০, ১২ টাকা করে লিটার বিক্রি হচ্ছে। বর্তমানে নদীয়ায় সর্বত্র পরীক্ষা চলছে। উচ্চ মাধ্যমিক পরীক্ষা আরম্ভ হবে, প্রাথমিক এবং স্কুলের পরীক্ষা আরম্ভ হয়েছে। এক দিকে বিদ্যুৎ নেই, আর এক দিকে কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না। এর ফলে পরীক্ষার্থীরা ভীষণ একটা সঙ্কটের মধ্যে পড়েছে। চিনি খোলা বাজারে ১০, ১২ টাকা করে বিক্রি হচ্ছে। চাল পাওয়া যাচ্ছে না। একটা তুঘলকী কান্ড চলছে। আমি এর আশু প্রতিবিধান করার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেচমন্ত্রী মহাশয়ের একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯০ সালে উলুবেড়িয়ায় ভাগীরথীতে যে জেটি ঘাট আছে সেটা ভেঙ্গে পড়ে এবং তাতে প্রায় ১০০ জন দোকানদার উদ্বাস্তু হয়ে পড়ে। এই ব্যাপারে ১৪, ১৫ লক্ষ্য টাকা মঞ্জুর করা হয়। সেচ দপ্তরের এক শ্রেণীর অফিসার এবং যে কন্ট্রাক্টর আছেন তিনি কংগ্রেসের সমর্থক, তাদের আঁতাতে সেই কাজ অসম্পূর্ণ হয়ে আছে। আবার কালবৈশাখী আসছে, গঙ্গার ভাঙ্গনে যে কোনও মূহুর্তে উলুবেড়িয়ার জনসাধারণ দুর্ভোগের মধ্যে পড়তে পারে, উলুবেড়িয়া ডুবতে পারে। তাই, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ব্যাপারে ওখানে তদন্ত হয় এবং ঐ কন্ট্রাক্টরের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়। ওখানে টাকার নয়-ছয় হচ্ছে। যে কোনও সময়ে উলুবেড়িয়ার দোকানদার এবং জনসাধারণ বন্যার কবলে পড়তে পারে। সেজন্য অবিলম্বে এই সম্পর্কে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী মানিক ভৌমিক ঃ মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটি অত্যন্ত জরুরি এবং গুরুত্বপূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রী মহাশয়-এর আমি দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার একটা অংশ ময়না ব্লকের সাথে মহকুমা শহর তমলুকের যোগাযোগের একমাত্র রাস্তার উপর কংসাবতী নদীতে একটি ব্রিজ পড়ে। এই ব্রিজটি অবিলম্বে যুদ্ধকালীন ভিত্তিতে একটি কংক্রিটের ব্রিজে রূপান্তরিত করার জন্য আবেদন জানাচ্ছি। এই ব্রিজ হলে শুধু ময়নার মানুষের উপকার হবে তাই নয়, বামফ্রন্ট সরকারের হলদিয়া যদি শিল্প নগরীর প্রাণ কেন্দ্র হয় তাহলে এই ব্রিজ হবে প্রেস মেকার। এই ব্রিজ হলে সারা মেদিনীপুর জেলার মানুষ উপকৃত হবে, হলদিয়ার সাথে মহকুমা শহর, রেলওয়ে জংশন খড়গপুর, কলাইকুন্ডার যোগাযোগ ব্যবস্থা স্থাপিত হবে এবং ন্যাশনাল হাইওয়ের চাপ কমবে। মেদিনীপুর জেলার পরিবহন অনেক দিক থেকে উপকৃত হবে। আমি বিভাগীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে যুদ্ধকালীন ভিত্তিতে কংসাবতী নদীর উপর কংক্রিটের ব্রিজ নির্মাণ করতে হবে।

শ্রী দীপক মুখার্জি ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ

বিষয়ে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, যে, মুসলিমদের এটা পবিত্র রমজান মাস চলছে। রেশনের মাধ্যমে এই মূহুর্তে যে চিনি দেওয়া হয়, গ্রামাঞ্চলে কোথাও তা দেওয়া হচ্ছে, কোথাও দেওয়া হচ্ছে না। রেশনের মাধ্যমে যে খাদ্য সামগ্রী দেওয়া হয় সেই খাদ্য যাতে নিয়মিত বন্টন হয় সেটা যেন মাননীয় খাদ্যমন্ত্রী দেখেন। এই ব্যাপারেই আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমার নির্বাচনী এলাকা কালিগঞ্জে যে কটা পাকা রাস্তা আছে সেই ব্যাপারে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিশেষ করে ৩৪ নং জাতীয় সড়ক থেকে শুরু হওয়া দেবগ্রাম, কাটোয়াঘাট, মাটিয়াড়ি, কালিগঞ্জ, ঘোষালপুর গ্রাম এই রাস্তাগুলির বেহাল অবস্থা হয়েছে। বারে বারে বলা সত্ত্বেও মেরামতের কোনও ব্যবস্থা হয় নি। দেবগ্রাম থেকে ঘোষালপুর পর্যন্ত রাস্তাটির উভয় দিকের মধ্যে ১৫ থেকে ২০ হাজার মানুষ বসবাস করে। রাস্তাটির অবস্থা অত্যন্ত শোচনীয়। আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে দেবগ্রাম থেকে ঘোষালপুর গ্রাম পর্যন্ত রাস্তাটি অবিলম্বে মেরামত করা হয় সেটা দেখুন।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ডের কাছে আমরা কিছু টাকা ধার নিই এবং আরও বেশি পরিমাণ ধার নেবার জন্য ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ডের কাছে আমরা যাচ্ছি। আপনি নিশ্চয়ই জানেন ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ড একটা অর্থনৈতিক সংস্থা হিসাবে তারা এটা সব সময় দাবি করে, তাদের কাছ থেকে সাহায্য নিয়ে তৃতীয় বিশ্বের দেশ উপকৃত হয়েছে এবং ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ডের নিজস্ব বিজ্ঞাপন হিসাবে যে দেশের নাম সবচেয়ে বেশি উল্লেখ করে সেই দেশের নাম হল চিলি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন চিলির যে পিরিয়ডে এই উন্নয়ন হয়েছে সেই পিরিয়ডে চিলির মানুষের গণতান্ত্রিক অধিকার ছিল না। ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ডের অলিখিত শর্তের মধ্যে এটা পড়ে যে, একটা দেশ যখন তার কাছ থেকে ধার নিচ্ছে তাকে গণতান্ত্রিক অধিকার হারাতে হবে। আমরা আতঙ্কিত হচ্ছি — যে ভাবে কাগজপত্রে 'এসমা' সম্পর্কে আশঙ্কার কথা বলা হচ্ছে, তাতে চিলির মতো আমাদের এখানেও গণতন্ত্র হত্যা করার উদ্যোগ নেওয়া হয়েছে।

[1-00 — 1-30 P.M.]

(Including Adjournment)

আমি আপনার মাধ্যমে আজকের দিনে এই বিষয়টি উল্লেখ করতে চাই। স্যার, আজ ২৩শে মার্চ। শহীদ ভগৎ সিং আজ থেকে ৬২ বছর আগে ফাঁসির দড়ি গলায় পরেছিলেন।

কাজেই ভগৎ সিংয়ের উদ্দেশ্যে আজকে শ্রদ্ধা জানানোর সময়ে গোটা ছাত্র যুব যে পথ নিয়েছেন, সেই পথে আমাদের পা বাড়ানো উচিত যখন আমাদের অর্থনৈতিক এবং সার্বভৌমত্ব বিসর্জন দেওয়া হচ্ছে। তার অন্যতম স্টেপ হচ্ছে 'এসমা', চিলির পথে পা বাড়ানোর একটা সাকসেস স্টোরি। ভগৎ সিংয়ের শহীদ দিবসে এই কথা আমরা স্মরণ করি।

শ্রী সঞ্জীবকুমার দাস ঃ মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন, টেলিগ্রাফ পত্রিকায় গত ২৩।২।৯২ তারিখে একটি ঘটনার কথা বেরিয়েছে, আমি সেটি এখানে উল্লেখ করতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বাবু খড়গপুরে একটি ইন্ডাস্ট্রি ওপেন করতে গিয়েছিলেন। আমি লেখাটি পড়ছি, আপনারা শুনলে অবাক হয়ে যাবেন —

"Hours before the inauguration ceremony, the State Industry Secretary turned up at the venue, presumably to survey the arrangements by the Tatas. When he found his nameplate missing from the table where the Chief Minister and other luminaries were to be seated, he flew into a rage, using words that would not bear repetition in civilised society".

নেকস্ট টাইম আবার যখন তিনি দেখলেন যে তাঁর নেম প্লেট নেই, তখন তিনি বলেছিলেন — "ডু ইউ নো আই ক্যান স্টপ দিস প্রোজেক্ট ইফ আই ওয়ান্ট টু"? স্যার, ২৩।২।৯২ তারিখে টেলিগ্রাফ পত্রিকায় এটা বেরিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীর সদিচ্ছা আছে দেশে ইন্ডাস্ট্রি বাড়ুক। কিন্তু সেই ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট কি ভাবে চলছে — একজন অফিসার বলছেন, 'এই ইন্ডাস্ট্রিকে আমি ইচ্ছা করলে স্টপ করে দিতে পারি'।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য মানব মুখার্জি এখানে আন্তর্জাতিক কথাবার্তা উল্লেখ করেছেন। আমি আপনার কাছে সবিনয়ে নিবেদন করছি, বিভিন্ন সংবাদপত্রে দেখেছি, লেনিনের কবর খুঁড়ে সমাহিত করার উদ্যোগ নেওয়া হয়েছে। এই শকুনের দল — আমরা চাই উনি একটা ডেপুটেশন দিন লেনিনের মৃতদেহ কলকাতায় আনবার জন্য। তাহলে কলকাতা শহরের প্রতি টুরিস্ট অ্যাট্রাকশন বাড়বে। আমরা এই জিনিস চাইছি। লেনিনের মৃতদেহ এখানে আনার জন্য একটা ডেপুটেশন দিন, এখানে তাহলে ট্যুরিস্ট অ্যাট্রাকশন বাড়বে। ওদের একটু অক্সিজেন দরকার। মানব বাবুদের অক্সিজেন ফুরিয়ে গেছে, অক্সিজেন ট্রান্সফিউশন দরকার।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ স্যার, আমার একটা পার্সোনাল এক্সপ্লানেশনে আছে। মাননীয় সদস্য জয়নাল আবেদিন একটু উষ্মা প্রকাশ করেছেন। আমি এখানে বিদেশের কথা, আন্তর্জাতিক কথা বলেছি। আমার অভিযোগ কৃতদাস কথাটা নিয়ে। ওঁরা যদি বিদেশের কাছে বিক্রি হন তাহলে আমি কি করব? বিদেশের কাছে ওঁরা যদি বিক্রি হন তাহলে তো কৃতদাসই বলতে হবে। এটাই আমি বলতে চেয়েছি।

মিঃ স্পিকার ঃ ডাঃ আবেদিন, আমাদের এই হাউসে আমরা জাতীয় এবং আন্তর্জাতিক আলোচনা ছাড়াও মাঝে মাঝে স্বর্গীয় আলোচনাও তো করি।

শ্রী নিতাইচরণ আদক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী এবং আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে, গত ৭ই মার্চ হাওড়া জেলার খাজুরটি গ্রামে এবং মাসুমা গ্রামে একই দিনে কংগ্রেস অত্যন্ত পরিকল্পিত ভাবে এক নারকীয় ঘটনা ঘটিয়েছে। সেখানে আমাদের কর্মীদের মারধোর করা হয়েছে। আমাদের পার্টি অফিস ভাঙচুর করা হয়েছে। আমাদের লোকজনদের এমন ভাবে মারধোর করা হয়েছে যে তারা এখনও হাসপাতালে রয়েছে।

এটা ছাড়া আর একটি ঘটনা ঘটেছে, মাসুমা গ্রামে একটি বাড়িতে কংগ্রেস কর্মীরা হামলা করে এবং মহিলাদের উপর অত্যাচার করে। তারা সেখানে পাশবিক অত্যাচার চালায় এবং আমরা জানি কংগ্রেস সভাপতি তিনি সেখানে গিয়ে একটা উত্তেজনা সৃষ্টি করেছেন। গতকাল হাওড়া জেলার বামফ্রন্টের সদস্য এবং মাননীয় মন্ত্রী পতিতপাবন পাঠক এই নারকীয় ঘটনা দেখে এসেছেন এবং তিনি মহিলাদের সঙ্গে মিট করেছেন। কংগ্রেসিরা মহিলাদের উপর যে নারকীয় ও নক্কারজনক অবস্থা সৃষ্টি করেছেন সেই ঘটনা তাঁর কাছে তাঁরা বলেছেন। স্যার, আমি আপনার কাছে অনুরোধ করছি সমস্ত বিষয়টা তদন্ত করা হোক এবং হাওড়া জেলার সভাপতি তিনি যে উত্তেজনা সৃষ্টি করেছেন, এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার কাছে অনুরোধ রাখছি।

মিঃ স্পিকার ঃ এখন বিরতি, আবার আমরা মিলিত হব বেলা দেড়টায়।

(At this stage the House was adjourned till 1.30 P. M.)

(After Adjournment)

[1-30 — 1-40 P.M.]

General Discussion On Budget

Mr. Speaker : Mr. Ambica Banerjee, what is your personal explanation ?

শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ স্যার, এর আগের দিন হাওড়ার, কল্যাণপুরের মাননীয় বিধায়ক আমার বিরুদ্ধে বলেছিলেন। সেদিন আমি বলার কোনও সুযোগ পাই নি। উনি সেদিন আমার বিরুদ্ধে বলতে গিয়ে অনেক ব্যক্তিগত কুৎসা রটনা করেছেন এবং এটাই ওনার হ্যাবিটে দাঁড়িয়ে গেছে। কল্যাণপুরে আজকে উনি এমন একটা পরিবেশ সৃষ্টি করেছেন, সেখানে যারা সি. পি. এম. করত তারা আজকে সি. পি. এম. পার্টি ছেড়ে দিয়ে দলে দলে কংগ্রেস করছে। উনি এতদিন ধরে বিধানসভায় আছেন কিন্তু একদিনও তিনি কল্যাণপুরের মানুষের জন্য একটা কথাও বলেন নি। আজকে উনি বিধানসভায় আমার বিরুদ্ধে বললেন, যে আমি নাকি ওখানে উত্তেজনা শুরু করেছি। আমি গত এক সপ্তাহ পশ্চিমবাংলার বাইরে ছিলাম এবং আমি ঐ গ্রামে যাই নি। গত ১০ বছর ধরে খাজুরদিহী গ্রামের কংগ্রেস কর্মীরা ঘর ছাড়া হয়ে আছে, তাছাড়া বহু ঘর বাড়ি ওখানে লুটপাট হয়েছে। কিন্তু এখন সেখানকার মানুষ রুখে দাঁড়িয়েছে এবং সি. পি. এম.-এরই কিছু কর্মী যারা দল ছেড়ে বেরিয়ে এসেছে তারাই আজকে এর বিরুদ্ধে রুখে দাঁড়াচ্ছে। আজকে ওরা পায়ের তলার মাটি খুঁজে পাচ্ছে না, তাই আজকে ওরা পুলিশকে সঙ্গে নিয়ে সেখানকার মানুষের উপর অকথ্য অত্যাচার চালাচ্ছে। আমি সেখানে গিয়েছিলাম এবং আমি সেখানে বলে এসেছি কংগ্রেস কর্মীরা অনেকদিন মার সহ্য করেছে, কিন্তু এবার মারের বদলে মার দেওয়া হবে। আমি প্রশাসনকেও বলেছি, যদি ওখানে শান্তি আনতে হয়, তাহলে সবাইকে নিয়ে বসুন, তাহলেই ওখানে শান্তি ফিরে আসবে।

শ্রী দীপককুমার সেনগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি, বিশেষ করে যারা এই মন্ত্রী সভার সদস্য আছেন তাদের। এই মুহূর্তে রানি রাসমনি রোডে পশ্চিম বাংলার প্রায় দু' হাজার এন. ভি. এফ. কর্মী তাদের দাবি দাওয়া নিয়ে সেখানে অবস্থান করছে এবং তারা মুখ্যমন্ত্রীর কাছে একটা স্মারকলিপি পেশ করতে চান। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী অনুপস্থিত, তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করব মন্ত্রী সভার কোনও সদস্য যেন তাদের দেওয়া স্মারকলিপিটি গ্রহণ করে মুখ্যমন্ত্রীর নিকট প্রেরণ করেন এবং তাদের একটা প্রতিনিধি দল মুখ্যমন্ত্রী আসলে যেন তার সঙ্গে দেখা করতে পারেন সেই ব্যবস্থা করে দেন।

Shri Rajesh Khaitan : Mr. Speaker, Sir, I rise with a heavy heart because I am to speak on a Budget, a Budget, which no State Government in India would present, but only a Government of our State, a State, a Government, which calls itself 'The Government of West Bengal'. According to me, it is a Budget not for a State called West Bengal, it is not a Budget presented by a government of 'West Bengal', it is a Budget for 'Waste Bengal', a 'Government of Waste Bengal', a Government which has wasted fourteen years in office, a Government which have played for fourteen years with the lives on the people of our State. It is as such that with a heavy heart that I rise to oppose this Budget.

Mr. Finance Minister, may I ask you where is 'Mr. Zero'? I refer to your speech, your statement, the Budget statement of 26th July, 1991 which you made in this august House. In para 63, page 19, Mr. Finance Minister said — "This proposal for a zero-deficit balanced Budget is not a gimmick....." Is not a gimmick; for the last fourteen years, we from the Opposition told every year — 'the zero-deficit Budget is nothing but a gimmick, and a gimmick and a gimmick'. Now let us see what the Economic Times, Calcutta has to say — "Goodbye to the Zero". What the Financial Express, Calcutta has to say — "Zero-Deficit goes after five years". And what is the explanation when you are asked as to how you have managed to present the zero-deficit Budget ? You say — 'we are going to rely upon ways and means advances', which were available to you for the last fourteen years; which we said, and you said 'no'. It's no innovation, because you could not present, you could not balance your balance-sheet. You could not hide, because you have surpassed all the limits of wastefulness. The results are, in fact, you withdraw from 'Zero'. I am happy, at least it is dawned upon you to withdraw from the zero mark.

Now let us see what you have stated in your present Budget speech, in para 1.2. You see, Mr. Speaker, Sir, it is amazing to read such a statement. Quote : (para 1.2) "It is not simply and economic crisis, there is also a serious apprehension of an assault on the sovereignty of the country". Whose sovereignty, our beloved country India? Is there any tone ? The statement I call is an allegation on which I take a strong exception. It is highly objectionable. It is unjustified. It

is uncalled for, and it is, Mr. Finance Minister, politically motivated. It is totally hypocrisy on your part to make such an out of context statement.

[1-40 — 1-50 P.M.]

Now let us see what the Union Finance Minister has said in his interview. It is published in the Economic Times (Calcutta edition) dated 5th March, 1992. In reply to a question Dr. Monmohan Singh said "sub-consciously all the criticisms enter into the policies. And, therefore, this is utter hyprocricy to say that all these years we were self-reliant and suddenly Dr. Monmohan Singh and Mr. Narasimha Rao have surrendered the country's sovereignity". You were critical about the entire budget speech of the Union Finance Minister. You have attacked the centre for taking loan from I. M. F. You have attacked the Central govt.'s policies. You have attacked the Central budget. Let us see what the newspapers through out India have to say — The Economic Times, The Financial Express, The Business Standard. One by one I would read.

The Financial Express, Calcutta dated 1st March in its editorial 'A path breaking budget' has said "Dr. Monmohan Singh has done it again. Path-breaking as the economic policy changes of the Narasimha Rao's Government have been in the last eight months. This budget of 1992-93 is equally path-breaking and dramatic. There never has been in this country another eight months period with so much of policy inputs for structural change and there has never been a budget so fully consistent with those policy announcements and supportive of them. The point is that every previous budget worked within a given frame work; but this one changes the very frame work from a semi-controlled to a liberalising economy". ....."The Finance Minister dispelled the illusion that there has been a budget leakage. The Raja Chelliah Committee report has not been seen by anyone outside North Block. The I. M. F. and the world are our bankers and it is our right to borrow from them. Obviously, they want to be satisfied that the loans will be repaid. That is where conditionality comes in and it is customery to discuss with them what "we propose" to do policy-wise". This is what the editorial of the Financial Express (Calcutta edition) says.

Let us have a look at the editorial of Economic Times (Calcutta) under the heading 'A Land mark Budget'. "It is not easy to combine with economics, but perhaps the task is easier when it is good economics, as Dr. Manmohan Singh has shown". ....."This will go down in Indian fiscal history as a land-mark Budget, not just for restoring fiscal discipline, not even for initiating a comprehensive move towards more moderate tax rates on all sides, but essentially for the dramatic opening up of the economy, to both markets in general and the rest of the world. The partial convertibility of the rupee, the delicensing of virtually all imports, easier importation of gold (a major attack on smuggling), the sweeping cuts in customs tariffs, the possibility of foreigners investing in the Indian capital market, the promise to further reduce the rigours of the Foreign Exchange Regulations Act (FERA), the strengthening of the capital market all add up to a substantial liberalisation and opening up of the Indian economic. True, with the possible exception of the timing of the partial convertibility of the rupee, much of it was expected. That does not, however, take away from the width and breadth of the changes that have been announced. The I. M. F. will be happy, and so will most tax payers. Indeed, the finance minister has managed to achieve a sharp reduction in the fiscal deficit without a major tax effort; amazingly, the net effect of his taxation proposals is negative on the central exchequer, since the money goes to the states".

Sir, this indicates that the not effect of the taxation of the Union Budget is going to be negative on the Central Exchequer. But it is positive on the State Exchequer. I will demonstrate that this has not been highlighted in the budget of our Finance Minister. Let us say what the "India To-day" observed its publication dated 31st March, 1992. Our Hon'ble Finance Minister will not listen to us because he feels that we are opposing for the sake of opposition. When the Finance Minister was presenting his budget speech we felt that he was in the parliament and he was going to oppose the Union Budget, and he was not going to present our State Government Budget. All his talk on the Central Government was nothing but a gimmick. I am now quoting from the "India To-day" dated 31st March, 1992, which runs as follows :—

"Reaching for prosperity —

Manmohan Singh's budget has come as a painful blow to the establishment's hitherto well-protected midriff. And the establishments are screaming "Anti-Poor", "Pro-Rich", "pro-World Bank" in self-righteous agony. What else can they do ? For those self proclaimed champions of the wretched of the earth have fattened themselves on a gravy train of sanctmonious socialism for too long. Now they are being asked to get off and land in the real world in which hard work and the competitive spirit will be the new watch words for material reward. In trying to ushor in this new ethic. Manmohan Singh's proposal can only be described as anti-establishment.

There are no short cuts out of poverty. Subsidies, bailouts, hand-outs, industrial licences to the favoured, create not affluence but economic drain, and inflation which is the cruelst tax on the poor. The way out of poverty is jobs and more jobs.

This means industrial expansion, competitiveness, efficient banking, a rational tax system, boosting the capital markets, spurring new investments, attracting more and more technology, and competing in the world market. Manmohan Singh's proposal hold the promise for much of this. If they succeed, he will go down in history as having given this country its first truly pro-poor budget".

May I know what is your slogan ? I think your slogan is self-reliance and employment. I will demonstrate that it is a falacy. Now let us come to the next point. What Tagore said Remember. — "He was talking of an India where head is held high where mind is free, where there is a cross flow of all cultures of all countries".

In a free economic we should think, learn and adhre to the changing world. We should adopt the changes of the world and we should not stick to the past history in the context of the changing world.

[1-50 — 2-00 P.M.]

Mr. Finance Minister, now I am coming to your 'Alternative Plan'. I cannot sum up and reply you as good as and I am sure, nobody can reply you as good as what the Special Correspondent of 'Business

Standard'' replied you on your 'Alternative Plan' in his article. Mr. Finance Minister, if you read that article with an open mind, if for a moment you forget that you are the Finance Minister, that you have presented this budget, that the Left Front government has presented this budget, — I am sure, you will agree with what has been stated in the article. It is under the caption 'Dasgupta's alternative hope published in the 'Business Standard' on 17th March last. Sir, several features of the 'Alternative plan' were dealt with in that article. I am quoting one after another. Feature no. I, I quote, ''To begin with, the public distribution system ought to be given a 'comprehensive' budgetary provisions. That, we presume, will ensure even man, woman and child of India will have four square meals a day, cheaply. But the problem is food is not produced cheaply. Someone has to pay the cost. Will West Bengal bear it ? Oh. no. never ! Why is the Centre there for ? Never mind the huge gap it will leave in the Union Budget. That's the Manmohan's bother. And talking of budget deficits, Dasgupta has done some pioneering work this time : he has achieved both a deficit and a 'balanced' budget at the same time. He has done it by taking a 'ways and means advance. He is lucky, states have ways and means of such a recourse Manmohan has IMF. Not much of difference, except that Fund Bank attach conditionalities, whereas the RBI does not. What if it did''? Sir, the Central Government and the Reserve Bank of India cannot impose conditionalities on the states at the time of giving money. The state gets money with out conditions, with out responsibility, with out performance, with out accountability and under that circumstances, the Finance Minister of our state is talking of alternative plan and alternative economic policy. And what the economic policy has been propounded by the Finance Minister, propounded by the Leftists, propounded by the Left Front Government ? Now, Sir, I quote feature No. 2, ''Public Sector Undertakings should not be sold. Rather the question of increasing their performance should be addressed to directly''. Sir, what is the position of West Bengal in this respect ? Let us have statistics of Economic Review. 90 per cent of the Public Sector units of our state are in a rotting condition. Let us know what you have done to turn these units into the plus sides. And, Sir, ultimately who are suffering ? Whose money is going ? It is taxpayers, money. So it is their botheration.

Now, come to feature No. 3. I quote, ''A more competitive at-

mosphere ought to be ushered in instead of restricting competition to large private houses and foreign companies''. Sir, this is exactly what Dr. Manmohan Singh is saying. What's the problem in it — we agree with it.

Now, Sir, come to feature No. 4. I quote, ''Before any strudtural changes are brought about in the financial sector, a full discussion with states should be held''. There is no problem in it. Nobody is saying no, on this point. It means that you are not opposing the reforms which the Union Finance Minister is doing. Your only demand is that the states should be heard.

Now, Sir, come to feature No. 5, I quote, ''For over all development and employment generation, it is necessary to forge an effective linkage between large sector and small sector in certain areas of industry''. Sir, this is contradictory to his feature No. 4.

Now, let us come to your last feature. It is very interesting. I quote, ''Planning should be a decentralised exercise and not a bureaucratic system. It ought to democratic, with common people participating in formulation and implementation of development schemes''. Mr. Dasgupta, you have not said anything new in your alternative plan. You have talked all these things before. In our state there is a State Planning Board which is packed with bureaucrats.

Have you practised the idea which you have talked in your Alternative plan in the State Planning Board ? So, first you practise then preach. The State Planning Board should first be decentralised and free from bureaucratic system. You must think before you talk. You must do before you preach. But, Sir, they will not do that. I must refer here two articles for which I am grateful to my leader, Leader of the Opposition, Mr. Siddhartha Shankar Ray, who have brought these to my notice. Sir, these two articles were published in the 'The Telegraph' on 2nd September, 91 and 3rd September, 91. Each of these articles were written by Shri Santosh Kumar Bhattacharya. The first article was published under the caption 'Time for some real belt–tightening' and the second article was published under the caption — 'Export or perish : More than just a slogan'.

Sir, I quote a line from this article, "The East European economics had not collapsed yet to drive home the point that the alternative to export led growth is not domestic market led growth, but arrested growth".

Sir, China had sorted it out much earlier. And we have started it only now. I understand that for political reasons you cannot follow the India Government, but the Leftists can follow the China Government. China had adopted the open economic policy long before. What is wrong if our country takes the policy of openness for better economic growth and development of our country and its people. If you don't follow the India Government, if you don't follow us, then follow China. Now, let us come to the same author's article published on 2nd September, 91 under the heading 'time for some real belt tightening'. I will not take much of your time on this article. But let me tell you that is a most thought provocating article on the state of affairs of the economy of our country as well as of our state. You must read it, each one of us should read it.

Now, Sir come to the 'Budget at a Glance', published by the Finance Department in March, 1992. I refer to the Schedule Statement — I. Mr. Deputy Speaker, Sir, it is very interesting. It is most significant. The Revenue Receipt of our State expected for this year is Rs. 7903.32 crores, — out of which the State Share of Union Taxes and Duties would be Rs. 1326.94 crores, Grants-in-aid from the Central Government would be Rs. 1019.38 crores, Loans and Advance coming from the Central Government would be Rs. 1325.85 crores, Loans from the RBI and other sources would be Rs. 108.46 crores — total Rs. 3780.63 crores. So, out of the total Revenue Receipt for this year budget of Rs. 7903.32 crores, — Rs. 3780.63 crores is coming directly from the Central Government. So, Sir about 45 per cent of the Revenue Receipt is reserved for the Central Government, that means only 55 per cent of the Revenue Receipt is reserved for the West Bengal Government.

[2-00 — 2-10 P.M.]

Thanks Mr. Finance Minister, you say that Centre is not doing

anything for West Bengal. Don't you treat the Centre as your father ? So behave like the son... O. K. Don't you believe in son-father relationship believe in theory or concept of partnership ? Do you mean to say that West Bengal is not a part of India ? I suppose, you believe that West Bengal is not in India. If it is so then where from this 45% comes ? It is from the Union Government to West Bengal. But you are showing total disrespect to the Central Government. At least have a sense of decency, sense of proprietorship. Don't talk nuisance all the time.

Let us come to small savings regarding which Mr. Finance Minister said, — "has been adversely affected". I am really concerned because I am Bengali first, West Bengal comes first as well as my country. So, I say that small savings have been affected. Now, let us read the Union Finance Minister's Budget speech. Sir, I quote from Dr. Manmohan Singh's Union Finance Minister's Budget speech presented in the parliament in the Lok Sabha : — "The proposals with regard to changes in excise duty outlined above are likely to yield additional revenue of Rs. 2515.70 crores. The concessions and reliefs announced aggregate to Rs. 304.80 crores. Out of the net additional sharable revenue from excise duties of Rs. 2210.90 crores, the Centre's share would be Rs. 1146.53 crores and the State's share Rs. 1064.37 crores.

The net impact of my proposals on Customs and Excise duties taken together amount to an additional mobilization of only Rs. 187.55 crores on direct taxes. Since the loss in customs duties falls entirely on the Centre whereas the gain in excise revenue is shared with the States, the impact on the Centre's revenue is a loss of Rs. 876.82 crores while the States will gain as much as Rs. 1064.37 crores. Out of this, what is the share of West Bengal ? What is the net effect between gain and the levy of excise duties and the loss in saving ? Hon'ble Finance Minister has mentioned what it should be. It is a deliberate omission. It is not a hidden talent of our finance Minister. It is a hiding talent. Hon'ble Finance Minister is hiding from the people of West Bengal. The Centre is aware that the State is receiving sanction and so the State has not been adversely affected. This is the talk of the Hon'ble Finance Minister. More lectures of our Finance Minister to

invest in small savings but there is no concept, there is nothing to offer. Now, let us come to the next point.

Now I come to demonstrate as to how our Government, West Bengal Government, has been telling us year after year that we are going to do this for the industry, we are going to do this for the education, we are going to do this for the rural Bengal; we are going to do this for power, this for employment. In 1983 this Government brought an amendment to Sales Tax Act — Bengal Finance Sales Tax Act 1941. "Those dealers who would pay taxes within time or within extended time, they will not be charged with interest. The penal interest of 2 per cent will not be charged". We were told in this House. A Bill was brought. The Act was amended in 1983. In 1983 this Government brought this Act, amended, but rules not framed as yet. No rules to implement this law which has been enacted by this House. This is not a fraud being practised by the people of our state.

Now I come to the next, incentive. In 1983 it was propounded that incentive will be given for small scale units. I am giving you here one instance. The basis of the incentive was that if you set up a small scale unit or you make an expansion there will be incentive which the State Government will pay. The Bill is pending. Interest free sales tax loan is pending from 1986 till now. Octroi Entry tax is pending from 1986 till now. Subsidy of interest of working capital is pending from 1986. Subsidy on consumption of power is pending from 86. The incentives are announced. But they do not have fund. What can be done. They are bankrupt. This Government is bankrupt, does not have money and without money they are talking big. They have become Fatkawalas. They should go to the stock market and do fatka business. They become Burrabazarian here.

Let us come to the next one. Sir, they shed teares for the workforce, Look at those Indian Journalists Association repres entation. What has happened today? Amrit Bazar , Jugantar are closed. Why can not you open.

I am not saying you do not have fund. You can reopen. But what action has been taken against employers. Action has been taken against

the same very employers by the State Government of U. P. Their assets have been attached. What has happened in Bihar ? In Bihar, Aryabarta, The Nation have been closed. Action has been taken. But your Government is non-performing, a hopeless Government, a bogus Government. You do not care for the poor workman, for the poor journalists. One journalist committed suicide in the precincts of the Jugantar and Amrit Bazar. Yet no action has been taken. Sir, they talk about incentives, they talk about unemployment.

[2-10 — 2-20 P.M.]

In his Budget Speech, the Finance Minister has said that five lakh people will be given employment. The same thing has he said in the last year's Budget Speech. Now, I am coming to the information given in the Economic Review (1991-92), published by the Government of West Bengal, at page 67, chapter - 8, Table 8.4, where the Employment figures in the organised sectors in West Bengal from March, 1990 to March, 1991 have been furnished. They are expecting that in terms of employment the increase in the Public Sector will be 5,000, while in the Private Sector, it will be 33,000, totalling to 38,000. They are talking about the employment of five lakh people! They can be charged with a breach of privilege for misleading the House. Employment to five lakh people has never been given, last year. They cannot give it even this year. I say so with all sincerity and responsibilities. Sir, this is how they have been performing. This is the nature of their performance. In this connection, I will give you one more example. Look at the statistics given in the Economic Review (1990-91), page 101, Table 6.6, where it has been furnished that out of 205 closed units from 1980 till 1990 in West Bengal only 67 units have opened and 138 units are still closed, i.e. roughly 33% of the closed units have been opened. Sir, I want to ask as to what the State Government has done during the last ten years ? They are talking about industrialisation ? Industrial growth ? Industrial development ? Incentives ? They connot Give employment. Then at the end, in paragraph 4.20 of his Budget proposals, the Finance Minister has said that the air-conditioned rooms in the hotels which remained unoccupied will not be taxed.

My question is who are going to find out as to which are unoc-

cupied. In this way, you are, I mean you the Finance Minister, encouraging corruption, black money. Then what the Finance Minister has said in his Budget Speech about the dealers of luxury taxis, deluxe and tourist buses at paragraph 4.23 — is anti-tourism. It is all anti-tourism. They are talking about pro-tourism in this way.

At the end, I would like to say by way of suggestions and recommend to the Finance Minister to read the booklet — "Revival for Survival", published by the Bengal Chamber of Commerce and Industry under the foreward of Mamtaj Begum, its president in December, 1991. I can say that it is the oldest association in Asia. If your goodwill does not permit to listen to them, I would on the other hand request that the Government at least respect the oldest association and follow them.

Before I conclude, I would again strongly oppose this Budget which has no legs to stand on, no mind to think, no hands to work, no heart to enlighten the people of our state.

Thank you, Sir.

শ্রী লক্ষ্মণ শেঠ ঃ মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে ব্যয় বরাদ্দ এই হাউসে পেশ করেছেন, আমি তাকে সম্পূর্ণ সমর্থন করছি। এতক্ষণ ধরে বিরোধী দলের সদস্য রাজেশ খৈতান মহাশয় আলোচনায় অংশ গ্রহণ করলেন। আমি ভেবেছিলাম তিনি আলোচনার মাধ্যমে একটা বিতর্ক হাজির করবেন। কিন্তু তার আলোচনার মধ্যে কোনও সারবত্তা নেই। তিনি নিজের কোনও বক্তব্য এখানে উথাপন করলেন না। টেলিগ্রাফ, বিজনেস স্ট্যান্ডার্ড, ইন্ডিয়ান এক্সপ্রেস, ফিনান্সিয়াল এক্সপ্রেস, তারা কি বলেছে, তার রিভিউ কি হবে, এসব কথা বললেন। তার নিজের কোনও কথা তিনি বলেন নি। তার মানে হচ্ছে আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটে তার আলোচনা করার কোনও জায়গা নেই। সেই কারণে তিনি তার নিজস্ব বিষয় উথাপন করতে পারেন নি। আমি মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি যে বিজনেস স্ট্যান্ডার্ড, টেলিগ্রাফ, ইন্ডিয়ান এক্সপ্রেস ইত্যাদি যে সংবাদ পত্রগুলির কথা তিনি বলেছেন, এই সংবাদপত্রগুলি আমাদের দেশের বড় বড় মালিক গোষ্ঠীর দ্বারা পরিচালিত হয়। সুতরাং মালিক গোষ্ঠীর কণ্ঠস্বর আবার হাউসে তাদের কণ্ঠ থেকে প্রতিধ্বনিত হচ্ছে। এটা থেকে পরিষ্কার যে কংগ্রেস কাদের প্রতিনিধিত্ব করেন। আমি ভেবেছিলাম যে রাজেশ বাবু এখানে গঠন মূলক কথা বলবেন। তিনি এই হাউসে দাঁড়িয়ে যে কথা বললেন তাতে কাদের কণ্ঠস্বর এখানে প্রতিধ্বনিত হচ্ছে? টাটা, বিড়লা, বাজোরিয়া, কানোরিয়া, খৈতান গোষ্ঠীর কণ্ঠস্বর এখানে প্রতিধ্বনিত হয়েছে, তিনি নিজের কোনও ভাবনার

কথা বলেন নি। তিনি এখানে একটা অঙ্কের জাগলারী করেছেন, জাগলারী অব ম্যাথেমেটিক্স করেছেন। তিনি অঙ্ক দিয়ে বোঝাতে চেয়েছেন। তিনি বলেছেন যে পশ্চিমবঙ্গ সরকার রাজস্ব খাতে সংগ্রহ করে ৩ হাজার কোটি টাকা বিভিন্ন কেন্দ্রীয় সংস্থা থেকে। কিন্তু তিনি একথা বললেন না যে কেন্দ্রীয় সরকার এই রাজ্য থেকে কত টাকা সংগ্রহ করে নিয়ে যান? কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ থেকে পকেট মেরে নিয়ে যাচ্ছেন ৪।। হাজার কোটি টাকা। উনি বলেছেন যে পশ্চিমবঙ্গ দেউলিয়া সরকার। কেন্দ্রীয় সরকার আমাদের জনগণের কাছ থেকে প্রতি বছর ৪।। হাজার কোটি টাকা সংগ্রহ করে নিয়ে যাচ্ছেন, আর তার বিনিময়ে ৩ হাজার কোটি টাকার হিসাব দিচ্ছেন। কেন্দ্রীয় সরকার যে টাকা আমাদের দেন তা সুদ সহ আমাদের পরিশোধ করতে হয়। পরিকল্পনা খাতে যে টাকা দেওয়া হয় এবং তারপরে যে টাকা ফেরৎ দিতে হয় সেটা হিসাব করা যায় তাহলে দেখা যাবে যে মূল যোজনা খাতে তারা কোনও টাকা দেয় না। উনি আমাদের সরকারকে দেউলিয়া সরকার বলছেন। কিন্তু আসলে ওরা দেউলিয়া, ওদের নীতি দেউলিয়া নীতি। সে জন্য ওরা এসব কথা বলছেন। উনি বলেছেন যে আমাদের অর্থমন্ত্রী শুধু কেন্দ্রীয় সরকারকে আক্রমণ করেছেন। ওরা আমাদের সরকারকে আক্রমণ করবেন, আর আমরা কেন্দ্রীয় সরকারকে আক্রমণ করব না, এটা কি ধরনের কথা! উনি যে ৩৫ মিনিট বক্তব্য রেখেছেন তার মধ্যে ৩০ মিনিট কেন্দ্রীয় বাজেট নিয়ে বলেছেন। রাজ্য সরকারকে একটা বাজেট উত্থাপন করতে হবে। সেখানে কেন্দ্রীয় সরকারের অর্থনীতি, তার ফিসক্যাল পলিসি, তার ইন্টারন্যাশনাল ট্রেড পলিসি, অনেক কিছু আলোচনা করতে হয়। পশ্চিমবঙ্গ ভারতবর্ষের বাইরে নয়। কাজেই এগুলিকে আলাদা করে রেখে কোনও বাজেট করা যায় না।

[2-20 — 2-30 P.M.]

যে কোনও শিশুই এটা জানে যে আমাদের যদি কোনও আদর্শ গ্রহণ করতে হয়, যদি কোনও শিল্প নীতি গ্রহণ করতে হয়, যদি কোনও ভূমি সংস্কার নীতি গ্রহণ করতে হয়, উন্নয়নের যদি কোনও নীতি গ্রহণ করতে হয় তাহলে কেন্দ্রীয় সরকারের অধীনে সংবিধানের নির্দেশের মধ্যে আমাদের তা করতে হয়। স্বাভাবিক ভাবে আমরা যখন আমাদের বাজেট নিয়ে আলোচনা করতে যাই তখন কেন্দ্রীয় সরকারের বাজেট সম্পর্কে কিছু বক্তব্য আমাদের আলোচনার মধ্যে এসে যায়। কেন্দ্রীয় সরকারের বাজেট সম্পর্কে কিছু বক্তব্য আমাদের আলোচনার মধ্যে এসে যায়। কেন্দ্রীয় সরকারের যে বাজেট এবারে পেশ হল সেই বাজেটে পুরোপুরি ভাবে ধনিক এবং বনিক শ্রেণীদের স্বার্থ রক্ষা করা হয়েছে। পুরোপুরি ভাবে দেশের স্বাধীনতাকে বিক্রি করে দেওয়া হয়েছে। কয়েক দিন আগে কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী বিশ্বব্যাঙ্কের কাছে যে চিঠি দিয়েছিলেন সংবাদপত্রে তা পরিবেশিত হয়েছে। সেই চিঠির মূল বিষয়গুলি বাজেটের বিষয়গুলির মধ্যে প্রতিফলিত হয়েছে। এর মধ্যে দিয়ে প্রমাণ করা যায় যে দেশের স্বাধীনতা বিসর্জন দেওয়া হয়েছে। একটা দেশের যদি অর্থনৈতিক স্বাধীনতা না থাকে তাহলে

রাজনৈতিক স্বাধীনতা আনুষ্ঠানিক মাত্র। এবারের কেন্দ্রীয় বাজেটে বেশি বেশি করে আমদানি শুল্কের উপর ছাড় দেওয়া হয়েছে। কার স্বার্থ রক্ষা করার জন্য এই জিনিস করা হয়েছে? বহু জাতিক সংস্থা শিল্প স্থাপন করে অবাধে আমাদের দেশের মানুষের সম্পদ লুট করতে পারে তার সুযোগ এবারের বাজেটে করে দেওয়া হয়েছে। একদিকে আমদানি শুল্ক কমানো হচ্ছে অন্য দিকে আমাদের দেশের উৎপাদনের উপর বেশি বেশি শুল্ক চাপানো হয়েছে, ২১০০ কোটি টাকা সংগ্রহ করা হবে এর মাধ্যমে। এই বাজেট নীতি কার স্বার্থ রক্ষা করছে বিচার করুন। এবারের বাজেটের মধ্যে দিয়ে সেচের টাকা কমানো হয়েছে, শিক্ষা খাতে বরাদ্দ কমানো হয়েছে, গ্রামীণ উন্নয়ন খাতে বরাদ্দ কমানো হয়েছে দারিদ্র দূরীকরণ খাতে বরাদ্দ কমানো হয়েছে। কেন্দ্রের সরকার যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের মধ্যে দিয়ে করপোরেট ট্যাক্স বৃদ্ধি করা হয় নি। সম্পদ করের উপর বিরাট ছাড় দেওয়া হয়েছে। বলা হয়েছে পরোক্ষ কর থেকে ৯৫০ কোটি টাকা সংগ্রহ করা হবে। প্রত্যক্ষ কর বেশি বাড়ানো হল না। মুক্ত গণতান্ত্রিক দেশ আমেরিকা এবং ইউরোপের দেশগুলিতে হিসাব করে যদি দেখেন প্রত্যক্ষ করের মাধ্যমে তারা বেশি সম্পদ সংগ্রহ করে। আর আমাদের দেশে পরোক্ষ করের মাধ্যমে বেশি সম্পদ সংগ্রহ করে। পরোক্ষ কর বহন করে দেশের কোটি কোটি মানুষ আর প্রত্যক্ষ কর বহন করে ধনিক শ্রেণী এবং বনিক শ্রেণী। এই সরকার তাদের গায়ে হাত দিতে পারেন নি। কেন্দ্রীয় সরকারের বাজেটের মধ্যে বলুন তো মূল্য বৃদ্ধি রোধের কোন কথা বলা হয়েছে, বেকার সমস্যা সমাধানের কোন ইঙ্গিত দেওয়া হয়েছে? কেবল নূতন শিল্প নীতির কথা বলা হয়েছে। ওনারা বলেছেন, কর্মসংস্থানের কথা বলে, অঙ্কের ভুল হিসাব দেখিয়ে দিয়ে বিভ্রান্ত করার চেষ্টা করা হয়েছে। গতবারের বাজেটে আমাদের অর্থমন্ত্রী ৫ লক্ষ ছেলের কর্ম সংস্থানের কথা বলেছিলেন, চাকুরির কথা উনি বলেন নি। চাকুরি এবং কর্ম সংস্থানের সামান্য পার্থক্যটুকু যদি বুঝতে না পারেন তাহলে বিধানসভায় জনপ্রতিনিধি হিসাবে এসেছেন কি করে? সরকার এবং বে-সরকারি সংস্থায় বেতনভোগী হলে চাকুরি করা বোঝায়। স্বনির্ভর প্রকল্পের মাধ্যমে গ্রামীণ উন্নয়নের সঙ্গে যুক্ত থেকে রুজি রোজগার ব্যবস্থা করাকে কর্ম সংস্থান বলে। সেই রকম কর্ম সংস্থানের আওতায় আনা হয়েছে। আর্থিক সমীক্ষায় বলা হয়েছে ৫ লক্ষ ছেলের কর্ম সংস্থান হয়েছে এবং এবারেও হবে। সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকার কি করছে? কেন্দ্রীয় সরকার একজিট পলিসি নিচ্ছেন। যে একজিট পলিসি আপনারা নিচ্ছেন তাতে আপনাদেরও একজিট হতে হবে, ভারতবর্ষ থেকে আপনাদের বিদায় নিতে হবে। আপনারা এই একজিট পলিসিতে বলছেন কি? রুগ্ন শিল্প বন্ধ করে দিতে হবে। তাতে বেকার হবে অনেক। একজিট পলিসি কার্যকর হলে ১০ লক্ষ কর্মরত কর্মচারী কর্মহীন হবে।

এত বড় বড় কথা বলছেন, চাকুরির কথা বলছেন — ১৯৮০ সাল থেকে শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন এবং তারপরে রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন থেকেই ব্যাঙ্ক, সরকারি সংস্থা ও অন্যান্য প্রতিষ্ঠানে যে পদ খালি হয়, কেউ মারা গেলে বা অবসর গ্রহণ করলে সেই পদ পূরণ করা হবে না কেন? ঐ সব সংস্থায় পদগুলো

পূরণ করছেন না। পশ্চিম বাংলাতে কেন্দ্রীয় সরকারের সংস্থায় দু লক্ষ পদ খালি পড়ে আছে। পশ্চিম বাংলায় বেকার বাড়ছে কেন বলে বলছেন? বাড়বে না? কেন্দ্রীয় সরকারের গৃহীত নীতির ফলেই এই অবস্থা সৃষ্টি হয়েছে। আজকে এর ফলে দেশের আর্থিক বনিয়াদ ভেঙ্গে পড়েছে। এখানে মাননীয় রাজেশ খৈতান রবীন্দ্রনাথের কথা দিয়ে বলছিলেন যে সংস্কৃতির কোনও ভৌগোলিক সীমানা থাকে না। মানুষ কেউ যে ভৌগোলিক অবস্থানে বাস করুক না কেন আন্তর্জাতিক ভূখন্ডে অর্থনীতির ও সংস্কৃতির বিনিময় নিশ্চয়ই হবে। কিন্তু কোন অর্থনীতির অন্তর্ভূক্ত হবে? ভারতবর্ষের অর্থনীতিকে, আমাদের অর্থনীতিকে সাম্রাজ্যবাদীদের হাতে তুলে দেওয়ার চেষ্টা হচ্ছে। ভারতবর্ষ সাম্রাজ্যবাদী উপনিবেশে পরিণত হবে, এই কথাই ওরা বলার চেষ্টা করছেন। ভারতবর্ষের বনিয়াদ কি করেছেন আমি তার একটি হিসাব দিচ্ছি। মাত্র তিন বছরে ভারতবর্ষে মাত্র ১০টি শিল্প সংস্থার সম্পত্তির পরিমাণ সাত গুণ বেড়েছে। ১৯৮৭-৮৮ সালে যে টাটার সম্পত্তির পরিমাণ ছিল সাড়ে পাঁচ হাজার কোটি টাকা, ১৯৯১ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছে প্রায় সাড়ে সাত হাজার কোটি টাকা। মাত্র তিন বছরে এক একজন শিল্পপতির সম্পত্তির পরিমাণ যদি সাত গুণ করে বাড়ে তাহলে কি দেশের মানুষের কখনও কল্যাণ হতে পারে? কখনও পারে না, টাটা, বিড়লার সম্পত্তিগুলো খালি খালি বাড়ে না, মাটি ফুঁড়ে টাকা জন্মায় না। টাকা জন্মায় গরিব মানুষের উপরে শোষণ করা থেকে। তেলের দাম বাড়িয়ে, ঔষুধে ভেজাল দিয়ে, গরিব মানুষের পকেট মেরে সম্পত্তি বাড়ে। আজকে এরই পরিণতিতে ধনিক বনিকদের সম্পত্তির পাহাড় তৈরি হয়েছে। এর স্বাভাবিক পরিণতি কি? এর পরিণতি হচ্ছে গরিব আরও গরিব হবে এবং সরকার হবে দেউলিয়া এবং ধনিক বনিকরা বিত্তবান হবে। ভারতবর্ষে দেড় লক্ষ কোটি টাকা বিদেশি ঋণ রয়েছে এবং দেশের মানুষের কাছে সরকারের ঋণের পরিমাণ হচ্ছে আড়াই লক্ষ কোটি টাকা। পার্লামেন্টের আর্থিক সমীক্ষার যে রিপোর্ট আমরা দেখতে পাচ্ছি তাতে দেখছি যে, এস. ডি. আর.-এর ক্ষেত্রে ইউ. এস. ডলার ইন মিলিয়ন ক্রমশ বেড়েই চলেছে। একটা পরিসংখ্যান দিলে চিত্রটা পরিষ্কার বোঝা যাবে। আর্থিক সমীক্ষার রিপোর্টে দেখা যাচ্ছে যে, ভারত সরকার বিদেশ থেকে ঋণ গ্রহণ করেছে ২৩।১।৯১তে ৪৯০ ইউ. এস. ডলার, পরে সেটা বেড়ে হয় ৬৬০, মোট ১১৭৭। আবার ২৩।১।৯১তে ১৭৭, ২২।৭।৮৯তে যেটা ছিল ১১৬, সেটা বেড়ে পরে হয় ২২১, এবং সেটা পরে বেড়ে হয় ৫৭৫। ১।১।৯২ পর্যন্ত ভারত সরকার এই কয়েক বছরে বিদেশ থেকে ঋণ গ্রহণ করেছে প্রায় ৯,৬৩৩ কোটি টাকা। কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষার রিপোর্টে এটা উল্লেখ আছে। কেন্দ্রীয় সরকার বলছেন যে বিদেশি মুদ্রার সঞ্চয় বেড়ে হয়েছে ১২-১৩ হাজার কোটি টাকা। এটা কিসের জন্য সম্ভব হয়েছে? এটা কি রপ্তানি বৃদ্ধির ফলে বেড়েছে? না, এটা বিদেশ থেকে ঋণ যেটা করা হয়েছে সেই ঋণের ফলে হয়েছে। সেই ঋণের সুদ আবার ভারত সরকারকে ঋণ করে তবেই শোধ করতে হবে। আমাদের রপ্তানি বাড়ে নি। রপ্তানি ৫ শতাংশ কমেছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী কি করলেন? তিনি ভারতীয় মুদ্রায় ডিভ্যালুয়েশন করলেন। ডিভ্যালুয়েশন মানে — যেটা প্রায় ২৫ শতাংশ। ২৫ শতাংশ টাকার মূল্য কমিয়ে দেওয়া হল। আর বলা হল যে আমাদের উৎপাদিত সামগ্রী

বিদেশে বাড়বে এবং এটা হলে আমরা বেশি করে বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারব। টাকার মূল্য কমিয়ে দেবার পরিণতি হিসাবে আমাদের আমদানি বেড়ে গেল ২৫ শতাংশ। অটোমেটিক্যালি মুদ্রাস্ফীতি ঘটল ২৫ শতাংশ। আর মুদ্রস্ফীতি মানেই হল মূল্যস্ফীতি। তাহলে এই মূল্যস্ফীতি করে টাকার পরিমাণ বাড়বে কি?

[2-30 — 2-40 P.M.]

কালো টাকার পরিমাণ বাড়া মানেই গরিব মানুষের যন্ত্রণা বাড়বে শুধু তাই নয় এবারে আংশিক ভাবে টাকার কনভার্টিবিলিটি বা বিনিয়োগযোগ্য করেছে অর্থাৎ বিদেশ থেকে যদি কেউ ১০০ ডলার নিয়ে আসে তিনি ৬০ ডলার ভারতীয় মুদ্রায় বিনিময় করতে পারবেন। এখন সরকারি হিসাবে ১ ডলারের সমান ২৭ টাকা বা বে-সরকারি হিসাবে যে জায়গায় ৩২-৩৩ টাকা মানে আবার ব্যাক ডোর দিয়ে টাকার মূল্যমানকে হ্রাস করা হল। এইভাবে এর পরিণতি হবে মুদ্রস্ফীতি যদিও আর্থিক সমীক্ষায় বলা হয়েছে মুদ্রাস্ফীতি কমবে যেখানে ১৬ শতাংশ ছিল সেখানে ১১ শতাংশ হবে। আজকে মাননীয় সদস্য বলেছেন যে আমাদের রাজ্যের অর্থমন্ত্রী গতবারের পরিকল্পনা খাতে যে টাকা বরাদ্দ করেছিলেন তা সবটা খরচ করতে পারলেন না। কি করে খবর করা যাবে এর স্বীকার-ই করেছেন মাননীয় অর্থমন্ত্রী তিনি গোপন করেন নি, আপনাদের মতো অসৎ আচরণ করেন নি মিথ্যা কথা বলে ভুল কথা বলে দেশের ৮৫ কোটি মানুষকে বিভ্রান্ত করেন নি। উনি কোন পরিস্থিতিতে কেন বরাদ্দকৃত অর্থ খরচ করতে পারলেন না বা খরচ করা গেল না তা তিনি বলেছেন, কারণ স্বল্প সঞ্চয় থেকে যে অর্থ আমরা সংগ্রহ করতে পারতাম তা করতে পারলাম না তার কারণ কেন্দ্রীয় সরকারের মিউচ্যুয়াল ফান্ড মানে বে-সরকারি মালিকদের কালো টাকাকে সাদা করে দেওয়ার, ইউনিট ট্রাস্ট অফ ইন্ডিয়াকে তাদের সুযোগ করে দেওয়ার জন্য তাদের সুদের হার বাড়িয়ে দেওয়া হল। ইউনিট ট্রাস্ট অফ ইন্ডিয়াকে আরও আর্কষণীয় করে দেওয়া হল। আমাদের ৫০০-৬০০ কোটি টাকা আয় কমে গেল স্বাভাবিক ভাবেই আমরা দাঁড়াব কোথায়? মোহনধারিয়া যখন ডেপুটি চেয়ারম্যান অফ দি প্ল্যানিং কমিশন ছিলেন তিনি বলেছিলেন ২১০-১৫ কোটি টাকা দেবেন, কিন্তু তা দেওয়া হল না। আজকে ডেপুটি চেয়ারম্যান অফ দি প্ল্যানিং কমিশন যিনি আছেন তিনি একদিন কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন — তিনি আমাদের দেশের বিশ্বাসঘাতক, কুলাঙ্গার তার আমলেও প্ল্যানিং কমিশন ঐ ২৫০ কোটি টাকা দেয় নি, এইভাবে পশ্চিম বাংলাকে বারে বারে ক্ষতিগ্রস্থ করা হয়েছে। আর আমাদের পশ্চিম বাংলার আয়ের পথকে সঙ্কুচিত করা হয়েছে। স্বল্প সঞ্চয়কে ইউনিট ট্রাস্ট ইত্যাদির মাধ্যমে আমাদের আয়ের উৎসকে সঙ্কুচিত করা হয়েছে। আমাদের পরিকল্পনার মাধ্যমে যে টাকা দেওয়ার কথা, প্রতিশ্রুতি টাকা তা দেওয়া হচ্ছে না শুধু তাই নয় কেন্দ্রীয় সরকার মাঝে মাঝেই প্রশাসনিক নির্দেশের মাধ্যমে জিনিসপত্রের দাম বাড়াচ্ছে, যার অংশ রাজ্য সরকার পান না। জনগণের বাহবা নেবার জন্য তারা আয়কর ছাড় দিতে চেষ্টা করলেন। আয়কর ছাড় ভাল কথা করুন

আপত্তি নেই, কিন্তু ক্ষতি হল কার আমরা হিসাব করে দেখেছি আয়কর ছাড়ের মধ্যে দিয়ে ভারতবর্ষের ৭০ লক্ষ লোকের কিছু উপকার হবে, আর আয়কর ছাড় দেওয়ার ফলে শুধু পশ্চিম বাংলায় সাড়ে ৬ কোটি লোকের ক্ষতি হল, কারণ আয়করের মধ্য দিয়ে ৮৫ ভাগ টাকা রাজ্যগুলি পেয়ে থাকেন। আয়কর ছাড় দিচ্ছেন দিন কিন্তু রাজ্যকে কোনও ভাবেই লোকসান পূরণ করে দেওয়া হবে না কেন সেই ক্ষতিপূরণ করার চেষ্টা হবে না, এই চেষ্টা কিন্তু ওরা করবেন না। আসল কথা হচ্ছে রাজ্যের আয়ের উৎসকে রাজ্যের আরও কি ভাবে সঙ্কুচিত করা যায় তার চেষ্টা করা, শুধু তাই নয় বহুদিন আগে শ্রীমতী গান্ধী যখন জীবিত ছিলেন প্রধানমন্ত্রী হিসাবে তখন আইন করে দেওয়া হল গুডস অফ ন্যাশনাল ইম্পর্টেন্স, জাতীয় ক্ষেত্রে যে সমস্ত গুরুত্বপূর্ণ দ্রব্য তার উপর ৪ শতাংশ রপ্তানি যোগ্য কর চাপানো যাবে না। এক্সপোর্ট ওরিয়েন্টেড কমোডিটিস রপ্তানি যোগ্য পণ্য বিদেশে রপ্তানি করতে গেলে রাজ্য সরকার কোনও কর পেতে পারবে না। এই ভাবে আমাদের রাজ্যের আয়ের উৎসকে বন্ধ করে দেওয়া হচ্ছে। আমরা উৎসকে কি ভাবে বাড়াতে পারি যদি এইভাবে সঙ্কুচিত করার চেষ্টা হয় আমরা ওদের মতো জনবিরোধী সরকার নই যে আমরা বেশি বেশি করে কর চাপাব। আমাদের আয়ের উৎসকে বাড়াব, সম্পদ বাড়াব। মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় অর্থমন্ত্রী এবারে যে ভাবে বাজেট পেশ করেছেন সেই বাজেটে আমরা কিছু কর চাপিয়েছি বড় লোকের উপর চাপাচ্ছি কিন্তু কোনও গরিব লোকের উপর কর চাপাও নি। দুঃখ হয়েছে কংগ্রেসের, মদের ওপর কেন চাপাচ্ছেন, হ্যাঁ, বার, রেস্টুরেন্টে যাদের যাওয়া অভ্যাস, রাম, হুইস্কি খাওয়ার অভ্যাস, তার ওপর কর চাপানো হয়েছে, কি করব উপায় নেই, আমাদের রাজস্ব সংগ্রহ করতে হবে তাই হয়েছে, সুতরাং এছাড়া পথ নেই। কেন্দ্রীয় সরকারের শিল্প নীতির যে বাজেট তার মধ্য দিয়ে কংগ্রেসের আসল মানুষের কাছে উন্মোচিত হয়ে গেছে। ভারতবর্ষের সংবিধান পরিবর্তন ১৯৭৬ সালে বলা হয়েছিল দেশ সমাজতান্ত্রিক হবে আর আজকে সেই সমাজতান্ত্রিকের নামাবলীর ছদ্মবেশ খসে পড়ে গেছে। কংগ্রেস নগ্ন, বিবস্ত্র, তাদের গোটা গায়ে দগদগে ঘা, পুঁজিবাদের পচা গলা নগ্ন অবস্থা আজকে মানুষের কাছে পরিষ্কার হয়ে গেছে। সুতরাং এই কংগ্রেস দল ধনিক শ্রেণীর প্রতিনিধিত্ব করার ফলে আজকে এই অবস্থা হয়েছে। আমরা মনে করি এত আর্থিক সীমাবদ্ধতা সাংবিধানিক সীমাবদ্ধতা আমাদের সম্পদ সংগ্রহের ওপর আক্রমণ আসা সত্ত্বেও এই বাজেটের যে বিকল্প কর্মসূচি উপস্থাপিত করা হয়েছে গরিব মানুষের কাছে, যে আশার সঞ্চার করা হয়েছে বিকেন্দ্রীকরণ ব্যবস্থার মধ্য দিয়ে, গ্রামীণ অর্থনীতিকে উন্নয়ন করা হয়েছে ভূমি সংস্কারের মধ্য দিয়ে, গ্রামের গরিব মানুষেরা মাথা উঁচু করে দাঁড়িয়েছে এবং জোতদার জমিদারদের শিকড় তুলে দিতে পেরেছে এর দ্বারা আমরা গ্রামের মানুষকে একটা জায়গায় প্রতিষ্ঠিত করতে পেরেছি।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী তার যে বাজেট এখানে পেশ করেছেন তাতে দেখা যাচ্ছে সর্ব ভারতীয় ক্ষেত্রে প্রযোজ্য কেন্দ্রীয় সরকারের

অনুসৃত অর্থনীতি রাজ্যের অর্থনীতির উপর প্রভাব ফেলছে। আই. এম. এফ. ও ওয়ার্ল্ড ব্যাঙ্ক নির্দেশিত কেন্দ্রীয় সরকারের যে বাজেট, সেই বাজেট পেশ করার জন্য আপনারা সমালোচনা করেছেন এবং আমি মনে করি যে সমালোচনা সঠিক। কিন্তু সেই সমালোচনা করার সাথে সাথে আমি এই হাউসে তথা পশ্চিম বাংলার মানুষকে এটা বলতে চাইছি যে কেন্দ্রীয় সরকারের এই অনুসৃত আর্থিক নীতি ও তার একটা বিকল্প আর্থিক নীতি আপনারা করবার চেষ্টা করেছেন কি? আমি আপনাদের কাছে বলতে চাই, আপনাদের স্টেট প্ল্যান প্রোপোজাল, এইটথ প্ল্যানে ১৯৯১-৯২-তে, ভল্যুম-টুতে দেখা যাচ্ছে যে আপনাদের স্টেট প্ল্যানিং-এ ফিনান্স মিনিস্টার তার রিসোর্স মোবিলাইজেশান করতে গিয়ে মোর অ্যান্ড মোর এক্সটারনালি এইডেড প্রোজেক্টস-এর উপর নির্ভরশীল হয়ে যাচ্ছে। এক্সটারনালি এইডেড প্রোজেক্টসের স্টেট প্ল্যানিং প্রোপোজাল সম্বন্ধে আমি কয়েকটা কথা বলতে চাই। আই-ওয়ান এবং আই-এইটে, ড্রাফট এইটথ প্ল্যানে বলা হয়েছে স্টেটমেন্ট রিগার্ডিং এক্সটার্নালি এইডেড প্রোজেক্ট, এখানে দেখা যাচ্ছে ১৯৯০-৯১ সালে স্টেট প্ল্যানে, এক্সটার্নালি এইডেড প্রোজেক্ট ১৬০ কোটি টাকা ধরা হয়েছিল, কিন্তু ১৯৯১-৯২ সালে সেখানে ৩০০ থেকে ৪০০ কোটি টাকা আপনি এক্সটার্নালি এইডেড প্রোজেক্টের উপর ডিপেন্ড করছেন। ওয়ার্ল্ড ব্যাঙ্ক এখানে দুটি বড় বড় প্রোজেক্ট নিয়েছে, একটা হচ্ছে ফিশারি এবং অন্যটা হচ্ছে ফরেস্ট্রি। একটির ক্ষেত্রে ১০০ কোটি টাকা এবং অন্যটির ক্ষেত্রে ৮০ কোটি টাকা খরচ হবে। এই দুটো প্রোজেক্ট আপনাকে বাধ্য হয়ে নিতে হল, অ্যাজ বিকস আপনার স্টেট রিসোর্স নেই। পসিটি অফ ফান্ড, পসিটি অফ রিসোর্স-এর জন্য এই এক্সটার্নাল এইডেড প্রোজেক্টের উপর আপনাকে নির্ভর করতে হচ্ছে। তাহলে এই বিকল্প পথ কি ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আই. এম. এফ.? বর্তমানে ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আই. এম. এফের শর্ত কন্টকিত যে ঋণ কেন্দ্রীয় সরকার নিয়েছেন, আপনার রাজ্য সরকার কি তার থেকে বিকল্প কোনও পথ অনুসরণ করেছেন? বর্তমানে স্টেট প্ল্যানে, এক্সটার্নাল এইডেড প্রোজেক্ট ক্রমাগত বাড়ছে এটাই কি তা প্রমাণ করে? আপনারা বলেছেন যে আপনার সরকার তার নিজস্ব আয়ের উপর, আয় ব্যয় হিসাব করে। কিন্তু এবারে আপনার বাজেট পড়ে দেখা যাচ্ছে যে ঋণের ভার ক্রমাগত বাড়ছে।

[2-40 — 2-50 P.M.]

ঋণ যাতে আবদ্ধ হয়ে পড়েছে। এইগুলি কি সেলফ সাফিসিয়েন্টের নমুনা? এইগুলি বিচার করবার বিষয়। আজকে আপনি যে ঘাটতি দেখিয়েছেন এই বাজেটে — ৪২ কোটি ৩৬ লক্ষ টাকা, আসলে প্রকৃত ঘাটতি তার থেকে অনেক বেশি। ঘাটতিটাকে আপনি আর্টিফিসিয়ালী, কৃত্রিম ভাবে, আপনি কম করে দেখানোর চেষ্টা করেছেন। আপনি — যা আয় হওয়ার কথা নয় বাস্তব অবস্থায় আপনি তার থেকে অনেক বেশি করে আয় দেখিয়েছেন। যে খরচ বিভিন্ন খাতে আপনার হওয়ার কথা তার থেকে খরচ কম করেছেন। এই হচ্ছে বাস্তব ঘটনা। তা না হলে আপনি কি করে জবাব দেবেন, এই আপনার বাজেট অ্যাট এ

গ্লাস্স এখানে যে রেভিনিউ রিসিপট দেখিয়েছেন সেলস ট্যাক্স, সেই সেলস ট্যাক্স ১৪৯২ কোটি ৭০ লক্ষ টাকা আদায় হবে। বাজেট এস্টিমেট ছিল ১৯৯১-৯২ সালে, শুধু এটা নয় নূতন যে সেলস ট্যাক্স ৫৬ কোটি টাকা সেটা বাদ দিয়ে, সেটা নিলে অ্যাকচুয়ালি হয় ১৫০০ টাকা। এটা আদায় করবার কথা। সেই জায়গাতে ১৪৫০ কোটি টাকা সেলস ট্যাক্স আদায় হয়েছে। টারগেট থেকে ১০০ কোটি টাকা কম হল। আপনি দেখিয়েছেন যে, আগামী বছরে ১৯০০ কোটি টাকা সেলস ট্যাক্স আদায় হবে। যেখানে টারগেটের থেকে ১০০ কোটি টাকা কম হল সেখানে আগামী বছরে কি করে ১৯০০ কোটি টাকা আদায় হবে? যা আয় হওয়ার কথা নয় তার থেকে বেশি আয় দেখিয়েছেন। ঘাটতি কমাবার জন্য। আপনি পূর্ত বিভাগের জন্য যে ১২ কোটি টাকা রেখেছেন সেখানে মাইনে দিতেই তো ৭ কোটি টাকা লেগে যায়। বাকি ৫ কোটিতে রাস্তাঘাট হবে? খরচটা মিনিমাইজ করে দেখানোর চেষ্টা করেছেন। বাস্তব ক্ষেত্রে ঘাটতিটা অনেক বেশি। ৪২ কোটি ৩৬ লক্ষ টাকার অনেক বেশি হবে। একটা কৌশলের আশ্রয় নিয়েছেন। আপনি আর্থিক সঙ্কটের কথা উল্লেখ করেছেন, এবং কেন্দ্র স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে যে নীতি নিয়েছে এবং ২১৫ কোটি টাকা যোজনার খাতে যে স্পেশ্যাল অ্যাসিস্টেন্স দেবার কথা, এই দুটো মিলে ৬৭৯ কোটি টাকা হয়, এটা না পাওয়ার জন্য আপনাকে আর্থিক সঙ্কটে পড়তে হয়েছে। আর্থিক সঙ্কটটা কতটা বিচার্য বিষয় সেটা দেখার দরকার। আপনি বলেছেন যে, সরকারকে কৃচ্ছ সাধন করতে হবে। খরচের উপর নিষেধাজ্ঞা জারি করতে হয়েছে এবং জনহিতকর কাজে হাত দিয়েছেন। কিন্তু বাস্তব চিত্রটা ঠিক এর উল্টো। অ্যাকচুয়ালি জনহিতকর কাজে নির্মম ভাবে খরচ কমানো হয়েছে। অথচ সেখানে মন্ত্রীদের বেতন এবং ভাতা বেড়েছে। রাইটার্সের খরচ বেড়েছে। আমি তথ্য দিয়ে বলছি, ১৯৯০-৯১ সালে মন্ত্রীদের খরচ ছিল ৩৪ কোটি ৪০ হাজার টাকা সেখানে ৯১-৯২ সালে বেড়ে হল ৬০ লক্ষ টাকা। রাইটার্সের জেনারেল সার্ভিসের খাতে যেখানে — ১৯৯০-৯১ সালে ছিল ১৯ কোটি ১৭ লক্ষ টাকা সেটা বেড়ে ১৯৯১-৯২ সালে ২১ কোটি ১৯ লক্ষ টাকা। মন্ত্রীদের বেতন, রাইটার্সের খরচ, মাথা ভারী প্রশাসন এইসব খাতে খরচ বেড়ে গেল। খরচ কমল কোথায় — গ্রামীণ কর্ম সংস্থানে, পানীয় জল প্রকল্পে, শিক্ষা খাতে। এইরকম যে সব জনহিতকর কাজ সেখানে নির্মম ভাবে খরচ কমালেন। অথচ সেখানে মন্ত্রীদের বেতন, ভাতা ইত্যাদিতে খরচা বেড়ে গেল।

রাইটার্স বিল্ডিংসের ক্ষেত্রে কৃচ্ছতার ব্যাপার নেই, ফলে যা বলছেন, আর বাস্তব ক্ষেত্রে চিত্রটি আলাদা। তৃতীয় কথা, একথা ঠিক আর্থিক সঙ্কট। একথা ঠিক স্বল্প সঞ্চয়ের ব্যাপারে ক্ষতিগ্রস্থ হয়েছে পশ্চিমবঙ্গ রাজ্য। কিন্তু যেখানে ৪৪৪ কোটি টাকা স্বল্প সঞ্চয় ক্ষতির কথা বলছেন, আবার সেখানে দেখা যাচ্ছে জাতীয় স্বল্প সঞ্চয় সংস্থা একটা হিসাব দেখিয়েছেন, কেন্দ্রীয় সরকার তার হিসাবে দেখিয়েছেন সেখানে একটা হিসাবে দেখা যাচ্ছে এপ্রিল থেকে ডিসেম্বর এই ৯ মাসের দু বছরে দেখা যাচ্ছে, ১৯৯০-৯১ এর এপ্রিল থেকে ডিসেম্বর

১৩৯৫ কোটি ৩০ লক্ষ টাকা যেখানে স্বল্প সঞ্চয় খাতে জমা দাঁড়িয়েছিল, ১৯৯১-৯২-তে ওই সময়ে ১২৪৮ কোটি ৪ লক্ষ টাকা জমা পড়েছে অর্থাৎ ১৪৭ কোটি টাকা আপনার ঘাটতি। আরও বাদবাকি যদি বছরের শেষে ধরা হয় তাহলে সেটা দুশো কোটি ঘাটতি ছাড়িয়ে যাবে। কিন্তু আপনি যখন বলছেন ৪৪৪ কোটি টাকা আপনার স্বল্প সঞ্চয় খাতে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য ক্ষতি হয়ে গেল। এই যে হিসাবের গরমিল, এই গরমিলটা মেলাতে পারছি না। এই হিসাবের গরমিল সম্পর্কে সন্তোষজনক জবাব জবাবি ভাষণে দেবেন বলে আশা করি। কেন্দ্রের পক্ষে যে ত্রুটি সেটা আপনি ক্যাটাগরিক্যালি উল্লেখ করেছেন। কিন্তু আমার বক্তব্য পাশাপাশি রাজ্য সরকারের যে ল্যাপসেস সেগুলোর কথা আপনি স্বীকার করেন নি, উল্লেখ করেন নি। যেমন রাজস্ব আদায়ে ব্যর্থতা। মাননীয় অর্থমন্ত্রী যে রাজস্ব আদায় করবেন বলেছিলেন সেটা করতে পারেন নি। সেটা ধরে ধরে দেখানো যায়। কিন্তু অনেক বক্তা যেহেতু বলেছেন, তাই আমি আর উল্লেখ করব না। কৃষি আয় কর, এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স এই জায়গাটায় আপনারা হাত দিচ্ছেন না। যেখানে রাজ্যের রিসোর্স মবিলাইজেশন হতে পারে এই রকম দুরবস্থায় তা সত্ত্বেও এই জায়গায় কেন হাত দিচ্ছেন না? কে. এন. রাজ কমিটি কেন্দ্রীয় সরকারের তরফে হয়েছিল, তারা একটা সুপারিশ করেছিলেন। তাদের সুপারিশের বক্তব্য ছিল, ভূমি রাজস্ব অর্থাৎ ল্যান্ড রেভিনিউ জমির আয়তন অনুপাতে কৃষি আয়কর ধার্য করা যায়, তাহলে সরকারের রেভিনিউ রিসিপ্ট বাড়বে এবং আপনার সরকারের অর্থ দপ্তর এই ব্যাপারে আয়কর বিভাগকে নির্দেশ দিয়েছিল রাজ কমিটির সুপারিশ একজামিন করে দেখার এবং আয়কর বিভাগ যথেষ্ট গুরুত্বসহ সেই কমিটির সুপারিশ অনুসারে একটা রিপোর্ট পেশ করেছিলেন এবং আয়কর বিভাগ বলেছিল রাজ্য সরকার যদি আয়কর আইন পরিবর্তন করেন তাহলে রাজ্যের রেভিনিউ ইনকাম অনেকখানি বাড়ে। বর্তমানে যে আয়কর এবং ভূমি রাজস্ব যেটা হয়, ল্যান্ড রেভিনিউ যেটা পাওয়া যায় আজকে যদি আয়কর বিভাগের সুপারিশ অনুসারে নূতন করে কৃষি আয়কর আইন তাকে যদি ভাল ভাবে করা যায় তাহলে ৪০ থেকে ৪৫ কোটি টাকা রাজ্যের আয় বাড়বে, রেভিনিউ ইনকাম বাড়বে। কৃষি আয়কর হিসাবে রাজ্য সরকারের কাছে আসতে পারবে। আয়কর বিভাগের আজ পর্যন্ত লাল ফিতার ফাইলে বাঁধা আছে। এখনও পর্যন্ত এনকোয়ারী করে দেখা হল না, এটা কার্যকর করা হল না। অথচ আপনারা বলছেন রিসোর্স মবিলাইজেশনের জায়গা কোথায়। আজকে আপনারা বলছেন রেকর্ড ফলন হচ্ছে। অথচ রেকর্ড ফলনের প্রকিওরমেন্টের আপনারা কোনও উদ্যোগ নিচ্ছেন না। সেখানে জোতদারদের উপর বড় বড় চাষীদের উপর লেভী ধার্য করে অভ্যন্তরীণ সংগ্রহ বাড়ালে, প্রকিওরমেন্ট করলে কেন্দ্রের উপর নির্ভরশীল হতে হয় না। এই জায়গাটায় স্বয়ং সম্পূর্ণ হওয়া যায়। অথচ চোরা চাল্লান হচ্ছে, সীমান্তের ওপারে চলে যাচ্ছে। কোনও ব্যবস্থা নেই। সুযোগ থাকলেও সেখানে আপনারা হাত দিচ্ছেন না। তাহলে কেন্দ্রীয় সরকার যেমন ভোটের স্বার্থে হাত দিচ্ছেন না ভূমি সংস্কারের ক্ষেত্রে, বলতে হয়, আপনারাও ভোট ব্যাঙ্কের

স্বার্থে কৃষি আয়করের ক্ষেত্রে, জোতদারদের লেভী আদায়ের ক্ষেত্রে হাত দিচ্ছেন না। এইসব করলে রিসোর্স মবিলাইজেশনের ক্ষেত্রে একটা বেটার জায়গায় যাওয়া যেত।

[2-50 — 3-00 P.M.]

একথা যদি লোকে বলে আপনি অস্বীকার করবেন কি করে? ফলে এগুলি বিচার্য বিষয় হয়ে দাঁড়াচ্ছে। আপনি এখানে কর্ম সংস্থানের কথা বলেছেন এবং কর্ম সংস্থানের উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন। বলা হয়েছে যে ৫ লক্ষ লোকের কর্ম সংস্থানের ব্যবস্থা হবে। অতীতেও আমরা দেখেছি আপনারা বলেছিলেন যে কৃষিতে, শিল্পে কর্ম সংস্থানের ব্যবস্থা হবে এবং তার পরিমাণ বাড়বে। এবারেও কিছু প্রভিশন রেখে এইসব কথা বলেছেন। প্রথমত এ ক্ষেত্রে আমার কথা হল, আপনারা যে টার্গেট রেখেছেন এবং ইকনমিক রিভিউ বা আর্থিক সমীক্ষাতে যে তথ্য আছে তাতে আপনাদের তথ্যের সঙ্গে কিন্তু কর্ম সংস্থানের ব্যাপারে আপনারা যে টার্গেট রেখেছেন সেটা মেলে না। সেখানে যে রেজাল্ট আমরা পাচ্ছি তার সঙ্গে আপনারা যে টার্গেট ঠিক করেছেন সেটা কিন্তু মিলছে না। অর্থাৎ সেখানে একটা সামঞ্জস্য নেই — বিরাট ফারাক থেকে যাচ্ছে। ফলে আপনারা যেটা ভাবছেন এবং অতীতে আপনাদের যে পারফরমেন্স, অভিজ্ঞতা তার দ্বারা কিন্তু এটা বলে না যে এই টার্গেট ফুলফিল করা যাবে। দ্বিতীয়ত কর্ম সংস্থানের ব্যাপারে আপনি বিকল্প ব্যবস্থা নিয়েছেন বলে দাবি অনেক করেছেন। গতবারও যোজনা বরাদ্দের ব্যাপারে অনেক ঢাকঢোল পিটিয়ে বলেছিলেন যে ৮ লক্ষ লোকের কর্ম সংস্থান হবে কিন্তু বছরের শেষে দেখা গেল যে সেটা কাটছাঁট হয়ে গেল। কাজেই অতীতের অভিজ্ঞতার কথা মাথায় রেখে বলছি যে আপনাদের এইসব প্রতিশ্রুতি আগামী দিনে কতখানি বাস্তবায়িত হবে সেটা নিশ্চয় চিন্তার কথা। অর্থাৎ বেসিক প্রশ্ন যেটা সেটা হচ্ছে, আপনি কর্ম সংস্থানের ব্যাপারে বিকল্প ব্যবস্থার কথা যেটা বলেছেন কার্য ক্ষেত্রে তার প্রতিফলন কি সেটা আমাদের দেখতে হবে। আমরা জানি, বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় আসেন তখন নথিভুক্ত বেকারের সংখ্যা ছিল ১৪ লক্ষ, সেটা আজকে ৪৯ লক্ষে এসে দাঁড়িয়েছে। সারা ভারতবর্ষে নথিভুক্ত বেকারের সংখ্যা যেখানে ৩।। কোটি সেখানে পশ্চিমবঙ্গে বেকারের সংখ্যা ৪৯ লক্ষ — লোক সংখ্যার ভিত্তিতে এটা কি বলছে যে সর্ব ভারতীয় ক্ষেত্রে যে জনসংখ্যা তার মধ্যে বেকারের কর্ম সংস্থানের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ এগিয়ে আছে? এইসব বিষয়গুলি কিন্তু আজকে বিচার করতে হবে। আপনি একটা ওয়াইল্ড ক্লেম করবেন বাস্তবের সঙ্গে যেটা মিলবে না সেটা নিশ্চয় ঠিক নয়। কাজেই আপনি যে ক্লেমটা করবেন সেটা কারেক্ট ক্লেম, না, ওয়াইল্ড ক্লেম সেটা ভাবতে হবে। তারপর আপনি কর কাঠামো পুনর্বিন্যাসের কথা বলেছেন।

আপনি কালো টাকা ধরবেন সেইজন্য স্ট্যাম্প ডিউটির হার বাড়িয়ে দিয়েছেন রেজিস্ট্রেশনের ক্ষেত্রে এবং এইভাবে কালো টাকা ধরবেন। এখন এতে কত কালো টাকা উদ্ধার হবে জানি

না কিন্তু অ্যাকচুয়ালি দেখছি স্ট্যাম্প ডিউটি ১০ পারসেন্ট থেকে ১৮.৭, না কত পারসেন্ট বাড়িয়েছেন। আর দলিলে কি লেখা থাকবে তা নয়, বাজার দরের ভিত্তিতে এটা হবে — অর্থাৎ স্ট্যাম্প ডিউটি ধার্য হবে। এর ফলে কিন্তু মেজর থ্রাস্টটা বা গোটা থ্রাস্টটা এসে পড়বে মধ্যবিত্ত সাধারণ মানুষদের উপর। যারা সারা জীবনের সঞ্চয় দিয়ে জীবনের শেষে একটা আস্তানা গড়ে তোলার চেষ্টা করছেন তাদের সেই পথ কিন্তু বন্ধ হয়ে যাবে। কালো টাকা এতে উদ্ধার হবে কিনা জানি না কিন্তু গৃহস্থের ঘাড়ে এটা পড়বে এবং তাদের স্বপ্নও বোধ হয় এতে নষ্ট হবে। তারপর আপনি টার্নওভার ট্যাক্সের ব্যাপারে বড় ডিলারদের কথা বলেছেন। সেটা কিন্তু বড় ডিলারদের উপর থাকবে না, তাদের কাছ থেকে ছোট ডিলার এবং পরিশেষে সাধারণ মানুষদের উপর সেটা বর্তাবে ও তাতে সাধারণ মানুষরা ক্ষতিগ্রস্থ হবে। আমি জানি আপনারা মডেল প্রকল্পের কথা বলবেন, ভূমি সংস্কারের কথা বলবেন, বিকেন্দ্রীভূত অর্থনীতির কথা বলবেন। আমি কিন্তু বলছি, ভূমি সংস্কারের কাজটা যে উদ্যোগ নিয়ে শুরু হয়েছিল সেটা কিন্তু আজকে নেই। সেখানে দীর্ঘ সময়ের ব্যবধানে একটা নূতন ভেস্টেড ক্লাশ গ্রামে গড়ে উঠেছে। সেখানে গ্রামীণ দুর্বল শ্রেণীর মানুষদের জন্য যে টাকা বরাদ্দ হচ্ছে তার বেনিফিট কতটা যথার্থই তারা পাচ্ছে সেটাও কিন্তু আজকের বিচার্য বিষয়। আজকে সেই দুর্বল শ্রেণীর মানুষরাই তার বেনিফিট পাচ্ছে, না, নূতন গড়ে ওঠা সেই ভেস্টেড ক্লাশ, তারা এর বেনিফিট পাচ্ছে সেটা বিচার করতে হবে। স্যার, পরিকল্পনার বিকেন্দ্রীকরণের সাথে সাথে দুর্নীতিও যদি একেবারে তৃণমূল স্তরে পৌঁছে যায় তাহলে তা সাংঘাতিক ব্যাপার। সেখানে যদি আপনার মনিটরিং না থাকে, নজরদারি না থাকে, অডিট না হয়, টাকা যদি নয় ছয় হয় তাহলে টাকা বরাদ্দ করে আপনি মানসিক শান্তি পেতে পারেন কিন্তু তাতে রাজ্যের অর্থনীতির কতটা পুনরুজ্জীবন হবে এবং প্রকৃত লোকরা কতটা বেনিফিটেড হবে সেটা বিচার্য বিষয়। ফলে এই দৃষ্টিভঙ্গি থেকে যে বাজেট তৈরি হয়েছে, এই জনস্বার্থ বিরোধী ত্রুটিগুলির জন্য এই বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

শ্রী দীপক সেনগুপ্ত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কালকে সন্ধ্যার সময় শিলিগুড়ি থেকে আসবার পথে মনে হচ্ছিল আজকে বিধানসভার চেহারাটা বোধ হয় একটু অন্যরকম নেবে। যারা বিরোধী দলে বসে আছেন, তারা নিশ্চয়ই কলকাতায় থেকে একটা সংবাদ দেখেছেন যে কেন্দ্রের অর্থ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী প্রাকারন্তরে একটা সার্টিফিকেট পশ্চিম বাংলার পরিবেশ, পশ্চিম বাংলার সরকার সম্পর্কে দিয়ে গেছেন। সংবাদপত্রগুলো অবশ্য তাদের নিজেদের মতো করে তা প্রকাশ করেছেন। কোনও পত্রিকায় দেখলাম ওটাকে প্রাধান্য দিয়েছেন। কোনও পত্রিকায় নানা সংবাদের মধ্যে ওটাকে তুলে ধরেছেন। ভেবেছিলাম এক, দেখলাম আর এক। সেটা দেখতে যেয়ে আমার ঠাকুর রামকৃষ্ণের কথা মনে হল। তিনি বলেছিলেন যে টাকা মাটি, মাটি টাকা। এই কথা শুনে অনেকে মনে করলেন যে অর্থ রোজগারের দরকার নেই, ওটা ধুলোই। এটা আবার এর মধ্যে কেউ কেউ বুঝে নিলেন রামকৃষ্ণদেব

ভবিষ্যতের কথা বলেছেন, অর্থাৎ এখনকার টাকা দিয়ে কিছু জমি কিনে রাখ, সেই জমির দাম বাড়বে, ফলে আরও বড় লোক হয়ে যাবে। কালকের সন্ধ্যার অভিজ্ঞতা অন্য রকম হয়ে গেল। এই বিধানসভাতে যখন দেখলাম যে বড় বাজারের ব্যবসায়ী মুর্শিদাবাদে জমিদারের সময় খেয়ে নিয়েছে বাড়তি বক্তৃতা দিয়ে অপেনস্সের নামে, এই ওপেনস্সে যা আনা হয়েছে, ওপেনস্সে আর একজিট কোথায় ঢুকেছিলেন, তাও জানি না, কোথা থেকে বেরোতে চাইছেন, তাও জানি না। দেশে চালাচ্ছিলেন একটা মিশ্র অর্থনীতি রাজনৈতিক নেতারা ছিলেন, তারা মনে করেছিলেন তাদের নিজেদের মতো করে দেশের মানুষের সমস্যার সমাধান করবেন। প্রথম পরিকল্পনা তৈরি হয়েছিল কৃষকদের দিকে লক্ষ্য রেখে, উদ্যোগটা রাখা হয়েছে কৃষির দিকে লক্ষ্য রেখে। প্রথম উদ্যোগ শিল্পের ক্ষেত্রে, দ্বিতীয় উদ্যোগ এল ভারতবর্ষে কৃষি আসতে হবে। এই করে একটা মিশ্র অর্থনীতি, যেটা একটা সমাজতান্ত্রিক ধাঁচের, একটা অর্থ ব্যবস্থাকে চালু করবার জন্য বলা হল এবং সেখানে অনেক কিছু ঢাক ঢোল পিটিয়ে গরিবী হঠাবে, ব্যাঙ্ক জাতীয়করণ করা হল, রাজা মহারাজাদের প্রিভি পার্সেস তৈরি হল, খুব ঢাক ঢোল পিটালেন। ভারতবর্ষের সাধারণ মানুষের জন্য আপনারা এতদিনে একটা প্রকৃত অর্থনীতি আমরা পেয়েছি। তা আপনারা বলতেন। মিশ্র অর্থনীতির নামে সমাজতান্ত্রিক ধাঁচে একটা — কিছুটা ছোঁয়াচ রাখবার জন্য চেষ্টা করলেন। আজকে আবার ঘুরে ফিরে আর একটা কথা মনে হয়, আমাদের ছোটবেলাতে আমরা যেখান থেকে আসি কুচবিহার থেকে, সেখানে ছোটদের মধ্যে একটা কথা খুব চালু ছিল, সেটা হচ্ছে ঘ্যাগের ঔধুধ পাওয়া গেছে। আমাদের ওদিকে খুব গলাফোলা রোগ হত, ওটাকে বলা হত ঘ্যাগ। ঐ ঘ্যাগের ঔষুধ পাওয়া গেছে, এই রকম কথা চালু ছিল। এখন সেই জায়গায় আয়োডাইজড সল্ট ব্যবহার হয়, এখন আপনাদের কথা শুনে মনে হচ্ছে যে অতীতে সমস্ত প্রধানমন্ত্রী, সমস্ত অর্থমন্ত্রী তাঁরা সম্পূর্ণ ভাবে ব্যর্থ হয়েছে, আপনারা এই মুদ্রাস্ফীতি নামক রোগ এবং দেশের অর্থনীতির যে সঙ্কট এই রকম একটা ঘ্যাগের ঔষুধ পেয়েছেন, ডঃ মনোমোহন সিং। তিনি যা বলে দিচ্ছেন, ঢাক ঢোল পিটিয়ে, সেটা সঠিক। কিন্তু এই মানুষটা কে? আমি ব্যক্তিগত ভাবে বলছি না, কিন্তু তাঁর দৃষ্টিভঙ্গি কী? এখানে তো বিরোধী দলের নেতা বসে আছেন, সেদিনকে বক্তব্য শুনেছি, উনি এক সময় বামপন্থীদের সঙ্গে ছিলেন, এমন একটা পরিবেশে তিনি মানুষ হয়েছেন যেখানে জনসাধারণের জন্য তাঁকে কিছু ভাবনা চিন্তা করতে হয়েছে। এটা রাজনীতির ক্ষেত্রে আসে। কিন্তু একজন অর্থ দপ্তরের কর্মচারী, রিজার্ভ ব্যাঙ্কের কর্মচারী, তিনি অর্থনীতি ভাল ভাবে বুঝতে পারেন, কিন্তু মানুষের প্রয়োজনে কি দরকার আছে সেটা তিনি আজকে টার্মস ডিকটেট করে দিচ্ছেন এবং আপনারা বলছেন সবটা ঠিক হয়ে গেছে, সবটা খুব ভাল হয়ে গেছে। ওপেনস্সের কথা বলছেন, আজকে আমেরিকার দিকে তাকিয়ে দেখুন, ডলার আজকে ধাক্কা খাচ্ছে ইয়েনের কাছে। ঐ আমেরিকাতে ওপেনস্সের মধ্যে দিয়ে ঐ বিরাট জেনারেল মোটর্সের কারখানা, তার ১৬টা ইউনিট বন্ধ হয়ে গেছে, ২১ হাজার কর্মচারী সেখানে বেকার

হয়ে গেছে। সেই ওপেনস্কেকে ফলো করতে চাইছেন? ঐ জায়গাকে আদর্শ বলে গ্রহণ করছেন? যে ওপেনস্কেকে আপনারা নিয়ে আসছেন, তারা যে টার্মস ডিকটেট করে দিচ্ছে — আজকেও আছে সম্পদ বাড়ছে, দেশে সম্পদ বাড়ছে তা নয়। কিন্তু কাদের বাড়ছে, টাটার বাড়ছে, বিড়লার বাড়ছে, দেশের বড়লোকেদের বাড়ছে। আমরা এটাকে বলছি কিছুটা গণমুখী ব্যবস্থার মধ্যে দিয়ে কতটা করা যায়।

[3-00 — 3-10 P.M.]

একটা চিৎকার উঠেছে, সোভিয়েতের পতন হয়েছে, অতএব সমাজতন্ত্র আর কিছুতেই চলতে পারে না। এই বলে কিছু মানুষ দু বাহু তুলে নাচছেন। আমাদের দেশে তো ডাঃ বিধানচন্দ্র রায়ের মতো ডাক্তার ছিলেন, তাঁর হাতে কি রোগী মরত না? তার জন্য তাঁর ডাক্তারি শাস্ত্র কি ব্যর্থ হয়ে গিয়েছিল? বিরোধী দলের নেতা তো একজন বড় ব্যারিস্টার, তা বলে কি তিনি মামলায় হারেন না? আর হারলেই কি তাঁর আইন শাস্ত্র ব্যর্থ হয়ে গেল? সুতরাং সমাজতন্ত্র কখনই ব্যর্থ হয়ে যায় নি। আমরা তো গত বিশ্ব যুদ্ধের সময় দেখেছি জার্মানিকে কেন্দ্র করে আমেরিকা এবং সোভিয়েত রাশিয়া এক সঙ্গে চলেছিল। তার মধ্যেও দেখেছি চেষ্টা হয়েছে, সোভিয়েত রাশিয়াকে কন্ডেম করতে হবে, তাকে বাড়তে দেওয়া হবে না। আমরা তো দেখেছি সেদিন স্ট্যালিনের নেতৃত্ব নানা কারণে সমালোচিত হয়েছিল এবং সে সমালোচনা ছিল সমাজতন্ত্রের দৃষ্টিভঙ্গির। সেদিন যখন স্ট্যালিন আমেরিকার সঙ্গে কো-একজিস্টেন্স থিয়োরি ঘোষণা করেছিলেন সেদিন তিনি সমালোচিত হয়েছিলেন। সেদিন সে মূহুর্তে সমালোচকরা যে প্রশ্নটা তুলেছিলেন সেটা হল,— সাম্রাজ্যবাদী শক্তি, পুঁজিবাদী শক্তি সোভিয়েতের সমাজতান্ত্রিক ব্যবস্থা ভেঙ্গে দিতে চায়। যে কোনও কারণেই হোক তারা আজকে সফল হয়েছে। তাই বলে কি সমাজতন্ত্র ব্যর্থ? এর মধ্যে দিয়ে কি সমাজতান্ত্রিক ব্যবস্থার ব্যর্থতা প্রমাণিত হবে? আর মুক্ত অর্থনীতিই যদি শেষ কথা হবে, তাহলে আমেরিকার জেনারেল মোটর-এর মতো পুরানো কারখানার ২১ হাজার কর্মী নিয়ে ১৬টি ইউনিট বন্ধ হয়ে গেল কেন? যেখানে জেনারেল মোটর বন্ধ হয়ে গেছে সেখানে আমাদের উত্তরপাড়ার হিন্দ মোটর-এর অবস্থা ভাল থাকবে? ওপেনস্পের মধ্যে দিয়ে কখনই থাকতে পারে না। আজকে ওঁরা অতীতের সমস্ত কিছুই খারাপ দেখেছেন। ওঁরা বলতে চাইছেন অতীতে ভারতবর্ষে যা হয়েছে সমস্তই খারাপ কাজ হয়েছে। অবশ্যই অতীতে যা কিছু হয়েছে সমস্ত কিছুকে আমরা সমর্থন করি না। কিন্তু ওঁদের কাছ থেকেও এটা আমরা আশা করি নি। কংগ্রেস (আই) দল দাবি করে স্বাধীনতা সংগ্রামের এবং এ কথা নিশ্চয়ই সত্য যে তাঁরা মুষ্টিমেয় ২/৪ জন বড় লোকের স্বাধীনতার জন্য সংগ্রাম করেন নি। দেশের সাধারণ মানুষের জন্যই করেছিলেন এবং ইচ্ছেয় হোক, অনিচ্ছেয় হোক করেছিলেন। অথচ আজকে কি করছেন? সেদিন বিরোধী দলের নেতা বললেন, তিনি আমাদের মুখ্যমন্ত্রীর মগজ ধোলাই-এর দায়িত্ব গ্রহণ করেছেন, তিনি যা

বলছেন, মুখ্যমন্ত্রী তাই বলছেন। হ্যাঁ আমরা জানি তাঁরা বহু আইন তৈরি করেছিলেন। বিনোবা ভাবের নেতৃত্বে ভূ-দান যজ্ঞ হয়েছিল। এখন কংগ্রেস দল বলছে, সেটাকে নূতন করে দেখতে হবে। সেদিন জমিদাররা ভূ-দান যজ্ঞের নামে পড়ে জমি, বালু-চর দিয়ে দিয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সঙ্কট তো শুধু ভারতবর্ষেই নয়, সারা পৃথিবীব্যাপী মন্দা চলছে। গোটা পৃথিবীতে আজকে এমন একটা জায়গা নেই যেখানে মন্দা চলছে না। গোটা ধনতান্ত্রিক দুনিয়ায় মন্দা চলছে যে প্রেসিডেন্ট বুশ উপসাগরীয় যুদ্ধকে কেন্দ্র করে নিজের দেশের ভোটের বাজারে বাজার দর প্রচন্ড বাড়িয়ে ফেলেছিলেন, সেই বুশের বাজার দর অর্থনৈতিক মন্দার চাপে হু হু করে পড়ে গেল। আজকে জাপানী ইয়েনের চাপে তার বাজার দর পড়ে গেল। আজকে প্রত্যেকটা দেশই অর্থনৈতিক সঙ্কটে হিমসিম খাচ্ছে এবং প্রত্যেকেই নিজেদের সঙ্কট থেকে উত্তরণের জন্য নিজ উদ্যোগে চেষ্টা চালিয়ে যাচ্ছে। আমাদের মতো আই. এম. এফ. বা ওয়ার্ল্ড ব্যাঙ্ক যা বলছে তাই মেনে চলছে না। আমরা ওদের কথা মেনে নিচ্ছি, ওরা যা বলছে তাই শুনছি। ওরা বলেছে ভরতুকি দেওয়া চলবে না, তাই আমাদের দেশে ভরতুকি তুলে নেওয়া হচ্ছে। এই প্রসঙ্গে আমাদের রাজ্যের অর্থমন্ত্রী একটা প্রস্তাব করেছেন এবং আমরা জানি সেটা উনি অতীতেও করেছিলেন এবং পরিমাণটা এবারে বাড়িয়েছেন, সে জন্য আমি তাঁর প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি। তিনি ক্ষেত মজুরদের ভরতুকি দিয়ে চাল দেবার যে প্রস্তাব করেছেন তাকে আমি বার বার সমর্থন করছি। তবে আমি এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, ক্ষেত মজুরদের মধ্যে যে চাল বন্টন করা হয় সেই বন্টন ব্যবস্থার মধ্যে কিছু ত্রুটি আছে, এই ত্রুটি অবশ্যই সংশোধন করতে হবে। ক্ষেত মজুরদের চাল দেবার জন্য আজ পর্যন্ত ক্ষেত মজুরদের আলাদা করে রেশন কার্ড দেওয়া হয় নি। 'ক' শ্রেণী ভুক্ত হিসাবে যে রেশন কার্ড দেওয়া হয়েছে, সেই রেশন কার্ডের মাধ্যমে এমন সমস্ত মানুষ এই চাল পাচ্ছে যারা ক্ষেত মজুরদের অন্তর্ভুক্ত নয়। তিন বছর ধরে এই জিনিস চলে আসছে। এত দিন এটা ১ মাস ছিল, এখন থেকে ২ মাস করবেন বলেছেন। আমি জানতাম এই বাবদ গত বছর ৯ কোটি টাকা খরচ হয়েছিল। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী, আপনার দেওয়া হিসাবে দেখছি ১০ কোটি টাকা খরচ হয়েছে। আপনি এ বছর এই বাবদ ২০ কোটি টাকা বরাদ্দ করেছেন।

আমি বলছি, ক্ষেত মজুরদের চাল দেবার ক্ষেত্রে সংখ্যাটা যদি ঠিকমত নির্ধারণ করা যায় তাহলে ভরতুকি দেবার টাকাটা কিছু কমবে এবং পরবর্তী কালে সময় বাড়াতে পারেন কিনা দেখবেন। এরপর আপনি বাজেটে ৫৮ কোটি টাকা কর তুলতে চেয়েছেন বলে বলেছেন। তার মধ্যে ৪০ কোটি টাকা তুলতে চেয়েছেন জমিতে যে কালো টাকা খাটে তাদের কাছ থেকে বাড়তি টাকা নিয়ে। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে সাবধান করে দিতে চাই, আপনি কাদের উপর দায়িত্বটা দিচ্ছেন? কারা মূল্য নির্দ্ধারণ করবেন? জমি বিক্রি এবং কেনার ক্ষেত্রে বাস্তব অবস্থাটা একটু মনে রাখতে হবে। আজকে জমি যাঁরা বিক্রি করছেন — ইচ্ছা করে কেউ জমি বিক্রি করে না। জমি বিক্রেতার প্রয়োজনে মূল্য নির্ধারণ হয়। নির্ধারিত মূল্য সব

সময় ঠিক থাকবে না। অন্য কোনও এজন্সি অন্য কোনও ভাবে মূল্য নির্ধারণ করে দেবেন তবে রেজিস্ট্রি হবে। একটা দলিল রেজিস্ট্রি অফিসে দেওয়া হয় এবং তার একটা কপি কালেক্টরের কাছে দিতে হয়। কালেক্টরের কাছে যায় কিন্তু তার রিপ্লাই আসে না, অথচ রেজিস্ট্রেশন হয়ে যায়। আইনে জমির প্রথম বিক্রি ভেস্তে দেবার সুযোগ আছে। বিক্রেতা যে কোনও মুহূর্তে জমি বিক্রি করতে পারে। সাংসারিক কারণে কিম্বা মেয়ের বিয়ের ব্যাপারে তাকে জমি বিক্রি করতে হয়। আমি সাজেস্ট করব, এটা করা যায় কিনা দেখুন। প্রি-এমশন বলে একটা কথা আছে। আমাদের আইনে আছে, নির্দিষ্ট ভাবে প্রি-এমশন হতে পারে। এই প্রি-এমশনের পরিধি বাড়িয়ে দিতে পারেন। কিছু জমি কো-শেয়ারাররা নিতে পারেন, সেম ইন্টারেস্টে নেবারার্সরা নিতে পারেন। এগ্রিকালচারাল ল্যান্ডে জমি ট্রান্সফার হয়, বর্গাদার নিতে পারে, ক্লেমান্ট হতে পারে — হি শ্যাল বি দি ফাস্ট ক্লেইমেন্ট আইনে এই বলছে। সেখানে প্রি-এমশন কেসের উপর গুরুত্ব দেওয়া হচ্ছে। এখানে আমার সাজেশন হচ্ছে, প্রি-এমশন কেসে কারা কারা প্রি-এমশনের দাবিদার হতে পারে তার পরিধি বাড়িয়ে দিন। যে জমি বিক্রি হয়ে গেল সেই জমির উপর যদি কেউ অন দি সেম ইন্টারেস্টে ক্লেম দেয় তাহলে প্রি-এমশন করতে পারে। জমি নিয়ে আমার অভিজ্ঞতা আছে, যে সমস্ত জমি প্রি-এমশনের ভীতি থাকে সেই সমস্ত জমি প্রকৃত মূল্যে বিক্রি হয়ে যায়, বেশি করে মূল্য লিখিয়ে হস্তান্তরিত হয়। এমন জায়গায় দাঁড়িয়ে আপনার বাজেটের কর তোলার সার্থকতা নির্ভর করবে, কারণ ৫৮ কোটি টাকার মধ্যে ৪০ কোটি টাকা এর থেকে কালেকশন করতে চাচ্ছেন। এটা হবে কি হবে না, শুধুমাত্র কর্মচারিদের উপর দায়িত্ব দিয়ে বসে থাকলে চলবে না। কারণ কর্মচারিরা দুর্নীতিমুক্ত বামফ্রন্ট সরকারের আমলে এই অকারণ দাবি করে লাভ নেই, তবে তাদের অভ্যাসের খানিকটা পরিবর্তন হয়েছে। এইসব করতে গিয়ে নূতন সঙ্কট সৃষ্টি হবে। সহজ রাস্তা পেতে পারেন কিনা দেখবেন। তবে আমি এই বাজেটের মোটেই বিরোধিতা করছি না, কারণ এর থেকে ভাল বাজেট করা সম্ভব নয়। গত কয়েক বছর ধরে ভারসাম্য বাজেট দেবার চেষ্টা করেছেন। কিন্তু কয়েকটি জায়গায় নিশ্চয়ই ওনাকে বিবেচনা করতে হবে। আমি দেখেছি, অতীতে অনেক পাকা রাস্তা, কাঠের পুল হয়েছে। সেইগুলিকে সমস্ত কংক্রিট পুল করতে হচ্ছে এবং এরজন্য খরচও বেড়েছে। নূতন করে আরও রাস্তা হয়েছে, তার মেইনটেনান্স কস্টও বেড়েছে। প্রকৃত পক্ষে পূর্ত দপ্তরের রক্ষণাবেক্ষণ এবং উন্নয়নের জন্য যদি ৫ কোটি টাকা খরচ করতে পারেন তাহলে পশ্চিম বাংলার উন্নয়ন ক্ষতিগ্রস্থ হবে। কারণ কৃষি পণ্য সহজে যদি না আসতে পারে তাহলে খুব মুশকিল হবে। আমরা দেখছি, পরিবহনের খরচ কয়েক মাস আগে যে জায়গায় ছিল তার চেয়ে তিন চার গুণ বেড়ে গেছে রাস্তাঘাট খারাপ হয়ে যাওয়ার জন্য।

[3-10 — 3-20 P.M.]

কাজেই আপনাকে বিচার বিবেচনা করতে হবে সীমিত অর্থনীতির উন্নয়নের জন্য প্রতিটি দপ্তরের উন্নয়নের জন্য বাড়তি অর্থ প্রথমেই আপনাকে খোঁজ করতে হবে। কোথা থেকে

পাবেন সেটা আপনারা দেখবেন। আপনি স্বাস্থ্য দপ্তরে যে পরিমাণ টাকা বরাদ্দ করেছেন এটা খুব চোখে লাগবার মতো। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে বাজেটে মাত্র ২.৭ ভাগ রেখেছেন। এখন এটা ঠিক যে, আমাদের বাস্তব অভিজ্ঞতাটা কি? বহু হাসপাতালে অ্যাম্বুলেন্স নেই, অ্যাম্বুলেন্স যদিও আছে তো তা পেট্রোলের জন্য অনেক সময় অচল হয়ে থাকে। জীবনদায়ী ঔষুধ নেই, এই আমার সেদিনেরই একটা অভিজ্ঞতার কথা বলছি, একটা ৪/৫ বছরের ছেলের বার্ণ কেসের ঔষুধ একটা সাব ডিভিসনের হাসপাতালে নেই। ডিসটিল ওয়াটার পাওয়া যায় না, বললে পরে বলে যারা নাকি বকেয়া টাকা পাবে, তারা সেজন্য সাপ্লাই দিতে পারে না। যে কোনও কারণই হোক, প্রকৃত ঘটনা হচ্ছে যে সাধারণ মানুষের রোগ হলে বা বিপদ হলে হাসপাতালে যাওয়া ছাড়া কোনও উপায় থাকে না। অন্যেরা নার্সিং হোমের কথা বলেন, তাঁরা নার্সিং হোম ছাড়া আর কিছু বোঝেন না, তাঁরা হাসপাতালের কথা চিন্তা করেন না, কিন্তু সাধারণ মানুষ হাসপাতালে যায়, সেখানে যাওয়া ছাড়া কোনও উপায় তাদের থাকে না, সেখানে স্যালাইন ওয়াটার, ডিসটিল ওয়াটার থাকে না, কেন থাকে না তা আপনি জানবেন আমার জানা নেই। অর্থ বরাদ্দ থাকে না বলে পাওয়া যায় না। কাজেই আপনাকে বাস্তবানুগ হয়ে কিছু কিছু অর্থ বরাদ্দ করতে হবে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, উত্তরবঙ্গের একটা বড় প্রয়োজনীয় জিনিস বার বার এখানে উল্লিখিত হয়েছে, মাননীয় সদস্য বললেন যে বোলপুরে মিটিংয়ে যোজনা কমিশনের ভাইস চেয়ারম্যান মাননীয় প্রণব মুখোপাধ্যায় বলেছেন তিস্তা পরিকল্পনার সম্বন্ধে বাজেটে আসবে, তার জন্য যে টাকা এই রাজ্য থেকে খরচ হয়েছে তার পরিমাণ হল ৩৪৭ কোটি টাকা। একটা জাতীয় প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার মাত্র ৫ কোটি টাকা দিয়েছিলেন, ১০ কোটির মধ্যে দেয় মাত্র ৫ কোটি। ৩৪৭ কোটি টাকা পশ্চিমবঙ্গের রাজ্য সরকারকে খরা করতে হয়েছে, এখনও সেই পরিকল্পনা সম্পূর্ণ হওয়ার দিকে না গিয়ে বরং নষ্ট হওয়ার দিকে যাচ্ছে। আমি অনুরোধ করব যে, কেন্দ্রে তো আপনাদের সরকার রয়েছেন, এবং আপনারা কংগ্রেস দল তো বহু ব্যাপারে একমত হন, যেমন, সেদিন শুনলাম যে নেতাজীকে ভারতরত্ন দেবার ব্যাপার নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় বিরোধী দলের নেতা একসঙ্গে একমত হয়ে কাজ করেছেন। আমরা সাধারণ সদস্য, আমাদের সঙ্গেও তো সম্পর্ক ভাল। আপনি তো অতীতে এই রাজ্যের মুখ্যমন্ত্রী ছিলেন, সেই আমলে তিস্তা প্রকল্পের ব্যাপার তো তৎকালীন কেন্দ্রীয় সরকার গ্রহণ করতে পারেন নি, আমাদের রাজ্যের ৩৪৭ কোটি টাকা খরচ হয়ে গেছে, এখন প্রচুর টাকা খরচা করতে হবে, তা না হলে রাজ্যের অগ্রগতি ক্ষতিগ্রস্থ হবে। মাননীয় অর্থমন্ত্রী, এই বিধানসভা থেকে বিশেষ করে তিস্তা প্রকল্পের জন্য বিরোধী দলের মাননীয় নেতা সহ যোজনা কমিশনে সে ধরনের অগ্রাধিকার রেখেছেন, মাননীয় মুখ্যমন্ত্রীর চিঠিতে যেমন প্রধান প্রধান ৩২ দফা দাবির কথা আছে তার মধ্যে ২৪ না ২৯ নম্বরে এই প্রকল্পের কথাও আছে, আমি বিশেষ করে বলতে চাই যে, উত্তরবঙ্গের নানা কারণের মধ্যে এই প্রশ্ন আসে দেশে হলদিয়া বা নানা নূতন সেতু হচ্ছে তাতে উত্তরবঙ্গের মানুষ ভাবছে যে দক্ষিণবঙ্গে উন্নতি হচ্ছে। তা তিস্তা নূতন করে বাড়তি সুযোগ করে দেবে। নূতন কর্ম দিবস সৃষ্টি করবে। সেই কারণে অনুরোধ করব আপনি সর্ব

দলীয় কমিটি করে রাইট অর রং একটা এফেক্টিভ রিপ্রেজেনটেশন যাতে হয় সেই চেষ্টা করুন। এই কথা বলে এই বাজেটকে তৃতীয় বার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯২।৯৩ সালের যে ৪২.৩৫ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন, যে বাজেটের মধ্যে ৫৮ কোটি টাকার নূতন করের প্রস্তাব করেছেন, আমরা মনে করি যে, এই বাজেট দেউলিয়া সরকারের একটা দেউলিয়া বাজেট যেখানে প্রচন্ড ঘাটতি সামাল দিতে নানা রকম ভাবে আদায় বেশি দেখিয়ে এবং বিভিন্ন দপ্তরের খরচ কম দেখিয়ে বা খরচ কেটে নিয়ে একটা কোনও রকমে গোঁজামিল দেবার প্রচেষ্টা করা হয়েছে। যে সীমিত ক্ষমতার কথা বলে আপনারা বার বার বলেন যে কেন্দ্র টাকা দিচ্ছে না, সেজন্য রাজ্যের উন্নতি হচ্ছে না, সেই একই সুর অর্থমন্ত্রীর ভাষণের প্রথম ১২ পাতার মধ্যে ধ্বনিত হয়েছে। কিন্তু আমরা দেখেছি যে, গত পাঁচ বছর ধরে যে ঘাটতি-শূণ্য বাজেটের জন্য আপনারা এত হাম বড়াই করতেন সেই ঘাটতি শূণ্য বাজেটের কথা শোনার দিন ফুরিয়ে এসেছে। আমি দেবপ্রসাদ বাবুর বক্তব্যের সঙ্গে একমত-যে, এখানে যেসব কাগজপত্র দেওয়া হয়েছে সেগুলো খুঁজে দেখলে ৪২.৩৫ কোটি টাকা কেন, যাঁরা বাজেটের পরিসংখ্যানের ভেতর যাবেন তাঁরা দেখবেন যে, ঘাটতির পরিমাণ অনেক বেশি হবে। একটু পরেই আমি কিছু পরিসংখ্যান দিয়ে সেটা বোঝাবার চেষ্টা করব। তার আগে আমি একটি বিষয় নিয়ে দু' একটি কথা বলতে চাই যা নিয়ে এখানে অনেকেই সমালোচনা করেছেন কেন্দ্রীয় বাজেটের। এ বারের কেন্দ্রীয় বাজেট নাকি সমাজতান্ত্রিক পথে এগোবার বাজেট নয়; এটা নাকি ধনতান্ত্রিক বাজেট, যা নাকি বড় লোকদের আরও বড় লোক এবং গরিবদের আরও গরিব করবে ইত্যাদি অভিযোগ করা হয়েছে। কিন্তু আমি আপনাদের সবিনয়ে স্মরণ করিয়ে দিতে চাই যে, আজকে সমাজতন্ত্রের বিভিন্ন ব্যাখ্যা আছে। প্রকৃতপক্ষে ইংলন্ড এবং আমেরিকায় যে সমাজতন্ত্র যতটুকু ছিল, মানুষ জানে যে, কিউবা, ভিয়েতনাম বা চিনের যে সমাজতন্ত্র তা অত বড় হয় নি। আপনাদের সেই সৎ সাহস যদি থাকে, এটা স্বীকার করে নেবেন। আজকে ইংলন্ড এবং আমেরিকায় যাঁরা আন-এমপ্লয়েড রয়েছেন তাঁরা সেখানে ভাতা পান। আপনারা পশ্চিমবঙ্গে বেকার ভাতা চালু করেছিলেন খুব বড় বড় কথা বলে, কিন্তু সেটা বন্ধ করে দিতে হয়েছে। ইংলন্ড, আমেরিকা, যাদের আপনারা ধনতান্ত্রিক দেশ বলেন, সেখানে কাউকে বিনা চিকিৎসায় মরতে হয় না; প্রত্যেকে সেখানে বিনা পয়সায় চিকিৎসা পাবার অধিকারী। এই যে সোস্যাল সিকিউরিটি, এই সোস্যাল সিকিউরিটির নাম হচ্ছে সমাজতন্ত্র। যে দেশ সমস্ত লোককে সোস্যাল সিকিউরিটি দিতে পারেন সেটাকেই আমরা মনে করি নূতন পথের সমাজতন্ত্র, যে পথের কথা ইন্দিরা গান্ধী বলে গিয়েছিলেন। সুতরাং আজকে এই যে বাজেট, যা কেন্দ্রের অর্থমন্ত্রী পেশ করেছেন, আমি মনে করি না যে, এটা সমাজতন্ত্রের পথ থেকে বিচ্যুতি। আমি মনে করি, অতীতে যে ভুলত্রুটি হয়েছে — দেখতে পাচ্ছি, অনেক টাকা ঠিকভাবে ব্যয়িত হচ্ছে না; একটার পর একটা সরকারি সংস্থার পেছনে

খরচ করা হচ্ছে, কিন্তু তার থেকে কোনও রিটার্ন পাওয়া যাচ্ছে না — সেই পথ থেকে সরে এসে নূতন করে শিল্প গড়ে যাতে উন্নয়ন করা যায় সেই দিকে এই বাজেট বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেছে। আমি 'ইন্ডিয়া টু ডে' থেকে পড়ে শোনাচ্ছি যে, এই বাজেটের উদ্দেশ্য কি। উদ্দেশ্য হচ্ছে —

To put it very simply, the Government's plans call for getting more money into play from poivate hands and using that money to fund industrial growth at a time the State can ill-afford to subsidize any activity on its own.

[3-20 — 3-30 P.M.]

সরকারের হাতে টাকা নেই। ২৪৪টি সরকারি সংস্থার মধ্যে ৫৮টি সরকারি সংস্থা ঘাটতিতে চলছে। এই ২৪৪টি সরকারি সংস্থায় এক লক্ষ কোটি টাকার উপরে কেন্দ্রীয় সরকার লগ্নি করেছেন। সেখানে রিটার্ন কি হয়েছে? রিটার্ন হয়েছে নিল, মাইনাস ১০ হাজার কোটি টাকা। প্রতি বছর এক লক্ষ কোটি টাকা লগ্নি করার পরেও আরও বেশি সরকারের চলে যাচ্ছে। লাভ হওয়া দূরের কথা সরকারের আরও বেশি ভর্তুকী দিতে হচ্ছে এগুলি চালিয়ে যাবার জন্য এবং বিশেষ করে যেগুলি লাভজনক নয় সেই রকম ৫৮টি সংস্থায় যদি ভাল ভাবে চালাতে হয় তাহলে সেখানে ১৫ হাজার কোটি লগ্নি করতে হবে। এই ১৫ হাজার কোটি টাকা যদি নূতন শিল্পে লগ্নি করা যায় তাহলে আরও ১৫ লক্ষ লোকের কাজ হবে। সেই পথই পি. ভি. নরসিংহ রাও বেছে নিয়েছেন। ৪ লক্ষ লোকের জন্য ১৫ হাজার কোটি টাকা ভরর্তুকী দিয়ে তাদের চাকুরি বজায় রাখবেন, না, ১৫ হাজার কোটি টাকায় ১৫ লক্ষ বেকার ভাইয়ের চাকুরি দেবেন — কোনটা সমাজতান্ত্রিক পথ? সুতরাং আপনারা যে বক্তব্য রেখেছেন যে এই বাজেট অমুক-তমুক, এটা সমাজতন্ত্র বিরোধী, আমি তা মনে করি না। আপনারা আই. এম. এফ., ওয়ার্ল্ড ব্যাঙ্কের লোনের কথা বলেছেন। বাস্তব অবস্থা কি দেখা যাচ্ছে? যখন অকংগ্রেসি সরকার ভারতবর্ষে এসেছে, ১৯৭৭ সালে যখন জনতা সরকার ভারতবর্ষে এসেছিল তখন তারা ভারতবর্ষকে দেউলিয়া করে গেছে। তার ফলে ১৯৮০ সালে আই. এম. এফ.-এর লোন নিতে হয়। এই টাকাটা যা নেওয়া হয়েছিল তা সমস্ত ফেরৎ দেওয়া হয়েছে। এমন কি যখন প্রণব বাবু কেন্দ্রের অর্থমন্ত্রী ছিলেন তখন লোনের তৃতীয় কিস্তি নেবার প্রয়োজন হয় নি। আবার দেখা গেল যে যখন ভি. পি. সিং সরকারে এলেন ১৯৮৯ সালে তখন তারা ভারতবর্ষকে প্রায় দেউলিয়া করে গেলেন এবং তার ফলে আমাদের ফরেন এক্সচেঞ্জে কি দেখা গেল? যখন পি. ভি. নরসিংহ রাও এলেন তখন দেখা গেল আমাদের ফরেন এক্সচেঞ্জ রেভিনিউ হচ্ছে ১১ শত কোটি টাকার মতো। আপনারা জানেন যে আমাদের পেট্রোল আমদানি করতে হয়, আমাদের সার আমদানি করতে

হয়, এমন অনেক ইন্ডাস্ট্রিয়াল মেটিরিয়্যালস আছে যেগুলি না হলে সমস্ত কারখানা বন্ধ হয়ে যাবে। আপনারা কি চান যে এগুলি বন্ধ হয়ে যাক? সেই সরকারের কাছে অলটারনেটিভ আর কি ছিল? যেখানে ১১ শত কোটি টাকা ফরেন এক্সচেঞ্জ সেখানে তাহলে সরকারকে বলতে হত যে পেট্রোল আমদানি করব না, সার আমদানি করব না, চাষীদের চাষ করতে বলব না? আপনারাও তো বলেন যে আলুতে সার দিচ্ছেন, হাই ইল্ডিং ভ্যারাইটিতে সার দিচ্ছি। তাহলে সরকারকে সিদ্ধান্ত নিতে হত যে ঐ ১১ শত কোটি টাকা দিয়ে বাস চালানো যাবে না, ট্রাক চালানো যাবে না, পাওয়ার স্টেশনে ফুয়েল অয়েল দেওয়া যাবে না, পেট্রোলিয়াম প্রোডাক্ট-এর জন্য ইউস করা যাবে না। সুতরাং যে অবস্থা ভি. পি. সিং, চন্দ্র শেখর সরকার ১৯৮৯-৯০ সালে করে গেছেন তার থেকে মুক্তি পেতে গেলে আই. এম. এফ-এর লোন নেওয়া ছাড়া অন্য কোনও উপায় ছিল কিনা সেটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণে আমাদের যদি বুঝিয়ে দিতে পারেন তাহলে আমরা নিশ্চয়ই স্বীকার করব। আমার স্বল্প বুদ্ধিতে এ ছাড়া আর কোনও পথ দেখতে পাই নি।

এবারে আমি বাজেটের ব্যাপারে কয়েকটি কথা বলতে চাই। সেটা হচ্ছে, আপনারা এখানে অনেকে রাজস্ব আদায়ের ব্যাপারে বলেছেন। রাজস্ব আদায়ে ধরেছিলেন প্রায় ৫ হাজার কোটি টাকা অর্থাৎ ৪ হাজার ৯৯৯.৮৬ কোটি টাকা আর প্রকৃত আদায় হয়েছে ৪ হাজার ৮০০ কোটি টাকা। তাহলে যে রাজস্ব আদায় করবেন বলেছিলেন সেটা প্রায় ২০০ শত কোটি টাকা ঘাটতি হয়েছে। রাজস্ব খাতে আপনারা খরচ ধরেছিলেন ৬ হাজার ৯৫.৯৪, আর খরচ হয়েছে ৫ হাজার ৫৬৯.৯৯।

অর্থাৎ যেটা আদায় করবেন বলেছিলেন তা আদায় করতে পারেন নি, যা খরচ করবেন বলেছিলেন তা খরচ করতে পারেন নি। দেবপ্রসাদ বাবু বলেছেন, আমিও সময় থাকলে বলব কি ভাবে উন্নয়ন মূলক কাজ বন্ধ করে দিয়েছেন। দীপক বাবু বলেছেন হাসপাতালের ব্যাপারে। ঠিকই হাসপাতালের কাজ বন্ধ করে দিয়েছেন, রাস্তাঘাট নির্মাণের কাজ বন্ধ করে দিয়েছেন, সমস্ত উন্নয়ন মূলক কাজ বন্ধ করে দিয়ে ঘাটতি কমাবার চেষ্টা করেছেন, ঘাটতি শূন্য বাজেট করতে চেয়েছিলেন। এবারে দেখছি ৫২ কোটি টাকার মতো ঘাটতি দেখানো হয়েছে। রাজস্ব [illegible] এক দিকে আদায় কম, অন্য দিকে খরচ কম করেও ১৯৯১-৯২ সালে ঘাটতি দাঁড়াচ্ছে ৭৬৮.৪৮ কোটি টাকা। এই ঘাটতি কম দেখাবার জন্য সমস্ত দপ্তরে খরচ কম দেখিয়েছেন অথচ আয়ের ক্ষেত্রে বেশি বেশি করে দেখিয়েছেন যা কখনও আদায় হবে না। মাননীয় সদস্যদের সামনে বক্তব্য রাখবার সময় বলেছি, আমি উদাহরণ দিয়ে বলব — তাই আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি। আপনার রেভিনিউ এক্সপেন্ডিচার — এই ব্যাপারে সোস্যাল সার্ভিসেস খরচ হবে বলেছিলেন ১৯৯১-৯২ সালে ২৭৫৪ কোটি টাকা, কিন্তু রিভাইজড

বাজেটে বলেছেন খরচ হয়েছে ২৩৮১ কোটি টাকা। শুধু ৩০০ কোটি টাকা সোস্যাল সার্ভিসে রেভিনিউ এক্সপেন্ডিচার কম হল। ইকনমিক সার্ভিসেস সেখানে আমরা দেখতে পাচ্ছি আপনারা যেখানে বলেছিলেন ১৩৭৪ কোটি টাকা খরচ করবেন সেখানে ১২১০ কোটি টাকা খরচ করেছেন। আদায় হয়েছে কম। বিদ্যুতের উপর শুল্ক আদায় ১৯৯১-৯২ সালে ধরেছিলেন ৪০ কোটি টাকা সেখানে আদায় হয়েছে ২০ কোটি টাকা। বিক্রয় কর আদায় ধরেছিলেন ১৪৯২ কোটি টাকা, সেখানে আদায় হয়েছে ১৪৫০ কোটি টাকা। ভূমি রাজস্ব আদায় ধরেছিলেন ২৯৬ কোটি টাকা, সেখানে আদায় হয়েছে ২৪৪ কোটি টাকা। আবগারী শুল্ক আদায় হবে ধরেছিলেন ১৯৯ কোটি টাকা, সেখানে আদায় হয়েছে ১৮৫ কোটি টাকা। ট্যাক্স অ-। গুডস অ্যান্ড প্যাসেঞ্জার বলেছিলেন আদায় হবে ১৫৭ কোটি টাকা, সেখানে আদায় হয়েছে ১৪৭ কোটি টাকা। এই ভাবে আমরা দেখতে পাচ্ছি রাজস্ব খাতে টোটাল আদায়ের কথা ছিল ২৬১২ কোটি টাকা, সেখানে প্রকৃত পক্ষে আদায় হয়েছে ২৪৭৪ কোটি টাকা, অর্থাৎ ১৩৮ কোটি টাকার মতো আদায় কম হয়েছে। আপনারা সঠিক ভাবে আদায় করতে পারছেন না। আপনারা বলছেন আদায় করার মেশিনারী ভাল, কিন্তু আদায় হচ্ছে না। আমরা এখানে দেখতে পাচ্ছি ১৯৯২-৯৩ সালে আপনি কি আদায় করবেন। এই ব্যাপারে হিসাব করলে দেখা যাবে গত বছরের চেয়ে ৩০ পারসেন্ট বেশি বিক্রয় কর আদায় করবেন বলেছেন, একেবারে লাফ দিয়ে ৩০ পারসেন্ট বাড়িয়ে দিয়েছেন। বাস্তবে কি এই টাকা আদায় করা সম্ভব হবে? গত বছরে ১৪৫০ কোটি টাকা বিক্রয় কর আদায় করেছেন, এবারে সেটাকে বাড়িয়ে ১৯০০ কোটি টাকা আদায় করবেন বলেছেন। কিসের ভিত্তিতে বলেছেন? ৩০ পারসেন্ট রাইজ হবে কিসের ভিত্তিতে? আমি আপনাকে দেখাতে পারি এখানে সেলস ট্যাক্স গত ৪-৫ বছরের কোনও বছরেই এত পারসেন্ট রাইজ হয় নি। ১৯৮৭-৮৮ সালে আগের বছরের চেয়ে আদায় বাড়ল ১৬.৫ পারসেন্ট, তার পরের বছরে বাড়ল ১১ পারসেন্ট, তার পরের বছরে বাড়ল ৪ পারসেন্ট, তার পরের বছর বাড়ল ১৯.৫ পারসেন্ট। হঠাৎ এই বছর ৩১ পারসেন্ট রাজ্যে বিক্রয় কর বেশি আদায় হবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানতাম ওনারা অর্থ সব ছেড়ে দেন, আদায়ের ব্যাপারে নেই। এখন দেখতে পাচ্ছি আদায় করবেন বলে ঠিক করেছেন। আদায় হবে কিনা জানি না, তবে আদায় করবেন বলেছেন। কারণ এখন তো 'ভাঁড়ে মা ভবানী'। এখন যত পার আদায় কর। যদি আদায় নাও করতে পারেন তাহলেও কাগজপত্রে দেখিয়ে দাও এত আদায় হবে। সেই দেখিয়ে কেন্দ্রীয় সরকারের থেকে আদায় করা যাবে যে, আমরা এত আদায় করছি, তোমরা এত টাকা দাও। ক্যাপিটাল এক্সপেন্ডিচার আগে যেটা বলেছেন সেখানে দেখতে পাচ্ছি — যেখানে ক্যাপিটাল রিসিপ্টস হওয়ার কথা হয়েছিল ১৯৯১-৯২ সালে ১৬১৪ কোটি টাকা, সেখানে হয়েছে ৯১৩ কোটি টাকা। জেনারেল সার্ভিসেস, সোস্যাল সার্ভিসেস এবং ইকনমিক সার্ভিসেসের জন্য যা আপনারা বরাদ্দ করেছিলেন, তাকে কেটে কুটে একেবারে ফাঁক করে দিয়েছেন।

[3-30 — 3-40 P.M.]

আমি আপনাদের দেখাতে চাই এই বাজেট অ্যাট এ গ্লান্স থেকে যে কি রকম ভাবে, নির্মম ভাবে ক্যাপিটাল এক্সপেন্ডিচার, যেটা দিয়ে পশ্চিম বাংলার রাস্তাঘাট হবে, হাসপাতাল হবে, নূতন বিদ্যালয় হবে, নূতন ইরিগেশন টিউবওয়েল হবে সেই সব খাতে খরচ কেটে দিয়েছেন। পশ্চিম বাংলার এতে উন্নতি হবে? শুনুন, জেনারেল সার্ভিসেস-এ গতবারে ১৯৯১-৯২ সালে আপনারা ধরেছিলেন ১৪.৯ খরচ হয়েছে ৭.৫৮। সোস্যাল সার্ভিসেসে ধরেছিলেন ৯২ কোটি টাকা, খরচ হয়েছে ৭৬ কোটি টাকা। অর্থাৎ ১৬ কোটি টাকা কম। ইকনোমিক রিভিউ — এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েড অ্যাকটিভিটিজে ধরেছিলেন ১৬.৮৭ কোটি টাকা, খরচ হয়েছে ৯.৫ কোটি টাকা। ইরিগেশন অ্যান্ড ফ্লাড কন্ট্রোলে ধরেছিলেন ১২৬ কোটি টাকা, খরচ হয়েছে ৯০ কোটি টাকা। এনার্জি, বিদ্যুতের ক্ষেত্রে ধরেছিলেন ২১৮ কোটি টাকা। খরচ হয়েছে কত? ৬২ কোটি টাকা খরচ হয়েছে। তাহলে কি করে পশ্চিম বাংলায় বিদ্যুতের উৎপাদন হবে? বিদ্যুতের এই যে হাহাকার, এই হাহাকার বন্ধ করতে গেলে ২১৮ কোটি টাকার জায়গায় মাত্র ৬২ কোটি টাকা খরচ করলে পশ্চিম বাংলায় বিদ্যুতের উৎপাদন হবে? এই প্রশ্ন আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে করতে চাইছি। এইসব বলে সময় নষ্ট করে লাভ নেই। খরচের এই হিসাব দেখলে লজ্জা পেতে হয়। পশ্চিম বাংলায় উন্নয়নের খরচ যে বন্ধ হয়ে গেছে সেটা বাচ্চা ছেলেও বুঝতে পারে, একে নূতন করে ব্যাখ্যা করার প্রয়োজন হবে না। সেদিন একজন মাননীয় সদস্য বলছিলেন যে এটা বেতন দেওয়ার সরকার। সত্যি, আপনাদের যা আদায় হয় তার শতকরা ৯১ ভাগ টাকা চলে যায় বেতন দিতে। তাও, গত বছর শিক্ষক এবং আধা সরকারি কর্মচারিদের যে পাওনা তা সম্পূর্ণ ভাবে দিতে পারেন নি, কেটে কেটে দিয়েছেন। আপনাদের লজ্জা হওয়া উচিত। এই তথ্য সত্যি কিনা জানি না, আমি শুনেছি। সত্যি হলে তাঁর জবাবে অর্থমন্ত্রী বলবেন। পিয়ারলেস থেকে টাকা ধার নিয়ে কর্মচারিদের আপনারা পূজা বোনাস দিয়েছিলেন। এর থেকে লজ্জার আর কিছু হতে পারে? আপনারা স্বল্প সঞ্চয়ের ব্যাপারে এত লম্বা চওড়া কথা বলছেন। আপনারা বলছেন যে কেন্দ্রীয় সরকারের মিউচুয়াল ফান্ডের জন্য স্বল্প সঞ্চয়ে ভীষণ মার খেয়েছেন। এই যে ব্যাঙের ছাতার মতো এক একটা স্মল সেভিংস ইনস্টিটিউশন গজিয়ে উঠেছে, এগুলোকে আপনারা বন্ধ করতে পেরেছেন? আপনারা যে এজেন্ট নিয়োগ করেন — আজকে পিয়ারলেস থেকে টাকা ধার নিয়েছেন, সেই পিয়ারলেস-এর যে টার্গেট ছিল তার থেকে তারা থ্রি হান্ড্রেড পারসেন্ট আদায় করেছে, পিয়ারলেসের মতো সংস্থা যদি এটা করতে পারে, তাহলে আপনারা কেবল কেন্দ্রীয় সরকারের ঘাড়ে দোষ দিয়ে চুপচাপ বসে থাকছেন কেন — আপনাদের এজেন্টদের আরও বেশি কমিশন দিয়ে, রাজ্য সরকারের তাতে যদি আরও কিছু বেশি, পাঁচ কোটি টাকা যদি বেশি খরচ হয় তা হোক, এটা করেও যদি সেখানে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে বেশি আদায় করতে পারেন তাহলে তো কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাব বলে ঠুঁটো

জগন্নাথ হয়ে বসে থাকতে হয় না? তবে আপনাদের এটা মনে রাখতে হবে যে এই ক্ষুদ্র সঞ্চয়ের ৭৫ ভাগ টাকা আপনারা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ হিসাবে, ১১ পারসেন্ট সুদে পাবেন। এই টাকা আপনাদের একদিন সুদে আসলে শোধ দিতে হবে। আপনারা একদিকে বলেছেন আই. এম. এফ-এর কাছ থেকে ঋণ নিয়ে ডেট ট্রাপে পড়ে যাবে, আর এক দিকে আবার বলছেন ক্ষুদ্র সঞ্চয়ের টাকা তুলতে পারলাম না। আমরা ঋণ পেলাম না। যদিও এই টাকাটা আপনাদের ৫-১০ বছর পরে সুদে আসলে শোধ দিতে হবে। এই টাকা নিয়ে তাহলে কি করবেন? এই টাকা থেকে তো মাইনে দিতে চলে যাবে, উন্নয়ন কিছু হবে না। তাহলে কোথা থেকে টাকাটা ফেরৎ দেবেন? এর উত্তর আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছ থেকে চাইব। আপনারা বলছেন যে, আমরা কেন্দ্র থেকে কিছু পাব না।

কিন্তু পরিসংখ্যান দেখলে কি দেখা যাবে যে, কেন্দ্র নিজেকে বঞ্চিত করে এবারের বাজেটে এক্সাইজ ডিউটি যেটা কেন্দ্র এবং রাজ্যের মধ্যে ভাগ হয় সেটা তারা দিয়েছেন; এবং কাস্টমস ডিউটি যেটা শুধু কেন্দ্র পায় সেখানেও কেন্দ্রীয় সরকার সমস্ত দ্রব্যের উপর কমিয়ে দিয়েছেন — নিজেকে বঞ্চিত করে তারা করেছেন। যেটা রাজ্যগুলি পায় সেটা তারা বাড়িয়েছেন। এই ব্যাপারে তাঁদেরকে ধন্যবাদ জানানো দূরের কথা উল্টে ১২ পাতার সমালোচনা করেছেন। ইউনিয়ন এক্সাইজ ডিউটি বাবদ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আপনাদের বাজেটে করেছিলেন ৯১-৯২তে ৭৭২ কোটি টাকা, পেয়েছেন ৮২৮ কোটি টাকা — অর্থাৎ ৫৬ কোটি টাকা বেশি পেয়েছেন। যা ধরেছিলেন তার থেকে বেশি পেয়েছেন। আয়করের অংশ আপনারা ধরেছিলেন ৩৬৮ কোটি টাকা, পেয়েছেন ৪০৭ কোটি টাকা — অর্থাৎ ৩৮ কোটি টাকা বেশি পেয়েছেন। দ্বিতীয় হুগলি সেতু বাবদ ধরেছিলেন ১৮ কোটি টাকা, পেয়েছেন ৩০ কোটি টাকা। সার, বীজ কীটনাশক ঔষুধ বাবদ ধরেছিলেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৩৭ কোটি টাকা, পেয়েছেন ৪১ কোটি টাকা। আমরা বিভিন্ন খাতে দেখেছি আপনারা ৩ হাজার ৫৬ কোটি ৯৩ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছেন, কিন্তু এটা কোথাও উল্লেখ করেন নি। এর জন্য কিন্তু কেন্দ্রীয় সরকার ধন্যবাদের পাত্র। কেবল তাঁদের সমালোচনা এবং কেন্দ্র দেয় নি বলে আমরা পশ্চিম বাংলায় কিছু করতে পারছি না, এই ভাঙ্গা রেকর্ড বাজিয়ে চলেছেন, এতে পশ্চিম বাংলার মানুষ সন্তুষ্ট হবে না, হবে না, হবে না। তাই এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না, এর তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তপন হোড় ঃ মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি প্রথমে মাননীয় অর্থমন্ত্রীর যে বাজেট, সেই বাজেটকে সমর্থন করছি; এবং সমর্থন করে দু-চারটি কথা বলছি। কেন্দ্রীয় বাজেট আর রাজ্য বাজেট এই দুইটিকে একটু ভাল করে যদি বিশ্লেষণ করি — বিশেষ করে বিরোধী বন্ধুদের বলব — তাহলে দেখা যাবে কেন্দ্রীয় বাজেটে যেটা পেশ করা হয়েছে তাতে সারা দেশের মধ্যে একটা দ্রুত প্রতিক্রিয়া দেখা গিয়েছে। প্রথম প্রতিক্রিয়া হচ্ছে দেশের বড়

বড় পুঁজিপতি, শিল্পপতি, জোতদার-জমিদার এবং চেম্বার অফ কমার্স যত আছে তারা যে ভাবে স্বাগত জানিয়েছেন তেমনি আবার দেশের সাধারণ মেহনতি মানুষের কাছে এটা একটা নিদারুণ অভিশাপ হিসাবে দেখা গেছে। এটা হওয়ার কারণ কি? কারণ হচ্ছে, দীপকদা একটি কথা বলেছেন মনমোহন সিং একজন অর্থনীতিবিদ হতে পারেন, কিন্তু জনগণের সঙ্গে তাঁর নাড়ির সংযোগ নেই এবং সেইজন্যই জনগণের চাহিদা, আশা আকাঙ্খা তাঁর বাজেটের মধ্যে দিয়ে প্রস্ফুটিত হতে পারে নি। আজকে দেশে কংগ্রেসের অবস্থা হচ্ছে বড় লোকের তোষণ করা এবং বড় লোকের দালালি করা, এছাড়া এদের আর কোনও কাজ নেই। আমি দাবি করছি, এই গণতান্ত্রিক বাজেট পেশ করার পর বিরোধী পক্ষের কাছ থেকে আমরা যে আশা করেছিলাম বা রাজ্য বাজেটকে যদি পর্যালোচনা করা যায় তাহলে দেখা যাবে আমাদের মাননীয় অর্থমন্ত্রী ঠিকই বিশ্লেষণ করে দেখিয়েছেন।

[3-40 — 3-50 P.M.]

সারা পৃথিবীতে যে ধনবাদী অর্থনীতি চলছে, যে সঙ্কট চলছে, এই বাজেট হচ্ছে তার একটা বিকল্প। বিরোধী বন্ধুরা হয়ত জানেন না, যে মার্কিন যুক্তরাষ্ট্রকে আপনারা এত তোষণ করছেন, সেই মার্কিন যুক্তরাষ্ট্র নিজেরাই নিজেদের অভ্যন্তরীণ সমস্যায় জর্জরিত, তারা নিজেরাই জটিলতর ঋণ গ্রহণ করছে। আজকে একটা ইকনমিক রিভিউ দেখছিলাম, আজকে ডলারের পজিশন ইয়েন মার্ক, সুইডিস কয়েনের নিচে নেমে গেছে। কাজেই এই রকম একটা বাস্তব পরিস্থিতিতে ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে, আই. এম. এফের কাছ থেকে ঋণ নিয়ে, তাদের দ্বারস্থ হয়ে যে অর্থনীতি অবস্থা চলছে, সেই পরিপ্রেক্ষিতে আমাদের মাননীয় অর্থমন্ত্রী আমাদের পশ্চিম বাংলায় যে বিকল্প রাস্তা বাতলাবার চেষ্টা করেছেন সেটা সঠিক। এই পেরিফেরির মধ্যে আমাদের যে সংবিধানের পেরিফেরি, তার যে পথ তা অভূতপূর্ব এবং সেই অবস্থার মধ্যে দিয়ে আমাদের মাননীয় অর্থমন্ত্রীর যে বাজেট এবং এই বাজেটের যে মূল সুর তা বিরোধী পক্ষ ভালো ভাবেই জানে। সারা ভারতবর্ষের কাছে আজকে তারা এমন বাজেট উপস্থিত করেছেন সেটা বড়লোক ঐ টাটা বিড়লার ভাষণ ছাড়া আর কিছুই হতে পারে না। আজকে নূতন করে প্রাইভেটাইজেশনের ব্যাপার আসছে তার সঙ্গে সঙ্গে আমাদের সামনে ছাঁটাই ও বিদায় নীতি আসছে। এই ছাঁটাই এবং বিদায় নীতির মাধ্যমে আজকে তারা গোটা ভারতবর্ষে অর্থনৈতিক সমস্যাকে মেটাবার চেষ্টা করে, আই. এম. এফ এবং বিশ্ব ব্যাঙ্কের কন্ডিশনগুলোকে মেনে নিচ্ছেন। আজকে কি হিসাবে বিরোধী পক্ষ এখানে গলাবাজি করছেন? আজকে কেন্দ্রীয় বাজেটকে সমর্থন করতে গিয়ে তাদের পায়ের তলায় মাটি সরে গেছে। বিরোধী পক্ষের নেতা গভর্নর্স অ্যাড্রেসের সময় বলেছিলেন, ইনফ্লেশন কমছে, বেকারি কমছে। কিন্তু এই ধরনের মিথ্যা বক্তব্য আমরা বিরোধী পক্ষের নেতার কাছ থেকে শুনব বলে আশা করি নি। মার্চের ফার্স্ট উইকে যে তথ্য আমি সেই তথ্য বলছি, যেখানে ইনফ্লেশনের হার ছিল ১২.২ পারসেন্ট, এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে ১২.৬ পারসেন্ট। কাজেই এই যে চেঁচামেচি

এবং সভাকে বিভ্রান্ত করা এটা হচ্ছে বিরোধী পক্ষের একমাত্র কাজ। তাদের কোনও কন্ট্রিবিউশন আউটলুক নেই। আমার আশা ছিল রাজ্য বাজেটকে তারা ভালো ভাবে পর্যালোচনা করে কতগুলি সাজেশন এখানে রাখবেন। কিন্তু তারা সারা ভারতবর্ষের জনগণের সামনে কুম্ভীরাশ্রু ছাড়া আর কিছুই করছে না। আজকে সাধারণ মানুষের যে আশা আকাঙ্খা তার দিকে তাকিয়ে আমাদের সকলের ভারতবর্ষের মাটিতে দাঁড়িয়ে এক সঙ্গে লড়াই করতে হবে। কিন্তু অত্যন্ত দুঃখজনক, তারা যেভাবে এখানে সমালোচনা করছেন, যেভাবে হাইলাইট করার চেষ্টা করছেন তা অত্যন্ত দুঃখজনক এবং তারা আজকে বিধানসভায় যে আচরণ করছে তা তারা নিজেরাই বুঝতে পারবেন এবং জনগণই তার সমুচিত জবাব দেবে।

আসল ব্যাপারটা হচ্ছে যে, চোররা চোরেদের সমর্থন করবে, ডাকতরা সমর্থন করবে। আমরা ডাকাতদের কবলে পড়েছি। অতএব আমাদের কষ্ট হচ্ছে এবং সেটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পরিষ্কার করেই বলেছেন। রাখ ঢাক কিছু করেন নি। পরিস্থিতিকে পরিষ্কার ভাবে তুলে ধরেছেন। বাজেট ডেফিসিট হয়েছে এই কথাও পরিষ্কার করে বলেছেন, কিছুই লুকোচুরি করেন নি। পরিষ্কার তথ্যের মধ্যে দিয়ে বলেছেন। এখন প্রশ্ন হচ্ছে, আমাদের রাজ্য বাজেট হয়ে যাওয়ার পর কেন্দ্রীয় সরকারের যোজনা পর্ষদের টাকা দেওয়ার ব্যাপারে বিবৃতি প্রকাশ করেছেন, বলা হয়েছে যে, রাজ্য বাজেটকে সমর্থন করা যায় না। রাজ্য বাজেটে আরও বেশি ট্যাক্স বসানো হল না কেন? ঠিক এই কারণেই রাজ্য বাজেটকে সমর্থন করা যাচ্ছে না। বর্গাদার, পাট্টাদার, ক্ষেত মজুর — এদের ওপর ট্যাক্সটা বসালে কেন্দ্রীয় সরকার খুশি হতেন। শুধু তাই নয়, ঘটনাটা হচ্ছে কি সাংঘাতিক কেন্দ্রীয় সরকারের বক্তব্য কেন্দ্রীয় সরকারের যোজনা পর্ষদের যে টাকা পশ্চিমবঙ্গের জন্য দেওয়া হবে বা প্রস্তাবিত সেটা দেবেন কি না চিন্তা করছেন। আমাদের রাজ্য বাজেটের মধ্যে একটা মানবিক সুর আছে। কিভাবে অর্থনীতিকে পুনরুজ্জীবিত করা যায় তার সুর আছে। রাজ্য বাজেটে কি করে সাধারণ মানুষের উন্নতি করা যায় তার ইঙ্গিত আছে। কিন্তু সেখানে বলা হচ্ছে, গরিব মানুষের উপর ট্যাক্স বসানো হল না কেন? তা ছাড়া অত্যন্ত গুরুতর বিষয়, প্রস্তাবিত পশ্চিম বাংলার জন্য যোজনা খাতের যে টাকা সেই টাকা তাঁরা দেবেন কি না চিন্তা করছেন। এই তো পরিস্থিতি। একটা মেরুকরণ হয়ে গেছে। কি করে টাটা. বিড়লাকে খুশি করা যায় তারই পরিকল্পনা চলছে। আমরা জনসাধারণের, সাধারণ মানুষের আশা, আকাঙ্খাকে কি করে রূপ দেওয়া যায় তার জন্য চেষ্টা করছি। আর একটা জিনিস — আয়কর সম্বন্ধে তাঁরা আবার নূতন করে চিন্তা ভাবনা করবেন বলছেন। আরও বেশি টাকা ছাড় দেবার কথা চিন্তা করছেন এবং একটা কথা, আয়কর ছাড় দেওয়ার ফলে ৮০ পারসেন্ট টাকা রাজ্য সরকারের প্রাপ্য কিন্তু রাজ্য সরকার এই টাকা পাচ্ছেন না। এ ছাড়া স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে যা টাকা পাওয়া যেত তাও কেন্দ্রীয় সরকারের নীতির ফলে রাজ্যগুলি বঞ্চিত হচ্ছে। আয়কর ছাড় দেবার ফলে যে ঘাটতি সেটাকে পূরণ করবার জন্য যে ব্যবস্থা করা দরকার সেই পথেও তাঁরা যাচ্ছেন না।

আরও দুর্ভাগ্যজনক — পশ্চিম বাংলায় যাঁরা বিরোধী পক্ষে আছেন তাঁরাও এই বঞ্চনার জন্য কোনও রকম প্রতিবাদ করছেন না। আমি শুধু এই কথা বলব, তিস্তা প্রকল্প এবং ইসকো প্রকল্প, তিস্তা নিয়ে প্রণব বাবুর সঙ্গে কথা হয়েছে শান্তিনিকেতন সমাবর্তনে, তিনি কতকগুলি শর্ত দিয়েছেন। তিস্তার ব্যাপারে একটা সর্ব দলীয় কমিটি করা প্রয়োজন এবং এতে আমারও সায় আছে। সরকারি কর্মচারিদের বকেয়া বেতন দেবার কথা বলেছেন, এটা খুব ভালো কথা। ধাপে ধাপে সেটা দিয়ে দেওয়া দরকার। কিন্তু সরকারি কর্মচারিদের কাছ থেকে যে আউটকামটা পাওয়ার কথা সেই কাজটা পাওয়া যাচ্ছে না। এই ব্যাপারে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিষয়টা দেখার জন্য অনুরোধ করছি। সরকারি কর্মচারিদের কাছ থেকে কাজটা বুঝে নেওয়ার দরকার আছে। আর ইসকোর আধুনিকীকরণের কথা, এই ইসকো কারখানার আধুনীকীকরণের ব্যাপারে একটা সর্ব দলীয় কমিটি করা যায় কি না সেটাও দেখার দরকার আছে। ওখানে ২০।২১ হাজার কর্মচারী আছেন এবং এর সঙ্গে যুক্ত অ্যালায়েড কারখানারও কর্মচারিরা আছেন, তাঁদের কথাও ভাবতে হবে। স্বাস্থ্য দপ্তর সম্পর্কে বলি, স্বাস্থ্য দপ্তরের বাজেট বরাদ্দ বিবেচনা করার জন্য বলব। স্বাস্থ্য দপ্তরের অবস্থা অত্যন্ত করুণ এই স্বাস্থ্য দপ্তরকে বাঁচাতে গেলে আরও ভালভাবে সাজাবার ব্যবস্থা করা দরকার। সবশেষে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-50 — 4-00 P.M.]

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় স্পিকার স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ১৯৯২-৯৩ সালের যে বাজেট বরাদ্দ উপস্থিত করেছেন আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে নয় যে আমি বিরোধী দলের সদস্য। বিরোধিতা করছি এই কারণে যে এই বাজেট রাজ্যের উন্নয়নে কোনও কর্মসূচি গ্রহণ করতে পারে নি। এটা রাজ্যের দেউলিয়া অর্থমন্ত্রীর তঞ্চকতাপূর্ণ একটা আর্থিক প্রতিবেদন মাত্র। অর্থমন্ত্রী মহাশয় ধান ভাঙ্গতে শিবের গীত গেয়েছেন। তাঁর বাজেট ভাষণের পাতার পর পাতা জুড়ে শুধু কেন্দ্রীয় সরকারের অর্থনীতির অন্তসার শূণ্য সমালোচনা। বিকল্প পথের নামে আশু সমস্যা পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করেছেন। এই চেষ্টার উদয় হওয়ার কারণ বাস্তব ক্ষেত্রে তাঁর পন্ডিতিয়ানার পালিশ ছুটে খড়ের কাঠামো বেরিয়ে পড়েছে। তাই তিনি কেন্দ্রের সমালোচনা করে, বারবার ঘাটতি শূণ্য বাজেটের নাম করে তিনি কেরামতি দেখাবার চেষ্টা করেছেন। আমি গত বছরের বাজেটের কপি পড়ে দেখি শেষে যে চিত্র তুলে ধরা হয়েছে সেখানে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় দেখিয়েছেন ১৯৮৯-৯০ সালে ৯৩ কোটি ২৬ লক্ষ ৬৩ হাজার টাকা ঘাটতি বাজেট, ঘাটতি শূণ্য বাজেট রাখতে পারেন নি। এইবারে উনি বলছেন ১৯৯১-৯২ সালে উনি ঘাটতি শূণ্য বাজেট রাখতে পারবেন না। এইবারে ৫৪ কোটি ৫৫ লক্ষ ৪৩ হাজার টাকা ঘাটতি হবে। তার মধ্যে ৪শো কোটি টাকা প্রভিডেন্ট ফান্ড, শিক্ষকদের বিভিন্ন বকেয়া টাকা দেয় আছে। অর্থাৎ ঘাটতি শূণ্য বাজেটের কথা বলেন, কিন্তু ঘাটতি শূণ্য বাজেট রাখতে পারেন না। বাজেট তঞ্চকতাপূর্ণ

বলছি এই কারণে বিভিন্ন খাতে এই টাকা দিচ্ছি, ওই টাকা দিচ্ছি বলেন, কিন্তু তা দিতে পারেন না। কয়েকদিন আগে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মোতাহার হোসেনের একটা প্রশ্নের উত্তরে বলেছেন, বক্রেশ্বরে ১৩৪ কোটি টাকা বাজেট বরাদ্দ ছিল, দেওয়া হয়েছে ৫৫ কোটি টাকা। এইটা হাউসে মাননীয় বিদ্যুৎমন্ত্রী স্বীকার করেছেন। শুধু তাই নয়, এই রকম প্রতি দপ্তরে প্রতি বছর খাতে যে টাকা বরাদ্দ করা হয় সেই টাকা দেওয়া হয় না। তিনি প্রতিশ্রুতি দেন এবং বিভাগীয় মন্ত্রীরা করজোড়ে, পুলিশ বিভাগ ছাড়া, তাঁর কাছে ধর্না দেন, কিন্তু টাকা পান না। পুলিশকে টাকা দিতে হয়, মুখ্যমন্ত্রী পুলিশ দপ্তরের চার্জে বলে না পুলিশের উপর এই সরকার নির্ভরশীল বলে জানি না। তারপরও ঘাটতি শূণ্য বাজেট রাখতে পারেন না। ঘাটতি দেখিয়েছেন। মাননীয় অর্থমন্ত্রী এই বছরের বাজেট বক্তৃতায় ২.১১ অনুচ্ছেদে খুব বিপ্লবের কথা বলেছেন, বিপ্লবের কথা বলতে গিয়ে কেন্দ্রের বিরুদ্ধে পাঁচ লাইন বলেছেন ঃ—

"লাভজনক সরকারি সংস্থার মাধ্যমেই সঞ্চয়ের সম্ভাবনা ও
পরিমাণ ব্যক্তিগত সংস্থার চেয়ে প্রায় দ্বিগুণ বেশি, এই
তথ্য জানা সত্ত্বেও সরকারি সংস্থার সরাসরি দক্ষতার বৃদ্ধির
কথা না বলে, লাভজনক সরকারি সংস্থার সম্পত্তি বে-সরকারি
হাতে তুলে দেওয়ার কথা বলা হয়েছে"।

কেন্দ্রের সমালোচনা করেছেন। গত মার্চ মাসে রাজ্যসভায় একটা প্রশ্ন ছিল ২৭-২৮ প্রশ্ন কেন্দ্রের থেকে রাজ্যের কাছে জানতে চাওয়া হয়েছিল .....

মিঃ স্পিকার ঃ রাজ্যসভার প্রশ্ন বলা যাবে না, বলতে গেলে ডকুমেন্ট ফাইল করতে হবে। ও কায়দায় চলবে না।

শ্রী আব্দুল মান্নান ঃ আমাদের বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী মহাশয় বলেছেন কয়েক দিন আগে এবং মুখ্যমন্ত্রী মহাশয়ও কয়েক দিন আগে বলেছেন যে কসবার গ্যাস টারবাইন সি. ই. এস. সি.-র হাতে তুলে দেওয়া হচ্ছে। তা ছাড়া বলাগড়, সাগরদিঘিসহ ৯টি তাপ বিদ্যুৎ কেন্দ্রের ব্যাপারে বে-সরকারি সংস্থার সঙ্গে কথা বলা হচ্ছে। গৌরীপুর তাপ বিদ্যুৎ কেন্দ্রটির আধুনিকীকরণ এবং এর বিদ্যুতের যোগান বাড়ানোর জন্য বিড়লা টেকনিক্যাল সার্ভিসেসের সঙ্গে আলোচনা চলছে। রাজ্য এখানে সরকারি সংস্থা পরিচালনার ব্যাপারে যৌথ উদ্যোগে রাজি আছে। স্যার, যারা নিজেরা এইসব কথা বলছেন তারাই আবার কেন্দ্রের বিরুদ্ধে অনেক বড় বড় কথা বলছেন। নিজেদের রাজ্যে যে সব পাবলিক আন্ডারটেকিংসগুলি আছে এবং লসে রান করছে সেগুলি সুষ্ঠু ভাবে পরিচালনার ব্যবস্থা না করে সেগুলি প্রাইভেট মালিকদের হাতে দিয়ে দেওয়ার চেষ্টা করছেন। স্যার, এ সম্পর্কে আমি একটি নোট পড়ছি।

"Efforts are to be made to locate resourceful private sector enterpreneurs of good track records who can be introduced in India Paper Pulp, NISCO, Krishna Glass Syndicate, Lily Biscuit and India Belting.

Depending upon efforts received, attempts may be made to convert IPP, NISCO, Krishna into joint sector companies, while Lily can possibly be sold to a good private sector firm".

এরপর স্যার, আরও আছে আমি পড়ছি না। স্যার, এই নোটটি ইন্ডাস্ট্রিয়াল রিকন্সট্রাকশন ডিপার্টমেন্টের একটি ফাইলের। তখন কিন্তু কেন্দ্রে কংগ্রেস সরকারও ছিলেন না, পি. ভি. নরসিমা রাও প্রধানমন্ত্রী ছিলেন না এবং এই ইন্ডাস্ট্রিয়াল পলিসিও নেওয়া হয় নি। মুখ্যমন্ত্রী মহাশয় নোট দেন ইন্ডাস্ট্রিয়াল রিকন্সট্রাকশনের ফাইলে ২০শে নভেম্বর, ১৯৯০ সালে। স্যার, যারা বলছেন প্রাইভেট সেক্টারকে দিতে হবে এই এই কোম্পানি তারাই দেখছি আবার কেন্দ্রের বিরুদ্ধে এ সম্পর্কে অন্য কথা বলছেন। ইন্ডিয়ান পেপার পালপ, তার চেয়ারম্যান হচ্ছেন মুখ্যমন্ত্রীর খুব স্নেহধন্য ব্যক্তি, আমি জানতে চাই সেটা কেন ১০ বছর ধরে লসে রান করছে? কেন সেই লস কমাতে পারেন নি? কেন নিজেদের লোককে সেখানে চেয়ারম্যান করেও সেই লস কমাতে পারেন নি? শুধু তাই নয় স্যার, সেখানে টাকা তছরূপ হচ্ছে। হাজিনগরে একটা গেস্ট হাউস করে সেখানে একটা লঞ্চ ভাড়া করে রাখা হয়েছে এরজন্য। সেখানে লঞ্চ ভাড়া করা হয়েছে কেন? এইভাবে টাকা নষ্ট করে সেই কোম্পানিটাকে লসে রান করানো হচ্ছে আর কেন্দ্রের বিরুদ্ধে আপনারা এখানে বড় বড় কথা বলছেন। স্যার, ওরা বলেন, ওরা নাকি গ্রামের অনেক উন্নতি করে ফেলেছেন। আমিও স্যার, গ্রামের ছেলে, গ্রামের কথা আমি জানি কি কিসে গ্রামের উন্নতি হয়। গ্রামের উন্নতি নির্ভর করে ৪টি জিনিসের উপর — ল্যান্ড রিফরমস, এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট, ইরিগেশন অ্যান্ড ফ্ল্যাড কন্ট্রোল, রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন। স্যার, এগুলির ডেভেলপমেন্টের জন্য প্ল্যান বাজেটে টাকা বরাদ্দ করা দরকার এবং সেটা বাড়ানো দরকার। কিন্তু বাজেট অ্যাট এ গ্ল্যান্সে আমরা কি দেখছি? আমরা দেখছি, বাজেট অ্যাট এ গ্ল্যান্স ১৯৯১/৯২ তে — এগ্রিকালচারাল অ্যান্ড অ্যালায়েড অ্যাকটিভিটিস প্ল্যানে টাকা ছিল ১২৮ কোটি ৯২ লক্ষ কিন্তু দেওয়া হয়েছে ১০৬ কোটি ৯৯ লক্ষ। ১৯৯১/৯২ সালের ছিল ১৩৩ কোটি ৯ লক্ষ টাকা, দেওয়া হয়েছে ৭৭ কোটি ১৩ লক্ষ টাকা। রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড স্পেশ্যাল এরিয়া প্রোগ্রামে ৯১/৯২ সালে ছিল ৩৫৩ কোটি ৪০ লক্ষ টাকা, দেওয়া হয়েছে ১৯৩ কোটি ৫১ লক্ষ টাকা। ইরিগেশন অ্যান্ড ফ্ল্যাড কন্ট্রোল — গত বছরের বাজেট অ্যাট এ গ্ল্যান্স থেকে বলছি, ১৪১ কোটি ৭৯ লক্ষ টাকা দেবার কথা ছিল।

[4-00 — 4-10 P.M.]

দেওয়া হয়েছে ১২০ কোটি ৭৬ লক্ষ টাকা। এই বছর ৯১-৯২ সালে দেবার কথা ১৫৬ কোটি ৯৯ লক্ষ টাকা, দেওয়া হয়েছে ১০৮ কোটি ৪৩ লক্ষ টাকা। প্ল্যানগুলো থেকে টাকা কমিয়ে দেওয়া হয়েছে। প্রতি বছর দেখা যাচ্ছে রাজ্যের অর্থ দপ্তর যে সমস্ত ডিপার্টমেন্টগুলোর প্ল্যান খাতে টাকা বাড়ালে রুর‍্যাল ডেভেলপমেন্ট হতে পারে, সেই সব খাতে টাকা কমিয়ে দেওয়া হচ্ছে। এগ্রিকালচার খাতে টাকা কমিয়ে দেওয়া হচ্ছে, ইরিগেশন খাতে টাকা কমিয়ে দেওয়া হচ্ছে এনার্জি খাতে টাকা কমিয়ে দেওয়া হচ্ছে, রুর‍্যাল ডেভেলপমেন্ট খাতে টাকা কমিয়ে দেওয়া হচ্ছে। গ্রামে যদি বৈদ্যুতিকরণ বেশি হয় তাহলে আমরা জানি গ্রামে যত বেশি বিদ্যুৎ যাবে তত গ্রামের উন্নতি হবে, সেখানে ছোট ছোট কলকারখানা গড়ে উঠতে পারে, কুটির শিল্প গড়ে উঠতে পারে, কিন্তু তা আমরা দেখতে পাচ্ছি না। এই বিধানসভার মাননীয় বিরোধী সদস্যরা এই রাজ্যের বাজেট নিয়ে আলোচনা করেন না, কেন্দ্রের বাজেট নিয়ে আলোচনা করেন, সমালোচনা করেন। যেমন মুখ্যমন্ত্রী যখন পুলিশ বাজেট নিয়ে তাঁর বক্তৃতা রাখেন তখন তিনি আমাদের রাজ্যের কথা বলেন না, অন্য রাজ্যের হিসাব নিকাশ নিয়ে নাড়াচাড়া বেশি করেন। আমরা যদি স্টেট ওয়াইজ রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন সম্পর্কে দেখি তাহলে দেখব পশ্চিম বাংলার কী অবস্থা তুলনা মূলক ভাবে। ইলেক্ট্রিফায়েড অ্যাজ অন দি থার্টি ফার্স্ট মার্চ ১৯৯১, পার্সেন্টেজ হিসাবে যদি দেখি তাহলে দেখব, অন্ধ্র প্রদেশ সেখানে পার্সেন্টেজ অন টোটাল ফেজ হয়েছে কত? ১০০ পারসেন্ট। টোটাল যা ভিলেজ আছে ২৭ হাজার ৩৭৯, সেখানে প্রায় সব গ্রামেই বিদ্যুতিকরণ হয়ে গেছে। কেরালায় ১ হাজার ২১৯টি গ্রামে ইলেক্ট্রিফায়েড হয়েছে, আসাম খুব গরিব রাজ্য, সেখানে ২১ হাজার ৯৯৫টি গ্রামের মধ্যে ২১ হাজার ২৯৪টি গ্রামে বৈদ্যুতিকরণ হয়ে গেছে। তামিলনাড়ুতে হয়েছে ১৫ হাজার ৮৩১টি গ্রামের মধ্যে ১৫ হাজার ৮১৫টি গ্রামে হয়ে গেছে। সেখানে পশ্চিম বাংলার পার্সেন্টেজ হচ্ছে ৭৩ পারসেন্ট, ৭৫ পারসেন্টেও এগোতে পারেন নি। অথচ মাননীয় অর্থমন্ত্রী দাবি করছেন যে গ্রামের খুব উন্নতি হচ্ছে, অনেক উন্নতি তিনি করতে পেরেছেন। এগ্রিকালচার-এ টাকা কমিয়ে দিয়েছেন, ইরিগেশন, রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনে টাকা কমিয়ে দিয়েছেন। এগ্রিকালচারে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের ওয়েস্ট বেঙ্গলে পাম্পসেট মাত্র ৮৯ হাজার পাম্পসেট ইলেক্ট্রিফায়েড হয়েছে। যেখানে কর্ণাটকে, কেরালায় তিন চার গুণ বেশি করেছে মহারাষ্ট্রের সঙ্গে আমরা তুলনা করছি না কারণ তারা অনেক উন্নত করেছে নিজেদের। যেখানে কেরালা উন্নতি করছে, আসাম উন্নতি করছে, ইভিন ত্রিপুরার মতো ছোট রাজ্যও কিছু কাজ করেছে, আপনারা রুর‍্যাল ডেভেলপমেন্টের জন্য কিছুই করতে পারেন নি। অথচ আপনারা বলছেন অনেক কিছু করেছেন। অর্থমন্ত্রী বললেন যে উনি পাঁচ লক্ষ লোকের কর্ম সংস্থান করবেন। কর্ম সংস্থান তো দূরের কথা, কর্ম সংস্থানের যে অবস্থা করেছেন, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলোর দিকে একটু তাকালেই তা বোঝা যায়। অর্থমন্ত্রী দিচ্ছেন পেজ নং ৩৩, প্লেসড

ইন এমপ্লয়মেন্ট কত হয়েছে শুনুন। ১৯৮৮ সালে ১২.৩ থাউজেন্ড, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে চাকরি পেয়েছে। ১৯৮৯ সালে পেয়েছে ১০ হাজার, ১৯৯০ সালে পেয়েছে ৯।। হাজার, ১৯৯১ সালে পেয়েছে পাঁচ হাজার। কোথায় ১২।। হাজার, আর কোথায় পাঁচ হাজার। আজকে তিনি বলছেন ৫ লক্ষ লোকের কর্ম সংস্থান করবেন।

স্যার, ওঁরা বলছেন, রাজ্যে শ্রম দিবস খুব বাড়ছে। স্যার, আগে এন. আর. ই. পি. ছিল, ১লা এপ্রিল ১৯৮৯ থেকে জওহর রোজগার যোজনা হয়েছে। আগে যখন এন. আর. ই. পি., আর. এল. ই. জি. পি. ছিল তখন আমাদের স্টেটের অবস্থাটা কি ছিল? আমি এ বিষয়ে মহারাষ্ট্রের সঙ্গে তুলনা করছি না। আমাদের মতো গরিব রাজ্যগুলির সঙ্গেই তুলনা করছি। স্যার, আইন-শৃঙ্খলার প্রশ্ন যখনই ওঠে তখন ওঁরা বিহারের কথা খুব বলেন। সেই বিহার এন. আর. ই. পি.-তে কত শ্রম দিবস তৈরি করেছিল? স্যার, আপনি দেখুন এ বিষয়ে বিহারের টার্গেট ছিল ১৯৮৮-৮৯-এ ৪ কোটি ১৬ লক্ষ। আর অ্যাচিভমেন্ট কত? ৪ কোটি ৪৩ লক্ষ। এই শ্রম দিবস তারা সৃষ্টি করেছিল, অর্থাৎ টার্গেটের চেয়ে বেশি। অন্ধ্রপ্রদেশের টার্গেট ছিল ৩৪২.৬ লক্ষ শ্রম দিবস সৃষ্টি করার, সেখানে তারা সৃষ্টি করেছে ৩৫১.৯ লক্ষ শ্রম দিবস। অর্থাৎ ১০৩ % অ্যাচিভমেন্ট। গুজরাটের ১০০ % অ্যাচিভমেন্ট। হরিয়ানার ১০৭ % অ্যাচিভমেন্ট। হিমাচলপ্রদেশের ১৩০ % অ্যাচিভমেন্ট। রাজস্থানের ১৫৫ % অ্যাচিভমেন্ট। তামিলনাড়ুর ১৪১ % অ্যাচিভমেন্ট ১৯৮৮-৮৯ সালে এন. আর. ই. পি.-তে শ্রম দিবস সৃষ্টির। স্যার, এমন কি ছোট গরিব রাজ্য ত্রিপুরার শ্রম দিবস সৃষ্টির টার্গেট ছিল ৯.৭ লক্ষ, তারা করেছে কত, ১২-৮ লক্ষ। অর্থাৎ তাদের অ্যাচিভমেন্টও ১৩২ %। উত্তরপ্রদেশের অ্যাচিভমেন্ট ১৪২ %। আর পশ্চিমবঙ্গের কথা না বলাই ভাল, বললে আপনারা লজ্জা পাবেন। পশ্চিম বাংলা ১০০ %-এ যেতে পারে নি, কত, না মাত্র ৬৩ %। এরপরেও বিশ্বাস করতে হবে যে আপনারা বাংলার মানুষের জন্য লক্ষ লক্ষ শ্রম দিবস সৃষ্টি করছেন এবং করবেন? এরপরেও আপনাদের এই বাজেটকে সমর্থন করতে হবে?

স্যার, এরপর আমি শিক্ষার কথায় আসছি। মাননীয় অর্থমন্ত্রী শিক্ষা সম্বন্ধে তাঁর বক্তব্য তাঁর বাজেট বিবৃতির মধ্যে মাত্র চার লাইনেই শেষ করে দিয়েছেন। আমি শিক্ষা নিয়ে আমার নিজস্ব কোনও বক্তব্য এখানে রাখছি না, আমি শুধু মাননীয় মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় এবং আরও দু একজনের বক্তব্যই এখানে তুলে ধরছি। দেবব্রত বাবু গত ১০ই মে ১৯৮৯ একটা জনসভায় প্রকাশ্যে বলেছেন, — এ রাজ্যে শিক্ষা ব্যবস্থার কিছুই উন্নতি হয় নি। ডঃ হীরেন মুখার্জি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কনভোকেশনে গিয়ে বলেছেন, — If the truth is to be told, the education scene is dismal. উনি ৮৮ সালের বর্ধমান ইউনিভার্সিটির কনভোকেশনে গিয়ে আরও বলেছেন, — Even in a progressive state like West Bengal, literacy goes down, and everything whether primary, secondary or higher secondary education is shameful. স্যার, বিনয় বাবু এখানে আছেন,

আমি বিনয় বাবুর বক্তব্য দিয়েই আমার বক্তব্য শেষ করব। ১৬ই অক্টোবর ১৯৮৯, বিনয় বাবু বর্ধমানের তারাবাগে গভর্নমেন্ট কলেজ অফ এডুকেশনের শিলান্যাস করতে গিয়েছিলেন। তিনি সেখানে কি বলেছিলেন? বিনয় বাবুকে আমরা জানি ডাস্টবিনের মধ্যে ল্যাঙড়া আম। ল্যাঙড়া আম যত ভালই হোক ডাস্টবিনের মধ্যে থাকলে যেমন তার কোনও স্টেট থাকে না, তেমন বিনয় বাবুর অবস্থা। উনি এদের মধ্যে থেকে ওঁর সমস্ত গুণ হারিয়ে ফেলেছেন। উনি কি বলছেন? ১৬ই অক্টোবর, ১৯৮৯ বর্ধমানের তারাবাগে গভর্নমেন্ট কলেজ অফ এডুকেশনের শিলান্যাস করতে গিয়ে উনি বলেছেন, "পশ্চিমবঙ্গের শিক্ষার মান আগের থেকে নেমে গেছে"। এরপরে আপনারা কি বলবেন, "দাউ ব্রুটাস টু"! একথা আমাদের নয়, বিনয় বাবু বলেছেন। এই অবস্থায় কথা দিয়ে ফুলিয়ে ফাঁপিয়ে যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী এখানে পেশ করেছেন তাকে আমাদের সমর্থন করতে হবে! এই বাজেটের সমর্থন চাইছেন? আমরা এই বাজেটকে সমর্থন করছি না। আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 P.M.]

শ্রী শ্রীধর মালিক ঃ মাননীয় স্পিকার স্যার, বিরোধী দলের সদস্যরা আমাদের মাননীয় অর্থমন্ত্রীর যে বাজেট ভাষণ সেই বাজেট ভাষণ সম্পর্কে বিভিন্ন রকমের সমালোচনা করলেন। আমি প্রথমেই এই বাজেটকে সম্পূর্ণ ভাবে সমর্থন করে কিছু কথা বলতে চাই। এটা ঠিকই, ওদের মধ্যে নানা রকম হতাশার ভাব ফুটে উঠেছে এবং কিছু মানুষকে এই বাজেট হতাশাগ্রস্থ করেছে। করারই কথা, কারণ যেখানে মদের দাম বাড়ে, যেখানে উচ্চবিত্ত শ্রেণীর উপর কর বাড়ে, যেখানে গরিব মাঝারি মানুষের স্বার্থে কিছু কিছু পরিকল্পনা গ্রহণ করা হয়, যেখানে ধনী ব্যবসায়ীদের তাদের টার্ণ ওভারের মাধ্যমে ১.৫ শতাংশ থেকে ২ পারসেন্ট কর আরোপ করা হয়, যেখানে শীততাপ নিয়ন্ত্রিত মোটর গাড়ি, হোটেল এবং বিউটি পার্লার যেগুলি ওদের ভোগের এবং যাদের সেবা দাসের কাজ ওঁরা করেন সেই সমস্ত মানুষের যেগুলি ভোগের বিষয় সেখানে আজকে যেহেতু হাত পড়েছে সেহেতু এই বাজেট সামগ্রিক ভাবে হতাশ করারই কথা। কিন্তু স্পিকার স্যার, এই বাজেট আজকে শুধু পশ্চিম বাংলায় কেন, আমি মনে করি সারা ভারতবর্ষে কেন্দ্রীয় সরকারের যে নীতি সেই নীতির ফলে গোটা দেশ আজকে যখন জাহান্নামে যেতে বসেছে, যখন গোটা দেশকে দেউলিয়া করার জন্য যে ধরনের ষড়যন্ত্র, ব্যবস্থাপনার চক্রান্ত তাঁরা যেখানে গ্রহণ করেছেন সেখানে একটা রাজ্য সরকারের পক্ষে, একটা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে, এবং কেন্দ্রীয় সরকারের যে সংবিধান এবং যে নীতি সেই সমস্ত ব্যবস্থাপনার উপর দাঁড়িয়ে পশ্চিম বাংলার বামফ্রন্ট সরকার যে ধরনের বাজেট উৎখাপন করেছেন সেই বাজেট সত্যিই আমাদের কাছে তাৎপর্যপূর্ণ শুধু নয়, সারা ভারতবর্ষের মানুষের কাছে তাৎপর্যপূর্ণ এবং শিক্ষার বিষয়। কেন্দ্রীয় সরকারের পরিকাঠামোর মধ্যে পশ্চিম বাংলার রাজ্য সরকার এবং অন্যান্য রাজ্য সরকারগুলি দাঁড়িয়ে আছে। এই বিশ্লেষণ অনেকেই করেছেন,

তবুও আমি আর একবার সেই কথা না বলে আমার বক্তব্য শুরু করতে পারছি না। ৪২। ৪৩ বছর কংগ্রেস কেন্দ্রে শাসন করেছেন। সেই শাসনকালে দেশের জমিদারদের ভূমি সংস্কার করলেন না আইন থাকা সত্ত্বেও। দেশি-বিদেশি, একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থে কাজ করেছেন। দিনের পর দিন তাদের মুনাফার পাহাড় জমেছে, কালো টাকা জমেছে। তাদের জন্য সমস্ত রকমের ব্যবস্থাপনা করার জন্য কেন্দ্রীয় সরকার সমস্ত রকম ভাবে সাহায্য সহযোগিতা করেছেন, তাদের স্বার্থে আইন-কানুন হয়েছে। এইভাবে গরিব মানুষ আরও বেশি গরিব হয়েছে, ভূমিহীন কৃষকেরা আরও বেশি ভূমিহীন হয়েছে, মানুষের ক্রয় ক্ষমতা কমেছে। এ সমস্ত কিছুই কেন্দ্রীয় সরকারের নীতির জন্যই গোটা দেশ ভয়াবহ পরিস্থিতির মধ্যে দাঁড়িয়েছে। আজকে গোটা দেশকে বিদেশিদের কাছে বিকিয়ে দেবার জন্য সমস্ত রকমের ষড়যন্ত্র তাঁরা তৈরি করছেন। শুধু তাই নয়, তার পাশাপাশি তাঁরা যে চক্রান্ত করছেন সেটা হচ্ছে, রাষ্ট্রায়ত্ত শিল্প। এর পরিসংখ্যান দিতে গেলে সময় লাগবে। কিন্তু মান্নান সাহেব বললেন রাষ্ট্রায়ত্ত শিল্প কোথায় লাভজনক। কিন্তু যে ব্যবস্থাপনা তাঁরা করছেন, যেভাবে চলছে তাতে রুগ্ন শিল্প বন্ধ হয়ে যাবে। এই সমস্ত রুগ্ন শিল্পগুলিকে সবল করার, তাদের সাহায্য করার কোনও প্রচেষ্টা কেন্দ্রীয় সরকার করছে না। লাভজনক শিল্প প্রতিষ্ঠানগুলিকে বহু ক্ষেত্রে ব্যক্তি মালিকানাধীনে নিয়ে যাওয়া হচ্ছে।

এই সমস্ত কাজ করা হচ্ছে। আজকে বিদেশের ঋণ, আই. এম. এফ.-এর যে অর্থনীতি সেই আই. এম. এফ.-এর যে শর্ত, বিশ্বব্যাঙ্কের যে শর্ত সেই শর্তকে কেন্দ্র করে — যদিও আমাদের কাছে পরিষ্কার পরিচ্ছন্ন নয় — এটা এই বাজেটের মধ্যে বলা দরকার যে, তৃতীয় বিশ্বের দেশ হিসাবে ভারতবর্ষে আজকে উন্নত পুঁজিবাদের যে সঙ্কট সেই সঙ্কটকে মোকাবিলা করার জন্য ভারতবর্ষের মতো একটা দেশ যে দেশের অফুরন্ত সম্পদ আজকে সেই দেশকে বিভিন্ন রকমে শোষণ এবং হ্রাস করার নীতি গ্রহণ করছে। আর সেই হ্রাসের কাছে ভারতবর্ষ আত্মসমর্পণ করেছে। ৮০-র দশকের প্রথম দিকে বিদেশি ঋণ ছিল ১৮ হাজার ৪শো কোটি টাকা, আজকে বিদেশি ঋণের পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ৮০ হাজার কোটি টাকা। এটা সমালোচনার বিষয় নয়? দেশ উন্নতি করছে? ৮০-র দশকে শিল্প বন্ধ কলকারখানা ছিল ১ লক্ষ, বর্তমানে আড়াই লক্ষ শিল্প ও কলকারখানা বন্ধ, ১৮ হাজার ৪শো কোটি টাকা ঋণের জায়গায় ৮০ হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে সেটা কাদের স্বার্থে? দিনের পর দিন গ্রামের অর্থনীতিতে একটা অব্যবস্থা চলছে, মানুষের ক্রয় ক্ষমতা দিনের পর দিন কমছে, সেখানে দাঁড়িয়ে আজকে ভর্তুকী দেবার যে সমস্ত নীতি ছিল সাধারণ মানুষের প্রয়োজনীয় জিনিসপত্রের উপর, রেশনের উপর ভর্তুকী এমন কি আমাদের দেশের আদিবাসী সম্প্রদায়, পিছিয়ে থাকা মানুষ তাদের জন্য যে ভর্তুকী নীতি ছিল সেই নীতিকে হ্রাস করা হয়েছে। এখানে মাননীয় সদস্য অতীশ বাবু বললেন যে, ১২ পাতা জুড়ে শুধু দিচ্ছে না, দিচ্ছে না, দিচ্ছে না, তা নিয়ে উনি বলার পর আমি সেই ১২ পাতার কথাই বলছি যে, সেখানে কি আছে। ১৯৯০ সালে যোজনা খাতে কেন্দ্রীয় সরকারের যে টাকা দেবার কথা ছিল, প্রায়

১০০ কোটি টাকা তাঁরা কম দিলেন। আমার পাওনা আমি পাব না, এটা সমালোচনার বিষয় নয়? রাজ্যের জন্য খাদ্যের বরাদ্দ সেই বরাদ্দকৃত খাদ্যের জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছিলাম, আজকে পশ্চিমবঙ্গের উপর স্বল্প সঞ্চয় যার উপর দেশের একটা বিরাট অংশ নির্ভরশীল ছিল সেখানে ইউনিট ট্রাস্ট ইত্যাদি বিভিন্ন সংস্থাকে ঢুকিয়ে সেই স্বল্প সঞ্চয়কে মার খাওয়ানোর চক্রান্ত করা হচ্ছে। উনি বললেন যে আবগারি শুল্ক থেকে পাওয়া যাবে এবং তাতেই সমস্যার সমাধান হবে, আমি জিজ্ঞাসা করি আবগারি থেকে পাওনা অর্থ আর স্বল্প সঞ্চয় এই দুটো কি এক করা যায়। আপনারা তো নিজেরাই জানেন আপনারা তো বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র করার টাকা দেবেন না বলেছিলেন, আমরা এই কাজ এগিয়ে নিয়ে গিয়েছিলাম, পরে অন্য সাহায্য পাওয়া গিয়েছিল। কেন্দ্রীয় সরকার ভর্তুকী তুলে দিলে রাজ্য সরকার ক্ষতিগ্রস্থ হবে না? শিল্প কলকারখানা বন্ধ হয়ে গেলে রাজ্য সরকার ক্ষতিগ্রস্থ হবে না? রেশনে বরাদ্দ কম, রাজ্য সরকার কি ঠিক ঠিক চলবে? মিঃ স্পিকার স্যার, আমি বলতে চাই এই কথাটা, ওনাদের বক্তব্য হচ্ছে গোড়াটায় পচন ধরেছে ধরুক, ডালপালা শক্ত হোক। কেন্দ্রীয় সরকার হচ্ছেন মূল, সেই মূলে পচন ধরে গেছে, পশ্চিমবঙ্গ একটা ডাল, সে শক্ত সমর্থ হয়ে দাঁড়াতে চেষ্টা করছে, কতখানি সম্পদ আছে সেটাতো বুঝতে হবে। অন্য কথা বলি, পশ্চিমবঙ্গ একটা রাজ্য তার কর্মসূচি ১৫ বছর ধরে এই খাতে বেশি, এই খাতে কম, এই খাতে আদায় হয় নি বলছেন, নিশ্চয়ই আমাদের দেশের গরিব মানুষ মাঝারি মানুষ দিনের পর দিন সঙ্কটে জর্জরিত, সেই মানুষদের কাছ থেকে কর, রাজস্ব আদায়ের ব্যাপারে যদি কিছু ঘাটতি থাকে তো ঘাটতি থাকবে, কি করা যাবে। আবার যদি সময় সুযোগ আসে সেই রকম ব্যবস্থা হবে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী দেখিয়ে দিয়েছেন কিভাবে ঘাটতি পূরণ করা যায়, কেমন ভাবে সম্পদ সৃষ্টি করা যায়, রাজস্ব বৃদ্ধি করা যায়। তাঁর বাজেট বক্তব্যে তিনি তা পরিষ্কার করে বলে দিয়েছেন। এই নীতিতে আমাদের দেশের ক্ষুদ্র চাষী, ছোট, মাঝারি ব্যবসায়ী তাদের কাছ থেকে কি গলায় পা দিয়ে টাকা আদায় করা হবে? ওনাদের গোসা হচ্ছে যে আজকে বড় ব্যবসায়ী ২ পারসেন্ট বেশি টাকা কর আদায় করা হবে। কেন্দ্রীয় সরকারের কালোবাজারিদের কাছ থেকে টাকা উদ্ধারের জন্য কোনও সদিচ্ছা নেই।

[4-20 — 4-30 P.M.]

আজকে যদি সদিচ্ছা থাকত তাহলে বিদেশের কাছে ভিক্ষুকের মতো ঋণ করতে হত না। আমাদের রাজ্য সরকারের যদিও সীমাবদ্ধ ক্ষমতা তবুও মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, সেখান থেকে টাকা আদায় করা হবে। রাজ্য সরকারের এইসব পরিকল্পনা কি দেশের স্বার্থে নয়, মানুষের স্বার্থে নয়? এসব কথা বিবেচনা করতে হবে। আমাদের এই রিপোর্টের মধ্যে রয়েছে যে, সারা ভারতবর্ষে মাত্র ২৯ ভাগ ভূমি সংস্কারের কাজ হয়েছে। আপনারা সকলেই জানেন, এখানে অনেক পন্ডিত ব্যক্তি আছেন, ভারতবর্ষ কৃষিপ্রধান দেশ। এখানে ৮০ ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল। আজকে কৃষকের উন্নতির জন্য যদি ভূমি সংস্কার না হয়,

কৃষির উন্নয়নের ব্যবস্থা না হয়, তাহলে কখনই অর্থনৈতিক সাফল্য আসতে পারে না, অর্থনৈতিক ক্ষমতা, ক্রয় ক্ষমতা বাড়তে পারে না, শিল্প বাণিজ্য বাড়তে পারে না, দেশ অর্থনৈতিক দিক থেকে স্বাবলম্বী হতে পারে না। সেখানে সারা ভারতবর্ষে ২৯ ভাগের বেশি জমি উদ্ধার করা হয় নি। কিন্তু পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তাঁদের ১৫ বছরের রাজত্বে ৭০ ভাগ মানুষের হাতে জমি তুলে দিয়েছেন। ১৯৭৭ সালে সিদ্ধার্থ বাবু মুখ্যমন্ত্রী হিসাবে যখন বিদায় নেন তখন এই পশ্চিমবঙ্গে মাত্র ৩০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা ছিল, কিন্তু বর্ধমানে ৫৯।৬০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা হয়েছে। পশ্চিমবঙ্গে আজকে শিক্ষা, সেচ, কুটির শিল্প, ক্ষুদ্র শিল্প — সর্বক্ষেত্রে উন্নতি ঘটেছে। এই সমীক্ষা রিপোর্ট আমাদের নয়, কেন্দ্রীয় সরকারের সমীক্ষা রিপোর্টে বলা হয়েছে যে, সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ একমাত্র রাজ্য, যে রাজ্য ক্ষুদ্র এবং কুটির শিল্পে সবচেয়ে বেশি উৎপাদন বৃদ্ধি হয়েছে; সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ একমাত্র রাজ্য, যে রাজ্যে সবচেয়ে বেশি খাদ্য উৎপাদন হয়েছে। হরিয়ানা থেকে, পাঞ্জাব থেকে এখানে বেশি খাদ্য উৎপাদন হয়েছে। সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে। কেন্দ্রীয় সরকারের নানারকম ভাবে বঞ্চনা সত্ত্বেও এঁরা কাজ করে চলেছেন। আমি শুধু একটি কথা বলতে চাই, আমাদের এই রাজ্যে গণ প্রচারের মাধ্যমে আজকে শিক্ষার প্রসার ঘটেছে, জমির চাহিদা এবং যোগানের মধ্যে সামঞ্জস্য এনে গ্রামাঞ্চলে যে ইনফ্রাস্ট্রাকচার রয়েছে তার মধ্যে থেকে উৎপাদন বৃদ্ধি থেকে উৎপাদন বৃদ্ধি করা হয়েছে এবং তার মধ্যে থেকে নদী প্রকল্পের এবং অর্থনৈতিক সংস্কারের কাজের সুন্দর পরিকাঠামো তৈরি হতে চলেছে। মিঃ স্পিকার স্যার, সেইজন্য বলছি, আজকের এই বাজেট সারা ভারতবর্ষের মানুষের কাছে একটা নূতন দিগন্ত উন্মোচন করবে। আমাদের দেশ আজকে পরদেশের কাছে ভিক্ষা করতে যাচ্ছে, কিন্তু দেশের মধ্যে যে কালো টাকা রয়েছে তা উদ্ধার করে, যে সমস্ত চোরাকারবারী, যারা কোটি কোটি টাকার ট্যাক্স ফাঁকি দিয়ে চলেছে, তাদের কাছ থেকে টাকা আদায় করে ভূমি সংস্কারের মাধ্যমে যদি দেশের খাদ্য উৎপাদন বৃদ্ধি করা যেত তাহলে আমাদের দেশ স্বনির্ভর হতে পারত এবং তাহলে বিদেশের কাছ থেকে ঋণ গ্রহণ করতে হত না। সেদিক থেকে আমাদের অর্থমন্ত্রীর এই বাজেট আজকে সারা ভারতবর্ষে যুগান্তর সৃষ্টি করবে, সমস্ত মানুষকে বিকল্প পথের সন্ধান দেবে; দেশি বিদেশি পুঁজিপতি এবং সাম্রাজ্যবাদীদের চক্রান্ত ব্যর্থ করবার ক্ষেত্রে একটা নূতন পথের দিশারী দেবে। শ্রী রাজেশ খৈতান এখানে অনেক কথা বলে গেলেন, কিন্তু কেন্দ্রীয় সরকারের যিনি অর্থমন্ত্রী তিনি তাঁর মতো আচরণ করেছেন। তিনি বিদেশের কাছ থেকে টাকা নেন, রাজ্য সরকারের কাছ থেকে ১৩.৫ পারসেন্ট পর্যন্ত সুদ নেন, বিদেশের কাছে, প্রপিতামহ আমেরিকার কাছে দেশকে বিকিয়ে দেন।

(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী ১৯৯২-৯৩ সালের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, সেই আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে আমি

আমার কথা আপনার মাধ্যমে এই সভায় পেশ করছি। এখানে আমরা দীর্ঘ দিন ধরে নানা রকম কারচুপির কথা শুনে আসছি। ভোটার লিস্টে কারচুপি, নির্বাচনে কারচুপি, এগুলি আমরা দেখেছি। এবারে আমরা দেখছি যে বাজেটে সংখ্যা তত্বের কারচুপি করে রাজ্যের অর্থমন্ত্রী একটা বাজেট পেশ করেছেন। কিন্তু তার কাছে আমার প্রশ্ন থাকবে, তিনি তার জবাবি ভাষণে নিশ্চয়ই বলবেন। অনেকে প্রশ্ন করেছেন, বিগত বছরেও বলেছেন যে ইট ইজ নট এ গিমিক। যদি গিমিক না হয়, যদি সত্য হয় এবং আমার ডান দিকের বন্ধু যারা টেবিল চাপড়ে সমর্থন করেছেন, তাদের তাহলে কি বলব? তাহলে আজকে এটা কি গিমিক হয়ে গেল? আজকে পশ্চিমবঙ্গে ঘাটতি বাজেট কেন হল? এক শত কোটি টাকা ঘাটতি ছিল, তার মধ্যে কিছু টাকা কর বসিয়েছেন, ৪২ কোটি টাকার উপরে ঘাটতি থেকে গেছে। যাই হোক, এই আলোচনা শুনতে শুনতে আমার ব্যক্তিগত জীবনের একটা কথা মনে পড়ছে। তখন কংগ্রেস ক্ষমতায় ছিল। ফায়ার ব্রিগ্রেডে কিছু লোক নেওয়া হবে। একটা প্রতিবন্ধী ছেলে আমার কাছে এল। সেই ছেলেটি কানে শোনে না, অল্প অল্প কথা বলে। ফায়ার ব্রিগ্রেডে লোক নেওয়া হবে, সে আমার কাছে এসে বলল, আমি একটা চাকুরি চাই। আমি লেখাপড়া ভাল জানি, ভাল দেখি, কিন্তু কানে শুনি না। আমি ফায়ার ব্রিগ্রেডের অফিসারকে বলি যে, এই ছেলেটি প্রতিবন্ধী, এর একটা চাকুরি হওয়া উচিত। এই ছেলেটি ইন্টারভিউ দিতে যায়। আমি তাকে শিখিয়ে দিয়েছিলাম যে জিজ্ঞাসা করলে বলবে শোভনদা পাঠিয়ে দিয়েছে। তাকে যখন জিজ্ঞাসা করা হয় যে তোমার বাবার নাম কি? সে উত্তরে বলছে, শোভনদা পাঠিয়েছে। তোমার নাম কি? উত্তরে বলছে, শোভনদা পাঠিয়েছে। তুমি থাক কোথায়? সেই একই উত্তর, বলছে শোভনদা পাঠিয়েছে। আব্দুল মান্নান যখন বক্তৃতা করছিলেন আমি তখন শুনছিলাম যে আমার ডান দিক থেকে কেন্দ্র কেন্দ্র বলে চিৎকার করছেন। আমার ডান দিকে সেই প্রতিবন্ধী যারা ছিলেন, যারা আজকেও এসেছেন, তাদের যখনই কোনও প্রশ্ন করা হয় তারা ঐ "শোভনদার" মতো কেন্দ্রকে দেখান। হাসপাতালে ঔষুধ পাওয়া যায় না অথচ বাজেটে সমর্থন করেছেন — উত্তরে বলছেন, ঐ কেন্দ্র, "শোভনদা"। রাস্তা ঘাটের উন্নতি হচ্ছে না কেন? উত্তর হচ্ছে, ঐ কেন্দ্র, "শোভনদা"। যাই হোক, বামফ্রন্টের যারা বসে আছেন তাদের শিখিয়ে দেওয়া হয়েছে যে যা কিছু জিজ্ঞাসা করবে সবের উত্তরে ঐ কেন্দ্র। নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য, নিজেদের অসহায়তা ঢাকবার জন্য, নিজেদের বাঁচার জন্য সব কিছুতে বলতে হচ্ছে ঐ কেন্দ্র। যেটুকুতে আপনাদের দায়িত্ব ছিল সেটার দায়ও কেন্দ্রের উপরে চাপিয়ে দিচ্ছেন। আমি বারুইপুর বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। বারুইপুরে একটা গ্রামীণ হাসপাতালে, এখানে মন্ত্রী বসে আছেন, ৭৬ দিন জল নেই। হাসপাতালে রোগীরা জল পাচ্ছে না, বাইরে থেকে জল আনতে হচ্ছে। এই প্রসঙ্গে যারা টেবিল চাপড়ে সমর্থন করছেন ৪ দিন পরে তাদেরও বলতে হবে যে এই স্বাস্থ্য দপ্তর অপদার্থ। আমার বিধানসভা কেন্দ্রে নাজেরপুর রোড, ১৯৭৩ সালে সেই রাস্তাটি তৈরি হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত একদিনের জন্যও তাতে পিচ পড়ে নি। এক মাস আগে সেখানে একটা দুর্বিসহ ঘটনা ঘটে। একটি

গর্ভবতী মহিলাকে ভ্যানে করে হাসপাতালে নিয়ে যাওয়া হচ্ছিল। কিন্তু রাস্তার এমনই অবস্থা যে হাসপাতালে যাবার পথে ভ্যানের উপরে সে সন্তান প্রসব করে। এই হচ্ছে বামফ্রন্ট সরকারের অবস্থা, এই হচ্ছে পূর্ত দপ্তরের অবস্থা।

[4-30 — 4-40 P.M.]

এই হচ্ছে স্বাস্থ্য দপ্তরের চেহারা। তারপর আমাকে দাঁড়িয়ে বলতে হবে ৫২ লক্ষ বেকার থাকার পরেও, হাসপাতালে চিকিৎসা না হওয়ার পরেও, রাস্তা ঘাটের উন্নয়ন না হওয়ার পরেও, বেকার বেড়ে যাবার পরেও — গত বছর মাত্র ৫ হাজার বেকারের চাকুরি হয়েছে — আমাদের পঙ্গু বন্ধুদের সঙ্গে বলতে হবে বামফ্রন্ট সরকার জিন্দাবাদ? এই বাজেট বক্তৃতায় বাস্তব অবস্থা লুকিয়ে রাখবার চেষ্টা করা হয়েছে। কেন্দ্রের বঞ্চনা থাকতে পারে কিন্তু আপনাদের যে দায়িত্বটা ছিল সেটা পালন করতে পেরেছেন কিনা বুকে হাত দিয়ে বলুন তো? এই বাজেট বক্তৃতায় শুরতেই অসীম বাবু বাংলার মানুষকে উপহাস করেছেন। ওনারা দেশের সার্বভৌমত্ব নিয়ে চিন্তিত! সি. পি. এম. বন্ধুদের কাছ থেকে, অসীম বাবুর কাছ থেকে ভারতবর্ষের সার্বভৌমত্বের কথা শুনতে হবে? আমি ইতিহাসটা একটু স্মরণ করিয়ে দিতে চাই। ১৯৪৭ সালের আগে ভারতবর্ষ শাসন করছিল ব্রিটিশরা। দ্বিতীয় বিশ্ব যুদ্ধের সময় আপনারা ব্রিটিশদের জন্য রাস্তায় রাস্তায় চোখের জল ফেলে ছিলেন, তাদের জন্য অর্থ সংগ্রহ করেছিলেন। আপনারা সাম্রজ্যবাদের হয়ে লড়াই করেছিলেন, ভারতবর্ষের স্বাধীনতার কথা আপনাদের মুখ থেকে শুনব? কোথায় ছিলেন তখন আপনারা? আপনারা বলেছিলেন "এ আজাদি ঝুটা হ্যায়"। আপনাদের মুখ থেকে ভারতবর্ষের সার্বভৌমত্বের কথা আমরা শুনব না। তখন সোভিয়েত রাশিয়া আজকের মতো নয়, যখন তারা এখানে এসে স্বীধীন ভারতবর্ষের স্বীকৃতি দিয়ে গিয়েছিল, তখন আপনারা মেনে নিয়ে ছিলেন, তখন বলেছিলেন দেশ স্বাধীন হয়েছে। এখন সেই তেরঙ্গা পতাকা নিয়ে আপনাদের মন্ত্রীরা ঘুরে বেড়ায়, জ্যোতি বাবু এখন সেই তেরঙ্গা পতাকা নিয়ে ঘুরে বেড়ায়। আপনাদের কাছ থেকে সার্বভৌমত্বের কথা শুনব? ১৯৬২ সালে যখন চিন ভারতবর্ষ আক্রমণ করেছিল কোথায় ছিলেন আপনারা, তখন আপনারা কি বলেছিলেন? আপনাদের বামপন্থী দলগুলো বলেছিল চিন ভারতবর্ষ আক্রমণ করে নি, ভারতবর্ষ চিন আক্রমণ করেছে। কমিউনিস্টরা তখন ছিল ব্রিটিশদের দালাল। আমরা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করেছি। ভারতবর্ষই তৃতীয় বিশ্বের দেশগুলিকে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে নেতৃত্ব দিয়েছে। কমিউনিস্টদের কাছ থেকে আমরা শিখব দেশের সার্বভৌমত্বের কথা? আজকে অসীম বাবু উপহাস করেছেন বাংলার মানুষকে। ওনারা বলছেন আমাদের দেশ ঋণ নিয়ে দেশকে বিকিয়ে দেওয়া হয়েছে নাকি পশ্চিমের কাছে, পুঁজিবাদের কাছে বিকিয়ে দেওয়া হয়েছে। কমিউনিস্টরা শুধু আজকে নয় চিরকালই স্ববিরোধী রাজনীতি করে। যা বলে পরে সেটা কান মূলে স্বীকার করে নেয় যে ভুল করেছি। প্রথমে আপনারা রবীন্দ্রনাথকে বুর্জুয়া কবি বলে আখ্যা দিলেন। আপনাদের বাজেট বক্তৃতার পাতায় পাতায় কেন্দ্রের বিরুদ্ধে বক্তব্য

রেখেছেন। আপনাদের জন্মের ইতিহাস স্ববিরোধিতায় হয়েছে। সেই ধারাবাহিকতা আজও বজায় রেখে চলেছেন। আপনারা একটা রাজনৈতিক চক্রন্ত চালিয়ে যাচ্ছেন। আপনাদের দলের জন্ম আঁস্তাকুড়ে। যদি কমিউনিজিমকে বাঁচিয়ে রাখতে চান তাহলে দারিদ্রকে বাঁচিয়ে রাখতে হবে। তা না হলে আমেরিকা, ইংলন্ড, জাপান, জার্মান এবং সোভিয়েত রাশিয়া হয়ে যাবে। যতদিন দারিদ্র বেঁচে থাকবে ততদিন আপনাদের দল বেঁচে থাকবে। আপনাদের লাল পতাকা কাঁধে রাখবার জন্য, দলকে বাঁচিয়ে রাখবার জন্য আপনাদের এই বাজেটকে সমর্থন করা ছাড়া আর কোনও উপায় নেই। আমি শেষে আর একটা কথা বলতে চাই। কমিউনিস্ট নেতৃত্বে দেশ চলছে, সোভিয়েত রাশিয়ার বিপ্লবের পর লেনিন সাহেব বলেছিলেন সারা সোভিয়েত রাশিয়ায় ইলেক্ট্রিফিকেশন করতে হবে বৈদ্যুতিকরণ করতে হবে সোভিয়েতকে এগিয়ে নিয়ে যেতে গেলে।

উত্তেজিত হবেন না, আমি আপনাদের কথাই বলছি। আমাদের রাজ্যের মার্কসিস্ট, কমিউনিস্ট নেতা অসীম বাবু আমাদের রাজ্যে বৈদ্যুতিকরণের ক্ষেত্রে অর্থের লগ্নি কমিয়ে দিয়েছেন। এটা কি আপনাদের ফিলোজফি? আজকে আধুনিক সভ্যতা দাঁড়িয়ে আছে বৈদ্যুতিকরণের উপরে। সেচের জল, কলকারখানা, স্মল স্কেল ইন্ডাস্ট্রি, লেখাপড়া, হাসপাতাল, চিকিৎসা ইত্যাদি যা কিছু করবেন সব কিছুরই মূল কেন্দ্র বিন্দু হচ্ছে বিদ্যুৎ। আধুনিক জগৎ এরই উপরে দাঁড়িয়ে আছে। আপনারা বক্রেশ্বরের জন্য কিছু টাকা অ্যালট করেছেন। বক্রেশ্বর করেছেন নির্বাচনী বৈতরণী পার হবার জন্য। নির্বাচনী বৈতরণী পার হবার জন্য অনেক টাকা বক্রেশ্বরের জন্য দিয়েছিলেন, কিন্তু যে টাকা দেবেন বলেছিলেন তা আপনারা দিতে পারেন নি। আমরা জানি, আবার নির্বাচন যখন হবে, ৯৬ সালে, তখন ঐ টাকা দিয়ে একটা চিমনি দিয়ে ধোঁয়া বার করে বলবেন বক্রেশ্বরের জন্য আপনারা অনেক এগিয়েছেন। কেবল নির্বাচনী বৈতরণী পার হবার জন্য গোটা বাজেট আপনি তৈরি করেছেন। আমি তথ্যের দিকে বেশি যেতে চাই না, তবে এই কথা বলব যে বিদ্যুতের ক্ষেত্রে লগ্নি কমিয়ে দিয়েছেন ১৯৯১-৯২ সালে। আমরা রাস্তায় বেরিয়ে তো দেখতে পাই জিনিসের দাম বেশি, হাসপাতালে গেলে চিকিৎসা হয় না, ঔষুধ পাওয়া যায় না। গ্রামে আমরা তো এটা দেখছি, যেমন, সেদিন দেখলাম বারুইপুরে হাজার হাজার একর জমির বোরো চাষ বন্ধ হয়ে যাচ্ছিল। কারণ জল পাওয়া যাচ্ছিল না। ইকনোমিক সার্ভেতে তো দেখছি, টোট্যাল ইলেক্ট্রিফিকেশন আমাদের রাজ্যে শতকরা ৭৫ ভাগ হয়েছে। তুলনায় ভারতবর্ষের প্রায় অনেক রাজ্যেই আমরা দেখতে পাচ্ছি যে প্রায় একশো ভাগ গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে। অথচ আমাদের এখানে তা হয় নি। এই বাজেটে শিক্ষা ক্ষেত্রে বরাদ্দ কেটে দিয়েছেন। স্বাস্থ্য খাতে বরাদ্দ কেটেছেন। আর শিল্পের ক্ষেত্রে তো আরও ভয়াবহ অবস্থা। পশ্চিম বাংলায় প্রায় ৭০টি পাবলিক আন্ডারটেকিং আছে, তার মধ্যে ১২টি অল্প লাভের মুখ দেখেছে, আর সবগুলি লসে চলছে। এই পরিস্থিতি কাটিয়ে ওঠার জন্য কেন্দ্রীয় সরকার নূতন শিল্পনীতির কথা ঘোষণা করেছেন, যে শিল্পনীতির ফলে

পশ্চিমবঙ্গকে পুনরুজ্জীবিত করবে। কেন্দ্রীয় সরকারের নূতন অর্থনৈতিক ব্যবস্থার ফলে রপ্তানি বাণিজ্য বাড়বে। এই অবস্থা তৈরি করতে গেলে, দেশের বৈদেশিক মুদ্রার সঞ্চয় বাড়াতে গেলে রপ্তানি আমাদের বাড়াতে হবে। আজকে আমাদের দেশের টেকনিক্যাল নো হাউ স্ট্যাটিক হয়ে গেছে। আপনাদের কি মনে নেই যে সোভিয়েত রাশিয়া নিউ ইকনোমিক পলিসি গ্রহণ করেছিল লেনিনের আমলে? রাশিয়াতে গর্ভাচব যদি নূতন অর্থনৈতিক ব্যবস্থা গ্রহণ করতে পারেন, ক্রুশ্চেভ যদি কিচেন গার্ডেনে গ্রহণ করতে পারেন ব্যক্তিগত মালিকানাকে তাহলে আমরা কেন তা গ্রহণ করতে পারব না? চিন যদি তাদের সমস্ত কাজে ব্যক্তিগত মালিকানাকে কাজে লাগাতে পারে, তাহলে আমরা কেন তা পারব না? আমরা এখান থেকে কোকো কোলাকে তাড়িয়ে দিলাম, তারা আশ্রয় নিল চিন দেশে। ভিয়েৎনাম, চিন যে রাস্তা নিয়ে এগিয়েছে, অর্থনৈতিক উন্নতি ঘটিয়েছে, আমরা তা কেন গ্রহণ করব না? সবশেষে আমি এই দেউলিয়া বাজেটকে সম্পূর্ণ ভাবে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 P.M.]

শ্রী সুনির্মল পাইক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় অর্থমন্ত্রীর বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। সমর্থন করছি কি কারণে সেটা নিশ্চয় বলা দরকার এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রী কি পরিবেশের মধ্যে, কি অবস্থায় এই বাজেট তিনি উপস্থাপিত করেছেন সেটা আমাদের সকলের জানা দরকার। আমাদের কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার বারে বারে বলেও এবং দাবি জানিয়েও তাদের মধ্যে কোনও মধুর সম্পর্ক স্থাপন হল না—এটা হচ্ছে একটা দিক আর একটা দিক হচ্ছে মাসুল সমীকরণ নীতি নিয়ে বারে বারে দাবি জানিয়েও তার কোনও ব্যবস্থা হল না, মধুর সম্পর্ক স্থাপন হল না আজকে এই পরিবেশে বাজেট উপস্থিত করতে হয়েছে। আজকে সারা ভারতবর্ষে যখন একটা বিরাট বৈপরীত্ব বিভিন্ন জায়গায় চলেছে এবং যখন সারা দেশে মুদ্রার অবমূল্যায়ন করা হচ্ছে, এই অবস্থায় এই বাজেট উপস্থাপিত করতে হয়েছে এবং সেই বাজেট নিয়ে আমরা আজকে বিতর্কে নেমেছি। আর একটি জিনিস খুবই উল্লেখযোগ্য কেন্দ্রীয় সরকার ২১৫ কোটি টাকা আমাদের রাজ্য সরকারকে দেবেন বলে প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও দেয় নি, বারে বারে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে দাবি জানিয়েও এই অর্থ পাওয়া যায় নি। আজকে এই অবস্থার মধ্যে দিয়ে বাজেট উপস্থিত করতে হয়েছে। আজকে এই বাজেট একটা সুন্দর আর্থিক কাঠামোর ইঙ্গিত বহন করছে, তাই এই বাজেটকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই আমি বলব, মাননীয় সদস্য মান্নান সাহেব যে কথা বললেন — দুইটি কথা খোঁচা দিয়ে বললেন — একটা হচ্ছে শিক্ষা ব্যবস্থার কথা, আর একটা হচ্ছে এমপ্লয়মেন্টের ব্যাপারে। এই এমপ্লয়মেন্টের ব্যাপারে আমরা যদি প্রশ্ন

করি কেন্দ্রীয় শ্রমনীতি নিয়ে, যে নীতি পরিবর্তিত না হলে আমাদের বিভিন্ন জায়গায় বিভিন্ন সাব-ডিভিসনে যেসব এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে — যে ব্যবস্থা বামফ্রন্ট সরকার করেছেন — সেই এক্সচেঞ্জের মাধ্যমে আজকে সুষ্ঠু ভাবে বেকারদের জন্য কর্মদান করা যাচ্ছে না। তাই এই শ্রমনীতির পরিবর্তন ও পরিবর্দ্ধন হওয়া দরকার। এটা হলে দেখা যাবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের অফিসার যিনি যে কেন্দ্রের নিয়োগের অধিকর্তা তাঁকে যে ক্ষমতা দেওয়া হয়েছে সেটা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের যারা মেম্বার তাঁদের সেই ক্ষমতা দেওয়া হয় নি। এখানে যে প্রশ্ন করা হয়েছে তাতে এই ধরনের শ্রম আইন তুলে ধরে তিনি সকলকে দেখিয়ে দিলেন, ক্ষমতা বলে সদস্যদেরকে সব কথা অবহিত নাও করতে পারেন সেটা তাদের উপর নির্ভর করছে। সুতরাং কেন্দ্রীয় যে শ্রম আইন তার যদি আমূল সংস্কার না করা যায় তাহলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে বেকারদেরকে সুষ্ঠু ভাবে চাকরি দেওয়া যাবে না। এটা হচ্ছে একটা বিরাট কারণ এবং একটা বাধা। শিক্ষা ক্ষেত্রের ব্যাপারে মান্নান সাহেব যে কথা বললেন বিভিন্ন জায়গায় শিক্ষার হার কমে গেছে আমাদের রাজ্যের ক্ষেত্রে, কিন্তু অন্যান্য রাজ্যে শিক্ষার হার বেশি, কিন্তু আমাদের বামফ্রন্টের আমলে শিক্ষার হার কমে গেছে ইত্যাদি। এখন আমরা যদি বলি বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষা নীতিকে আমূল পরিবর্তন করার জন্য ও উন্নয়ন করবার জন্য তারা যে ভাবে চেষ্টা করেছেন, যেমন ভবতোষ দত্ত কমিশন গঠন করেছেন, কিন্তু সেই ভবতোষ দত্ত কমিশনের উপর সন্তুষ্ট না হয়ে তারা আবার অশোক দত্ত কমিশন করেছেন — সেই কমিশন একেবারে তৃণমূল স্তর থেকে চিন্তা করছেন কি ভাবে শিক্ষার উন্নয়ন করা যাবে।

কিভাবে শিক্ষা মানুষের মধ্যে, একেবারে তৃণমূল স্তরে, সুন্দর, সুষ্ঠ ভাবে পৌঁছে দেওয়া যায় সেকথা বিচার-বিবেচনা করছে অশোক মিত্র কমিশন। আগে যে কংগ্রেস সরকার ছিল তাদের সময়ে কোনও কমিশন গঠিত হয় নি। বর্তমানে বামফ্রন্ট সরকার যে সমস্ত পদক্ষেপ নিয়েছেন তা অত্যন্ত উল্লেখযোগ্য। শিক্ষা ক্ষেত্রে বামফ্রন্ট সরকার পর পর দুটো কমিশন বসিয়েছে। শিক্ষা ক্ষেত্রে আগে যে নৈরাজ্য ছিল, যে বিশৃঙ্খলা ছিল তাকে দূর করার জন্য বামফ্রন্ট সরকার যে কমিশন বসিয়েছে ও যে শিক্ষা দেওয়ার ব্যবস্থা করেছেন তা অত্যন্ত উল্লেখযোগ্য। তাই আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে রেখেছেন আমি তাকে সমর্থন করছি এবং সমর্থন করে আমি আরও কয়েকটি কথা এখানে বলতে চাই। আমাদের যদি আমূল ভূমি সংস্কার করতে হয়, তাহলে কেন্দ্রের যে সংবিধান, সেই সংবিধানকে সংশোধন করতে হবে এবং সেটা সংশোধন করবার ক্ষমতা একমাত্র কেন্দ্রীয় সরকারেরই আছে, কিন্তু রাজ্য সরকারের নেই। কেন্দ্রীয় সরকারকে বারবার সংবিধান সংশোধন করতে

বলা হচ্ছে। সুষ্ঠ ভাবে ল্যান্ডকে বিতরণ করার জন্য যে সমস্ত ধারা, উপধারা আছে সেগুলিকে সংশোধন করতে হবে। বেনামী জমি যা আছে তা উদ্ধার করে সেগুলিকে সংযোজন করতে হবে, তাহলেই বামফ্রন্ট সরকার তৃণমূল স্তরে গরিব মানুষের মধ্যে যে ল্যান্ড দিতে চাইছে, সেটা দিতে পারবে — আজকে যারা স্বনামে বেনামে ল্যান্ড জোর করে রেখে দিচ্ছে তাদের বিরুদ্ধে আজকে সুয়ো-মুটো কেস স্টার্ট করতে হবে, তবেই সে বেনামী ল্যান্ড, খাস ল্যান্ড, বার করা যাবে। আজকে আমাদের বিনয় বাবু পশ্চিমবঙ্গে ল্যান্ড ট্রাইব্যুনাল করেছেন, যার ফলে আজকে সাধারণ শ্রমিক, কৃষকদের কাছে জমি পৌঁছে দেওয়া যাচ্ছে। এই ল্যান্ড ট্রাইব্যুনাল পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারই প্রথম করেছেন, এই ল্যান্ড ট্রাইব্যুনাল আর কোনও রাজ্যে নেই। আমরা বার বার বলেছি যে সকলের জন্য কর্ম সংস্থান যদি করতে হয় তাহলে আজকে আমূল ভূমি সংস্কার করতে হবে, আমূল ভূমি সংস্কার ছাড়া এটা কোনও মতেই সম্ভব হবে না। তাই আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এটার উপরেই বেশি জোর দিয়েছেন এবং এটার উপর বেশি নজর দিয়ে তিনি আজকে এগোবার চেষ্টা করছেন। আমাদের অর্থমন্ত্রীও এটার উপর জোর দিয়ে এগোবার চেষ্টা করছেন। এটা ঠিক যে আমূল ভূমি সংস্কার না হলে কর্ম সংস্থান করা যাবে না এবং কর্ম সংস্থান না হলে বেকার সমস্যার সমাধান করা যাবে না।

[4-50 — 5-00 P.M.]

আমরা একটা জিনিস দেখতে পাচ্ছি যে, কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন তাতে একটা জিনিস লক্ষ্য করা যাচ্ছে বিশেষ ভাবে — যদি আমরা তলিয়ে দেখি তাহলে আমরা দেখতে পাব। কর্ম সংস্থানের ক্ষেত্রের বাইরে তাঁরা কথা বলছেন। কারণ তাঁরা যে বাজেট পেশ করেছেন সেখানে নির্দিষ্ট কর্ম সংস্থানের যে উপায় সেই উপায়ের কথা বলেন নি। আজকে আমাদের অর্থমন্ত্রী মহাশয় নির্দিষ্ট উপায়ের কথা বলেছেন। তিনি শিল্প ক্ষেত্রে কর্ম সংস্থানের উপর এবং কর্ম সংস্থানের বৃদ্ধির উপর বিশেষ ভাবে জোর দিয়েছেন। যার ফলে উৎসাহ দান প্রকল্প এবং যেখানে শিল্পে নূতন উৎসাহ দান প্রকল্প চালু করেছেন। প্রতিশ্রুতি দিয়েছেন। প্রতিশ্রুতি দেওয়ার ফলে আজকে বিভিন্ন জায়গায় যাঁরা এই প্রকল্পের অধীনে আসবেন তাঁদের যে বিভিন্ন কর ইত্যাদি ছাড় দেওয়া হবে, তাঁদের আরও বিভিন্ন সুযোগ সুবিধা দেওয়া হবে সেই প্রতিশ্রুতি তিনি দিয়েছেন। অতএব যে কর্ম সংস্থান — যেটা নিয়ে আমরা প্রত্যেকে জোর দিয়েছি তিনিও সেই ভাবে কর্ম সংস্থানের উপর জোর দিয়েছেন। নূতন অ্যাসিওরেন্স দিয়েছেন। যেজন্য এই বাজেট সমর্থনযোগ্য। আর একটা কথা বলব যে, তফসিলি শ্রেণী, জাতি, উপজাতির ক্ষেত্রে তাঁকে একটু মনোযোগ দিতে বলব যাতে আরও অর্থ তাঁদের জন্য বিনিয়োগ করা যায়। এই অনুরোধ তাঁর কাছে রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

14th Report Of The Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 14th Report of The Business Advisory Committee. The committee met in my chamber on 20th March, 1992 and recommended the following :—

Tuesday, 24.3.92.	(i) Presentation of Supplementary Estimates for the year 1991-92. (ii) General Discussion on Budget. 4 hrs.
Wednesday, 25.3.92.	(i) General Discussion on Budget. 4 hrs. (ii) Motion for Vote on Account. (iii) Motions for Demands for Grant of all Departments.
Thursday, 26.3.92.	(i) The West Bengal Finance Bill, 1992. (Introduction, Consideration and Passing). 2 hrs. (ii) The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1992. 2 hrs. (Introduction, Consideration and Passing).
Friday, 27.3.92.	Discussion and Voting of Demands for Supplementary Grants for the year 1991-92. 4 hrs.
Monday, 30.3.92.	(i) The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1992. 1/2 hr. (ii) The West Bengal Appropriation Bill, 1992. 1 hr. (Introduction, Consideration and Passing).

(iii) (a) The Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Bill, 1992 (Introduction).

(b) Discussion on Statutory Resolution — Notice given by Shri Abdul Mannan, MLA.

(c) The Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Bill, 1992 (Consideration and Passing) 1hr.

শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির চতুর্দশ প্রতিবেদন যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণ করার জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

মিঃ স্পিকার ঃ আশা করি সবার মতামত আছে, গৃহীত হল।

২৬ তারিখের বিজনেস ঘোষণা করেছি। ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল বিল — ইনট্রোডাকশন, কন্সিডারেশন, পাসিং এবং ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন লজ — ইনট্রোডাকশন, কন্সিডারেশন, পাসিং এই দুটো বিজনেসের ডেট শিফট হতে পারে, কালকে আমি জানব ফাইনাল পজিশন।

Shri Rajesh Khaitan : Mr. Speaker, Sir, most humbly, I want to make a suggestion on 25th of this month the World Cup Cricket match will be played. Everyone, including Hon'ble Finance Minister and myself is interested. You have presented the Report of the Business Advisory Committee in the House. As such we shall be delighted if you consider some other suitable date for the business of 25th March, 1992.

Mr. Speaker : I hope the Hon'ble Member will understand that it is difficult to change the date because the programme has already been adopted by the House. There will be arrangements of TV set in this premises of the Assembly. The member may go there and watch the match.

Shri Rajesh Khaitan : But, Sir, that will disturb the whole proceedings. Our neighbour country will be playing this match. It will be a contest between Asia and Europe. We all want to see the match.

Mr. Speaker : That's very good. We have already done with it.

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৯২-৯৩ সালের যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু, চার কথা বলতে চাই। রাজ্য বাজেট আলোচনার ক্ষেত্রে এটা স্বাভাবিক ভাবেই এসে পড়েছে — গোটা দেশটা হল ভারতবর্ষ। সুতরাং ভারতবর্ষের যে সরকার আছে সেই সরকারের যে বাজেট, সেই সরকারের যে অর্থনীতি, সেই সরকারের যে শিল্পনীতি — সেই শিল্পনীতির প্রভাব গোটা রাজ্যের উপর পড়তে বাধ্য।

তাই কেন্দ্রীয় সরকার যে রাস্তায় তার বাজেটে গোটা ভারতবর্ষের অর্থনীতিকে মোকাবিলা করতে চেয়েছেন স্বভাবতই সেই আলোচনা এসে পড়ে। আমরা জানি কেন্দ্রীয় সরকারের এই চরম আর্থিক সঙ্কট যে আর্থিক সঙ্কটের কথা কেন্দ্রীয় অর্থমন্ত্রী এবং প্রধানমন্ত্রী স্বীকার করেছেন সেই আর্থিক সঙ্কটের মোকাবিলায় কেন্দ্রীয় সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন; তারা সারের উপর এবং গরিব মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিসের উপর ভর্তুকী অনেক তুলে দিয়েছেন। কেন্দ্রীয় সরকার এই আর্থিক সঙ্কটের মোকাবিলা বিদেশি ঋণ শর্তসহ নিয়েছেন ভারতের সার্বভৌমত্বকে বিসর্জন দিয়ে। এইসব করে এই আর্থিক সঙ্কট মোকাবিলার চেষ্টা করেছেন। আমাদের অর্থমন্ত্রী স্বনির্ভরশীল কর্ম সংস্থানকে অগ্রাধিকার দিয়ে যে আর্থিক ভারসাম্যের বাজেট রচনা করেছেন সেজন্য এই বাজেট অভিনন্দনযোগ্য। এই বাজেট অনুকরণযোগ্য, তাই এই বাজেট সমর্থন করি। আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন স্বল্প সঞ্চয়ে যে আয় রাজ্য সরকারের ছিল ৪৪৪ কোটি টাকা সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য রাজ্য সরকারকে ক্ষতি স্বীকার করতে হয়েছে। কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ২৪৩ কোটি টাকা অনুদান দেবেন বলেছিলেন, সেই অনুদান থেকে রাজ্যকে বঞ্চিত করেছেন। রাজ্যের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন এই বাজেট ভারসাম্যের বাজেট, এই বাজেটে সামান্য ঘাটতি। এই বাজেট আর্থিক সঙ্কটের পটভূমিকায় দাঁড়িয়ে অত্যন্ত অভিনন্দনযোগ্য এবং অনুকরণীয় বলে মনে করি। আমি আপনার কাছে তুলে ধরতে চাই, আমার বিরোধী পক্ষের সদস্যরা কতকগুলো বক্তব্য তুলে ধরেছেন তার কোনও ভিত্তি নেই, তথ্য নেই। আমি সেই তথ্য তুলে ধরব। গত দিন বিরোধী পক্ষের কমরেড সোমেন মিত্র বাজেটের বিরোধিতা করে যে বক্তব্য পেশ করেছেন তাতে একটা কথা বলেছেন এই বাজেট পশ্চিম বাংলার অর্থনীতিতে *দেউলিয়া*

প্রমাণিত হয়েছে। আমি আপনার কাছে যে বক্তব্য তুলে ধরতে চাই তাতে বলতে চাই যে পশ্চিম বাংলার অর্থনীতি দেউলিয়া হয় নি। ভারতবর্ষের দেউলিয়া পটভূমিকায় পশ্চিম বাংলার অর্থনীতি গত কয়েক বছর একটা অগ্রগতির পথে এগিয়ে চলেছে। কৃষি উৎপাদনের ক্ষেত্রে ষষ্ঠ পরিকল্পনা থেকে সপ্তম পরিকল্পনায় যেখানে পশ্চিমবঙ্গে কৃষি উৎপাদন বেড়েছে ৩৪ পারসেন্ট, সেখানে পাঞ্জাবে ২৪ পার্সেন্ট এবং হরিয়ানায় ২৩ পার্সেন্ট। এটা কি অগ্রগতির প্রমাণ করে না? এটা কি প্রমাণ করে পশ্চিমবঙ্গের কৃষি অর্থনীতি দেউলিয়া হয়েছে? পশ্চিমবঙ্গের কৃষি অর্থনীতি এই সঙ্কটের মধ্যেও এগিয়ে চলেছে। আজকে ভূমি সংস্কারের ক্ষেত্রে আমরা গোটা ভারতবর্ষে এগিয়ে রয়েছি। আমাদের দেশ কৃষি প্রধান দেশ। আমূল ভূমি সংস্কার আমাদের কৃষির বিকাশ ঘটাতে পারে। এই ভূমি সংস্কারের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার কোনও রকম কিছু করেন নি। পশ্চিমবঙ্গ সরকার ভূমি সংস্কার করে গরিব কৃষকদের মধ্যে বিলি বন্টন করে উৎপাদন বৃদ্ধিতে সাহায্য করেছে যার জন্যে ভারতবর্ষে পশ্চিমবঙ্গে প্রথম স্থান অধিকার করেছে। ১৯৭৬-৭৭ সালে খাদ্য উৎপাদন ছিল ৭৪ লক্ষ টন। আর এখন খাদ্য উৎপাদন বৃদ্ধি পেয়ে হয়েছে ১২০ লক্ষ টন। পশ্চিম বাংলা সরকার খাদ্য উৎপাদনের ক্ষেত্রে রেকর্ড করেছেন। আলু একটা অর্থকরী ফসল। আলু উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থান অধিকার করেছে। এইটা পশ্চিমবঙ্গ সরকারের দেউলিয়া অর্থনীতি প্রমাণ করুন। গোটা দেশে দেউলিয়া অর্থনীতি করেছেন যারা তারাই রাজ্যের অর্থনীতিকে দেউলিয়া অর্থনীতি বলেছেন।

[5-00 — 5-10 P.M.]

মজুরির প্রশ্নটি এই প্রসঙ্গে আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই। শহর এবং গ্রামাঞ্চলের একটা ব্যাপক অংশের মানুষ শ্রম বিক্রি করে তাদের জীবিকা নির্বাহ করেন। এরা জনগণের শতকরা ৩০/৪০ শতাংশ মানুষ। পশ্চিমবঙ্গে এই মজুরি কি হারে বৃদ্ধি হয়েছে সেটার একটা পরিসংখ্যান দিচ্ছি। ১৯৭৬/৭৭ সালে যেখানে এই মজুরি ছিল ৫.৬০ টাকা, সেটা ১৯৯১/৯২ সালে হয়েছে ২৫ টাকা। গোটা ভারতবর্ষের দেউলিয়া অর্থনীতির মধ্যে দাঁড়িয়েও পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের মাননীয় অর্থমন্ত্রী গ্রাম ও শহরের মানুষের আর্থিক উন্নয়নের চেষ্টা করে যাচ্ছেন। আমি এই মজুরির বৃদ্ধি সংক্রান্ত পরিসংখ্যান পেশ করে তাই বিরোধী দলের মাননীয় সদস্যদের কাছে জানতে চাই, এর দ্বারা পশ্চিমবঙ্গের অর্থনীতি দেউলিয়া অর্থনীতি — একথা প্রমাণ করে, না, এখানকার অর্থনীতি উন্নয়নের অর্থনীতি সে কথা প্রমাণ করে তারাই বলুন। এর পর আমি শিল্প উৎপাদনের কথায় আসি। শিল্প উৎপাদনের ক্ষেত্রে এর যে সূচক আমরা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে দেখতে পাচ্ছি তা হল, ১৯৬০ সালে এটা ছিল ১২০, ১৯৭০ সালে ছিল ১০০ এবং ১৯৯১ সালে হয়েছে ১৪০। এ ক্ষেত্রেও বিরোধী দলের

মাননীয় সদস্যদের কাছে প্রশ্ন, এটাতে কি পশ্চিমবঙ্গের দেউলিয়া অর্থনীতি, শিল্পনীতির কথা প্রমাণ করে, না, গোটা ভারতবর্ষে যেখানে লক্ষ লক্ষ কলকারখানা প্রতিদিন বন্ধ হয়ে যাচ্ছে সেই অবস্থার মধ্যেও আমাদের বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রীর নিরলস প্রচেষ্টার ফলে এখানকার শিল্পের অগ্রগতি ও অর্থনীতি যে এগিয়ে চলছে সেকথা প্রমাণ করে সেটা একটু বলুন। এ ক্ষেত্রে আমাদের বামফ্রন্ট সরকারের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে যথাযোগ্য ভূমিকা পালন করে চলেছেন সে বিষয়ে কোনও সন্দেহ নেই। স্যার, এই প্রসঙ্গে আর একটা পরিসংখ্যান দিচ্ছি। সমগ্র দেশে যেখানে শিল্পের উৎপাদন কমেছে ০.৮ শতাংশ সেখানে আমরা দেখছি পশ্চিমবঙ্গে তা বেড়েছে ১.৮ শতাংশ। এটাতে কি প্রমাণ করে যে পশ্চিমবঙ্গের শিল্পের দেউলিয়া অবস্থা, না, প্রমাণ করে গোটা ভারতবর্ষ যেখানে এ ব্যাপারে পিছিয়ে পড়েছে সেখানে পশ্চিমবঙ্গ এ ব্যাপারে তার অগ্রগতি অব্যাহত রেখেছে। তারপর ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে যদি দেখি তাহলে দেখা যাবে যে ১৯৭৬/৭৭ সালে এখানে ক্ষুদ্র শিল্পের সংখ্যা ছিল যেখানে ১ লক্ষ সেখানে ৯১/৯২ সালে পশ্চিমবঙ্গে ক্ষুদ্র শিল্পের সংখ্যা দাঁড়িয়েছে ৩।। লক্ষ। এটা কি প্রমাণ করে যে পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে দেউলিয়া হয়ে পড়েছে? স্যার, গোটা ভারতবর্ষের দেউলিয়া অর্থনীতির মধ্যে দাঁড়িয়েও পশ্চিমবঙ্গ তার ক্ষুদ্র শিল্পের অগ্রগতির ধারাকে এগিয়ে নিয়ে চলেছে। এর পর আমি কর্ম সংস্থানের ব্যাপারে আসছি। আমরা দেখছি, কেন্দ্রীয় সরকার ১৯৯১/৯২ সালে যেখানে জে. আর. ওয়াই. প্রকল্পে বরাদ্দ করেছিলেন ২১০০ কোটি টাকা, সেখানে ১৯৯২/৯৩ সালে বরাদ্দ করেছেন ২ হাজার ৪৬ কোটি টাকা। অর্থাৎ এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার বরাদ্দ কমিয়ে দিয়েছেন। অপর দিকে আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কর্ম সংস্থান প্রকল্পে গত বছরের তুলনায় আরও ২০ কোটি টাকা বেশি বরাদ্দ করেছেন। এরই সঙ্গে সঙ্গে আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে স্বনিযুক্তি প্রকল্পে যেখানে গত বছরে আমাদের অর্থমন্ত্রী বরাদ্দ করেছিলেন ৫৫ কোটি টাকা, এবারে সেখানে ২০ টাকা আরও বাড়িয়ে তা করছেন ৭৫ কোটি টাকা। বিরোধী দলের মাননীয় সদস্যরা, যারা আমাদের বাজেটের বিরোধিতা করছেন তাদের কাছে জিজ্ঞাস্য, এই তথ্য কি প্রমাণ করে যে পশ্চিম বাংলার অর্থনীতি দেউলিয়া অর্থনীতির দিকে যাচ্ছে? না, তা প্রমাণ করে না, বরং এটাই প্রমাণ করে যে গোটা ভারতবর্ষের দেউলিয়া অর্থনীতির মধ্যে দাঁড়িয়েও আমাদের বামফ্রন্টের অর্থমন্ত্রী অত্যন্ত বুদ্ধিমত্তার পরিচয় দিয়ে যেভাবে স্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে মানুষের কর্ম সংস্থানের ব্যবস্থা করেছেন তাতে পশ্চিমবঙ্গের মানুষকে তিনি এগিয়ে নিয়ে যাবার ব্যবস্থা করেছেন। স্যার, আমরা জানি যে কৃষিতে ব্যাপক বেকার আছে। গ্রামাঞ্চলের দরিদ্র মানুষকে জমিদারদের শোষণ থেকে মুক্ত করার জন্য মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ২ লক্ষ মানুষকে বছরে ৩০০ দিন কাজ দেওয়ার ব্যবস্থা করেছেন। শিক্ষা সম্বন্ধে এখানে বিরোধী দলের মাননীয় সদস্যরা নানান রকমের কথা বললেন। এ সম্পর্কে আমি কিছু তথ্য দিতে চাই। প্রথমেই সাক্ষরতার কথায় আসি। ১৯৮১ সালে সারা ভারতবর্ষে সাক্ষরতার হার

যেখানে ছিল ৪৩.৫৬ শতাংশ সেখানে পশ্চিমবঙ্গে তখন এই হার ছিল ৪০.৯৪ শতাংশ। আর ১৯৯১ সালে সারা ভারতে সাক্ষরতার হার যেখানে ৫২.১১ শতাংশ সেখানে আমরা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে দেখছি এই হার হচ্ছে ৫৭.৭২ শতাংশ। সর্ব ভারতীয় ক্ষেত্রে পশ্চিমবঙ্গে সাক্ষরতার হার ৫.৬১ শতাংশ বেশি। শোভনদেব বাবু বললেন, পশ্চিমবঙ্গ নাকি শিক্ষার ক্ষেত্রে পিছিয়ে গিয়েছে। তার কাছে জিজ্ঞাসা করি, আমি যে তথ্যটা দিলাম তাতে কি প্রমাণ করে যে পশ্চিমবঙ্গ শিক্ষার ক্ষেত্রে পিছিয়ে গিয়েছে? না, তা প্রমাণ করে না, বরং উল্টোটাই প্রমাণ করে। প্রমাণ করে যে পশ্চিমবঙ্গ শিক্ষার ক্ষেত্রে এগিয়ে গিয়েছে। এর পর আমি বিদ্যুতের ক্ষেত্রে কিছু তথ্য দিতে চাই। ১৯৭৬ সালে পশ্চিমবঙ্গে মোট বিদ্যুৎ উৎপাদন হত ১৩৬১ মেগাওয়াট, আর ১৯৯১ সালে তা বেড়ে হয়েছে ৩০৪৫ মেগাওয়াট। অর্থাৎ কংগ্রেসের ৩০ বছরের শাসনে বিদ্যুৎ উৎপাদন হয়েছে ১৩৬১ মেগাওয়াট, আর পশ্চিম বাংলায় বামফ্রন্ট সরকারের ১৫ বছরের শাসন কালে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে ১৬৮৪ মেগাওয়াট। তাই আমি সোমেন বাবুদের বলব, যারা এই বাজেটের বিরোধিতা করে গেলেন, তাঁদের কাছে আবেদন করব আপনারা শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করেছেন, এই রকম করা উচিত নয়। কারণ সমস্ত কিছু প্রমাণ তো পাচ্ছেন, ভারতবর্ষের বর্তমান অর্থনৈতিক সঙ্কটের মধ্যে দাঁড়িয়েও পশ্চিম বাংলার অগ্রগমন ঘটছে। কেন্দ্রের জনবিরোধী নূতন শিল্পনীতি, অর্থনীতির বিরোধিতা করেও পশ্চিম বাংলার বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯২-৯৩ সালের পশ্চিম বাংলার আর্থিক বছরের যে বাজেট এখানে উত্থাপন করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। মাননীয় বিরোধী কংগ্রেস (আই) বন্ধুদের বক্তব্য আমি দু দিন ধরে শুনে আসছি। তাঁরা পুরাতন টেপ রেকর্ড-এ নূতন নূতন সুর বাজাবার চেষ্টা করেছেন। কিন্তু নূতন সুর তাতে আসে না। তাই নূতন কিছু আমরা শুনতে পেলাম না। আমাদের অর্থমন্ত্রী সুনির্দিষ্ট ভাবে তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে দেশের সামগ্রিক পরিস্থিতির যথার্থ মূল্যায়ন সাপেক্ষে যুক্তি সঙ্গত ও সাধারণ গরিব মানুষের স্বার্থে, দেশের সার্বভৌমত্বের স্বার্থে পশ্চিম বাংলার অগ্রগতিকে অব্যাহত রাখতে সুচিন্তিত, বাস্তবোচিত, বিজ্ঞান সম্মত ও প্রাসঙ্গিক আর্থিক বছরের ব্যয় বরাদ্দের পরিমাণ নির্দেশ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ইতিহাসে নজির বিহীন কেন্দ্রের বাজেট পেশ করেছেন কেন্দ্রীয় সরকার। আন্তর্জাতিক অর্থ ভান্ডার এবং বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে জঘন্য শর্তে ঋণ নিয়ে দেশকে চরম সঙ্কটের সম্মুখীন করেছে, দেশকে দেউলিয়া করেছে। দেশের সার্বভৌমত্ব ক্ষুণ্ণ করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিত্য প্রয়োজনীয় জিনিসের প্রশাসন নির্ধারিত দাম (রেলের মাসুল ইত্যাদি সমেত), বৃদ্ধি, ব্যাঙ্ক ঋণের সুদের হার বৃদ্ধি, একচেটিয়া পুঁজির সম্পত্তির উর্দ্ধসীমা বিলোপ, আমদানি এবং বিদেশি পুঁজির

প্রবেশ আরও অবাধ করা এবং টাকা অবমূল্যায়ন সহ কিছু নূতন শর্ত সাপেক্ষে আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে গত ছয় মাসে প্রায় ৫ হাজার কোটি টাকা ঋণ নিয়েছেন কেন্দ্রীয় সরকার। যার প্রকাশ ঘটেছে কেন্দ্রীয় সরকারের শিল্পনীতি, বাণিজ্য নীতি, এবং বিশেষত এবারের কেন্দ্রীয় বাজেটে। বাজেটে ঘাটতি কমানোর নাম করে ব্যয় হ্রাসের ক্ষেত্রে অপেক্ষাকৃত ভাবে বেশি আঘাত হানা হয়েছে পরিকল্পনা খাতে ব্যয়ের উপর এবং তার মধ্যে আরও নির্দিষ্ট ভাবে আঘাত এসেছে ক্ষুদ্র শিল্প, সেচ প্রকল্প ও গ্রামীণ উন্নয়নের খাতে। প্রকৃত পক্ষে খর্ব করা হয়েছে কর্ম সংস্থান প্রকল্পগুলির সুযোগ। স্যার, অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে আমাদের দেশ সমৃদ্ধশালী, ভারতে প্রচুর প্রাকৃতিক সম্পদ রয়েছে। রয়েছে বড় বড় ও ছোট ছোট শিল্প কারখানা গড়ে তোলার অনুকূল পরিবেশ। কিন্তু আই. এম. এফ. ও বিশ্ব ব্যাঙ্কের নির্দেশে চালিত কেন্দ্রীয় সরকার ভারতের সমৃদ্ধি কামনায় বিদেশে ভিক্ষার ঝুলি নিয়ে দ্বারস্থ হচ্ছে। বিদেশ থেকে দ্রব্যাদি আমদানি করে ভারতের বাজারকে মৃত প্রায় করে তোলার নূতন নূতন পরিকল্পনা গ্রহণ করেছেন। অভ্যন্তরীণ সম্পদ ও সেই সম্পদ কাজে লাগানো, কলকারখানা গড়ে তোলা, নিত্য প্রয়োজনীয় সহ বিভিন্ন দ্রব্যাদি উৎপাদন করার পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের নেই। আমাদের দেশের মাটির নিচে অনেক ভাল সম্পদ রয়েছে, সেই সম্পদ আহরণের কোনও চেষ্টাই হচ্ছে না।

[5-10 — 5-18 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকার ঋণের টাকায় ভারতবর্ষকে বিশ্বের কাছে একটি উৎপাদনশীল দেশ হিসাবে গড়ে তোলার চেষ্টা করছে। যা দুঃস্বপ্ন ছাড়া কিছুই নয়।

স্যার, স্বাধীনতার পর থেকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পূর্ব পর্যন্ত পশ্চিমবঙ্গে এক অরাজক অবস্থার সৃষ্টি হয়েছিল। শিক্ষার ক্ষেত্রে, শিল্পের ক্ষেত্রে, সর্বোপরি মেহনতি মানুষের জীবন জীবিকার প্রশ্নে পশ্চিমবঙ্গ এক নিদারুণ সঙ্কটের সম্মুখীন হয়েছিল। বামফ্রন্ট সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার পর থেকে পশ্চিমবঙ্গের বিভিন্ন দিকে অগ্রগতি ঘটেছে এবং তা মাননীয় বিরোধী পক্ষের বিধায়কগণও কষ্ট হলেও স্বীকার করবেন। স্যার, আজকে লক্ষ্য করার বিষয় যে, রাজ্যের মোট আয় বেড়েছে। সাধারণ গরিব মানুষের মাথা পিছু আয়ও বেড়েছে যা তাদের জীবন জীবিকার প্রশ্নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অপরিহার্য। সব চেয়ে বড় কথা পশ্চিমবঙ্গে সুস্থ পরিবেশে মানুষ মাথা তুলে বাঁচার অধিকার পেয়েছে। এখানে এখন আর নেই জমিদারদের অত্যাচার, পুলিশি নির্যাতন, যা সিদ্ধার্থ বাবুর আমলে এক রেকর্ড সৃষ্টি করেছিল।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, বামফ্রন্ট সরকার যাত্রা শুরু করেছিল ভূমি সংস্কার দিয়ে। জাতীয় নমুনা সমীক্ষা অনুযায়ী যেখানে সমগ্র দেশের ক্ষেত্রে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের হাতে জমি আছে মাত্র ২৯ শতাংশ, সেখানে পশ্চিমবঙ্গে ভূমি সংস্কার কার্যকর হওয়ার পর ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মালিকানায় মোট ৬০ শতাংশ জমি এসে গেছে। এর সঙ্গে যদি নথিভুক্ত বর্গাদারদের আওতায় যে জমি আছে তা যোগ করা হয়, তাহলে দরিদ্র খেটে খাওয়া কৃষকদের অধিকারে এখন মোট জমির ৭০ শতাংশ অতিক্রম করে যাবে, যা সমগ্র দেশের ক্ষেত্রে একটি রেকর্ড। এর ফলে পশ্চিমবঙ্গ শস্য শ্যামল হয়েছে এবং উৎপাদনের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে রেকর্ড সৃষ্টি করেছে। ভারতবর্ষের অন্য কোনও রাজ্য যা পারে নি। আমি একটা ছোট পরিসংখ্যান দিয়ে মাননীয় কংগ্রেস বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই যে, কেন আমরা পশ্চিমবঙ্গে ভূমি সংস্কার নিয়ে গর্ব বোধ করি। এটা আজকে শুধু কথার কথা নয়, এটা আজকে কার্যে পর্যবসিত হয়েছে। পশ্চিমবঙ্গে সরকারি খাস কৃষিযোগ্য জমি যা ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি বন্টন করা হয়েছে তা হচ্ছে ৩,৭০,৭০৭.৭৫ হেক্টর। এই পরিমাণ জমি বিনা পয়সায় বিলি করা হয়েছে। কংগ্রেসিদের সময়ে যদি এটা করা হত তাহলেও এই নিয়ে বেশ কিছু কারবার ওঁরা করতেন। এর মধ্যে শিডিউল্ড কাস্ট মানুষরা পেয়েছেন ৭,৪৪,৩৪৫ জন। আর তফসিলি উপজাতি এবং আদিবাসী মানুষের সংখ্যা হচ্ছে ৩,৮৫,৪০৫ জন এবং অন্যান্য সম্প্রদায়ের মানুষ ৮,৩৬,৭৭৯ জন। মোট ১৪,৩৯,২৫০ জন মানুষ জমি পেয়েছেন। এই সমস্ত মানুষ যাদের অতীতে ভূমির সঙ্গে কোনও নিজস্ব যোগাযোগ ছিল না, যারা কেবলই ভূমিহীন চাষী হিসাবে পরিচিত ছিল তারা আজকে ভূমিতে প্রতিষ্ঠিত হয়েছে। মানুষগুলোকে আজকে অধিকার এবং মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করা হয়েছে। যার ফল হিসাবে আজকে পশ্চিমবঙ্গে রেকর্ড পরিমাণ কৃষি উৎপাদন হয়েছে। বছরে ১১৮ লক্ষ মেট্রিক টনের অধিক খাদ্য শস্য পশ্চিমবঙ্গে উৎপন্ন হচ্ছে।

স্যার, আমাদের দেশে ৮৬ কোটি মানুষ আছেন। এর মধ্যে ৫ বছর বয়সের নিচের শিশুদের যদি বাদ দেওয়া যায় এবং ৫ থেকে ১৫ বছর বয়সের সকলের জন্য যদি অর্দ্ধেক খোরাকি ধরা হয় — তাহলে ১৯৯০-৯১ সালে দেশে ১৭ কোটি ৬২ লক্ষ টন দানা জাতীয় খাদ্য শস্যের যে মোট উৎপাদন হয়েছে — তার থেকে বীজ বাদ দিয়ে গড়ে মাথা পিছু (ইউনিট) খাদ্য পাওয়া যেতে পারে দৈনিক ৭০০ থেকে ৮০০ গ্রাম। এইসব আপনাদের হিসাব, কিন্তু এটা তো সরল অঙ্কের হিসাব। আসলে তা তো হতে পারে না। খাদ্য শস্য সমভাবে সকলের মধ্যে ভাগ হবে — সে সুযোগ তো আমাদের দেশে নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভারতবর্ষে ডাঙ্কেল সাহেবের প্রস্তাব অনুযায়ী খাদ্যে ভর্তুকী কমানোর জন্য

ভারত সরকারকে নির্দেশ দিয়েছে। বিশ্ব ব্যাঙ্কও ঐ একই প্রকার চাপ অবিরাম দিয়ে যাচ্ছে। গ্রামীণ ও শহর এলকায় কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করার জন্য বরাদ্দ অর্থ এবারের কেন্দ্রীয় বাজেটে কমানো হয়েছে। ফলে বেশির ভাগ শ্রমজীবী মানুষের আয় কমবে এবং অর্থ কমবে। সার, সেচের জল, বিদ্যুৎ, বীজ প্রভৃতি কৃষি উপকরণের দাম বাড়ানোর ব্যবস্থা হয়েছে। এতে কৃষি পণ্যের দাম আরও বাড়বে। একমাত্র আমাদের পশ্চিমবঙ্গ রাজ্য যেখানে আমাদের সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকেও স্বনিযুক্তি প্রকল্পের দ্বারা গরিব মানুষ, তফসিলি জাতি এবং উপজাতি বেকার যুবকদের নিজেদের পায়ে দাঁড়ানোর জন্য, আর্থিক দিক দিয়ে যাতে স্বাবলম্বী হতে পারে তার জন্য স্বনিযুক্তি প্রকল্প চালু করেছেন এবং এই প্রকল্পের মাধ্যমে তারা নিজেরা প্রতিষ্ঠিত হয়েছে আপনাদের তো অনেক প্রতিশ্রুতি ছিল, নির্বাচনে তো অনেক চমক সৃষ্টি করেছেন। ১০০ দিনের মধ্যে সব জিনিসপত্রের দাম কমিয়ে দেব, প্রতি বছর ১ কোটি বেকার যুবকের চাকরি দেব — এই রকম অনেক গালভরা প্রতিশ্রুতি দিয়েছেন। এইসব প্রতিশ্রুতি অন্যান্য রাজ্যে চলতে পারে, কিন্তু পশ্চিম বাংলায় চলবে না — এটা আপনাদের বোঝা দরকার। রাষ্ট্রায়ত্ত শিল্পগুলিকে ব্যক্তিগত মালিকানার হাতে ঢেলে দেবার চেষ্টা করছেন। কাজেই মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন পশ্চিম বাংলার খেটে খাওয়া মানুষের স্বার্থে, সামগ্রিক চিন্তা ধারা রেখে, সেই বাজেটকে আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 5.18 P.M. till 11 A.M. tomorrow on Tuesday, the 24th March, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 24th March 1992 at 11-00 A.M.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 15 Ministers, 5 Ministers of State and 168 Members.

[11-00 — 11-10 A.M.]

MOTION UNDER RULE 185

মিঃ স্পিকার ঃ আজকে আমরা প্রথমে মাননীয় শ্রী সত্যজিৎ রায়ের উপরে একটা প্রস্তাব আনব। এটা আমি মুভ করব। তারপর মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় বিরোধী দলের নেতা বলবেন। তারপর অন্যান্য দলের মাননীয় সদস্যরা বলবেন। এটা বলার পর একটা শর্ট রিসেস হবে, তারপর সময় থাকলে কেয়েশ্চেন নিয়ে আলোচনা হবে।

আজকে আমি প্রথমে মাননীয় শ্রী সত্যজিৎ রায়ের উপরে একটা প্রস্তাব আনছি ঃ

"বিশ্ববন্দিত চলচ্চিত্রকার সত্যজিৎ রয়ের "ভারতরত্ন" সম্মান লাভ পশ্চিমবঙ্গে বিধানসভা তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছে। তাঁর এই রাষ্ট্রীয় স্বীকৃতিতে পশ্চিমবঙ্গ বিধানসভা আনন্দিত গর্বিত।

ভারতীয় চলচ্চিত্রকে বিশ্ব-সংস্কৃতির মানচিত্রে নতুন স্থান দেওয়ার ক্ষেত্রে শ্রীযুক্ত রায়ের ভূমিকা ঐতিহাসিক ও অনন্য। দুর্লভ প্রতিভার অধিকারী সত্যজিৎ রায় শুধু চলচ্চিত্রতেই নয় অন্যান্য অনেক শিল্প গোত্রকেও তার সৃজনশীল কর্মের দ্বারা পুষ্ট করে চলেছেন। রেখায় ও লেখায়, গানে ও সুরে, শিশু সাহিত্যে, বিজ্ঞানের কল্পকথায় ও রহস্যের অন্তর্ভেদিতায় তাঁর সৃষ্টির ভুবন সমৃদ্ধ। সমাজ বাস্তবতার চিত্রণের সঙ্গে শিল্প কল্পনার মেলবন্ধনে তিনি সিদ্ধ হস্ত। শিল্পী সত্যজিৎ একই সঙ্গে ভারতীয় ও আন্তর্জাতিক- ফ্রান্সের লিজন অব অনার ও মার্কিন যুক্তরাষ্ট্রের "অস্কার" সহ বিশ্বের নানা মহল থেকে প্রাপ্ত বহু সম্মানে তিনি এ পর্যন্ত ভূষিত। তিনি যথার্থ অর্থেই "ভারতরত্ন"। বিশ্বময় তার সৃজনী প্রতিভার স্বীকৃতির জন্য এই সভা তাঁকে অভিনন্দন জানাচ্ছে। আমরা আরও গার্বিত যে তিনি এই রাজ্যেরই মানুষ।

শ্রীযুক্ত রায়ের সাম্প্রতিক অসুস্থতায় দেশের অন্যান্য অংশের সঙ্গে এই সভা উদ্বিগ্ন। তাঁর দ্রুত ও পূর্ণ আরোগ্য এই সভা কামনা করে ও বিশ্বাস রাখে আগামীদিনে সুস্থ শরীরে তিনি তাঁর সৃষ্টির ধারা অব্যাহত রাখবেন।"

শ্রী জ্যোতি বসু ঃ স্পিকার মহাশয়, আপনি যে প্রস্তাব আমাদের সামনে উপস্থাপিত করেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। সেই সঙ্গে প্রথমেই আমি একটা কথা বিশেষ করে বলতে চাই, সেটা হচ্ছে, যে চলচ্চিত্রের কথা আমরা জানি, তিনি যে সুনাম অর্জন

করেছেন, ভারতবর্ষের সুনাম অর্জন করেছেন সেটা সকল পক্ষের সব মানুষই জেনেছেন। কিন্তু একটা জিনিস, পশ্চিমবঙ্গের বাইরের মানুষ কতটা জানেন সেটা আমার সন্দেহ আছে। যেটা আমি বলছি, আপনি লিখেছেন রেখা ও লেখায়, গানে ও সুরে শিশু সাহিত্য, বিজ্ঞানের কল্পকথায় ও রহস্যের অন্তর্ভেদিতায় তার সৃষ্টির ভুবন সমৃদ্ধ।" আমার মনে হয়, সাহিত্যিক হিসাবে বাংলাভাষায় তিনি যা করেছেন, এদিকটা বোধ হয় ভারতবাসীরা কিছু জানেন না। কিন্তু এটা তাঁর একটা বিশেষ দিক। তাঁর এদিকটা বিশ্বের কাছে, ভারতবর্ষের মানুষের কাছে, শিল্প সাহিত্য নিয়ে যারা পড়াশুনা করেন তাদের কাছে যাতে আমরা তুলে ধরতে পারি সেই উপায়টা আমাদের জানতে হবে, চেষ্টা করতে হবে। দুটি দিক থেকে তিনি আমাদের গৌরব। আজকে এই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে বলছি, গত জানুয়ারি মাসে আমি কেন্দ্রীয় সরকারকে, প্রধানমন্ত্রীকে একটি চিঠি লিখেছিলাম এবং তাতে বলেছিলাম, আপনারা তো ২৬শে জানুয়ারি অনেককে নানা খেতাব দেন, সেই সময় ওঁর নামটা মনে রাখবেন এবং দেখবেন, ওঁকে ভারতরত্ন উপাধি দেওয়া যায় কিনা। প্রধানমন্ত্রী সেই চিঠির প্রাপ্তি স্বীকার করেছিলেন, কিন্তু তাছাড়া আর কিছুই হয় নি। কারণ পরে যখন খেতাব প্রাপকদের নামের তালিকা বেরোল, ওঁর নাম না দেখে আশ্চর্য হয়ে গিয়েছিলাম। সচরাচর আমরা এক্ষেত্রে নাম পাঠাই না। এটা দেখবার জন্য একটা কমিটি আছে দিল্লিতে। সমস্ত রাজ্য থেকে তাদের কাছে নাম যায়, সুপারিশ যায়। তারা সেগুলো ক্যাবিনেটের কাছে, প্রধানমন্ত্রীর কাছে রাখেন। দিল্লির হোম ডিপার্টমেন্টের ঐ কমিটিই এটা দেখেন। এই পদ্ধতিটা ঠিক কিনা সেটা এখানে বিচার্য নয়। তবে আমি শুনেছিলাম এই পদ্ধতির কথা, তাই চিঠি পাঠিয়েছিলাম।

তারপর রাষ্ট্রপতি যখন এসেছিলেন তখন আর একটি সুযোগ এসেছিল। তিনি এলে তাঁকে আমি বলেছিলাম, এটা কেন বিবেচিত হল না? আপনি নিশ্চয়ই জানেন ওঁর বিষয়টা। রাষ্ট্রপতি বলেছিলেন আমার ভাল লাগে ওঁকে। আমি দেখব বিষয়টা। আমি তাঁকে এও বলেছিলাম ২৬শে জানুয়ারিতেই এটা ওঁকে দিতে হবে, কারণ ঐ তারিখেই এসব দেবার নিয়ম। এক্ষেত্রে বোধহয় নানা দিক থেকে বাধা আসায় বিষয়টা আপনার নজরে পড়েনি। কিন্তু এখনও সেটা তাঁকে দেওয়া যায়। কিন্তু তবু দেওয়া হল না।

পরে শুনলাম, প্রধানমন্ত্রী আসছেন সত্যজিৎ রায়কে দেখবার জন্য কারণ তিনি অসুস্থ। ১৮ তারিখে যখন ওঁর সঙ্গে দেখা হয় তখন আমাদের আলোচনার অন্যান্য বিষয়ের সঙ্গে শেষ বিষয় ছিল এটাই। তিনি বলেছিলেন, আমি এসেছি, আমি ওঁর সঙ্গে দেখা করব। ওঁকে এটা দেবার ব্যাপারে আমার একেবারে আপত্তি নেই। ১৯ তারিখে রাষ্ট্রপতির সঙ্গে আমার কথা হবে। আমি স্থির নিশ্চিত, ভারতরত্ন তাঁকে দেওয়া হবে। আমি প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছিলাম, কারণ এটা শুধু পশ্চিমবঙ্গের ব্যাপার নয় বা বাঙালি বলেই নয় তাঁর এই সম্মান সমস্ত ভারতের সম্মানের সঙ্গে জড়িত। যখন মিতেরাঁ এসেছিলেন ফ্রান্স থেকে তাঁকে ঐ দেশের সর্বোচ্চ পুরস্কার দেবার জন্য সেই সভায় উপস্থিত থাকার আমার সৌভাগ্য হয়েছিল। সত্যজিৎ রায় উপস্থিত ছিলেন ঐ সভায়। আমি মিতেরাঁকে ধন্যবাদ দিয়েছিলাম। পরবর্তীকালে পৃথিবীর আর একটি বড় সম্মান অস্কার অ্যাওয়ার্ড, সেটা তিনি পেয়েছেন। এই পুরস্কার দিতে তাঁরা এসেছিলেন। আজকে সমস্ত দিক থেকে আমরা আনন্দিত, তাই প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় সরকার এবং রাষ্ট্রপতিকে বিশেষ ধন্যবাদ আমরা জানাব। আমাদের প্রস্তাবে লেখা হয়েছে যে,

তিনি দীর্ঘদিন ধরে রোগশয্যায় পড়ে রয়েছেন বলে আমরা অত্যন্ত ব্যথিত। কারণ এখনও তিনি হাসপাতাল থেকে বাড়িতে যেতে পারেন নি। আমরা সবাই তার দীর্ঘ জীবন কামনা করছি। আমরা দেখেছি, বাইপাস অপারেশন করবার জন্য তিনি আমেরিকা গিয়েছিলেন। ফিরে এসে অসুস্থ্য অবস্থার মধ্যেই তিনি অনেকগুলো চলচ্চিত্র করেছিলেন যা মানুষকে উৎসাহিত, উদ্দীপিত করেছিল। শুধু আমাদেরই উদ্দীপিত করেনি, অন্যান্য জায়গার মানুষদেরও উদ্দীপিত করেছে। সমস্ত দিক থেকে আজকে আমাদের শুভ দিন, বিশেষকরে শুভদিন কারণ পশ্চিমবঙ্গ বিধানসভায় ঐক্যমত হয়ে এই প্রস্তাব আমরা গ্রহণ করছি। আমি ওঁর দীর্ঘ জীবন কামনা করছি।

[11-10 — 11-20 A.M.]

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ যে আপনি প্রস্তাব মতো এই রেজলিউশনটা আজকে এই সভায় এনেছেন। আমরা প্রত্যেকে গর্বিত এই প্রস্তাবের সঙ্গে জড়িত হয়ে। এই প্রস্তাবের প্রতিটি শব্দ, প্রতিশব্দ, অক্ষর, প্রতিটি ভাব, প্রতিটি অনুভূতি, প্রত্যেকটি আবেগ, প্রত্যেকটি উচ্ছাসের সঙ্গে আমার তরফ থেকে, আমার দলের তরফ থেকে, পশ্চিমবঙ্গের কোটি কোটি মানুষের তরফ থেকে আমি সমর্থন জানাচ্ছি। সত্যজিৎ রায় একজন অসামান্য পুরুষ। আমাদের গর্বের কথা যে তিনি আমাদেরই একজন তিনি আমাদের সঙ্গে খেলাধূলা করেছেন, আমাদের সঙ্গে শিক্ষালাভ করেছেন, আমাদের সঙ্গে কর্মক্ষেত্রে নেমেছেন এবং তারপরে সারা পৃথিবীতে তাঁর বৈশিষ্টতা পরিষ্কার হয়ে ওঠে। এটা আমাদের গর্বের জিনিস যে সত্যজিৎ রায় আমাদেরই লোক। আমাদের গর্ব, বাংলার গর্ব, ভারতের গর্ব এবং আজকে প্রকৃত পক্ষে সত্যজিৎ রায় সারা পৃথিবীর গর্ব। পশ্চিমবঙ্গ সরকারের হয়ে সত্যজিৎ রায় একটা ছবি করেছিলেন নামটা "সোনার কেল্লা" আমরা যখন এখানে কাজ করছিলাম তখন শুনেছি যে সেই "সোনার কেল্লা" বোধ হয় চার পাঁচ লক্ষ টাকায় ছবিটা করেছিলেন। এখনও সেই ছবি থেকে আমরা লাভ করছি। মুখ্যমন্ত্রী যেকথা বললেন, তার সঙ্গে আমিও সম্পূর্ণ এক মত। আমি এবং আমার দলের তরফ থেকে মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি তাঁর সম্পর্কে যে কথা বললেন তার জন্য। সেই কথা অনুযায়ী, আমার কোনও সন্দেহ নেই, এখনই একটা আদেশ দেওয়া যেমন শরৎ সাহিত্য, বঙ্কিম সাহিত্য, রবীন্দ্র সাহিত্য সারা ভারতবর্ষের মানুষ পড়তে শিখেছে, হিন্দি ট্রানস্লেশান হয়েছে, সেই রকম শুধু সত্যজিৎ রায় নয়, সত্যজিৎ রায়ের পিতা সুকুমার রায়ও যে সব বই লিখেছেন, ছেলেবেলায় আবোল-তাবোল থেকে শুরু করে যে সব বই আমরা পাঠ করেছি, এই রকম আর দেখা যায় না। এটাও সারা পৃথিবীর মানুষের জানা দরকার। সত্যজিৎ রায়ের পিতামহও লিখতেন। কিন্তু সুকুমার রায় এবং সত্যজিৎ রায়ের যে সমস্ত লেখা আছে, কবিতা আছে, ছড়া আছে, যেকথাটা এই প্রস্তাবে দয়া করে আপনি বলেছেন, আপনি ঠিকই বলেছেন, "রেখায় ও লেখায়, গানে ও সুরে, শিশু সাহিত্যে, বিজ্ঞানে কল্পনায়, রহস্যের আন্তর্ভেদিতায় তার ভুবন সমৃদ্ধ। আসুন, এই ব্যাপারে আমরা সরকারের তরফ থেকে সত্যজিৎ বাবুর কাছে যাই, তাঁর কাছ থেকে পার্মিশন নেই, রয়্যালটির যে প্রশ্ন আছে সে ব্যাপারেও কথা বলে নেই, এটা সারার ভারতবর্ষের অন্তত আমরা প্রচার করতে শুরু করি। এটাই সত্যজিৎবাবু এবং তাঁর পিতামহের অবদান, এটাই বাংলার অবদান, এটাই ভারতের অবদান, এটা ভারতবর্ষের মানুষ

জানুক। যেমন শরৎচন্দ্রকে জেনেছে, রবীন্দ্রনাথকে জেনেছে, বঙ্কিমচন্দ্রকে জেনেছে সেই রকম ভাবে সুকুমার রায় এবং সত্যজিৎ রায়ের লেখা, গানছড়া ইত্যাদি ছড়িয়ে দেওয়া যাক সারা ভারতবর্ষে মুখ্যমন্ত্রীর যে প্রস্তাব সেটা আমিও সমর্থন করি। সত্যজিৎ রায় যে রাজনীতির বাইরে ছিলেন এটা পরিষ্কার। মুখ্যমন্ত্রী যে কথাগুলি বললেন যে তিনি করেছেন, সেই এই জিনিস আমিও বলেছি তাকে জিজ্ঞাসা না করে। উনিও জানতেন না, আমিও জানতাম না। আমিও ২৬শে জানুয়ারির আগে প্রধান মন্ত্রীর কাছে চিঠি দেই। টাইপ চিঠি নয়, আমি নিজে হাতে তাঁকে লিখেছি যে সত্যজিৎ রায়কে ভারতরত্ন দেওয়া দরকার। আমি জানুয়ারি মাসে পাঠিয়েছি। তারপরে একটা উত্তর আসে যে তোমার চিঠি আমি পেয়েছি, যে রকম মুখ্যমন্ত্রী বললেন পেয়েছি। তারপরে আমি একটা টেলিফোনও করি যে এটা সম্ভব কিনা। তারপরে জ্যোতিবাবু এবং আমি উভয়েই যখন রাষ্ট্রপতি এখানে আসেন তাঁর কাছে যেমন নেতাজিকে ভারত রত্ন যেটা দেওয়া হয়েছে সেটা তুলে নেওয়া হোক বলে অনুরোধ করি তেমনি সঙ্গে সঙ্গে অনুরোধ করি যে সত্যজিৎ রায়কে এটা না দেওয়াটা ভুল হয়েছে, এটা দেওয়া দরকার, এটা দেওয়া হোক। আমি জ্যোতিবাবুর সঙ্গে সম্পূর্ণ একমত, ২৬শে জানুয়ারি তারিখে এটা ঘোষণা করলে ভাল হত। তবে অনেক রকম ব্যাপার আছে, অনেক রকম চিন্তা ভাবনা করতে হয়, অনেক জিনিস অনেক জিনিসের জন্য আটকে যায়। আজকে কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানাচ্ছি এবং তাদের অভিনন্দন জানাচ্ছি সত্যজিৎ রায়কে ভারতরত্ন দিতে পেরেছেন। এটা আনন্দের বিষয় কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। সত্যজিৎ রায় সুস্থ হয়ে উঠুক শীঘ্র। আমার থেকে ছোট সে, কেন সুস্থ হবে না? শীঘ্র সুস্থ হয়ে উঠুক, সুস্থ হয়ে বাড়ি ফিরুক, কাজ শুরু করুক, অনেক কাজ করার আছে। তিনি অনেক বই লিখেছেন। ডাঃ বক্সী বলেছিলেন সত্যজিৎ রায়কে দুটোর মধ্যে একটা করতে পার, তুমি আমেরিকাতে অস্কার পুরস্কার নিতে সেখানে যেতে চাও, না যে বই লিখেছো সেটা নিয়ে কাজ করতে চাও। তিনি বলেছিলেন আমাকে এমন করে দিন যাতে নতুন যে বই লিখেছি সেটা নিয়ে কাজ করতে পারি, অন্যটা না হলেও চলবে। তিনি সুস্থ হয়ে ফিরে আবার কাজ শুরু করুন। তাহলে তাঁর নতুন বই-এর উপর কাজ হবে, অনেক বই-এর উপর কাজ হবে। তিনি সুস্থ হয়ে কাজ করে যান এই কামনা আমরা সকলে করি। তিনি শীঘ্র আরোগ্য লাভ করে গৃহে ফিরে আসুন এই আমাদের প্রার্থনা ঈশ্বরের কাছে।

শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ মাননীয় স্পিকার স্যার, আজকে যে প্রস্তাব আপনি এনেছেন নিশ্চয়ই খুব আনন্দের বিষয় এবং অত্যন্ত আনন্দের বিষয়। আমাকে একটা কথা বলতে হচ্ছে সেটা হচ্ছে এই যে, ভারতবর্ষের প্রতিটি প্রান্তে কি করে সারকুলেট করতে পারি তাঁর যে লেখাগুলি আছে সেই সমস্ত লেখাগুলি যে যে রিজিওনাল ল্যাঙ্গুয়েজ সেই ল্যাঙ্গুয়েজগুলিতে লিখে সব জায়গায় যাতে দেখাতে পারি তার একটা ব্যবস্থা করা প্রয়োজন। কারণ পশ্চিমবাংলায় শুধু বঙ্গ ভাষা আছে, শুধু এটা থাকলে ভারতবর্ষে সত্যজিৎ রায়কে ঠিকভাবে রিপ্রেজেন্ট করা হল না। তাই আমি বলি যে এই ব্যাপারে আরও যে সব ল্যাঙ্গুয়েজ আছে তারই ডিরেকশনে এবং লেখা যে সব আছে সেগুলি সমস্তই যদি সম্ভব হয় তাহলে সব ল্যাঙ্গুয়েজে লিখে এবং যে সিনেমাগুলি আছে সেইগুলি দেখানোর ব্যবস্থা করতে পারি তাহলে আমরা আনন্দিত হব। এর সঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যে এই ভারতরত্ন নিয়ে বহু গন্ডগোল চলছে।

এর একটা মোটামুটি কনসেপ্ট ক্লিয়ার করা উচিত বলে আমি মনে করি সেন্ট্রাল গভর্নমেন্টের নেতাজিকে একটা ভারতরত্ন দেওয়া হল, অমুককে দেওয়া হল। কিন্তু এর ভেতর এই এই গন্ডির মধ্যে থাকতে হবে কি তার চেয়ে উর্ধ্বে এর একটা সম্পূর্ণ ভাবে ডেলিবারেশন হওয়া উচিত ন্যাশনাল লেভেলে এবং সেন্ট্রাল গভর্নমেন্ট লেভেলে। কারণ এটা অত্যন্ত খারাপ লাগে যেমন ধরুন ভারতরত্ন দেওয়া হল আমাদের নেতাজিকে আমি মনে করি It is beneath the dignity এই যে রিফিউজালের কথাটা উঠছে এটা অত্যন্ত মারাত্মক। সেই জন্য ক্লিয়ার হওয়া উচিত বলে আমি মনে করি এবং সেইজন্য এর একটা খুব ক্লিয়ার কনসেপ্ট থাকা উচিত বলে আমি মনে করি। আর একটা কথা বলতে চাই, তিনি অসুস্থ, লাং এবং হার্ট-এর অসুখে অসুস্থ। এই রোগের বলা মুশকিল কখন কি হয়, আবার বহু দিন ধরে এই অবস্থায় বাঁচতে পারেন। আমরা সবাই মনে করি যে তিনি বেঁচে থাকুন এবং তিনি নতুনত্ব যেসব করেছেন সেটাকে এগিয়ে নিয়ে যান। তিনি অনেককাল ধরে অসুখে ভুগছেন, আমার মনে হয় তা এখন স্ট্যাগন্যান্ট হয়ে এসেছে। তিনি হয়ত সেরে উঠবেন এবং সুস্থ হয়ে উঠে যাতে আরও কিছু এই রকম ধরনের যা দেবার তা ভারতবাসীকে দিয়ে যেতে পারেন এই কামনা করি। আমি এই প্রস্তাবকে সমর্থন করছি আমাদের ফরওয়ার্ড ব্লক পার্টির তরফ থেকে। আমাদের মেইন লিডার, তিনি এটা বলেছেন আমি এটাকে সাপ্লিমেন্ট করছি।

[11-20—11-30 P.M.]

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে বিশ্ব বিশ্রুত চিত্র পরিচালক, ছোট গল্পকার, সঙ্গীত পরিচালক শ্রদ্ধেয় সত্যজিৎ রায়, যিনি আমাদের গর্ব, আমাদের অহঙ্কার। তাঁর প্রতি সম্মান জানিয়ে প্রতীক হিসাবে ভারত সরকার যে ভারতরত্ন উপাধি প্রদান করবেন ঘোষণা করেছেন এবং আমাদের রাজ্যবাসী তথা ভারতবর্ষের মানুষও প্রকৃতপক্ষে সরকারি খেতাবের পূর্বেই তাদের হৃদয়াসনে বসিয়ে সম্মানে ভূষিত করেছেন। সঙ্গত কারণে আপনি এখানে যে প্রস্তাব উত্থাপন করেছেন, আমি আমার পার্টি আর এস পি-র পক্ষ থেকে সেটাকে স্বাগত জানাই এবং এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করি। সত্যজিৎ বাবু আমাদের ভারতবর্ষকে পৃথিবীতে যারা গৌরবের আসনে বসিয়েছেন তাদের মধ্যে অন্যতম। আমরা দেখেছি, বাইরে থেকে যারা ভারতবর্ষে আসেন, তাদের অনেকে ভারতবর্ষকে বলেন রবীন্দ্রনাথ ঠাকুরের ভারতবর্ষ, অনেকে বলেন গান্ধীজির ভারতবর্ষ, অনেকে বলেন নেতাজির ভারতবর্ষ। তেমনিভাবে সত্যজিৎবাবু তাঁর যে সৃষ্টি, সেই সৃষ্টির ভিতর দিয়ে আমাদের যে সংস্কৃতি আমাদের যে ঐতিহ্য সেটাকে সামনে এনেছেন। সেজন্য সত্যজিৎবাবু ভারত সরকারের কাছে ভারতরত্ন হলেও বিশ্বের রসিকজন যারা, গুণীজন যারা, সংস্কৃতিবান যারা, তাদের কাছে বিশ্বরত্নে পরিণত হয়েছেন। সেজন্যই যেমন গান্ধীজিকে, রবীন্দ্রনাথকে বা সম্প্রতি নেতাজিকে ভারতরত্ন যেটা দেওয়া হয়েছে, সেই গান্ধীজি বা নেতাজিকে ভারতরত্ন দিয়ে সম্মান জানানো যায় না। সেজন্য ভারতরত্ন খেতাবের বিরুদ্ধে প্রতিবাদ উঠেছে। সত্যজিৎ রায় তাঁর সৃষ্টির ভিতর দিয়ে যে জিনিসটা উত্থাপিত করেছেন তা হচ্ছে নির্মল আনন্দ প্রদানের মাধ্যমে যারা শিশু তাদের মনোরাজ্যে প্রশ্নের উত্তর পাওয়ার যে সমস্ত দিকগুলো তিনি খুলে দিয়েছেন, বিশেষ করে তাঁর বিজ্ঞান সংক্রান্ত লেখার ভিতর দিয়ে বিশেষ করে সুস্থ্য সংস্কৃতির চিত্র পরিচালক হিসাবে যে

ভাবে গোটা বিশ্বের মানুষের কাছে নন্দিত হয়েছেন, বন্দিত হয়েছেন, তা নিশ্চয়ই আগামীদিনগুলিতে স্মরণীয় হয়ে থাকবে। আমি আমার দলের পক্ষ থেকে আশা করব সত্যজিৎ রায় আরোগ্য লাভ করে তার সৃষ্টির রাজ্যে ফিরে আসুন এবং নতুন নতুন সৃষ্টির ভেতর দিয়ে আমাদের দেশের মানুষকে, পৃথিবীর মানুষকে আনন্দ প্রদান করবেন। রবীন্দ্রনাথের একটি কবিতা দিয়ে আমি শেষ করছি "আমার জীবনে লোভিয়া জীবন জাগরে সকল দেশ"। সত্যজিৎবাবু তাঁর সৃষ্টির ভেতর দিয়ে সমস্ত দেশের মানুষকে, বিশ্বের মানুষকে এগিয়ে নিয়ে যাবেন এই প্রত্যাশা নিয়ে তাঁর দ্রুত আরোগ্য কামনা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ মাননীয় স্পিকার মহাশয়, আজকের অধিবেশনে মাননীয় স্পিকার মহাশয়ের আনীত প্রস্তাবে জ্যোতি বসু এবং সিদ্ধার্থশঙ্কর রায় সমর্থন করেছেন এবং আমিও মনে করি এই প্রস্তাবটি খুব ভাল প্রস্তাব হয়েছে। সত্যজিৎ বাবু একাধিকারে বিরাট মাপের চলচ্চিত্রকার এবং একজন বিশিষ্ট মাপের সঙ্গীতকারও। তারওপরে তিনি একজন কাহিনীকার, ছোট গল্পের লেখক। সত্যজিৎ রায় শুধু বাংলার গৌবর নয়, বাংলা ছাড়িয়ে ভারতবর্ষ তথা সারা বিশ্বের গৌবর হয়ে আছেন। এইরকম মানুষের আমরা দ্রুত আরোগ্য কামনা করছি। তিনি যাতে দ্রুত তাঁর কর্মে ফিরে যেতে পারেন সেই কামনা করছি। সেই সঙ্গে সঙ্গে বলতে চাই মাননীয় বিরোধীদলের নেতা সিদ্ধার্থশঙ্কর রায় যেকথা বলেছেন আমিও তাই কথা বলি যে, সুকুমার রায় এবং সত্যজিৎ রায়ের লেখা গল্পগুলি শুধু বাংলার মধ্যে নয়, সারা ভারতবর্ষে তথা সারা পৃথিবীতে যাতে আমরা ছড়িয়ে দিতে পারি সেই চেষ্টা আমরা যেন করি এই কথা বলে আমি আমার দলের পক্ষ থেকে এই প্রস্তাবকে সমর্থন করছি।

শ্রী সমর হাজরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউসে যে প্রস্তাব এনেছেন মাননীয় স্পিকার মহাশয়, সেই প্রস্তাবটিকে সমর্থন করে আমি জানাচ্ছি যে, সত্যজিৎ রায় সত্যিকারের আমাদের গর্বের বিষয়, তিনি শুধু চিত্র পরিচালক নন, তিনি হচ্ছেন ছোট গল্পের নাটকের লেখক এবং সঙ্গীতকারও। আমরা আজকে আমাদের পার্টির পক্ষ থেকে সত্যজিৎ বাবুর দ্রুত আরোগ্য কামনা করছি। সেই সঙ্গে বিরোধী পক্ষের সদস্য সিদ্ধার্থশঙ্কর রায় যে তাঁর সম্বন্ধে যা পরিচয় দিয়েছেন তাতে আমরা তাঁর মতো একজন বিশিষ্ট ব্যক্তির দ্রুত আরোগ্য কামনা করছি এবং এইকথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ত্রিলোচন দাস ঃ মাননীয় স্পিকার, মহাশয়, আজকের সভায় আমাদের দেশের গৌবর চিত্র পরিচালক সত্যজিৎ রায়ের অবদানের ধারক হিসাবে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে মাননীয় মুখ্যমন্ত্রী এবং বিরোধী দল নেতা সমর্থন করেছেন। আমি ও আমার দলের পক্ষ থেকে সত্যজিৎ রায়ের শীঘ্র আরোগ্য কামনা করে এই প্রস্তাবটিকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। আজকে সত্যজিৎ রায় সারা পশ্চিমবঙ্গে তথা গ্রামে গঞ্জের পরিচিত মানুষ হয়ে গেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন তিনি শুধু পশ্চিমবঙ্গের বা ভারতবর্ষের নয়, সারা বিশ্বে তাঁর প্রতিভা ছড়িয়ে পড়েছে এবং সারা বিশ্ব তাঁর কলাকৌশলে আকৃষ্ট হয়ে পড়েছে। তিনি একাধারে ছোট গল্পের লেখক, নাট্যকার, সঙ্গীতকার এবং চিত্র পরিচালক। তাঁর প্রতিভা আজকে আমাদের প্রচার করা একান্ত প্রয়োজন। এই প্রস্তাবকে আমি আমার দলের পক্ষ

থেকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Gillian Rosemary D'Costa Hurt : Respected Speaker, Hon'ble Chief Minister and Hon'ble Members of this Assembly : This morning it gives me great pleasure to honour Mr. Satyajit Ray. I believe that the confirmation of Bharat Ratna on him is certainly a very well deserved honour. He is indeed talented, as all of us know and his films have an universal appeal for everybody and his writings knows no barriers of languages or anything like that. We know this because Mr. Satyajit Ray has been recognised in abroad and of course in this country too, as a great film maker and a great writer. West Bengal has produced Henry Lui Vivian Derozian a great poet and a great artist of my own community. West Bengal has again produced Mr. Satyajit Ray who is a talented son of the soil. I am indeed very much proud to be here and to be a Member of this Assembly to honour Mr. Satyajit Ray today. We all accept his genius and at this time we pray for him speedy recovery with the hope that sooner he will get back to home and to the film world.

[11-30 — 11-50 A.M. (including Adjournment)]

মিঃ স্পিকার ঃ সবাই এই প্রস্তাবকে সমর্থন করায় আমি সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা সবাই আশা করছি, মাননীয় সত্যজিৎ রায়ের শরীর তাড়াতাড়ি ভাল হবে উনি আবার স্বাভাবিক কাজে ফিরে যাবেন। আমি আশা করছি সবার এতে সমর্থন আছে, এটা গৃহীত হল। এখন আমরা ১৫ মিনিটের বিরতি করব, আমরা আবার মিলিত হব পৌনে ১২টার সময়ে।

(At this stage the House was adjourned till 11.45 A.M.)

[11-45—11-55 P.M.] (After recess)

Starred Questions

(to which oral answers were given)

Reclamation of Wetlands

*250. (Admitted Question No. *226) **Shri Chowdhury Abdul Karim and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Urban Development Departmet be pleased to state—

(a) whether there is any proposal to reclaim some areas of the Wetlands on the eastern fringe of Calcutta ; and

(b) if so,

the brief outlines of the proposal ?

Shri Buddhadeb Bhattacharjee :

(a) There is a proposal for reclaiming land on the South of present Salt Lake City.

(b) The present proposal is of reclamation of an area of 237.44 acres comprising Chinta Singh Bhery (187.44 acres) along with adjourning land of 50 acres belonging to Irrigation and Waterways Directorate.

শ্রী সৌগত রায় ঃ স্যার, আমাদের নগর-উন্নয়ন মন্ত্রী মহাশয় অবগত আছেন আজকে ভেড়ির জমি দখল করে সেখানে বাড়ি করার পরিকল্পনার বিরুদ্ধে সাধারণ জনগণ জাগ্রত হয়েছে। সাথে সাথে যারা ভেড়ি শ্রমিক তারাই শুধু উচ্ছেদ হয়ে যাবে না, গরিব মৎস্যজীবিরাও উচ্ছেদ হয়ে যাবে এবং গুরুতর ভাবে কলকাতার পরিবেশের ভারসাম্য নষ্ট হয়ে যাবে। কলকাতার মধ্যে যে একটা ন্যাচারাল সাইকেল বা স্বাভাবিক যে একটা চক্র আছে, যাতে কলকাতার নোংরা জল ওখানে গিয়ে পড়ে এবং ওখান থেকে আবার মাছ কলকাতার মানুষের জন্য ফিরে আসে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কলকাতার পরিবেশের ভারসাম্য দূর হবার এই সম্ভাবনার জন্য আজ সাধারণ মানুষ, ভেড়ি শ্রমিক এবং এনভায়রনমেন্ট আগ্রহী জনগণের এত প্রতিবাদ সত্ত্বেও রাজ্য সরকার কিসের ভিত্তিতে এই জমিগুলিকে পুনরুদ্ধারের কাজে এগিয়ে যাচ্ছেন। এর কারণ কি? হোয়ার আর দি কম্পালসন?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ একটা কথা স্যার, আমি এখানে বলে রাখি, প্রথমে এই ব্যাপারে আমাদের একটা কোর্ট কেস চলছে। কাজেই এর পরে আমার কতটুকু উত্তর দেওয়া ন্যায়সঙ্গত হবে সেটা আমি জানি না। আইনগত অবস্থাটা কি? আমি সব প্রশ্নের উত্তর দিতে রাজি আছি, কিন্তু একটা কোর্ট কেস আছে এই অবস্থাটা জানিয়ে আপনি আমাকে বলবেন আমি কতটা উত্তর দেব।

শ্রী সৌগত রায় ঃ কোর্ট কেসের ব্যাপারে আমি জিজ্ঞাসা করছি না, আমি বলছি কলকাতার একজন নাগরিক হিসাবে আমি জিজ্ঞাসা করতে চাই যে পরিবেশের ভারসাম্য দূর করে দিচ্ছেন কেন? হোয়াট আর দি কমপালসন? কোর্টে যা বলার তা আপনার উকিল বলবেন।

Mr. Speaker : If the matter is contentious to be sub-judice then how can he answer this question ?

Shri Saugata Roy : Sir, as you are aware a public interest litigation on the reclaiming of wet land is going on the High Court. Sir. I have nothing to do with that. I just as a citizen, as a member of this Assembly and as a citizen of Calcutta want to ask the Hon'ble Minister questions which are not related to the court case.

Mr. Speaker : He has replied that the matter is sub-judice.

Shri Saugata Roy : How can he say that the matter is sub-judice ? I will say that the Minister is taking shelter of the sub-judice matter. I am simply asking a question on the environment problem of Calcutta, reclaiming of Calcutta wetland. One particular court case cannot stop all sorts of enquires for all time to come. Then I can say that the Minister is taking shelter.

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ স্যার, আত্মরক্ষা করার আমার কোনও উদ্দেশ্য নেই। আমি খোলাখুলি সবই বলব, যদি আপনি বলেন।

শ্রী সৌগত রায় ঃ একটা পার্টিকুলার কেসের জন্য ইস্যুটা বন্ধ হতে পারে না।

(Noise)

Mr. Speaker : আপনি আমাকে ব্রীফটা দেখাবেন। Send me the papers. I will look through it. On the next day we will decide on this. Not today. The question will be Held Over.

(Noise)

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী সাব জুডিসের পেছনে শেল্টার নিচ্ছেন।

(At this stage, the Congress (I) members walked out the Chamber)

সার শিল্পে ভরতুকি বন্ধের প্রতিক্রিয়া

*২৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩) **শ্রী দিলীপ মজুমদার ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকার সার শিল্পে ভরতুকি প্রদান বন্ধ করেছেন—
এই মর্মে কোনও সংবাদ রাজ্য সরকারের কাছে আছে কি না ;

(খ) থাকলে, এর ফলে রাজ্যের কৃষি উৎপাদন ব্যাহত হবে কি না ; এবং

(গ) এই বিষয়ে রাজ্য সরকারের অভিমত কেন্দ্রীয় সরকারকে জানানো হয়েছে কি না?

শ্রী নীহারকুমার বসু ঃ

(ক) ১৯৯১ সালে কেন্দ্রীয় সরকার রাসায়নিক সারের মূল্যের উপর থেকে ৩০% ভরতুকি কমিয়েছেন এই মর্মে রাজ্য সরকারের কাছে সংবাদ আছে। তবে সম্পূর্ণ বনধ করেছেন এমন কোনও সংবাদ এখনও পর্যন্ত নেই।

(খ) ভরতুকি কমালে বা বন্ধ করলে সারের মূল্য বৃদ্ধি হবে। কৃষি উপকরণের মূল্য বৃদ্ধি হলে কৃষি উৎপাদন ব্যাহত হওয়ার সম্ভাবনা থাকেই।

(গ) হ্যাঁ, রাজ্য সরকার এই মর্মে তাদের অভিমত কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দিয়েছেন।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, রাজ্য সরকার তার অভিমত কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দিয়েছেন। আমি জানতে চাইছি যে, এর পরে কেন্দ্রীয় সরকার নতুন কোনও ব্যবস্থা নিয়েছেন কি?

শ্রী নীহারকুমার বসু ঃ কেন্দ্রীয় সরকারের তরফ থেকে আর কিছু জানানো হয়নি। তবে বর্তমানে বাজেটে সারের ওপর ভরতুকি বন্ধ করা হয়নি।

(অ্যাট দিস টাইম অল কংগ্রেস আই মেম্বারস এনটারড ইন দি হাউস)

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় তিনি বর্তমানে বাজেটের কথা বললেন আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে। এই সারের ভরতুকি তুলে দেবার ফলে সারের দাম বাড়বে। এই ব্যাপারে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে মূল্যকে কমিয়ে রাখার জন্য আমরা কোনও ভরতুকি দিই কি না বা কোনও রকম চিন্তা ভাবনা আছে কি না?

শ্রী নীহারকুমার বসু ঃ সারের ওপর রাজ্য সরকারের তরফ থেকে কোনও ভরতুকি দেওয়া হয় না।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন যে এই বছর কেন্দ্রীয় সরকার সারে ৫ হাজার কোটি টাকা ভরতুকি দিয়েছেন। মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি বামফ্রন্টের সদস্যরা এই ভরতুকি নিয়ে খুব আগ্রহ দেখাচ্ছেন। পশ্চিমবাংলায় যত সার বিক্রি হয়। তার কত পারসেন্ট বড় চাষীরা পায় এবং কত পারসেন্ট ছোট চাষীরা ভোগ করেন?

শ্রী নীহারকুমার বসু ঃ পশ্চিমবাংলাতে গরিব চাষী আছেন শতকরা ৯০ ভাগ, তারাই এই সার পান।

শ্রী সৌগত রায় ঃ আমি তো বলতে পারি যে, শতকরা ১০০ ভাগ আছে, আপনার কাছে কি কোনও সার্ভে আছে?

মিঃ স্পিকার ঃ ইউ কান্ট গো ইন্টু ডিবেট ইন দিস। প্লীজ সিট ডাউন।

[11-55 — 12-05 Noon]

শ্রী সুভাষ বসু ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমরা ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য, কংগ্রেস শাসতি রাজ্যে কি পরিমাণ ভরতুকি দেয় সারে এবং কোন ধরনের কৃষকরা তা পায়?

মিঃ স্পিকার ঃ এটা প্রশ্ন হল না, বাতিল হল।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ ভরতুকি তুলে দেওয়া হয়েছে বলে চিৎকার করছেন, কিন্তু ৫ হাজার কোটি টাকা সাবসিডি দেওয়া হয়েছে। মন্ত্রী মহাশয় জানাবেন কি এই ৫ হাজার কোটি টাকা ভরতুকি দেওয়ায় বাজারে সারের কোনও দাম বেড়েছে কিনা আগের চেয়ে?

শ্রী নীহারকুমার বসু ঃ সারের আগে যা দাম ছিল, তাই আছে। বাড়াবাড়ির কি আছে।

শ্রী তপন হোড় ঃ মন্ত্রী মহাশয় কি জানাবেন কেন্দ্রীয় সরকারের এই সার নীতির ফলে রাজ্যে সারের ঘাটতির পরিমাণ কত?

শ্রী নীহারকুমার বসু ঃ বর্তমানে আমাদের রাজ্যে সারের কোনও ঘাটতি নেই।

দরিদ্র মানুষদের মধ্যে বস্ত্র বিতরণ

*২৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬০) **শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার ঈদ্ ও দুর্গাপূজা উপলক্ষে বিধায়কদের মাধ্যমে দরিদ্র মানুষদের মধ্যে বস্ত্র বিতরণের ব্যবস্থা করেন ; এবং

(খ) সত্যি হলে, ১৯৯১-৯২ আর্থিক বছরে এই ব্যবস্থানুযায়ী কোনও কাজ হয়েছে কিনা?

শ্রীমতী ছায়া ঘোষ ঃ

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ, প্রতিটি বিধায়কের মাধ্যমে ১৫৫টি ধুতি, ৫৫টি লুঙ্গি, ২১০টি শাড়ি ও ২১০টি শিশু পোষাক বিতরণের ব্যবস্থা করা হয়েছিল। এ বাবদ ১৯৯১-৯২ আর্থিক বছরে ত্রাণ অধিকর্তা ও জেলা শাসকদের যথাক্রমে ৩২,৬২,০৭১ টাকা ও ৬,২৮,৩২০ টাকা আবণ্টন করা হয়েছিল।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মন্ত্রী মহাশয় যে উত্তর দিয়েছেন তা ঠিক আছে। আমি জানতে চাইছি যে কোয়ালিটির কাপড় দেন সেগুলো সাধারণ মানুষের হাতে তুলে দেওয়ার ক্ষেত্রে লজ্জা হয়। কারণ এগুলো লোয়ার কোয়ালিটির কাপড়। এই কোয়ালিটি উন্নত করার কথা সরকারের চিন্তায় আছে কিনা?

শ্রীমতী ছায়া ঘোষ ঃ আপনারা জানেন যে ভবতোষ দত্ত কমিটি যে রিপোর্ট পেশ করে গিয়েছেন সেই রিপোর্টের ভিত্তিতে তন্তুশ্রী এবং তন্তুজ থেকে কাপড় এবং লুঙ্গি নেওয়া হয়। এগুলো সাধারণ গরিব মানুষ পছন্দ করেন বলেই আমাদের জানা আছে।

শ্রী মহম্মদ আব্দুল করিম চৌধুরি ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি এই কাপড়গুলো যে দেন সেটা পূজার সময় দেওয়া হয়। কিন্তু এখন ঈদ্ চলছে আমরা কোনও চিঠি পাই নি আবার কোনও কাপড়ও পাই নি।

শ্রীমতী ছায়া ঘোষ ঃ গতবারে এই বাজেটের সময় আপনারা জানেন নির্বাচন হয়। নির্বাচনের সময়ে একমাস আমাদের কোনও বিধায়ক ছিলেন না। তা সত্ত্বেও ত্রাণ দপ্তরের অধিকর্তার মাধ্যমে এবং ডি এমের মাধ্যমে এবং ব্লক স্তরে পঞ্চায়েত সমিতির মাধ্যমে ঈদের

সময় কাপড় দেওয়া হয়। আবার নির্বাচনের রেজাল্ট আউট হওয়ার পর পূজার সময় বিধানসভায় সদস্যরা কাপড় নিয়েছেন বলে আমাদের খবর আছে।

(একই সঙ্গে অনেক সদস্য উঠে দাঁড়ান)

পূজার আগে, ঈদের আগে কে কে পান নি? যারা পান নি, তারা যেয়ে খবর নিন।

Held Over Starred Questions
(to which oral answers were laid on the Table)

বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় নলকূপ স্থাপন

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৪) শ্রী **দেবপ্রসাদ সরকার** ঃ কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় পশ্চিমবঙ্গে গভীর নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন হতে বিলম্ব হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, কারণ কি?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সত্য

(খ) পশ্চিমবঙ্গে সরকারে প্রচলিত নিয়ম থেকে স্বতন্ত্র হওয়ার জন্য বিশ্বব্যাঙ্ক প্রকল্পের বিভিন্ন কাজের দরপত্র (টেন্ডার) ডাকা ও তার উপর সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে বিশ্বব্যাঙ্ক এবং পশ্চিমবঙ্গ সরকারের মতানৈক্যর সৃষ্টি হয় এবং বিশ্বব্যাঙ্কের সঙ্গে আলোচনা করে এই মতানৈক্য কাটিয়ে উঠে প্রকৃতপক্ষে বিশ্বব্যাঙ্ক প্রকল্পের সঠিক অগ্রগতির কাজ শুরু হয় ১৯৮৮-৮৯ আর্থিক বৎসর থেকে।

Starred Questions
(to which oral answers were laid on the Table)

উত্তর চব্বিশ পরগনা জেলায় মুসলিম মহিলা হোস্টেল নির্মাণ

*২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৯) শ্রী **রবীন্দ্রনাথ মন্ডল** ঃ স্বরাষ্ট্র (সংখ্যালঘু বিষয়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তর চব্বিশ পরগনা জেলায় একটি মুসলিম মহিলা হোস্টেল নির্মাণের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ ঐ হোস্টেলের নির্মাণকার্য শুরু ও শেষ হবে বলে আশা করা যায়?

স্বরাষ্ট্র (সংখ্যালঘু বিষয়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, এটা সত্যি।

(খ) আগামী আর্থিক বছরে ঐ হোস্টেলের নির্মাণ কার্য শুরু হবে বলে আশা করা যায়। নির্মাণ কার্য শেষ হতে তিন থেকে চার বছর লাগবে বলে অনুমান করা হচ্ছে।

Proposal for converting some Jails into High Security Jails

*254. (Admitted Question No. *1004) **Dr. Tarun Adhikari** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether the State Government has any proposal to convert some of the existing Jails in West Bengal into high security Jails ; and

(b) if so,

(i) the brief outlines of the proposal ; and

(ii) the steps taken/proposed to be taken in the matter ?

Minister-in-charge of the Home (Jails) Department :

(a) Yes. The State Government has the proposal to convert a portion of Dum Dum Central Jail into high security Jail (Maximum Security Prison) by renovation and introduction of modern systems and gadgets.

(b) (i) A proposal for conversion of a portion of the Dum Dum Central Jail into a maximum security Prison equipped with modern systems, like V.H.F. (Variable High Frequency) and other gadgets, capable of detaining effectively the high security prisoners, extremist and other escape prone and dangerous prisoners was finalised in 1990 and accordingly necessary plan and estimate from the P.W. Deptt. at the highest level was obtained to the tune of Rs. 1 crore 52 lakhs (approx). The same for this conversion was sought to be funded under "Modernisation of Jails programme" with central assistance.

(ii) The above conversion work was schemed to be undertaken into two important phases so as not to dislocate and disturb the normal functioning of the Dum Dum Central Jail. The

existing cell blocks (old. unsuitable) of this Central Jail were proposed to be demolished giving place to the construction of new cell blocks and dormitories for such special type of prisoner having a total capacity of 360 prisoner plus 40 cells=400 conforming to the latest standards and the requirements as recommended by Kapoor Committee on Prison security.

In the first phase, perimeter wall demarking the existing cell blocks and separating then from the main Jail is scheduled for execution. For this purpose a total sum of Rs. 50 (fifty) lakhs has already been sanctioned by this State Government in the present financial year i.e. 1991-92 and the fund has already been made available to P.W. Deptt. with necessary administrative approval.

স্টার থিয়েটার পুনর্নির্মাণের পরিকল্পনা

*২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮২) ডাঃ দীপক চন্দ ঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) স্টার থিয়েটার পুনর্নির্মাণের বিষয়ে রাজ্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কিরূপ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) স্টার থিয়েটারটি ব্যক্তি মালিকানাধীন। পুনর্নির্মাণ তাদেরই করার কথা। সরকারের কাছে কোনও সাহায্য তারা চান নি এখনও।

(খ) প্রশ্ন ওঠে না।

Exemption of the Wakf Properties from the Opeartion of Rent Control Act

*256. (Admitted Question No. *1077) **Shri Quazi Abdul Gaffar** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Judicial (Wakf) Department be pleased to state—

(a) the position in West Bengal with regard to exemption of the Wakf Properties from the operation of Rent Control Act ; and

(b) the contemplation of the State Government, if any, in this regard ?

Minister-in-charge of the Judicial (Wakf) Department :

(a) No such proposal is under the consideration of the Govt.

(b) Does not arise.

বি ভি এস কোর্সে আসন সংখ্যা

*২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭১) শ্রী **সুরেন্দ্রনাথ মাঝি** ঃ প্রাণি সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বি ভি এস কোর্সে মোট আসন সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে তফসিলি জাতি ও তফসিলি উপজাতিদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা কত (পৃথকভাবে) ?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৮৪ (দার্জিলিং জেলার পার্বত্য উপজাতি সম্প্রদায়ের জন্য ৪টি অতিরিক্ত আসন সহ)

(খ) তফসিলি জাতি—শতকরা ১৫ ভাগ

তফসিলি উপজাতি—শতকরা ০৫ ভাগ।

আর এল আই প্রকল্পের সংখ্যা

*২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৫) শ্রী **ধীরেন সেন** ঃ কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত পশ্চিমবঙ্গে আর এল আই প্রকল্পের মোট সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে সচল প্রকল্পের সংখ্যা কত ;

(গ) সচল প্রকল্পগুলির মধ্যে—

(১) বিদ্যুৎচালিত ও

(২) ডিজেলচালিত প্রকল্পের সংখ্যা কত ; এবং

(ঘ) ১৯৯২-৯৩ আর্থিক বছরে নতুন আর এল আই প্রকল্প স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা ?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৩১শে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত পশ্চিমবঙ্গে স্থাপিত মোট আর এল আই প্রকল্পের সংখ্যা ৩৩৮৪।

(খ) তন্মধ্যে সচল প্রকল্পের সংখ্যা ৩০৯৩টি।

(গ) সচল প্রকল্পগুলির মধ্যে

(১) বিদ্যুৎচালিত—৯২১টি

(২) ডিজেল চালিত—২১৭২টি।

(ঘ) ১৯৯২-৯৩ আর্থিক বছরে নতুন আর এল আই প্রকল্প স্থাপনের কোনও পরিকল্পনা নেই।

বিধান নগরের জমি বণ্টন

*২৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬১) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিধান নগরের জমি জনসাধারণের মধ্যে বণ্টনের ক্ষেত্রে সরকারি নিয়ম কি;

(খ) সরকারি নিয়মনীতি লঙ্ঘন করে ঐ জমি বণ্টনের কোনও অভিযোগ সম্প্রতি সরকারের গোচরে এসেছে কিনা ; এবং

(গ) এসে থাকলে, তার যথাযথ তদন্তের ব্যবস্থা করেছেন কি না?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বিধাননগরের জমি জনসাধারণের মধ্যে বণ্টনের ক্ষেত্রে বিভিন্ন সময়ে প্রয়োজন ভিত্তিক পদ্ধতি গ্রহণ করা হয়েছে।

১৯৭৭ সালের পূর্ববর্তী সময়ে আবেদনকারীর সংখ্যা অল্প থাকায় কেবল দরখাস্তের ভিত্তিতে যোগ্যতা বিচার করার পর জমি বণ্টন করা হত। ১৯৭৭-র পর বিধান নগরে বসত-জমির চাহিদা অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাওয়ায় ১৯৭৮ সালে লটারির মাধ্যমে ২ কাঠা ও ৩ কাঠা জমি বিতরণ করা হয়। আর ৪ ও ৫ কাঠা জমির দরখাস্তকারীর সংখ্যা সীমিত থাকায় মাত্র দরখাস্তের ভিত্তিতে যোগ্যতা বিচার করে জমি বণ্টনের পদ্ধতি অব্যাহত রাখা হয়। কিন্তু ১৯৮১ সালে ৪ ও ৫ কাঠা জমির ক্ষেত্রেও চাহিদা বৃদ্ধি পাওয়ায়, এক্ষেত্রেও লটারির মাধ্যমে জমি বিলির পদ্ধতি নেওয়া হয়। কিন্তু লটারির মাধ্যমে জমি বণ্টনে দেখা যায়, সমাজের সর্বস্তরের মানুষ জমি পাবার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। সেহেতু ১৯৮১ সালে মন্ত্রী সভা সিদ্ধান্ত গ্রহণ করেন যে, সমাজের নিম্নোক্ত শ্রেণীর ব্যক্তিরাও বিধাননগরে জমি পাবার ক্ষেত্রে বিবেচিত হবেন :

(১) সেইসকল সরকারি কর্মচারী যাদের অবসর গ্রহণের সময় আসন্ন ;

(২) নির্যাতিত রাজনীতিক ও সমাজসেবী ;

(৩) সাংবাদিক ;

(৪) বিচারক, আইনব্যবসায়ী খেলোয়াড়, সংগীতশিল্পী, চিকিৎসক, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট সংখ্যালঘু সম্প্রদায়ের জনগণ ;

(৫) আসাম, ত্রিপুরা ও মেঘালয়ে হাঙ্গামায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ ;

(৬) সেইসব ব্যক্তি যাদের জমি সি আই টি, সি এম ডি এ, সল্টলেক প্রোজেক্ট, মেট্রো রেল কর্তৃক উন্নয়ন প্রকল্পে অধিগ্রহণ করা হয়েছে ;

(৭) দৈহিক প্রতিবন্ধী ;

(৮) প্রতিরক্ষা কর্মী ;

(৯) ভারতে বসবাস করতে ইচ্ছুক অনাবাসী ভারতীয়।

অবশ্য ১৯৮৭ সনে মহামান্য হাইকোর্টের নির্দেশ বলে বর্তমানে একমাত্র মুখ্যমন্ত্রীর নির্দেশক্রমেই বিধাননগরে জমি বণ্টন করা যায়।

বিধাননগরে জমি বণ্টনের সকল ক্ষেত্রে মন্ত্রী সভা নির্দেশিত নিম্নোক্ত শর্তগুলি খতিয়ে দেখা হয় ঃ

(১) এরূপ ব্যক্তি জমি পাবার উপযুক্ত যার বা যার পরিবারের অধীনে কলকাতা পুর এলাকায় ২ কাঠা কিম্বা কলকাতা মহানগর উন্নয়ন এলাকায় ৪ কাঠার বেশি জমি নেই ;

(২) তার বা তার পরিবারের অধিকারে বিধাননগরে অন্য কোনও জমি নেই ; এবং

(৩) আরবান ল্যান্ড সিলিং অ্যান্ড রেগুলেশন অ্যাক্ট ১৯৭৯ অনুযায়ী ব্যক্তি বা তার পরিবারের অধিকারে থাকা মোট জমির পরিমাণ উক্ত অ্যাক্টের আওতা বহির্ভূত।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

কৃষি প্রযুক্তি সহায়কদের কাজের তত্ত্বাবধান

*২৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৩) **শ্রী সুশান্ত ঘোষ ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গ্রাম পঞ্চায়েত এলাকায় কর্মরত কৃষি প্রযুক্তি সহায়কদের কাজ কর্মের তত্ত্বাবধান করার কোনও ক্ষমতা গ্রাম পঞ্চায়েতের নেই ; এবং

(খ) সত্যি হলে, উক্ত কর্মচারিদের মধ্যে দায়িত্ব বণ্টন ও তাদের কাজের তত্ত্বাবধান করার দায়িত্ব পঞ্চায়েতের হাতে ন্যস্ত করার কোনও পরিকল্পনা বিবেচনাধীন আছে কি না?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, এটা সত্য যে, গ্রাম পঞ্চায়েত এলাকায় কর্মরত কৃষি প্রযুক্তি সহায়কদের কাজকর্মের তত্ত্বাবধান করার কোনও ক্ষমতা গ্রাম পঞ্চায়েতের নেই।

(খ) না।

মার্কেটিং লিঙ্ক রোড স্থাপন

*২৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২১) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মার্কেটিং লিঙ্ক রোড স্থাপনের কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত প্রকল্পে আর্থিক সাহায্যের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছে কি না?

কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এই প্রকল্প চালু আছে।

(খ) সাধারণত মার্কেটিং লিঙ্ক রোড উন্নয়নের জন্য এই সরকারের কৃষি বিভাগের বাজেটে টাকার ব্যবস্থা রাখা হয়। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হয়েছে।

পশু চিকিৎসালয়ের সংখ্যা

*২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮১) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত পশ্চিমবঙ্গে পশু চিকিৎসালয়ের সংখ্যা কত ; এবং

(খ) ১৯৯২-৯৩ আর্থিক বছরে কয়টি নতুন পশু চিকিৎসালয় স্থাপন করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৪৩২টি। এরমধ্যে রাজ্য প্রাণী স্বাস্থ্য কেন্দ্র ১১০টি।

ব্লক প্রাণী স্বাস্থ্য কেন্দ্র—৩৪১টি

অতিরিক্ত ব্লক প্রাণী স্বাস্থ্য কেন্দ্র—২৭০টি

ভ্রাম্যমান প্রাণীস্বাস্থ্য কেন্দ্র—৮৩টি

যন্ত্রচালিত নৌকা স্পিড বোডে স্থাপিত ভ্রাম্যমান প্রাণী স্বাস্থ্য কেন্দ্র—৮টি

প্রাণী বিকাশ সহায়ক কেন্দ্র—৩২০টি।

(খ) ২টি রাজ্য প্রাণী স্বাস্থ্য কেন্দ্র।

দ্বিতীয় হুগলি সেতু

*২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭১) **শ্রী নটবর বাগদি ঃ** নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দুই প্রান্ত থেকে দ্বিতীয় হুগলি সেতুর নির্মীয়মাণ দুটি অংশের সমানভাবে সংযুক্ত হওয়ার ক্ষেত্রে কিছু অসুবিধা দেখা দিয়েছে ;

(খ) সত্যি হলে, কি ধরনের অসুবিধা দেখা দিয়েছে ; এবং

(গ) ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত দ্বিতীয় হুগলি সেতু নির্মাণে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ৩১শে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত দ্বিতীয় হুগলি সেতু নির্মাণে ব্যয়িত অর্থের পরিমাণ ২৮৫ কোটি ২০ লক্ষ ২৬ হাজার (২৮৫,২০,২৬,০০০) টাকা।

পুরুলিয়া জেলায় আর এল আই প্রকল্পের সংখ্যা

*২৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮৪) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত পুরুলিয়া জেলায় সচল আর এল আই প্রকল্পের সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, বিদুৎচালিত আর এল আই প্রকল্পের সংখ্যা কত?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৩১শে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত পুরুলিয়া জেলায় সচল আর এল আই প্রকল্পের সংখ্যা ১২৬টি।

(খ) তন্মধ্যে বিদ্যুৎচালিত আর এল আই প্রকল্পের সংখ্যা ৫টি।

দ্বিতীয় হুগলি সেতুর নির্মাণকার্য

*২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯১) **শ্রী অমিয় পাত্র ঃ** ১৩-৮-৯১ তারিখের প্রদত্ত প্রশ্ন নং *২৯২ (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৯)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দ্বিতীয় হুগলি সেতুর নির্মাণকার্য কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ; এবং

(খ) উক্ত নির্মাণকার্য ত্বরান্বিত করার জন্য জন্য কোনও বিশেষ ব্যবস্থা গৃহীত হয়েছে কি না?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সেতু নির্মাণের কাজ চলতি বছরের মাঝামাঝি শেষ হবে বলে আশা করা যায়।

(খ) প্রকল্পের কাজ খতিয়ে দেখার জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক গঠিত যে উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি ও অন্যান্য বিভিন্ন কমিটি আছে, তাদের বিভিন্ন নিয়মিত সভাগুলিতে সেতু নির্মাণকার্য ত্বরান্বিত করার নানা উপায় অলোচিত ও নির্ধারিত হচ্ছে। মূলসেতু নির্মাণের ভারপ্রাপ্ত ঠিকাদার বি বি জে কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেডের প্রতিনিধি বর্গকেও তাদের কাজ ত্বরান্বিত করার জন্য সর্বতোভাবে সচেষ্ট হতে বারংবার প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হচ্ছে।

কলকাতায় শিশুদের জন্য প্রেক্ষাগৃহ স্থাপন

*২৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৪) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার কলকাতায় শিশুদের জন্য একটি প্রেক্ষাগৃহ স্থাপন করছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও আর্থিক সাহায্য পাওয়ার সম্ভাবনা আছে কি না?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কলকাতা মানিকতলা এলাকায় তথ্য ও সংস্কৃতি বিভাগের নিজস্ব একখন্ড জমিতে শিশুদের জন্য প্রেক্ষাগৃহ সহ একটি সংস্কৃতি কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) উক্ত প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আর্থিক সাহায্যের জন্য আবেদন করা হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত কোনও আর্থিক সাহায্য পাওয়া যায়নি।

মুর্শিদাবাদ জেলায় দমকল কেন্দ্র স্থাপন

*২৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯১) **শ্রী তোয়াব আলি ঃ** পৌর বিষয়ক (দমকল) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি মুর্শিদাবাদ জেলায় নতুন দমকল কেন্দ্র তৈরির প্রস্তাব জেলা থেকে সরকারের কাছে এসেছে কি না ; এবং

(খ) এসে থাকলে, সরকার এ প্রস্তাব বিবেচনা করছেন কি না?

পৌর বিষয়ক (দমকল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) মুর্শিদাবাদ জেলা শাসকের কাছ থেকে ধুলিয়ানে একটি নতুন দমকল কেন্দ্র স্থাপনের প্রস্তাব এসেছে।

(খ) ধুলিয়ানে দমকল স্থাপনের প্রস্তাবটি আপাতত সরকারের বিবেচনাধীন নেই।

"প্রেস অ্যাক্রিডিয়েট" কার্ড প্রদান

*২৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৫) **শ্রী শীশ মহম্মদ ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে পাঁচ বছরের অধিক সময় ধরে যে সব সাপ্তাহিক পত্রিকা প্রকাশিত হচ্ছে, সেই সব পত্রিকার সম্পাদকদের "প্রেস অ্যাক্রিডিয়েট' কার্ড দেওয়া হয় কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, এইরূপ কার্ড দেবার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, পরিকল্পনাটি কবে থেকে কার্যকর হবে বলে আশা করা যায়?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সাংবাদিকদের প্রেস কার্ড দেওয়ার ব্যাপারে প্রাথমিক শর্তই হল তাদের পূর্ণ সময়ের এবং পেশাগত ভাবে সাংবাদিক হতে হবে। সম্পাদক যদি পূর্ণ সময়ের

সাংবাদিক হন, তাহলে তিনিও এই ধরনের কার্ড পেয়ে থাকেন। সাংবাদিকদের তিন বছরের অভিজ্ঞতা এই ক্ষেত্রে বিবেচনা হয়। প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির পরামর্শমতো সিদ্ধান্ত নেওয়া হয়ে থাকে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

বিচারাধীন উন্মাদ বন্দির মৃত্যু

*২৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৫) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দমদম সেন্ট্রাল জেলে ১৯৯১ সালের অক্টোবর থেকে ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে কিছু বিচারাধীন উন্মাদ বন্দি বিনা চিকিৎসায় মারা গিয়েছেন ;

(খ) সত্যি হলে, উক্ত সময়ে উক্ত মৃত ব্যক্তির সংখ্যা কত ;

(গ) এই ঘটনার কোনও তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে কি না ; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত তদন্তের ফলাফল কি?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ইহা সত্য নহে। কোনও বিচারাধীন উন্মাদ বন্দি বিনা চিকিৎসায় দমদম সেন্ট্রাল জেলে ১৯৯১ সালের অক্টোবর থেকে ডিসেম্বর মাস পর্যন্ত মারা যায়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

'পশ্চিমবাংলা' পত্রিকা

*২৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৬) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) 'পশ্চিম বাংলা' পত্রিকা (সাঁওতালী ভাষায়) সরকারি অনুদানে ছাপানো হয় কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত পত্রিকা প্রতি বছর কত কপি করে ছাপানো হয়?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এটা সরকারের নিজেরই পত্রিকা। সব আর্থিক দায়িত্ব সরকারের।

(খ) বর্তমানে প্রতি মাসে ৪৫০০ কপি ছাপা হয়।

যাত্রা ও নাট্যমঞ্চে জীবন্ত সাপ ইত্যাদি নিয়ে অভিনয়

*২৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৪) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) যাত্রা ও নাট্যমঞ্চে জীবন্ত সাপ, পাখি প্রভৃতি পশুদের নিয়ে অভিনয়ের উপর নিষেধাজ্ঞা আরোপ করার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কিরূপ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) যাত্রা ও নাট্য মঞ্চে পশু পাখি প্রভৃতি নিয়ে অভিনয়ের উপর নিষেধাজ্ঞা আরোপ করার কোনও পরিকল্পনা সরকারের এই মূহুর্তে বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

দুধের সংগ্রহ মূল্য

*২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৫) **শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

বর্তমানে রাজ্য সরকার কর্তৃক সরবরাহকৃত দুধের সংগ্রহ মূল্য কত?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

সরকারি দুগ্ধ প্রকল্পগুলির জন্য সরকার নির্ধারিত দুধের সংগ্রহমূল্য নিম্নরূপ ঃ—

১। দুগ্ধ উৎপাদকদের ক্ষেত্রে ঃ—

(ক) গরুর দুধ (৪.৫% ফ্যাট, ৫ টাকা ২৫ প. প্রতি কেজি ; (৮.৫% এস এন এফ যুক্ত)

(খ) মোষের দুধ ৭% ফ্যাট, ৬ টাকা ৮২ প. প্রতি কেজি ; (৯.২৫% এস এন এফ যুক্ত)

২। দুগ্ধ সমবায় সমিতি ও পঞ্চায়েত কর্তৃক চিলিং প্ল্যান্টে সরবরাহের ক্ষেত্রে ঃ—

(ক) গরুর দুধ—৫ টাকা ৫৮ পয়সা প্রতি কেজি ;

(খ) মোষের দুধ—৭ টাকা ২০ পয়সা প্রতি কেজি।

৩। দুগ্ধ সমবায় সমিতি ও পঞ্চায়েত কর্তৃক সরকারি ডেয়ারিতে শীতলীকৃত দুধ সরবরাহের ক্ষেত্রেঃ—

(ক) গরুর দুধ— ৫ টাকা ৬৯ পয়সা প্রতি কেজি ;

(খ) মোষের দুধ— ৭ টাকা ৪০ পয়সা প্রতি কেজি।

নতুন শস্যবিমা প্রকল্পের সংখ্যা

*২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৪) **শ্রী সুশান্ত ঘোষ ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

বর্তমান আর্থিক বছরে পশ্চিমবঙ্গে কতগুলি নতুন ব্লকে শস্যবিমা প্রকল্প চালু করার পরিকল্পনা গৃহীত হয়েছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

বর্তমান আর্থিক বছরে পশ্চিমবঙ্গে কোনও নতুন ব্লকে শস্যবিমা চালু করার পরিকল্পনা গৃহীত হয়নি। গত আর্থিক বছরে যে প্রকল্পগুলিতে শস্যবিমা চালু ছিল বর্তমানে বছরেও সেই ব্লকগুলিতেই শস্যবিমা প্রকল্প চালু আছে।

ভেটেরিনারি কম্পাউন্ডারস্ ও ড্রেসার্স কোর্স

*২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯৬) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** প্রাণি সম্পদ বিকাশ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে ভেটেরিনারি কম্পাউন্ডারস ও ড্রেসার্স কোর্সে ছাত্র ভর্তি করা হচ্ছে না ;

(খ) সত্যি হলে, কারণ কি ;

(গ) উক্ত কোর্সকে ডিপ্লোমা ইন ফার্মেসিতে পরিণত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(ঘ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি কার্যকর হবে বলে আশা করা যায়?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সত্য।

(খ) উক্ত কোর্সে উত্তীর্ণ ছাত্রদের রাজ্য সরকারের অধীনে ভেটেরিনারি কম্পাউন্ডার পদে নিয়োগ করা হয়। কিন্তু ভেটেরিনারি কম্পাউন্ডার পদ শূন্য না থাকার কারণে

কোর্সটিকে বন্ধ রাখা হয়েছে।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

HALF-AN-HOUR DISCUSSION

Mr. Speaker : Shri Subrata Mukherjee to raise a discussion on the points arising out of the reply given on the 10th March, 1992 to Starred Question No. *27 (Admitted Question No. *3) regarding 'Release of Convicted Prisoners during 1990-91', supported by Dr. Manas Bhunia and Shri Saugata Roy. Mr. Subrata Mukherjee is not present in the House.

Now, Mr. Saugata Roy, under rule 58(5), what is the procedure, is subject to discuss. The procedure of the discussion is that you can put one and further question and clarification.

শ্রী সৌগত রায় ঃ স্যার, নরম্যালি নিয়মটা হচ্ছে, আমরা লোকসভায় দেখেছি যে, আমাদের এখানে তো হয় না—কিছুক্ষণ মেম্বার বলে ব্যাপারটা সাজিয়ে নেন এবং তারপর কোয়েশ্চেন করেন।

মিঃ স্পিকার ঃ আমাদের তো লোসকভার নিয়ম নয়।

Shri Saugata Roy : The member who has given notice may make a short statement and the Minister concerned shall reply shortly.

Mr. Speaker : You make a question against which Minister will give a reply.

শ্রী সৌগত রায় ঃ আর একজন মেম্বার করতে পারেন, সেটাও রয়েছে, আমি ছাড়া আর একজন মেম্বার এ নিয়ে প্রশ্ন থাকলে করতে পারেন—সেটা রুলসে রয়েছে।

Mr. Speaker : Intimated to the Speaker may be permitted and that is not intimated to me. I am sorry.

শ্রী সৌগত রায় ঃ এখন ইনটিমেট করলাম'

মিঃ স্পিকার ঃ এইভাবে হয় না। আপনি বলুন।

[12-05 — 12-15 P.M.]

শ্রী সৌগত রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে কয়েকদিন আগে একটা প্রশ্ন উঠেছিল On the release of convicted prisoners during 1990-91 প্রশ্ন করার

সময় আমরা অভিযোগ করেছিলাম যে সম্পূর্ণ পলিটিক্যাল কনসিডারেশনে জেল কোড না মেনে এবং কোনও রকম গাইড লাইন না মেনে প্রিজনারদের ছেড়ে দেওয়া হচ্ছে এবং যে প্রিজনারদের ক্ষেত্রে নর্মাল কোর্সে তাদের ছাড়া পাবার কথা এই রাজ্য সরকারের গাফিলতির জন্য তা হচ্ছে না। আমি মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটা তথ্য তুলে ধরব এবং তুলে ধরার পর আশা করব যে মন্ত্রী মহাশয় উত্তর দেবেন যে কেন এবং কি কনসিডারেশনে এই ধরনের ছাড়া হচ্ছে এবং কেন যাদের রিলিজ পাবার কথা তাদের ছাড়া হচ্ছে না। যাদের ছাড়া হয়েছে তাদের মধ্যে আমি বলি সবচেয়ে জঘন্য কেস হচ্ছে, পীযুষকান্তি সেন, সে ১৯৮৬ সালে বাগনানে কংগ্রেস কর্মী মানস সেনকে হত্যার ব্যাপারে জেলে গিয়েছিল, তাকে ছেড়ে দেওয়া হয়েছে ১৩ই নভেম্বর, ৯১ সালে। পাঁচ বছরের মধ্যে একজন রাজ্যের প্রাক্তন মন্ত্রীর সুপারিশে এবং শুধু পীযুষকান্তি সেন নয়, তার সঙ্গে যে কেস কনেকশন পাঁচ জন ছিল, তাদের ছেড়ে দেওয়া হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত এটা ক্লিয়ার হয়নি। ১৬১ ধারা অনুযায়ী সংবিধানে রাজ্যপালের মার্সি করার ক্ষমতা আছে, রেমিট করার ক্ষমতা আছে। প্রত্যেকটি স্টেট কি ক্ষেত্রে রাজ্যপাল মার্সি দেখাবেন, রেমিট করবেন, সেটা দেওয়া আছে। আমাদের রাজ্যে দুর্ভাগ্য বশত কোনও রকম গাইড লাইন নেই। তারফলে আমাদের এটা সমস্ত ভাবে আর্বিট্রারি হয়ে যাচ্ছে। আমি নেক্সট একজাম্পল দিচ্ছি, রায়গঞ্জে ভোলা পাল মার্ডারের জন্য জেল খাটছিলেন, পাঁচ বছরের মধ্যে তাকে ছেড়ে দেওয়া হয়েছে। কারণ তারও একজন বড় তদ্বির কারক ছিলেন, যিনি সি পি এমের একজন টপ নেতা। তারজন্য তাকে ছেড়ে দেওয়া হয়েছে। তারপর বহরমপুর সেন্ট্রাল জেল থেকে পাঁচজনকে ছেড়ে দেওয়া হয়েছে। এদের নাম হচ্ছে জীতেন সিং, জীবন সিং, অমল রায়, খোকা বর্মন এবং গীতগোবিন্দ পাল। এরা মাত্র ৮। । বছর খেটেছিল। কুচবিহারের একজন প্রভাবশালী মন্ত্রীর প্রভাবে এদের ছেড়ে দেওয়া হয়েছে। আমি আরও উল্লেখ করছি ঔরঙ্গজেব বলে একজন সে ৯ বছর খেটেছে, তাকে ছেড়ে দেওয়া হয়েছে। একজন সি পি আই-এর উচ্চশ্রেণী নেতার সুপারিশ তাকে ছেড়ে দেওয়া হয়েছে। ঔরঙ্গজেবের সঙ্গে একই কেসে যারা জড়িত ছিল ফুলবাগান মামলায়, তাদের এখনও পর্যন্ত কাউকে ছাড়া হয়নি। তাদের নাম হচ্ছে হায়দার মহম্মদ মুন্না, এবং জাহির হোসেন এবং মহঃ তালিব। ফুলবাগান কেসে এরা জড়িত ছিল। যে কেসে ঔরঙ্গজেবকে ছেড়ে দেওয়া হয়েছে, সেই একই কেসে যারা রয়েছে নয় বছর খেটেছে, তারা ছাড়া পায়নি। অন্যদিকে আমি গতকাল আলিপুর সেন্ট্রাল জেল থেকে খবর নিলাম যে আলিপুর সেন্ট্রাল জেলে ১৪ বছর এর বেশি খেটেছে এমন কনভিকটেডের সংখ্যা বহু। আমি কারও কারও নাম বলব। আগে নিয়ম ছিল যে ২০ বছর লাইফ ইমপ্রিজনমেন্ট মানে বোঝাতে এবং সেই ২০ বছরটা রেমিশন পেয়ে পেয়ে ১৪ বছর হয়ে যেত অনেক জায়গায় ১২ বছরেও ছেড়ে দেওয়া হত। স্পিকার মহাশয়, আমার ভুল হলে বলে দেবেন, কারণ আপনি একজন ফেমাস ক্রিমিন্যাল লইয়ার। সুতরাং আপনি জানবেন আগে যে জেল কোড ছিল, প্র্যাকটিক্যালি দাঁড়াতো যে ৯ মাসে বছর হত। এখন রেমিশন কাউকে দেওয়া হচ্ছে না এবং আলিপুর সেন্ট্রাল জেলে বর্তমানে ১৪ বছর কমপ্লিট হয়ে গেছে, এই রকম প্রিজনারদের নাম বলছি, শম্ভু চক্রবর্তী, পুরো ১৪ বছর হয়েছে, মানিক দে পুরো ১৪ বছর হয়েছে, এর কংগ্রেসি। এই একই কেস এটা, এরা খাটছে। এটা হচ্ছে রাধিকা ব্যানার্জির জামাই যে মারা গিয়েছিলেন, এই একই কেস। সেই কেসে একজন কমরেড ছিল মানিক মুখার্জি তাকে ছেড়ে দেওয়া

হয়েছে। একই কেসে এরা ১৪ বছর জেল খাটছে, আর কমরেড মানিক মুখার্জিকে ছেড়ে দেওয়া হয়েছে। কুচবিহারে পাঁচটাকে ছেড়ে দিয়েছে, বোধ হয় আপনাদের খুন করেছিল ফরওয়ার্ড ব্লক। তারপর সুজিত মন্ডল এরও ১৫ বছর এর বেশি হয়েছে আলিপুর সেন্ট্রাল জেলে। অনিল দত্ত, এর ১৬/১৭ বছর। তারপর একটা বিখ্যাত কেস স্যার, ইন্ডিয়া টুডেতে সম্প্রতি একটা কনভিকটস আর্ট বলে একটা আর্টিকেল বেরিয়েছে, আমাদের আলিপুর সেন্ট্রাল জেলে প্রিজনাররা কত ভাল ছবি আঁকছে, তার উপর একটা পুরো আর্টিকেল বেরিয়েছিল এবং একটা ছবির একজিবিশন একজিবিট হয়েছিল। নিখিল মজুমদার বলে একজন, তার ১২ বছর কমপ্লিট হয়ে গেছে এবং এ জেল থেকে ফার্স্ট ক্লাশ পেয়েছে বি এ পাস কোর্সে, ফার্স্ট ডিভিসন পেয়েছে, এর ছবি একজিবিট হয়েছে। এই নিখিল মজুমদার খুব ভাল ছবি আঁকছে, তাকে রিলিজ দেবার দরকার মনে হল না, তার কারণ যে, কংগ্রেস করত আর রায়গঞ্জে খুনি ভোলা পালকে পাঁচ বছরে ছেড়ে দেওয়া হল, বাগনানের খুনি পীযুষকান্তি সেন, একে পাঁচ বছরে ছেড়ে দেওয়া হল। ঔরঙ্গজেবকে ৯ বছরে ছেড়ে দেওয়া হল, কুচবিহারের খুনিদের ১২ বছরে ছেড়ে দেওয়া হল। স্যার, এখানে একটা আইনের প্রশ্ন আছে, আপনি যেটা জানেন, মাঝে এই প্রশ্নটা উঠেছিল যে লাইফ মানে কি, এবং এই নিয়ে যখন চরণ সিং হোম মিনিস্টার ছিলেন, তিনি একটা বিল এনেছিলেন, যে আগে ধরা হত লাইফ মানে ২০ বছর, রেমিশন হয়ে যাবে ১৪ বছর। পরে বলা হল যে না, ২০ বছর মানে ২০ বছরই সার্ভ করতে হবে। তারপর সাবসিকোয়েন্ট ক্লারিফিকেশন যা সুপ্রীম কোর্ট দিয়েছে তাতে বলছে যে ৪৩৩-এ ধারা করে থাকলেও রাজ্য সরকারের ছাড়বার ক্ষমতা আছে। কিভাবে ছাড়া হবে, কি ভাবে প্রিজনরের সেন্টেন্স রেমিট হবে তার একটা গাইড লাইন তৈরি হবে। আমাদের রাজ্যে জেল থেকে ছাড়ার ব্যাপারে কোনও গাইড-লাইন ফ্লোড হচ্ছে না। ১৪ বছর কমপ্লিট হবার পরেও ভাল ভাবে থাকা এবং ভাল ব্যবহার করা সত্ত্বেও জেলে থাকছে। অথচ অপর দিকে ৮ বছর, ১২ বছরের মাথায় অনেক বন্দিকে ছেড়ে দেওয়া হচ্ছে। আমি এখনই অনেকগুলি কেস উল্লেখ করলাম। অরুন দে (বাঘা), কংগ্রেসের ছেলে, ৮০ সাল থেকে জেলে আছে। অ্যান্টনি যোশেফ ১২ বছর ধরে জেলে আছে। এদের ক্ষেত্রে প্রিলিমিনারি কাজ টুকুও হচ্ছে না। অথচ বাগনানে, রায়গঞ্জে, কুচবিহারে, কলকাতায় ঔরঙ্গজেবদের ছেড়ে দেওয়া হচ্ছে। সে জন্যই আমি মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করতে চাই যে, আমাদের রাজ্যে প্রিজনারদের কি বেসিসে ছাড়া হয়? আন্ডার ১৬১ কি? তার কোনও গাইড লাইন রাজ্য সরকার তৈরি করেছে কি? যারা লাইফ-ইমপ্রিজনমেন্ট খাটছে তাদের ক্ষেত্রে মেয়াদ রেমিশনের ক্ষেত্রে কি গাইড লাইন ফলো হচ্ছে? আগে জেল কোড অনুযায়ী কনভিকটেডদের ক্ষেত্রে বছরে ২০ দিন রেমিশন হত এবং তারপর আরও ২ দিন করে ধরে এইভাবে কেউ ১৪ বছরের বেশি লাইফ-ইমপ্রিজনমেন্টে থাকত না। অথচ আজকে শুধু আলিপুর সেন্ট্রাল জেলেই নয়, পশ্চিমবাংলার সব জেলে লাইফ প্রিজনাররা রয়েছে, দীর্ঘ দিন ধরে হয়েছে। সুপ্রীম কোর্টে এই নিয়ে একটাও মামলাও হয়েছে। ১১৯ জন অ্যাপ্লাই করেছে, সো-কজ হয়েছে এবং সুপ্রীম কোর্টের অর্ডারের রাজ্য সরকার ১৯শে এপ্রিলের মধ্যে জবাব দিতে হবে। তথাপি এ ব্যাপারে আমি মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, যে এ ব্যাপারে তারা কোনও সিদ্ধান্ত নিয়েছেন কিনা? এখানে আমরা দেখছি সি পি এম-এর লোক হলে—লাইফ কনভিক্ট হয়েছে, কনভিকটেড অফ মার্ডারও পাঁচ বছরের মধ্যে ছাড়া পেয়ে যাচ্ছে। আর অন্য লোকেরা ১০ বছর, ১৫

বছর, ১৭ বছর জেল খাটছে। তাদের পেপার গুলো তৈরি করা হচ্ছে না। কারামন্ত্রী বলতে পারেন যে, ছাড়াটা তার হাতে নেই, অন দি রেকমেন্ডেশন অফ দি হোম ডিপার্টমেন্ট গভর্নর ছাড়ার নির্দেশ দেন। এটা আমরা জানি। কিন্তু প্রথমে তো জেল থেকে কাগজ পাঠানো হবে? জেল ডিপার্টমেন্ট পেপার দেবে, জুডিসিয়াল ডিপার্টমেন্ট প্রসেস করবে, হোম ডিপার্টমেন্টে যাবে এবং তারা রাজ্যপালের কাছে পাঠাবে। সুতরাং আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি যে, আপনারা রেকমেন্ডেশন-এর মালিক, ছাড়ার মালিক নন। কিন্তু আপনারা কি এই তালিকা তৈরি করেছেন যে, কারা কারা ১৪ বছরের বেশি জেলে আছে? এবং সে ব্যাপারে কি রাজ্য সরকারের কাছে কোনও রেকমেন্ডেশন করেছেন? অন্য অনেককেই তো অনেক আগেই ছেড়ে দিচ্ছেন। যাদের আগেই ছেড়ে দিচ্ছেন তাদের ব্যাপারে কি আপনারা কোনও প্রোটেস্ট করেছেন? আমার মনে হয় যদি আপনারা তা না করে থাকেন তাহলে এই রাজ্যে ট্র্যাভেস্টি অফ জাস্টিস হচ্ছে। এটা নিয়ে ছেলে-খেলা হচ্ছে এবং সমস্তটাই পলিটিক্যাল পারপাসে হচ্ছে। কংগ্রেসের লোকেদের যারা খুন করেছে তাদের ছেড়ে দেওয়া হচ্ছে। পীযুষকান্তি সেন-কে ছেড়ে দেওয়া হয়েছে এবং স্কুলের চাকরিতে তাকে পুনবর্হাল করা হয়েছে। কনভিকট অফ্ মার্ডার, তাকে ছেড়ে দেওয়া হল, এর পেছনে পলিটিক্যাল মটিভেশন রয়েছে। এ-ব্যাপারে সরকারের কি গাইড-লাইন আছে? সরকারি প্রিন্সিপল কি? এ বিষয়ে কারা দপ্তরই বা কি বলছে, এটাই আমি মাননীয় মন্ত্রীর কাছ থেকে জানতে চাইছি।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ স্যার, আমি আপনার অনুমতি নিয়ে একটা কথা শুধু মাননীয় মন্ত্রীকে বলতে চাই। তিনি প্রিন্সিপল নিয়ে কথা বলবেন। সুতরাং তাকে খুব ভেবে চিন্তে কথা বলতে হবে। কারণ এটা নিয়ে একটা বড় মামলা হবে এবং সে মামলায় আর এস পি, ফরওয়ার্ড ব্লক, সবাই হয়ত আসবে। তাই আমি বলছি, খুব ভেবে চিন্তে উত্তর দেবেন। এরকম ডিক্রিমিনেশন চলতে পারে না।

[12-15 — 12-25 P.M.]

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার মনে হয় সৌগতবাবু যেটা জানতে চেয়েছেন সেটা ১৯৯০-৯১ সালের কথা। গত ৯০-৯১ সালে সরকারি আদেশে ১৭ জন যাবজ্জীবন সাজাপ্রাপ্ত বন্দির মুক্তি হয়। এদের মধ্যে ২ জনকে ১৪ বর্ষীয় মুক্তির নিয়মে মুক্তি দেওয়া হয়। বাকি ১৫ জনকে বিচার বিভাগ ২০ বর্ষীয় মুক্তির নিয়মে মুক্তি দেয়। এরা সকলেই জেলে রেহাই সমেত ১৪ বা ২০ বৎসর অতিবাহিত করেছে। কাহাকেও রাজনৈতিক কারণে মুক্তির দেওয়া হয় নি।

১৪ বর্ষীয় নিয়মে বন্দি মুক্ত

জেল কোডের ৫৯১(১) ধারা মতে যে সমস্ত যাবজ্জীবন সাজাপ্রাপ্ত বন্দি রেহাই সমেত জেলে ১৪ বৎসর সন্তোষজনকভাবে সাজা খেটেছেন, জেল কর্তৃপক্ষ মুক্তি সম্পর্কীয় সব প্রস্তাব ও কাগজপত্র মহাকারা পরিদর্শকের মাধ্যমে সরকারের কাছে পেশ করেন। সরকারের বিচার বিভাগ উক্ত বন্দিদের মুক্তি প্রস্তাব সময় নিম্নোক্ত বিষয় বিবেচনা করেন।

(ক) অপরাধের চরিত্র (খ) কারাবাসে বন্দির চরিত্র (গ) মুক্তি পাবার পর বন্দির অপরাধ জগতে প্রত্যাবর্তনের বা অন্যান্যদের অপরাধ করতে উৎসাহিত করার সম্ভাবনা।

বন্দির মুক্তি প্রস্তাবের সাথে কারা-অধিকরণ নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই বিচার বিভাগে পেশ করেন ঃ—

(১) আদালতের রায়ের প্রত্যয়িত নকল।

(২) কারাভ্যন্তরে বন্দির চরিত্র সম্বন্ধীয় বিবৃতি।

(৩) যে জেলায় অপরাধ ঘটেছে, সেখানকার আরক্ষাধ্যক্ষের বা কলকাতায় হলে পুলিশ কমিশনারের বিবৃতি।

বিচার বিভাগ উক্ত কাগজপত্রে বিবেচনা করে মুক্তির নির্দেশ দিলে, সরকার উক্ত বন্দির বন্দিদের মুক্তির আদেশ জারি করেন। নতুন সি আর পি সি-র ৪৩৩(ক) ধারা মতে ১৮-১২-৭৮ তারিখের পরে যে সমস্ত বন্দিদের যাবজ্জীবন সাজা হয়েছে, ১৪ বর্ষীয় মুক্তির নিয়ম অনুযায়ী মুক্তি প্রস্তাব বিবেচনার জন্য তাদের রেহাই ছাড়া পুরোপুরি ১৪ বছর জেল খাটা আবশ্যক। তৎসত্ত্বেও সুপ্রীম কোর্ট বিধান দিয়েছেন যে, ১৪ বৎসরের নিয়ম অনুযায়ী মুক্তির জন্য ঐ বন্দিদের বিচারাধীন কাল সহ ১৪ বৎসর সাজা খাটা হইলে কর্তৃপক্ষ তাহাদের বিচার বিবেচনা করিতে পারে।

২০ বর্ষীয় নিয়মে মুক্তিদান

জেল কোডের ৫৯১(১) ধারা মতে যেসব বন্দিদের মুক্তি ১৪ বৎসরের আইনে প্রত্যাখাত হয়েছে এবং যারা রেহাই সমেত ২০ বছর সন্তোষজনকভাবে বন্দি জীবন যাপন করেছেন, তাদের মুক্তির প্রস্তাব জেল কর্তৃপক্ষ বিচার বিভাগে পাঠান। বিচার বিভাগ সমস্ত কাগজপত্র পরীক্ষা করে এবং জেল রিপোর্ট ও পুলিশ রিপোর্ট বিবেচনা করে বন্দির মুক্তির নির্দেশ দিলে, সরকার উক্ত বন্দির মুক্তির আদেশ দেন।

১৯৯০-৯১ সালে মুক্ত ১৭ জন বন্দিই উক্ত ১৪ বর্ষীয় বা ২০ বর্ষীয় আইনে মুক্তি পেয়েছে। রাজনৈতিক বিবেচনায় কাউকে মুক্তি দেওয়া হয়নি। উক্ত বৎসরে মাত্র একজন (১) বিচারাধীন বন্দিকে আদালত ৬-৮-৯০ তারিখে মুক্তি দিয়েছে। সেই বিচারাধীন বন্দি শ্রী বিশ্বনাথ চক্রবর্তী দীর্ঘদিন অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। সরকার তার বিরুদ্ধে সব মামলা তুলে নেন এবং তাহাকে মুক্তি দেওয়া হয়। এই ১৭ জনের নাম আমি বলে দিচ্ছি। এই ১৭ জনকে মুক্তি দেওয়া হয়। ১। মহাদেব ঘোষ, ২। বড়াল মাঝি, ৩। শম্ভু মালিক, ৪। রবি দাস, ৫। অরুন দাস, ৭। বক্কর বিশ্বাস, ৭। মনোজকুমার বিশ্বাস, ৮। আরশাদ আলি শেখ, ৯। সত্য সামন্ত, ১০। বিশ্বনাথ দে, ১১। বাবলু মন্ডল, ১২। গুণধর মন্ডল, ১৩। মফেজ মন্ডল, ১৪। আবু বক্কর সিদ্দিকী ওরফে বুলবুল, ১৫। ওসমান আলি শেখ, ১৬। আক্কাস আলি মিঞা এবং ১৭। তুলসী পারিয়া।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পীযুষকান্তি সেনকে ৫ বছরে ছেড়ে

দিয়েছেন, আমার কাছে তার অর্ডার আছে। অরিজিনাল কোয়েশ্চেনেও তাই ছিল। পুরো ব্যাপারটা অ্যাভয়েড করে গেলেন।

(Noise)

Mr. Speaker : Mr. Roy, you cannot go in this way. Please take your seat.

(Shri Saugata Roy rose to speak)

Mr. Speaker : Mr. Roy, you cannot go in this way. Minister has replied. Rules are there. If you are not satisfied you can bring a Privilege Motion against the Minister. You are a responsible member of the Oppostion. You cannot behave in this way. Discussion is closed.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received two notices of Adjourment Motion. The first is from Shri Ajoy Dey on the subject of reported break-down of the rationing system in West Bengal and the second is from Shri Abdul Mannan on the subject of implemention of exit policy in the WBSEB. The subject matter of the motions do not merit adjourment of business of the House. Members may call the attention of the Ministers concerned through Calling Attention, questions, etc, I therefore withheld my consent to the motions. One member, may however read out the text of the motion as amended.

অজয় দে ঃ জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি সাম্প্রতিককালে একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল, পশ্চিমবঙ্গে আংশিক রেশন এলাকায় চাল, গম, কেরোসিন তেলের সরবরাহ বন্ধ হয়ে গেছে, মানুষ চরম দুর্দশার মধ্যে পড়েছে। রেশন ব্যবস্থা পুরোপুরি ভেঙ্গে পড়েছে। সভার কাজ মুলতুবি রেখে এই গুরুত্বপূর্ণ বিষয়টির উপর আলোচনা করা হোক।

CALLING ATTENTION

Mr. Speaker : I have received seven notices of Calling Attention, namely :-

1. Reported death of the freedom fighter at an old age home run by the Government : Shri Saugata Roy
2. Strike of 7000 workers of the Bata India Limited : Shri Dipak Mukherjee

3. Alleged death of two persons at Tehatta, Nadia in a clash between two communities : Shri Ajoy Dey
4. Reported break-down of Banka Bridge at Memari, Maldanga : Shri Abu Ayes Mondal
5. Continuance of strike at Northbrook Jute Mill, Hooghly : Shri Abdul Mannan
6. Reported unlawful transfer of the title of land at Nadia : Shri Kamalendu Sanyal
7. Reported distruction at Darjeeling and Dware area on the issue of "Legal Status" of Darjeeling raised by the G.N.L.F. Chief. : Shri Nirmal Das

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of continuance of strike at Northbrook Jute Mill, Hooghly

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Abdul Quiyom Molla : On 3rd April, Sir.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now the Minister-in-charge of Home (Jails) Department will make a statement on the subject of reported granting of parole to the convicts of Debjani Banik murder case.

(Attention Called by Shri Kshiti Goswami on the 21st March 1992).

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ আলিপুর কেন্দ্রীয় কারার লাইফ কনভিকট চন্দ্রনাথ বণিক (চন্দ্রকুমার বণিকের পিতা) ১০-৪-৮৯ তারিখে এক মাসের সাময়িক মুক্তি প্রার্থনা জেল সুপারের কাছে দরখাস্ত পেশ করেন। জেল সুপার ঐ দরখাস্ত যথারীতি নিয়মানুসারে কলকাতা পুলিশ কমিশনার মহাশয়ের নিকট মতামতের জন্য ২৪-৪-৮৯ তারিখে পাঠান। পুলিশ কমিশনার মহাশয় গোয়েন্দা দপ্তরের রিপোর্ট ও তদন্তের ভিত্তিতে উক্ত আবেদন অনুমোদন না করিবার নিষেধাজ্ঞা জেল সুপারকে ২৭-৭-৮৯ তারিখে জানিয়ে দেন।

মহাকারা পরিদর্শন উপরিউক্ত রিপোর্ট বিবেচনা করিয়া সংশ্লিষ্ট বন্দিদের সাময়িক মুক্তি সংক্রান্ত আইনের ধারানুসারে উক্ত বন্দির আবেদন নামঞ্জুর করিয়া জেল সুপারকে ১৮-১০-৮৯ তারিখে জানিয়ে দেন।

বন্দি চন্দ্রনাথ বণিক তাহার নিজস্ব উকিল মারফত মহামান্য কলকাতা হাইকোর্ট ৪-৫-

৯০ তারিখে উক্ত নামঞ্জুর আদেশের বিরুদ্ধে এক রিট পিটিশন দাখিল করেন। আবেদনটি (রিট পিটিশন) মাননীয় বিচারপতি শ্রীযুক্ত এ এম ভট্টাচার্য মহোদয়ের এজলাসে কিছুদিন শুনানির পর পরিত্যক্ত হয়। পরে মাননীয় বিচারপতি শ্রীযুক্ত পরিতোষকুমার মুখোপাধ্যায় মহাশয়ের এজলাসে শুনানির জন্য গৃহীত হয় ও ২০-১-৯২ তারিখে শুনানির পর আদেশ দানে নিষ্পত্তি হয়। সরকারি সমর্থনে ও সাময়িক মুক্তির বিরোধিতা করিয়া প্রবীণ আইনজীবী শ্রী এল সি বিহানি এই মামলায় বক্তব্য রাখেন। ২০-১-৯২ তারিখে প্রদত্ত আদেশে মাননীয় বিচারপতি বন্দি চন্দ্রনাথ বণিক কে দুই মাস সাময়িক মুক্তি দেবার জন্য মহাকারা পরিদর্শককে নির্দেশ দেন। ২০-১-৯২ তারিখ হইতে সাত দিনের মধ্যে উক্ত আদেশ মহাকারা পরিদর্শককে দিতে হবে। তদনুসারে ২০-১-৯২ তারিখে মহাকারা পরিদর্শকের আদেশানুসারে উক্ত বন্দি আলিপুর কেন্দ্রীয় কারা হইতে ঐ দিন দুই মাসের মেয়াদে মুক্ত হইয়া যায়। মহাকারা পরিদর্শকের নির্দেশানুসারে এই আদেশের বিরোধিতা করিয়া মহামান্য কলকাতা হাইকোর্টের ডিভিসন বেঞ্চে এক আপীল পিটিশন দাখিল করা হয়। উক্ত আপীল পিটিশন "মহামান্য প্রধান বিচারপতির এজলাসে" গঠিত ডিভিসন বেঞ্চে শুনানি ও বিবেচিত হয়। সরকার পক্ষ সমর্থনে ও প্রদত্ত দুই মাসের সাময়িক মুক্তির আদেশের তীব্র বিরোধিতা করে মাননীয় সরকারি উকিল (গভর্নমেন্ট প্লীডার হাইকোর্ট) মাননীয় পাবলিক প্রসিকিউটার এবং শ্রী এল সি বিহানি বক্তব্য রাখেন। কারা দপ্তর থেকে উপমহাকারা পরিদর্শক (সুরক্ষা) এ ব্যাপারে যথাবিহিত তদারকি করেন। ২৮-২-৯২ তারিখে মহামান্য বিচারপতিদ্বয় আদেশ দান করেন। আদেশে বন্দি চন্দ্রনাথ বণিককে ঐ দিনই (২৮-২-৯২) তারিখে আলিপুর জেল সুপারের কাছে আত্ম সমর্পণের নির্দেশ দেওয়া হয়। তদনুসারে চন্দ্রনাথ বণিক ঐ দিনই সন্ধ্যায় আলিপুর কেন্দ্রীয় কারায় আত্মসমর্পণ করেন ও অদ্যাবধি ঐ জেলেই আবদ্ধ আছেন।

[12-25 — 12-35 P.M.]

আলিপুর কেন্দ্রীয় কারার যাবজ্জীবন দন্ডে দন্ডিত বন্দি চন্দনকুমার বণিকের মহামান্য কলকাতা হাইকোর্টের আদেশে সাময়িক মুক্তি (প্যারোল) সংক্রান্ত তথ্যঃ—

আলিপুর কেন্দ্রীয় কারার লাইফ কনভিকট চন্দনকুমার বণিক ইংরেজি ৪-১-৯০ তারিখে ৩০ দিনের সাময়িক মুক্তির প্রার্থনা জানিয়ে জেল সুপারের কাছে দরখাস্ত করেন। জেল সুপার সেই দরখাস্ত জেল কোডের নির্দেশের নিয়মানুসারে কলকাতা পুলিশ কমিশনার মহাশয়ের কাছে প্রেরণ করেন ৯-১-৯০ তারিখে।

পুলিশ কমিশনার মহাশয় যথাযথ তদন্ত করিয়া (নিয়মানুসারে) ২৩-৩-৯০ তারিখে জেল সুপারকে জানান যে, গোয়েন্দা দপ্তরের রিপোর্টের ভিত্তিতে তিনি এই সাময়িক মুক্তির আবেদন অনুমোদন করেন না। পশ্চিমবঙ্গ বন্দি (সাময়িক মুক্তি) নিয়মাবলি, ১৯৫৬ আইনের ধারা ৫ ও ৬ অনুসারে আই সি প্রিজনস (মহাকারা পরিদর্শক), জেলা সমাহর্তা বা পুলিশ কমিশনার (কলকাতার ক্ষেত্রে)-এর অনুমোদন সাপেক্ষে এই সাময়িক মুক্তি দানের আদেশ দেবেন এই ব্যবস্থা রয়েছে। বন্দি বিষয়ক সর্বভারতীয় আইন প্রিজনার্স অ্যাক্ট, ১৯০০-এর ৩১(ক) ধারা মতে মহাকারা পরিদর্শক অন্যান্য শর্তসাপেক্ষে সর্বোচ্চ ৩০ দিন পর্যন্ত সাময়িক মুক্তি দিতে পারেন।

বর্তমান ক্ষেত্রে পুলিশ কমিশনার মহাশয়ের উক্ত রিপোর্টের ভিত্তিতে মহাকারা পরিদর্শক মহাশয় এই সাময়িক মুক্তির আবেদন নামঞ্জুর করেন ও সেইমতো ৭-৮-৯০ তারিখে তাহার মতামত জানিয়ে দেন। ইংরাজি ১৫-১-৯১ তারিখে বন্দি চন্দনকুমার বণিক তাহার উকিল মারফত মহামান্য কলকাতা হাইকোর্টে ভারতীয় সংবিধানের ২২৬ ধারা মতে এক আবেদন দাখিল করেন, রিট পিটিশন। উক্ত আবেদন মহামান্য বিচারপতি শ্রীযুক্ত এন কে মিত্র মহোদয়ের এজলাসে শুনানি হয়। সরকারি তরফে ঐ আবেদনের বিরোধিতা করেন প্রধান আইনজীবী শ্রী এল সি বিহানি। মাননীয় অ্যাডভোকেট জেনারেল, পশ্চিমবঙ্গ, উক্ত মামলায় 'আমিকাস-কিউরি' হিসাবে নিযুক্ত হইয়া উপস্থিত ছিলেন। ১১-১০-৯১ তারিখে ঐ মামলায় নিষ্পত্তি হয় এবং মহামান্য বিচারক আইনানুগ শর্তসাপেক্ষে বন্দি চন্দনকুমার বণিককে মাত্র ১৫ দিনের সাময়িক মুক্তি, প্যারোল, দেবার জন্য আদেশ দেন। মহামান্য বিচারালয়ের আদেশানুসারে মহাকারা পরিদর্শক মহাশয়, ৪-১১-৯১ তারিখে উক্ত বন্দিকে ১৫ দিনের সাময়িক মুক্তির আদেশ দান করেন। উক্ত বন্দি চন্দনকুমার বণিক এক লিখিত আবেদন দ্বারা ঐ সাময়িক মুক্তি ইংরাজি ৩০-১১-৯১ তারিখ হইতে ভোগ করবার প্রার্থনা জানায়। তার ঐ প্রার্থনা মঞ্জুর করা হয় এবং সেইমতো তাকে ৩০-১১-৯১ তারখে ১৫ দিনের জন্য সাময়িক মুক্তির আদেশে ছাড়া হয়। সাময়িক মুক্তিতে ছাড়া পেয়ে চন্দনকুমার বণিক ইংরেজি ১২-১২-৯১ তারিখে মহামান্য হাইকোর্টের ডিভিসন বেঞ্চের নিকট এক আপীল দরখাস্ত দাখিল করেন। উক্ত আপীল দরখাস্ত মহামান্য বিচারপতিদ্বয় শ্রী পরিতোষকুমার মুখোপাধ্যায় ও শ্রী অমলকান্তি ভট্টাচার্য দ্বারা গঠিত ডিভিসন বেঞ্চে বিবেচিত ও শুনানি হয়। মহাকারা পরিদর্শকের আদেশানুসারে ঐ আপীল দরখাস্তের সরকারি তরফে বিরোধিতা করবার জন্য প্রধান আইনজীবী শ্রী এল সি বিহানি মহাশয়কে নিয়োগ করা হয়। কারা দপ্তরের পদস্থ আধিকারিকগণ এব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন এবং আদালতে উপস্থিত থেকে তদারকি করেন। মহামান্য ডিভিসন বেঞ্চ ১৩-১২-৯১ তারিখে এক বিশেষ আদেশ বলে উক্ত বন্দি চন্দনকুমার বণিককে ইংরেজি ৩১শে জানুয়ারি ১৯৯২ তারিখ পর্যন্ত সাময়িক মুক্তির আদেশ দেন এবং উক্ত আপীল দরখাস্তের শুনানি ও নিষ্পত্তি ৩১-১২-৯২ তারিখ পর্যন্ত স্থগিত রাখেন। মাননীয় সরকারি উকিলের তীব্র বিরোধিতা ও প্রচলিত আইনের আবশ্যিক শর্ত ও ব্যবস্থা থাকা সত্ত্বেও উক্ত বন্দিকে মহামান্য আদালত প্রায় ৪৬ দিনের সাময়িক মুক্তির আদেশ দেন।

ইতিমধ্যে উক্ত বন্দির দ্বারা দাখিলকৃত এক আবেদনের পরিপ্রেক্ষিতে মহামান্য ডিভিসন বেঞ্চ ৩১-১২-৯২ তারিখে বন্দির সাময়িক মুক্তির মেয়াদ অরও ১০ দিন, ১০-১২-৯২ পর্যন্ত পরিবর্ধিত করে আদেশ দান করেন। ৭-২-৯২ তারিখে বন্দি চন্দনকুমার বণিক মহামান্য হাইকোর্টের ডিভিসন বেঞ্চের কাছে এক দরখাস্ত পেশ করে তার সাময়িক মুক্তির মেয়াদ আরও ৪ সপ্তাহ বাড়াইবার প্রার্থনা জানায়। ১০-২-৯২ তারিখে মহামান্য ডিভিসন বেঞ্চ দরখাস্তে বর্ণিত বিশেষ ঘটনা পর্যলোচনা করে উক্ত বন্দিকে সাময়িক মুক্তির মেয়াদ ২৩-২-৯২ তারিখ পর্যন্ত করে আদেশ দান করেন। উপরোক্ত উভয় ক্ষেত্রেই সরকারি উকিল শ্রী এন সি বিহানি আদালতে সরকারি পক্ষ সমর্থনে উপস্থিত ছিলেন। শেষোক্ত আদেশ জেল কর্তৃপক্ষের হাতে পুলিশ কর্তৃপক্ষ মারফত ৪-৩-৯২ তারিখে আসে। ১০-২-৯২ তারিখে বন্দি

চন্দনকুমার বণিক নতুন করে আর একটি রিট আবেদন মহামান্য কলকাতা হাইকোর্টে পেশ করেন। ইহাতে তিনি তাহার সাময়িক মুক্তি বিভিন্ন কারণে আরও বর্ধিত করবার এবং জেল কোডে বর্ণিত উপদেষ্টা বোর্ডের আওতায় একেবারে মুক্তির প্রার্থনা করেন। পরবর্তী সময়ে ২১-২-৯২ তারিখে উক্ত বন্দি আর একটি রিট পিটিশন দাখিল করেন। এই রিট পিটিশনেও সাময়িক মুক্তির মেয়াদ বৃদ্ধি ও বন্দির মায়ের দ্বারা রাজ্যপাল সমীপে পূর্বে প্রেরিত মার্জনা দরখাস্তের ভিত্তিতে পুনর্বিবেচনা প্রার্থনা করা হয়।

উপরোক্ত উভয় দরখাস্ত কলকাতা হাইকোর্টের মাননীয় বিচারপতি শ্রীযুক্ত কল্যাণময় গাঙ্গুলির এজলাসে ২৪-২-৯২, ২৫-২-৯২ এবং ২৬-২-৯২ তারিখে শুনানির পর নিষ্পত্তি হয়। সরকার তরফে মাননীয় সরকারি উকিল, গভর্নমেন্ট প্লিডার, মাননীয় পাবলিক প্রসিকিউটর ও প্রধান আইনজীবী শ্রী এল সি বিহানি উপস্থিত থেকে সরকার পক্ষ সমর্থনে তথ্য ও যুক্তি সহকারে প্রার্থিত সাময়িক মুক্তি বৃদ্ধি, অন্যান্য সুবিধাদনের বিষয়ে তীব্র বিরোধিতা করেন। ২৬-২-৯২ তারিখে মাননীয় বিচারপতি মহোদয় নিষ্পত্তির আদেশ দানে বন্দিকে তৎক্ষণাৎ জেলে আত্মসমর্পনের নির্দেশ দেন ও তার সকল আবেদন খারিজ করে দেন। বন্দি চন্দনকুমার বণিক তদনুসারে ২৬-২-৯২ তারিখে মাত্র ৮-২০ মিনিটে আলিপুর কেন্দ্রীয় কারায় আত্মসমর্পণ করেন ও অদ্যাবধি ঐ জেলে আবদ্ধ আছেন। এখানে উল্লেখ্য যে, উক্ত বন্দি গত ২৯-২-৯২ তারিখে জেল সুপারের কাছে পুনরায় এক বছরের সাময়িক মুক্তি দাবি জানিয়ে এক দরখাস্ত পেশ করেন। উক্ত আবেদন সর্বভারতীয় বন্দি সাময়িক মুক্তি সংক্রান্ত আইনের, প্রিজনার্স অ্যাক্ট ১৯০০ অ্যাক্ট অফ ১৯০০-এর ৩১(ক) ধারায় বর্ণিত বাধ্যতামূলক শর্তের পরিপন্থী হওয়ায় এবং কলকাতা পুলিশ কমিশনার উক্ত আবেদন অনুমোদন না করায় জেল সুপার বন্দিকে জানিয়ে দিয়েছেন।

PRESENTATION OF REPORT

Presentation of the Fourth Report of the Subject Committee on Panchayat, 1991-92

Shri Samar Baora : Sir, I beg present the Fourth Report of the Subject Committee on Panchayat, 1991-92.

Presentation of the First Report of the Subject Committee on public works, 1991-92

Shri Barindra Nath Koley : Sir, I beg to present the First Report of the Subject Committee on public works, 1991-92.

Presentation of the 4th Reports of the Subject Committee on Education, 1991-92

Shri Padmanidhi Dhar : Sir, with your permission I beg to present the 4th Report of the Subject Committee on Education.

PRESENTATION OF THE SUPPLEMENTARY ESTIMATE FOR THE YEAR 1991-92

Dr. Asim Kumar Dasgupta : Sir, in terms of Articles 205 of the constitution, I lay before the House a Statement showing the Supplementary Expenditure for the year 1991-92 amounting to Rs. 523.26 crores (Rupees five hundred and twenty three crores and twenty six lakhs) of which the charged items account for Rs. 446.52 crores (Rupees four hundred and forty-six crores and fifty-two lakhs) and the Voted items Rs. 76.74 crores (Rupess seventy-six crores and seventy four lakhs).

2. In the booklet "Demands for Supplementary Grants, 1991-92" circulated to the Hon'ble Members, details of the Supplementary Estimatees and the reasons therefor have been given. Here, I would mention only a few salient points with regard to the Demand for Supplementary Grants for the current year.

3. The charged expenditure amounting to Rs. 446.52 crores (Rupees four hundred and forty-six crores and fifty-two lakhs) is mainly for repayment of Ways and Means Advances from the Reserve Bank of India, repayment of short-term loan for agricultural inputs and Ways and Means advance from Government of India and payment of decretal charges met out of advances from the Contingency Fund of West Bengal for which and equivalent amount is required to enable repayment to be made to that Fund during this financial year.

4. The Voted items aggregtate to Rs. 76.74 crores (Rupees seventy-six crores and seventy-four lakhs). Particulars of some of the Voted items are :-

	Rs. in Crores
1. Purchase of fire-fighting equipments form Japan	8.30
2. Contribution to Calamity Relief Fund	9.31
3. Purchase of Materials and Supplies for greater Calcutta Milk Supply Scheme	5.18
4. Supply of Rice at subsidised rate to landless agricultural labourers	6.46
5. Grants-in-aid to Darjeeling Gorkha Hill Council	1.31
6. Construction of second Hooghly Bridge	15.94

7.	Subsidy to various Transport Corporations	9.33
8.	Grants to Calcutta Municipal Corporation etc. in lieu of taxes realised on Trades, Profession and Callings	2.80
9.	Disbursement of larger House Building advances to Government servants	3.25
	Total : 61.88	

The balance requirement of Rs. 14.86 crores has been accounted for in respect of demands under various other administrative services and schemes.

Mr. Speaker : Notices of cut motions to the Demands of Supplementary Estimates for the year 91-92 will be taken in the Secretariat upto 2-00 p.m. on 25th March, 1992.

Now Mention Cases. We will take up the Mention Cases as many as we can upto 1-00 p.m.

MENTION CASES

[12-35 — 12-45 P.M.]

শ্রী অঞ্জন চ্যাটার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে মহকুমা হাসপাতাল আছে। এই মহকুমার হাসপাতালের পার্শ্ববর্তী জেলা থেকে প্রতিদিন প্রায় কয়েক শো চিকিৎসা প্রার্থী বহির্বিভাগে এবং অন্তর্বিভাগে চিকিৎসার জন্য আসে। এই মহকুমা হাসপাতালে আসন সংখ্যা যা তাতে যে পরিমাণ চাহিদা তা পূরণ করা যায় না, এক-একটা বেডে ৩-৪ জন করে রোগীকে একসঙ্গে থাকতে হয়। সম্প্রতি মহকুমা হাসপাতালটির ত্রিতল তৈরি হয়েছে এবং সম্প্রতি পি ডব্লু ডি স্বাস্থ্য দপ্তরকে সেটা হ্যান্ডওভার করেছে। কয়েকটি স্টাফ, যেমন কিছু জি ডি-এর এবং কিছু নার্সিং স্টাফ এখানে দিলে ত্রিতলটা চালু করা যায়। তাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই অবিলম্বে প্রয়োজনীয় স্টাফ দিয়ে এই ত্রিতল অংশটি খোলার ব্যবস্থা করা হোক। এই এলাকার মানুষের স্বার্থে হাসপাতালটি যাতে পুরোপুরি চালু করা যায় তার জন্য স্বাস্থ্য মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বসিরহাটে ঘোঁড়ারস-কুলীন গ্রামে অঞ্চল প্রধান সিরাজুল ইসলাম স্বাক্ষরতা অভিযান কর্মসূচিকে বাস্তবায়িত করবার জন্য মিটিং করে, সাম্প্রদায়িক সম্প্রতি রক্ষার জন্য মিটিং করে ফিরছিল। সেই সময় কিছু দুস্কৃতকারী এবং মৌলবাদী সাম্প্রদায়িক দাঙ্গাকে উস্কানি দেবার জন্য এই প্রধানকে মারধোর করে। তাকে এই

দুস্কৃতকারীরা লাঠি দিয়ে মাথা ফাটিয়ে দেয় এবং তাকে বসিরহাট হাসপাতালে ভর্তি করতে হয়। এই সমস্ত ব্যাপার বসিরহাটের বিধায়ক জানেন। ওই প্রধানকে যারা মেরেছে সেই দুস্কৃতকারীরা এবং সমাজবিরোধীরা থানার সামনে ঘোরাফেরা করছে এবং এলাকায় সন্ত্রাস সৃষ্টি করছে, তাদের এখনও গ্রেপ্তারের ব্যবস্থা করা হচ্ছে না। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে তাদের গ্রেপ্তার করা হোক। যারা এই সাম্প্রদায়িক দাঙ্গার উস্কানি দিচ্ছে, যারা এই স্বাক্ষরতা অভিযানকে ব্যহত করার চেষ্টা করছে তাদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক এবং তাদের কঠোর শাস্তির ব্যবস্থা করা হোক।

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ মহকুমা হাসপাতালে ঔষধপত্রের চরম অবস্থা দেখা দিয়েছে। জীবনদায়ী ঔষধ যেমন এ আর ডি, এ ডি এস, এ ভি এস এই সমস্ত কিছু নেই। এই হাসপাতালের অধিকাংশ ডাক্তার প্রাইভেট প্র্যাকটিসে ব্যস্ত, নার্সিং হোম নিয়ে ব্যস্ত। যার ফলে হাসপাতালে রোগীদের চিকিৎসা হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই হাসপাতালে প্রয়োজনীয় ঔষধপত্র সরবরাহ করা হয় এবং যে সব ডাক্তার হাসপাতাল ছেড়ে নার্সিং হোম নিয়ে ব্যস্ত আছে তাদের বিরুদ্ধে যেন প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে টেকনিক্যাল এডুকেশন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য দাবি জানাচ্ছি। অনেক চেষ্টা, অনেক প্রতীক্ষা করার পর কনটাই-এ পলিটেকনিক কলেজ শুরু হল বটে কিন্তু নিজস্ব বিল্ডিং-এ শুরু হয় নি। কাঁথির একটা হাইস্কুলের শুরু হয় প্রথম বছর। কথা ছিল ইতিমধ্যে নিজস্ব আলো, জল, চেয়ার, বেঞ্চ সমস্ত কিছু নিয়ে এই বছর থেকে শিফট করে নিয়ে যাওয়া হবে। এখনও পর্যন্ত শিফট করার কোনও ব্যবস্থা হয় নি। এই পলিটেকনিক কলেজ যে অবস্থায় শুরু হয়েছিল সেই অবস্থায় আর নেই, এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে ২৩টি ছাত্র ভর্তি হয়েছিল প্রথম বর্ষে, পড়া আরম্ভ হয়েছিল, যদি শিফটিং না করা হয় তাহলে তাদের পড়াশোনা বন্ধ হয়ে যাবে এবং অচল অবস্থা সৃষ্টি হবে। টেকনিক্যাল এডুকেশন মিনিস্টার এখানে ছিলেন, এখন দেখছি নেই তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে এটা অত্যন্ত জরুরি ব্যাপার এই কলেজকে যদি ইতিমধ্যে শিফট না করা যায় তাহলে কলেজটা বন্ধ হয়ে যাবে। এই ব্যাপারে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

श्री ममताज हसन : माननीय स्पिकर साहब, मै आपके माध्यम से संबंधित मंत्री का ध्यान हि हीरापुर इलाका की ओर दिलाना चाहता हुं। हमारे हीरापुर कन्षीटवेन्सी में अनेक प्रोब्लम है। अलोटिया, रामजीवनपुर, मानिककोटा, हुसेननगर, धरमपुर, शीतला, मजोगी, गोविन्दपुर, साता, नकड़ा साता, छोटा दिगारी, प्रसोतमपुर, कोयलापुर, दवेसरी, वरतोरिया, काला हरिया, धोनुवा, नरसिहवाटा, शान्तिनगर यह सारी जगहो में रोड, लाइन की व्यवस्था नही

है। पोल लगाया गया है। पोल लगाए १० साल बीत गए हैं पर अभी तक लाइन की व्यवस्था नही हो सकी है। साथ-ही-साथ केरोसिन डिलरसीप की ओर शाहरों मे जिस तरह आंल-टाइम अपने साहर पर वैठते है गांवो में वैसी व्यवस्था नहीं है। जवकि गांवों में डिलरसीप की अच्छी व्यवस्था की ज्यादा जरुरत है। मिस्टर स्पीकर सर इन सारी बातो पर विशेष ध्यान दिया जाए। आपके माध्यम से इस डिपार्टमेन्ट से संबंधित मंत्री का ध्यान दिलाना चाहता हुं।

শ্রী সৌগত রায় ঃ স্যার, আপনি হয়ত দেখেছেন যে, সারা দেশে একটি সংবাদকে ভিত্তি করে একটা আলোড়ন পড়েছে। সেই সংবাদটি হচ্ছে, আমেরিকায় বেরিয়েছে যে সোভিয়েত ইউনিয়ন, যেটা প্রাক্তন সোভিয়েত ইউনিয়ন ছিল তারা ভারতবর্ষের একটি বামপন্থী রাজনৈতিক দল, সি পি আই-কে কোটি কোটি টাকা দিয়েছে। একটা হিসাবে বলা হয়েছে যে পাঁচ লক্ষ ডলার দেওয়া হয়েছে। আর একটা হিসাবে বলা হয়েছে যে দুশো মিলিয়ন ডলার দেওয়া হয়েছে। ভারতবর্ষের মধ্যে একটি পার্টিকে যদি বাইরের একটি দেশ এই ভাবে সাহায্য দিয়ে থাকে তাহলে সেটি খুবই চিন্তার ব্যাপার। আমার মনে হয় যে, এই সমস্ত রাজনৈতিক দলের টাকা কোথা থেকে আসছে, সেই ব্যাপারে একটি পূর্ণাঙ্গ তদন্ত হওয়া উচিত। তার থেকেও গুরুত্বপূর্ণ বিষয় হল, গতকাল এই প্রসঙ্গে বলতে গিয়ে রাজ্যসভায় একজন সদস্য বলেছেন যে এই কে জি বি, প্রাক্তন সোভিয়েত ইউনিয়নের ইন্টেলিজেন্স উয়িং দুটি রাজ্যকে, একটি বড় রাজ্য এবং একটি ছোট রাজ্যকে টাকা দিয়েছে। এর আগে খবর ছিল সি পি আই-কে টাকা দিয়েছে। এখন আবার খবর উঠেছে যে রাজ্য সরকারকে টাকা দিয়েছে। এই রকম ব্যাপারে বোর্ফস নিয়ে কেন্দ্রীয় সরকারের ব্যাপারে এই হাউসে আলোচনা করেছি। কে জি বি কাকে টাকা দিয়েছে এবং কে কে বাইরে থেকে টাকা পেয়েছে, সেই ব্যাপারে একটি পূর্ণাঙ্গ তদন্ত হোক। বর্তমানে রাজনৈতিক দলের বিরুদ্ধে যে অভিযোগ উঠেছে সে সম্পর্কে আমরা জানি না। এটা দেশবাসী জানুক। রাজ্য সরকার টাকা নিয়েছে কিনা সেটাও লোকে জানুক।

[12-45 — 12-55 P.M.]

শ্রী শিশিরকুমার সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সমবায় কৃষি উন্নয়ন সমিতির মাধ্যমে প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের যে ঋণ দেওয়া হয়, সেই ঋণ যথা সময়ে পরিশোধ করলে সুদের একটা অংশ ভরতুকি দেওয়া হয়। কিন্তু কৃষকদের মধ্যে এই ঋণ পরিশোধের ক্ষেত্রে বিশেষ উৎসাহ দেখা যাচ্ছে না। সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে যে আগের থেকে কিছু টাকা যদি রেখে দেওয়া যায় তাহলে পরিশোধের সময়ে তাদের সুদটা বাদ যায় এবং তাতে কৃষকদের ঋণ পরিশোধ করতেও অসুবিধা হয় না। এবং এতে কৃষকদের ঋণ পরিশোধ করতে সুবিধা হবে এবং চাষের অগ্রগতি হবে এবং চাষীদেরও তাতে উৎসাহ দেওয়া সম্ভব হবে।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমরা লক্ষ্য করলাম যে শহিদ

মিনারের চূড়াটি হঠাৎ লাল রঙের থেকে রূপালি রঙে পরিবর্তিত হয়ে গেছে। আমাদের মুখ্যমন্ত্রীর ১৪ বছর ক্ষমতায় থাকার পর তার বোধোদয় হয়েছে যে লালের দিন শেষ হয়ে আসছে, তাই রূপালি রঙ ভরা হয়েছে। আপনাদের এই বোধোদয় হবার জন্য আপনাদের ধন্যবাদ জানাই। আসলে আপনারা বুঝতে পারছেন যে আপনাদের দিন শেষ হয়ে আসছে এবং শেষ হবে বলেই লালের বদলে সিলভার লাইন লাগিয়েছেন। আপনাদের এই সিদ্ধান্তকে সাধুবাদ জানাচ্ছি এবং সমর্থন করছি। লালের পরিবর্তে রূপালি রেখা হওয়ার অর্থ পশ্চিমবঙ্গে লালের দিন শেষ হয়ে আসছে এবং এটা আপনাদের সঠিক পথেই এই কাজটা করেছেন। পূর্তমন্ত্রী একটা স্টেটমেন্ট দিয়েছেন খবরের কাগজে, তাতে তিনি বলেছেন যে তিনি জানেন না কেন লাল থেকে হঠাৎ ওই শহিদ মিনারের চূড়াটিতে রূপালি রঙ করা হল। আপনাদের এই সিদ্ধান্তকে আমরা সাধুবাদ জানিয়ে আনন্দ প্রকাশ করছি এবং আমরা সেই সঙ্গে এই কামনা করিছ যে লালের পরিবর্তে রূপালি রেখা বাংলার মানুষের মধ্যে দেখা দিক।

শ্রী রবীন্দ্র ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় যে পূর্ত দপ্তরের রাস্তাগুলি আছে সেগুলো নষ্ট হয়ে গেছে। এমন একটা অবস্থা সৃষ্টি হয়েছে যে যেকোনও মুহূর্তে একটা অ্যাকসিডেন্ট হবে। উলুবেড়িয়া টু গড়চুমুক রাস্তাটি এত খারাপ যে কিছুদিন আগে বাস অ্যাকসিডেন্ট হবার ফলে ১৪-১৫ জনের মৃত্যু হয়েছে। এই রাস্তাটি যাতে পি ডবলু ডি অতি সত্বর মেরামত করেন, তা না হলে অবস্থা এমন হয়েছ যে যেকোনও মুহূর্তে বাস খাদে পড়ে অ্যাকসিডেন্ট হবে। এতে অনেক যাত্রীর যেকোনও সময়ে মৃত্য ঘটতে পারে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলেম্ব উলুবেড়িয়া টু গড়চুমুক এবং উলুবেড়িয়া টু মাথাপাড়া বাস যায় এবং রাস্তা মেরামতি হয় সেইদিকে একটু দৃষ্টি দেবেন।

অজয় দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একে তো বিদ্যুৎ নেই, তার ওপরে বিদ্যুৎ পর্ষদ যেভাবে বিদ্যুতের রেট বৃদ্ধি করেছেন তাতে সাধারণ মানুষের অবস্থা দুর্বিষহ হয়ে পড়েছে। বিশেষ করে এরফলে ছোট ছোট শিল্পগুলি যথা—ধানকল, গমকল, চিঁড়ের কল, কাঁসা পিতলের শিল্প গুলি প্রায় বন্ধ হবার অবস্থায়। যেখানে আগে এইসব শিল্পের ক্ষেত্রে ইয়ারলি মিনিমাম চার্জ ছিল ১৫০ টাকা সেটা এখন মাসে ১৫০ টাকায় দাঁড়িয়েছে। তারপরে এক হর্স পাওয়ার চালালেই ১৫০ টাকা ইউনিট হয়ে যাচ্ছে। এরফলে বহু শিল্প বন্ধ হতে চলেছে। এবং এখন পার ইউনিট প্রতি ৫১ পয়সা নেওয়া হচ্ছে। এরফলে ছোট ছোট শিল্পগুলি বন্ধ হবার মুখে এতে বেকারে সংখ্যা এমনি বাড়বে। আমি সেই কারণে বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন করব যাতে বিদ্যুৎমন্ত্রী অন্তত এই ছোট ছোট শিল্পগুলির স্বার্থের দিকে তাকিয়ে এই ব্যাপারটা একটু বিবেচনা করেন।

শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলার বন্য জীবজন্তুর কথা বলব। সম্প্রতি ৯ই মার্চ আমার এলাকায় বাঘের অত্যাচারে ৬ জন মারা গেছে। সেখানে চারজন বিশেষভাবে আক্রান্ত, তারা জলপাইগুড়ি জেলার সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। আর

দুইজন অল্প আঘাতপ্রাপ্ত তারা ময়নাগুড়ি পি এইচ সি তে চিকিৎসাধীন ছিল, সম্প্রতি ছেড়ে দেওয়া হয়েছে। আজকে সেখানে যে ভাবে বন্য জীবজন্তুদের মারা হচ্ছে—সেখানে ঘন বসতি রয়েছে—তার ফলে তারা বারবার এসে আক্রমণ করছে, ক্ষতি করছে। তাই আমি বলতে চাই যারা আত্মহত্যা করে সেখানে যদি অ্যাকসিডেন্ট বেনিফিট দেওয়ার ব্যবস্থা থাকে, তাহলে কোনও পরিবারের লোক যদি এই ভাবে মারা যায় সেখানে যেন এই অ্যাকসিডেন্ট বেনিফিট দেওয়ার ব্যবস্থা হয়, এই আবেদন আমি জানাচ্ছি।

শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি মালদা জেলার মানিকচকের গদাইচরে ধর্ষণের ঘটনার কথা উল্লেখ করছি। স্যার, বর্তমানে পশ্চিমবঙ্গ সরকার ধর্ষণে প্রথম স্থান অধিকার করেছেন, তাই আজকে এনারা এত চিৎকার করে কথা বলছেন এবং হাসাহাসি করছেন। ২৪ তারিখ রাতে মানিকচকে একটা ধর্ষণের ঘটনা হয়েছিল সেখানে ১১ জন মহিলা ধর্ষিতা হয়েছিলেন। হরিবোলা মন্ডল, রামচন্দ্র মন্ডল এরা হচ্ছে সি পি এম পার্টির মেম্বার এবং সুরেশ মাহাতো হচ্ছেন সি পি এম পার্টির মেম্বার এদের কলাইভাগকে কেন্দ্র করে আজকে ১১ জন মহিলা ধর্ষিতা হলেন। ঘটনাটি ঘটল ২৪ তারিখ রাত্রে, আর ২৫ তারিখে ছবিলাল মন্ডল নৌকার মাঝি তাঁর মেয়েও ধর্ষিতা হয়েছিলেন, এই ধর্ষণকারীদের নাম দিয়ে সেও ডায়রি করেছিলেন, কিন্তু সেই ডায়রিও চেপে দেওয়া হল। ২৬ তারিখ আর একটা ডায়রি করা হল সেই ডায়রিটা করেছিলেন সুরেশ মাহাতো সেখানে বলা হল আমার নৌকা নিখোঁজ ১২ জন লোককে পাচ্ছি না—কিন্তু সেখানে ধর্ষণের কোনও ঘটনার উল্লেখ ছিল না। মন্ত্রী মহাশয়ের এলাকার এই ঘটনাকে চেপে দেওয়া হয়েছিল। আমি বর্তমান পরিস্থিতিতে বলতে চাই মাননীয় মন্ত্রী সুবোধ বাবু উনি এখানে বসে আছেন, ১৪ তারিখের আনন্দবাজার পত্রিকায় বলেছেন কংগ্রেস-এর মধ্যে জড়িত আছে, কেঁচো খুঁড়তে সাপ বেরুবে। আমি তাকে বলতে চাই কেঁচোও হচ্ছে সি পি এম, সাপও হচ্ছে সি পি এম এটা সারা মালদাবাসী জানেন। স্যার, বর্তমান পরিস্থিতি হচ্ছে ঐ মেয়েদেরকে পুলিশ সার্কাসের জোকারের মতো আসামির সন্ধানে রোজ নিয়ে যাচ্ছেন আর রাত্রে ওদেরকে ক্ষুধার্ত অবস্থায় ফিরিয়ে আনছেন। অথচ ওরা হচ্ছেন ডেলি ওয়েজেস-র লেবার, এখন ওরা নর্মাল লাইফ লিড করতে পারছেন না। রাত্রিবেলায় ঐ আসামিরা মহিলাদের কাছে এসে থ্রেট করে যাচ্ছেন যদি আমাদের নাম বলেন তাহলে ক্যাম্প উঠে গেলে আপনাদেরকে খুন করা হবে। তাই আমি বলতে চাই এই সমস্ত ধর্ষিতা মহিলাদের নিরাপত্তা কোথায়? আমি হাউসের মাধ্যমে সরকারকে জানাতে চাই এদের নিরাপত্তার ব্যবস্থা করুন এবং সরকার থেকে যে সাহায্য করা হয়েছে সেটা খুবই কম পরিমাণে সাহায্য করা হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে বলব এই ধর্ষণকারীদের নিরাপত্তার ব্যবস্থা করতে এবং দোষী ব্যক্তিরা যেন শাস্তি পায় তার ব্যবস্থা করুন।

শ্রীমতী বিলাসিবালা সহিস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্র পুরুলিয়া জেলার রঘুনাথপুর থানার সাঁকা গ্রামে কেবল নন্দী নামে একজন রোগী ১৮-৩-৯২ তারিখে স্টেট জেনারেল হাসপাতালে ভর্তি হয়েছিলেন। এবং ভর্তি করেছিলেন উক্ত হাসপাতালের সুপারিটেনডেন্ট। কিন্তু সুপারিনটেনডেন্ট মত্ত অবস্থায় থাকার জন্য রোগীটির প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা

হয়নি। ফলে রোগীটি মারা যায়। এর জন্য ঐ এলাকায় একটা উত্তেজনা সৃষ্টি হয়। এর আগেও ঐ হাসপাতালের সুপারিনটেনডেন্টের সম্বন্ধে বহু অভিযোগ উঠেছে, তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি যাতে ওখানে বিনা চিকিৎসায় কোনও লোক মারা না যায় সেটা দেখার জন্য এবং বিষয়টি তদন্ত করে উক্ত সুপারিনটেনডেন্টের ব্যাপারে যেন যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়।

[12-55 — 1-30 P.M. (including Adjournment)]

শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় কালিগঞ্জে ঐতিহাসিক পলাশি অবস্থিত। যে পলাশিতে রামনগর সুগার কোম্পানি ছিল, এখন যেটার নাম করা হয়েছে খৈতান অ্যাগ্রো কমপ্লেক্স। খৈতানরা ওটার নাম পরিবর্তন করে খৈতান নগরী করতে চেয়েছিল। কিন্তু সারা পশ্চিমবঙ্গের জনমত এর বিরুদ্ধে গড়ে উঠেছিল এবং আমিও সেখানকার বিধায়ক হিসাবে বলেছিলাম যে ওটার নাম খৈতাননগর করা চলবে না। তাই পলাশি মনুমেন্ট থেকে কলকাতা পর্যন্ত সি এস টি সি বা উত্তরবঙ্গ পরিবহনের বাস চালু করা হোক এই দাবি আমি পরিবহনমন্ত্রীর কাছে রাখছি।

মহঃ ইয়াকুব ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা বিশেষ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চিত্তরঞ্জন, ধর্মতলা, লেলিন সরণি ক্রসিং-এর মেট্রো রেলের কাজের জন্য ঐতিহাসিক টিপু সুলতান মসজিদে ফাটল দেখা দিয়েছে। এই ব্যাপারটা মাননীয় মুখ্যমন্ত্রী যেন অবিলম্বে রেল কর্তৃপক্ষের কাছে জানান এবং এই ঐতিহাসিক মসজিদে যে ফাটল দেখা দিয়েছে তা মেরামত করার জন্য ইঞ্জিনিয়ারিং লাইন যেন অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেন তা দেখার জন্য আমি অনুরোধ করছি।

শ্রী আব্দুল মান্নন ঃ (নট প্রেজেন্ট)

श्री सलीव टोप्पो : माननीय स्पीकर सर, मे आपके माध्यम से मुख्यमंत्री का ध्यान आकृष्ट कराना चाहता हुं। जलपाइंगुड़ी जिला मे 162 चाय वगान है। वहां जो श्रमिक मजदुर काम करते है उनको राशन नही मिलता है। माननीय स्पीकार सर, 1988-89 मे जो आइ.टी.भी.पी.डिकलरेशन किया गया है। ओर वहां जो सव-सिडीयरी राशन की सुविधा दी जाती चाहिए थी नही दी जा रही है। नन-वर्कींग क्लास के लोग जव पुछते है तो कहा जाता है कि पंचायत व्यवस्था करेगी ओर पंचायत से पुछा जाता है तो कहते है कि चाय वगान के मालिक इसकी व्यवस्था करेंगी। वस तरह को दोनो ओर सें वंचित कर रहा है।

अत: मे आपके माध्यम से मुख्य मंत्री से अनुरोध करता हुं कि शहरो में जो सुविधा दिया जाता है, उनको हर सुविधा दिया जाए।

ডাঃ তরুণ অধিকারী ঃ মাননীয় স্পিকার স্যার, আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার মৈশালি স্বাস্থ্যকেন্দ্রে সরকারি চিকিৎসক ডাক্তার অমূল্যকৃষ্ণ সর্দারকে আততায়ীরা খুন করে। তার অপরাধ হচ্ছে তিনি ওষুধ চুরি এবং ডায়েট কন্ট্রাকটারের চুরি ধরে ফেলেছেন। দুভার্গ্যের কথা আসল আততায়ীরা বুক ফুলিয়ে হাসপাতাল চত্বরে ঘুরে বেড়াচ্ছেন। কো-অর্ডিনেশনের নেতা এবং সি পি এমের আশ্রয়ে এরা রয়েছে। পুলিশ তাদের ধরছে না। এটা আমার অভিযোগ নয়, এটা অ্যাসোসিয়েশন ফর দি সার্ভিসেস ডাক্তারদের অভিযোগ। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখনও যাননি, আমি অবিলম্বে দাবি করছি মাননীয় মুখ্যমন্ত্রী কাছে আসামিদের ধরে শাস্তি দেওয়ার ব্যবস্থা করা হোক ও দোষী পুলিশ অফিসারদের শাস্তির ব্যবস্থা করা হোক।

মিঃ স্পিকার ঃ এখন বিরতি আমরা আবার মিলিত হব ১-৩০ মিনিটে।

(At this Stage the House was adjourned till 1-30 P.M.)

(After Adjournment)

[1-30 — 1-40 P.M.]

শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ স্যার, একটা দুভার্গ্যজনক কথা, দুঃখের কথা বলছি। আপনি আমাদের সবাইকে আশ্রয় দেন, আপনি আমাদের সমস্ত কিছুর ব্যবস্থা করেন। আমি ট্যাক্সিতে করে ১টা বেজে ৭ মিনিটের সময় যখন হাইকোর্টের দিকের নর্থ গেট দিয়ে ঢুকছিলাম, পুলিশ বাধা দেয়। আইডেনটিটি কার্ড দেখাই। তবু পুলিশ বলে যে ট্যাক্সি ঢুকতে দেবে না। আমাকে জোর করে নামিয়ে দেয়। যদি এম এল এদের এই রকম দুরবস্থা হয়, তাহলে আপনি বলুন আপনি এম এল এদের কি প্রোটেকশন দেবেন। এই জিনিসটা একটু ভালভাবে দেখুন। পুলিশ কি মনে করছে। একটা বেজে ১৭ মিনিটে এইটা হয়েছে, পুলিশ আমাকে নামিয়ে দিল।

মিঃ স্পিকার ঃ কোন গেটে হয়েছে।

শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ হাইকোর্টের দিকের গেটে হয়েছে, নর্থ গেটে হয়েছে।

(Mr. Speaker directed Marshal to enquire into the matter and report to him)

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় স্পিকার মহোদয়, আমাদের এখানে এখন ১৯৯২-৯৩ সালের অর্থমন্ত্রী অসীম দাশগুপ্তের বাজেট বিবৃতির বিরোধিতা করে বক্তব্য রাখছি। আমাদের এখানে আসলে গত দুদিন ধরে আমাদের দলের বক্তারা ভাল বক্তব্য রেখেছেন এবং এত গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করেছেন তাতে হয়ত দু-একটা বিষয়ের পুনরাবৃত্তি হয়ে যেতে পারে। তা সত্ত্বেও চেষ্টা করব অসীম দাশগুপ্তেরর রাজ্য বাজেটের প্রশ্নে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখতে। প্রথমেই আমার অভিযোগ হচ্ছে বাজেট সম্পর্কে যে এই বাজেট দিকনির্দেশহীন অর্থাৎ ডাইরেকশনলেস এবং এই বাজেট অন্তত সারশূন্য। কারণ এই বাজেটে কোনও স্ট্রাইকিং

অ্যাঙ্গেল নেই। আমাদের এইটা মনে রাখতে হবে কেন্দ্রীয় সরকারের বাজেট যখন পেশ হয়েছিল তাতে অনেক বিতর্ক সৃষ্টি করেছিল। তাতে নানা মত, পালটা মত বেরিয়ে এসেছিল। কিন্তু রাজ্য বাজেট নিয়ে সেসব কিছুই হয় নি। রাজ্যের মানুষের এই বাজেট নিয়ে কোনও মাথাব্যথা নেই এবং এই বাজেট হিসাবের কারচুপি করা একটা জোড়াতালি দেওয়া বাজেট। এই বাজেট নিয়ে সাধারণ মানুষের মধ্যে কোনও উত্তেজনা নেই। কেন্দ্রীয় বাজেট যেটা মনমোহন সিং দিল্লিতে উপস্থিত করেছিলেন তা নিয়ে তীব্র তর্ক-বিতর্ক দেখা দিয়েছিল। সেই বাজেটের পজিটিভ সাইড—পক্ষে বা বিপক্ষে মত ছিল। কিন্তু রাজ্য বাজেট যেটা উত্থাপিত হয়েছে সেটা নিয়ে সে রকম কিছু দেখা যাচ্ছেনা। এই সরকারের বিরুদ্ধে আমাদের মূলত অভিযোগ এটাই, আমরা বলতে চাইছি, রাজ্য সরকার যেটা করতে পারছেন না, সেটা হচ্ছে আয়ের দিকে নজর দিতে পারছেন না এবং সেইজন্য রাজ্য সরকার প্রধানত কেন্দ্রের উপর দোষ চাপাচ্ছেন। শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ, পরিবহন, গ্রামোন্নয়ন পৌরসভা—সব ক্ষেত্রে অর্থের অভাব। বহু প্রকল্প রাজ্য সরকারের বানচাল হয়ে যেতে বসেছে।

আমি প্রথমেই আসব অসীমবাবু, ১৯৯২-৯৩ সালের বাজেট যেটা পেশ করেছেন তার মূল বরাদ্দে। মূল বরাদ্দ হচ্ছে ২১ হাজার ৪২০ কোটি, ১৫ লক্ষ ৮৮ হাজার টাকা। এই গোটা ব্যাপারটা কিভাবে আসছে সেটা প্রথমেই দেখা দরকার। তিনটি দিক থেকে এটা আসার কথা বলেছেন। একটা হচ্ছে, কনসোলিডেটেড ফান্ড, একটা হচ্ছে কনটিজেন্সি ফান্ড এবং আর একটা হচ্ছে পাবলিক অ্যাকাউন্টস। কনসোলিডেটেড ফান্ড থেকে মোট টাকা আসছে ৮ হাজার ৪৬০ কোটি ৯০ লক্ষ ৬৪ হাজার টাকা। কনটিজেন্সি ফান্ড এবারে কোনও টাকা বরাদ্দ নেই। পাবলিক অ্যাকাউন্টস থেকে আনছেন ১২ হাজার ৯৫৯ কোটি ২৫ লক্ষ ২৪ হাজার টাকা। আর এরমধ্যে আপনারা টোটাল রেভিনিউ রিসিপ্ট কত আসছে? ১৯৯২-৯৩ সালে টোটাল রেভিনিউ রিসিপ্ট হচ্ছে ৫ হাজার ৮২১.৪৩ কোটি টাকা। এই ৫ হাজার ৮২১.৪৩ কোটির মধ্যে কেন্দ্রীয় সহায়তা বা স্টেট শেয়ার অ্যান্ড গ্রান্ট ইন অড ফ্রম সেন্ট্রাল গভর্নমেন্ট হচ্ছে ২৩৪৫.২২ কোটি টাকা। আর আপনার নিজস্ব রেভিনিউ রিসিপ্ট হচ্ছে ৩৪৭৬.২১ কোটি টাকা। আপনারা এই রেভিনিউ রিসিপ্ট নিয়ে অনেকেই অনেক কথা বলেছেন। আপনাদের প্রথম দিন থেকেই এ বিষয়টা বোঝাবার চেষ্টা করছি যে আপনার রেভিনিউ আদায় ঠিক মতোন হচ্ছে না। আপনার রেভিনিউ আদায়ের যেটা মূল জায়গা সেটা হচ্ছে সেলস ট্যাক্স। এই সেলস ট্যাক্স আদায়ের ব্যাপারে অনেক বক্তব্যই আপনারা বারবার বলেছেন। ১৯৯০-৯১ সালে আপনারা বলেছিলেন সেলস ট্যাক্স আদায় করবেন ১৩১৬ কোটি টাকা কিন্তু আদায় হল ১২৬০ কোটি টাকা। ১৯৯১-৯২ সালে বলেছিলেন সেলস ট্যাক্স আদায় করবেন ১৪৯২ কোটি টাকা কিন্তু আদায় হল ১৪৫০ কোটি টাকা। এবারে অর্থাৎ, ১৯৯২-৯৩ সালে আপনারা সেলস ট্যাক্স আদায় করবেন বলেছেন ১৯০০ কোটি টাকা। আপনি গত বছর যেখানে ধরেছিলেন আদায় করবেন ১৪৯২ কোটি টাকা সেখানে দেখা যাচ্ছে ৪১ কোটি টাকা কম আদায় হল, কিন্তু তা সত্ত্বেও এবারে ধরলেন ১৯০০ কোটি টাকা। এটা আমরা মনে করি একটা এগজারেটেড ব্যাপার। আপনারা সেলস ট্যাক্সের মাধ্যমে এই রেভিনিউ পাবেন বলে মনে হয় না। স্যার যদি আমরা গত বছরের রেভিনিউ রিসিপ্টটা দেখি ১৯৯১-৯২ সালের তাহলে দেখব যে আপনার বসানো যে কর, আপনি বাজেটে যে কর বসিয়েছিলেন তার কম

আদায় হয়েছে। কাজেই আপনার সেলস ট্যাক্সের ব্যাপারে যে প্রস্তাব সেটা একটা অবাস্তব প্রস্তাব বলেই আমরা মনে করি। গত বছর আপনি যে কর বসিয়েছিলেন তার থেকে

[1-40 — 1-50 P.M.]

আপনার ১৩৭ কোটি ৯৬ লক্ষ টাকা কম আদায় হয়েছে। যেটা আপনি আদায় করব বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন, চেষ্টা করেছিলেন সেটা কিন্তু আপনি আদায় করতে পারেন নি। সেখানে ১৩৭.৯৬ কোটি টাকা আপনার কম আদায় হয়েছে। আপনার বইতে সে কথা প্রকাশ পেয়েছে, বাজেট অ্যাট এ গ্ল্যান্সে আপনি সে কথা বলেছেন। এবারে আমি প্ল্যানের কথায় আসছি। একটা রাজ্যের যে প্ল্যান তৈরি করা হয় সেটা কিভাবে করা হয় বা স্টেট প্ল্যান বলতে আমরা কি বুঝি? স্টেট প্ল্যান বলতে আমরা বুঝি সেন্ট্রাল সাপোর্ট এবং তার সঙ্গে স্টেটের ওন রিসোর্সেস। এই দুটি যোগ হলে তখন স্টেটের কমপ্লিট প্ল্যান হয়। এখন সেন্ট্রাল সাপোর্ট বলতে আমরা কী বুঝি? সেন্ট্রাল সাপোর্ট বা কেন্দ্রের সহায়তা বলতে বুঝি যে Central Assistance according to formula, share market borrowing, share in negotiated loan, Share in external added projects. এই সব মিলিয়ে এটা হয়। এর সঙ্গে যখন আমরা স্টেটের নিজস্ব রিসোর্সের যোগ করি তখন সেই টোটাল ব্যাপারটা নিয়ে একটা রাজ্যের প্ল্যান দাঁড়ায়। এখন এই বামফ্রন্ট সরকার সম্বন্ধে আমাদের যেটা অভিযোগ সেটা হচ্ছে গত ১৪/১৫ বছর ধরে আপনারা পশ্চিমবঙ্গের প্ল্যানটাই তৈরি করতে পারলেন না। স্টেটের প্ল্যানের ব্যাপারে কি আউটলুক নিয়ে এগিয়ে যাবেন সেটাই আপনারা ঠিক করতে পারলেন না। কি কারণে এই অভিযোগটা করছি সেটা আমি আমার বক্তব্য দিয়ে বোঝাবার চেষ্টা করছি। আপনারা জানেন আমাদের রাজ্যের প্রথম প্ল্যান হয়েছিল ৭৬ কোটি টাকার ১৯৫১ থেকে ১৯৫৬ সালে। আমরা সব সময় মনে করি একটা প্ল্যান যখন হয় তখন সেই প্ল্যানের পরের প্ল্যানটা তার ডবল হবে। প্রথম প্ল্যানটা ৭৬ কোটি টাকার হলে দ্বিতীয় প্ল্যানটা ঠিক ডবল হলে হয় ১৫২ কোটি টাকার। ১৫২ ক্রোরস। ৭৬ কোটি হলে প্রথম পরিকল্পনায়, দ্বিতীয় পরিকল্পনায় হল ১৫২ ক্রোরস। এবার থার্ড প্ল্যানটা আমরা কি ভেবেছিলাম যে ৩০০ ক্রোরস হলে ভাল হত, কিন্তু থার্ড প্ল্যানটা সেখানে ২৫০ ক্রোরস। কিছুটা কম হল। ৩০০ কোটির জায়গায় থার্ড প্লান হল ২৫০ কোটি টাকার। কিন্তু সর্বনাশ হয়ে গেল কোথায়, ফোর্থ প্ল্যানে। ৬৯ সালে ফোর্থ প্ল্যান তৈরি হল। ৬৯ থেকে ৭৪, আপনারা ফোর্থ প্ল্যান তৈরি করলেন ৩২০ কোটি টাকার, অথচ কোটি টাকার, অথচ ফোর্থ প্ল্যানটা আপনাদের করা উচিত ছিল, তখন যদি থার্ড প্ল্যানের থেকে ডবল করতে হয়, তাহলে ৫০০ কোটি টাকার করা উচিত ছিল এবং এই যে ফোর্থ প্ল্যানটা ৩২২ কোটি টাকার করলেন, এটা পশ্চিমবাংলার অর্থনৈতিক উন্নয়নের এক যুগসন্ধীক্ষণের মুহূর্তে এর কোমর ভেঙে গেল। আপনারা ফোর্থ প্ল্যান করলেন ৬৪ থেকে ৭৪ আপনারা কিছুটা সময় সরকারে ছিলেন, কিছুটা সময় কংগ্রেসের সরকার ছিল, কিন্তু ফোর্থ প্ল্যান আপনারা ৩২০ কোটি টাকার করলেন। এবং এখন থেকে শুরু হল পশ্চিমবাংলার অর্থনীতির মূল ভাঙন। প্ল্যানিং এর ডেস্ট্রাকশন শুরু হয়ে গেল। আপনারা ৬৯ সালে থেকে ৭৪ সাল এ যে প্ল্যানিং আপনারা তৈরি করলেন এবং that was the beginning of the fall age আজকে চতুর্দিকে যে হাহুতাশ অবস্থা; দপ্তরগুলোতে টাকা একরকম বরাদ্দ হচ্ছে, আর একদিক থেকে

পাচ্ছেন না, এর সূত্রপাত আপনাদের সেই যুক্তফ্রন্টের আমল ৬৯ সালে ফোর্থ প্ল্যান যখন ৩২০ কোটি টাকার করেছিলেন। এর পরে ফিফ্থ প্ল্যান এল আমাদের হাতে। ফিফ্থ প্ল্যানে আমরা ধরলাম সেই পুরানো অ্যামাউন্টকে ধরে আমরা টেনে নিয়ে গেলাম, সেই প্ল্যানিংকে ১২৪৬ কোটি টাকায়, ১৯৭৪ থেকে ৭৯ এবং ১২৪৬ কোটি টাকা প্ল্যানিং এর পর আবার ফিফ্থ প্ল্যান এল, আপনাদের দায়িত্বে। আমাদের টাইমে ফোর টাইমস ইনক্রিজ হয়েছিল। সিক্স্থ প্ল্যানে আবার আমরা ফিরে এলাম ৩।। হাজার কোটি টাকায়। খারাপ নয়, ফিফ্থ প্ল্যানে ১২৪০ কোটি থেকে সিক্সথ প্ল্যানে ৩।। হাজার কোটি টাকার পারফরম্যানস যদি আমরা দেখি, সে একটা ভয়াবহ চিত্র। আমরা দেখেছি সিক্স্থ প্ল্যানের পারফরম্যান্স আজকে এখানে পুরোপুরি আলোচনা হচ্ছে, ইউটিলাইজেশন হয়েছে মাত্র ২৪৩৩ কোটি টাকা। ১১০০ কোটি টাকা খরচ করতে পারলেন না। যেহেতু রাজ্য তার নিজস্ব সম্পদ সংগ্রহ করতে পারলেন না, তাই ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩।। হাজার কোটি প্ল্যান আউট লে থাকা সত্ত্বেও ১১০০ কোটি টাকা খরচ হতে পারছে না। এটা আমরা দেখেছি। এরপরে আপনি সেভেন্থ প্ল্যানের কথা বলেছেন ৪ হাজার ১২৫ কোটি টাকা আপনাদের বরাদ্দ ছিল। কিন্তু আপনারা ৪ হাজার ৫১১ কোটি টাকা প্রকৃত ব্যয় হয়েছে বলেছেন। আপনাদের বরাদ্দের তুলনায় কাজ হয়েছিল, প্রথমে নিশ্চয়ই কিছুটা ভাল করলেও কিন্তু সেভেন্থ প্ল্যানে তো আপনাদের ৪ হাজার ৫১১ কোটি টাকার পরিকল্পনা থাকার কথা ছিল না। সিক্স্থ প্ল্যানে যদি ৩।। হাজার কোটি টাকা বরাদ্দ থাকে তাহলে সেভেন্থ প্ল্যানে নূন্যতম আপনাদের সাত হাজার কোটি টাকার প্ল্যান আউট লে হওয়ার কথা ছিল। সেই প্ল্যান আউট লে আপনারা করতে না পেলে আপনি ৪ হাজার ১২৫ কোটি টাকার প্ল্যান আউট লে করে আপনি ৪ হাজার ৫১১ কোটি টাকা প্রকৃত ব্যয় হয়েছে বলেছেন। এটা আরও অনেক বেশি হওয়া উচিত ছিল। এবং এইটথ প্ল্যানে ধরেছেন ১০ হাজার ৬২৫ কোটি টাকার প্ল্যান আউট লে। কত টাকা পাওয়া যাবে আমরা জানি না, কিন্তু এই এইট্থ প্ল্যান আউট লেতে পৌঁছাতে পারতাম ১৪ কোটি টাকার ওপরে। অর্থাৎ পশ্চিমবাংলাতে প্ল্যান আউটলে করবার ক্ষেত্রে রিসোর্স মোবিলাইজেশন বা সম্পদ সংগ্রহ করবার ক্ষেত্রে আপনাদের ব্যর্থতা কোথায় গেছে, আমি একটা উদাহরণ দিলে এই সভার সকলে হয়তে চমকে উঠবেন। আপনাদের ১৯৯০-৯১ সালে সম্পদ সংগ্রহ করবার কথা ছিল এ আর এম অর্থাৎ অ্যাডিশনাল রিসোর্স মোবিলাইজ করবার কথা ছিল ৪৫০ কোটি টাকা। আপনাদের এ আর এম কলেকশন হয়েছে মাত্র ১৪ কোটি টাকা। কোথায় আছি আমরা? আমরা কি করে প্ল্যান করব?

কি ভয়াবহ চিত্র, কোথায় ৪৫০ কোটি টাকা, আর কোথায় মাত্র ১৪ কোটি টাকা! এরপরেও আপনি 'জিরো ডেফিসিট' বাজটে, ঘাটতি শূন্য বাজেট করে বছরের পর বছর কৃতিত্ব আদায় করছেন! অথচ আপনি সম্পদ সংগ্রহের ক্ষেত্রে চূড়ান্ত ব্যর্থতার কথা আপনার বাজেট ভাষণে কোথাও একবারের জন্যও উল্লেখ করতে পারলেন না। আপনি ১৯৯০-৯১ সালে প্ল্যান আউট লে করেছিলেন ১৩২৮ কোটি টাকার। খরচ হল ১০৬৬ কোটি টাকা। আর ১৯৯১-৯২ সালে প্ল্যান আউট লে ছিল ১৪৮৬ কোটি টাকা, খরচ হল ৯১২ কোটি টাকা। ১৯৯২-৯৩ সালে ১৫০১ কোটি টাকা ধরা হয়েছে। আপনি সম্পদ সংগ্রহ করতে পারছেন না বলে পরিকল্পনা খাতে বিভিন্ন দপ্তরগুলি ভয়ঙ্কর ভাবে অর্থ লাভে বঞ্চিত হচ্ছে।

এসব আপনিই আপনার বইতে দেখিয়েছেন। 'বাজেট অ্যাট এ গ্ল্যান্স' বই-এর ১০ নং অনুচ্ছেদে স্টেটমেন্ট ৬ তে আপনি এটা উল্লেখ করেছেন। আমি একটা একজামপেল আপনাকে দেব। কয়েকটি বিভাগের বরাদ্দ এবং খরচের পার্থক্যটা দেখালেই বিষয়টি পরিষ্কার হয়ে যাবে। সোসাল সার্ভিসেস, এডুকেশন, স্পোর্টস, আর্ট অ্যান্ড কালচার খাতে ১৯৯১-৯২ সালের প্ল্যান বাজেটে টাকা ধরা ছিল ১১৫ কোটি ৮৬ লক্ষ টাকা, খরচ করলেন কত, না ৩৭ কোটি ৭৭ লক্ষ টাকা। স্যার, এডুকেশন স্পোর্টস-এ যেখানে ১১৫ কোটি টাকা প্ল্যান বাজেটে ধরা হয়েছিল সেখানে খরচ হল মাত্র ৩৮ কোটি টাকা। তারপর হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার কি হল? ১০৯ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, ৯৮ কোটি টাকা খরচ হয়েছে। এরপরে ওয়াটার সাপ্লাই, স্যানিটেশন, হাউসিং অ্যান্ড আর্বান ডেভেপলমেন্ট খাতে যেখানে বরাদ্দ ধরেছিলেন ১৩৭ কোটি ৩৪ লক্ষ টাকা, সেখানে প্ল্যান বাজেটে খরচ হল ১০৭ কোটি ৯০ লক্ষ টাকা। এই তো অবস্থা! আরও দু-একটা ভয়াবহ চিত্র এখানে তুলে ধরি। বিদ্যুতের ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বরাদ্দ ধরেছিলেন ২৯৪ কোটি ৯১ লক্ষ টাকা, অর্থাৎ প্রায় ২৯৫ কোটি টাকা ; খরচ হল কত, না ১৪০ কোটি টাকা। ২৯৫ কোটি টাকা ধরলেন, খরচ করলেন ১৪০ কোটি টাকা। প্রতি দপ্তরের এই একই চিত্র। ইরিগেশন অ্যান্ড ফ্লাড কন্ট্রোল বিভাগের জন্য প্ল্যান বাজেটে ১৫৬ কোটি টাকা ধরা হয়েছিল, খরচ হল ১০৮ কোটি টাকা। ইকনমিক সার্ভিসেস-এর জন্য ধরা হয়েছিল ১৩৩ কোটি টাকা, খরচ হল ৭৭ কোটি টাকা। মাননীয় মন্ত্রী মহাশয়, ইন্ডাস্ট্রির ক্ষেত্রে কি করলেন? প্ল্যান বাজেটে ধরেছিলেন প্রায় ১৮০ কোটি টাকা, খরচ হল ৬২.৮৫ কোটি টাকা। কোথায় পড়ে আছি আমরা! এতে কি ইন্ডাস্ট্রি হবে? তারপর ট্রান্সপোর্ট প্ল্যান বাজেটে ধরেছিলেন ৮২.৭৪ কোটি টাকা, খরচ হল ৪৬.৬৪ কোটি টাকা। মাননীয় অর্থমন্ত্রী, আপনি পরিকল্পনা খাতে যে টাকা বরাদ্দ করছেন সে টাকা দপ্তরগুলিকে দিতে পারছেন না। প্ল্যান আউটলে করছে এক, হচ্ছে আর এক। মোট বরাদ্দের এক টাকার ৯১ পয়সা মাইনে দিতেই চলে যাচ্ছে। নন-প্ল্যানেই ৯১ পয়সা, আর ৯ পয়সা থাকছে প্ল্যানের জন্য এবং তারও ২৫%, ৩০%, ৪০% মাত্র অ্যালোট করতে পারছেন। এর কারণ আপনারা রিসোর্স মবিলাইজেশন করতে পারছেন না। আপনারা যদি সম্পদ সংগ্রহের দিকে মন না দেন তাহলে রাজ্যের উন্নয়নের অগ্রগতি একদম স্তব্ধ হয়ে যেতে বাধ্য। আমি তাই আপনাকে অনুরোধ করব, এবিষয়ে আপনি যথাযথ দায়িত্ব পালন করুন এবং গুরুত্ব দিয়ে বিষয়টি বিবেচনা করুন। এরপর আমি স্মল সেভিংস সম্বন্ধে বলতে চাই। স্বল্প সঞ্চয়ের প্রশ্নে আপনারা বলেছেন যে, আপনারা ৪৪৪ কোটি টাকা কম পাচ্ছেন। কিন্তু এবিষয় যোজনা কমিশনের সঙ্গে আপনাদের মতের মিল নেই। তারা আপনাদের সঙ্গে সহমত পোষণ করেন না। যোজনা কমিশন বলছে, সারা ভারতবর্ষে সবগুলি রাজ্য মিলিয়ে স্বল্প সঞ্চয়ের ব্যাপারে তাদের ক্ষতি হচ্ছে দেড় থেকে দু হাজার কোটি টাকা। ফলে যোজনা কমিশন আপনাদের বিরুদ্ধে অভিযোগ এনেছেন যে, আপনারা হিসাবে কারচুপি করছেন, জাগলারি অফ অ্যাকাউন্টস করছেন। আপনারা এই হিসাবের কারচুপি দেখিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আপনারা স্বল্প সঞ্চয়কে টার্গেট করেছেন। আমি আপনাদের বলছি, এটা নিয়ে যদি সত্যিই আপনাদের অভিযোগ থাকে—কেবল তিনটে ট্রেন আনবার জন্য ১ লক্ষ টাকা ব্যয় করে দিল্লিতে বিধায়কদের পাঠিয়েছিলেন—একবার স্বল্প সঞ্চয়ের প্রশ্নে আমরা চলুন যাই দিল্লি।

[1-50 — 2-00 P.M.]

প্ল্যানিং কমিশনের সঙ্গে বসি, কেন্দ্রীয় অর্থমন্ত্রকের সঙ্গে বসি স্বল্প সঞ্চয় নিয়ে। পশ্চিমবাংলার উন্নয়নের স্বার্থে ভারত সরকার টাকা কেটে নেবে আর হাঁ। করে দেব, তা তো হয় না। আপনারা স্বল্প সঞ্চয় নিয়ে ভারত সরকারের বিরুদ্ধে অভিযোগ করেছেন, কিন্তু যোজনা কমিশন আপনাদের অ্যাকউন্টস সম্পর্কে বলেছেন, আপনারা জ্যাগলারি অফ অ্যাকাউন্টস করেছেন, তারা কোনও সত্যতা দেখতে পাচ্ছেন না। তারা বলছেন সারা ভারতবর্ষে যে টাকার অ্যামাউন্ট আপনাকে যে হিসাবটা দিলাম সেটাই বাস্তব চিত্র। পশ্চিমবাংলার এই বিপুল পরিমাণ ক্ষতি সম্পর্কে তারা আপনাদের সঙ্গে সহমত পোষণ করেন না। আপনারা কেন্দ্রের বিরুদ্ধে সমালোচনা করছেন, কিন্তু আপনারা ১৯৯১-৯২ সালে আবগারি শুল্ক এবং আয়কর থেকে ৯৬ কোটি টাকা বেশি পাচ্ছেন। বাজেটে যে টাকা ধরেছিলেন কেন্দ্র থেকে এত টাকা পাব তার থেকেও ৯৬ কোটি টাকা আপনারা বেশি পেলেন। আপনি হয়ত যুক্তি দেখাবেন, অমুক জায়গায় কম হয়েছে, তমুক জায়গয়া কম হয়েছে, কিন্তু বাজেট বক্তৃতায় যেখানে যেখানে সহায়তা পাচ্ছেন, সেন্ট্রাল অ্যাসিস্টান্স যেখানে যেখানে আসছে সেক্ষেত্রে আপনি নীরব কেবলমাত্র বাজেট বক্তৃতায় রাজনীতির একটা প্রতিফলন। ১৯৯১-৯২ সালে কেন্দ্র থেকে কত টাকা পাচ্ছেন সেটা আমি আপনাকে বলছি। ৩ হাজার ৫৬ কোটি ৯৩ লক্ষ টাকা কেন্দ্রীয় সহায়তা আপনি পাচ্ছেন। তাহলে এটা তো বাজেটে কোথাও বললেন না? তারপর মাসূল সমীকরণ নীতি নিয়ে অনেক কথা বলেছিলেন। আগেকার বাজেট বক্তৃতায় মাসূল সমীকরণ নীতি নিয়ে বলেছিলেন পশ্চিমবাংলা নাকি বঞ্চিত হচ্ছে। অসীমবাবু আমি প্রত্যাশা করেছিলাম—সন্তোষমোহন দেব লোহা ও ইস্পাতের উপর কেন্দ্র মাসূল প্রত্যাহার করে নেওয়ায় তিনি বলেছিলেন সংবাদপত্রে বিবৃতি দিয়ে, আমি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর কাছ থেকে অন্তত সাধুবাদ বা টেলিফোন পাবার জন্য অপেক্ষা করছি। কিন্তু মাসূল সমীকরণ নীতি যখন প্রত্যাহত হয়নি লোহা এবং ইস্পাতের উপর ৫-৬ বছর আগেকার বাজেট ভাষণে দেখেছি এই বিষয়ে উত্থাপন করেছেন, কিন্তু এবারে সুকৌশলে মাসূল সমীকরণের প্রশ্ন এড়িয়ে চলে গেলেন। এবারে লোহা এবং ইস্পাতের উপর মাসূল সমীকরণ নীতি প্রত্যাহৃত হয়েছে। এরফলে এই রাজ্য আপনি হিসাব ভাল করে বলতে পারবেন আমি নিজে হিসাব করিনি, অর্থনৈতিক ম্যাগাজিন এবং কাগজপত্রে দেখেছি এতে রাজ্যের ৫৮ কোটি টাকা অতিরিক্ত লাভ হবে লোহা এবং ইস্পাতের উপর মাসূল প্রত্যাহার হয়ে যাবার জন্য। তাহলে রাজ্য এই যে ৫৮ কোটি টাকা অতিরিক্ত পাচ্ছে সেটা কিন্তু কোথাও উল্লেখ করলেন না? আমি আপনাকে আরও বলব, নবম অর্থ কমিশন এইট্থ প্ল্যান পিরিওডে ক্যালামিটি রিলিফ ফান্ডের জন্য ৩০ কোটি টাকা দেবে আর আপনাদের দিতে হবে ১০ কোটি টাকা। এই ক্যালামাটি রিলিফ ফান্ডের জন্য যে ৩০ কোটি টাকা দিলে সেটা কোথাও উল্লেখ করলেন না। আপনারা ১৯৯২-৯৩ কনটিনজেনসি ফান্ডের জন্য টাকা একদম কেটে রেখে দিচ্ছেন। কিন্তু এই যে ৩০ কোটি টাকা দিল্লি দিচ্ছে, নবম অর্থকমিশন দিচ্ছে সেটা কিন্তু উল্লেখ করলেন না। আপনার বইপত্র ঘেঁটে এই তথ্যগুলি বের করলাম। ২.১৬ এবং ৩.৪ অনুচ্ছেদে বিকল্প প্রস্তাব সম্পর্কে উল্লেখ করেছেন। আপনারা অভিযোগ করেছেন। কিন্তু ভি পি সিং-এর কাছে আপনারা বিকল্প প্রস্তাব পাঠিয়েছিলেন, যিনি আপনাদের বন্ধু সরকার। সেই বন্ধু সরকার সেই

বিকল্প প্রস্তাব পড়ে দেখেন নি, ছেঁড়া কাগজের টুকরোর মতো ছুঁড়ে ফেলে দিয়েছিলেন। একটা প্রস্তাবও গৃহীত হয়েছে? এবার মনমোহন সিং-এর কাছে পাঠিয়েছেন। তিনি এই প্রস্তাব সম্পর্কে বলেছেন, এই প্রস্তাব সুদূরপ্রসারি, ফারসাইটনেস, এখানে বড় বড় কথা লেখা হয়েছে। বাস্তব দৃষ্টিভঙ্গি সম্মত যে বিকল্প প্রস্তাব সেই বিকল্প প্রস্তাবের হদিশ মনমোহন সিং আপনাদের প্রস্তাবের মধ্যে দেখতে পাননি। তাই তিনি বলেছেন এই বিকল্প প্রস্তাবের কোনও গুরুত্ব, কোনও মূল্য নেই। সত্যি-সত্যিই যদি কোনও বিকল্প প্রস্তাব আপনাদের থাকে তাহলে হাউসে প্লেস করুন না, আমরা দেখি। এখন বিধানসভা চলছে, বন্ধ কলকারখানা খোলার ব্যাপারে কি বিকল্প প্রস্তাব পাঠিয়েছেন? বিকল্প প্রস্তাবগুলির মধ্যে কি কি ব্যাপার আছে সেগুলি আমাদের দেখান। আপনি ২.১৫ অনুচ্ছেদে বলেছেন যে আমরা এখন কোনও মেধা সত্ত্বেও কাছে, প্রশ্নে কেন্দ্রীয় অর্থমন্ত্রী তার বক্তব্যে পরিষ্কার বলেছেন India has not yet agreed to the Dunkel proposal on intellectual property rights আপনি তো জানেন যে বাজেট বক্তব্যে মাননীয় অর্থমন্ত্রী বললেন to suggest that we are taking any step at the dictate of world Bank, IMF or any other imperialistic power is an insult to the Indian people. I am carrying it with me. তিনি বাজেট বক্তব্যে আরও বলেছেন, তার বাজেট বক্তব্য আমার কাছে আছে। তাতে তিনি বলেছেন The bulk of the reform programme is based on the election manifesto of our party. There is no question of Government ever compromising our national interests, not to speak of our sovereignty. গোটা বাজেট বক্তব্যতে মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী তার ডাংকল প্রোপোজাল অন ইনটেলেকচুয়াল ও আই এম এফের লোন সম্পর্কে তার সোভারিংটি সম্পর্কে স্পষ্টভাবে বলে দিয়েছেন। এখন আপনাদের কাছে শিখতে হবে? ভারতবর্ষের এই শূন্যতাকে রক্ষার জন্য, সোভারিংটি কিভাবে রক্ষিত হয় তার জন্য আপনাদের কাছে আজকে বলতে চাই যে এর প্রত্যেকটির অর্থই আপনারা জানেন, জেনে শুনে মানুষকে বিভ্রান্ত করার জন্য নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্য সমস্ত বিষয়ে একটা ক্যামোফ্লেজ করে দিয়ে মানুষকে বিভ্রান্ত করতে চাইছেন। এরপর আমি মূল্যবৃদ্ধি এবং বেকারির প্রশ্নে আসছি। বেকারির প্রশ্নে, মাননীয় অসীমবাবু আপনার গতবারের বাজেটে পড়ছিলাম, আপনার বাজেট বক্তব্যে একটি প্যারাগ্রাফে আপনি বলেছিলেন যে মোট নথিভুক্ত বেকারের সংখ্যা ৪০ লক্ষ, এবারে ১৯৯২-৯৩ সালে ৫০ লক্ষ, অর্থাৎ আপনিই স্বীকার করেছেন গত বছরে এবং এ বছরে পশ্চিমবঙ্গে ১০ লক্ষ বেকার বাড়ছে। ১০ লক্ষ, এটা আপনাদের ২ বছরের বাজেট গত বছর এবং এ বছরের ১৯৯১ এবং ১৯৯২ বক্তব্যে আছে। আপনারা নিজেরাই বলছেন যে এক বছরে ১০ লক্ষ বেড়েছে, আপনি এ সমস্যা সম্পর্কে একটু ওয়াকিবহাল হবেন, না এর পরেও মানুষকে অন্য কথা বললেন? ইনফ্লেসনের কথা বললেন। গত বছরে কি বলেছিলেন? গত বছরে বলেছিলেন যে স্বনিযুক্তি প্রকল্পে ৮ লক্ষ বেকারকে কাজের সুযোগ দেবেন। একদিকে স্বনিযুক্তি প্রকল্পের কথা বলছেন, আর একদিকে প্রতি বছর ১০ লক্ষ বেকার বাড়ছে, আপনাদের কি রকম সেলফ কন্ট্রাডিকশন হচ্ছে তা দেখছেন না? নিজেদের কথার ফাঁদে নিজেরাই জড়িয়ে পড়েছেন। এবারে স্বনিযুক্তি প্রকল্পে ৫ লক্ষ বেকারকে নিয়োজিত করবেন, তা তো পারছেন না। আপনাদের আমলে বেকারত্ব এমন অবস্থায় পৌঁছেছে যে এক বছরে ১০ লক্ষ বেকার বেড়েছে। স্বনিযুক্তি প্রকল্পে

গ্রামের বেকারদের কাজের সুযোগ করে দেব, অমুক করে দেব এসব বলে আপনারা বাংলার বেকার যুবকদের সঙ্গে বঞ্চনা, প্রতারণা করছেন। আমি আপনদের বলছি, এই রকম বাংলার বেকার যুবকদের নিয়ে প্রহসন করার যে মানসিকতা সে সম্বন্ধে আপনারা সচেতন হন এবং ভবিষ্যতেও ওয়াকিবহাল হবেন। মূল্যবৃদ্ধি সম্বন্ধেও অনেক কথা হচ্ছে। সে সম্বন্ধে আপনি যে বলছেন তাতে আমরা জানি যে মুদ্রাস্ফীতির নিয়ন্ত্রণের কথা আছে, মূল্যবৃদ্ধি সরাসরি কমাতে পারা যায় না, যতক্ষণ ইনফ্লেসন না কমবে বাজেটে ঘাটতির পরিমাণ যতক্ষণ না কমবে চাহিদা এবং সরবরাহ, ডিমান্ড অ্যান্ড সাপ্লাইয়ের মধ্যে সামঞ্জস্য যদি না থাকে তাহলে জিনিসপত্রের দাম কমতে পারে না। অপর দিকে শুধু ভরতুকি দিয়ে কি হচ্ছে? আজকে সোভিয়েট রাশিয়ায় কি অবস্থা হয়েছে দেখতে পাচ্ছেন? দোকানে কুকুর, বিড়ালের মাংস বিক্রি হচ্ছে আর মানুষে তাই কিনে খাচ্ছে। ভরতুকি দিয়ে নিয়ন্ত্রিত মূল্যে বাজারকে চালু করার যে প্রবণতা, সেটা শুধু মানুষের কাছে মুখরোচক স্লোগান দিয়ে বোঝাবার চেষ্টা করা। ভরতুকি দিয়ে একটা দেশের উন্নতি করতে পারা যায় না। সাবসিডি কে রাখতে হবে, তারপর ধীরে ধীরে সাবসিডির পথ থেকে সরে আসার পরিকল্পনা নিতে হবে, এটা আপনি মেনে নেবেন।

[2-00 — 2-10 P.M.]

আপনি উৎপাদন নিয়ে বলেছেন। খাদ্য উৎপাদন যদিও করেন তবুও এখনও পশ্চিমবঙ্গে চাহিদার তুলনায় চাল গমে ৩৮.২ লক্ষ টন ঘাটতি। আপনি বলেছেন, এখানে মজুত উদ্ধার হয়। খাদ্যমন্ত্রী মাঝে মাঝে বলেন, মজুত উদ্ধার করছি। কিন্তু সরকারের বিরুদ্ধে আমার অভিযোগ, আজ পর্যন্ত ১৪ বছরে একজন মজুতদারেরও ইমপ্রিজনমেন্ট হয়নি। আপনারা কতজনকে গ্রেপ্তার করেছেন? দোকান থেকে তুলে আনছেন, তারপর তারা কোর্টে বেল নিয়ে চলে যাচ্ছে। আপনারা একজনকেও ইমপ্রিজনমেন্ট দিতে পারেন নি, এটা ব্যর্থতা নয়? একদিকে চাল প্রকিওরমেন্ট করছেন না, অপরদিকে তা স্মাগলিং হচ্ছে বর্তারে! এটা সমস্যা নয় পশ্চিমবঙ্গের? আপনি বলেছেন, মজুতদাররা এটা করছে। আমি অনুরোধ করছি, প্রপোজাল দিচ্ছি, স্পেশাল কোর্ট করবার চেষ্টা করুন ঐ সমস্ত মজুতদার, যারা চোরা কারবার করছে, তাদের রেজিস্ট করবার জন্য! বিরোধীদলের স্পেশাল কোর্ট করবার এই প্রস্তাবকে মেনে নিয়ে বলুন যে, আপনারা অশুভ শক্তির সঙ্গে লড়াই করতে প্রস্তুত। সেজন্য অনুরোধ করছি, স্পেশাল কোর্ট এখান থেকে তৈরি হোক। না পারলেন বেকার সমস্যা সমাধান করতে, না পারলেন নতুন শিল্পনীতির সুযোগ নিতে। কেন্দ্রের নতুন শিল্পনীতিতে কি বলেছে? এম আর টি পি বিলোপের কথা বলা হয়েছে, সার্বিক লাইসেন্স ব্যবস্থা প্রত্যাহার করতে বলা হয়েছে, নির্দিষ্ট কয়েকটি ক্ষেত্র ছাড়া সরাসরি বিদেশি পুঁজি বিনিয়োগের সীমা ৫১ পারসেন্ট করতে চাওয়া হয়েছে এবং গুরুত্বপূর্ণ সরকারি ক্ষেত্র ছাড়া শিল্পে শেয়ার বাজারে ছাড়ার উদ্যোগকে নিয়ন্ত্রণ মুক্ত করা হয়েছে। এইসব ব্যবস্থার সুযোগ আপনারা কাগজে কলমে নিতে পারলেন না। কয়েকদিন আগে আপনি টাটাদের তাজ-বেঙ্গলে একটি সেমিনারে গিয়েছিলেন। সেখানে পিছনের সারিতে বসে আমি আপনার বক্তব্য শুনছিলাম। আপনি বলছিলেন সকালবেলায় বাড়িতে থাকি, দুপুর বেলা অফিসে থাকি, আবার সন্ধ্যাবেলা বাড়িতে থাকি। কাজেই যদি কোনও এন আর আই আগ্রহী হন, আসুন আমার বাড়িতে। অর্থাৎ একচেটিয়া পুঁজির সঙ্গে সহাবস্থান করব! কাজেই মুখেই আপনারা কেন্দ্রীয় শিল্পনীতির সমালোচনা করেন, কিন্তু তার

সুযোগ গ্রহণ করতে পারেন না। এটা আপনাদের ব্যর্থতা। আপনারা বলছেন, হলদিয়ায় ১.৫ লক্ষ যুবকের চাকুরি হবে। এটা আমরাও চাই, বেকার যুবকদের চাকরি হোক। কেন্দ্রীয় সরকার জাপানি অর্থলগ্নি ও ই সি এফ এর সঙ্গে দেশের যে ৫টি প্রকল্পের ব্যাপারে চুক্তি করেছেন তারমধ্যে একটি বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র এবং অপরটি হলদিয়া পেট্রো-কেমিক্যালস যার জন্য ৩৫ কোটি টাকা বিদেশি মুদ্রায় পেমেন্ট করতে হবে। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার স্বীকৃতও হয়েছেন এবং আপনারাও তারজন্য খুশি হয়েছেন। সেজন্য বলতে চাই, মার্কিন সংস্থা এ বি পি লুম্বাস ক্রেন্ট অ্যান্ড হাইমেন্ট ইঙ্ক এবং জাপানি সংস্থা মিৎস্যুই কেমিক্যালসের সঙ্গে আপনাদের যে চুক্তি হয়েছে সেটা হাউসে পেশ করুন! আমরা জানি, আমাদের দেশে অনেকগুলো পেট্রো-কেমিক্যালস হয়েছে। গোয়েঙ্কারা করেছেন, আই পি সি এল এর হয়েছে, রিলায়েন্স করেছেন, গান্ধার প্রোজেক্ট হয়েছে, নাসিলিরা প্রডাকশনের চাহিদা বাজারে থাকবে কিনা?

আমি আবার আপনাকে বলব যে, আপনারা বিড়লার সঙ্গে পলিয়েস্টার ফিলামেন্ট ইয়ার্ন করছেন, টাটা অয়েল মিলের সঙ্গে চুক্তি করছেন, গোয়েঙ্কার সঙ্গে অ্যাক্রেলিক ফাইবার করছেন, খৈতানের সঙ্গে অ্যালুমিনিয়াম রোল প্রোডাক্ট করছেন। আপনি যখন এদের সঙ্গে চুক্তি করছেন, আমি আপনাকে আর একটা বিকল্প প্রস্তাব দিচ্ছি। আপনি যখন এদের সঙ্গে বড় বড় চুক্তি করছেন তখন এদের বলুন যে আর একটা বন্ধ হওয়া কারখানা পাশাপাশি খুলুন। আপনি প্রতিটি লাভজনক সংস্থা তাদের না দিয়ে আর একটা বন্ধ কারখানা খুলবার প্রস্তাব তাদের কাছে দিন। এটা যদি কথা হয় তাহলে আমার মনে হয় শিল্পের কিছুটা সুবিধা হবে। কারণ সরকারের পরিচালনাধীন যে ৭০টি সংস্থা আছে তার মধ্যে মাত্র ১০টিতে লাভ হচ্ছে, বাকি ৬০টিতে লোকসান হচ্ছে। একথা ইকনমিক রিভিউতে আছে। এটা যদি হয় তাহলে আপনি কি চালাবেন? তাই আমি যে কথা বলতে চাচ্ছি যে আপনার বাজেট বক্তৃতায় ওয়ার্ক কালচালের কোনও উল্লেখ করা নেই, প্রফিট্যাবিলিটির কথা নেই, প্রোডাকটিভিটির কথা নেই। এগুলিকে বাদ দিয়ে একটা রাজ্যের কখনও শিল্প তৈরি হতে পারে না। আজকে গ্রামোন্নয়নের কথা বলা হয়েছে যে ৭৩ পারসেন্ট গ্রামীণ বৈদ্যুতিকরণ হয়েছে। ভারতবর্ষের অন্তত ১২টি রাজ্যে ১০০ পারসেন্ট হয়ে গেছে। পশ্চিমবঙ্গের বিদ্যুৎ পর্ষদ প্রতি বছর ৪৫ কোটি ২৮ লক্ষ টাকায় রান করছে। এবারের বাজেট বক্তৃতায় দেখলাম যে স্টেট ট্রান্সপোর্টকে প্রায় ৪৬ কোটি টাকা কেবল ক্ষতিপূরণ দিয়েছেন CSTC, CTC, SBSTCকে ভরতুকি হিসাবে। এই অবস্থার কথা বিচার করে আজকে আপনাকে বলতে চাই যে রাজ্য সরকার পশ্চিমবঙ্গে দেনার দায়ে ডুবতে বসেছে। আজকে কোনও অর্থ লগ্নি সংস্থা এখানে ঋণ দিচ্ছেন না। এস ই বি-র লোনের জন্য চিফ সেক্রেটারিকে মিটিং ডাকতে হল, ব্যাঙ্কের অফিসারদের রাত্রে ডিনার দিতে হল এবং সেখানে তাকে অ্যাপীল করতে হল যে এস ই বিকে বাঁচানোর জন্য আমাদের টাকা দিন। আজকে রাজ্য সরকারকে কোনও অর্থ লগ্নি সংস্থা লোন দিতে চাচ্ছে না। আমি আগেও বলেছি যে বাজেটে ঘাটতি নেই, তাতে উন্নয়নও থাকে না। তাই আপনাকে বলব যে কেন্দ্রীয় সরকারের সঙ্গে সংঘাত করে নয়, কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি যা ঘোষিত হয়েছে, শিল্প নীতি যা ঘোষিত হয়েছে, আজকে তাকে স্বাগত জানিয়ে রাজ্যের স্তব্ধ হয়ে যাওয়া অর্থনীতিকে গতিশীল করার চেষ্টা করুন, কেন্দ্রের সঙ্গে সংঘাতের পথ পরিত্যাগ করুন। আপনার কাছে এই কয়টি বিকল্প প্রস্তাব রাখলাম পশ্চিমবঙ্গের সামগ্রীকে

উন্নয়নের স্বার্থে। আজকে অনেক অসুবিধার মধ্যে থাকলেও আপনি যদি কাজ করার চেষ্টা করতেন তাহলে এই বাজেটকে সমর্থন করার কথা ভাবতাম। কিন্তু সমস্ত রকম ব্যর্থতার পর্যবসিত হয়ে রাজ্যের অর্থনৈতিক অগ্রগতিকে আপনি স্তব্ধ করে দিয়েছেন। আজকে পুরো বাজেট বক্তৃতার ১২ পাতায় শুধু কেন্দ্রের বিরুদ্ধে গালিগালাজ করা হয়েছে। এইভাবে গালিগালাজ করে নয়, নতুন দিগন্ত যা কেন্দ্রীয় সরকারের বাজেট বক্তৃতায় উন্মোচন হয়েছে তার সঙ্গে সহমত পোষণ করে পশ্চিমবঙ্গের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করুন। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-10 — 2-20 P.M.]

শ্রী সুভাষ বোস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে মাননীয় অর্থমন্ত্রী, ডঃ অসীম দাসগুপ্ত মহাশয় যে বাজেট বিবৃতি পেশ করেছেন, তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলব। আমি মনোযোগ সহকারে সুদীপ বাবুর বক্তৃতা শুনেছি। তিনি প্রথমে করছেন যে আয়ের দিকে নজর দেওয়া হয়নি। আমি সেই বিষয়ে পরে আসছি। আপনি দেখেছেন যে কয়েকদিন আগে কেন্দ্রীয় বাজেট পেশ করা হয়েছে এবং তার পাশাপাশি আমাদের রাজ্যের বিবৃতি গত ১৬ তারিখে পেশ করা হয়েছে। আমাদের রাজ্যে একজন অর্থনীতিবিদ আছেন, তারনাম হচ্ছে ডঃ ভবতোষ দত্ত। তিনি বলেছেন যে কেন্দ্রীয় বাজেট হয়েছে মূলত একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থে এবং সাম্রাজ্যবাদীদের স্বার্থবাহী বাজেট পেশ করা হয়েছে। তার পাশাপাশি আজকে পশ্চিমবঙ্গ সরকার এই সঙ্কটের মধ্যে দাঁড়িয়ে সাধারণ গরিব মানুষের পক্ষে বাজেট পেশ করেছেন এবং তারা শিল্প গড়ে তোলার জন্য এবং বেকারত্ব ঘোচানোর জন্য একটা অসীম সাহসের সঙ্গের এই বাজেট পেশ করেছেন। আমি আশা করেছিলাম উনি এই বাজেটকে ধন্যবাদ জানাবেন। এখন ডঃ ভবতোষ দত্ত, না উনি সত্য সেটা বাংলার মানুষ প্রমাণ করবে।

আজকে ওনারা বললেন যে ছাত্র যুবকদের ধোঁকা দেওয়া হয়েছে। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে চাই প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী পেরামপুদুরে মারা যাবে জানা ছিল না, কিন্তু এই কংগ্রেসের নির্বাচনী ইস্তাহারে তৈরি করেছিল আজকের প্রধানমন্ত্রী। তিনি বলছিলেন ১০০ দিনের মধ্যে ১০টি জিনিসের দাম কমানো হবে এবং ১ বছরে ১ কোটি বেকারের চাকুরি দেওয়া হবে। আজকে সেই জায়গায় ডঃ মনমোহন সিং পার্লামেন্টে দাঁড়িয়ে বলেছেন ২-৩ বছরের মধ্যে কোনও চাকুরি দেওয়ার ব্যবস্থা করা যাবে না। তাহলে কে ধাপ্পাবাজ আজকে দেখুন ভারতবাসী। আজকে সংবিধান যেভাবে তৈরি হয়েছে তাতে মূল দেশের নীতি নির্ধারণ করেন কেন্দ্রীয় সরকার, সেই নীতিগুলিকে কার্যকর করে ২৫টি রাজ্য। যেসব রাজ্য বিচক্ষণ এবং সাধারণ মানুষের স্বার্থে কাজ করতে চান তারা এর মধ্যে সাধারণ মানুষের জন্য কাজ করছেন এবং তেমনই একটা রাজ্য বর্তমানে আছে সেটা হচ্ছে পশ্চিমাবংলার বামফ্রন্ট সরকার। তারা যে শিল্প নীতি গ্রহণ করেছেন সুদীপ বন্দ্যোপাধ্যায় বললেন যে এই শিল্পনীতি একটা যুগান্তর এনে দেবে এবং বললেন একে সমর্থন করুন, এর পেছনে ছুটুন। আমরা অপারগ। ইন্দিরা গান্ধী এবং রাজীব গান্ধী যে গেট বন্ধ করে রেখেছিলেন আজকে পি ভি নরসীমা রাও এসে সেই গেট খুলে দিলেন, সাম্রাজ্যবাদীদের শুড়শুড় করে ঢোকার সুযোগ করে দিলেন

আমরা দেখতে পেলাম। আজকে আমাদের ভয় কোনখানে? আজকে ওরা দেশকে উদ্ধার করতে আসে, অর্থনৈতিক দিক থেকে সহযোগিতা করতে আসে ভাল কথা। কিন্তু আমাদের অতীত অভিজ্ঞতা কি? বিদেশিরা এখানে ব্যবসা করতে এসেছে এবং পরবর্তীকালে তারা ভারতবর্ষকে লুণ্ঠন করেছে। ১৭৫৭ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতবর্ষে এসেছিল ব্যবসা করতে, তারপর উমিচাঁদ, রায়দুর্লভ, জগৎশেঠ মিরজাফরের সহযোগিতায় রাজনৈতিক ক্ষমতা দখল করেছিল, পলাশির যুদ্ধে বিশ্বাসঘাতকতার ফলে সিরাজের পতন ঘটল এবং আমাদের স্বাধীনতা বিসর্জন দিতে হল। আজকে আমাদের উদ্বেগের বিষয় হল ভারতবর্ষের সার্বভৌমত্ব বিকিয়ে দেওয়া হচ্ছে। কারণ বিদেশের কাছে বাজেট কার্যত ডঃ মনমোহন সিং ফাঁক করে দিয়েছেন। আজকে সভ্য দেশ হলে মিনিস্ট্রি থেকে পদত্যাগ করতেন। আবার তার সাথে সাথে বিদায় নীতি গ্রহণ করছেন। সিনেমা হলের বিভিন্ন জায়গায় একজিট কথাটা লেখা থাকে, খুব সুন্দর ভাষায় লেখা থাকে বিদায় এইখান দিয়ে বেরিয়ে যেতে হবে। আজকে আমরা দেখলাম তারা এই বিদায় নীতি গ্রহণ করেছেন। আর সেই জায়গায় রাজ্য সরকার রুগ্ন শিল্প যেগুলি আছে, যারা দীর্ঘ দিন ধরে প্রোডাকশন করছে, কার ভুলে সেখানে উৎপাদন কমেছে, সেই শিল্পগুলিকে রক্ষা করার জন্য বাজেট বক্তৃতায় বলিষ্ঠ ভাবে বক্তব্য রেখেছেন। আজকে শিল্প রুগ্ন হয়ে যাচ্ছে কিসের জন্য কেন্দ্রীয় সরকার তার চিকিৎসার ব্যবস্থা করতে পারবেন না, তাকে বাঁচিয়ে তোলার ব্যবস্থা করবেন না, লক্ষ লক্ষ লোকের কাজকে রক্ষা করার কথা ভাববেন না, তাদের হাতে টাকা পয়সা দিয়ে চিরতরে বিদায় নাও এই পৃথিবী থেকে এই নীতি গ্রহণ করেছেন।

এইনীতির মধ্যে দাঁড়িয়ে, আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে পাঁচ হাজার কোটি টাকা ধার নিয়ে এবং এই টাকা নেওয়ার ব্যাপারে যে শর্ত আরোপিত হয়েছে তা ভারতবর্ষের মান-সম্মানকে বিকিয়ে দেওয়া হয়েছে বলে আমরা মনে করি। আমরা দেখতে পাচ্ছি যে, শিল্পোৎপাদনের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে সমীক্ষা বেরিয়েছে তাতে দেখতে পাচ্ছি ০.৪ ভাগ কমে গেছে। গত বছরে আমরা দেখছি খাদ্য শস্যের উৎপাদন কমে গেছে। কেন্দ্রীয় সরকারের সমীক্ষাতে দেখতে পাচ্ছি ১.৫ শতাংশ কমে গেছে। এরই পাশাপাশি বহির্বাণিজ্যের ক্ষেত্রে রপ্তানি ৫ শতাংশ কমে গেছে। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ঘটেছে। শুধু তাই নয়, তারা আন্তর্জাতিক অর্থভান্ডার থেকে যে ঋণ গ্রহণ করেছেন তার ২৪ শতাংশ ব্যয় করে ঐ দেশের যন্ত্রাংশ কিনবেন বলে ঠিক করেছেন। ঐ দেশেরই মেশিন নিতে হবে। সেই মেশিন দিয়ে গরিব মানুষের স্বার্থে ক্ষুদ্র ও কুটির শিল্পকে উজ্জীবিত করার জন্য খরচ হবে না, খরচ হবে বিলাস দ্রব্যের জন্য। বিদেশ থেকে চড়া সুদে ঋণ নিয়ে ঐ রকম মেশিন তাদের কাছ থেকে কিনতে হবে, এই রকম নক্কারজনক শর্তে ঋণ নিয়েছেন পাঁচ হাজার কোটি টাকা আশির দশকে। আশির দশকের পরে সেটা বেড়ে হয়েছে ১০ হাজার কোটি টাকা। বৈদেশিক ঋণের ক্ষেত্রে আশির দশকে যেটা ছিল ১৮,৪০০ কোটি টাকা, এখন তা দাঁড়িয়েছে ১ লক্ষ কোটির টাকার বেশিতে। আজকে তারা যে ঋণ নিচ্ছেন, যে নীতি গ্রহণ করছেন, এইভাবে দেশকে কোনদিকে নিয়ে যাচ্ছেন? তাদেরই হিসাবের মধ্যে থেকে এটা বেরিয়ে এসেছে। খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে ৭ম পরিকল্পনায় এই রাজ্য ১ম স্থান অধিকার করেছে। পাশাপাশি, গ্রহণের ক্ষেত্রে ২য় স্থান অধিকার করেছে। বামফ্রন্ট সরকারের এই

সাফল্যের কারণটা কি? কারণটা হচ্ছে ভূমি সংস্কার। ভূমি সংস্কারের সৃষ্টি ধরেই আমরা এগিয়ে যাচ্ছি। সুদীপবাবু এ সম্পর্কে একবারও বললেন না যে, গোটা ভারতবর্ষে যে ভূমি সংস্কার হয়েছে তার পাঁচ ভাগের এক ভাগ পশ্চিমবাংলা করতে পেরেছে। আপনারা ৩০ বছরে যেখানে কৃষির দিকে নজর দেন নি, আমরা এইক্ষেত্রে এই সাফল্য অর্জন করতে পেরেছি। মাননীয় সিদ্ধার্থশঙ্কর বাবু এখানে আছেন, আপনারা ৬৯ লক্ষ টন খাদ্য উৎপাদন করেছিলেন ক্ষমতায় থাকা কালে। তখন ৫৯ সালে পশ্চিমবাংলায় প্রায় দুর্ভিক্ষ দেখা দিয়েছিল। মানুষ তখন চাল চাল করে কলকাতাতে এসেছিল। আপনারা গুলি করে ৮০ জনকে মেরে ফেলেছিলেন। মানুষকে আপনারা মাইলো, ভুট্টা খাইয়েছেন। সেদিক থেকে বামফ্রন্ট সরকার ভূমি সংস্কার করে এই বছরে ১ কোটি ২০ লক্ষ টন খাদ্য উৎপাদন করবে এবং মানুষকে খাদ্য দেবার সংস্থান করতে পারবে। উৎপাদনের ক্ষেত্রে আমরা দেখছি, ১৯৮২-৮৩ সালে খাদ্য শস্যের উৎপাদনের গড় যেটা ছিল ১৪.২৮ কেজি, সেইক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জায়গায় উৎপাদন ১৪ কেজিতে পৌঁছেছে। পরবর্তীকালে রাজ্য সেটাকে ১৫.৪৫ কেজিতে বাড়িয়েছে। এর প্রশংসা তো একবারও করলেন না। গ্রহণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থান অধিকার করেছে এবং উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছে। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে এবং কুটির ও ক্ষুদ্র শিল্প সম্পর্কে উনি বলেছেন যে কেন্দ্র টাকা দিয়েছে। কিন্তু তা দিয়েছে একটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাবে। গত বছর তারা হঠাৎ স্বল্প সঞ্চয়ে মার দেবার জন্য স্বল্প সঞ্চয়ের মাধ্যমে যে টাকা পশ্চিমবঙ্গ সরকার সংগ্রহ করতে পারছিল তাকে নষ্ট করে দেবার জন্য আজকে মিউচুয়াল ফান্ড, ব্যাঙ্ক ইত্যাদিতে সুদের হার বাড়িয়ে দিয়ে এবং অধিক পরিমাণে করের ছাড় দিয়ে স্বল্প সঞ্চয়কে মার দিয়ে দিলেন।

[2-20 — 2-30 P.M.]

তাতে রাজ্যের ক্ষতি হল ৪৪০ কোটি টাকা। আপনারা তো একবারও সেকথা কেন্দ্রীয় সরকারকে বললেন না। একবারও তো বললেন না এইভাবে রাজ্যকে একটা বিপদের মধ্যে কেন ফেলে দেওয়া হল? দ্বিতীয়ত সিদ্ধার্থ রায়ের মুখ্যমন্ত্রিত্ব চলে যাওয়ার সময়ে তিনি ভান্ডার শূন্য রেখে গেছিলেন। কিন্তু নিয়ম অনুসারে বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সেটা গ্রহণ করে নিয়ে সেই টাকা শোধ করেছিলেন। তারা ভান্ডার শুন্য রেখে গেল এবং আমরা তারমধ্যে সেই টাকা শোধ করলাম। কেন্দ্রের ২১৫ কোটি টাকা দেবার কথা ছিল কিন্তু গত বছরেও সেই টাকা পাওয়া গেল না। অর্থাৎ ৪৪০ কোটি টাকা আর ২১৫ কোটি টাকা পাওয়া গেল না। এই সঙ্কটের মধ্যে দাঁড়িয়ে এবং রাজ্যের একটা বিপদের মধ্যে দাঁড়িয়ে আমাদের বাজেট তৈরি করতে হয়েছে। ১৯৯১-৯২ সালে যে আর্থিক বছর চলেছে তাতে যে ঘাটতি বাজেট দেখানো হয়েছে এটা একটা প্রহসন করা হয়েছে। আমার মনে হয় সর্ব দলের পক্ষ থেকে এই কেন্দ্রীয় সরকারের বাজেটের সমালোচনা করা উচিত। কেন্দ্রীয় সরকার বাজেট করেন নাম কয়াস্তে এবং পরোক্ষভাবে দেখা যায় যে সাধারণ মানুষের উপরেই কর ধার্য করে থাকে। যদিও প্রত্যক্ষভাবে দেখান যে জিনিসপত্রের দাম কমানো হয়েছে বাজেটে কিন্তু কার্যত তা নয়, কেন না তারা তো সারা বছরই জিনিসপত্রের দাম বাড়ায়। সুতরাং বাজেট . . . কেন্দ্রীয় সরকার তৈরি করেন সেটা লোক দেখানো বাজেট হয়। তারা সারা বছরই সাধারণ মানুষকে বেকাদায় ফেলছেন অথচ বাজেটে দেখাচ্ছেন যে তারা গরিব মানুষদের স্বার্থে বাজেট

তৈরি করছেন আমরা বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে আগে দেখেছি যাদের দেওয়ার ক্ষমতা আছে তাদের থেকে কর আদায় কর। যেমন সাধারণ মানুষের তো আর রাম কেনার ক্ষমতা নেই, সেই কারণে রামের উপর কর ধার্য করা হল। আমি রাম বলতে রামায়ণের রামচন্দ্রের কথা বলছি না, রাম যা মানুষেরা সেবন করে, তার উপরে কর বেশি করে ধার্য করেছেন। আমরা এই বাজেটের মধ্যে কিছু বলিষ্ঠ পদক্ষেপ নিতে সক্ষম হয়েছি, যেমন স্বনির্ভরতা, কর্মসংস্থান এবং সাধারণ মানুষের অগ্রাধিকার দেওয়া। বাজেটে মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন যে এই ৩টের উপরে জোর দেবেন। শিল্প গড়ে তোলার ক্ষেত্রে কর ছাড় দেওয়ার চেষ্টা করা হচ্ছে, এই রাজ্যের সম্পত্তি অন্য রাজ্য বিক্রি করতে গেলে তারক্ষেত্রে কর ছাড় দেওয়া হবে। পিছিয়ে পড়া শিল্পগুলির ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার দেওয়া হবে। তবে যেভাবে কেন্দ্রীয় সরকার বোঝা চাপাচ্ছেন তাতে কোনও লোকই শিল্প গড়ে তুলতে পারবে না। তারপরে মাননীয় অর্থমন্ত্রী যেকথা বলেছেন যে, আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে যে পরিমাণে ঋণ নেওয়া হচ্ছে এবং সেই টাকা শোধের ক্ষেত্রে যে পরিমাপ সুদ দিতে হবে তাতে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। এবং বিদেশিরা যেভাবে দেশে প্রবেশ করছেন তাতে একটা ভয়াবহ অবস্থা আগামীদিনে ঘটবে। কংগ্রেস সরকার সবচেয়ে ভুল করে গেছে সেটা হচ্ছে যে, স্বাধীনতার পূর্বে লর্ড মাউন্টব্যাটনের সঙ্গে কথাবার্তা বলে দেশকে ভাগ করেছিলেন। এই যে আন্তর্জাতিক অর্থ ভান্ডার এবং তার সাথে যে যুক্ত শর্তগুলি আছে তাতে আমাদের মনে হচ্ছে যে দেশের স্বাধীনতা বিকিয়ে যেতে পারে। এইক্ষেত্রে আমি বিদ্যুতের কথা বলব, এস আই এস আই ইউনিটে আপনাদের আমলে আমরা দেখেছিলাম ৯০ হাজারের মতো তার ইউনিট ছিল।

আজকে সেটাকে বাড়িয়ে ৩ লক্ষ ৬৬ হাজার ৭৮০টি ইউনিট গড়ে তোলা সম্ভব হয়েছে। ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে এবং বিদ্যুতের ব্যাপারে সুদীপবাবু যে কথা বলেছেন সেখানে এই সঙ্কটের মধ্যেও আমরা বিদ্যুতের জন্য বেশি টাকা ধার্য করেছি সেটা নিয়ে তারা কোনও বক্তব্য রাখলেন না। আজকে ওরা বললেন সম্পদ সংগ্রহের দিকে আমরা বেশি নজর দিইনি। বর্তমানে প্রচলিত কর থেকে রাজস্ব বৃদ্ধি করা হবে ২৬ শতাংশ আর বিভিন্ন কর বাবদ আদায়ের লক্ষ্যমাত্রা হবে ৩০ শতাংশ মতোন। আজকে এইভাবে সম্পদ সংগ্রহের দিকে বিশেষভাবে দৃষ্টি দিয়েছেন রাজ্য সরকার। এইসব কথা একবারও তারা উল্লেখ করলেন না উল্টে তারা সমালোচনা করলেন। আজকে যে পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে, যে সঙ্কটের মধ্যে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী বাজেট পেশ করেছেন তাতে আমরা মনে করি এই আর্থিক বছরে অনেক শিল্প গড়ে উঠবে, বেকাররা চাকরি পাবে এবং স্বনির্ভরশীল যে প্রকল্পগুলি আছে সেইগুলি সুষ্ঠুভাবে গড়ে উঠবে। তারা স্বনির্ভরশীল নীতিকে বিসর্জন দিয়ে ৫৬ সালে যে শিল্পনীতি পন্ডিত নেহেরু গ্রহণ করেছিলেন সেই স্বনির্ভরশীল অর্থনীতিকে আজকে তারা কবর দিলেন বলে আমরা মনে করি। তারা স্বনির্ভরশীল অর্থনীতিকে বিসর্জন দিয়ে সাম্রাজ্যবাদের উপর নির্ভরশীল হয়ে উঠলেন। সেইজন্য আমি বলতে চাই, ওদের এই সঙ্কটের মধ্যেও মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সাধারণ মানুষের স্বার্থে যেখানে আজকে তারা ১২ কোটি বেকার সৃষ্টি করেছেন, এবং এটা ভারত সরকারের নীতির ফলেই সৃষ্টি হয়েছে—সেখানে একটা আশার আলো তুলে ধরা হয়েছে। এর ফলে বেকার যুবকদের সামনে শুধু একটা

আশার আলোই তুলে ধরা হয়নি বহু শিল্প গড়ে উঠবে এবং বেকার যুবকরা অনেকেই চাকুরি পাবে। আজকে তারা যে রেল বাজেট পেশ করেছেন সেখানে মাছলির ভাড়া বাড়িয়েছেন এবং তারা যে বিদায় নীতি গ্রহণ করতে চলেছেন তার ফলে যে কর্মসংস্থান কমবে এটা এরা একবারও বললেন না। যেখানে ১৯ লক্ষ লোক কাজ করত সেখানে অদূর ভবিষ্যতে মাত্র ৪ লক্ষ লোক কাজ করবে, সেই বাজেট নিয়ে এরা আজকে গর্ব করছেন। তাই আমি মনে করি আজকে এই সঙ্কটের দিনে কিছু যুবকদের সামনে ও সাধারণ মানুষের সামনে যে আশার আলো তুলে ধরা হয়েছে তাকে আপনারা সমর্থন করবেন। এই বলে পুনরায় ডঃ অসীম দাশগুপ্তের পেশ করা বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 P.M.]

শ্রী সাধন পান্ডে ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। আমি জানিনা অসীম দাশগুপ্ত মহাশয় কেন কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বক্তব্য রেখেছেন। ১৯৯১ সালের জুন মাসে কেন্দ্রীয় সরকার ক্ষমতায় এসেছেন, অর্থাৎ এখনও এক বছর হয়নি। কিন্তু অর্থমন্ত্রী অনেকগুলি বক্তব্য তার বাজেট বক্তৃতায় কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বলেছেন এবং আমাদের ডি-গ্রেডেশন সম্বন্ধে অনেকে বললেন। ১০০ দিনের মধ্যে আমরা প্রাইস কমিয়ে আনব বলেছিলাম সেই ব্যাপারে অনেকে বললেন। কিন্তু অনেক কিছু ব্যাপার ছিল যেগুলো আমরা জানতাম না ও যেগুলো খুব ভয়াবহ। আমি খালি ছোট্ট একটা উদাহরণ দিচ্ছি, কি ইনডিকেটরস গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ইকনমিক সার্ভেতে রয়েছে সেটা বলছি, ১৯৮০-৮১ সালে গ্রস ন্যাশনাল প্রোডাকট ছিল ১০.৫ পারসেন্ট, কিন্তু ১৯৯০-৯১ সালে সেটা নেমে দাঁড়াল ৫.৮ পারসেন্ট। গ্রস ডোমেসটিক প্রোডাক্ট আমরা রেখে গিয়েছিলাম ১০.৫ পারসেন্ট, সেটা নেমে দাঁড়াল ৫.৬ পারসেন্ট এগ্রিকালচার প্রোডাকশন আমরা নিয়ে গিয়েছিলাম ২১ পারসেন্টে, কিন্তু সেটা নেমে দাঁড়াল ২.৬ পারসেন্ট। আমি যেখানে থেকে এই তথ্যগুলো দিচ্ছি সেটা গভর্নমেন্ট অফ ইডিয়ার ইকনমিক সার্ভে। ইলেকট্রিসিটি জেনারেটেড ১০.৮ পারসেন্ট, সেটা নেমে এসে দাঁড়াল ৭.৮ পারসেন্ট। আর দেশের সম্পদ, অর্থাৎ ফরেন কারেন্সি অ্যাসেটস যেটা ঠিল ৬,৬০৫ কোটি টাকা (ইন রুপি) সেটা নেমে ৪,৩৮৮ কোটি টাকায় এসে দাঁড়াল ১৯৯১ সালের জুনের শেষে। ফরেন কারেন্সি অ্যাসেটস (ইউ এস মিলিয়ন) সেটা ১৯৮৮-৮৯ সালে ছিল ৪,২২৬ কোটি টাকা, সেটা ১৯৯০-৯১ সালে শেষে এসে দাঁড়াল ২,২৩৬ কোটি টাকায়। মাননীয় মন্ত্রী মহাশয়, দিজ ইজ দি স্টেট অফ অ্যাফেয়ার্স, ভারতবর্ষের অবস্থা এখানে ছিল এবং সেখান থেকে আমরা শুরু করেছি। আমাদের কতগুলো মাইক্রো ইকনমিক অ্যাফেয়ার এবং কতগুলো কারেকটিভ মেজারস নিতে হবে এবং কেন্দ্রীয় সরকার আশা করেছিল বিভিন্ন রাজ্যের অর্থমন্ত্রীরা তারা তাদের বাজেটে সেই রকম একটা দৃষ্টিভঙ্গি রাখবেন। কিন্তু সেই রকম কোনও দৃষ্টিভঙ্গির পরিচয় আমরা পেলাম না এই বাজেটে। পশ্চিমবঙ্গ পাঁচ বছর কিছু পায়নি এবং আগামী পাঁচ বছরও কিছু পাবে না এবং পশ্চিমবঙ্গ আরও পিছিয়ে যাবে। আপনার বাজেট বক্তৃতায় আপনি নন-রেসিডেন্ট ইন্ডিয়ানদের কথা বলেছেন, এন আর আই, ইনভেস্টমেন্ট কারেন্ট অ্যাসেটস পাঁচ হাজার কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। আমি জানতে চাই, নন-রেসিডেন্ট ইন্ডিয়ানদের অবস্থাটা কি ছিল? নন-রেসিডেন্ট ইন্ডিয়ানদের সরকারের প্রতি আস্থা ছিল না।

দি ওয়ে দে ওয়ার উইথড্রয়িং দেয়ার ফান্ডস। ১৯৯০ সালের জুন মাসে, ইট ওয়াজ ৯৫২ মিলিয়ন (ইউ এস ডলারস)। দেশি, বিদেশি মানুষদের আমাদের সরকারের প্রতি আস্থা কমে গিয়েছিল, তারা ফরেন এক্সচেঞ্জ উইথড্র করে নিয়েছে। আমরা সেই ব্যবস্থাটাকে ঘুরিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছি অ্যান্ড ইট ওয়াজ রিভার্সড অনলি ইন জানুয়ারি, ১৯৯২। আজকে নন-রেসিডেন্ট ইন্ডিয়ানদের ভারতের প্রতি আস্থা রয়েছে, তারা আজকে বিনিয়োগ করতে এগিয়ে আসছে, আর আপনারা বলছেন আমরা কিছুই করিনি। আমরা যে ভাল কাজগুলি করছি আপনারা সেটাকে নিশ্চয় ভাল বলবেন।

আপনারা বলছেন ফার্টিলাইজার সাবসিডি কমিয়ে দেওয়া হয়েছে ৮০০ কোটি টাকা ১৯৯১-৯২তে। কিন্তু ফার্টিলাইজার সাবিসিডি ইনক্রিজড বাই ৮০০ কোটি টাকা ১৯৯১-৯২তে। আমি এর উত্তর জানতে চাইছি, বলুন। আপনার রেভেনিউ তোলবার ক্ষমতা নেই। মাননীয় সদস্য সুদীপবাবু বলেছেন যে, সম্পদ সংগ্রহ করতে পারছেন না। মাননীয় অর্থমন্ত্রী, সম্পদ সৃষ্টি হল কোথায়, যে যার থেকে সম্পদ তুলবেন। এই রাজ্যে গত ১৪ বছরে সম্পদ তৈরি হয়নি। আপনার রাস্তা লিমিটেড হয়ে গেছে। সংগ্রহ করবেন কোথা থেকে? আপনার সংগ্রহ করবার ক্ষমতা নেই। আপনাকে সংগ্রহ করতে গেলে, আপনার ভোটারদের উপর আঘাত পড়বে। ইউ আর কট বিটুইন দি ডেভিল অ্যান্ড ডিপ সি। আপনার ইডিওলজি, আপনার অর্থনীতিকে সমস্ত রকমভাবে ধ্বংসের পথে নিয়ে গেছে। আপনার ইডিওলজির জন্য আপনি আপনার অর্থনীতিকে চাঙ্গা করতে পারছেন না এই রাজ্যে। আমি বলি, সেন্ট্রাল গভর্নমেন্ট এই বছরে এক্সসাইজ থেকে ২০০০ কোটি টাকা তোলবার পরিকল্পনা করেছেন, যার শেয়ার আপনি পাবেন। প্রত্যেকটা রাজ্যও পাবে। এক্সসাইজের ওপর যে ৫ পারসেন্ট লেভি তার থেকে সারা ভারতবর্ষ পাবে এবং মাননীয় অর্থমন্ত্রী আপনিও পাবেন তার শেয়ার। আমি বলতে চাই, আপনি কি করেছেন? আপনি বলেছেন বাজেট বক্তৃতায় ইন্ডাস্ট্রিয়ালাইজেশন সম্বন্ধে যে যে জয়েন্ট সেক্টার প্রোজেক্টগুলি করেছেন মাননীয় মন্ত্রী মহাশয়, প্রত্যেকটাতে আপনার কনট্রিবিউশন কমে গেছে। ডব্লু বি আই ডি সি সম্বন্ধে আজকে আপনি কিছু বলেন নি। আপনি আজকে জয়েন্ট সেক্টার প্রোজেক্ট থেকে সরে আসছেন আস্তে আস্তে। এরজন্য যে ফান্ড দরকার তা আপনি দিতে পারছেন না। আপনি তা দিতে পারবেন না। আজকে আপনার সেল ট্যাক্সের মধ্যে অনেক কথা আছে। আমি একটা কথা মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই, আপনি বলেছেন যে বেকার ছেলেরা কাজ পাবেন। কিন্তু আপনি কি জানেন, আপনার সেল ট্যাক্স যদি সিমপ্লিফায়েড না হয়, একটা বেকার ছেলে যদি কোনও রেজিস্টার্ড কোম্পানিতে মাল বিক্রি করতে যায় সে বিক্রি করতে পারবে না। পারবে না এই কারণে যে, তাকে ৪ পারসেন্ট পারচেজ ট্যাক্স দিয়ে বিজনেস করতে হবে। আমি জানতে চাই, এই যে বেকার ছেলেদের ক্ষেত্রে—আপনার সেল ট্যাক্স সিমপ্লিফায়েড নয় বলে যখনই কোনও কোম্পানিতে মাল বিক্রি করতে যাবে সে বিক্রি করতে পারেব না। তার সেল ট্যাক্সের নাম্বার নেই। আপনি এমন জটিল ব্যবস্থা করেছেন লক্ষ লক্ষ ছেলে যদি ব্যবসা করতে যায় তাহলে ব্যবসা করতে পারবে না। সেলস ট্যাক্স বড় বড় শিল্পপতিদের জন্য, বেকারদের জন্য নয়, আপনার বাজেট সম্বন্ধে বহু তথ্য প্রত্যেকে দিয়েছে। আমি আপনাকে বলতে চাই, আপনারা বলছেন যে, আমাদের না কি মাথা বিকিয়ে যাচ্ছে। কোথায়? বিদেশিদের কাছে। আপনারা ঋণ

করেন না? ওয়েস্ট বেঙ্গলের জন্য ঋণ নেন না? সি ইউ ডি পি-র জন্য ঋণ নেন, হলদিয়ার জন্য হাত পাতেন, কেন্দ্রীয় সরকারকে গ্যারান্টি দিতে বলেন। আপনারা ঋণ নিলে সেটা জনগণের জন্য ঋণ, আপনারা ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে চাইলে সেটা জনগণের জন্য ঋণ আর আমরা টাকা নিলে মাথা বিকিয়ে দিলাম। আপনারা নির্লজ্জ। আপনারা কি করে এই কথা বলতে পারেন? যারা হরিয়ানাতে , ভ্যাটিকা ল্যান্ডে জমি কিনে খামার বাড়ি তৈরি করে। নির্লজ্জের মতোন কথা বলেন ওরা। জ্যোতিবাবুকে রিটায়ার্ড লাইফে ওখানে কাটাতে হবে। সেইজন্য জমিগুলি কিনেছেন। আপনারা নির্লজ্জ, আপনাদের পশ্চিমবঙ্গে থাকবার অধিকার নেই। সব মন্ত্রীই একটা না একটা দুর্নীতির সঙ্গে জড়িত আছেন। আর একটি গুরুত্বপূর্ণ তথ্য আমি এই হাউসের সামনে রাখছি, মহারাষ্ট্রের অর্থমন্ত্রী তিনি যে বাজেট বক্তৃতা পড়েছেন তার একটা প্যারাগ্রাফ ২৭ নং তার একটা লাইন পড়ছি উইথ দি ভিউ টু ইমপ্রুভিং দি অ্যাভেলেবিলিটি অফ এডিবল অয়েল, গভর্নমেন্ট হ্যাজ ফর দি ফার্স্ট টাইম ডাইরেকটলি ইমপোর্টেড ৮০০০ মিলিয়ন টনস অফ পাম অয়েল। আপনাদের পার্টি, [*****]

[2-40 — 2-50 P.M.]

মাননীয় মন্ত্রী মহাশয় গুরুতর অভিযোগ কেরালা বিধানসভায় হয়েছে। dalar system-এর হয়েছে। আমি মন্ত্রীর কাছে অনুরোধ করব এই হাউসে পাম অয়েলের ব্যাপারে পেপার লে করুন ট্রানজকশনের। আপনি কত টাকায় কার কাছ থেকে পাম অয়েল কিনেছেন। সেখানে অভিযোগ হয়েছে ডলার বেশি দামে আপনি কিনেছেন। আমি আপনাকে অনুরোধ করব, পাম অয়েলের ক্ষেত্রে সমস্ত কাগজপত্র হাউসে পেশ করুন কার কাছে, কত টাকায় কিনেছেন, এটা আমরা দেখতে চাই।

মিঃ ডেপুটি স্পিকার ঃ ওটা বাদ যাবে, কেরালার কথা বাদ যাবে।

শ্রী সাধন পান্ডে ঃ অর্থমন্ত্রী বাজেট বক্তৃতায় ইকনমিক রিভিউ থেকে বলেছেন, প্রোডাকশন কিভাবে বেড়ে চলেছে। আমি ইকনমিক রিভিউ থেকে পড়ছি, দয়া করে শুনুন। কেন্দ্রীয় সরকারের ইকনমিক রিভিউয়ের পেজ ৯৮ The area under rice during 1990-91 was 42.60 million hectares. Irrigation coverage is 43 percent; the remaining area is rainfed. The increase in rice out put and productivity in the country owes much to the Integrated Programme for Rice Development which covers 24 states. Among the major states, Assam, Uttar Pradesh, Karnataka and Bihar showed an increase in rice production during 1990-91. In Andhra Pradesh, Tamil Nadu production decline owing to a decrease in area coverage; in West Bengal and Punjab, rice production in decline owing to lower yeild per hectare. A target of 76.50 tones of rice has been fixed for 1991-92. আমি জানতে চাইছি, এখানে বলা হয়েছে, ওয়েস্ট বেঙ্গল এবং পাঞ্জাবে yield per hectare এ rice production কম হয়েছে। মন্ত্রী মহাশয় বড় ফিরিস্তি কোট করলেন নিশ্চয় উত্তর দেবেন আশা করি। মাননীয়

Note : * [Expunged as ordered by the chair.]

অর্থমন্ত্রী অনেক কষ্ট পেয়েছেন, প্রাইভেট সেক্টরকে শেয়ারগুলো বিক্রি করে দিচ্ছি। আপনি শুনলে আশ্চর্য হবেন ভারতবর্ষে ৩১টা প্রাইভেট সেক্টরকে একটা একটা করে বিস্কুট তৈরি করা হয়েছে। কে কিনবে? মিউচিয়াল ফান্ডগুলো কিনতে চাইছে। কিন্তু তাতে পশ্চিমবঙ্গের কোনও প্রাইভেট সেক্টর নেই। কারণ আপনার প্রাইভেট সেক্টরগুলো হবে না, চলবে না, ইন্ডাস্ট্রিয়াল সিক। দেখুন অনেক বড় কথা বলেছেন। গভর্নমেন্টের ইনটেনশন ছিল ৪৯ পারসেন্ট শেয়ার বিক্রি করে ৭৫০০ কোটি টাকা পাবেন। কিন্তু ৮.২ পারসেন্ট বিক্রি করে ৩০৩৭ কোটি টাকা পেয়েছেন। এইটা হল রিসোর্স মেটিরিয়াল। আর প্রাইভেটাইজেশনের অ্যাফিসিয়েন্সি বাড়াবার জন্য আপনারা কি করেছেন? উত্তরবঙ্গের কোটিপতি চা বাগানের মালিকেরা যারা সাধারণ মানুষের জমি নিয়ে নিচ্ছে তাদের উপর কি এক্সট্রা ট্যাক্স বসাতে পেরেছেন? চা-বাগানের নতুন মালিকদের কাছে টাকা তুলতে পারেন না। আপনার কোনও সদিচ্ছা নেই, রেভিনিউ তোলার যে ইচ্ছা সেটা আপনার নেই। তাই বলছি পশ্চিমবঙ্গের বাজেট, এতে কোনও উন্নয়ন হয় না। মাননীয় অর্থমন্ত্রী বলি শুনুন, অনেক কথা বলেছেন, একটা ছোট কথা বলব। দুর্গাপুর এক্সপ্যানসন স্কীমে আপনাদের প্রাক্তন চিফ সেক্রেটারি তরুন দত্ত আছেন। সেই দুর্গাপুর এক্সপ্যানসন স্কীমে যে সব কোম্পানি জড়িত তাদেরকে তরুন দত্ত বললেন এই প্রদেশের ছেলেদের চাকরি দিতে হবে, বাইরের লোককে চাকরি দেওয়া যাবে না। তারা বলল, নিশ্চয় স্যার। তবে বলুন কাকে দেব। ওই দুর্গাপুরের আপনাদের পার্টির লোকেরা নাম বেছে দিল। নিশ্চয় এটা সমর্থন করব, বেকার ছেলেরা কাজ পাক।

সেই ছেলেগুলি নাম লেখালো। তখন তারা বলল, স্যার, আমরা তো এদের স্টিল দেব ফেব্রিকেশন করতে, সেই স্টিলের গ্যারান্টার কে দাঁড়াবে? আপনি তো অর্থমন্ত্রী এই রাজ্যের, মুখ্যসচিব তরুন দত্তকে ডেকে, জিজ্ঞাসা করুন, সেদিন সেখানে আপনি গ্যারান্টার হয়ে দাঁড়ালেন না। বলেছিলেন বেকার ছেলেদের কাজ দেব, গ্যারান্টার হয়ে দাঁড়াব কিন্তু তা দাঁড়ালেন না ফলে সেই কাজটা বাইরে চলে গেল। স্বনির্ভর প্রকল্পের ক্ষেত্রে এইসব এক্সপানসন স্কীমে গ্যারান্টর দাঁড়াতে হয় তা না হলে বেকাররা কাজ পায় না। এইভাবে না চললে আপনার পরিকল্পনাও সফল হবে না। তাই আপনাকে বলছি আপনি নতুন চিন্তাতে চলুন, আপনার মনের দরজা খুলে দিন। এখানে ইডিওলজিক্যাল কারণে পিছিয়ে থাকবেন না। যদি থাকেন তাহলে যে বাসে উঠলেন না তা আর ধরতে পারবেন না। আমরা দেখছি সারা ভারতবর্ষে যেখানে ৪ হাজার কোটি টাকার ইনভেস্টমেন্ট এল সেখানে পশ্চিমবঙ্গে এল মাত্র ২।। শো কোটি টাকার। আমাদের মুখ্যমন্ত্রী বারবার বিলেত, আমেরিকাতে যাচ্ছেন নন-রেসিডেন্ট ইন্ডিয়ানদের আনতে তারা কিন্তু আসবেন না কারণ এখানে রাস্তা নেই, জল নেই, আলো নেই। এখন পুকুর বুজিয়ে নন রেসিডেন্টদের থাকবার ব্যবস্থা করছেন। এসব লজ্জার ব্যাপার। আমি বলব, এইসব দুর্নীতি থেকে দুরে দাঁড়ান। স্যার, এই বাজেটে কিছুই নেই, এই বাজেটে মানুষ খুশি হতে পারেন না তাই এই বাজেটের আমি বিরোধিতা করছি। পরিশেষে মাননীয় অর্থমন্ত্রীকে বলছি পাম অয়েলের সমস্ত ট্রানজাকশনের ব্যাপারে এই হাউসে লে করুন যাতে আমরা তা নিয়ে ডিসকাশন করতে পারি। এই বলে এই বাজেটকে অপোজ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 P.M.]

শ্রী সত্তিককুমার রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই হাউসে যে বাজেট বিবৃতি রেখেছেন তা সমর্থন করে আমি কয়েকটি কথা বলব। আমি প্রথমেই বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা যেসব অভিযোগ করেছেন সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। সুদীপবাবু বললেন যে মাসুল সমীকরণ নাকি সন্তোষমোহন দেব মহাশয় উঠিয়ে দিয়েছেন এবং তিনি তার সঙ্গে আরও বললেন যে এরজন্য নাকি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাকে ধন্যবাদ জানিয়ে কোনও চিঠি দেন নি। স্যার, আমি এই প্রসঙ্গে সুদীপবাবুকে বলতে চাই যে, তিনি ভুল বলেছেন। তিনি যে তথ্য দিলেন সেটা সঠিক নয়। দিল্লিতে সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীদের যে সভা হয়েছিল সেখানে পশ্চিমবঙ্গ থেকে এই মাসুল সমীকরণ তুলে দেওয়ার ব্যাপারে জোরালো বক্তব্য রাখা হয়েছিল এবং সেই কারণেই এটা অংশত তোলা হয়েছে। এটা কোনও দয়ার ব্যাপার নয়, চাপে পড়ে এটা করতে তারা বাধ্য হয়েছেন। তারপর সুদীপবাবু বললেন যে এখানে কৃষিতে নাকি কোনও উন্নতি হয়নি। তার এই বক্তব্য খন্ডন করতে গিয়ে আমি কয়েকটি তথ্য উপস্থিত করতে চাই। ১৯৯১-৯২ সালে দেখা যাচ্ছে, ৭ম যোজনায় এ রাজ্যের খাদ্যশস্যের বৃদ্ধির হার হচ্ছে ৩৪ শতাংশ। ভারতবর্ষের সমস্ত রাজ্য থেকে এখানে খাদশস্যের ফলন বেশি হয়েছে। আমরা জানি যে এখানে এক বিঘা জমির দাম ২০ হাজার টাকা কারণ এখানে ফলন অনেক বেশি হয়।

তারপর দেখুন হরিয়ানা ২৪ শতাংশ, পাঞ্জাব ২৩ শতাংশ, এইগুলো কি স্বীকার করবেন না? এইগুলো তো অস্বীকার করে লাভ নেই। আপনারা বিরোধিতা করছেন বলে এই সব কথা বলছি। আপনাদের আমলে ১৯৭৬ সালে ক' টাকা মজুরি ছিল কৃষকদের, পাঁচটাকা ৫০ পয়সা। এখন বলুন মুরারোই এর এম এল এ আমার বন্ধু ২৫ টাকার কমে কেউ মজুরি পায় কি না, ফসল উৎপাদন অনেক বেড়েছে, তাই তো দিচ্ছে, তা নাহলে কোথা থেকে দেবে? সেইজন্য বলছি যে বাজেট পেশ করা হয়েছে, আপনারা দেখুন কি অবস্থা, আপনাদের বিদেশ থেকে পেট্রোল সমস্ত আনতে হয় এবং তার জন্য খরচ হয়, কিন্তু ভারতবর্ষের নিজস্ব যে খনিজ সম্পদ রয়েছে, পেট্রোল, এটাকে ডেভেলপ করার কোনও চেষ্টা কেন্দ্রীয় সরকারের যোজনা কমিশনের আছে বলে মনে করি না। কারণ মূল্য বৃদ্ধির কারণ ডিজেল। এই কথা অস্বীকার করার উপায় নেই। কথাটা হচ্ছে আন্তর্জাতিক ক্ষেত্রে বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে ৫ হাজার কোটি টাকা যে ঋণ নিয়েছেন এর ফলে মূল্য বৃদ্ধি ঘটছে। প্রধানমন্ত্রী বলেছিলেন খুব কম সময়ের মধ্যে সমস্ত জিনিসের দাম কমিয়ে দেবেন। এটা সম্ভব নয়। সুতরাং মূল্য বৃদ্ধি হবে, এটা চেক করার জন্য কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব, সেটা উনারা পূরণ করতে পারবেন না। আমাদের রাজ্যে ভূমি সংস্কারের কাজ এত ভাল হয়েছে, যার ফলে আজকে খাদ্যোৎপাদন বেশি হচ্ছে এবং ক্ষেত মজুররা মজুরি বেশি পাচ্ছে। সুতরাং এটা আপনাদের অস্বীকার করার কোনও উপায় নেই। এটা সকলেই জানেন রাজীব গান্ধী বলেছিলেন পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের কাজ এত ভাল হয়েছে, অন্য রাজ্য কোথাও এত ভাল পঞ্চায়েতে কাজ হয় না। পঞ্চায়েত রাজ ভাল হয়েছে। আমার কথা হচ্ছে, আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব, আপনি যে ঘাটতি দেখিয়েছেন, একটা ঘটাতি আপনি মেক আপ করতে পারেন, আমি এই সম্পর্কে গতবার বাজেটে বলেছিলাম, আগেও বলেছি, *পশ্চিমবাংলায় যে*

সমস্ত ট্যাক্স আদায় হয়, রয়্যালটি আদায় হয় আপনি যদি একটা টিম গঠন করেন এবং সেই টিম যদি হানা দেয় তাহলে অনেক ট্যাক্স আদায় হতে পারে। যে সমস্ত বালির খাদান আছে, পাথরের কারখানা আছে, সেখান থেকে হাজার হাজার লরি মাল অন্যত্র চলে যায়, মাইন্‌সগুলো যদি চেকিং হয়, এই সব খাদানে, বালি খাদে, পাথরের এলাকায় যে সমস্ত ট্রাকগুলো চলে তার মধ্যে ৮০ পারসেন্ট তারা ট্যাক্স দেয় না। এই দিকটা বিশেষভাবে নজর দেওয়া উচিত। আমি বিশেষ ভাবে বলছি যে সমস্ত ট্যাক্স আদায় হচ্ছে না, সেইগুলো যাতে স্পেশ্যাল টিম করে আদায় করা যায় তাহলে রেভিনিউ আর্নিং বৃদ্ধি পাবে। সুতরাং যে বাজেট করেছেন তা অনেক চিন্তা ভাবনা করেই করেছেন। আজকে ভারতবর্ষের অবস্থা কি, দেশ এক সাংঘাতিক অবস্থার মধ্যে দিয়ে চলেছে। যে দরজা ওরা খুলে দিলেন এর পরিমাণ কি হবে জানি না। ইস্ট ইন্ডিয়া কোম্পানি যে রকম ভাবে ঢুকেছিল, সেই অবস্থার সৃষ্টি হয়েছে। সুতরাং একটা দুর্দিন দেশের মধ্যে আসছে। আমি আর একটা কথা বলে শেষ করছি। আমাদের দৃষ্টিভঙ্গির সঙ্গে আপনাদের দৃষ্টিভঙ্গির তফাত আছে। কেন না আপনাদের চিন্তা ধারা এক রকম, আর আমাদের চিন্তা ধারা আর এক রকম। আমরা গরিব কৃষকদের, গরিব মানুষদের অধিকার দিচ্ছি। শিডিউল্ড কাস্ট এবং অন্যান্যদের আর্থিক সাহায্য দিচ্ছি। ভাগচাষীদের অধিকারে প্রতিষ্ঠিত করছি। সুতরাং আপনাদের সঙ্গে আমাদের পার্থক্য তো থাকবেই। আপনাদের আমলে কতটা খাস জমি বিলি করা হয়েছিল? আর আমাদের আমলে, ৭৭ সালের পর থেকে কত খাস জমি বিলি করা হয়েছে? দুটো একটু মিলিয়ে দেখুন। এটা দেখলেই পার্থক্যটা পরিষ্কার বোঝা যাবে। সুতরাং এটা আজকে অস্বীকার করে কোনও লাভ নেই যে আপনাদের সঙ্গে আমাদের মূল-গত তফাত আছে। তবু আমি এই প্রসঙ্গে আমাদের অর্থমন্ত্রীকে একটা কথা বিশেষ ভাবে বলছি যে, আমাদের হাসপাতাল গুলোর অবস্থা খুবই খারাপ। স্বাস্থ্য খাতে আরও কিছু টাকা দিয়ে সেগুলোকে ঠিকভাবে পরিচালিত করুন। রুগীরা যাতে ওষুধ পত্র পায় সেদিকে একটু দৃষ্টি দেওয়া দরকার। এই কটি কথা বলে বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী এই সভায় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধী দলের পক্ষ থেকে যে সমস্ত ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা নিবেদন করছি। আমরা সকলেই জানি, আমরা যে যুগটায় বাস করছি সে যুগটা হচ্ছে ধনতান্ত্রিক যুগ। সুতরাং সঙ্গত কারণে ধনতন্ত্রের যে সঙ্কট পৃথিবীব্যাপী যেমন ভীষণভাবে, তেমন এই দেশ, ভারতবর্ষেও প্রচন্ড ভাবে। যদিও বিরোধী দলের পক্ষ থেকে খুবই উর্ধ্ব বাহু নৃত্যের ভঙ্গিতে বলা হচ্ছে তাদের কেন্দ্রীয় সরকার সাংঘাতিক কিছু করে ফেলছেন। আমি তাদের বলতে চাই যে, সাংঘাতিক কিছু করার জায়গা নেই। আজকে পৃথিবীতে এমন কোনও রাষ্ট্র নেই যে কিনা এই অবস্থায় সাংঘাতিক কিছু করে ফেলতে পারে। আমেরিকান সাম্রাজ্যবাদের মদত-পুষ্ট আই এম এফ-এর কাছ থেকে ঋণ গ্রহণ করে দেশের ধনিক শ্রেণীর রাজনৈতিক দল কংগ্রেস—যারা আজকে কেন্দ্রে শাসন ক্ষমতায় রয়েছেন—ত্রাণ পাবার চেষ্টা করছেন। কিন্তু তারা জানেন না যে, ত্রাণের কোনও সম্ভাবনা নেই। আমরা সকলেই অবহিত আছি যে, খোদ আমেরিকায় লে অফ ছাঁটাই-এর মধ্যে দিয়ে সঙ্কট দেখা দিয়েছে। তারাও পার পাচ্ছে না। আজকে আমেরিকান

সাম্রাজ্যবাদের কাছে যুদ্ধ করা ছাড়া রাস্তা নেই। এর জন্য আগের যে কোল্ড ওয়ার, ঠান্ডা যুদ্ধ, সেটাকে আক্ষরিক অর্থে যুদ্ধে পরিণত করার চেষ্টা করছে এবং তার জন্য তাদের দরকার হচ্ছে বাজার। কারণ তাদের উৎপাদনের সিংহ-ভাগই হচ্ছে সমর উপকরণ। এটা আমরা জানি। সেজন্য তাদের আজকে যুদ্ধ ক্ষেত্রে প্রস্তুত করা দরকার। তেল কবজা করার জন্য ইরান এবং ইরাকের মধ্যে যুদ্ধ হয়েছে। ভারতবর্ষে পন্ডিত জওহরলাল নেহেরু থেকে শুরু করে জাতীয়তাবাদী নেতারা কি চেয়েছিলেন আর আজকে 'খয়ের খাঁ'র দল জানেন না যে তারা কি অবস্থার সৃষ্টি করছে। এমন কি সাম্রাজ্যবাদী শক্তি নানাভাবে চক্রান্ত করে তৃতীয় বিশ্বের দেশগুলিকে যাতে একদম ধ্বংস করে দিতে না পারে তার জন্য শ্রীমতী ইন্দিরা গান্ধী পর্যন্ত কিছু না কিছু চেষ্টা করেছিলেন। কিন্তু আমরা দেখছি রাজীব গান্ধীর মৃত্যুর অব্যবহিত পরে সমস্ত কিছুকে দ্রুত পরিবর্তন করার দিকে নিয়ে যাবার চেষ্টা শুরু হয়ে গেল। গোটা দেশটাকে বন্ধক রাখার উদ্যোগ আয়োজন শুরু হয়ে গেছে। যারা প্রকৃতপক্ষে আমাদের এই দেশকে ভালবাসেন তারা নিশ্চয়ই এ বিষয়ে আমাদের সঙ্গে একমত হবেন যে, সাম্রাজ্যবাদী তাদের বাজারের স্বার্থে ভারতবর্ষকে গ্রাস করার জন্য নানান কায়দায় এগিয়ে আসছে। এখানে বলা হচ্ছে সোভিয়েত অর্থনীতি ভেঙে পড়েছিল তাই সোভিয়েতের পতন হয়েছে। ১৯১৭ সালে রাশিয়াতে লেনিন যে বিপ্লব ঘটিয়েছিলেন তা অবশ্যই ঐতিহাসিক যুগান্তকারী ঘটনা ছিল। কিন্তু রাশিয়ার সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থায় পরীক্ষা নিরীক্ষার ব্যাপার ছিল। সেটাকে পরিপূর্ণ রূপ দিতে গেলে বিশ্ব-বিপ্লবের দরকার ছিল। কিন্তু আমরা কি দেখলাম? লেনিন প্রয়াত হবার পর স্ট্যালিনের ডেভিয়েশন হয়েছিল, আত্ম স্খলন হয়েছিল, পদচ্যুতি ঘটেছিল। মার্কসবাদী প্রতিষ্ঠার জন্য লেনিন বিশ্ব-বিপ্লবের কথা বলেছিলেন। সেখান থেকে বিচ্যুতির জন্যই রাশিয়ায় সাম্রাজ্যবাদী শক্তি পক্ষ বিস্তারের সুযোগ পেয়েছে।

[3-00 — 3-10 P.M.]

সঙ্গতকারণেই বিপ্লবের পরবর্তীকালে রাশিয়াতে যে অবস্থা সৃষ্টি হয়েছিল, লেনিন যা করলেন তাতে সম্ভাব্য ত্রুটি-বিচ্যুতি ছিল না। পরবর্তীকালে স্ট্যালিন-এর আমল থেকে এই জায়গায় এসে পৌঁছেছে। সাম্রাজ্যবাদীরা চক্রান্ত করবেই এটা আমরা জানি এবং সেই চক্রান্তের শিকার দুভার্গ্যজনকভাবে ভারতবর্ষ হল। আমি কেন্দ্রীয় সরকারের বাজেট বক্তৃতা পড়েছি এবং আমাদের রাজ্যের বাজেটে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে কথা লিখেছেন সেটাও পড়েছি। কংগ্রেসি বন্ধুরা এখানে উর্ধ্ববাহু তুলে নৃত্য করলেন। কিন্তু প্রশ্ন হচ্ছে, কত টাকা এনেছেন দেখা যাচ্ছে, ৫ হাজার কোটি টাকার ঋণ পাওয়া গেছে আর অনাবাসীদের কাছ থেকে ৫ হাজার কোটি টাকা অর্থাৎ ১০ হাজার কোটি টাকা আর বৈদেশিক মুদ্রা হচ্ছে ১০-১১ হাজার কোটি টাকা। তাহলে ভাল জায়গায় আমরা আছি। প্রশ্ন হচ্ছে, ১৯৬২ সালে চাইনিজ অ্যাগ্রেশনের সময়, ভারত-চিন যুদ্ধের সময় তখন থেকে পন্ডিত নেহেরু টের পেয়েছিলেন এবং ১৯৭০-৭২ সাল পর্যন্ত দেশের মানুষকে তখন কিছু দেবার সুযোগ ছিল, কিন্তু পরবর্তীকালে দেশের মানুষকে আর দেবার কোনও সুযোগ নেই। সঙ্কট ক্রমশ ঘনীভূত হতে আরম্ভ করল এবং সেই সঙ্কট ক্রমেই তীব্র থেকে তীব্রতর হচ্ছে। আমরা লক্ষ্য করেছি, কংগ্রেস একনাগাড়ে না হলেও প্রায় ৪২ বছর দেশকে শাসন করেছেন এবং তাদের শাসনকালে ভারতবর্ষে প্যারালাল ইকনমিক বিকল্প অর্থনীতি সৃষ্টি হয়েছে। সেই অর্থনীতির পরিচালনার দায়িত্বে

আছেন এখন মনমোহন সিং। এই অর্থনীতিতে কালোটাকা ক্রমশ গ্রাস করছে। ভারতবর্ষে এই কালোটাকার পরিমাণ বিভিন্ন ব্যাঙ্কের পরিসংখ্যানবিদরা বলছেন, ১ লক্ষ কোটি টাকা। সেই কালোটাকা উদ্ধার করার কোনও প্রচেষ্টা কংগ্রেসিরা করেননি। যদি ওনাদের মেরুদন্ড থাকতো তাহলে নিশ্চয়ই তারা চেষ্টা করতেন, কিন্তু ওরা মেরুদন্ডহীন, কেন্দ্রীয় সরকার মেরুদন্ডহীন। সেইজন্য কালোটাকাওলাদের গায়ে হাত দেবার ক্ষমতা ওঁরা রাখেন না। কারণ কালোটাকাওলাদের প্রতিনিধিত্ব ওরা করেন তানাহলে আই এম এফের কাছ থেকে ঋণ নিয়ে আমাদের দেশকে উদ্ধার করতে হত না। আপনারা জানেন, ১৯৬২ সালে পন্ডিত জওহরলাল নেহেরু বলেছিলেন, দেশপ্রেমিকরা সোনা দাও, অর্থ দাও, ছাত্ররা টিফিন বাঁচাও। সেদিন দেশের মধ্যবিত্ত মানুষ দেশের সম্মান রক্ষা করার জন্য সোনা-দানা দিয়েছিলেন। সেদিন পার্লামেন্ট প্রখ্যাত বিপ্লবী ত্রিদিব চৌধুরি এবং এন সি চ্যাটার্জি বলেছিলেন, সোনার তাল বিভিন্ন ব্যাঙ্কে মজুত আছে, সেই সোনার তাল উদ্ধার করুন। আংটি, সোনার গহনা চাইতে হবে না। তখন এইকথাগুলো স্পর্শ করে নি। সঙ্গতকারণেই আজকে নির্ভর করতে হচ্ছে বাইরের কাছে। এ দেশে অনাবাসীদের কাছ থেকে বেশ কিছু টাকা আসছে। তাদের যদি সুযোগ দেওয়া হত তাহলে বিশ্বব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিয়ে দেশ উদ্ধার করতে হত না। পশ্চিমবঙ্গ সরকারের আজকে যে সাংবিধানিক সীমাবদ্ধতা সেই সীমাবদ্ধতার মধ্যে থেকে রাজ্য সরকার যে বাজেট পেশ করেছেন, এ ছাড়া আর কোনও রাস্তা ছিল না। এটা ঘটনা, যখন তৎকালীন মুখ্যমন্ত্রী ছিলেন মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় তখন আপনারা দেখেছেন খাদ্যশস্যের উৎপাদন কোন জায়গায় নিয়ে এসেছিলেন আমরা আজকে যারা এই সভায় আছি, আমরা দেখেছি, গোটা পশ্চিমবাংলাকে একটা লঙ্গরখানায় পরিণত করা হয়েছিল। আমরা সেখানে দেখেছি যে, মাইলোর খই খাওয়ার জন্য একটা বাটি, থালা হাতে নিয়ে কলকাতা শহরে, জেলা ও মহকুমা শহরে লক্ষ লক্ষ মানুষ দাঁড়িয়ে থাকত। মাননীয় অর্থমন্ত্রী অসীমবাবু, বামফ্রন্ট সরকারের এটাই বড় কৃতিত্ব এবং এর জন্য আমরা নিশ্চয়ই গর্ববোধ করি। ঐ যে গরিব মানুষের শহর কেন্দ্রীক একটা প্রবাহ 'ফেন দাও' খাবার দাও সেই কথাটাকে বন্ধ করা গেছে। আমরা ১ কোটি ২০ লক্ষ টন খাদ্য উৎপাদনের জায়গায় দেশকে আনতে পেরেছি। ডি-সেন্ট্রালাইজেশনের কথা বলেন, আপনাদের সে কথা বলার অধিকার নেই, আপনারা সম্পূর্ণভাবে বিত্তশালী অর্থনীতিবিদদের ক্রীড়নকে পরিণত হয়েছেন। ৪০-৪২ বছর আগে আমরা দেখেছিলাম, স্বাধীনতার পরবর্তীকালে প্রতি ৩ জন মানুষের মধ্যে ২ জনের কোনও কাজ নেই বেকারের কথা বলেছেন, সত্য কথা বেকার আছে মাননীয় অসীম বাবু সত্য কথাই বলেছেন, আপনাদের রাজত্বে ১৩ কোটি বেকার, আপনারা নির্বাচনে কংগ্রেস যা করেছে নির্বাচনের ইস্তাহার মাফিক করেছে? আপনারা ৪০ লক্ষ মানুষকে কাজ দেবেন বলেছিলেন, সেখানে পরিকল্পনা বাজেটে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন অর্থনীতিবিদ বিদ্যায় নীতি গ্রহণ করতে চাইছেন। কিভাবে বিদায় নীতি চালু করা যায় সেই চেষ্টা করছেন, আপনারা লোককে কি করে কাজ দেবেন? আপনারা কি বলেছিলেন ১০০ দিনের মধ্যে জিনিসপত্রের দাম, ১৯৮৫ সালে নিয়ে যাবেন, মাননীয় রাজীব গান্ধীর স্বর্ণযুগে নিয়ে যাবেন, স্বর্ণযুগ কি রকম যুগ তা আমরা জানি। ৩-৪ গুণ জিনিসের দাম বেড়েছে। মাননীয় মনমোহন বাবু মুখ ফসকে একটা সত্য কথা বলেছেন, তিনি বলেছেন উৎপাদন এবং বণ্টন ব্যবস্থা ঠিক রেখে ১০০ দিন কেন, ১০০ বছরেও ভারতবর্ষে কোনও দিন জিনিসপত্রের দাম কমাতে বা মানুষের কাজের ব্যবস্থা করতে পারা যাবে না। আপনাদের রাজত্বে স্বাভাবিক মৃত্যু পর্যন্ত

কোনও গ্যারান্টি নেই এটাই হচ্ছে বড় প্রশ্ন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বড় দুঃখ এবং বেদনার কথা এই যে, মাননীয় বিরোধীদলের নেতা উপস্থিত রয়েছেন, উনি যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন থেকে তিস্তার কাজ শুরু হয়েছে, অনেক প্রতিশ্রুতি, অনেক বক্তৃতা শুনেছি, সাম্প্রতিককালে যখন দেখলেন গোটা পশ্চিমবঙ্গই বামফ্রন্টের পক্ষে চলে যাচ্ছে তখন বললেন তিস্তায় আমরা কি করব না জাতীয় প্রকল্প হিসাবে গ্রহণ করব। নির্লজ্জ, ওদের লজ্জা নেই। বার বার করে বিভিন্নভাবে বলেছেন এবং ৩৪৭ কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকারকে খরচ করতে হয়েছে। কেন্দ্রীয় সরকারমাত্র ৫ কোটি দিয়েছিলেন। ওরা কি বলছেন, ওটাকে কি করব জাতীয় প্রকল্প, তা জাতীয় প্রকল্প হিসাবে গ্রহণ করে ফিফটি ফিফটি ঘোষণা করুন না। রাজ্য সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন এবং এটা ঠিক যে ১ কোটি ২০ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন হচ্ছে, তিস্তা প্রকল্প রূপায়িত হলে উত্তরবঙ্গে কি হবে, উত্তরবঙ্গে ইলেকট্রিক যে বিদ্যুৎ তার সমস্যার সমাধান হবে, নতুন শিল্পোন্নয়নের সৃষ্টি হবে, তিস্তা প্রকল্প যদি রূপায়িত করতে পারা যায় তাহলে ২০ ভাগ কৃষি উৎপাদন বেড়ে যাবে কয়েক কোটি শ্রম দিবস সৃষ্টি হবে। বিরোধীদল, প্রকৃতপক্ষে দায়িত্বশীল বিরোধীদল হলে তারা মানুষের মঙ্গলের জন্য কথা বলবেন তা না হলে শুধু বিরোধিতা করার জন্য বিরোধিতা করা। এর জবাব আপনারা পাবেন, রাজ্যবাসী তার জবাব দেবেন। মাননীয় অসীম বাবুর বাজেট বক্তব্যে সীমাবদ্ধতার কথা আছে। প্রশাসনকে পরিচ্ছন্ন, নিরপেক্ষভাবে রাখতে চাওয়া হয়েছে। এইভাবে চলতে পারলে আগামী দিন যা আসছে তা আমাদেরই দিন আসছে। আপনারা ইতিহাসের আঁস্তাকুড়ে নিক্ষেপিত হবেন। আপনাদের নতুন যে শিল্প নীতি, আপনাদের যে নীতি ঐ বিদায় নীতি সেই বিদায় মানুষ আপনাদেরই বিদায় করে দেবে। এই কথা বলে এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 P.M.]

শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ মিঃ স্পিকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। আমরা জানি যে, একটি বাজেট হয় কোনও পথ ধরে, নিয়ম ধরে নয়। একটি দেশের পরিস্থিতি অনুযায়ী আর্থিক সামর্থ অনুযায়ী বাজেট প্রস্তাব হয়। কিন্তু আমরা লক্ষ্য করে দেখেছি যে, মাননীয় অর্থমন্ত্রীর বারবার একটা জিরো ডেফিসিট বাজেট পেশ করবার প্রবণতা থেকে যাচ্ছে। তিনি এবারে অবশ্য ডেফিসিট বাজেট করেছেন। এবারে ডেফিসিট বাজেট করবার কারণ হল, এই স্টেটে সার্বিক উন্নয়নমূলক কাজের কোনওরকম ব্যবস্থা না করা। তিনি প্রেস কনফারেন্স করে বলেছেন, এবারেও জিরো ডেফিসিট বাজেট করতে পারতাম যদি ওয়েজ অ্যান্ড মিনসের অর্দ্ধেকটা আনতে পারতাম। এবারের বাজেটে তিনি ৪২ কোটি টাকা ডেফিসিট দেখিয়েছেন, কিন্তু ইচ্ছা ছিল সেই জিরো ডেফিসিট বাজেট নিয়ে আসার। আমরা দেখেছি, কেন্দ্রীয় সরকারের বাজেটের বিরোধিতা করে এতে অনেক কথা লেখা হয়েছে। আমি কেন্দ্রীয় অর্থমন্ত্রীর বক্তৃতার কয়েকটি লাইন এখানে পড়ে শোনাচ্ছি। আজকে কেন্দ্রের উপর সব দোষ চাপানো হচ্ছে, কিন্তু কেন্দ্রীয় কংগ্রেস সরকারের যা ইচ্ছা সেটা নির্বাচন ম্যানিফেস্টোতেই আভাস দেওয়া হয়েছিল। কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন দি "The bulk of the reform programme is based on the election manifesto of our party and there is no question of the

Government ever-compromising our national interest, not to speak of our sovereignity. ওরা loan-এর কথা বারবার বলছেন। তিনি আবার বলেছেন আওয়ার foreign exchange reserve have been built to 11,000 crores আপনাদের বন্ধু সরকার ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ কি রেখে গিয়েছিলেন সেটা জানেন। আপনারা দেখেছিলেন, তারপর তারা টন টন সোনা নিয়ে দিয়ে এসেছিলেন। সেই সমস্ত সোনা বর্তমান সরকার কয়েক মাসের মধ্যে ফেরত নিয়ে এসেছেন। নরসিমা রাও সরকার ভারতকে আবার তার পুরানো পজিশনে ফিরিয়ে এনেছেন। আমরা এবারে রাজ্যের অর্থমন্ত্রীর কাছে আশা করেছিলাম যে, পাওয়ারের ক্ষেত্রে তিনি বেশি টাকা দেবেন। ইন্ডাস্ট্রির স্বার্থে এই পাওয়ারের উপর যদি বেশি টাকা খরচ করতেন তাহলে রাজ্যের ভয়াবহ বেকার সমস্যা থেকে এই স্টেট কিছুটা রেহাই পেতে পারত। কিন্তু সেটা করতে পারেন নি। এখানে বিদ্যুৎ মন্ত্রী আছেন, তাকে শুনতে বলছি। আজকে যদি ১০-১২ পারসেন্ট বিদ্যুৎ উৎপাদন বাড়াতে পারতেন তাহলে রাজ্যের ভয়াবহ বিদ্যুৎ সমস্যা থেকে রেহাই পেতে পারতেন। এখানে পি এল এফ কত হয়ে রয়েছে? যেখানে অন্ধ্রে ৬৫ পারসেন্ট, গুজরাটে ৫৭ পারসেন্ট, মধ্যপ্রদেশ ৫২ পারসেন্ট, রাজস্থানে ৪২ পারসেন্ট, কর্ণাটক ৭৬ পারসেন্ট, সেখানে ওয়েস্ট বেঙ্গলে মাত্র ৩০ পারসেন্ট। কোনও প্ল্যান্ট যদি ৩০ পারসেন্ট পি এল এফ-এ রান করে কিছু আশা করবার নেই। সেখানে থেকে কোনও রকম আশা করা যায় না। শুধু তাই নয়, এখানে অ্যানুয়াল লসটা দেখুন। অ্যানুয়াল লস সাসটেন্ড বাই দি ডবলিউ বি এস ই বি অ্যাকুমুলেটেড লস ৩১-৩-৯০ হচ্ছে ৩৩৬.৪৬ কোটি টাকা। তারপরে ট্রান্সমিশন লস যেখানে ১৯৭৬-৭৭ সালে ডবলিউ বি এল ই বি-র ছিল ১০.৫৬ পারসেন্ট, সেখানে ১৯৮৮-৮৯ সালে হয়েছে ২৩.৪৭ পারসেন্ট। আপনি কোটি কোটি টাকা নতুন পাওয়ার প্ল্যান্টে খরচ করতে যাচ্ছেন। খুব ভাল কথা, আরও খরচ করুন। কিন্তু পাওয়ারের সমস্যার সমাধান যদি করতে পারতেন তাহলে আমরা অনেকটা নতুনভাবে রিভিউ করতে পারতাম আমাদের ইন্ডাস্ট্রিগুলিকে এবং সেই সঙ্গে আন-এমপ্লয়মেন্টের যে ভয়াবহ প্রব্লেম দেখা দিয়েছে তার খানিকটা নিশ্চয়ই সলভ করতে পারতাম। পাওয়ার যদি না থাকে তাহলে এগুলি কি ভাবে হবে? আপনি স্টিল প্ল্যান্ট করতে যাচ্ছেন, বড় বড় প্রোজেক্ট করতে যাচ্ছেন, হলদিয়া প্রোজেক্টের ডাউন স্ট্রিমে বড় বড় প্রোজেক্ট করতে যাচ্ছেন। কিন্তু তার ভায়েবিলিটির রিপোর্ট সম্পর্কে নিসংশয় নন। আপনি প্রথমে একজন ইন্ডাস্ট্রিয়ালিস্টকে নিয়ে এলেন। সেই গোয়েঙ্কার সঙ্গে আপনাদের বনিবনা হল না, আর একজনকে আনলেন। আমি আপনাকে জিজ্ঞাসা করছি, আপনার যে প্ল্যান্ট হচ্ছে সেই প্ল্যান্ট ভায়েবল হবে কি না, এই প্ল্যান্টগুলি করলে যে পাওয়ারের সমস্যা হবে তার জন্য আপনি প্রস্তুত আছেন কিনা? আমরা বিদেশে দেখেছি যে আগে পাওয়ার প্ল্যান্ট হয় তারপরে ইন্ডাস্ট্রির হয়। এখানে অনেকগুলি ছোট ছোট মিনি স্টিল প্ল্যান্ট করার কথা বলা হয়েছে। কিন্তু সেখানে কনটিনিউয়াস পাওয়ার সাপ্লাই না হলে এই স্টিল ফাউন্ড্রি চলবে না, গ্লাস ফ্যাক্টরি চলবে না, গ্লাস ওয়ার্কও চলবে না, ফলে সমস্ত ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে যাবে এবং এখনই অনেকগুলি বন্ধ হয়ে আছে। আপনি যতক্ষণ পর্যন্ত পাওয়ারের উপরে জোর দিচ্ছেন, পাওয়ারের এফিসিয়েন্সি বাড়াতে না পারছেন ততক্ষণ পর্যন্ত কিছু হবে না। আপনি সেদিকে ব্যয় বরাদ্দ না বাড়িয়ে রুর‍্যাল এরিয়ায় না কোথায় বাড়িয়েছেন। এটা আমার কাছে পরিষ্কার নয়। এগুলি ঐ ইলেকশন মেনিফেস্টোর মতো করা হয়েছে। সামনে পঞ্চায়েত ইলেকশন, সেই ধরনের

বাজেট করা হয়েছে যা আপনারা বরাবরই করে থাকেন। রাস্তা নেই ইলেকশনের আগে কিছু খোয়া, পাথর দিয়ে কোনও রকমে একটা রাস্তা করে দিলাম, ইলেকশনের আগে রুর‍্যাল এরিয়ায় কিছু টাকা খরচ করে সেখানকার মানুষকে দেখাবেন যে তোমাদের জন্য করা হচ্ছে, আমাদের ভোট দাও। কিন্তু এখানে চটকলগুলি দুই মাস বন্ধ হয়ে ছিল, প্রায় দুই শত কোটি টাকার উপরে লোকসান হয়ে গেল, থাউজেন্ড অফম্যান আওয়ারস নষ্ট হয়ে গেল। মাননীয় মুখ্যমন্ত্রী ২ মাসে বাদে যা করলেন সেটা ২ মাস আগে করতে পারতেন। আজকে সারা ভারতবর্ষে যে কলকারখানা বন্ধ হয়ে আছে তার এক তৃতীয়াংশ শুধু পশ্চিমবঙ্গে বন্ধ হয়ে আছে। সারা ভারতবর্ষে যে বেকারের সংখ্যা তার এক তৃতীয়াংশ বেকার শুধু পশ্চিমবঙ্গে আছে। যা কিছু হচ্ছে সবটাতেই কেন্দ্রীয় সরকারের উপরে দোষ চাপিয়ে দিয়ে চলে যাচ্ছেন। আজকে সভারিনিটির কথা বলা হচ্ছে। এই সভারিনিটি ছিল না। এই সভারিনিটি কংগ্রেসই নিয়ে এসেছে। কাজেই সভারিনিটি, ডেমোক্রাসি এসব কথা আপনাদের কাছ থেকে আমরা শুনতে চাই না। যখন আপনারা ছিলেন না তখন অনেক রক্ত দিয়ে এই সভারিনিটিকে বজায় রাখতে হয়েছে। যখন ভারতবর্ষ স্বাধীন হয়েছিল তখন পাকিস্তান স্বাধীন হয়েছিল, ব্রহ্মদেশ এবং অন্যান্য অনেকগুলি প্রাচ্য দেশও স্বাধীন হয়েছিল। সেখানে কি গণতন্ত্র ছিল? পরবর্তীকালে যখন বাংলাদেশ স্বাধীন হয়েছিল কিন্তু সেখানে কি গণতন্ত্র ছিল?

[3-20 — 3-30 P.M.]

ভারতবর্ষে একমাত্র গণতন্ত্র বজায় ছিল, আছে এবং থাকবে। কংগ্রেস ভারতবর্ষে যতদিন আছে ততদিন গণতন্ত্র বজায় থাকবে। আজকে উন্নয়নের কথা বলছেন। কোথায় কি করেছেন? বিগত ১৫ বছর ধরে মুখ্যমন্ত্রী আছেন, মহান মুখ্যমন্ত্রী, ১৫ বছরের রেকর্ড করেছেন। কি দিয়েছেন পশ্চিমবাংলার মানুষকে? কটা মেডিক্যাল কলেজ দিয়েছেন? ডাঃ রায় ১১ বছর মুখ্যমন্ত্রী ছিলেন, তিনি যা দিয়েছেন তার ৩০-৪০ গুণ টাকা পেয়েছে পশ্চিমবাংলাকে কি দিয়েছেন? নর্থ বেঙ্গলের জন্য চিন্তা ভাবনা করেছেন ডাঃ রায়। নর্থ বেঙ্গলে মেডিক্যাল কলেজের জন্ম দিয়েছেন, এগ্রিকালচার কলেজের জন্ম দিয়েছেন। সেখানে ইরিগেশনের কথা চিন্তা করেছেন, ফরাক্কা ব্যারেজের জন্ম দিয়েছেন। এই মুখ্যমন্ত্রী কটা দিয়েছেন? সল্ট লেকে আবাসন প্রকল্পের জন্ম দিয়েছেন, কল্যাণীর জন্ম দিয়েছেন আবাসন প্রকল্পের জন্য। ইন্ডাস্ট্রি করবার জন্য জন্ম দিয়েছেন দুর্গাপুরের। সেখানে বিগ ইন্ডাস্ট্রি, লার্জ ইন্ডাস্ট্রি এবং অ্যানসিলারি ইন্ডাস্ট্রি করবার জন্য দুর্গাপুরের জন্ম দিয়েছিলেন। তিনি জন্ম দিয়েছিলেন চিত্তরঞ্জন লোকোমেটিভ ওয়ার্কসের। আপনাদের মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার মানুষকে কি দিয়েছেন? আপনাদের এটা জানাতে হবে, দেখাতে হবে বলতে হবে। আপনাবা নিজেদের রক্তে বক্রেশ্বরকে দেবেন বলেছিলেন। আপনাদের সেই রক্ত ড্রেন দিয়ে চলে গেছে। পশ্চিমবাংলার যুবকদের ধাপ্পা দিয়ে তাদের থেকে রক্ত নিয়ে সেই রক্ত ড্রেন দিয়ে বার করে দিয়েছেন। এখানে অনেক বয়স্ক মানুষ আছেন, আপনারা দেখান ৭০ বৎসরের একজন মানুষ আছেন যিনি স্বাধীনতা সংগ্রামে যোগ দেন নি। এই একজন মানুষ ৭০ বছর বয়েসে যিনি স্বাধীনতা সম্বন্ধে কোনও চিন্তা করেন নি। তিনি স্বাধীন ভারতবর্ষের ফ্লাগ কাঁধে করেন নি। তাকে আবার স্বাধীনতা সংগ্রামী বলে ঘোষণা করা হচ্ছিল। অবশ্য তিনি নিজে রিফিউজ করেছেন। তিনি বলেছেন সিম্পল লিভিং করেন, হোচিমিনের মতো তার লাইফ স্টাইল তার লাইফ স্টাইল যাই হোক আমি তার

বিরুদ্ধে নয়। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী সুন্দর অফিসে থাকবেন আমরা নিশ্চয়ই সেটা চাইব। সিদ্ধার্থবাবু একটা ঘর করেছিলেন, একটা বাথরুম করেছিলেন তার জন্য বিরাট হুলুস-স্থুলুস পড়ে গিয়েছিল। যে কাগজকে ওরা বাজারি কাগজ বলে সেই বাজারি কাগজের মাধ্যমে নানা কথা বলেছিলেন। তারপর কি করেছেন ঘরগুলো? আরও লক্ষ লক্ষ টাকা খরচ করে ঘর করেছেন। আমি বলছি ভাল করেছেন। এই শহরটা এমন করে তুলেছেন বাইরে থেকে ডিগনেটরসরা এসে বুঝতে পারবেন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর ঘরে এসেছেন। এতে আমরা খুশি, এই ব্যাপারে আমাদের কোনও জেলাসি নেই। এয়ার কনডিশনিং কনটেসা গাড়ি সিদ্ধার্থবাবু কিনেছিলেন। অনেক কথা হয়েছিল। সেই গাড়ি দিল্লিতে চড়া বন্ধ হয় নি। সেখানে ইমপর্টেন্ট অনেক বড় লোকের সঙ্গে কথাবার্তা বলতে হয়। সেখান থেকে টাকা এনে সব সমস্যার সমাধান করবেন ঠিক করেছেন। এখানে ইন্ডাস্ট্রি তৈরি করবেন। এখানে পাওয়ারের প্রবলেম যদি সলভ না করতে পারেন তাহলে ইন্ডাস্ট্রি তৈরি করা সম্ভব নয়। ফলে পশ্চিমাবাংলায় এই ভয়াবহ বেকার সমস্যার সমাধান একেবারেই ইমপসিবল। আমি আবার একটা কথা বলতে চাই যেটা আমাদের সুদীপবাবু বলেছেন। ইন্ডাস্ট্রি করার জন্য যারা আসবে তার একটা লাভ জনক ইন্ডাস্ট্রির সঙ্গে আর একটা সিক ইন্ডাস্ট্রি নিতে হবে এই রকম একটা প্রপোজাল রাখতে হবে তাদের কাছে। তাতে সুবিধা হবে কি যারা ইন্ডাস্ট্রি করতে চাইছে তারা ওই রুগ্ন শিল্পের ম্যান পাওয়ার পেয়ে যাবে আর কারখানাটাও নতুন করে বাঁচবে। যারা এই কারখানায় চাকুরি করছে তাদের চাকুরি চলে যাবার ভয় থাকবে না, তাদের বাঁচার সাধ নতুন করে তৈরি হতে পারে। এই রকম একটা শর্ত করে তবে তাদের দিন। কারণ একই কথা, দেশে যদি ইন্ডাস্ট্রি আমরা বাড়াতে না পারি, পুরানো অবস্থায় যদি ফিরে আসতে না পারি তাহলে আমাদের এই স্টেট বাঁচবে না। তাই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অনুরাধা পুততুন্ডা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই গত ১৬ তারিখের আমাদের রাজ্যের অর্থমন্ত্রী মাননীয় অসীম দাশগুপ্ত যে ভারসাম্যমূলক বাজেট আমাদের কাছে উপস্থাপিত করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করছি। শধু তাই নয়, তার সাথে সাথে যে আর্থিক সঙ্কটের মুখে আমাদের দেশ দাঁড়িয়ে আছে, সেই পরিস্থিতিতে দাঁড়িয়েও রাজ্যের সাধারণ মানুষের কথা ভেবে রাজ্যের মানুষের পক্ষে যে বাজেট তিনি এনেছেন তারজন্য আপনার মাধ্যমে আমি তাঁকে ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি। আমরা যখন বাজেট সম্পর্কে আলোচনা করব তখন স্বাভাবিক ভাবেই আমাদের কংগ্রেসের বন্ধুরা যতই গোঁসা করুন, যতই রাগ করুন, আমাদের কয়েকটি বিষয় উল্লেখ করতে হবে। আমি কয়েকটি বিষয় আপনাদের কাছে তুলে ধরব। যখন রাজ্য বাজেট আমরা আলোচনা করব তখন কেন্দ্রীয় সরকারের কি দৃষ্টিভঙ্গি রাজ্য সরকারের কি দৃষ্টিভঙ্গি এবং কেন্দ্র রাজ্য সম্পর্কের ক্ষেত্রে পুনর্বিন্যাস করার আমাদের যে প্রস্তাব আছে, তার নিরিখে দাঁড়িয়ে আমি আমার বক্তব্য হাজির করার চেষ্টা করব। আমরা দেখেছি যে, স্বাধীনতার পর থেকে কেন্দ্র ক্রমশ তার হাতে রাজনৈতিক সমস্ত ক্ষমতা কুক্ষিগত করতে করতে আজকে আমরা এমন একটা অবস্থায় এসে দাঁড়িয়েছি যে আমাদের দেশে যে রাজস্ব আদায় হয় তার মোট তিনের দুই ভাগ যায় কেন্দ্রীয় সরকারের হাতে। আর বাকি এক ভাগ গোটা দেশের সমস্ত রাজ্যগুলোর মধ্যে বণ্টিত হয়। আমাদের

দেশে বাজার থেকে যে ঋণ সংগৃহীত হয় তার ৮৫ শতাংশ যায় কেন্দ্রীয় সরকারের হাতে, বাকি ১৫ শতাংশ পায় রাজ্যগুলো। আমরা আরও দেখছি, আমাকে এখানে উল্লেখ করতে হবে, বিগত সপ্তম যোজনায় আমাদের অভিজ্ঞতা কি। পশ্চিমবঙ্গের জন্য প্রাথমিক ভাবে যে স্বীকৃত বরাদ্দ ছিল তার পরিমাণ ৪,১২৫ কোটি টাকা, যার মধ্যে নিজস্ব সম্পদ থেকে ২,৯১১ কোটি টাকা, যা মোট বরাদ্দের ৭১ শতাংশ। আর কেন্দ্রীয় সরকারের কথা কি ছিল? কথা ছিল তারা যোজনায় সাহায্য দেবেন, ১,২১৪ কোটি টাকা, যেটা মোট বরাদ্দের মাত্র ২৯ শতাংশ। কিন্তু আমরা কি দেখলাম? আমরা দেখলাম যে তারা এই বরাদ্দ থেকে ৬ শতাংশ বরাদ্দ কেটে নিলেন। আমাদের যে অভিজ্ঞতা, আমি কংগ্রেসি বন্ধুদের বলব, তারা বিগত বছরের কেন্দ্রীয় সরকারের যোজনা সহায়তার হিসাবের যে পাতা সেটি একটু খুলবেন। কারণ আপনারা নিশ্চয়ই পশ্চিমবাংলা মানুষ, আপনারাও নিশ্চয়ই সেই হিসাবে এর অংশীদার। সেখানে যোজনা বারাদ্দের ক্ষেত্রে গোটা দেশের মধ্যে পশ্চিমবাংলার স্থান একেবারে নিচের তলায়। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে আমরা কি দেখেছি? আপনারা এখানে অনেকে চিৎকার করেছেন। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে আমাদের রাজ্য একটা মার খেল। কি ভাবে হল? কেন্দ্রীয় সরকার মিউচুয়াল ফান্ড চালু করলেন। কেন্দ্রীয় সরকার ৯৪ কোটি টাকা দিয়েছেন বলে আপনারা চিৎকার করছেন। কিন্তু তারা কেটেছেন কি? আমাদের পাওনা কি? কেন্দ্র পরিকল্পনা বরাদ্দের ২১৫ কোটি টাকা মেরে দিয়েছেন। কেন্দ্র অনুদান বাবদ ৮৭ কোটি টাকা মেরে দিয়েছেন মিউচুয়াল ফান্ড করে। আমাদের স্বল্প সঞ্চয় হল, ৪৪৪ কোটি টাকা আমরা পেলাম না। তাহলে মোট দাঁড়ালো কত? একটু অঙ্ক কষুন ৭৪৬ কোটি টাকা।

[3-30 — 3-40 P.M.]

৭৪৬ কোটি টাকা কাটা গেল আর পেলাম মাত্র ৯৪ কোটি টাকা। যোগ বিয়োগের অঙ্কটা কংগ্রেস বন্ধুরা নিশ্চয় জানেন, এটা যদি জানেন তাহলে আমাদের বকেয়া টাকাটা হল গিয়ে ৬৫ কোটি টাকা। এরজন্য বাইরে গিয়ে আপনারা কি চিৎকার করবেন বা মানুষের দরবারের গিয়ে কি বলবেন যে অন্যায় আপনারা তা করবেন না, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বলবেন না। আপনারা তো খুব চিৎকার করে হঠাৎ সঞ্চয়িতা চিট ফান্ড ইত্যাদিতে পশ্চিমবঙ্গে অনেক নাকি টাকা ছিল এবং মানুষের পকেট থেকে টাকা কাটছিল। এইসব নিয়ে হৈ চৈ করলেন আপনারাই বলুন তো, আপনারা তো লেখাপড়া জানা, পড়াশুনো করেন, মাঝে মাঝে অনেক কাগজপত্র নিয়ে হাজির হন, একটা অঙ্কের হিসাব এই মিউচুয়াল ফান্ড করে কাদের সুবিধা করে দেওয়া হল এর জবাব দেবেন কি? আপনারা বলতে চেয়েছেন যে রাজ্য সরকারের বাজেট ইত্যাদিতে ঘাটতি আছে। আপনারা একবার বলুন তো আমাদের দেশের আয়ের সিংহভাগ কারা দখল করে? আমাদের জেনে রাখুন আমাদের দেশের কেন্দ্রীয় সরকার রাজ্যের সিংহভাগ দখল করে রয়েছে। রাজ্যে যে আয় হয় তার সিংহভাগ কেন্দ্রীয় সরকার সিংহভাগ দখল করে রয়েছে। রাজ্যের যে আয় হয় তার সিংহভাগ কেন্দ্রীয় সরকার নিয়ে নিচ্ছে, লাভের অঙ্কটা সবই কেন্দ্রের হাতে। ফলে রাজ্য তার নিজস্ব পাওয়া থেকে বঞ্চিত। সমস্ত টাকা কেন্দ্রীয় সরকার তুলে নিয়ে যাবেন আর সেই টাকা ধনিক লোকদের পেছনে এবং শিল্পপতিদের পেছনে খরচ করবে। আর রাজ্যকে তার দায়-দায়িত্ব পালন করতে হবে? একটা রাজ্যের পক্ষ এইভাবে তার রাজ্য পরিচালনা করা সম্ভব কিনা একবার আপনারা সাধারণ

মানুষের কাছে গিয়ে জিজ্ঞাসা করুন তো এর উত্তর পেয়ে যাবেন। আমি আরেকটি বিষয়ে রাজ্যের অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাব কারণ তিনি কেন্দ্রীয় সাহায্য ছাড়াই নিজস্ব তহবিল সংগ্রহের উপরে জোর দিয়েছেন। অতীত অভিজ্ঞতায় আমরা দেখেছি কেন্দ্রীয় সাহায্যের উপরে নির্ভর করে কোনও লাভ হয় নি। আমরা স্বাধীনতার সময়ের থেকে ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে এবং মাননীয় সদস্য সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলেও দেখেছি এই একই অবস্থা। তবে আমার সৌভাগ্য এই অধিবেশনে আমার কথা তিনি শুনছেন। কেন না গত অধিবেশনে তার অনেক বক্তৃতা আমি নোট করেছিলাম এবং শোনাব বলে আশা করেছিলাম কিন্তু শোনাবার সুযোগ হয় নি। কিন্তু এইবার সেই সুযোগ ঘটেছে তার আমলে পশ্চিমবঙ্গ পত্রিকায় তিনি বারে বারে উল্লেখ করেছিলেন কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণের কথা এবং আমার কাছে ওইসব কাগজ আছে। কিন্তু তার কেন্দ্রের বিরুদ্ধে মানুষকে সংগঠিত করবার ক্ষমতা ছিল না। আজকে যদি তার সেই সংগঠিত করবার ক্ষমতা থাকতো জনগণকে তাহলে আজকে তার এই অবস্থা হত না। যাইহোক রাজ্যের অর্থমন্ত্রী যে নিজস্ব সংগ্রহের উপরে জোর দিয়েছেন এবং এই বছর যে তার দ্বিগুণ রেখেছেন তারজন্য তাকে ধন্যবাদ জানাই। তিনি এই বছর প্রায় ১০,৬২৪ কোটি টাকা মতো রেখেছেন। আমি একটু কংগ্রেস বন্ধুদের কটাক্ষ করে বলছি, আপনারা তো হঠাৎ হঠাৎ করে পশ্চিমবঙ্গের জন্য কুম্ভিরাশ্রু বিসর্জন দেন কিন্তু এবং খুব হৈ চৈ করেন কিন্তু একবারও তো বললেন না যে পশ্চিমবঙ্গ গোটা দেশের মধ্যে কর আদায়ের ক্ষেত্রে প্রথম স্থানে রয়েছে। এটা তো পশ্চিমবঙ্গের তথ্য নয়, জ্যোতি বসুর সুদীপবাবু আপনি তো একটু খোঁজ খবর রাখেন, ভাল বক্তৃতা করেন, শুনতে বেশ ভাল লাগে কিন্তু কই আপনি তো বললেন না যে কর আদায়ের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান প্রথম। এটা কিন্তু পশ্চিমবঙ্গের তথ্য নয়, জ্যোতি বসুর তথ্য নয়, বা অসীম দাশগুপ্তের তথ্য নয়, জেনে রাখুন সুদীপবাবু আপনি তো একটু কাগজপত্র ঘাঁটেন এবং ভাল বক্তৃতা করেন, এই তথ্য হচ্ছে নবম অর্থ কমিশনের রিপোর্ট। এই বইটির ১১১ পাতা খুলুন দেখতে পাবেন তাতে তথ্য আছে। সুদীপবাবুর একটু গোঁসা হয়েছে মাসুল সমীকরণ তুলে দেওয়া যে হয়েছে তাই নিয়ে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে কোনও অভিনন্দন জানানো হল না কেন? রাজ্যের অর্থমন্ত্রীও এই অভিনন্দন জানান নি। তবে সুদীপুবাবু আপনি দয়া করে বক্তব্যটা একটু মন দিয়ে শোনার চেষ্টা করুন বিরোধী বেঞ্চে বসে একটু ধৈর্য ধরে শোনার চেষ্টা করুন মাসুল সমীকরণ তুলে দেওয়া তো হল কিন্তু ইস্পাতের দামের উপরে নিয়ন্ত্রণ তুলে দিলেন কেন? তারজন্য কি আপনারা আজকে কি অভিনন্দন পাওয়ার যোগ্য? আজকে ইস্পাতের দাম নিয়ন্ত্রণে না থাকার ফলে ক্ষুদ্র ও ছোট ছোট শিল্পগুলি মার খেতে বসেছে। আর আপনারা মাসুল সমীকরণ তুলে দেওয়া হয়েছে বলে জোর গলায় চেঁচাচ্ছেন। এতেও কি আপনাদের কুম্ভিরাশ্রু পড়বে? তারপরে সাধনবাবু তো বলেই চলে গেলেন, পালিয়ে গেলেন, ওনারা তো মালিক পক্ষের লোক কিন্তু উনি হঠাৎ বলে উঠলেন যে চা-বাগানের মালিকরা বিভিন্ন রকম যে জমিগুলি আছে সেগুলো দখল করার চেষ্টা করছে। সাবজেক্ট কমিটিতে মুন্সিজি আছেন, যখন আমরা তিস্তা প্রকল্প দেখতে গিয়েছিলাম সেই সময়ে আমরা কি দেখেছি স্বাধীনতার গোড়ার সময় থেকে আজ পর্যন্ত এই প্রকল্প শেষ হল না। এই ব্যাপারে দায়িত্ব ছিল, সিদ্ধান্ত ছিল, রাজ্য সরকার যে টাকা দেবেন তার ৫০ শতাংশ টাকা কেন্দ্রীয় সরকার দেবেন। আপনাদের সঙ্গে কথা হয়েছে বিভিন্ন সময়ে, দিল্লিতে যার বলে কিন্তু

যখন ডাকা হয় তখন আপনারা যান না। আপনাদের যাওয়ার মুরোদ নেই। আমরা কি দেখলাম ৩৪৭ কোটি টাকা রাজ্য সরকার খরচ করেছেন আর মাত্র ৫ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন, আবার কয়েকদিন আগে কাগজে দেখলাম জাপান থেকে ১০০ কোটি টাকা দিচ্ছেন, এসব ধাপ্পা দিচ্ছেন। তিস্তা প্রকল্প কিন্তু আজ পর্যন্ত শেষ হল না! এটা সিদ্ধার্থ বাবুও জানেন আজকে জিনিসের দাম বাড়ছে, খরচ বাড়ছে—এই অবস্থায় কি জায়গা পড়ে থাকবে? আপনারা দেশে থাকবেন, দেশটা আপনারা চালাবেন মালিকদের স্বার্থে পুঁজিপতিদের স্বার্থে সেখানে চা বাগানের মালিকরা জমি কেনার চেষ্ট করবেন না? অম্বিকা বাবু ব্যক্তিগত আক্রমণ করে জ্যোতিবাবুকে বলেছেন—কেন তিনি বাথরুম ব্যবহার করেন না? পশ্চিমবঙ্গের লোক হিসাবে লজ্জা হওয়া উচিত, এই ব্যাপারে আমি গর্ব করে বলতে পারি আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীকে ঐ বাথরুমে যাওয়ার দরকার হয় না। তিনি সাধারণ ভাবে থাকেন, তিনি রাজ্যের মুখ্যমন্ত্রী হিসাবে খেটে খাওয়া মানুষের কাছে একটা আদর্শ। এই জন্যই আপনারা কমছেন। আমি শিল্পনীতি নিয়ে কয়েকটি কথা বলতে চাই, মাননীয় সদস্যরা বলেছেন দেশে শিল্প ভর্তি করে দেবেন, বিশাল শিল্প করবেন চাকরির ব্যবস্থা করা হবে, আচ্ছা বলুন তো আমাদের দেশে সারের উৎপাদন কত ০.৯ কোটি টনের মতো। এক্ষেত্রে যদি আমরা ৩ মিলিয়ন টন সার বাইরে থেকে আনি তাহলেই চাহিদার ২০ শতাংশ মাত্র পুরণ করা যায়। আমরা উন্নত ধরনের ইস্পাত ১.১ লক্ষ টন তৈরি করি তাহলেও সেটার বিক্রির বাজার আমাদের দেশে করা যায় না। ইঞ্জিনিয়ারিং দ্রব্য হস্তজাত শিল্প পণ্যের তুলনায় মাত্র ৬২ শতাংশ রপ্তনি হয়। আপনারা কি বলছেন, আপনারা বলছেন শিল্প গড়ে তুলবেন? আপনাদের নেতা জওহরলাল নেহেরু বলেছিলেন ক্রমশ রাষ্ট্রায়ত্ত শিল্পের দিকে আমাদের যেতে হবে, এতে গরিব মানুষদের উপকার হবে। কিন্তু আপনারা কি করেছেন যেসব রাষ্ট্রায়ত্ত শিল্প কাঁচামাল তৈরি করে সেই মালগুলি কংগ্রেসের নেতারা প্রভাব খাটিয়ে বেসরকারি প্রতিষ্ঠানগুলিকে ক্ষতিজনক শর্তে বিক্রি করতে বাধ্য করান। আমাদের অভিজ্ঞতায় কি দেখেছি, বড় বড় শিল্পপতি যারা টাকা ফেরত দিচ্ছেন না তাদের ক্ষেত্রে ব্যাঙ্ক আবার টাকা দিচ্ছেন, কিন্তু ছোট ব্যবসায়ীদের ঋণ দেওয়ার ক্ষেত্রে ব্যাঙ্কগুলির প্রচন্ড অনিহা। কিন্তু বড় ব্যবসায়ীর ক্ষেত্রে ব্যাঙ্কগুলি টাকা দিতে কার্পণ্য করেন না। আপনারা আবার ঋণ মেলার নাম করে ভোটের সময় সাধারণ লোককে বিপথে চালিত করবার চেষ্টা করেছেন। দেশে যে ৭৫ হাজার কোটি কালো টাকা আছে, কেন কেন্দ্রীয় সরকার সেই কালো টাকা থেকে সম্পদ সংগ্রহ করার চেষ্টা করছেন না বলুন তো? তার কারণ হচ্ছে এর ফলে যাদের গায়ে হাত পড়বে তাতে আর আপনাদেরকে এখানে এসে বসতে হবে না। আপনারাই বলেছেন আন্তর্জাতিক বাজারে ভারতীয় টাকার অবমূল্যায়ন হচ্ছে, অস্বাভাবিক জিনিসপত্রের দাম বাড়ছে, এইটা আপনারাও স্বীকার করলেন এই বিধানসভায় দাঁড়িয়ে। আপনারা এটাও দেখেছেন ক্রমশ রাষ্ট্রায়ত্ত শিল্পগুলি থেকে ছাঁটাই করা হচ্ছে, এতে তাদের অন্নও মারা হচ্ছে। মনমোহন সিং যে বিদায় নীতি নিতে চলেছেন, এর দ্বারা কি সাম্রাজ্যবাদী দেশগুলির কাছে আমাদের দেশকে বিক্রি করে দেওয়া নয়? আপনারা বলছেন শিল্পের বিকাশ হচ্ছে, আর কি কি কি বলছে, নিশ্চয় আপনারা জানেন তাদের স্মারকপত্রে বলেছেন, বিগত বছরে এই বছরের তুলনায় গত ৬ মাসে উৎপাদন ২.৫০ শতাংশ কমেছে। আর আপনাদের কেন্দ্রীয় অর্থমন্ত্রী মনমোহন সিং কি বলেছেন এই বছরে কোনও অর্থনৈতিক বিকাশ আমাদের দেশে সম্ভব নয়। আপনারা কি করছেন, জবাব

চাইবেন এই ব্যাপারে কেন্দ্রীয় নেতৃত্বের কাছে। ক্ষুদ্র শিল্পের ২৪ শতাংশ ইকুইটি শেয়ার কেনার অধিকার দেওয়া হল বৃহৎ শিল্পকে—এটা কোন ধরনের নীতি। এতে ক্ষুদ্র শিল্পের উপর নিয়ন্ত্রণ অনেক বেড়ে যাবে বৃহৎ শিল্পের। ক্ষুদ্র শিল্প দ্রুত ধ্বংসের মুখে চলে যাবে। অথচ আপনারাই মাঝে মাঝে ক্ষুদ্র শিল্পের জন্য চোখের জল ফেলেন এই ধাপ্পা মানুষ বোঝেন।

[3-40 — 3-50 P.M.]

বলুন কেন লাভজনক রাষ্ট্রায়ত্ত শিল্পসংস্থাগুলির ২০ শতাংশ ইকুইটি শেয়ার কেনার সুযোগ করে দেওয়া হল বেসরকারি সংস্থাগুলিকে? যোজনা পর্ষদ যে নীতি গ্রহণ করেছেন তাতে সরকারি শিল্পগুলি থেকে সরে এসে সেইসব শিল্প বেসরকারি উদ্যোগের হাতে ছেড়ে দেওয়া হবে এবং বিদেশে বসবাসকারী কিছু ব্যক্তি তারা সেইসব জায়গায় ঢোকার চেষ্টা করেছেন? মূল শিল্প ক্ষেত্র থেকে কেন ইস্পাত, তেল, হেভি ইঞ্জিনিয়ারিং ও বিদ্যুৎকে সরিয়ে নেওয়া হল? আপনারা কি দেশপ্রেমিক মানুষ? দেশ প্রেমিকের কোনও কিছু যদি আপনাদের মধ্যে থেকে থাকে তবে কেন বিদেশি সংস্থার ইক্যুইটি শেয়ারের সীমা ৪০ শতাংশ থেকে বাড়িয়ে ৫১ শতাংশ করে দেওয়া হল। এতে একদিকে যেমন দেশীয় সংস্থাগুলির উপর বহুজাতিক সংস্থার সম্পূর্ণ নিয়ন্ত্রণ আরোপিত হবে, সাথে সাথে দেশের প্রাচীন ও গ্রামীণ শিল্পগুলি ধ্বংস হয়ে যাবে। এই ব্যাপারগুলো আপনারা বলবেন এটা আমরা জানতে চাইছি। আপনারা উদার নীতির কথা বলেছেন, কিন্তু এটা কোন উদার নীতি? আরও বিপদের কথা যে উদার নীতি গ্রহণের মধ্য দিয়ে বিদেশি পুঁজি ঢালাওভাবে দেশে প্রবেশ করবে। শুধু তাই নয় বিদেশি সংস্থাকে বিনা শুল্কে ঢালাওভাবে রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে পরিপূরক হিসাবে কাজ করার সুযোগ করে দিয়ে দেশের এক চরম সর্বনাশ ডেকে আনছেন আমাদের কেন্দ্রীয় সরকার। আপনারাই বলুন, এই সরকার কাদের সরকার? আপনারা কাদের স্বার্থ রক্ষা করেন? আপনারা ঐ জমিদার-জোতদারদের মালিক, আপনারা আমেরিকা সাম্রাজ্যবাদের দালাল, আপনারা স্বার্থ রক্ষা করেন। কেন্দ্রীয় সরকার দেশের ২৭টা গ্রামীণ প্রকল্প কেটে জওহর রোজগার যোজনা চালু করেছেন। এই বছর এই প্রকল্পের বরাদ্দ কমানো হয়েছে ৫০০ কোটি টাকা। আপনারা যাকে দেশের কাজের মেয়ে বলেন, সেই মহিলা আন্তর্জাতিক নারীদিবসে ৮ই মার্চ ঘোষণা করেছেন একটি প্রকল্পের কথা। কেন্দ্রীয় সরকার আরেকটি ধাপ্পা আনছেন ইন্দিরা মহিলা প্রকল্প বলে একটা প্রকল্প আবার চালু করার কথা বলেছেন। যেন এই ইন্দিরা প্রকল্পের মধ্যে দিয়ে দেশের মহিলাদের খুবই উপকার হবে। কংগ্রেসি বন্ধুরা নিশ্চয় শ্রীমতী ইলা ভাটের নাম জানেন, যাকে রাজীব গান্ধী নিয়োগ করেছিলেন, তার শ্রমমন্ত্রী বইটিও নিশ্চয় আপনারা পড়ছেন। যদি না পড়ে থাকেন তবে পড়ে নেবেন, জেনে নেবেন কিভাবে দক্ষিণ ভারতে কাজু, কয়্যার শিল্পের মহিলারা কর্মচ্যুত হয়েছেন। চটশিল্প, বস্ত্রশিল্পে হাজার হাজার মহিলা কাজ হারিয়েছেন। আপনারা জানেন আজকে চা বাগানের মালিকেরা মেকানাইজেশনের মাধ্যমে ব্যাঙ্ক মহিলাদের ছাঁটাই করার চক্রান্ত করছেন। আমাদের দেশের অসংগঠিত শিল্পের কোনও রকম নীতি নেই। আমাদের দেশের ৯৫ শতাংশ মহিলা অসংগঠিত শিল্পে কাজ করেন। কিন্তু সেই মহিলারা প্রসুতিকালীন সময়ে কোনও রকম ভাতা পান না। বাচ্ছা জন্মানোর আগে ও পরে তারা কোনও ছুটি পান না। আজকে এদের কোনও রকম ব্যবস্থা না করে একটা ইন্দিরা

প্রকল্প কাদের সাহায্য করবে সেটা আমরা বুঝতেই পারি। কেন্দ্রীয় সরকার আই সি এস ডি এস-এর কর্মীদের নিরাপত্তার কোনও কথা আজ পর্যন্ত বললেন না। সেই জায়গায় আমরা পশ্চিমবাংলা গর্ব অনুভব করি। এখানে মেয়ে শ্রমিকরা সমান কাজে সমান মজুরি অর্জন করছেন। মহিলা বিড়ি শ্রমিকরা আজকে পুরুষদের সমান মজুরি পাচ্ছেন। তারা এখানে সমান কাজে সমান মজুরি পাচ্ছেন। বিভিন্ন ক্ষুদ্রশিল্পে মেয়েরা আজকে সমান মজুরি পাচ্ছেন। আমি আশা করব, এই গর্ব আমাদের সকলের এবং আপনারাও এর ভাগীদার যদি আপনারা শ্রমিক দরদি হোন। আজ এক ভয়ঙ্কর বিপদের মুখে এসে আমরা দাঁড়িয়েছি। রাজ্যের অর্থমন্ত্রীকে আরেকবার আমি ধন্যবাদ জানাই, কারণ গ্রামীণ মানুষের উন্নয়নের জন্য রাজ্য সরকার কিভাবে কাজ করে চলেছে। সেখানে আমরা দেখলাম যে যখন গ্রামের মানুষের কাজ থাকে না তখন ভরতুকি দিয়ে চাল দেওয়া হয়। ওই ক্ষেত মজুর মানুষগুলিকে এক মাস ধরে দেওয়া হয়। অনেক মানুষ উপকৃত হন। গতবারে এই জন্য ১০ কোটি টাকা বরাদ্দ ছিল এইবারে কুড়ি কোটি টাকা বরাদ্দের জন্য আন্তরিকভাবে অর্থমন্ত্রী মহাশয়কে অভিনন্দিত করছি। এরই মধ্যে দেখা যায় যে, এই সিদ্ধান্তের ফলে কংগ্রেসি বন্ধুরা আতঙ্কিত হন। আবার যখন দেখি একজন এস ইউ সি প্রতিনিধি নেই কিন্তু আবার দেখি যে একজন এস ইউ সি প্রতিনিধি তার নির্বাচনী ক্ষেত্রে দাঁড়িয়ে নিজেকে বামপন্থী বলে পরিচয় দেয় এবং বিধানসভার মধ্যে দাঁড়িয়ে যখন বললেন যে না এটা দু মাসের পরিবর্তে ৬ মাস ধরে দিতে হবে। কংগ্রেসের সঙ্গে একটা তফাত থাকলেও তারা তখন এই কথা গলা মিলিয়ে বলেন এবং একসাথে ঢোকেন এবং একসাথে বেরোন। তখন বুঝতে অসুবিধা হয় না তাদের চরিত্র। সুতরাং রাতের অন্ধকারে তাদের সঙ্গে সম্পর্ক খুবই ঘনিষ্ঠ। আমি আর একটা পয়েন্ট তুলতে চাই, এটা আমাদের প্রত্যেকের কাছেই খুব আতঙ্কের কথা—ব্যাপারটা হচ্ছে যে, ভারতবর্ষ দেশটা থাকবে কি থাকবে না, ভারতবর্ষ আজকে কোন পথে চলছে? গত চার দশক ধরে গোটা দেশকে কংগ্রেস সরকার চালিয়েছে এবং ভ্রান্ত নীতির ফলে সঙ্কট সৃষ্টি হয়েছে। একটু আগে অম্বিকা বাবু অনেক কথা বলে গেলেন কিন্তু আমি বলতে চাই যে ঋণ নেওয়া হয়েছে আই এম এফ থেকে সেই ঋণের শর্ত কেন আমরা জানতে পারব না। যারা আমাদের সাংসদ, অগুন্তি সাধারণ মানুষের ভোটে যারা নির্বাচিত হন তারা জানতে পারবেন না তো বিদেশের লোক জানবেন। আমাদের ভারতবর্ষের ৮৬ কোটি মানুষের ভাগ্য বিধাতা তারা জানতে পারবেন না। স্বাভাবিকভাবেই আজকে এই সঙ্কট মুহূর্তে আমাদের দেশ কোন পথে যাবে সেটা ঠিক করতে হবে। যদি দেশকে ভালবাসেন, যদি দেশের মানুষ হন তাহলে আজকে ঠিক করতে হবে যে দেশ কোন দিকে যাবে। আমার প্রিয় কবি সুকান্ত একটা আবৃত্তি বলে শেষ করব। "তা যদি না হয় মাথার উপর ভয়ঙ্কর বিপদ নামুক। ঝড়ে, বন্যায় ভাঙ্গুক ঘর, তা যদি না হয় বুঝিব তুমি তো মানুষ নও, গোপনে গোপনে দেশদ্রোহিতার পতাকা বও। পূর্ব পুরুষ অনুপস্থিত রক্তে, তাই ভারতবর্ষে আজকে তাদের নাইকো ঠাঁই"।

মিঃ স্পিকার ঃ অনুরাধা এতভালো আবৃত্তি করে জানলে আরও বেশি সময় দিতাম।

[3-50 — 4-00 P.M.]

শ্রী রঞ্জিত পাত্র ঃ মাননীয় স্পিকার মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট *এখানে পেশ*

করেছেন অমি তাকে পূর্ণ সমর্থন করছি। যখন জাতীয় স্তরে সারা ভারতবর্ষে রাজনৈতিক সঙ্কট এবং অর্থনৈতিক সঙ্কট চলছে তখন কেন্দ্রীয় সরকার রাজ্যগুলিকে ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছেন। যখন রাজ্যগুলি যে সম্পদ সংগ্রহ করে সেই সম্পদ যাতে আরও শুকিয়ে যায় তার চক্রান্ত কেন্দ্রীয় সরকার করে যাচ্ছেন। ভারতবর্ষে যেখানে সমস্যা জর্জরিত, যেখানে বেকারি দিনের পর দিন বৃদ্ধি হচ্ছে, আরও নতুন নতুন কলকারখানা গড়ে উঠছে না ঠিক সেই রকম সঙ্কট মুহূর্তে আমাদের পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন না করে উপায় নেই। বিরোধীপক্ষরা শুধুই বিরোধিতা করবার জন্য বিরোধিতা করে যাচ্ছেন। আমি আপনাদের ভেবে দেখতে বলব। যদি তা না করেন তাহলে পশ্চিমবাংলার জনগণ যারা আপনাদের নির্বাচিত করেছেন তাদের সেই গুরুদায়িত্ব না মানারই সামিল এবং বিশ্বাসঘাতকতার প্রমাণ। আমি বলতে চাই যে, এই যে সঙ্কট এই সঙ্কট একদিনের সঙ্কট নয়। শুধু এক দিনের ব্যাপার নয়, এই সঙ্কট দীর্ঘদিন ধরে চলছে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে। সেই নীতির অনিবার্যস্বরূপ আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে বিদেশি ঋণগ্রহণ করা এবং দেশের স্বার্থের পক্ষে ক্ষতি করা এই সঙ্কট আরও বেশি ঘণীভূত হয়েছে। আরও জোরদার হয়েছে। আমাদের দেশ ভারতবর্ষ কৃষি প্রধান দেশ। কৃষি ব্যবস্থার উন্নতি না করলে ভারতবর্ষের উন্নতি হবে না, ভারতবর্ষের বেশির ভাগ মানুষের উন্নতি হবে না। মানুষ যেখানে বেশির ভাগ কৃষির উপর নির্ভরশীল, সেখানে কৃষির উন্নতি না করে ভারতবর্ষের আর্থিক সমস্যার সমাধান করা যাবে না। কৃষির সঙ্গে শিল্পের যে অসম বিকাশ চলছে আমাদের ভারতবর্ষে সেই মূল সমস্যাকে উপেক্ষা করে কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করে চলেছেন তাতে সমস্যা আরও ঘণীভূত হচ্ছে। কৃষির উন্নতি না করতে পারলে, ভূমি সংস্কার সার্থকভাবে রূপায়ণ না করতে পারলে ভারতবর্ষের অগণিত মানুষের উন্নতি হবে না। প্রান্তিক চাষীদের হাতে জমি দিয়ে যদি তাদের স্বয়ংম্ভর আর্থিকভাবে না করে তোলা যায় তাহলে কারও ক্ষমতা নেই এই দেশের উন্নতি করার। বাজার সঙ্কুচিত হচ্ছে। তাই দরিদ্র মানুষের অর্থনৈতিক উন্নয়ন ছাড়া দেশের উন্নতি সম্ভব নয়। তাই সারা দেশের আর্থিক পরিস্থিতি যখন বিপর্যস্ত তখন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার সার্থক ভূমি সংস্কার করে গরিব মানুষদের হাতে জমি দিয়েছেন। সারা ভারতবর্ষে যেখানে ২৯ পারসেন্ট উৎপাদন ক্ষমতা, পশ্চিমবঙ্গে সার্থক ভূমি সংস্কারের ফলে গরিব মানুষদের জমি দেওয়ার ফলে ক্ষুদ্রসেচের দ্বারা তাদের সেচ ব্যবস্থার উন্নতি করার ফলে উৎপাদন ক্ষমতা প্রান্তিক চাষীদের ক্ষেত্রে শতকরা ৬০ ভাগ বেড়ে গিয়েছে। বর্গাদারদের এর মধ্যে ধরলে ৭০ ভাগ গিয়ে পৌঁছবে। সারা ভারতবর্ষের এই অবস্থা নেই। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এই পথ দেখিয়ে দিয়েছেন। এইভাবে অবস্থার পরিবর্তনের ফলে প্রান্তিক কৃষকদের বাজার বেড়েছে, ক্রয় ক্ষমতা বেড়েছে। এই অবস্থাকে উপেক্ষা করে ভারতবর্ষের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয়, পশ্চিমবঙ্গের উন্নয়নও সম্ভব নয়। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার নিশ্চিতভাবেই এই কাজ করে চলেছেন। আমাদের পশ্চিমবঙ্গের বিরোধী সদস্যরা যখন বাজেটের বিরোধিতা করছেন, আমি সবিনয়ে বলব, কেন্দ্রের এই সরকার বিগত লোকসভা নির্বাচনের আগে জনসাধারণের কাছে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন ১০০ দিনের মধ্যে জিনিসপত্রের দাম কমিয়ে দেবেন এটা স্মরণ করুন। জিনিসপত্রের দাম কমানো তো দূরের কথা, জিনিসপত্র কিনতে গেলে যে টাকা লাগে, সেই টাকার অবমূল্যায়ন করে টাকার দামই কমিয়ে দিলেন। তার বিরুদ্ধে আপনাদের প্রতিবাদ করতে শোনা যায় নি। বৃহৎ শিল্পপতিদের স্বার্থরক্ষা করার

জন্য কেন্দ্রীয় সরকার নীতি গ্রহণ করে চলেছেন। তার বিরুদ্ধে প্রতিবাদ করেন না। আসলে কেন্দ্রীয় সরকার আমেরিকা এবং বিশ্ব ব্যাঙ্কের কথায় ভারতবর্ষের স্বার্থকে জলাঞ্জলি দিয়ে অধিকাংশ মানুষের স্বার্থকে জলাঞ্জলি দিয়ে মুষ্টিমেয়র স্বার্থকে রক্ষা করে চলেছেন এবং আপনারা আপনাদের দলের নির্দেশে পশ্চিমবঙ্গের গরিব মানুষের স্বার্থরক্ষাকারী এই বাজেটের বিরোধিতা করছেন। এই বাজেটের বিরোধিতা করে গরিব মানুষদের সঙ্গে আপনারা বিশ্বাসঘাতকতা করছেন। সেই পথ পরিত্যাগ করা উচিত গরিব মানুষদের স্বার্থে। পশ্চিমবঙ্গের সার্থক ভূমি সংস্কারের ফলে খাদ্যশস্যের উৎপাদনে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে প্রথম। এই কথাটা আপনাদের বোঝা দরকার। এটা এমনি এমনি হয়ে যায় নি। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর যে নীতি গ্রহণ করেছেন তার ফলে পশ্চিমবাংলায় খাদ্যশস্য উৎপাদনের হার সারা ভারতের মধ্যে প্রথম স্থান অধিকার করতে পেরেছে।

ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রেও পশ্চিমবাংলা প্রথম স্থান দখল করে আছে—এটাও বামফ্রন্ট সরকারের কম কৃতিত্ব নয়। স্যার, কেন্দ্রের কংগ্রেস সরকার যেখানে রাষ্ট্রীয় কলকারখানাগুলি বেসরকারি সংস্থার হাতে তুলে দেওয়ার কথা ভাবছেন এবং সারা ভারতবর্ষে যখন চরম বেকারি দেখা দিয়েছে ও রাষ্ট্রীয় কলকারখানাগুলি বেসরকারি সংস্থার হাতে তুলে দেওয়ার মাধ্যমে আরও বেকার বাড়াচ্ছেন সেই রকম অবস্থার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সার্থক ভূমি সংস্কারের মাধ্যমে গরিব মানুষদের অবস্থার উন্নতির চেষ্টা করে যাচ্ছেন। আজকে আমরা দেখছি সেই সমস্ত অগণিত কৃষিমজুর যারা কংগ্রেসের আমলে কাজ পেত না বামফ্রন্ট সরকারের আমলে সেই সমস্ত কৃষি মজুররা এই সরকারের গৃহীত নীতির ফলে বছরের বেশিরভাগ সময়ে কাজ পাচ্ছেন এবং তা পাবার ফলে তারা উপকৃত হচ্ছেন। মজুরির প্রশ্নে আমরা জানি যেখানে সারা ভারতবর্ষে গড় হচ্ছে ৯.৬০ টাকা সেখানে এটা পশ্চিমবঙ্গে ২৫ টাকারও বেশি। এটাও পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের কম কৃতিত্ব নয়। কাজেই পশ্চিমবঙ্গের ক্ষেতমজুরদের স্বার্থ যারা দেখে না বিরোধীদলের সেই সদস্যদের স্বাভাবিক কারণেই এই বাজটেকে সমর্থন করা সম্ভব নয়। আমরা দেখছি, কেন্দ্রীয় সরকার যে আর্থিক নীতি গ্রহণ করেছেন তাতে তারা বিদেশিদের কথায় বা আমেরিকায় কথায় ভারতবর্ষের সার্বভৌমত্বকে বিকিয়ে দিয়ে মুষ্টিমেয় কয়েকজনের বা কিছু পুঁজিপতির স্বার্থ রক্ষা করে চলেছেন। আর বামফ্রন্ট সরকার সেখানে অগণিত খেটে খাওয়া মানুষদের স্বার্থ বিসর্জন না দিয়ে একটা বিকল্প পথ নিয়ে তাদের বাঁচানোর চেষ্টা করে চলেছেন এবং সে কথাই এই বাজেটের মধ্যে দিয়ে প্রকাশিত হয়েছে। আমি তাই এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 P.M.]

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্যের শুরুতেই যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে গত বছর এবং এ বছরের বাজেট বক্তব্য যেটা মাননীয় অর্থমন্ত্রী রেখেছেন সেটাকে বাজেট বক্তব্য না বলে বলা যায় কেন্দ্রীয় বাজেটের বিরুদ্ধে রাজ্যসরকারের প্রতিবাদ। সেখানে টোটাল বাজেটের ২১-২২ পাতা ধরে কেন্দ্রের সমালোচনা করা হয়েছে। স্যার, আমি শুনেছি যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী পন্ডিত মানুষ যারজন্য সি পি এম পার্টি

না করে লাল পতাকা নিয়ে বিশ্ববিদ্যালয়ে মিছিল না করেই জ্যোতিবাবুর দয়াতে উনি অর্থ মন্ত্রী হয়েছেন। আজকে অর্থমন্ত্রীর উদ্দেশ্যে তাই বলব যে বাজেট যখন তৈরি করতে হয় তখন কিছু উদ্দেশ্য মাথায় রেখে তা করতে হয়। উদ্দেশ্যগুলি কি কি? সেখানে প্রথমেই বলা উচিত ছিল—to hold the price line number one.

Number two—to reduce the gap between revenue and expenditure.

Number three—to mop up black money.

Number four—to mobilise resources for growth.

Number five—to create more job opportunities.

Number six—to provide further impetus to agricultural and rural development.

Number seven—to mitigate the suffering of the weaker sections and to help the backward clasess.

To improve the quality of social services, like education, health, drinking water, roads সেই সমস্ত যে উদ্দেশ্যগুলো আছে, এই উদ্দেশ্যকে অগ্রাধিকার দিয়ে যদি বাজেট তৈরি করতেন তাহলে আমি এই কংগ্রেস বেঞ্চে বসেও এই বাজটকে সমর্থন করতাম। কি দেখলাম, মূল্য বৃদ্ধি নিয়ে সমস্ত বাজেট বক্তৃতায় বলা হয়েছে। শুধু মাত্র একটা জায়গায় লেখা আছে, আপনারা দু মাসের জন্য ক্ষেত মজুরদের রেশন দেন। কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, তাও দেওয়া হয় না। শুধু মাত্র ভোটের সময় ভোট পাবার জন্য কিছু ক্ষেত মজুরকে পয়সা, চাল গম দেওয়া হয়। ভোট শেষ হয়ে গেলে তা দেওয়া বন্ধ হয়ে যায়। রেভিনিউ অ্যান্ড এক্সপেন্ডিচার, এই সম্পর্কে আলোচনা না করাই ভাল। কারণ যে টাকা ওরা বাজেটে দেন, গত বছরের ইকনমিক রিভিউ এবং এই বছরের ইকনমিক রিভিউ, এই দুটো ট্যালি করলে বুঝতে পারবেন যে টাকা আসছে তার ম্যাক্সিমাম ফেরত চলে যাচ্ছে। থার্ড পয়েন্ট যেটা বলছিলাম, টু মপ আপ ব্ল্যাক মানি, আমরা চাই পশ্চিমবঙ্গ সরকার কালো টাকা উদ্ধার করুন। নিশ্চয়ই তা আমরা চাই। কিন্তু কি দেখছি আমরা কালো টাকা উদ্ধার করতে গেলে প্রথমে কি করা দরকার, প্রথমে দরকার মুখ্যমন্ত্রীর সুযোগ্য পুত্র এর যে কালো টাকা আছে সেই টাকা উদ্ধার করা। আজকের কাগজে আছে, হরিয়ানায় ছয় একর জমি নিয়ে তিনি খামার বাড়ি তৈরি করছেন। গতকাল কাগজে ছিল বামফ্রন্ট সরকারের এক শরিক দল কমিউনিস্ট পার্টি অব ইন্ডিয়া, এরা নাকি কে জি বি থেকে টাকা পেয়েছে। আজকের খবরে আছে শুধু সি পি আই নয়, অন্যান্য বামপন্থী দলও কে জি বি থেকে টাকা পান। আমরা দেখতে পাচ্ছি কলকাতার বুকে আলিমুদ্দিন স্ট্রিটে বিরাট অফিস হয়েছে, দিল্লিতে এ কে গোপালন ভবন হয়েছে। আমরা বিভিন্ন দিক থেকে দেখতে পাচ্ছি সরকারি দলের লোকেরা পশ্চিমবঙ্গ সরকারকে না জানিয়ে যে বিশাল কালো টাকার সম্পত্তি বানিয়েছেন, পশ্চিমবঙ্গ সরকার সেইগুলো যদি উদ্ধার করতে পারতেন তাহলে আমরা এই বাজেটকে সমর্থন করতে পারতাম। এখানে স্ট্যাম্প ডিউটি সম্পর্কে বলা হয়েছে, যে স্ট্যাম্প ডিউটি

বাড়ছে ১০ থেকে বাড়িয়ে ১৮.৭ পারসেন্ট করা হচ্ছে। এর দ্বারা আপনারা কালো টাকা উদ্ধার করার চেষ্টা করছেন। জমি বিক্রির ক্ষেত্রে যে কালো টাকার লেনদেন হয় সেটা বন্ধ করার চেষ্টা করছেন। কিন্তু আমি বলব, কলকাতার বুকে সল্ট লেকে কোটি কোটি টাকার বিনিময়ে জমির লেনদেন হচ্ছে। এই বামফ্রন্ট সরকার তা করছে। আর কি দেখছি এটা খুব বাস্তব কথা, কোনও গরিব মানুষ যখন গ্রামে গঞ্জে জমি কিনতে যান, যদি কোনও জমির দাম ২০-২৫ হাজার টাকা হয় তাহলে সেটা কমিয়ে দেখানো হয়, ফলে একটা কালো টাকার লেনদেন হয়। এবং স্ট্যাম্প ডিউটি কম দেন। তার জন্য স্ট্যাম্প ডিউটির পরিমাণ ১০ থেকে ১৮.৭ পারসেন্ট করা হয়েছে। এটা দেশের পক্ষে সর্বনাশ হবে। কারণ এই জন্য রেজিস্ট্রি অফিসের কর্মচারিদের সি পি এম কমরেডরা গিয়ে বলে দেবেন যে ডিউটি কত দিতে হবে এবং জমির দাম তারা নির্ধারণ করে দেবে, এতে সাধারণ মানুষের দুর্বিসহ অবস্থা হবে। প্রমোটারদের রাজত্বে পরিণত হবে। কিছুক্ষণ আগে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির কমরেড অনুরাধা পুততুন্ডা বললেন আজকে দেশের সার্বভৌমত্ব বিকিয়ে দেবার চেষ্টা চলছে। সেই প্রসঙ্গে বলি, যেকথা ইন্দিরা গান্ধী ১৯৮৪ সালের ৩১ অক্টোবর বলেছিল "I do not care whether I live or die. I shall continue to serve my country till my last breath and when I die every drop of my blood will strengthen India and keep a united India alive".

ওরা বলছেন, আই এম এফ থেকে ঋণ নিয়ে ভারত সরকার দেশের সার্বভৌমত্ব বিকিয়ে দিচ্ছেন। স্যার, আমি একটু আগেই বলেছি যে কে জি বি এবং সি আই এ-র কাছ থেকে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি, সি পি আই এবং আর এস পি কালো টাকা পাচ্ছে। যার ফলে আজকে দেশে কালো টাকার পরিমাণ বাড়ছে। আমরা জানি দিশের সার্বভৌমত্বের জন্য শ্রীমতী ইন্দিরা গান্ধী তার জীবন দিয়ে গেছেন। দেশের ঐক্যের জন্য রাজীব গান্ধী জীবন দিয়ে গেছেন। দেশের ঐক্যের জন্য মহাত্মা গান্ধী প্রাণ দিয়ে গেছেন। আজকে ওরা চিন্তিত হচ্ছে দেশ ঐক্যবদ্ধ থাকবে, কি থাকবে না এই প্রশ্নে! অসীমবাবুর মুখে এই ধরনের বক্তব্য শোভা পায় না। অসীমবাবু গতবার বাজেটে উন্নয়নের জন্য যে টাকা বরাদ্দ করেছিলেন তা কোনও ক্ষেত্রেই খরচ করতে পারেন নি। এবারে তিনি বিদ্যুতের জন্য ৩০.২%; কৃষি ও গ্রাম উন্নয়নের জন্য ১৪.৮%; সেচ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য ১০.৫% পানীয় জল ও গৃহ নির্মাণের জন্য এবং নগর উন্নয়নের জন্য ৯.৪%; শিক্ষা, কলা ও সংস্কৃতির জন্য ৬.৯%; পরিবহন, সড়ক ও সেতুর জন্য ৬.১%; সেবামূলক কাজের জন্য ৬.৩% টাকা বরাদ্দ করেছেন। আমি অসীমবাবুকে জিজ্ঞাসা করছি, গত এক বছরে বিদ্যুৎ ক্ষেত্রে বামফ্রন্ট সরকার কতটা উন্নতি করতে পেরেছে? আজকের পেপারেই আমরা দেখছি রাজ্য বিদ্যুৎ পর্ষদের কি কি কাজ ইমপ্লিমেন্ট করা হবে তা নিয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর সঙ্গে রাজ্য বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যানের গন্ডগোল বেধেছে। আমরা গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে পশ্চিমবাংলায় কি অবস্থা দেখছি? আমরা দেখছি মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশে, কর্ণাটক, গুজরাট, হিমাচল প্রদেশ, পাঞ্জাব, হরিয়ারা, কেরালা, গোয়া প্রভৃতি প্রতিটি রাজ্যে ১০০% কাজ হয়েছে গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে। আর পশ্চিমবঙ্গে হয়েছে ৭৩% মাত্র। অথচ জম্মু কাশ্মীরের মতো রাজ্যেও ৮৭% গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ হয়েছে। স্যার, আমরা পাম্প সেট এনার্জাইসেশনের ব্যাপারে কি দেখছি? পশ্চিমবঙ্গে কাজ হয়েছে ০.৫৮%। অথচ মহারাষ্টের ১৪.২২% ; তামিলনাড়ুতে ১৪.৩৬%

মধ্যপ্রদেশে ৯.৯৬% কর্ণাটকে, ৮.৯০% ; ইউ পি তে ৭.৭৬% ; পাঞ্জাবে ৬.৮২%। এরপর আন-এমপ্লয়মেন্টের প্রসঙ্গে আসি। ১৯৭২ সালে পশ্চিমবাংলায় সিদ্ধার্থবাবুর আমলে বেকারের সংখ্যা ছিল ১৩ লক্ষ ৭৮ হাজার এবং ১৯৭৬ সালে সেটা কমে ১২ লক্ষ ১০ হাজার হয়েছিল। গত বছর যখন অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতা দিয়েছিলেন তখন এই সংখ্যাটা ছিল ৪৮ লক্ষ ২০ হাজার। আর এবারে সেটা অ্যাবাউট ৫০ লক্ষ হয়েছে। এই হচ্ছে আপনাদের বামফ্রন্ট সরকারের কর্মসংস্থানের নমুনা। এত দিন ধরে আপনারা ক্ষমতায় থেকে পশ্চিমবঙ্গে বর্তমানে বেকার যুবক-যুবতীর সংখ্যা দাঁড় করিয়েছেন ৫০ লক্ষর উপরে। সিদ্ধার্থবাবুর রাজত্বকালে যে সংখ্যাটা ১২% কমেছিল, সেটাকে আপনারা ৭৭ সাল থেকে ৯০ সালের মধ্যে বাড়ালেন ২৯৮%। আর এমপ্লয়মেন্ট ইন অর্গানাইজড সেক্টর ৭২ সালের ছিল ২৩ লক্ষ ৫৪ হাজার, ৭৬ সালের ছিল ২৪ লক্ষ ৭৫ হাজার, সেটাকে আপনারা দীর্ঘ দিন পরেও সেই একই জায়গায় রেখে দিয়েছেন। এখন হচ্ছে ২৪ লক্ষ ৫৮ হাজার।

[4-10 — 4-20 P.M.]

প্রাইভেট সেক্টর ১৯৭৬ এ ছিল ১০ লক্ষ ৯৫ হাজার, ১৯৯০ সালের হল ৮ লক্ষ ৮৮ হাজার। এটা আমার কথা নয়, এটা হচ্ছে সোর্স অফ ইকনমিক রিভিউ। আজ উচ্চ শিক্ষার কথা বলছেন। ১৯৮৫ টু ১৯৯০ দুর্ভাগ্যের কথা যে পশ্চিমবঙ্গে মোটে ৩৩টি নতুন কলেজ হল। সংখ্যা ২.৯০ পারসেন্ট, অন্ধ্রে ৭৩, বিহারে ১০১, কর্ণাটকে ১৩৯, মধ্যপ্রদেশে ৭৩, ইউ পি ৪০২, আর পশ্চিমবঙ্গে ৬ বছরে কত হল? যাই হোক, আপনারা যেটা বলছেন লিটারেসির—সাক্ষরতার কথা, ভুল তথ্য ইকনমিক রিভিউতে আপনারা বলেছেন আপনাদের তথ্যে সারা ভারতবর্ষে সাক্ষরতার সংখ্যা ৭২.১১, পশ্চিমবঙ্গের সংখ্যা বেড়ে ৫৭.৭২ স্টেট ওয়াইজ ২৬-২৭টি স্টেট আছে, কি দেখলাম কেরালা ৯০.৫৯, মিজোরাম ৮১.২৩, লাক্ষাদ্বীপ ৭৯.২৩, চন্ডীগড় ৭৮.৭৩, গোয়া ৭৬.৯৬, দিল্লি ৭৬.০৯, পন্ডিচেরি ৭৪.৯১, আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ ৭৩.৭৪, দমন দিউ ৭৩.৫৮, তামিলনাড়ু ৬৩.৭২, হিমাচল প্রদেশ ৬৩.৫৪, মহারাষ্ট্র ৬৩.০৫, নাগাল্যান্ড ৬১.৩০, মণিপুর ৬০.৯১, গুজরাট ৬০.৯৬, পশ্চিমবঙ্গ ৫৭.৭২। যাই হোক, আজকে সাক্ষরতার প্রকল্পে রাজ্য সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে, বহু টাকা ফেরত যাচ্ছে জওহর রোজগার যোজনা প্রকল্পে ২৮৫.৬ লক্ষ টাকার মধ্যে খরচ হয়েছে মাত্র ১৯.৯ লক্ষ, ইন্দিরা আবাসন প্রকল্পের ১৩ লক্ষ ৩৯ হাজার টাকার মধ্যে খরচ হয়েছে ৯ লক্ষ ৩৯ হাজার টাকা। আপনারাই বলেছেন এই ১৯৯২ সালের অ্যাসেম্বলি কোয়েশ্চেনের রিপ্লাইয়ে। যাই হোক এই বাজেটে গ্রাম বাংলার কিছু ভিডিও হল ব্যাঙের ছাতার মতো গজিয়ে উঠেছে। এই সমস্ত ভি ডি ও হল গ্রামে গঞ্জে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সমর্থনে খুব বেড়ে যাচ্ছে, সেখানে tender girl, Her Nights, crazy lady, boy, Midnight Affairs, Revenge of Rape. এইসব বই দেখানো হচ্ছে। ইন্ডিয়ান পেনাল কোড ২৯৩,২৯৪, ২৯৭ এ পুলিশকে হাতে রেখে এইসব হচ্ছে, পশ্চিমবঙ্গের শিল্পের উন্নতি হচ্ছে না। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবেন্দ্রনাথ বর্মন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯২-৯৩ সালের আর্থিক বছরে যে বাজেট বিবৃতি পেশ করেছেন আমি পরিপূর্ণভাবে তাকে সমর্থন করছি। এই

বাজটে নিয়ে আলোচনা হচ্ছে, মাননীয় বিরোধীপক্ষের কিছু সদস্য গতকাল এবং আজকে যে আলোচনা করলেন, বিশেষ করে আমার পূর্ববর্তী বক্তা যেকথা আলোচনা করলেন এর মধ্যে গঠনমূলক আলোচনা কিছু নেই, সমস্তই ভিত্তিহীন কথা উনি বললেন। গতকাল ওনারা যে আলোচনা করেছেন সেই সম্পর্কে আমি কয়েকটি প্রশ্ন প্রথমে রাখতে চাই এবং তার জবাবও দিতে চাই। বিরোধীদল বিশেষ করে কংগ্রেস (আই) দলের একজন মাননীয় সদস্য বলেছেন যে বামফ্রন্ট সরকার নাকি ভরতুকি দেওয়ার সরকার। আমরা জানি যে কেন্দ্র যে সরকার আছেন, কংগ্রেস (আই) দলের সরকার তারাও ভরতুকি দেন এবং বামফ্রন্ট সরকারও ভরতুকি দেন, তবে দৃষ্টিভঙ্গি আলাদা। তারা ভরতুকি দেন বড় বড় পুঁজিপতিদের, আর বামফ্রন্ট সরকার গরিব মেহনতি কৃষকদের ভরতুকি দেন। এটাই হচ্ছে তফাত। এখানে শ্রেণী স্বার্থ বিরোধী কেউ নেই, আমরা যারা বামপন্থী রয়েছি তাদের মধ্যে। গরিব মেহনতি মানুষের স্বার্থে বিশেষ দৃষ্টিভঙ্গি নিয়ে এখানে পরিকল্পনা রচিত হচ্ছে। কিন্তু বিরোধী দল কংগ্রেস, ওরা একচেটিয়া পুঁজিপতি, মিল মালিকদের স্বার্থে পরিচালিত হন। ঐসব শ্রেণীর প্রতিভূ ওরা। কাজেই তাদের স্বার্থে ওরা দেখবেনই। সেজন্য বামফ্রন্টের দৃষ্টিভঙ্গিকে তারা কোনওদিন সমর্থন করতে পারেন নি। সেই আশাও করতে পারি না। এখানে এক মাননীয় সদস্য বলেছেন, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার নাকি দেউলিয়া সরকার। আমি প্রশ্ন করতে চাই, আজকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারকে দেউলিয়া সরকার বলছেন, কিন্তু ওরা তো মাঝে দুই চার বছর বাদে একাধিক্রমে কেন্দ্রে ক্ষমতায় ছিলেন ; সেখানে তাহলে কেন্দ্রের বিদেশের কাছে এত ঋণ কেন? আমরা দেখছি এই ঋণ ১৯৮১ সালে যেখানে ছিল ১৮,৫০০ কোটি টাকা, ১৯৯১ সালে হয়েছে ১ লক্ষ ৮৪ হাজার ৬২০ কোটি টাকা প্রায় ২ লক্ষ কোটি টাকা, বর্তমানে সেটা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ২ লক্ষ ৭৯ হাজার ৫১৮ কোটি টাকা। ফলে মোট ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৪ লক্ষ ৬৪ হাজার ১১৮ কোটি টাকা। গত বছর বাজেটে ঋণের সুদ গুণতে হয়েছে ২৭ হাজার ৪৫০ কোটি টাকা। বলা হয়েছে, এই বছরের বাজেটের ৩৭ ভাগ টাকা নাকি চলে যাবে সুদ গুণতে। ১৯৯০-৯১ সালের আর্থিক সমীক্ষায় দেখতে পাচ্ছি, কেন্দ্রীয় সরকারের মোট সম্পদের পরিমাণ ছিল ২ লক্ষ ৩৬ হাজার ৬১৯ কোটি টাকা, যার ঋণ দিতে যাচ্ছে তার দুই গুণ ৪ লক্ষ ৬৪ হাজার ১১৮ কোটি টাকা। এক্ষেত্রে আমার একটি প্রশ্ন, এতে যে ঋণ নেওয়া হল, কিন্তু সেটা গেল কোথায়? কী কাজে লাগানো হয়েছিল ঐ ঋণের টাকা? তাহলে দেউলিয়া কারা? দুঃখের বিষয় হল, এরফলে আজকে মৃত্যু পথযাত্রী থেকে শুরু করে একটি নবজাতক শিশুর উপর ৫,৪৬০ কোটি টাকার ঋণের বোঝা। ফলে আজকে ভারতবর্ষ ঋণের জালে জর্জরিত। আর ওরা বলছেন, বামফ্রন্ট সরকার নাকি দেউলিয়া সরকাব! গ্রামে একটি প্রবাদ বাক্য রয়েছে, মনে কিছু করবেন না, ফকিরে বলে বৈষ্ণবীরে, সে ভিক্ষা করে খায়। নিজেরা ভিক্ষা করে গোটা দেশের সর্বনাশ করছেন, আর বামফ্রন্ট সরকারকে বলছেন দেউলিয়া।

[4-20 — 4-30 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিন সপ্তাহ আগে কেন্দ্রের যে বাজেট হয়ে গেল, আমাদের বিরোধীপক্ষ যে বাজেটকে সমর্থন করেছেন, সেই কেন্দ্রীয় বাজেটে বলা হয়েছিল যে, মুদ্রাস্ফীতি নাকি কমবে। কিন্তু তারপর আমরা কি দেখতে পাচ্ছি? তারপর প্রতি সপ্তাহে ১.৯ শতাংশ

হারে মুদ্রাস্ফীতি ঘটেছে, অর্থাৎ তিন সপ্তাহে ৩.৩ শতাংশ মুদ্রাস্ফীতি ঘটেছে। এইভাবে যদি মুদ্রস্ফীতি ঘটে, এক হার থাকে অবশ্যই না তাহলে ৫.২ শতাংশ মুদ্রাস্ফীতি ঘটবে। বাজেট নিয়ে এখানে আলোচনা নিশ্চয়ই হবে। আমার পূর্ববর্তী বক্তা বলছিলেন, তা নিয়ে আলোচনা হবে না কেন? কেন্দ্রীয় বাজেটে যখন আয় বাড়ানো হয় তখন জনসাধারণের উপর করের বোঝা চাপানো হয়। তাতে শতকরা ৮৮ ভাগ পরোক্ষ করের বোঝা মেহনতি সাধারণ মানুষের উপর চাপে। আর বাজেটে ব্যয় বরাদ্দ যদি তারা কমাতে চান তাহলে কি অবস্থা হয়? আমরা দেখছি যে উন্নয়নমূলক খাতে যে বরাদ্দ সেই বরাদ্দ ছাঁটাই করা হচ্ছে। রাজ্যগুলির ন্যায্য যে পাওনা সেগুলিকে ছাঁটাই করা হচ্ছে। এই যে বিভিন্ন খাতে ভরতুকি দেওয়া হয় সেই ভরতুকি যদি তাঁর হ্রাস করেন তাহলে গোটা দেশে তার প্রভাব পড়তে বাধ্য। আজকে আন্তর্জাতিক অর্থভান্ডারের নির্দেশে যে কাজ করা হল তাতে মুদ্রাহ্রাস করা হল পরপর তিনবার। এই রেশন ইত্যাদিতে দাম বৃদ্ধি করা হয় অর্ডিন্যান্স জারি করে, এগুলি কাদের স্বার্থে করা হয়? সারের উপরে এই করের ৪০ শতাংশ ভরতুকি প্রত্যাহার করা হয়েছে, এগুলি কাদের স্বার্থে করা হয়েছে? পশ্চিমবঙ্গের যে রেশনের গণ-বণ্টন ব্যবস্থা বজায় রাখা হয়েছে এবং গ্রামাঞ্চলে যে রেশন ব্যবস্থা আছে, সেই রেশন ব্যবস্থার যেটুকু উদ্যোগ গ্রহণ করেছেন কেন্দ্রীয় সরকার তাকেও এফ সি আই ঠিকমতো পালন করছেন না। সারা ভারতবর্ষের যে জাতীয় বণ্টন ব্যবস্থা পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম সেটা কেন বজায় রাখছেন না? এখানে কথা উঠেছে যে বিভিন্ন জায়গায় চাল, গম পাওয়া যাচ্ছেনা এর জন্য কে দায়ী? কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের জন্য ৩০ হাজার মেট্রিক টন খাদ্য সামগ্রী সরবরাহ করবেন এবং এফ সি আই সেইভাবে সেটা যোগান দেবেন। কিন্তু পশ্চিমবঙ্গের নির্ধারিত কোটা অনুযায়ী তারা এখানে মাল যোগান দেন না। আবার যা যোগান দেন সেটাও অত্যন্ত নিম্নমানের। এফ সি আই সেই গম রেশনের মাধ্যমে না দিয়ে বাইরে খোলা বাজারে বিক্রি করছে। এই হচ্ছে ভারত সরকারের গণ-বণ্টন ব্যবস্থা এবং তাদের নীতি। আমরা দেখছি যে রেশনের মাধ্যমে ভারত সরকারের গণ-বণ্টন ব্যবস্থা এবং তাদের নীতি। আমরা দেখছি যে রেশনের মাধ্যমে গম বিক্রি করলে ২ টাঃ ৮০ পয়সা দরে দিতে হয়, আর সেটা খোলাবাজারে বিক্রি করা হচ্ছে ৪.৪০ টাকা করে। দিল্লির দেওয়া চাল, গম এফ সি আই খোলা বাজারে বিক্রি করে দিচ্ছে। দেশের গরিব মানুষ গমের জন্য হাহাকার করছে কেন্দ্রীয় সরকারের তাতে কিছু আসে যায় না। কেন্দ্রীয় সরকার আয় বাড়াবার নামে সাধারণ মানুষের উপরে করের বোঝা চাপাবেন এবং তার প্রতিফলন হিসাবে জিনিসপত্রের দাম বাড়বে, টাকার মূল্য হ্রাস হবে এবং সমস্ত জিনিসের উপর তার প্রভাব পড়বে, এই হচ্ছে তাদের দৃষ্টিভঙ্গি। এখানে একজন মাননীয় সদস্য বললেন, রাজ্য বাজেট পেশ করা হয়েছে, কই জনগণের মধ্যে তো সেই রকম আলোড়ন হচ্ছে না। আমি তাকে বলব যে গরিব মানুষের জন্য এই বাজেট তৈরি করা হয়েছে এবং সেটা তার সমর্থন করেছেন। আর কেন্দ্রীয় সরকার যে বিদায় নীতি গ্রহণ করেছেন তাতে দেশের সার্বভৌমত্ব নষ্ট হচ্ছে, আরও বেকারির দিকে দেশ চলে যাচ্ছে। আজকে এর বিরুদ্ধে দেশের স্বাধীনতাকামী মানুষ সংগ্রাম করবেই। একজন কংগ্রেস সদস্য বললেন যে, কংগ্রেস যতদিন থাকবে দেশের ততদিন গণতন্ত্র থাকবে। কিন্তু আমরা কি দেখছি? আমরা দেখছি যে কংগ্রেস দলের কোনও গণতন্ত্র নেই। আজকে ত্রিপুরায় তারা কি করেছেন? সেখানে কাজের উপরে ভর করে আছেন? আজকে আপনার দেশকে সর্বনাশের

दिके नियें याच्छेन। आमि परिशेषे आमादेर माननीय अर्थमन्त्री यें बाजेट पेश करेछेन, ताके समर्थन करे आमार वक्तव्य शेष करछि।

श्री ममताज हसन : जनाव स्पीकर साहव, अर्ध मंत्री जनाव असीम दास गुप्ता महाशय जो बजट 16 तारिख को पेश किए है, इसपर जो डिसकस हो रहा है ओर साथ-ही-साथ हमारे विरोधी सदस्य जो विरोध कर रहे है। मे इस बजट का अपनी ओर से ओर अपनी पार्टी की ओर से पुर्ण समर्थन करता हुं। कहीं ऐसा न हो कि हमारे विरोधी सदस्य को लगे कि मे भी इस बजट का विरोध कर रहा हुं। कयोकि मेरा सीट उनलोगों के सीट के पीछे है।

इस बचट मे आमलोगों को काफी हेल्प किया गया है। यह आम जनता का बजट है। हमारे विरोधी सदस्य वार-बार चिल्ला रहे है, कह रहें हें कि यह नहीं हो रहा हे वह नही हो रहा है। यह बजट उनके मन मुताबिक नही हैं। इसलिए वो इसका विरोध कर रहे है। वह चाहते हे जिस तरह का सेन्ट्रल का वजट मनमोहन सिंह ने पेश किया, उस तरह का चाह रहें है। जो कि अमीरो का बजट हें, पुजीपतियों का बजट है। न कि गरीव किसानों का, मजदुरों का, वेकार युवकों का, पिड़ित लोगों का। मे पुछता हुंकि मनमोहन सिंह के बजट में, या आज तक के कांग्रेसी सरकार ने क्य किया, गरीबों के लिए, वेकार नोजवानों के लिए, पढ़े-लिखे युवको के लिए, किसानों के लिए क्या किया। हिन्दुस्थान की उन्नति के लिए क्या किया इस लिए हमारे इन सदस्यों को तो लगेगा ही। विरोधी सदस्यो की दोहरी नीति को देखकर एक शेर याद जाता है :-

"महसुस होता है ये दोरै तवाही है
शीशे की अदालत है पथ्यर की गवाही है
सुरज के खुदाओं की ये कोर निगाही है
महलो मे उजाला है कुटियों मे स्थाही है
कातिल ही मुहाफिस है ओर कातिल ही सिपाही है

इसके साथ ही मे सारी परिस्थितियो के वावजुद जो वेस्ट वंगाल काा फ्रन्ट सरकार जो बजट पेश की है, मे अपनी तरफ से ओर अपनी पार्टी जनता दल की पूर्ण समर्थन करता हुं।

सेन्ट्रल की नीति का स्टट के बजट पर प्रभाव पड़ेगा ही। क्योकि सेन्ट्रल का बजट को देखते हुए ही राज्य का वजट तैयार किया जाता है। इस बजट पर मे

এক–দো বাত কহনা চাহতা হুং। পব্লিকেশন ডিপার্টমেন্ট জো পুস্তক প্রকাশিত করতী হৈ, অসম্বলী মেম্বর কে লিএ বহ বুক কাফী কোস্টলী হোতা হৈ। ইসকী ক্বাইলিটী কো বদলনা চাহিএ। ইসকী কবাইন্টীটী মেং কমী হোনা চাহিএ। মে দেখনা হুং হাউস মে দের সারে বন্ডল পেক কিয়া হুআ হে, রখা হুআ হে। সদস্য স্টডী করনে কে লিএ লে নহী জাতে হৈ। ইসকী ক্বাইলিটী মে ভী পরিবর্তন হোনা চাহিএ এবং ক্বাইন্টীটী মে ভী কমী কর জো পেসা কা বচত হো উসকো ইম্পলএমেন্ট কে কাম মেং খর্ব কিয়া আপ তো অচ্ছা হো। বেকার নোজবানো কে লিএ কাম কর সকতে হৈ, হমারে ভিলেজ মে জো স্কুল কী সমস্যা হৈ, মেডিসীন কী সমস্যা হৈ, হোস্পীটল মে জো ডাক্টর সোর্টেজ হৈ, উসমেং কিয়া জাা সক্তা হৈ। ইনসে অনেক ইম্পলএমেন্ট কা কাম কিয়া জা সক্তা হৈ। স্পীকর সাহব, অর্থ মংত্রী কো যহী মেরা সজেশন হে কি ক্বাইলিটী ওর কবাইনটিটী দোনো মে কমী কিয়া জাএ। ইসী শব্দোং কে সাথ মে ইস বজট কা সমর্থন করতা হুং।

অন্ত মেং বিরোধী সদস্যো সে কহনা চাহতা হুং কি বো ভী ইস বজট কা সমর্থন করে, ক্যোকি যহ বজট গরীবোং কা, কিসানো কো খুশহালী প্রদান করনে বালা বজট হৈ। যহ নোজবান বেকার যুবকো কে হিত মেং হৈ। ইসকা মে সমর্থন করতা হুং অপনী অপনী পার্টী কী তরফ সে। ধন্যবাদ।

[4-30 — 4-40 P.M.]

শ্রী সুকুমার দাস ঃ মাননীয় স্পিকার মহোদয়, রাজ্যের অর্থমন্ত্রী অর্থবিষয়ক যে বাজেট পেশ করেছেন তাতে যে মামুলি বক্তব্য রেখেছেন গত বারের বাজেট পেশ করার প্রারম্ভে যে বক্তব্য রেখেছেন সেটা এবারে কিছু তারতম্য রেখে হুবোহু সেই বক্তব্য রেখেছেন। মাননীয় সদস্যগণকে জানাই গোটা অর্থনীতি একটা রাজ্যের ব্যাপার নয়, কেন্দ্রের ব্যাপার নয়। মাননীয় সদস্যবৃন্দ যারা আছেন, যারা চোখ খুলে থাকতে চান, যারা চোখ বন্ধ করে থাকতে চান না তাদের কাছে আমার আবেদন থাকবে, যারা আঁস্তাকুড়ে যেতে চান তাদের প্রতি আমার আবেদন থাকবে না, আমাদের রাজ্যের যেমন কেন্দ্রের অর্থনীতির সঙ্গে সম্পর্ক থাকবে তেমনি কেন্দ্রের বিশ্ব রাজনীতি এবং অর্থনীতির সঙ্গে সম্পর্ক থাকবে। এই প্রসঙ্গে আমি বলব যে আজকে বিশ্ব রাজনীতির পরিবর্তন দ্রুতলয়ে চলছে, সেই সঙ্গে সঙ্গে অর্থনীতিও। ভারতবর্ষে ১৯৫৬ সালে কেন্দ্রীয় সরকারের যে শিল্পনীতি ছিল দি ইন্ডিয়ান ইকনোমি ইজ রিফেকটেড ইন দি নেম অব ইস্ট ইকনোমি বোথ অ্যাজ এ সিস্টেম অ্যান্ড অ্যাজ এ পলিসি আজকে ৫৬ সাল নয়, ৯২ সাল, এখনও সেই পলিসি থেকে কিন্তু কেন্দ্রীয় সরকার দুরে সরে আসেনি। আজকে যারা ভীষণভাবে অন্ধত্ব এবং জড়তার মধ্যে থেকে স্তাবকতাগিরি করছেন, কৃতদাসত্বের পরিচয় দিয়ে কথা বলছেন, আমি সেই সদস্যদের বলব যে, আজকে বিশ্ব অর্থনীতি কোথায়? আজকে সেই প্রেক্ষাপটে কি বিচার হবে না? তাহলে বিশ্ব প্রেক্ষাপটে যে রাষ্ট্রীয় মালিকানা এবং অর্থনীতি আমরা চাইছি তা আমাদের আছে। রাষ্ট্রীয় মালিকানাকে আমার জোরদার করতে যাচ্ছি এবং চাইছি। তবে মিক্সড ইকনোমির পরিপ্রেক্ষিতে বিশ্ব

অর্থনীতির কিছু কিছু বক্তব্য আমাদের ধাক্কা দিচ্ছে। এই ক্ষেত্রে আমরা যেমন ধাক্কা খাচ্ছি, আমি মনে করি, আজকে একটা খবর আপনারা নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে, সদ্য আলবেনিয়া ধ্বংস হয়ে নতুন দিগন্তে পা দিল। যদিও আমি মনে করি, আপনারা-অনেকেই এটা মনে করেন যে কমিউনিস্ট ওয়ার্ল্ড-এর ভ্যানগার্ড বলে পরিচয় লাভ করে চিন। এখনও চিন ইজ দি ভ্যানগার্ড অব দি কমিউনিস্ট ওয়ার্ল্ড বলে যারা বিশ্বাস করেন আমি ব্যক্তিগত ভাবে এখন বিশ্বাস করি না যে পৃথিবীতে কোথাও কমিউনিস্ট ফিলোজফি বলে কোনও দেশ আছে। আজকে যারা চিৎকার করছেন, আমি তাদের কাছে অনুরোধ করব যে সেই খোয়াবের মধ্যে না থেকে চোখ খুলে খোলা মন নিয়ে ঊনবিংশ শতাব্দীর অন্ধকারে না থেকে ঊনবিংশ শতাব্দীর প্রারম্ভে যে ধাক্কা দিচ্ছে তার সাথে সুর মেলান। তার সাথে বক্তব্য রাখুন এবং দেশ ও রাজ্যকে বাঁচান। স্তাবকত্বগিরি করে রাজত্ব চালিয়ে গেছে, সারা জীবন এই সাম্রাজ্যবাদের দাসত্বগিরি করেছেন বলে সেইভাবে কথা বলে এসেছেন জাতীয় কংগ্রেসকে। আজকে এটা প্রমাণিত হয়েছে, বারে বারে প্রমাণিত হয়েছে যে আজকের পঞ্চদেশ সম্মেলন কাদের বিরুদ্ধে হচ্ছে? আমেরিকা, রাশিয়া, ফ্রান্স, পাকিস্তান এবং ইংল্যান্ড আজকে কাদের বিরুদ্ধে চুক্তিবদ্ধ। এরা আজকে চুক্তিবদ্ধ হওয়ার জন্য ভারতবর্ষ তোলপাড় হচ্ছে। ভারতবর্ষ কারও কাছে মাথা নোয়ায়নি। আজকে সেই কথা পরিষ্কার ভাবে বলতে হবে। আপনাদের কাছ এই বক্তব্য, তথাকথিত যারা কথা বলেন, আপনাদের আজকে এটা পরিষ্কার ভাবে বলতে হবে। সেজন্য আমি বলতে চাইছি যে আজকে সীমিত ক্ষমতাকে আমি মনে করি ভারতবর্ষ যে দেশ, এটা নিরক্ষরতার দেশ, দরিদ্র দেশ, এই দেশের উৎপন্ন ফসলকে বাজারে কতটা গ্রহণযোগ্যতা অর্জনে সফল হয়েছে দূরে ঠেলে দিয়ে কতটা গ্রহণযোগ্যতা অর্জন করেছে সেটা তো আপনাদের দেখতে হবে। কারণ আজকে যদি রপ্তানি না বাড়ে তাহলে একটা দেশ কখনও বাঁচতে পারে না। এটা আপনারাও জানেন, আমারও জানি। সেই প্রেক্ষাপটে আজকে চিনের দিকে লক্ষ্য রাখুন। সেখানকার তেনজিয়াং পিংয়ের সঙ্গে লিন্ পিং, প্রধানমন্ত্রী যা বলেছেন পিপল্ কংগ্রেসে দাঁড়িয়ে বলেছেন যে, আমাদের উদার অর্থনীতি উদার হাওয়ার অর্থনীতির মধ্যে দেশকে নিয়ে যেতে হবে, তা নাহলে আমাদের দেশের অর্থনীতি বাঁচবে না। তার অর্থ হচ্ছে, আমাদের দেশে যে র-মেটেরিয়ালস আছে তার সঙ্গে আমাদের ফরেন প্রযুক্তি বলতে পারেন, ফরেন সায়েন্স বলতে পারেন, ফরেন টেকনোলজি ইন কোলাবেরেশন উইথ আওয়ার মেটেরিয়াল যদি না নিই তাহলে কোনওদিন বড় হতে পারবে না। এটা না করলে কোনও দেশ কখনও বড় হতে পারে না। সেই দেশের উৎপন্ন ফসল নিশ্চয়ই কখনও বাজারে বিক্রি হবে না। আজকে ভারতবর্ষের অবস্থা এই রকম। এই অবস্থায় আমি মনে করি যে উৎপন্ন ফসল বা উৎপাদিত দ্রব্যে আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতবর্ষের গ্রহণযোগ্যতা কম। এটা সত্য কথা, এটাকে স্বীকার করতে হবে। রপ্তানির ক্ষেত্রে যদি কম্পিটিশনে নামতে হয়, আমাদের তাহলে ফরেন ইকনোমিকে নিয়ে আসতে হবে। সেটা আসবে কি করে? সেটা টেকনোলজির মাধ্যমে আসবে, সায়েন্সের মাধ্যমে আসবে। এটা আমবা বারবরই করছি যা অমরা ডিক্লিয়ার্ড পলিসি হিসাবে ঘোষণা করেছি। আমরা বলেছি ইট ইজ আওয়ার মিকসড ইকনোমি। আমরা কিছু ক্ষেত্রে রাষ্ট্রীয় মালিকানায় করব, কিছু ক্ষেত্রে প্রাইভেট মালিকানায় থাকবে। আজকে রাষ্ট্রীয় মালিকানার ক্ষেত্রে হিসাব হচ্ছে। এটা নেহেরুর আমলে ছিল। রাষ্ট্রীয় মালিকানার সুফল কেউ পেয়েছে দেশের লোক পেয়েছে। তবে রাষ্ট্রীয় মালিকানার সুফল ৭৫ পারসেন্ট মানুষ পাচ্ছে না।

তাহলে সেই সুফল পাওয়ার জন্য আজকে গ্রামের সমস্ত প্রকল্পকে নতুন জায়গায় নিয়ে যেতে হয়েছে। তারজন্য ডেভেপলমেন্ট হয়েছে। তারই জন্য আমাদের পঞ্চায়েত হয়েছে। এইক্ষেত্রে কৃষির উৎপাদনকে বাড়াতে হবে এবং ইন্ডাস্ট্রিগুলিকে কোলাবোরেশনের সেই জায়গায় নিয়ে যেতে হবে। গ্রামের কৃষক যেমন ইকুইপমেন্ট পেলে তার ফসল বাড়াতে পারবে, তেমনি ভাবেই প্রযোজ্য আমাদের ইন্ডাস্ট্রির ক্ষেত্রে। আমাদের ভারতবর্ষে একা একা কখনও ফসল ফলানো সম্ভব হয়নি, সব সময়েই এটা দেখা গেছে। ফলেন কোলাবোরেশনে কিছু জিনিস আমাদের আনতেই হবে। আর এটা হল ভারতবর্ষের ১৯৫৬ সালের ডিক্লোয়ার্ড পলিসি, এটা থেকে আমরা বিচ্যুত হই নি। আপনারা আজকে ফরেন লোনের কথা বারে বারে বলছেন। আপনারা বুকে হাত দিয়ে বলতে পারেন যে পৃথিবীতে কোন দেশ ফরেন ইকনোমি না নিয়ে দাঁড়িয়ে আছে? রাশিয়া আজকে ভেঙে গেছে। সোভিয়েত রাশিয়া ঋণ নেয়নি? চিন নেয় নি? ভিয়েতনাম নেয় নি? সবাই নিয়েছে এবং নিচ্ছে। একটা সরকার জ্ঞানত তার দায়বদ্ধতা বিক্রি করতে পারেনা। ভারতবর্ষের গণতান্ত্রিক কাঠামোয় যে জাতীয় কংগ্রেস সাম্রাজ্যবাদের কাছে মাথা বিক্রি করেন তার বিরুদ্ধে আপামর জনসাধারণের বিদ্রোহের ক্ষমতা আছে। এটা তো আর চিন দেশ নয়, কমিউনিস্ট দুনিয়া বলে নেই, তাহলে সেই দেশে তো স্ট্রিম রোলার চালানোর কোনও ব্যবস্থা নেই। আমাদের দেশ যদি দাসত্ব করে মাথা বিক্রি করেন তাহলে আমাদের তো বিদ্রোহ করার ক্ষমতা আছে। প্রতিবাদ করার ক্ষমতা আছে। অতীতে যেমন টেপ বেজেছে আজকেও সেই পথে আপনারা টেপ বাজিয়ে চলেছেন। সাম্রাজ্যবাদের দালাল বলে নিজেরাই আজকে সাম্রাজ্যবাদের দালাল হয়ে গেছেন। রাশিয়ার অর্থ কোন কমিউনিস্ট পার্টি নিয়েছিলেন? আজকে এই নিয়ে লোকসভা তোলপাড়। কারা ক্রীতদাস, কাদের উদ্দেশ্য ছিল? কারা আজকে টাকা নিয়ে দাসত্বগিরি করেছেন আপনারা জানেন না। যা নিয়ে আজকে লোকসভা তোলপাড়। তাই আমি আজকে এই প্রেক্ষাপট মনে রেখেই রাজ্যের বাজেটে আমার সময় কম বলে দু একটি পয়েন্টে কথা বলতে চাই। আপনারা বুক চিতিয়ে বলছেন যে কংগ্রেসেতে বিপ্লব হচ্ছে। আমাদের শ্রদ্ধেয় স্বাধীনতা সংগ্রামী প্রবীণ নেতা এবং মন্ত্রী মহাশয় এখানে আছেন, তিনি একটি কথা গত ১৪ বছর ধরে বলছেন যে ৩ লক্ষ একর ভেস্টেড জমি ডিস্ট্রিবিউশন করেছেন এবং কংগ্রেস ২০ বছরে ৬ লক্ষ ভেস্টেড জমি ডিস্ট্রিবিউশন করেছেন। এইকথা মাননীয় বিনয়বাবু সদ্য রাজ্যের মন্ত্রী হিসাবে বক্তব্য রেখেছেন, ওনার বই ও আছে। আপনার বুকে হাত দিয়ে বলুন তো যে দেশে বিদ্যুৎ নেই, যে গ্রামে ডিপ টিউওবেল নেই, যে গ্রামে স্যালো টিউওবয়েল নেই, রিভার লিফট নেই, ইরিগেশনের মডার্নাইজেশনের কোনও ব্যবস্থা নেই, কেবল কেন্দ্র কেন্দ্র বললে চলবে? এবং তাতে ফসল ফলে যাবে? আমি স্ট্যাটিসটিকসের ধারেপাশে যাচ্ছি না, আমি শুধু সাদা মাটা ভাষায় বলছি, আপনারা বলেছেন যে ১ কোটি ২০ লক্ষ টন চাল হয়েছে। তাহলে আজকে রেশনে চালের দাম বাড়ছে কেন? এবং সাধারণ মানুষকেই বা কেন ৮ টা দরে চাল কিনতে হচ্ছে? এখানে আবার বুক চিতিয়ে কোন ভদ্রমহিলা বললেন যে দুমাস গরিবদের জন্য ১০ কোটি ১৮ কোটি এবং ২০ কোটি চাল দেওয়া হয়েছে। আপনি আপনার বুকে হাত দিয়ে বলুন তো দু মাস না এক সপ্তাহ দিয়েছেন? আমি হিম্মৎ নিয়ে বলছি আমার এলাকায় এক দুই সপ্তাহের বেশি চাল পাই নি। আমি বিধানসভায় বৃহত্তর গণতান্ত্রিক প্রতিষ্ঠানে দাঁড়িয়ে সোচ্চার হয়ে বলছি যে, আশ্বিন-কার্তিক মাসে আমার এলাকায় মাত্র দু' সপ্তাহের বেশি চাল দেওয়া হয় নি। আর

যে চাল দেওয়া হয়েছিল মানুষ সেই চাল নেয় নি। আর আজকে যদি এতই উদ্বৃত্ত হয়ে থাকে, প্রোডাকশন হয়ে থাকে তাহলে চালের দাম বাড়বে কি করে? আপনারা দু মাস চাল দিতে পারেন নি তার কৈফিয়ৎ কি দিয়েছেন রেশনে চাল মেলেনি। আজকে তাই আমি শুধু আপনার কাছে অনুরোধ করব পুরুলিয়ার অধিবাসী যারা আছেন, যে এম এল এ বাঁকুড়ার আছেন, আসুন সকল সদস্য মিলে একটা সর্বদলীয় সিদ্ধান্ত গ্রহণ করি। মাননীয় স্পিকার মহাশয়কে অনুরোধ করব, ওনার নেতৃত্বে সকল সর্বদলীয় সদস্য নিয়ে চলুন পুরুলিয়ার আদিবাসীদের দেখতে যাই। আদিবাসী এলাকায় কি উন্নতি হয়েছে না হয়েছে গিয়ে দেখি। আমি নিজে পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় যাই। আমি অনেক বামপন্থী সদস্যদের সঙ্গে এই বিষয়ে কথাও বলেছি এবং আমি এখানে চিৎকার করে বলছি যে পুরুলিয়ার জীবন যাত্রা আমাদের চেয়ে কম অংশে পিছিয়ে নেই।

তাদের আজকে রাস্তা হয় নি, তাদের জীবনের মান উন্নয়ন হয় নি, তাদের কারুর ঘরে আলো জ্বলেনি। আসুন সৎ সাহস থাকে তো বামফ্রন্টের মন্ত্রীদের নিয়ে এবং মাননীয় স্পিকারের মাধ্যমে একটি সর্বদলীয় ভাবে পুরুলিয়াতে যাই। আদিবাসী এলাকা নিরক্ষরতার অভিশাপে জর্জরিত মানুষ, সেখানে আজ ১০ বছরের মধ্যে একটাও হাইস্কুল হয় নি। একটাও প্রাইমারি স্কুল হয় নি। সেখানে পরিসংখ্যানের যে স্টেটমেন্ট দিয়েছেন প্রশ্নোত্তর পর্বে তার থেকেই আমি বলছি। আজকে তাই ইমব্যালেন্স যদি কোথাও থেকে থাকে, রিজিওন্যাল ইম ব্যালেন্স যদি কোথায়ও থাকে তা আমাদের রাজ্যই পুরুলিয়ার প্রতি করছে। আপনারা কেন্দ্রের বঞ্চনার কথা বলেন, আপনারা কি করছেন? তাই আমি রাজ্যের মানুষ হিসাবে আপনার কাছে অনুরোধ করব, শ্রদ্ধেয় বিনয়বাবুর কাছে অনুরোধ করব পঞ্চায়েতকে সাথে নিয়ে চলুন পুরলিয়া সবাই মিলে দেখ সেখানকার মানুষরা কিভাবে আছে, সেকানে হসপিটাল চলছে কিনা, একটাও ব্রিজ হয়েছে কিনা। গত ১৪ বছরে যে হওয়া উচিত ছিল তা হয় নি। আজকে পুরুলিয়ার বাঁকুড়ার সদস্যরা চিৎকার করে বলুন আজকে পুরুলিয়া বঞ্চিত বাঁকুড়া বঞ্চিত, মেদিনীপুরের ঝাড়গ্রাম বঞ্চিত যারা পিছনে টানে, তারা কি চিরকাল কাঁদবে এ দুর্ভাগার দেশে আমি বিশ্বাস করি না। সেই কারণে আমি কবিতাটি বলছি পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে। তাই আজকে বামফ্রন্ট সরকারের মধ্যে আমরা শুধু শুনতে পাই কেন্দ্র সাম্রাজ্যবাদী, আমেরিকা রাজনৈতিক শূন্যতা প্রভৃতি এই সমস্ত কথা। আজকে সমস্ত সমাজ দুনিয়া ভেঙ্গে গেছে, বিশ্ব অর্থনীতি কাঁদছে, বিশ্ব রাজনীতি টগবগ করে পরিবর্তন হচ্ছে। যারা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যুদ্ধ করল না, দেশের জন্য রক্ত দিল না, স্বাধীনতার সংগ্রামের জন্য রক্ত দিল না তাদের কাছে থেকে যদি আজকে সাম্রাজ্যবাদের কথা শুনতে হয় তাহলে লজ্জায় মাথা হেঁট হয়ে যায়।

[4-40 — 4-50 P.M.]

আজকে গ্রামে অর্থনীতি যেমন নির্ভর করে পঞ্চায়েতের উপর তেমনি নির্ভর করে গ্রামীণ সমবায়ের উপর। আমি এই পয়েন্টটা পশ্চিমবাংলার মানুষের কাছে বারে বারে বলি যে সমবায় আজকে পশ্চিমবাংলায় নেই, গ্রামীণ মানুষের অর্থনীতি নেই ; আপনারা মহারাষ্ট্র গুজরাট তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ দেখুন, দেখবেন সেখানকার মানুষরা কিভাবে সমবায়ের মাধ্যমে

স্বনির্ভর অর্থনীতি গড়ে তুলেছেন। যারা শোষণ বঞ্চনার হাত থেকে বাঁচতে চান, যারা মহাজনের ঋণের আবদ্ধে জড়িত হতে চান না তারা সমবায় আন্দোলনকে জোরদার করেছে। কোটি কোটি টাকার লেনদেন হচ্ছে, সেখানকার মানুষ স্বাভাবিক জীবনযাপন করছে। আর বামফ্রন্টের এই রাজত্বে আমাদের পশ্চিমবঙ্গ হচ্ছে দুর্ভাগ্য দেশ কেন না এখানে এক ঘণ্টার মধ্যে সারা সময় ধরে শুধু রাজনীতির কচকচানি হয়, গ্রামে যান, শহরে যান, বাসে ট্রামে যান, বিধানসভায় যান, ২৪ ঘণ্টার মধ্যে ২২ ঘণ্টাই শুধু রাজনীতি আর ২ ঘণ্টা খালি দেশের কাজ। সেইজন্য আমি মনে করি পশ্চিমবঙ্গে যদি উন্নতি করতে হয় তাহলে রাজনীতির কচকচানি কমাতে হবে। আজকে কেউই একাধিত্বকে নিয়ে, মলিনস্বত্তকে নিয়ে একটানা দেশের কাজ করবেন এই কথা ভাবা ভুল। সেইজন্য আমি মনে করব বামফ্রন্টের রাজত্বে মাননীয় সদস্যবৃন্দেরা যে ১২ আনা ১৪ আনার সময় ধরে রাজনীতির মাধ্যমে নিজেদেরকে রাখছেন, গ্রামের ঘরে ঘরে রাজনীতি ঢোকাচ্ছেন, ফরওয়ার্ড ব্লক, সি পি এম মারামারি করছে ; সি পি এম মারামারি করছে; কংগ্রেস সি পি এম মারামারি করছে ; মানুষ হত্যা হচ্ছে, খুন হচ্ছে ধর্ষণ হচ্ছে সর্বত্র শুধু রাজনীতি আর রাজনীতি দেশের কথা সেখানেই নেই। আজকে যদি বদ্ধঘরে তাই থাকতে চায়, থাকতে পারেন, যেমন ৭২ বছর রাশিয়া বদ্ধঘরে ছিল, আমরাও যেমন কলেজ জীবনে উদ্বুদ্ধ হয়েছিলাম যে কমিউনিস্ট দুনিয়ার শোষণ থাকে না যদি বঞ্চনা থাকে সেখানে নতুন সাম্যের প্রতিষ্ঠা হয়, বেকারের হাহাকার থাকে না, স্বর্গ পিন্ড ঘরে ঘরে ঘোরে সেখানে যদি সাম্যের প্রতিষ্ঠা হয় তাহলে আমরা বুঝি ভুল করছি। আমাদের দেশের অর্থনীতির মানকে উন্নত করবার জন্য ঐ পথে যাওয়া যায় কিনা। ভাবা দরকার। ভাবতে গিয়ে দেখলাম যে আজকে ভাবের ঘরে চুরি সেই দেশের রাজনীতি টুকরো হয়ে গেল সমাজতন্ত্র ভেঙ্গে খান খান হয়ে গেল আজকে ধনতান্ত্রিক অবস্থার মধ্যে কালকের ছায়া আমেরিকা দিতে চাইছে। আমার কিন্তু আমেরিকার কাছে দাসত্ব দিতে দিইনি, আমেরিকার কোল থেকে দাসত্ব কেড়ে এনেছি, আরও দৃপ্ত কণ্ঠে বলি জীবনে সাম্রাজ্যবাদীদের কাছে মাথা নোয়ায়নি নোয়াবো না, ভবিষ্যতে নোয়াবো না। আজকে বিশ্বের প্রেক্ষাপটে যে রাজনীতি চলছে আমরা মনে করি ভারতবর্ষের অর্থনীতি সেই দিক থেকে ঠিক পথে চলেছে। কারণ মিকসড ইকনমি ইট ইজ আওয়ার ডিক্লোয়ার্ড পলিসি। It has been proved the best policy even at the capitalist country. laid by America and socialist country led by Russia. এই কারণে এই ভাবের ঘরে চুরির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ত্রিলোচন দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৬ই মার্চ মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয় ৯২-৯৩ সালের যে বাজেট পেশ করেছেন তাকে আমি আমার দলের পক্ষ থেকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধী পক্ষের যে সমস্ত সদস্যরা কাটমোশন এনেছেন সেগুলির বিরোধিতা করে আমি দু-চারটি কথা বলতে চাই। আজকে আমরা ৩ দিন হল বাজেট বক্তৃতা শুনছি, আমরা আশা করেছিলাম বিরোধী পক্ষের কাছে থেকে কোনও গঠনমূলক প্রস্তাব আসবে, ওনারা বিরোধীপক্ষের বেঞ্চে বসেছে বলে বিরোধিতা করবেন এই হচ্ছে ওদের ভূমিকা সেইজন্য বলব বাজেটের মধ্যে একটাও সমর্থন করার মতো কিছু নেই? আমি আজকে ওনাদের এইভাবে বলতে পারি আপনারা মানুষের কাছ থেকে বিচ্ছিন্ন হয়েছে

এবং মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট তৈরি করেছেন সেই বাজেটের বিরোধিতা করে আপনারা ভাববেন না, আপনারা পুনরায় আবার এখানে ফিরে আসতে পারবেন। আজকে পশ্চিমবঙ্গের উন্নয়নমূলক যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন তা অত্যন্ত সঠিক এবং বর্তমান বৎসরে যে অর্থনৈতিক সঙ্কট চলছে তার উপযুক্ত। কেন্দ্রীয় সরকার আজকে বিদেশের কাছ থেকে পাঁচ হাজার কোটি টাকা ঋণ নিয়েছেন শর্ত সাপেক্ষে এবং তারই ফলশ্রুতি হচ্ছে রেলের মাসুল বৃদ্ধি ব্যাঙ্কের সুদের হার বৃদ্ধি এবং এটা সারা ভারতবর্ষের মানুষ আজকে উপলব্ধি করতে পারছেন। সুতরাং এই দিক দিয়ে তুলনা করলে বোঝা যায় যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে এবারে যে বাজেট পেশ করেছেন তা ধন্যবাদার্হ। আজকে গ্রামীণ ক্ষেত্রে লক্ষ্য করলে দেখা যায় যে সারা দেশে খাদ্য শস্য উৎপাদন ১.৪ শতাংশ কম হবে অনুমান করা হচ্ছে, কিন্তু পশ্চিমবঙ্গে সেখানে বর্তমান বছরে ৬.৪ শতাংশ খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধি পাবে। শিল্প ক্ষেত্রে সারা ভারতে ১৯৯১-৯২ সালে শিল্প সূচক ০.৮ শতাংশ কমার আশঙ্কা আছে, সেখানে পশ্চিমবঙ্গে এই সূচক ১.১ শতাংশ বৃদ্ধি পাবে বলে অনুমান করা হচ্ছে। ১৯৯১ সালের এপ্রিল থেকে ডিসেম্বর সারা ভারতে মূল্যস্তর যেখানে ছিল ১৩.৪২ শতাংশ, সেখানে পশ্চিমবঙ্গেই এই সূচক ছিল ৯.৬২ শতাংশ। সুতরাং দেখা যাচ্ছে সারা ভারতবর্ষের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ আজকে প্রথম স্থান অধিকার করেছে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে। চাল উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করেছে, আলু উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থান অধিকার করেছে, শিল্পের ক্ষেত্রেও পশ্চিমবঙ্গের অগ্রগতি হয়েছে। সুতরাং এই অবস্থার মধ্যে ও কেন্দ্রের এই বিমাতৃসুলভ মনোভবের মধ্যেও আমাদের পশ্চিমবঙ্গের সরকার জনগণের জন্য কাজ করে যাচ্ছে এবং জনগণকে স্বাভাবিক পথে পরিচালিত করতে পারছে। আজকে বিরোধী পক্ষরা মানুষরা ধোঁকাবাজি দেওয়ার চেষ্টা করছেন। ভূমি সংস্কারের মাধ্যমে আজকে বর্গাদারদের, ক্ষেতমজুরদের অর্থনৈতিক কাঠামোর পরিবর্তন হয়েছে। আপনারা গ্রামীণ মানুষের কাছে যান তাহলেই সেটা উপলব্ধি করতে পারবেন। ১৯৬৭ সালে কৃষি শ্রমিকদের মজুরি যেখানে ছিল ৫.৬০ পয়সা, আজকে সেখানে তারা প্রায় ২৫ টাকা মজুরি পাচ্ছে এবং তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটেছে। এতদসত্ত্বেও আমি সরকারের কাছে অনুরোধ করব আমাদের দেশের যদি উন্নতি করতে হয় তাহলে চাষীদের উন্নয়ন সর্বাগ্রে প্রয়োজন এবং চাষীরা তাদের উৎপাদিত পণ্যের যাতে ভাল দাম পায় সেটা দেখা দরকার। আমার নির্বাচনী কেন্দ্র হাঁসানে কৃষিমজুররা রেশম চাষ করে। তারা ধান চাষের মতো রেশম চাষ করে এবং এর উপরেই তারা নির্ভরশীল। কিন্তু তারা সেই রেশম সুতার ঠিক দাম পায় না, ফাটকাবাজরা সেই সুতো কম দামে কিনে নেয়। এই সুতোর দাম যাতে ঠিকমতো রেশম চাষীরা পায় তার ব্যবস্থা করলে চাষীরা বাঁচবে, রেশম শিল্পও বাঁচবে। এই কথা বলে, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 P.M.]

শ্রী মানিক ভৌমিক ঃ মাননীয় স্পিকার স্যার, ১৯৯২-৯৩ সালের জন্য মাননীয় পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন আমি সেই বাজেটের তীব্র বিরোধিতা করছি। এই বাজেটের তীব্র নিন্দা করছি। কেন বিরোধিতা করছি, গত তিন দিন ধরে

আমাদের দলের মাননীয় সদস্যগণ তথ্য ও তত্ত্ব দিয়ে বুঝিয়ে বলেছেন। আমি একটা জিনিস বুঝতে পারছি না আজকে মার্কসবাদী কমিউনিস্ট পরিচালিত সরকার বাজেট পেশ করতে গিয়ে ধান ভাঙতে শিবের গীত গেয়েছেন। আমি জানি যে মানুষের দুটো হাত আছে কিন্তু মার্কসবাদী কমিউনিস্ট সরকার আর একটা নতুন জিনিস প্রমাণ করেছেন যে, অজুহাত বলে একটা হাত আছে। দুটো হাতকে নোংরামিরত, ধর্ষণে, কেলেঙ্কারিতে বন্ধক রেখে নিজেরা অজুহাত দিয়ে এখন বাঁচবার চেষ্টা করছেন। বন্ধু আর একটা কথা বলতে চাই যে, আজকে শুধু বলা হচ্ছে যে, কেন্দ্র বঞ্চনা করছে। আজকে এদের জেনে রাখা উচিত আমার জেলায় তমলুক এক নম্বর পঞ্চায়েত সমিতিকে দু বছর ধরে জওহর রোজগার যোজনার টাকা করা দেয় নি? আজকে বলতে লজ্জা করে না? আজকে কেন্দ্র দিচ্ছ না এই কথা বলতে তাদের লজ্জা করে না? আজকে নানারকম অজুহাত তুলে এখানে চিৎকার করছেন যে কেন্দ্র দিচ্ছে না। ১৯৬২ সালে দেশবিদ্রোহী হিসাবে যাদের প্রতিষ্ঠা হয়েছিল তারা আজকে দেশমাতৃকা হিসাবে বাঁচবার চেষ্টা করছেন। লজ্জা করে না? এর থেকে ঘৃণ্য চক্রান্ত আর কিছু হতে পারে বলে মনে করি না। বন্ধু আমার সময় খুব কম, আর একটা বিষয় বলতে চাই, মাননীয় অর্থমন্ত্রী আগামী আর্থিক বছরে রাজস্ব আদায়ের বৃদ্ধি করবার চেষ্টা করছেন। এটা একটা ধোঁকা। রাজস্ব আদায়ের সম্ভাবনা খুবই সীমিত। এই প্রস্তাবে গ্রামে মানুষের সবচাইতে ক্ষতিগ্রস্ত হবে না। কারণ সমগ্র পশ্চিমবাংলা সাধারণ মানুষ যে পরিমাণ জমি কেনা বেচা বা হস্তান্তর করেন শহরাঞ্চলে লেনদেনের পরিমাণ অর্থাৎ স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে অনেক বেশি। ফলে গ্রামের মানুষের ওপরেই তিনি কোপটা বেশি করে মারলেন। সবার জন্য একই হারে স্ট্যাম্প ডিউটিটা বাড়ালেন। এর ফলে গরিব মানুষের ওপরই চাপটা বেশি পড়ল। এটা উদাহরণ দিয়ে বলছি, ১৯৮৮ সলে জুলাই মাসের পূর্বের হাজার টাকায় ন্যূনতম ৩৬ টাকা স্ট্যাম্প ডিউটি করলেন, ৫ হাজার টাকাতে লাগতো ২১৬ টাকা, আবার ওটা জুলাইয়ের পরে দলিলে লাগছে ৫০০ টাকা। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আপনার বাজেট প্রস্তাব শুধু যদি দশ শতাংশ থেকে ১৮.৭ শতাংশ স্ট্যাম্প ডিউটি লাগে তাহলে পাঁচ হাজার টাকা দলিলের জন্য স্ট্যাম্প লাগবে ৯০০ টাকার বেশি। রেজিস্ট্রি ফি নিয়ে লাগবে প্রায় ১০০০ টাকা। সুতরাং আপনার প্রস্তাব মতো স্ট্যাম্প ডিউটি সাধারণ মানুষের উপর দু গুণ চাপ সৃষ্টি করবে। দলিলে যে বিক্রয় দেখানো হয় তার বদলে বাজেটে প্রচলিত দরকে ভিত্তি করে স্ট্যাম্প ডিউটি সংশোধন এবং আদায়ের সংশোধিত প্রকল্প চালু করবেন। কাজেই আপনার রাজস্ব আদায় বাড়ত ৪৪০ কোটি টাকা। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন যে, জমি, বাড়িঘর কেনবার কোনও বৈজ্ঞানিক ব্যবস্থা বা প্রচলিত ব্যবস্থা নেই। স্ট্যান্ডার্ড ভ্যালুয়েশন নির্ণয় করা খুবই কঠিন। রায়ত অফ হিন্দু, মুসলিম মালিকানাধীন এবং বিভিন্ন ধরনের জমি লীজ হোল্ডার জমি বিক্রয় ইত্যাদির ধরনের বিভিন্ন মৌজায় জানা খুবই কঠিন। এই ক্ষেত্রে সরকারের স্ট্যান্ডার্ড কোনও নিয়ম নেই। সুতরাং সম্পত্তির বিচারে সঠিক মূল্য নির্ণয় করা খুবই কঠিন। এর ফলে দুর্নীতিকে মফস্বলে ছড়িয়ে দেওয়া হচ্ছে। এবং যারা ভোট ব্যাঙ্কে ভোট দেন তাদেরকে মদত দেওয়া হচ্ছে। রেজিস্ট্রি অফিসে যারা কাজ করেন তারা আজকে সরকারের বিমাতৃসুলভ আচরণের ফলে ক্ষুব্ধ। তাদেরকে উপযুক্ত বেতন দেওয়ার জন্য সরকার কোনও ব্যবস্থা নিচ্ছেন না। আজকে রাজ্যে যে জনসংখ্যা আছে তার সত্তর শতাংশই যাদের বয়স আঠোরো থেকে ৩৬ এর মধ্যে। এই যুব সমাজকে কোনও আশার আলো বাজেটে দেখতে পাচ্ছি না। অর্থমন্ত্রী

মহাশয় যে স্বনির্ভর প্রকল্পের কথা বলেছেন, অর্থমন্ত্রীকে জানিয়ে রাখি আজকে পশ্চিমবাংলায় ৫০ লক্ষ বেকার সে কংগ্রেসেরই হোক বা কমিউনিস্টেরই হোক। সকল বেকার যুবকেরই জ্বালা বা যন্ত্রণা একই। আজকে ১৫ বছর ধরে পশ্চিমবাংলাকে বন্ধ্যা করে দিয়েছেন। পশ্চিমবাংলার কলকারখানার চাকা বন্ধ। পশ্চিমবাংলায় নতুন করে কোনও বিনিয়োগ হচ্ছে না। আজকে যুব সমাজকে অন্ধকারের দিকে ঠেলে দেওয়া হয়েছে। এই বাজেটে অনুন্নত তফসিলি মানুষের উন্নতির কোনও কথা বলা নেই। পরবর্তীকালে বাজেটে আমি নিশ্চয় বলব, আজকে আমার সময় খুব কম তাই সংক্ষেপে বলতে বাধ্য হলাম। আমার পূর্ববর্তী বক্তার সঙ্গে একমত হয়ে আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিশিকান্ত মেহতা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই সভায় পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী অসীম দাশগুপ্তের বাজেট বক্তব্য সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। এই বাজেট কেন সমর্থন করছি যে সম্পর্কে আমার মতামত বলছি। গোটা ভারতবর্ষে যে অর্থনৈতিক সঙ্কট এবং এই অর্থনৈতিক সঙ্কটের মধ্যে একটা অঙ্গ রাজ্য পশ্চিমবাংলার বাজেট উনি তৈরি করেছেন এবং গরিব লোক, শ্রমিক মেহনতি মানুষের দিকে সৃষ্টি রেখেই। এইজন্য এই বাজেটকে সমর্থন করছি। আজকে গোটা ভারতবর্ষেই অর্থনৈতিক সঙ্কট। প্রশ্নের মূল্য না গিয়ে আমরা সবাই মূল্য প্রশ্ন এড়িয়ে যেতে চাইছি। স্বাধীনতার পরবর্তীকালে কংগ্রেস সরকার গোটা ভারতবর্ষের শাসন ক্ষমতায় আছে মাঝে মাঝে সামান্য সময় বাদ দিয়ে। ওরা শাসন ক্ষমতায় থাকাকালে কৃষি, ভূমি সংস্কার, সেচ ব্যবস্থা, কৃষি ভিত্তিক শিল্প—এইসব দিকে তারা লক্ষ্য করেন নি। তাদের পরিকল্পনাগুলো পুঁজিপতিদের স্বার্থরক্ষা করার দিকে লক্ষ্য রেখেই রচিত হয়েছে। তার ফলে বড়লোক আরও হয়েছে, গরিব আরও গরিব হয়েছে যার পরিণতি হিসাবে গোটা ভারতবর্ষ আজকে একটা ভিখারি দেশে পরিণত হয়েছে। এর দায়িত্ব একটা রাজ্য সরকার, বামফ্রন্ট সরকার, যারা ১৯৭৭ সাল থেকে দখল করে আছে তারা সে দায়িত্ব নিতে পারে না। আজকে আপনারা জবাব দেবেন কি ১৯৪৭ সাল থেকে আপনার কৃষি ভিত্তিক শিল্প করেছেন কি? ভূমি সংস্কার করে গরিব মানুষের হাতে জমি দিয়েছেন কি? সেচ ব্যবস্থার করে দেশের অর্থনীতিকে একটা উন্নত জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করেন নি। না করার ফলে গোটা ভারতবর্ষ আজকে অর্থনৈতিক সঙ্কটে জর্জরিত এবং আই এম এফ এবং বিশ্ব ব্যাঙ্কের ঋণ নিয়ে গোটা ভারতবর্ষকে বিক্রির চেষ্টা করছেন। আমাদের আজকে বক্তব্য বিশ্ব ব্যাঙ্কের কাছে ঋণ নিতে পারেন বা আই এম এফের কাছে ঋণ নিতে পারেন দেশের স্বার্থে। কিন্তু ঋণের শর্তে দেশ বিকিয়ে যাচ্ছে। পার্লামেন্ট আছে, লোকসভায় আমরা সদস্য নির্বাচন করে পাঠাই। গোটা দেশের অর্থনীতি, বাজেট তারা নিয়ন্ত্রণ করতে পারে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, আগামী দিনে ওয়ার্ল্ড ব্যাঙ্ক বা আই এম এফ গোটা ভারতবর্ষকে পরিচালনা করবে ওদের শর্ত দিয়ে। তাদের শর্ত মেনেই আমাদের চলতে হবে। আগামী দিনে ভারতবর্ষ যদি পরাধীন হয়ে যায়, আই এম এফ বা বিশ্ব ব্যাঙ্কের কাছে তাহলে একচেটিয়া পুঁজিপতিরা গোটা ভারতবর্ষ দখল করে নেবে। আমাদের ভারতবর্ষে যেখানে এত খনিজ পদার্থ আছে আমরা যদি তার ঠিকভাবে তত্বাবধান করতাম এবং সেগুলো পরীক্ষা নিরিক্ষা করে খনিজ পদার্থ উত্তোলন করতাম, অর্থনৈতিক বিকাশ করতাম তাহলে ভারতবর্ষের এই

অবস্থা হত না। এই বিধানসভায় ওনারা বার বার বলেছেন বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের মানুষের জন্য কি করেছেন? ওনারা কি করেছেন? ওদের পশ্চিমবঙ্গের মানুষ বিশ্বাস করেন না। ওরা যতই গলাবাজি করুন পশ্চিমবঙ্গের মানুষ ১৫ বছর বামফ্রন্ট সরকারকে চোখের মণির মতো রক্ষা করেছেন। বিধানসভায় ওনারা পরিসংখ্যান দিয়েছেন। আমি কয়েকটা পরিসংখ্যান দিতে চাই। ভূমি সংস্কারের প্রশ্নে গোটা ভারতবর্ষের যে হিসাব পাওয়া যায় তাতে গড়ে ২৯ পারসেন্ট গরিব কৃষক জমি পেয়েছে। আর পশ্চিমবঙ্গে পাট্টা, বর্গাদার ইত্যাদি সব মিলিয়ে ৭০ পারসেন্ট জমি গরিব মেহনতি চাষীরা পেয়েছে। যার ফলে, সেচ ব্যবস্থার উন্নতির ফলে, কৃষির উন্নতির ফলে আমাদের দেশে এই বছর পশ্চিমবাংলা চাল উৎপাদনে প্রথম হয়েছে, আলু উৎপাদনে দ্বিতীয় স্থান পেয়েছে। আমরা মানুষকে ধোঁকা দিই না। ১৯৭৫ সালে সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে লোককে মাইলো, পচা গম খাওয়ানো হত। আমরা তখন রাজনীতি করতাম। অনেক মানুষ মরেছে। বামফ্রন্টের আমলে একজন মানুষও না খেয়ে মারা যায় নি। কোন কংগ্রেস নেতা বলতে পারবেন, ১৫ বছরে মানুষ না খেয়ে মরেছে? এমন প্রমাণ ওরা দেখাতে পারবেন? ভূমি সংস্কার করে গ্রামীণ মানুষের অর্থনৈতিক উন্নয়ন হয়েছে।

[5-00 — 5-10 P.M.]

ক্ষমতার বিকেন্দ্রীকরণের মাধ্যমে গ্রামপঞ্চায়েত থেকে পরিকল্পনা গ্রহণ করে এলাকার অর্থনৈতিক উন্নয়ন তরান্বিত করা হচ্ছে। স্যার, পশ্চিমবঙ্গে আজ কৃষিক্ষেত্রে মাথাপিছু আয়ও বেড়েছে। ১৯৮৫-৮৬ সালে কৃষি ক্ষেত্রে উত্তরপ্রদেশে গড় আয় যেখানে মাথাপিছু ছিল ১ হাজার ১৭ টাকা, অন্ধ্র প্রদেশে ১১৩৬ টাকা সেখানে পশ্চিমবঙ্গের ছিল ১৪৬১ টাকা। সেচের ব্যাপারে ৭৬ সালে যেখানে পশ্চিমবঙ্গের মাত্র ২০ পারসেন্ট জমিতে সেচের ব্যবস্থা ছিল সেখানে ১৯৮৯-৯০ সালে সেটা হয়েছে ৪৬.৭৭ পারসেন্ট। স্যার, গ্রামীণ বিদ্যুতের প্রশ্নে বিরোধীদলের বন্ধুরা অনেক বক্তব্য রাখলেন। তারা বললেন, গ্রামে বিদ্যুৎ যাচ্ছে না ইত্যাদি ইত্যাদি। কিন্তু স্যার, এই গ্রামীণ বিদ্যুতের ব্যাপারে সিদ্ধার্থশঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন অবস্থাটা কি ছিল এই প্রসঙ্গে সেটা একটু ওদের স্মরণ করিয়ে দিতে চাই। সিদ্ধার্থবাবু অর্ডার দিলেন যে গ্রামে গ্রামে বিদ্যুৎ যাবে। সেই অনুযায়ী কাঠের গুঁড়ি নিয়ে যাওয়া হল, তার নিয়ে যাওয়া হল কিন্তু বিদ্যুৎ আর গেল না। প্রতিটি ব্লকের ৪০-৪৫টি মৌজা বিদ্যুৎ গিয়েছে বলে ডিক্লিয়ার করা হল কিন্তু বাস্তবে তা গেল না এবং পরবর্তীকালে সেই সমস্ত তার এবং কাঠ চুরি হয়ে গেল। এর ফলে আমাদের সেখানে বিদ্যুৎ নিয়ে যেতে অসুবিধা হচ্ছে। পুরুলিয়া সম্পর্কে বিরোধী দলের এক বন্ধু বললেন যে সেখানে কোনও উন্নতি হয়নি। স্যার আমরা পুরুলিয়াবাসীরা ১৯৫৬ সালে বিহার থেকে পশ্চিমবঙ্গে এলাম। তখন বিহারের মুখ্যমন্ত্রী শ্রীকৃষ্ণ সহায় এবং পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ছিলেন ডাঃ বিধানচন্দ্র রায়। তারা দিল্লিতে বসে মানভূম জেলার যে সব এলাকায় খনিজ সম্পদে সমৃদ্ধ সেগুলিকে বিহারে দিয়ে দিলেন। চাষচন্দন, কেয়ারি, চ্যান্ডিল, পলনদা, বর্তমানে বোকারো স্টিল প্ল্যান্ট যেখানে পড়ে সেখানটা ইত্যাদি এলাকাগুলি তারা বিহারে দিয়ে দিলেন। আর পুরুলিয়ার বাকি অংশ পশ্চিমবাংলায় এল। ১৯৫৬ সালের পর কংগ্রেস সেখানে কিছুই করে নি। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর পুরুলিয়ার উন্নতির জন্য অনেক কিছুই করেছেন। যদিও অনেক কাজ বাকি আছে তবুও পুরুলিয়াতে গেলে দেখতে পাবেন সেখানে বামফ্রন্ট সরকার অনেক কাজ করেছেন। কোনও

जेलातें अधिकांशतेईं जूनियर हाईस्कूल आछे। ४टि कलेज छिल आरও ५टि हयेछे। वह्न विषयेर अर्नास पड़ार व्यवस्था आछे। तवे आरও उन्नयनेर सेखाने दरकार। एई वले वाजेटके समर्थन करे आमार वक्तव्य शेष करछि।

श्री मो अब्दुल करीम चोधरी : मिस्टर स्पीकर सर, अर्थ मंत्री जो वजट इस्टीमेट 1992-93 पेश किए है मे उसका विरोध करते हुए कुछ वात कहनाा चाहता हुं। हम इस बजट प्लेस मे कुछ नही पा रहे है। वजट पेश होने के पहले स्टेट की पब्लिक बेचेन रहते है कि वजट पेश होने के वाद हमारी कुछ तमन्ना पुरी हो सकेगी। हमारी कुछ मुशिकेल आसान होगी। हमे कुछ राहत मिलेगी। लेकिन देखता हुं बजट पेश होने के बाद लोगो को कीई खुशी नही है। लोगों को इस वामफ्रन्ट सरकार पर से भरोसा उठ गयाा है। जिस तरह से सेन्टल बजट से सारे भारत में खुशी की लहर दोड़ गया है। जो इस संकट की घड़ी मे भी किस तरह का काम किया। केन्द्रीय वित मंत्री मनमोहन सिंह ने कहा कि दो वर्ष मे हम अर्थ व्यवस्था को ठीक कर देगे।

हमारे पशिचम वंगाल के वित मंत्री जो वजट पेश किए है इस वजट मे किसी तरह की कोई अच्छी बात नही है। अतः मे इस वजट का विरोध करता हुं। मिस्टर स्पीकर सर, इस बजट मे नोर्थ बंगाल डिस्ट्रीक्स के लिए कही कुझ नही कहा गया है। हमेशा से ही साउथ वंगाल के मुख्य मंत्री रहे है। साउथ बंगाल मे जो कुछ विकास हुआ है वो डाक्टर बी सी राय का किया हुआ है। ये मुख्य मंत्री ज्योति वसु का नही। नोर्थ बंगाल के लिए कुछ नही हुआ। कोई प्रोजेक्ट नही रखा गया है।

कंग्रेस के जमाने मे, सिद्धर्थ शंकर राय के समय मे नोर्थ वंगाल के विकास के लिए तिस्ता प्रोजेक्ट की स्वीकृति हुई। मिस्टर स्पीकर सर, नोर्थ वंगाल के विकास के नाम पर जो प्रोजेक्ट है, उसपर काफी धांधली हो रही है। तीन, साढ़े तीन क्राड़ फन्ड का रुपया पानी की तरह बहाया जा रहा है। मिस्टर स्पीकर सर, जो केनेल बनाया जा रहा है, अभी बनकर तैयार भी नही हुआ है गिरने लगा है। इसमे सिमेन्ट का नामो निशान नही है। बालु पर बनाया जा रहा है। सर, जव इसमे पानी छोड़ा जाएगा तो यह रिसने लगेगा। इससे नोर्थ बगांल के अनेक गांव डुव जाऐगे। सर, इस संबंध मे 10 जनवरी को हम मुख्यमंत्री को चिटठी दिए। 29 तारिख को उनके सेक्रेटरी मिस्टर ए सिन्हा ने जवाव दिए कि यह चिटठी मुख्य मंत्री के पास भेज दिया गया है। पे कन्सल्ट करेगा। मगर इस पर कोई ठोस कदम नही उठाया जा रहा है। सर, मे केनेल का टुकड़ा लाया हुं आपको दिखाता हुं, सर आपको भी देखकर ताज्जुव होगा। किस तरह यह वामफ्रन्ट सरकार लोगों के आंख मे धुल सोकने का प्रयास कर रहा

है आर समय मिलने पर किस तरह से लोगो को मुर्ख बना देता हुं। इसके लिए जो कमिटि बनाया गया हे इसके दारा काफी धांधली हो रहा है। इंजिनियर, कमिटि लीडर काफी मनमानी कर रहे है। जिसके पा रहे है उसको टेन्डर दे देते है, उसको चाहे काम कराने के ज्ञान हो या नही हो इससे इनको कोई लेना देना नही है। यह बिल्कुल गलत बात है।

तमाम तिस्ताा कमान्ड एरिया तथा टी गार्डेन प्रभावित होगा। जो तिस्ता प्रोजेक्ट बनाया जा रहा है इससे उसके अगल बगल के एरिया कमान्ड एरिया तथा टी गार्डेन एग्रीकलचरल लेन्ड डुब जाएगा। इसका हमलोग जमकर विरोध कर रहे है ओर किसी भी हालत मे इसको चालु होने नही देगे।

मिस्टर स्पीकर सर, राज्य में 50 लाख से ज्यादा अनइम्पलाइड है। इसके इम्पलाइमेन्ट की व्यवस्था का जिक्र इस बजट मे कही नही किया गया।

हमारे खेत्र इस्लामपुर में प्राइमरी स्कुल टीचर नहीं है। 10 वर्ष से प्रटाई नही हो रहा है। फिनान्स मिनिस्टर ने इसपर एक लाइन भी लिखने का जरुरत नही समझा।

इस्लामपुर सव-डिवीजन मे इस्लामपुर स्टेट जेनेरल हांस्पीटल है जो 250 वेडेड है। मगर इस हांस्पीटल मे न ही कोई एम्बुलेन्स है न सलाइन बाटर है। न ही लाइफ सेभिंग ड्रागस है। सिर्फ कहने को ही हास्पीटल है। सर, एक सिरियस एक्सीडेन्ट था मे स्वाास्थ्य मंत्री प्रशान्त सुर को कहा पी जी हांस्पीटल केन्सर हांस्पीटल मे भर्ती कराने को। मगर डाकटर सुपरिटेन्डेन्ट को लिखा ओर वो उनका बात नही रखा। केसा यह मंत्री है। ये लिखे आई उड रिक्वेस्ट यु प्लीज एडमिट दिस पेसेन्ट। लेकिन उसको एडमिट नही किया गया। ओर वो आदमी सर गया। इससे पता लगता है कि हेल्थ ग्राउन्ड कितना गिर गया है। सिरियस एक्सीडेन्ट था इस वारे में चीफ मिनिस्टर, लीडर आफ दी हाउस का ध्यान दिलाया चिफ मिनिस्टर को इसका रिर्पोट दिया। मेन्सन आवर मे बोला, टेलीग्राम किया। मगर इम्पोटेन्ट पहलु पर भी ध्यान नही दिया जाता है।

मिस्टर स्रीकर सर, हमारा इस्लामपुर सव-डिविजन जो पहले बिहार मे था, ट्रान्सफर कियाा गय बंगाल मैं जब यहां के मुख्य मंत्री श्री बी सी राय थे। सर, वहां का कन्डीसन काफी खराव है। सरकार इस ओर बिल्कुल ध्यान नही दे रही है। वहां हिन्दी/उर्दु भाषा-भाषी लोग है। वहां जो स्कुल है उससे स्कुल टीचर नही है।

प्राइमरी स्कुल जितना चाहिए नही है। वहां के लोग को अपने लड़को को पटाने के लिए दिल्ली, यु पी तथा विहार आदि जगहो मे भेजना पड़ता हे। इस बजट मे इसके बारे मे एक भी शब्द कही नही कहा गया।

सर, यह बजट समर्थन करने लायक है ही नही अतः मे इस बजट का विरोधिता करते हुए अपना वक्तव्य शेष करता हुं।

[5-10 — 5-20 P.M.]

শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি প্রথমেই আমাদের অর্থমন্ত্রী ১৯৯২-৯৩ সালের জন্য যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সর্বোতভাবে সমর্থন জানাচ্ছি। মাননীয় অর্থমন্ত্রী বাজেট উত্থাপন করার সূচনায় উল্লেখ করেছেন যে, ভারতের কোন জাতীয় অর্থনীতির প্রেক্ষাপটে তিনি এই বাজেট উত্থাপন করছেন। আমরা নিশ্চিতভাবে জানি ভারতবর্ষে একটা উদ্বেগজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। সেই পরিস্থিতিতে একটা অঙ্গ রাজ্যে আমাদের অর্থমন্ত্রী তার বাজেট প্রস্তাবে যে নতুন বিকল্প সম্ভাব্য অর্থনীতির কথা ঘোষণা করেছেন তাকে আমি অভিনন্দন জানাচ্ছি।

মাননীয় স্পিকার মহাশয়, আমাদের বিরোধীদের বক্তব্য আমি খুব মন দিয়ে শুনেছি। তারা ভারতবর্ষের দেউলিয়া অর্থনীতির পাদপীঠে দাঁড়িয়ে আমাদের পশ্চিমবাংলাকে সোনার বাংলা হিসাবে দেখতে চাইছেন। ওরা বলেছিলেন যে, রাজ্যের অভিধানে দারিদ্র বলে কথা থাকবে না। রাজ্যের অভিধানে রাজ্যের কলকারখানা বন্ধ দেখা যাবে না, যে রাজ্যে বেকার থাকবে না ওরা সেইরকম একটা সোনার বাংলা দেখতে চেয়েছিলেন, যেটা সোনার পাথর বাটিতে কাঁঠালের আমসত্ত্বের কথা বলে মনে হয় সেই রকম চিন্তা ওরা করেন। আজকে আর্থিক পরিস্থিতি কি? পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের ক্ষমতার বিকেন্দ্রীকরনের মধ্যে দিয়ে সফল কৃষি নীতির মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গে আর্থিক অবস্থার একটা নতুন দিক নির্দেশ করেছেন সেটাকে নিশ্চয়ই উড়িয়ে দেওয়া যায় না। একটু আগে মাননীয় বিরোধীদলের একজন বন্ধু সুকুমার বাবু বাঁকুড়া, পুরুলিয়ার কথা বললেন, আমি তাকে আহ্বান জানাচ্ছি আমার সঙ্গে গিয়ে দেখার জন্য। বাঁকুড়ায় আমার কনস্টিটিউয়েন্সিতে আমি দেখাব যে ওখানে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে কিভাবে এক ফসলি জমিকে দু ফসলি করা হয়েছে, কিভাবে নতুন কলকারখানা গড়ে উঠেছে এবং নতুন শিল্প তৈরি হচ্ছে, কিভাবে নতুন গঞ্জ এলাকা তৈরি হচ্ছে। এর মধ্যে দিয়েই নতুন দোকানপাটও গড়ে উঠছে। সাধারণ মানুষের কেনা বেচা বাড়ছে। একথা অস্বীকার করা যায় না। আমাদের ধারণা যে ওদের নতুন কোনও দিকে মন নেই, এই প্রেক্ষাপটে দাঁড়িয়ে নতুন গঠনমূলক কাজ এবং কথাগুলিকে অস্বীকার করতে চাইছেন বলে ওদের অবস্থা এইখানে এসে দাঁড়িয়েছে সেটা আজও উপলব্ধি করতে পারছেন না। সর্বভারতীয় ক্ষেত্রে মেহনতের মধ্যে দিয়ে যে অবস্থার সৃষ্টি হচ্ছে সেটা না দেখে ওদের যে নীতি ঐ বিদায় নীতি গোল্ডেন হ্যান্ডসেক করে একটা উদ্বেগ সৃষ্টি করছেন। কিন্তু তার মধ্যে দিয়েও আমাদের পশ্চিমবঙ্গে বহু জিনিস রূপায়ণের ব্যবস্থা এগিয়ে এসেছে। সাক্ষরতার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ প্রথম হয়েছে। এগুলি নিয়ে আমার আগের বন্ধুরা অনেক পরিসংখ্যান দিয়ে

বলে গেছেন, আমি সেইসব পরিসংখানের কথা উল্লেখ করছি না। আমি শুধু আমাদের শ্রমনীতির সম্বন্ধে বলছি। গতকাল মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় শুনিয়ে গেলেন যে তাদের সময়ে চাকরি দেওয়ার ব্যবস্থা ছিল। কিভাবে ছিল? যদি শোনা যেত যে শোভনদা পাঠিয়েছেন তাহলে চাকরি পেত, আমি তাকে ধন্যবাদ জানাই যে, তিনি তাদের সঠিক দৃষ্টিভঙ্গি তুলে ধরেছেন। তখনকার দিনে শোভনদা, মানুদা, গনিদা, সুব্রতদা-রা পাঠালে তবে চাকরি পাওয়া যেত। কিন্তু এখন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে যোগ্যতার নিরিখে চাকরি পেতে হয়। প্রতিবন্ধীরাও পেয়ে থাকেন এমন কি কংগ্রেসের লোকও পেয়ে থাকেন। আমাদের বিরোধী দলের বন্ধুরা আইন শৃঙ্খলার কথা বলেন। মাননীয় মানসবাবু এখানে সাহিত্যের চারুশিল্প করে গেলেন। কি অপূর্ব তার সংলাপ এবং অভিনয়। কেমন করে পশ্চিমবাংলার ফুটন্ত টগবগে যৌবনকে অকালে শুকিয়ে যেতে দেখেছেন সেই কথা বললেন চিৎকার করে। কিন্তু আপনাদের সমাধি স্তুপের উপর কয়েকটি প্রস্ফুটিত তাজা প্রাণকে শেষ করে দেওয়ার চক্রান্ত কি আপনারা করেন নি? আমরা দেখেছি, ১৯৭০এর দশকের দিনগুলির কথা মনে করুন। ১১০০ টি প্রাণ কিভাবে গিয়েছিল? বারাসাত, বরানগরে কতগুলি টগবগে ফুটন্ত যৌবনকে চিরদিনের মতো ঘুম পাড়িয়ে দিয়েছেন। বর্ধমানের উপাচার্যের সামনে আপনাদের কর্মী আপনাদের আর এক কর্মীকে পাষাণ পরিণত করে দিল, সেই পাষাণ আজও বর্ধমানের বিশ্ববিদ্যালয়ের চত্বরে স্মৃতি হয়ে পড়ে আছে। এগুলি কি ভোলার কথা? আইন শৃঙ্খলা, নারীর মর্যাদার এ কথা বলে আর ভন্ডামি করবেন না। মাননীয়া গীতা চ্যাটার্জির কথা ভোলা যায় না। আমাদের পশ্চিমবঙ্গে এখন যদি মা বোনেদের মর্যাদার হানি ঘটে তাহেল বামপন্থী সংগঠনের পক্ষ থেকে প্রতিবাদ গর্জে ওঠে। আমাদের পশ্চিমবঙ্গের মেহনতি যে সরকার তাদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে, অপরাধীরা ধরা পড়ে, তাদের শাস্তি হয়, আপনাদের জমানায় এই জিনিস দেখতে পাওয়া যেত না।

[5-20 — 5-21 P.M.]

গতকাল শোভনদেববাবু একটি কথা বলেছিলেন যে, খানাখন্দে ভর্তি রাস্তার বন্ধুর পথে হাসপাতালে নিয়ে যাবার সময় এক মা একটি নব জীবনের আগমনবার্তা ঘোষণা করেছিলেন এবং তাতে মাননীয় সদস্য লজ্জা পেয়েছেন। কিন্তু আমি তার লজ্জার কারণ খুজে পেলাম না। আমাদের পশ্চিমবঙ্গের রাস্তাগুলি অ্যাসেম্বলির মেঝের মতো মসৃণ হবে, সেটা হবে কি করে? পশ্চিমবঙ্গকে তার প্রাপ্য টাকা থেকে বঞ্চিত করা হবে, আর আমরা সোনার তালের স্বপ্ন দেখব, সেটা তো হয় না যেমন সোনার পাথর বাটি বা সোনার আমসত্ত্ব হয় না। বর্তমান ভারতের অর্থনীতির বন্ধুর পথেই আমাদের এই বাজেট। কিন্তু এতে প্রগতি আছে, সম্ভাবনা আছে, সাফল্য তো আছেই। তাই বিরোধীদের সমস্ত বক্তব্যের বিরোধিতা করে, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাব রেখেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য এখানেই শেষ করছি। ধন্যবাদ।

Adjournment

The House was then adjourned at 5-21 P.M. till 11 A.M. on Thursday the 25th March 92, at the Assembly House, Calcutta.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol : 99 No-1 (Ninety ninth Session) (February to June, 1992)

(The 2nd, 6th, 9th, 10th, 11th, 12th, 13th, 16th, 20th, 21st, 23rd and 24th March, 1992)

All Party Delegation

PP-460-461

Breach of Privilege

PP-139-146

Discussion on Motion Under Rule 185 Regarding Supply of fourteen essential Commodities at the same price throughout India

by—Shri Deba Prasad Sarkar PP-450-452, P-430

by—Shri Gautam Roychoudhury PP-437-440

by—Shri Kripa Sindhu Saha PP-455-456

by—Shri Manabendra Mukherjee PP-425-429

by—Dr. Manas Bhunia PP-446-450

by—Shri Narendra Nath Dey PP-452-455

by—Shri Subhas Goswami PP-444-446

by—Shri Subrata Mukherjee PP-430-434

by—Shri Sudip Bandyopadhyay PP-441-444

by—Dr. Zainal Abedin PP-440-441

Discussion on Motion Under Rule-185 Regarding 'Bharat Ratna' awarded to world famous film maker Satyajit Roy.

by—Shri Bhaktibhusan Mondal PP-712-713

by—Smt. Gilian Rosemary D'costa Hart P-715

by—Shri Jyoti Basu PP-709-711

by—Shri Kamkshya Charan Ghose P-714

by—Shri Nirmal Das PP-713-714

by—Shri Samar Hazra P-714

by—Shri Siddhartha Sankar Roy PP-711-712

by—Shri Trilochon Das PP-714-715

Discussion on Motion Under Rule 185 Regarding molestation of eleven women in godaierchar, under the P.S. Malick Chak, of Malda district.

by—Shri Kamal Sengupta (Bose) PP-473-477

by—Shri Minati Ghose PP-478-481

by—Shri Rabindra Nath Mondal PP-472-473

by—Shri Saugata Roy PP-465-472

by—Shri Subodh Choudhury PP-481-485

by—Shri Tapan Hore PP-477-478

Discussion on Darjeeling Issue

by—Shri Deba Prasad Sarkar PP-233-234

by—Shri Dipak Sengupta P-232

by—Shri Jyoti Basu PP-236-239

by—Shri Krishna Chandra Halder PP-231-232

by—Shri Siddartha Sankar Roy P-239, P-240, PP-232-233, P-235, P-230, P-231

Discussion on Amendments to Rules Committee Report

by—Shri Nani Kar P-336

by—Shri Siddartha Sankar Roy P-337

by—Dr. Zainal Abedin PP-336-337

Discussion on Governor's Address

by—Shri Abdul Mannan PP-87-92

by—Shri Ajoy De PP-190-192

by—Dr. Anupam Sen PP-355-357

by—Shri Atish Chandra Sinha PP-265-268

by—Shri Bhupendra Nath Seth PP-195-198

by—Shri Brahmamoy Nanda PP-194-195

by—Shri Bishnupada Bera PP-175-178

by—Shri Deba Prasad Sarkar PP-103-106

by—Shri Jatu Lahiri PP-287-289

by—Ms. Gillian Rosemary D'costa Hart PP-349-351

by—Shri Jogesh Chandra Burman PP-188-190

by—Shri Jyoti Basu PP-373-382

by—Shri Kamalendu Sanyal PP-198-201

by—Shri Kamal Kanti Guha PP-92-97

by—Shri Kshiti Goswami PP-100-103

by—Smt. Kumkum Chakraborty PP-268-272

by—Dr. Manas Bhunia PP-170-175

by—Shri Mamata Mukherje PP-357-359

by—Shri Monohar Tirkey PP-262-265

by—Shri Mostafa Bin Quasem PP-252-259

by—Shri Mamtaz Hassan PP-186-188

by—Shri Nani Kar PP-383-384

by—Shri Nasiruddin Khan PP-272-274

by—Shri Nirmal Das PP-354-355

by—Shri Padmanidhi Dhar PP-107-109

by—Shri Partha Dey PP-80-87

by—Shri Prabhat Acharya PP-114-116

by—Shri Prabir Banerjee PP-178-181

by—Shri Prabhanjan Mondal PP-347-349

by—Shri Prabodh Chandra Purkait PP-359-360

by—Shri Sadhan Pande PP-352-354

by—Shri Sailaja Kumar Das PP-109-112

by—Shri Samar Baora PP-166-170

by—Shri Samar Hazra P-360

by—Shri Sanjib Kumar Das PP-285-287

by—Shri Sankar Das Pal PP-183-186

by—Shri Satya Ranjan Bapuli PP-156-165

by—Smt. Santi Chatterjee PP-113-114

by—Shri Saugata Roy PP-339-347

by—Shri Sekh Jahangir Karim PP-283-285

by—Shri Shakti Bal PP-274-277

by—Shri Shish Mohammed PP-181-183

by—Shri Sibdas Mukherjee PP-277-279

by—Shri Siddhartha Sankar Roy PP-382-383, PP-360-373

by—Shri Sobhandeb Chattopadhyay PP-97-100

by—Shri Subrata Mukherjee PP-244-252

by—Shri Sudip Bandyopadhyay PP-259-262

by—Shri Sukumar Das PP-280-282

by—Shri Sunirmal Paik P-280

by—Shri Trilochon Das PP-112-113

by—Shri Unis Sarkar PP-192-194

by—Dr. Zainal Abedin PP-68-80

General Discussion on Budget

by—Shri Abdul Mannan PP-684-689

by—Shri Ambica Banerjee PP-771-774

by—Smt. Anuradha Putatunda PP-774-779

by—Shri Atish Chandra Sinha PP-676-681

by—Shri Deba Prasad Sarkar PP-665-670

by—Shri Debendra Nath Burman PP-784-787

by—Shri Dipak Sengupta PP-670-676

by—Shri Jatu Lahiri PP-569-571

by—Smt. Jayasree Mitra PP-799-800

by—Shri Kaliprasad Biswas PP-701-704

by—Shri Kamakshya Charan Ghose PP-576-577

by—Shri Lakshman Seth PP-660-665

by—Shri Manabendra Mukherjee PP-540-551

by—Shri Manik Bhowmik PP_793-795

by—Shri Md. Abdul Karim Chawdhury PP-797-799

by—Shri Mamtaz Hassan PP-787-788

by—Shri Nirmal Das PP-768-771

by—Shri Nishikanta Mehta PP-795-797

by—Shri Prabir Banerjee PP-781-784

by—Shri Praloy Talukdar PP-577-580

by—Shri Rajesh Khaitan PP-650-660

by—Shri Ranjit Patra PP-779-781

by—Shri Sadhan Pande PP-763-766

by—Shri Sanjib Kumar Das PP-562-566

by—Shri Santi Ranjan Ganguly PP-561-562

by—Shri Sattik Kumar Roy PP-767-768

by—Shri Saugata Roy PP-551-561

by—Shri Sobhandeb Chattopadhyay PP-692-696

by—Shri Somendra Narth Mitra PP-530-540

by—Shri Sridhar Malik PP-689-692

by—Shri Subhas Bose PP-759-763

by—Shri Subhas Naskar PP-566-568

by—Shri Sudip Bandyopadhyay PP-750-759

by—Shri Sukumar Das PP-788-792

by—Shri Sunirmal Paik PP-696-698

by—Shri Surendra Nath Majhi PP-704-707

by—Smt. Taniya Chakraborty PP-572-576

by—Shri Tapan Hore PP-681-684

by—Shri Trilochon Das PP-792-793

Governor's Address

PP-1-12

Half-An-Hour Discussion Regarding "Release of Covicted Prisoness during 1990-91"

by—Shri Saugata Roy PP-733-736

by—Shri Biswanath Choudhury PP-736-737

Laying of Ordinance

The West Bengal Scheduled Castes & Scheduled Tribes

(Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Ordinance 1992 P-424

The West Bengal Additional Tax & one-time Tax on Motor Vehicles (Amendment Ordinance 1991 P-228

The West Bengal Motor Vehicles Tax (Amendment) Ordinance, 1991 PP-227-228

Laying of Reports and Accounts

Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical & Petro Chemical Development Corporation Ltd. for the year 1989-90 P-64

Audit Certificate, Certified Accounts & Audit Report on the Accounts of Hooghly River Bridge Commissioners for the year 1989-90 P-64

Annual Statement of Accounts of the West Bengal State Electricity Board together with the Audit Report for the year 1989-90 P-64

Annual Report for the year 1990-91 & Budget Estimate for the year 1991-92 of the West Bengal Scheduled Castes & Scheduled Tribes Development & Finance Corporation P-64

Annual Statement of Accounts together with the Audit Report thereon

of the West Bengal Power Development Corporation Ltd. for the year 1987-88 PP-64-65

Annual Accounts of the Calcutta State Transport Corporation for the year 1987-88 along with Audit Report & Audit Certificate thereon P-65

Laying of Rules

Laying of the Second, Third & Fourth Reports of the Committee on Rules, 1991-92 P-63

Amendments to the Calcutta Municipal Corporation Building Rules, 1990 P-64

Letter from Home Minister, Govt of India

PP-321-322

Mention Cases

PP-744-750

PP-639-648

PP-322-335

PP-147-149, 150-155

PP-53-63

Motion of Thanks

by—Shri Nani Kar P-13

OBITUARY REFERENCE

of—Dr. Abani Bhattacharjee PP-510-511

of—Shri Ajit Ganguly PP-21-22

of—Shri Ananta Saren P-15

of—Shri Bhadra Bahadur Hamal PP-19-20

of—Shri Bharat Bhushan PP-28-29

of—Shri Bimal Mitra P-25

of—Shri Biswanath Mukherjee PP-17-18

of—Shri Kazi Hafizur Rahaman P-21

of—Shri Krishna Prosad Mondal P-19

of—Shri Manabendra Mukhopadhyay PP-25-26

of—Shri Md. Abdullah Rasul PP-15-17

of—Dr. Mohini Mohan Poti PP-20-21

of—Shri Mohitosh Majumder P-27

of—Shri Mohitosh Nandy PP-27-28

of—Shri Nagendra Nath Dolui P-20

of—Shri Niranjan Mukherjee PP-18-19

of—Shri Nirmal Kumar Mukherjee P-117

of—Shri Paresh Das P-22

of—Shri Radha Raman Mitra PP-26-27

of—Shri Rusi B. Gimi P-28

of—Shri Sachin Sen PP-509-510

of—Shri Sadakanta Roy PP-23-24

of—Shri Sudhangsu Mondal P-23

of—Dr. Sukumar Sen PP-24-25

of—Shri Sanat Kumar Banerjee PP-22-23

Point of Information

PP-630-635

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1992-93

by—Dr. Asim Kumar Dasgupta PP-487-508

Presentation of Report

Presentation of the Fourth Interim Report of the Adhoc Committee on the Questions of Subject Committee P-165

Presentation of the First Report of the Subject Committee on Public Works, 1991-92 P-742

Presentation of the 4th Report of the Subject Committee on Education, 1991-92 P-742

Presentation of the Fourth Report of the Subject Committee on Panchayat, 1991-92 P-742

Thirteenth Report of the Business Advisory Committee PP-528

12th Report of the Business Advisory Committee P-272

11th Report of the Business Advisory Committee PP-50-51

14th Report of the Business Advisory Committee PP-699-700

Privilege Motion

PP-241-242

Presentation of the Supplementary Estimate for the year 1991-92

by—Dr. Asim Kumar Dasgupta PP-743-744

Question

Achievements under the Pilot Project on Computer Literary & Studies in Schools in West Bengal

by—Shri Quazi Abdul Gaffar & Shri Saugata Roy P-218

Acquisition of Land for Haldia Petro-Chemical Projects

by—Shri Sukumar Das & Shri Saugata Roy P-616

Acquisition of Vacant Land in Urban Areas

by—Shri Deoki Nandan Poddar & Shri Saugata Roy P-626

Adoption of destitute and orphan children

by—Shri Saugata Roy PP-513-514

Air Pollution in Calcutta

by—Shri Saugata Roy PP-581-588

Air Pollution in Calcutta

by—Dr. Tarun Adhikari and Shri Saugata Roy PP-588-591

Alleged incidence of rape in Manikchak, Malda

by—Shri Saugata Roy PP-291-294

Amount received from the Centre under the Scheme for Improvement of Science Education in Schools

by—Shri Abdul Mannan P-219

Anti-Poverty Programmes

by—Shri Saugata Roy PP-624-625

Appointment of Muslim Marriage Registar

Kazi Chaudhary Abdul Karim & Shri Saugata Roy P-612

Comprehensive Cro Insurance Scheme

by—Shri Saugata Roy PP-523-527

Cross Value of output from the Livestock Sector

by—Shri Ambica Banerjee & Shri Saugata Roy PP-518-519

Drug Addicts

by—Dr. Tarun Adhikari & Shri Saugata Roy PP-118-120

Drug Addicts in Calcutta

by—Dr. Tarun Adhikari & Shri Saugata Roy PP-300-301

Environmental Impact of Haldia Petro-Chemicals

by—Shri Sobhan Deb Chattopadhyay PP-608-609

Exemption of the wakf Properties from the Operation of Rent Control Act.

by—Shri Quazi Abdul Gaffar & Shri Saugata Roy PP-722-723

Expart Electronic Teleprinters

by—Shri Deoki Nandan Poddar & Shri Saugata Roy P-299

Family Courts

by—Shri Ambica Banerjee & Shri Saugata Roy PP-622-623

Formulation of Academic Calendar

by—Dr. Tarun Adhikary & Shri Saugata Roy PP-213-216

Greening Calcutta Fund

by—Shri Abdul Karim Choudhury & Shri Saugata Roy P-46

Increase in the Literacy Rate

by—Shri Deoki Nandan Poddar and Shri Saugata Roy PP-514-516

Indira Awaas Yojana

by—Shri Quazi Abdul Gaffar & Shri Saugata Roy PP-47-48

Installation of Computers for Monitoring Rural Information

by—Shri Saugata Roy P-49

Introduction of Hovercraft Service between Haldia & Calcutta

by—Shri Sukumar Das & Shri Saugata Roy PP-123-125

Jawahar Rozgar Yojana

by—Shri Abdul Karim Choudhury & Shri Saugata Roy P-47

Mechanisation Progress in Agriculture in West Bengal

by—Shri Saugata Roy P-514

Milk Production Level

by—Shri Deoki Nandan Poddar & Shri Saugata Roy P-527

Modernisation of Technical Education

by—Shri Deoki Nandan Poddar & Shri Saugata Roy P-601

Member of Apprentices selenging to Minority Communities

by—Shri Abdus Salam Munshi & Shri Saugata Roy PP-517-518

Outlays & Expenditure on the different Rural Development Schemes

by—Shri Deoki Nandan Poddar P-516

Plan Expenditure Elementary Education etc.

by—Shri Ambica Banerjee & Shri Saugata Roy PP-603-604

Plantation of Trees in Calcutta by Business Houses

by—Shri Quazi Abdul Gaffar & Shri Saugata Roy PP-43-45

Progress of Bakreshwar Power Plant

by—Shri Sailaja Kumar Das & Shri Saugata Roy PP-313-314

Proposal for Couverting some Jails into High Security Jails

by—Dr. Tarun Adhikari & Shri Saugata Roy PP-721-722

Power Station

by—Dr. Tarun Adhikari & Shri Saugata Roy P-312

Reclamation of wet lands

by—Shri Choudhury Abdul Karim & Shri Saugata Roy PP-715-717

Recommendations of the State Planning Board

by—Shri Abdul Salam Munshi & Shri Saugata Roy P-517

Teachers Training Programmes by the Calcutta

by—Shri Saugata Roy PP-203-205

Training Rural youth for Self Employment

by—Shri Abdul Mannan PP-34-37

hild life Sanctuary at Narendrapur

by—Shri Quazi Abdul Gaffar & Shri Saugata Roy P-606

অযোধ্যা পাহাড়ের লাইব্রেরি

—শ্রী নিশিকান্ত মেহেতা PP-609-610

অযোধ্যা পাহাড়ে ব্যাঘ্র প্রকল্প

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি P-46

অমৃতবাজার ও যুগান্তর পত্রিকা পুনঃপ্রকাশে গৃহীত উদ্যোগ

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ও ডাঃ দীপক চন্দ্র PP-135-136

আখেরিগঞ্জে ক্ষতিগ্রস্ত বাঁধটির পুনর্নির্মাণ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-208-212

"আজকাল" সংবাদপত্র অফিসে হামলা

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-298

আর এল আই প্রকল্পের সংখ্যা

—শ্রী ধীরেন সেন PP-723-724

আলিপুর চিড়িয়াখানার আয় ব্যয়

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-611-612

ইউ.জি.সি. কর্তৃক উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের জন্য অর্থ প্রদান

—শ্রী দিলীপ মজুমদার PP-205-208

উলুবেড়িয়ায় জেলা জর্জ কোর্ট উদ্বোধন

—শ্রী আব্দুল মান্নান P-621

উত্তর চব্বিশ পরগনা জেলায় মুসলিম মহিলা হোস্টেল নির্মাণ

—শ্রী রবীন্দ্রনাথ মন্ডল PP-720-721

১৯৯১-৯২ সালে গ্রামীণ উন্নয়নে খরচ

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-620-621

ওয়াকফ সম্পত্তির বে-আইনী ব্যবহারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

—শ্রী শীশ মহম্মদ PP-127-129

কর্মবিমুখ সরকারি কর্মচারিদের বিরুদ্ধে ব্যবস্থা

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-314-315

কলকারখানার পরিবেশ দূষণ রোধ

—শ্রী দিলীপ মজুমদার P-617

কলকাতায় শিশুদের জন্য প্রেক্ষাগৃহ স্থাপন

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-728-729

কলকাতায় দুধ সরবরাহ ব্যবস্থা

—ডাঃ দীপক চন্দ PP-138-139

কলকাতার পরিবহন ব্যবস্থার উন্নয়নের প্রস্তাব

—শ্রী অমিয় পাত্র PP-133-134

কলকাতার ঐতিহাসিক বাড়িগুলির তালিকা

—শ্রীমতী কুমকুম চক্রবর্তী P-136

কালিয়াচক ৩নং ব্লকের শিমুলতলায় ১০নং রিটার্ড বাঁধ নির্মাণ

—শ্রী আব্দুল মান্নান PP-223-224

কারিগরি বিদ্যালয়ের অপ্রতুলতা

—শ্রী সুশান্ত ঘোষ P-613

কুলটি ব্লকে পানীয় জল সরবরাহ

—শ্রী মালিকলাল আচার্য P-300

কৃষি প্রযুক্তি সহায়কদের কাজের তত্ত্বাবধান

—শ্রী সুশান্ত ঘোষ PP-725-726

কেন্দ্রীয় মন্ত্রীদের পশ্চিমবঙ্গ সফরের জন্য ব্যয়িত অর্থ

—শ্রী দীপক চন্দ্র P-135

খাস জমিতে পাট্টা

—শ্রী অমিয় পাত্র PP-610-611

খাস জমিতে খেলার মাঠ

—শ্রী অমিয় পাত্র PP-623-624

গঙ্গার উভয় তীরে ভাঙ্গন রোধ

—শ্রী রবীন্দ্রনাথ মন্ডল PP-216-217

গঙ্গা অ্যাকশন প্ল্যানে পয়ঃপ্রণালী নির্মাণ

—শ্রী রবীন্দ্রনাথ মন্ডল PP-593-594

গঙ্গা দূষণ রোধে পয়ঃপ্রণালী ব্যবস্থার উন্নতি

—ডাঃ দীপক চন্দ ও শ্রী রবীন্দ্রনাথ মন্ডল PP-597-599

গঙ্গা অ্যাকশন প্ল্যান

—শ্রী আবুল বাসার PP-591-593

গঙ্গা অ্যাকশন প্ল্যানে কাশীপুর চিৎপুরে পয়ঃপ্রণালী নির্মাণ

—ডাঃ দীপক চন্দ PP-594-595

গরিব চাষিদেরর জমি ক্রয়ে আর্থিক সাহায্য

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-Â629

গ্রামীণ গ্রন্থাগারগুলির গৃহনির্মাণ

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-619-620

গ্রামীণ গ্রন্থাগারের বই কেনার জন্য আর্থিক সহায়তা

—শ্রী ধীরেন সেন P-625

গ্রামীণ উন্নয়নে স্বেচ্ছাসেবি সংগঠন

—শ্রী প্রশান্ত প্রধান PP-607-608

গ্রুপ সাপ্লাই-এ বিদ্যুতেরর অনাদায়ি বিল

—শ্রী সুশান্ত ঘোষ P-315

গোবরডাঙ্গা কলেজে বায়ো-সায়েন্স বিভাগ খোলার প্রস্তাব

—শ্রী প্রবীর ব্যানার্জি PP-225-226

ঘূর্ণীতে টেকনিক্যাল স্কুলের গৃহনির্মাণ

—শ্রী শিবদাস মুখার্জি P-614

ছাত্রদের বই সরবরাহের জন্য কর্পোরেশন গঠন

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-226

ছেন্দাপাথর উলফ্রাম খনি

—শ্রীমতী আরতি হেমব্রম P-302

জওহর রোজগার যোজনায় কেন্দ্রীয় বরাদ্দ

—ডাঃ মোতাহার হোসেন P-49

জওহর রোজগার যোজনা খাতে বরাদ্দ ও খরচ

—ডাঃ মোতাহার হোসেন PP-49-50

জয়কৃষ্ণ সাধারণ গ্রন্থাগারের গ্রন্থাগারিকের পদপূরণ

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-626-627

জল ও অশ্লীল ছবির ভিডিও ক্যাসেট আটক

—শ্রী দীপক চন্দ্র P-308

জোড়াসাঁকো ঠাকুরবাড়ির সংস্কার সাধন

—শ্রীমতী কুমকুম চক্রবর্তী PP-222-223

ঠাকুরনগরে সরকারি গ্রন্থাগার স্থাপন

—শ্রী প্রবীর ব্যানার্জি .P-628

ডায়মন্ডহারবার মহকুমায় খুনের ঘটনা

—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-315-316

ডিয়ার পার্ক

—শ্রী ধীরেন সেন P-613

তন্তুজ ও তন্তুশ্রীর স্থায়ী বিক্রয়কেন্দ্র

—শ্রী হারাধন বাউরি PP-522-523

তেঘরিয়ায় সরকারি আবাসন প্রকল্পের জমি

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-309-310

দরিদ্র মানুষের মধ্যে বস্ত্র বিতরণ

—শ্রী অরুণকুমার গোস্বামী PP-719-720

দক্ষিণ ২৪-পরগনা জেলায় হাই ও জুনিয়র মাদ্রাসা

—শ্রী আবুল বাসার PP-618-619

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার লাভ-লোকসান

—ডাঃ মোতাহার হোসেন PP-126-127

দ্বিতীয় হুগলি সেতুর নির্মাণকার্য

—শ্রী অমিয় পাত্র P-728

দ্বিতীয় হুগলি সেতু

—শ্রী নটবর বাগদি P-727

দিল্লি বোর্ডের অনুমোদনের জন্য সংগঠিত বিদ্যালয়ের আবেদনপত্র

—শ্রী মনোহর তিরকি P-223

দীঘা পর্যন্ত বিভিন্ন রাষ্ট্রীয় পরিবহণের বাস চলাচল

—শ্রী মৃণালকান্তি রায় P-138

দীঘায় দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার ডিপো নির্মাণ

—শ্রী মৃণালকান্তি রায় PP-130-133

দুধের সংগ্রহ মূল্য

—শ্রী রবীন্দ্রনাথ মন্ডল PP-731-732

দুধের বিক্রয়মূল্য বৃদ্ধির কারণ

—শ্রী দিলীপ মজুমদার P-137

দুরপাল্লার বাসে ডাকাতিরোধে ব্যবস্থা

—শ্রী মনোহর তিরকি P-311

নতুন শস্যবিমা প্রকল্পের সংখ্যা

—শ্রী সুশান্ত ঘোষ P-732

নয়াচরের জমি লীজ

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-623

নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন

—শ্রী দিলীপ মজুমদার P-224

পঞ্চম শ্রেণীতে পঠিতব্য ইতিহাস বইয়ের বিষয়বস্তুর সঠিক মূল্যায়ণ

—শ্রী প্রবীর ব্যানার্জি P-222

পঞ্চায়েতের পদাধিকারিকগণের সাম্মানিক ভাতা

—শ্রী মোতাহার হোসেন PP-37-39

পঞ্চায়েত সমিতি কেন্দ্রে তথ্য ও সংস্কৃতি দপ্তরের শাখা স্থাপন

—শ্রী সুশান্ত ঘোষ P-137

পশুখাদ্য উৎপাদনে অনাবাসি ভারতীয়দের আগ্রহ

—শ্রী আবুল বাসার PP-125-126

পশু চিকিৎসালয়ের সংখ্যা

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-726-727

'পশ্চিমবাংলা' পত্রিকা

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-730-731

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের কাছে কোল ইন্ডিয়ার প্রাপ্য টাকার পরিমাণ

—শ্রী আব্দুল মান্নান PP-307-308

পঞ্চায়েত পদাধিকারীগণের ভ্রমণ ভাতা

—ডাঃ মোতাহার হোসেন PP-604-605

পঞ্চায়েত পদাধিকারিদের রেলপথে ভ্রমণ ভাতা

—ডাঃ মোতাহার হোসেন P-619

পাট্টায় স্বামী-স্ত্রীর নাম একযোগে নথীভুক্তকরণ

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-604

প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় বনভূমি সংরক্ষণ

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-614-615

পুরুলিয়া জেলায় আর এল আই প্রকল্পের সংখ্যা

—শ্রী নিশিকান্ত মেহেতা PP-727-728

পুলিশ কর্মচারিদের রেশন

—শ্রী প্রবোধ পুরকায়েত এবং শ্রী দেবপ্রসাদ সরকার P-311

পুরুলিয়া জেলার পাহাড়পুর সিলেমিনাইট খনিজের অনুসন্ধান

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি P-317

"প্রেস অ্যাক্রিডিয়েট" কার্ড প্রদান

—শ্রী শীশ মহম্মদ PP-729-730

বন বিভাগের অস্থায়ি কর্মচারি

—শ্রী ধীরেন সেন PP-628-629

বর্ধমানে বনাঞ্চল সৃষ্টি

—শ্রী সমর বাওড়া PP-615-616

বন্য হাতির আক্রমণ

—শ্রী আব্দুল মান্নান PP-617-618

বহরমপুর ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইন্সটিউট-এর জরিপ বিভাগ

—শ্রী শঙ্কর দাস পাল P-610

বনসৃজন

—শ্রী দিলীপ মজুমদার PP-601-602

বন্যায় ক্ষতিগ্রস্তদের প্রদত্ত ক্ষতিপূরণ

—শ্রী অরুণকুমার গোস্বামী P-520

বক্রেশ্বর ও কোলাঘাই তাপবিদ্যুৎ প্রকল্পে আর্থিক বরাদ্দের পরিমাণ

—ডাঃ মোতাহার হোসেন PP-316-317

বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্র

—শ্রী আবুল বাসার PP-310-311

বড়জোড়ায় "পলিয়েস্টার তন্তু" কারখানা

—শ্রী অমিয় পাত্র P-312

বর্ধমান জেলার কুলটি ব্লকে উর্দু এবং হিন্দি প্রাথমিক বিদ্যালয় খোলার প্রস্তাব

—শ্রী মানিকলাল আচার্য P-225

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প

—ডাঃ মোতাহার হোসেন PP-302-305

বর্থমান জেলার কুলটি ব্লকে বিভিন্ন বিদ্যালয়কে মাধ্যমিক স্তরে উন্নীতকরণ

—শ্রী মানিকলাল আচার্য PP-212-213

বাঁকুড়া জেলার শ্যামাডিতে বিদ্যালয় স্থাপন

—শ্রীমতী আরতি হেমব্রম P-522

বাঁকুড়া জেলার বারিকুল জুনিয়র হাইস্কুলকে মাধ্যমিক স্তরে উন্নয়ন

—শ্রীমতী আরতি হেমব্রম P-522

বার্ণপুর 'ইসকো" কারখানা আধুনিকীকরণ

—শ্রী দিলীপ মজুমদার PP-294-298

বান্দোয়ান খনিজ পদার্থের অনুসন্ধান

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি P-310

বাসন্তি, পাথরপ্রতিমা, কাকদ্বীপ নামখানা ব্লকের খাল সংস্কার

—শ্রী আবুল বাসার P-219

বাঁকুড়া জেলার কাদামাড়া আশ্রম হোস্টেলের জন্য অর্থ বরাদ্দ

—শ্রী অমিয় পাত্র PP-221-222

ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের ছাই থেকে পরিবেশ দূষণ

—শ্রী আব্দুল মান্নান P-48

বি.ভি.এস.কোর্সে আসন সংখ্যা

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি P-723

বিচারাধীন উন্মাদ বন্দির মৃত্যু

—শ্রী দেবপ্রসাদ সরকার P-730

বিধান নগরের জমি বন্টন

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-724-725

বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় নলকূপ স্থাপন

—শ্রী দেবপ্রসাদ সরকার P-720

বিনা বিচারে আটক বন্দীর সংখ্যা

—শ্রী আব্দুল মান্নান P-521

বিদ্যাসাগরের মৃত্যু শতবার্ষিকী পালনে গৃহীত পরিকল্পনা

—শ্রী সুশান্ত ঘোষ PP-134-135

বেতার ও দূরদর্শনের অনুষ্ঠান সম্পর্কে রাজ্য সরকারের সঙ্গে আলোচনা

—শ্রী অমিয় পাত্র P-136

বেসরকারি উদ্যোগে বিদ্যুৎ উৎপাদন

—শ্রী অমিয় পাত্র P-308

বেলগাছিয়া অঞ্চলে উর্দু হাইস্কুল নির্মাণ

—শ্রী রাজদেও গোয়ালা P-221

ভিক্ষুকের সংখ্যা

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-521

ভেটেরিনারি কম্পাউন্ডারস্ ও ড্রেসার্স কোর্স

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-732-733

ভেড়ির খাস জমি বিক্রয়

—শ্রী প্রবোধ পুরকাইত এবং শ্রী দেবপ্রসাদ সরকার P-602

ভূমিহীনদের জমি বিতরণ

—শ্রী প্রবীর ব্যানার্জি P-620

ভূমিহীনদের মধ্যে খাস জমি বিতরণ

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-627-628

মফঃস্বল শহরাঞ্চলে আবাসন প্রকল্প

—শ্রী সুশান্ত ঘোষ PP-305-306

মধ্যশিক্ষা পর্ষদে নতুন বোর্ড গঠন

—শ্রী দেবপ্রসাদ সরকার P-226

মার্কেটিং লিঙ্ক রোড স্থাপন

—শ্রী কালিপ্রসাদ বিশ্বাস P-726

মেদিনীপুর জেলার এবং পটাশপুর প্রভৃতি ব্লকে বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা

—শ্রী প্রবোধ পুরকাইত এবং শ্রী দেবপ্রসাদ সরকার PP-224-225

মুক্তিপ্রাপ্ত বন্দির সংখ্যা

—শ্রী দিলীপ মজুমদার PP-120-123

মুর্শিদাবাদ জেলায় থানা বাড়ানোর প্রস্তাব

—শ্রী তোয়াব আলি PP-306-307

মুর্শিদাবাদ জেলায় দমকল কেন্দ্র স্থাপন

—শ্রী তোয়াব আলি P-729

রঘুনাথপুরের এস.ডি.জে.এম আদালত

—শ্রী নটবর বাগদী PP-602-603

রামনগর ২নং ব্লকের মান্দার গ্রামে পানীয় জল সরবরাহ প্রকল্প

—শ্রী মৃণালকান্তি রায় P-316

রাজ্যে নতুন মহাবিদ্যালয় স্থাপন

—শ্রী সুশান্ত ঘোষ P-222

রামনগর কলেজে বিভিন্ন বিষয়ে নতুন অনার্স কোর্স চালু করার পরিকল্পনা

—শ্রী মৃণালকান্তি রায় PP-218-219

শালবনীতে আঞ্চলিক ছাগ গবেষণা কেন্দ্র স্থাপন

—শ্রী আব্দুল মান্নান P-137

শান্তিপুরের রাষ্ট্রীয় উদ্যান

—শ্রী অজয় দে PP-616-617

শ্যামপুর পঞ্চায়েত সমিতির ভবন নির্মাণ

—শ্রী সঞ্জীবকুমার দাস P-611

শিল্পবিকাশ কেন্দ্র

—শ্রী প্রবোধ পুরকাইত ও শ্রী দেবপ্রসাদ সরকার P-317

শিমুলপুর গ্রাম পঞ্চায়েতের সভা

—শ্রী প্রবীর ব্যানার্জি P-607

শীততাপ নিয়ন্ত্রিত বাস থেকে প্রাপ্ত আর্থিক খতিয়ান

—শ্রী মনোহর তিরকে P-136

শ্রীলামপুরে সামাজিক বনসৃজন

—শ্রী রবীন্দ্র ঘোষ PP-612-613

শ্রীলামপুর মৌজায় হরিণ প্রকল্প

—শ্রী রবীন্দ্র ঘোষ P-627

শ্মশানে বৈদ্যুতিক চুল্লি স্থাপন

—শ্রী দীপক চন্দ PP-595-597

সমসেরগঞ্জ এবং সুতি থানার নিজস্ব ভবন

—শ্রী তোয়াব আলি P-309

সরকারি কলেজগুলিতে শিক্ষকদের বদলি সংক্রান্ত নিয়মনীতি

—ডাঃ মোতাহার হোসেন PP-220-221

সার শিল্পে ভরতুকি বন্ধের প্রতিক্রিয়া

—শ্রী দিলীপ মজুমদার PP-717-719

সামাজিক বনসৃজন প্রকল্প

—শ্রী তপন হোড় PP-519-520

সাক্ষরতা কর্মসূচি

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-605-606

সাক্ষরতা প্রসার প্রকল্পে

—শ্রী অমিয় পাত্র PP-39-43

সামাজিক বনসৃজন

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-46-47

স্বাধীনতা সংগ্রামী পেনশনের আবেদন

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-313

সুলতানপুর আলিয়া সিনিওর মাদ্রাসার শিক্ষকের মৃত্যু

—শ্রী শীশ মহম্মদ PP-606-607

সুন্দরবনে বন দপ্তরের অফিসে পর্যটকদের সুযোগ সুবিধা

—শ্রী শীশ মহম্মদ PP-621-622

সেন্ট্রাল জেলগুলির উন্নয়নে কেন্দ্রীয় সাহায্য

—শ্রী দিলীপ মজুমদার P-139

স্টার থিয়েটার পুনর্নির্মাণের পরিকল্পনা

—ডাঃ দীপক চন্দ P-722

হাতিদের জন্য অভয়ারণ্য

—শ্রী দিলীপ মজুমদার PP-31-33

হুগলি জেলায় সাক্ষরতা প্রকল্প

—শ্রী আব্দুল মান্নান PP-599-600

হুগলি জেলার বৈদ্যবাটিতে রবীন্দ্রভবন নির্মাণ

—শ্রী আব্দুল মান্নান PP-129-130

হোমগার্ড

—শ্রী অরুণকুমার গোস্বামী PP-308-309

Ruling from Chair

P-242

Ruling on Breach of Privilege

PP-461-465

Statement on Calling Attention Regarding

Reported granting of parol to the convicts of Debjani Banik murder case

by—Shri Biswanath Choudhury PP-739-742

Regarding recent bank-dacoity in the Indian Overseas Bank.

by—Shri Prabodh Chandra Sinha PP-637-639

Regarding reported death of a Professor of I.I.T. Kharagpur

by—Shri Jyoti Basu PP-320-321

Regarding the subject of reported attack on the Aajkal office by some 'Santandal' supporters

by—Shri Jyoti Basu PP-319-320

Statement under Rule 346

Regarding re-publication from Jugantar with the financial help from Bank.

by—Shri Buddhadeb Bhattacharjee PP-149-150

Regarding Mayao Hospital

by—Shri Prasanta Kumar Sur PP-228-229

Regarding up-gradation of Sibpur Bengal Engineering College to Deemed University.

by—Shri Satyasadhan Chakraborty PP-242-243

Voting on Amendments to Governor's Address

PP-384-422

Zero Hour

PP-65-68

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006